ঘটনাপঞ্জি ২০২৪

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ঘটনাপঞ্জি ২০২৪ • প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ঘটনাপঞ্জি ২০২৪

বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ

৩ সার্কিট হাউস রোড, ঢাকা–১০০০

ঘটনাপঞ্জি ২০২৪

বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

প্রকাশক	:	ফারুক ওয়াসিফ মহাপরিচালক প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
প্রথম প্রকাশ	:	এপ্রিল ২০২৫
প্রচ্ছদ	:	সোহেল আশরাফ খান
বানান সমন্বয়	:	মো. লুৎফর রহমান
কম্পিউটার বিন্যাস	:	ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল
মুদ্রণ	:	তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং ২৮/সি-১, টয়েনবি সার্কুলার রোড মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মূল্য	:	৩০০.০০ টাকা
গ্রন্থস্বত্ব	:	পিআইবি কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

Ghatanapanji 2024: Significant News Published in the Newspapers of Bangladesh
Published by Press Institute Bangladesh (PIB), 3 Circuit House Road, Dhaka-1000.
Price : 300.00 Taka ■ $ 04 Only
ISBN : 978-984-35-7387-2
Phone: 41032913, 41032925-6, Fax: 880-02-41032914
E-mail: research@pib.gov.bd, Website: পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd
বইটি অনলাইনে পেতে হলে: www.rokomari.com

ঘটনাপঞ্জি ২০২৪

বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

সম্পাদক

ফারুক ওয়াসিফ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

তত্ত্বাবধান

গোলাম মুর্শেদ
সিনিয়র রিসার্চ অফিসার
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

সমন্বয়

কামরুন নাহার
রিসার্চ অফিসার
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

গ্রন্থনা

শাহেলা আক্তার, সহকারী সম্পাদক (ফিচার), পিআইবি
কাজী ফাহমিদা আক্তার সুমী, গবেষক, পিআইবি
নুরুন্নাহার নুরু, প্রতিবেদক, পিআইবি

মু | খ | ব | ন্ধ

গণমাধ্যমের জগতে প্রতিদিনকার খবরাখবরের আয়োজন দেশ-বিদেশের পরিবর্তিত পরিস্থিতির একটি স্বাভাবিক প্রতিফলন। সংবাদপত্র প্রতিদিন ত্বরিতগতিতে বহুমাত্রিক খবরের মূল্যবান তথ্যচিত্র পাঠকের সামনে তুলে ধরে। কিন্ত পরবর্তী দিনেই সেসবের সংবাদমূল্য বা গুরুত্ব হারিয়ে ফেলে। সময়ের পরিক্রমায় পুরোনো খবরের মূল্য ক্রমশ কমতে থাকে এবং প্রয়োজনীয় মুহূর্তে তা হাতে না পাওয়ার দুর্ভোগ অনুভূত হয়। আগে সংবাদপত্রগুলো বছরান্তে সারা বছরের গুরুত্বপূর্ণ খবরের সালতামামি প্রকাশ করত। স্থানাভাবে এখন আর তা প্রকাশ করে না। এই পরিপ্রেক্ষিতে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) ঐতিহ্যের ধারাবাহিকতায় খবরের এই প্রস্থান-প্রবণতাকে মোকাবিলা করার লক্ষ্যে সারা বছরের জনগুরুত্বপূর্ণ ঘটনাপঞ্জি গ্রন্থনা করে বই আকারে প্রকাশ করে থাকে।

২০২৪ সালে ঘটে যাওয়া গুরুত্বপূর্ণ ঘটনাগুলোকে একটি গ্রন্থে বন্দি করার জন্য এবারের এ উদ্যোগও গঠনমূলক এবং পাঠক-প্রত্যাশার অংশ। এ ঘটনাপঞ্জিতে বিশেষভাবে স্থান পেয়েছে জুলাই আন্দোলন, যা দেশের গণমানুষের আকাঙ্ক্ষা ও ফ্যাসিবাদী সরকার পতনের পটভূমিকে অনাগতকাল আগ্রহী গবেষক ও পাঠককে স্মরণ করিয়ে দিতে সহায়ক হবে।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর উদ্যোগে আগের ঘটনাপঞ্জির ধারাবাহিকতায় প্রকাশিত হলো 'ঘটনাপঞ্জি ২০২৪: বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ'। ঘটনাপঞ্জি ২০২৪ গ্রন্থনা করেছেন শাহেলা আক্তার (সহকারী সম্পাদক, ফিচার), মো. জাহাঙ্গীর আলম (তথ্য ব্যবস্থাপনা কর্মকর্তা), কাজী ফাহমিদা আক্তার সুমী (গবেষক), নুরুন্নাহার নুরু (প্রতিবেদক), মো. আল-আমীন হুসাইন শিপন (ই-লার্নিং ওয়েবসাইট ও কন্টেন্ট ম্যানেজার) ও সিলমী সাদিয়া (এক্সিকিউটিভ, ফ্যাক্ট চেক অ্যান্ড মিডিয়া রিসার্চ টিম)। সমন্বয়কের দায়িত্ব পালন করেছেন রিসার্চ অফিসার কামরুন নাহার। আমার বিশ্বাস, বছরব্যাপী এই কাজটি দেশ ও জনগণের ইতিহাসের নির্ভরযোগ্য সাক্ষী হিসাবে প্রেরণার উৎস হয়ে থাকবে।

আমরা আশাবাদী, পাঠকের হাতে তথ্যসমৃদ্ধ এ বইটি পৌঁছানোর সুফল ও প্রভাব হবে সুদূরপ্রসারী। এই জনগুরুত্বপূর্ণ ঘটনাপঞ্জি প্রকাশনায় নানাভাবে যাঁরা সহযোগিতা করেছেন, তাঁদের প্রতি আমাদের কৃতজ্ঞতা অফুরান। আগ্রহী পাঠক, গবেষক, সংবাদকর্মী ও অন্য সংশ্লিষ্টজনের ব্যবহারে এ গ্রন্থ কাজে এলে আমাদেরও এই শ্রম সার্থক হবে।

ফারুক ওয়াসিফ
মহাপরিচালক

সূচিপত্র

জানুয়ারি	৯
ফেব্রুয়ারি	৬১
মার্চ	৯৩
এপ্রিল	১৫০
মে	১৮৩
জুন	২২১
জুলাই	২৬০
আগস্ট	৩০৪
সেপ্টেম্বর	৩৫১
অক্টোবর	৪০৪
নভেম্বর	৪৪১
ডিসেম্বর	৪৮৭
২০২৪ সালের উল্লেখযোগ্য ঘটনা	৫২৭
২০২৪ সালে যাঁদের হারিয়েছি	৫৩৭
২০২৪ সালে ছাত্র-জনতার অভ্যুত্থানে যাঁদের হারিয়েছি	৫৪৭

জানুয়ারি

১ জানুয়ারি

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেন সেনাবাহিনীর নবনিযুক্ত চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস) লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার-উজ-জামান এবং সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার (পিএসও) লেফটেন্যান্ট জেনারেল মিজানুর রহমান শামীম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইংরেজি নতুন বছর উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শ্রম আইন লঙ্ঘনের দুটি ধারায় গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ও শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস-সহ চারজনকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৫২ বছর রাজত্বের পর টেলিভিশনে গ্রেগরিয়ান বর্ষপঞ্জির নতুন বছর শুরুর ভাষণে সিংহাসন ছাড়ার ঘোষণা দিয়েছেন ডেনমার্কের রানি দ্বিতীয় মার্গারেটা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশবাসীকে গ্রেগরিয়ান বর্ষপঞ্জির নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে জাতির উদ্দেশে ভাষণ দিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ভাষণে পুতিন ইউক্রেনে যুদ্ধ-সহ বিভিন্ন আন্তর্জাতিক ইস্যুতে বর্তমানে রাশিয়া যে অবস্থান নিয়েছে, তা থেকে পিছু হটার কোনো সম্ভাবনা বা পরিকল্পনা নেই বলে জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইংরেজি নতুন বছর উপলক্ষ্যে বার্তায় চীনের প্রেসিডেন্ট শি জিনপিং বলেন, নিশ্চিতভাবেই চীন ও তাইওয়ানের ঐক্য হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাপানে সাত দশমিক চার মাত্রার ভূমিকম্প। সুনামির সতর্কতা জারি করে জাপান সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ২০২৪ সালজুড়েই যুদ্ধ অব্যাহত থাকবে বলে ঘোষণা দিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু। নেতানিয়াহু ইরানের ওপরও সরাসরি হামলার হুমকি দিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- অবরুদ্ধ গাজায় ইসরায়েলি সেনাদের হামলায় ফিলিস্তিনের সাবেক ধর্মমন্ত্রী ইউসুফ সালামা নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের আসন্ন ১৬তম পার্লামেন্ট নির্বাচনে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) প্রায় সব (৯০ থেকে ৯৫ শতাংশ) প্রার্থীর মনোনয়ন বাতিল করেছে নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক ইত্তেফাক

২ জানুয়ারি

- দেশে ভোটার উপস্থিতি নিশ্চিত করতে (৭ জানুয়ারি) ভোটের দিন গণপরিবহণ ও ব্যক্তিগত গাড়ি চলাচল করবে। তবে দূরপাল্লার সব পরিবহণ বন্ধ থাকবে। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত নির্বাহী ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ অনুষ্ঠানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মোস্তাফিজুর রহমান এসব তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- উচ্চ আদালতে আইনি লড়াইয়ে হেরে গেছেন বরিশাল-৪ আসনের আওয়ামী লীগ প্রার্থী শাম্মী আহমেদ ও বরিশাল-৫ আসনের স্বতন্ত্র প্রার্থী সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ। তাঁরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ পাচ্ছে না মর্মে বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন ছয় সদস্যের আপিল বিভাগ আদেশ দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক উন্নয়নে বাংলাদেশকে ১৬ কোটি মার্কিন ডলার (প্রায় ১ হাজার ৭৬০ কোটি টাকা) ঋণ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। রাজধানীর শেরেবাংলা নগরে ইআরডি ভবনে ইআরডি-এডিবি এ বিষয়ে চুক্তি স্বাক্ষর করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্র হামলা চালিয়ে হুতি বিদ্রোহীদের তিনটি নৌকা ডুবিয়ে দেওয়ার পর লোহিতসাগরে যুদ্ধজাহাজ পাঠাল ইরান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতে গাড়ির ধাক্কায় মৃত্যু হলে ৭ থেকে ১০ বছরের কারাদণ্ডের বিধান রেখে নতুন আইন নিয়ে দেশটির ক্যাব, বাস ও ট্রাকচালকরা ধর্মঘট শুরু করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চীন ও থাইল্যান্ড একে অপরকে স্থায়ীভাবে ভিসামুক্ত প্রবেশাধিকার দিচ্ছে। আগামী মার্চ থেকেই এ সুবিধা পাবেন দুই দেশের নাগরিকরা;

থাই প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- জাপানে ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৮। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা বেড়ে ২২ হাজার ১৮৫ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- টোকিওর হানেদা বিমানবন্দরের রানওয়েতে দুটি বিমান সংঘর্ষের ঘটনায় পাঁচজন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনে রাশিয়া ক্ষেপণাস্ত্র হামলা চালানোর সময় রুশ ক্ষেপণাস্ত্র পোল্যান্ডের আকাশসীমা দিয়ে উড়ে যাওয়ার ঘটনায় উদ্‌বেগ দেখা দিলে আকাশসীমা নিরাপদ রাখতে যুদ্ধবিমান প্রস্তুত রেখেছে পোল্যান্ড। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩ জানুয়ারি

- পোস্টাল ব্যালটের মাধ্যমে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিলেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং তাঁর সহধর্মিণী ড. রেবেকা সুলতানা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে গাইবান্ধা, রাজশাহী জেলা ও মহানগর, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া জেলা, কুমিল্লা উত্তর-দক্ষিণ জেলা ও মহানগর এবং চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার আওয়ামী লীগের নির্বাচনি জনসভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে বক্তব্য দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) ও এডিটরস গিল্ড বাংলাদেশের প্রতিনিধি দলের সঙ্গে পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৭ জানুয়ারি জাতীয় সংসদ নির্বাচনে সহায়তা দিতে রাজধানী-সহ সারা দেশে টহল শুরু করেছে সশস্ত্র বাহিনী। ভোটের তিনদিন পর ১০ জানুয়ারি পর্যন্ত দেশে আইনশৃঙ্খলা সহায়তায় সশস্ত্র বাহিনীকে মাঠে দেখা যাবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণ কর্মকর্তাদের নির্বাচনি ব্যয় পরিশোধের সুবিধার্থে সংশ্লিষ্ট তপশিলি ব্যাংক খোলা রাখার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন পরিচালনা শাখার উপসচিব আতিয়ার রহমান এ সংক্রান্ত নির্দেশনা বাংলাদেশ ব্যাংকের গভর্নরকে পাঠান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন দেখার জন্য বিদেশি আবেদনকারীর মধ্যে ১৮৬ জন পর্যবেক্ষক-সাংবাদিককে অনুমোদন দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। তাদের মধ্যে ১২৭ জন পর্যবেক্ষক আর ৫৯ জন বিভিন্ন গণমাধ্যমের সংবাদকর্মী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের মাঠে ১ হাজার ৯৭০ জন প্রার্থী টিকে আছেন। ২৮টি রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থী মিলে প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আলোচিত ব্যবসায়ী আদম তমিজী হককে মানসিক স্বাস্থ্যের চিকিৎসার জন্য আবারও রিহ্যাব সেন্টার পাঠিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) সাবেক প্রধান কাশেম সোলাইমানির সমাধিস্থলের কাছে জোড়া বোমা হামলায় ১০৩ জন নিহত এবং আহত হয়েছেন ১৭৩ জন। প্রাণহানির ঘটনায় একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে দেশটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েলের পুলিশ পাহারায় ইহুদিরা জোর করে আল-আকসা মসজিদ প্রাঙ্গণে প্রবেশ করে কাছাকাছি স্থানে 'তালমুদ' গ্রন্থ প্রার্থনায় অংশ নেয়; ফিলিস্তিনি বার্তা সংস্থা ওয়াফা এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সশস্ত্র জাতিগত গোষ্ঠীর সঙ্গে সংঘর্ষের মধ্যে ভারতে পালিয়ে যাওয়া মিয়ানমারের ১৫১ সেনাকে ফেরত পাঠিয়েছে ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের মেইন অঙ্গরাজ্যে রিপাবলিকান পার্টির প্রাইমারিতে অযোগ্য ঘোষণার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করেছেন দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গত ২৮ ডিসেম্বর মেইন অঙ্গরাজ্যের শীর্ষ নির্বাচন

কর্মকর্তা এক রুলে রিপাবলিকান পার্টির প্রাইমারিতে ট্রাম্পকে অযোগ্য ঘোষণা করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ইহুদিবিদ্বেষ নিয়ে বিতর্কের পরিপ্রেক্ষিতে পদত্যাগ করেছেন হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট ক্লডিন গে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কাতারে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড়ো সামরিক ঘাঁটির মেয়াদ আরও ১০ বছর বাড়াতে কাতার-যুক্তরাষ্ট্র সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৪ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণের দুইদিন আগে ৪২ জন প্রার্থী এবং তাদের সমর্থকের বিরুদ্ধে মামলা করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাংবাদিক হত্যা-নির্যাতন বন্ধে দ্রুত বিচারের দাবিতে জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক এবং ঢাকা সাংবাদিক ইউনিয়ন মানববন্ধন করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের এক ঊর্ধ্বতন কর্মকর্তা গাজা যুদ্ধ নিয়ে প্রেসিডেন্ট জো বাইডেনের ভূমিকায় ক্ষুব্ধ হয়ে পদত্যাগ করেছেন। একই দিন বাইডেনের পুনর্নির্বাচন প্রচারশিবিরের ১৭ জন কর্মী বেনামি এক চিঠিতে সতর্ক করে বলেছেন, ইসরায়েল-গাজা ইস্যুতে বাইডেন অনেক ভোটারের সমর্থন হারাতে পারেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রায় হুবহু নিজের মতো দেখতে তিন ব্যক্তিকে নিজের মতো উপস্থিতির জন্য ব্যবহার করছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ইউক্রেনের সামরিক গোয়েন্দা সংস্থার জোরালো দাবি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে আবারও বাড়ছে করোনাভাইরাসের সংক্রমণ। এর সঙ্গে বাড়ছে মৌসুমি ফ্লু ও শ্বাসযন্ত্রের অসুস্থতা। এ পরিস্থিতিতে উত্তর আমেরিকার চারটি অঙ্গরাজ্যের হাসপাতালে ফিরেছে মাস্ক পরার বাধ্যবাধকতা। রয়টার্সের প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) মধ্যস্থতায় ৪৭৮ জন বন্দি বিনিময় করেছে রাশিয়া ও ইউক্রেন। ২০২২ সালের ফেব্রুয়ারিতে যুদ্ধ শুরু হওয়ার পর প্রথম একসঙ্গে এতসংখ্যক বন্দিবিনিময় করল রাশিয়া-ইউক্রেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের নিউজার্সিতে এক মসজিদের সামনে হাসান শরিফ নামের ইমামকে গুলি করে হত্যা করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২৪ ঘণ্টায় গাজায় ইসরায়েলের বোমায় ১২৫ জন নিহত। এর মধ্যে একই পরিবারের ১৪ জন। সূত্র: দৈনিক ইত্তেফাক

৫ জানুয়ারি

- আসন্ন জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মুসলিম দেশগুলোর সংগঠন ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি) এবং কমনওয়েলথের নির্বাচনি পর্যবেক্ষক দলের সঙ্গে বৈঠক করে নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোটার, প্রার্থী ও নাগরিকদের বিভিন্ন নিশ্চয়তা দিতে 'স্মার্ট ইলেকশন ম্যানেজমেন্ট বিডি' নামের অ্যাপ চালু করেছে নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর গোপীবাগে বেনাপোল এক্সপ্রেস ট্রেনে নাশকতাকারীদের দেওয়া অগ্নিকাণ্ডে চারজন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আসন্ন জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচনের যেকোনো অনিয়ম ও সহিংসতার তথ্য জানানো যাবে জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বরে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিপত্র জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শেখ মোহাম্মদ আল-সালেম আল-সাবাহকে দেশের নতুন প্রধানমন্ত্রী হিসাবে নিয়োগ দিয়েছেন কুয়েতের আমির শেখ মেশাল আল-আহমদ আল-সাবাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ইসরায়েলি সংঘাতে ইসরায়েলকে সমর্থন করার কারণে বহুজাতিক ফাস্টফুড প্রস্তুতকারী প্রতিষ্ঠান ম্যাকডোনাল্ডস এবং চেন কফি হাউজ স্টারবাকসকে বয়কটের ডাক দিয়েছে বিভিন্ন দেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের সিনেটে দেশটির পার্লামেন্ট নির্বাচন পিছিয়ে দেওয়ার প্রস্তাব পাশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যে মিনিয়াপলিসের সিটি কাউন্সিলর নির্বাচিত বাংলাদেশি বংশোদ্ভূত অরিন চৌধুরী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লোহিতসাগরে বিস্ফোরকভর্তি একটি ড্রোন নৌকার বিস্ফোরণ ঘটিয়েছে ইয়েমেনের হুতিরা। এ ঘটনায় কোনো হতাহত বা ক্ষয়ক্ষতি হয়নি বলে জানিয়েছে মার্কিন নৌবাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের সম্ভাব্য উত্তরসূরি কিমের মেয়ে কিম জং অ্যাই হতে পারেন জানিয়েছে দক্ষিণ কোরিয়ার গোয়েন্দা সংস্থা ন্যাশনাল ইন্টেলিজেন্স সার্ভিস (এনআইএস)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সোমালিয়া উপকূলে ১৫ ভারতীয় ক্রু-সহ লাইবেরিয়ার পতাকাবাহী একটি মালবাহী জাহাজ ছিনতাই। ভারতের নৌবাহিনী জাহাজটির দিকে নজর রাখছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৬ জানুয়ারি

- আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষণে দুই শতাধিক বিদেশি পর্যবেক্ষক বাংলাদেশে অবস্থান করছেন। ইউরোপিয়ান ইউনিয়ন, কমনওয়েলথ-সহ নানা সংস্থা ও বিভিন্ন দেশের আরও ১২৭ জন পর্যবেক্ষক এবং ৫৯ জন বিদেশি সাংবাদিকের নিবন্ধন চূড়ান্ত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচন ঘিরে দেশের বিভিন্ন স্থানে ১৪টি ভোটকেন্দ্রে অগ্নিসংযোগ। রাজবাড়ীর বালিয়াকান্দিতে রণজিৎ কুমার দে নামে গ্রামপুলিশের লাশ উদ্ধার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিএনপির ডাকা হরতালে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মিরেরসরাই অংশে ২৯ কিলোমিটারজুড়ে ধারালো লোহার পাতে অর্ধশত গাড়ি ক্ষতিগ্রস্ত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর গোপীবাগে বেনাপোল এক্সপ্রেস ট্রেনে আগুন লাগানোর অভিযোগে যুবদল দক্ষিণের আহ্বায়ক খন্দকার এনাম ও সদস্য রবিউল ইসলাম নয়ন এবং এই কাজে অর্থদানের অভিযোগে বিএনপি নেতা মোহাম্মদ নবী উল্লাহ নবী-সহ আটজন গ্রেফতার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- গাজা যুদ্ধ ছড়িয়ে পড়া বন্ধ করতে কূটনৈতিক চাপের অংশ হিসাবে মধ্যপ্রাচ্য সফর শুরু করেছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন ও ইউরোপের জ্যেষ্ঠ কূটনীতিক জোসেপ বোরেল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইথিওপিয়ার তাইগ্রে অঞ্চলে না খেতে পেয়ে মারা গেলেন ৮৬০ জন। আনাদোলু নিউজকে জানিয়েছেন তাইগ্রে কমিউনিকেশন ব্যুরোর প্রধান রিদাই হালেফোম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের লাউক্কাই শহর নিয়ন্ত্রণ নিয়েছে দেশটির বিদ্রোহী গোষ্ঠীগুলোর সমন্বয়ে গঠিত জোট ব্রাদারহুড অ্যালায়েন্স। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাপানে চলতি বছরের প্রথমদিনের ভূমিকম্পে নিহতের সংখ্যা ১০০ জন ছাড়িয়েছে এবং দুই শতাধিক মানুষ নিখোঁজ রয়েছে বলে জানায় দেশটির কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- উত্তর-পশ্চিম সিরিয়ায় মার্কিন ঘাঁটিতে বিমান হামলা। সূত্র: দৈনিক ইত্তেফাক

৭ জানুয়ারি

- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু। ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভোট অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ হয়েছে বলে প্রতিক্রিয়া জানান সফররত বিদেশি পর্যবেক্ষকরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অনিয়ম ও সহিংসতার অভিযোগে জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচনে নয়টি আসনের ২১টি কেন্দ্রের ভোট স্থগিত করেছে নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচনে ৪০ শতাংশ ভোট পড়েছে বলে জানান প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচনে অংশ নিচ্ছে না বিএনপি। তবে নির্বাচনে দলটির প্রায় ৫০ জন নেতা অংশ নিচ্ছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচনে আবারও আওয়ামী লীগের নৌকা মনোনীত প্রার্থীরা বিজয়ী হয়েছেন। এর ফলে টানা চতুর্থবার সরকার গঠন করতে যাচ্ছে দলটি। নির্বাচনে আওয়ামী লীগ ২২৩টি, জাতীয় পার্টি ১১টি, স্বতন্ত্র ৬২টি এবং অন্যান্য দল ৩টি আসন পেয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের সঙ্গে বৈঠক করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। ইস্তানবুলে আরও কয়েকজন তুর্কি কর্মকর্তার সঙ্গে সাক্ষাৎ করেন ব্লিঙ্কেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্র পরীক্ষা, স্যাটেলাইট উৎক্ষেপণ-সহ বিভিন্ন ইস্যুতে হুঁশিয়ারি দিয়েছে পশ্চিমা বিশ্ব। এসব হুমকি ও হুঁশিয়ারিকে পাত্তা দিচ্ছেন না উত্তর কোরিয়ার নেতা কিম জং উন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৮ জানুয়ারি

- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোনে অভিনন্দন জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয়লাভ করায় আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নিযুক্ত ভারত, রাশিয়া, চীন, ভুটান, ফিলিপাইন, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, নেপাল, পাকিস্তান, মরক্কো ও ব্রাজিলের রাষ্ট্রদূত এবং ডিন অব দ্য ডিপ্লোমেটিক কোরের প্রতিনিধি সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়া ৯২ জন নারী প্রার্থীর মধ্যে বিজয়ী ১৯ জন। তাঁদের মধ্যে আওয়ামী লীগের নৌকা প্রতীক নিয়ে জয় পেয়েছেন ১৫ জন। বাকি চার নারী স্বতন্ত্র প্রার্থী হিসাবে জয়ী হয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপি এবং তার জোটসঙ্গী জামায়াতে ইসলামী নির্বাচন বর্জনে বা ভোটারদের কম উপস্থিতির কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর নেতৃত্বাধীন দল আওয়ামী লীগের বিজয় এবং সরকার গঠনের বৈধতা বাতিল হয় না বলে মনে করেন বাংলাদেশের সাবেক ভারতীয় রাষ্ট্রদূত বীণা সিক্রি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচনে বাংলাদেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপি এবং বিএনএম কোনো আসনে জয় পায়নি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সরকার ঘোষিত হজ প্যাকেজকে (২০২৪) কেন অবৈধ ঘোষণা করা হবে না জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মদিনার পবিত্র মসজিদে নববিতে প্রতিদিন ৩০ টন (৩০ হাজার লিটার) সুগন্ধি ব্যবহার করা হয়। এছাড়া মসজিদের ভেতরের কার্পেট পরিষ্কার রাখতে ১১৫ টন জীবাণুনাশক পদার্থ ব্যবহার করা হয়। মসজিদ পরিচালনা কর্তৃপক্ষের উপপ্রধান ফাওজি আল হুজাইফি এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়া-ইউক্রেনের মধ্যে চলমান যুদ্ধে ইউক্রেনকে নিয়ে যুক্তরাষ্ট্রের লক্ষ্য কী এবং এ যুদ্ধ থেকে আন্তর্জাতিক রাজনীতিতে যুক্তরাষ্ট্র কীভাবে লাভবান হতে পারে–এসব ইস্যুতে বাইডেন প্রশাসনকে সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা দিতে বলা হয়েছে। তা না হলে ইউক্রেনে অর্থসহায়তা সংক্রান্ত কোনো বিল আর অনুমোদন করবে না মার্কিন পার্লামেন্ট কংগ্রেসের নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেনটেটিভস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাপানে চলতি বছরের প্রথম দিনের ভূমিকম্পে নিহতের সংখ্যা ১৬১ জন ছাড়িয়েছে এবং শতাধিক মানুষ নিখোঁজ রয়েছে বলে জানায় দেশটির কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- উচ্চ দক্ষতাসম্পন্ন বিদেশি নাগরিকদের স্থায়ীভাবে বসবাসের সুযোগ দিতে আইন করেছে রাশিয়া। এর আগে উচ্চ দক্ষতাসম্পন্ন বিদেশি নাগরিকরা দেশটিতে পাঁচ বছর বসবাসের অনুমতি পেতেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারে দেশটির জান্তা সরকারের বিমান হামলায় শিশু-সহ ১৫ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৯ জানুয়ারি

- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ এককভাবে সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে আওয়ামী লীগ, সহযোগী সংগঠন-সহ সর্বস্তরের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয় লাভ করায় গণভবনে বাংলাদেশে নিযুক্ত জাপান, থাইল্যান্ড, ভিয়েতনাম, আর্জেন্টিনা,

ইন্দোনেশিয়া, রিপাবলিক অব কোরিয়া, ব্রুনেই দারুসসালাম, মালয়েশিয়া, মিশর, আলজিরিয়া, কুয়েত, লিবিয়া, ইরান, ইরাক, ওমান, কাতার, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ফিলিস্তিনের রাষ্ট্রদূতরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মানদণ্ড অনুযায়ী হয়নি দাবি করে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য পৃথক বিবৃতি দিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৪ আসনের ফল স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে এ আসনে ১৮টি কেন্দ্রে ভোট অনিয়মের অভিযোগে ১০ দিনের মধ্যে তদন্তের নির্দেশ দিয়েছেন আদালত। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত স্বতন্ত্র প্রার্থী আওলাদ হোসেনকে বিজয়ী ঘোষণা করে গেজেট প্রকাশ থেকে বিরত থাকতে নির্বাচন কমিশনকে নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বাড্ডার ইউনাইটেড মেডিক্যাল কলেজ হাসপাতালে খতনা করাতে গিয়ে শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনায় যথাযথ তদন্ত ও পরিবারকে এক কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করেছেন শিশুর পরিবারের পক্ষের আইনজীবী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজা-ইসরায়েল যুদ্ধের ৯৫তম দিনে গাজায় ২৪ ঘণ্টায় ১২টি গণহত্যা চালিয়েছে ইসরায়েল। এতে ১২৬ ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন ২৪১ জন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন দুইবার হাসপাতালে ভর্তি হওয়া সত্ত্বেও হোয়াইট হাউজ-সহ শীর্ষ কর্মকর্তাদের না জানিয়ে 'দায়িত্বজ্ঞানহীন' আচরণের দায়ে প্রতিরক্ষামন্ত্রীকে বরখাস্ত করার দাবি উঠছে। কিন্তু এ ঘটনায় প্রতিরক্ষামন্ত্রীকে বরখাস্ত করছেন না দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ধর্ম ও ধর্মীয় আচার অনুষ্ঠান পালনসংক্রান্ত স্বাধীনতা এবং এ বিষয়ক সহনশীলতার গুরুতর লঙ্ঘনের অভিযোগে চীন ও পাকিস্তানকে 'বিশেষ উদ্‌বেগজনক' রাষ্ট্রের তালিকাভুক্ত করেছে যুক্তরাষ্ট্র। এ তালিকায় আরও

রয়েছে উত্তর কোরিয়া, মিয়ানমার, কিউবা, ইরিত্রিয়া, ইরান, নিকারাগুয়া, রাশিয়া, সৌদি আরব, তাজিকিস্তান ও তুর্কমেনিস্তান। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় বিবৃতিতে এ তালিকা প্রকাশ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ইসরায়েল ও ফিলিস্তিনি স্বাধীনতাকামী গোষ্ঠী হামাসের মধ্যে তিন মাস ধরে চলা লড়াইয়ে অবিলম্বে যুদ্ধবিরতির দাবিতে নিউইয়র্কের ইস্ট নদীর ওপরের ব্রুকলিন, ম্যানহাটন ও উইলিয়ামসবার্গ সেতুমুখী সড়কের ওপর বসে পড়ে যুদ্ধবিরতির দাবিতে স্লোগান দিতে থাকে ফিলিস্তিনপন্থি প্রতিবাদকারীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কুকুর হত্যা ও এর মাংস বেচাকেনা নিষিদ্ধ করে দক্ষিণ কোরিয়ার পার্লামেন্ট নতুন আইন পাশ করেছে। এর মাধ্যমে শতবর্ষের পুরোনো ও বিতর্কিত এই চর্চাকে নিষিদ্ধ করা হলো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দক্ষিণ আমেরিকার দেশ ইকুয়েডরে মাদকচক্রের গ্যাংলিডার কারাগার থেকে পালিয়ে যাওয়া এবং সহিংসতায় জর্জরিত দেশটির বেশ কয়েকটি কারাগারে বিশৃঙ্খলা ছড়িয়ে পড়ার কারণে দেশজুড়ে ৬০ দিনের জরুরি অবস্থা জারি করেছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইরাক থেকে মার্কিন বাহিনী প্রত্যাহার করার কোনো পরিকল্পনা নেই যুক্তরাষ্ট্রের। মার্কিন পররাষ্ট্র দপ্তর পেন্টাগন এ তথ্য জানিয়েছে। যদিও দেশ থেকে মার্কিন বাহিনীকে সরিয়ে দেওয়ার পদক্ষেপ নেওয়ার ঘোষণা করেছে ইরাক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১০ জানুয়ারি

- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ ২২২ আসনে জয়লাভ করে একক সংখ্যাগরিষ্ঠতা পাওয়ায় সংসদ সদস্য শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। রাষ্ট্রপতির সিদ্ধান্তের পর মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। একই সঙ্গে তাঁর নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনের জন্য সম্মতিজ্ঞাপন করেছেন রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথবাক্য পাঠ করান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (ডব্লিউইএফ) প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয়লাভ করায় অভিনন্দন জানিয়েছে এবং তাঁর সরকারের সঙ্গে অব্যাহতভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে। ডব্লিউইএফ প্রধানমন্ত্রীকে ১৫-১৯ জানুয়ারি সুইজারল্যান্ডের দাভোস-ক্লিস্টার্সে অনুষ্ঠেয় ৫৪তম বার্ষিক সভায় যোগদানের আমন্ত্রণ জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদে বিরোধী দলে ছিলাম, বিরোধী দলেই থাকতে চাই–জাতীয় সংসদ ভবনে দলের নবনির্বাচিত ১১ সংসদ সদস্যের শপথ শেষে সাংবাদিকদের সঙ্গে প্রতিক্রিয়া ব্যক্ত করেন জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চতুর্থবার জাতীয় সংসদনেতা নির্বাচিত হওয়ায় বঙ্গভবনে শপথ অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার ডি হাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কিছু অনিয়ম হলেও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ম মেনে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে বলে ঢাকাস্থ জাপান দূতাবাস বিবৃতি দিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বব্যাংক মনে করছে, আগামী অর্থবছরও বাংলাদেশের উচ্চ মূল্যস্ফীতি অব্যাহত থাকার সম্ভাবনা আছে। চলতি মাসে প্রকাশিত 'গ্লোবাল ইকোনমিক প্রসপেক্টাস' বা 'বৈশ্বিক অর্থনৈতিক সম্ভাবনা' শীর্ষক প্রতিবেদনে বাংলাদেশ সম্পর্কে এ তথ্য দিয়েছে বিশ্বব্যাংক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভুটানের পার্লামেন্ট নির্বাচনে দুই-তৃতীয়াংশ আসনে জয় পেয়েছে দেশটির পিপলস ডেমোক্রেটিক পার্টি (পিডিপি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- 'সারোগেসি'র মাধ্যমে সন্তান ধারণকে বিশ্বব্যাপী নিষিদ্ধ করার আহ্বান জানিয়েছেন পোপ ফ্রান্সিস। ভ্যাটিকান সিটিতে এক বক্তৃতায় পোপ বলেন, 'শিশু হলো উপহার, যা নিয়ে কখনোই ব্যাবসায়িক চুক্তি হতে পারে না'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইকুয়েডরে টেলিভিশনে লাইভ প্রোগ্রাম চলাকালে স্টুডিওতে ঢুকে মুখোশধারীরা হামলা চালিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- গাজায় দেড়শ লক্ষ্যবস্তুতে হামলা চালিয়ে পুড়িয়ে মারার হুমকি দিয়েছে ইসরায়েল। ইসরায়েলের ডেপুটি স্পিকার ও প্রভাবশালী নেতা নিসিম ভাতুর এ ঘোষণা দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ওয়াশিংটনে তাইওয়ান ইস্যু নিয়ে যুক্তরাষ্ট্র-চীনের সামরিক কর্মকর্তাদের মধ্যে দুদিনের বৈঠক অনুষ্ঠিত। বৈঠক শেষে চীনা প্রতিনিধিদল 'তাইওয়ান ইস্যুতে কখনো কোনো আপস করবে না' জানিয়ে বিবৃতি দিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) নেতা ইমরান খানকে দেশটির সেনা সদর দপ্তরে (জিএইচকিউ) হামলা-সহ সহিংসতার ঘটনায় আরও ১২টি মামলায় গ্রেফতার দেখিয়েছে রাওয়ালপিন্ডি পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন ক্যানসারে আক্রান্ত। দেশটির ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের মুখপাত্র জন কিরবি কর্তৃপক্ষকে এ বিষয়ে ব্রিফিং করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের উত্তরপ্রদেশের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়কে 'সংখ্যালঘু শিক্ষাপ্রতিষ্ঠান' তকমা দেওয়ার বিরুদ্ধে আইনি অবস্থান নিয়েছে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১১ জানুয়ারি

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বঙ্গভবনে নবনিযুক্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শপথবাক্য পাঠ করান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে পুনর্নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিং অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ নেওয়ার পর নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের মধ্যে দপ্তর বণ্টন করেছেন। পরে মন্ত্রিপরিষদ বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দীর্ঘ পাঁচ মাস পর হাসপাতাল ছেড়ে গুলশানের বাসা ফিরোজায় ফিরলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- নতুন সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপদেষ্টা হিসাবে নিয়োগ পেয়েছেন ড. মসিউর রহমান, ড. গওহর রিজভী, ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, সালমান এফ রহমান, কামাল আবদুল নাসের চৌধুরী ও মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের জনগণের গণতান্ত্রিক আকাঙ্ক্ষাকে আবারও সমর্থন জানিয়েছে যুক্তরাষ্ট্র। হোয়াইট হাউজের প্রেস ব্রিফিংয়ে দেশটির মুখপাত্র জন কিরবি এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজা উপত্যকায় গণহত্যার অভিযোগে জাতিসংঘের আদালত ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিসে (আইসিজে) ইসরায়েলের বিরুদ্ধে করা মামলার শুনানি শুরু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০২৪ সালের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন থেকে সরে দাঁড়ালেন নিউ জার্সির সাবেক গভর্নর ও রিপাবলিকান নেতা ক্রিস ক্রিস্টি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে খালিস্তানি নেতা গুরুপতবন্ত সিং পান্নুনকে খুনের পরিকল্পনার দায়ে নিখিল গুপ্তাকে গ্রেফতার করেছিলেন মার্কিন গোয়েন্দারা। ওই মামলায় নিখিলের আইনজীবীর আবেদনের ভিত্তিতে মার্কিন গোয়েন্দাদের তথ্যপ্রমাণ পেশ করতে বলেছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইকুয়েডরে টেলিভিশনে লাইভ প্রোগ্রাম চলাকালে স্টুডিওতে ঢুকে মুখোশধারীরা হামলা ছাড়াও দেশটির পাঁচ কারাগারে ১৩০ জনের বেশি কারারক্ষী ও কর্মীদের জিম্মি করে কারাবন্দিরা। বর্তমান পরিস্থিতিকে 'যুদ্ধাবস্থা' বলছেন দেশটির প্রেসিডেন্ট ড্যানিয়েল নোবোয়া। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লোহিতসাগরের দক্ষিণাঞ্চলে ইয়েমেনের ইরান সমর্থিত হুতিদের ছোড়া ২১টি ড্রোন ও ক্ষেপণাস্ত্র গুলি করে ধ্বংস করার কথা জানিয়েছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য নৌবাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কঙ্গো নদীর পানির স্তর ৬০ বছরের বেশি সময়ের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে ওঠায় অববাহিকাজুড়ে ব্যাপক বন্যার কারণে ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো (ডিআরসি) ও কঙ্গো রিপাবলিকে ৩০০ জনের বেশি মানুষের মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

১২ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের মন্ত্রিসভার সদস্যদের নিয়ে সাভারে জাতীয় স্মৃতিসৌধের মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০২৪ সালের জন্য জাতিসংঘের তিনটি সংস্থার নির্বাহী বোর্ডের সভাপতি নির্বাচিত হয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত। সংস্থা তিনটি হচ্ছে: জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ) ও জাতিসংঘ প্রকল্প সেবাগুলোর কার্যালয় (ইউএনওপিএস)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মন্ত্রী-প্রতিমন্ত্রীরা পছন্দমতো একান্ত সচিব (পিএস) না পেলেও সহকারী একান্ত সচিব (এপিএস) নিয়োগ দিতে পারবেন। তবে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রথম শ্রেণির কর্মকর্তার পদে আবেদনের ন্যূনতম যোগ্যতা থাকতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশে ৭ জানুয়ারি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে 'বাইরে থেকে প্রভাবিত করার চেষ্টা হয়েছিল' বলে আবারও অভিযোগ তুলে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মারিয়া জাখারোভা বিবৃতি দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে নতুন করে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের আহ্বান জানিয়ে বৈশ্বিক ও আঞ্চলিক ছয়টি নাগরিক সংগঠন যৌথ বিবৃতি দিয়েছে। যৌথ বিবৃতি দেওয়া সংস্থাগুলো হলো: এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশনস (এএনএফআরইএল), ওয়ার্ল্ড অ্যালায়েন্স ফর সিটিজেন পার্টিসিপেশন (সিআইভিআইসিইউএস), ইন্টারন্যাশনাল ফেডারেশন ফর হিউম্যান রাইটস (এফআইডিএইচ), এশিয়ান ডেমোক্রেসি নেটওয়ার্ক (এডিএন), ক্যাপিটাল পানিশমেন্ট জাস্টিস প্রজেক্ট (অস্ট্রেলিয়া) এবং অ্যান্টি-ডেথ পেনালটি এশিয়া নেটওয়ার্ক (এএনএফআরইএল)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় পার্টির আভ্যন্তরীণ সংকট ও অস্থিরতার কারণে দলের কো-চেয়ারম্যান কাজী ফিরোজ রশীদ ও প্রেসিডিয়াম সদস্য শুনীল শুভ

রায়কে অব্যাহতি দিয়েছেন দলটির চেয়ারম্যান জিএম কাদের। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভোলার মনপুরায় সংরক্ষিত বনাঞ্চলে আটকে থাকা অবস্থায় ৪০ কেজি ওজনের অলিভ রিডল সি (জলপাই রঙা) বিরল প্রজাতির জীবন্ত সামুদ্রিক কচ্ছপ উদ্ধার করেছে বন বিভাগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনে আবার রুশ আক্রমণের পর ইউক্রেনকে আড়াই বিলিয়ন পাউন্ড সামরিক সহায়তা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনাক। আগামী অর্থবছর এপিল থেকে কার্যক্রম শুরু হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের ছেলে হান্টার বাইডেন লস অ্যাঞ্জেলেসের এক ফেডারেল আদালতে কর ফাঁকি দেওয়ার ৯টি অভিযোগে দোষী সাব্যস্ত না হওয়ার আবেদন জানিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চীনের সরকারি মুখপত্র গ্লোবাল টাইমসে প্রকাশিত প্রতিবেদনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসা করা হয়েছে। এ বিষয়ে এক প্রশ্নের জবাবে ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং মন্তব্য করেন, ভারতকে আর চোখ রাঙানো যাবে না। কারণ, ভারত এখন আর দুর্বল দেশ নয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইয়েমেনের হুতি বিদ্রোহীদের ১৬ জায়গার ৬০টি লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র ও ব্রিটেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইয়েমেনের হুতি সামরিক লক্ষ্যবস্তুগুলোয় যুক্তরাষ্ট্র ও ব্রিটিশ হামলার প্রতিবাদে যুক্তরাষ্ট্রের টাইমস স্কয়ারে এবং হোয়াইট হাউজের বাইরে যুদ্ধবিরোধী কর্মীরা বিক্ষোভে নেমেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের উত্তরাঞ্চলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীগুলোর সশস্ত্র বাহিনীর জোট 'ব্রাদারহুড অ্যালায়েন্স' দেশটির ক্ষমতাসীন সামরিক জান্তার সঙ্গে যুদ্ধবিরতিতে রাজি হয়েছে। ব্রাদারহুড অ্যালায়েন্সের অন্যতম শরিক তা'য়াং ন্যাশনাল লিবারেশন আর্মির (টিএনএলএ) এক নেতা বিষয়টি রয়টার্সকে জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনে বাণিজ্যিক মহাকাশ খাতে 'গ্র্যাভিটি-১' নামের রকেট সফলভাবে উৎক্ষেপণ করেছে দেশটির ওরিয়নস্পেস কোম্পানি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ওমান উপসাগরে মাশাল দ্বীপপুঞ্জের পতাকাবাহী একটি তেলের ট্যাংকার জব্দ করেছে ইরান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আমাজনের গহিন জঙ্গলে হাজার হাজার বছর ধরে ঢাকা পড়ে থাকা বিশাল এক প্রাচীন নগরীর সন্ধান পেয়েছেন প্রত্নতাত্ত্বিকরা। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানান এবং নিজ বাসভবনে নবনিযুক্ত মন্ত্রীদের সঙ্গে মন্ত্রিসভার অনানুষ্ঠানিক বৈঠক করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে ছয় আন্তর্জাতিক নাগরিক সংগঠনের বিবৃতিকে প্রত্যাখ্যান করেছে বাংলাদেশ সরকার। বিবৃতিকে পক্ষপাতদুষ্ট ও অযৌক্তিক অভিহিত করে বলা হয়, ওই ছয় সংগঠনের অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর মগবাজারে মাথায় কংক্রিটের ব্লক পড়ে বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক দীপান্বিতা বিশ্বাস নিহতের ঘটনাকে হত্যাকাণ্ড বলে দাবি করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও সাবেক শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর তেজগাঁওয়ে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনের (বিএফডিসি) পাশে মোল্লাবাড়ী বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ড। এতে দুজনের মৃত্যু এবং তিনশ ঘর পুড়ে ছাই হয়ে গেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্র ও ব্রিটিশ লক্ষ্যবস্তুতে পালটা হামলা চালিয়েছে হুতিরা। মার্কিন সেনাবাহিনীর কর্মকর্তা ডগলাস সিমস বিষয়টি স্বীকার করেছে। এদিকে গাজায় জাতিসংঘের শীর্ষ কর্মকর্তা মার্টিন গ্রিফিথস জানান, গত একশ দিনে ইসরায়েলি বর্বরতায় গাজায় খাবারের অভাবে অনাহারে দিন পার করছে গাজাবাসী। সড়কে ছড়িয়ে-ছিটিয়ে আছে লাশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনে ৪০টি ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। সেই রুশ হামলা প্রতিহত করার জন্য আটটি ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে বলে জানিয়েছে ইউক্রেনীয় বিমানবাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক

- মার্কিন কংগ্রেসে অনুমোদন না হওয়ায় ইউক্রেনকে সহায়তা বন্ধ করেছে যুক্তরাষ্ট্র। হোয়াইট হাউজে সংবাদ সম্মেলনে মার্কিন প্রেসিডেন্টের জাতীয় নিরাপত্তাবিষয়ক উপদেষ্টা জন কিরবি এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) দলের প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধানমন্ত্রী কারারুদ্ধ ইমরান খান দেশটির অনলাইন জিও নিউজের সাংবাদিকদের বলেছেন, ক্ষমতাধরদের কাছে আত্মসমর্পণ করলে আমার বিরুদ্ধে সব মামলার ইতি ঘটানো হবে। তিনি আরও দাবি করেন, পাকিস্তানে যে তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠা করা হয়েছে তা নিরপেক্ষ নয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তাইওয়ানের ক্ষমতাসীন দল ডেমোক্রেটিক প্রোগ্রেসিভ পার্টির (ডিপিপি) প্রার্থী উইলিয়াম লাই দেশটির নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান বলেছেন, গাজা উপত্যকায় ইসরায়েলি বাহিনীর গণহত্যার নথি সরবরাহ করে যাবে তুরস্ক। আর সেগুলোর বেশির ভাগই ভিজুয়াল নথি। তিনি বলেন, আমি বিশ্বাস করি, ইসরায়েল দোষী সাব্যস্ত হবে। আমরা আন্তর্জাতিক বিচার আদালতের ন্যায়বিচারে বিশ্বাস করি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের প্রধান বিরোধী দল কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি মল্লিকার্জুন খাড়ুগে দেশটির বিজেপিবিরোধী রাজনৈতিক দলগুলোর জোট ইন্ডিয়ান ন্যাশনাল ডেভেলপমেন্ট ইনক্লুসিভ অ্যালায়েন্সেরও (ইনডিয়া) প্রধান বা চেয়ারপারসন হিসাবে মনোনীত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- করোনা মহামারি চলাকালে টেস্টিং কিট ক্রয়সংক্রান্ত দুর্নীতিতে জড়িত থাকার অপরাধ প্রমাণিত হওয়ায় ভিয়েতনামের সাবেক স্বাস্থ্যমন্ত্রী এনগুইয়েন থান লংকে ১৮ বছর কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। লং-এর পাশাপাশি আরও কয়েকজন স্বাস্থ্য কর্মকর্তা ও ব্যবসায়ীকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৪ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত সভায় স্থানীয় আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাদের সঙ্গে শুভেচ্ছা ও মতবিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সুন্নতে খতনা করাতে গিয়ে শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় রাজধানীর বাড্ডায় সাতারকুল এলাকার ইউনাইটেড মেডিক্যাল কলেজ হাসপাতাল বন্ধের নির্দেশ দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কবি ও শিশুসাহিত্যিক খালেক বিন জয়েনউদ্দিনের (৭০) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে পুলিৎজারবিজয়ী এক প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে হওয়া মামলায় নিউইয়র্ক টাইমস ও তার তিন সাংবাদিককে প্রায় ৪ লাখ মার্কিন ডলার দিতে নির্দেশ দিয়েছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তাইওয়ানে প্রেসিডেন্ট ও সংসদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে দেশটির চীনবিরোধী ও ক্ষমতাসীন ডেমোক্রেটিক প্রগ্রেসিভ পার্টির (ডিপিপি) প্রার্থী লাই চিং তৃতীয় মেয়াদে প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার সংবাদমাধ্যম ওয়াল্লার এক বিশেষ প্রতিবেদনে বলা হয়, গাজায় হামাসের সঙ্গে লড়াইয়ে অন্তত চার হাজার ইসরায়েলি সৈন্য পঙ্গু হয়েছে। উপত্যকায় হামাসের আক্রমণে তেলআবিবের বহু সামরিক যান ধ্বংস হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কলম্বিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলে ভারি বর্ষণ থেকে সৃষ্ট ভূমিধসে ৩৪ জন নিহত এবং ৩৫ জন আহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দক্ষিণ কোরিয়ার সীমান্তবর্তী উত্তেজনাপূর্ণ সমুদ্র সীমান্তের কাছে পিয়ংইয়ং সরাসরি সামরিক মহড়া চালানোর পর ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালিয়েছে উত্তর কোরিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিয়ে মালদ্বীপের মন্ত্রীদের বিতর্কিত মন্তব্যের জেরে দেশটির তিন মন্ত্রীকে বরখাস্ত করে মালদ্বীপ সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- মালদ্বীপের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর মোহাম্মদ মুইজ্জু চীনে প্রথমবার পাঁচদিনের রাষ্ট্রীয় সফরে শি জিনপিংয়ের সঙ্গে বৈঠক শেষে দেশে ফিরে দুই দেশের মধ্যে কূটনৈতিক টানাপোড়েন ইস্যুতে দেশের সম্মান ও সার্বভৌমত্ব নিয়ে মুইজ্জু বলেন, মালদ্বীপ ছোটো দেশ হতে পারে; কিন্তু কাউকে ভয় দেখানোর লাইসেন্স আমরা দিইনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তাইওয়ানে প্রেসিডেন্ট নির্বাচনে ক্ষমতাসীন ডেমোক্রেটিক প্রাগেসিভ পার্টির (ডিপিপি) নেতা উইলিয়াম লাই চিং-তে জয়ী হওয়ায় শুভেচ্ছা জানিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৫ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর গঠিত নতুন সরকারের প্রথম মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে মন্ত্রিসভার সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী স্বচ্ছতার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বাড্ডায় সাতারকুল এলাকার ইউনাইটেড মেডিক্যাল কলেজ হাসপাতালে সুন্নতে খতনা করাতে গিয়ে পাঁচ বছর বয়সি শিশু আয়ানের মৃত্যুর কারণ অনুসন্ধান করে সাত দিনের মধ্যে আদালতে প্রতিবেদন দিতে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দেন আদালত। একই সঙ্গে বাড্ডা ও গুলশানের ইউনাইটেড মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা করাতে গিয়ে এ পর্যন্ত অবহেলায় কত রোগী মারা গেছেন, তা জানাতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্রণয় ভার্মা নতুন সরকারের সঙ্গে ভারতের অংশীদারত্ব আরও বিকশিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের পশ্চিমে বাংলাদেশঘেঁষা রাখাইন অঞ্চলের একটি শহর নিয়ন্ত্রণে নেওয়ার দাবি করেছে সেখানকার জান্তাবিরোধী সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি (এএ)। গোষ্ঠীটির মুখপাত্র খিন তুন খা বার্তা সংস্থা রয়টার্সকে এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- চলতি বছরের নভেম্বরে যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন উপলক্ষ্যে দেশটিতে এবিসি নিউজ ও ইপসোসের করা নতুন এক জরিপে নির্বাচনে বাইডেনকে প্রেসিডেন্ট প্রার্থী হিসাবে দেখতে চান না অনেকেই। সব মিলিয়ে ৭০ শতাংশের বেশি রিপাবলিকান প্রাপ্তবয়স্ক সমর্থক চাইছেন ট্রাম্পকে প্রার্থী হিসাবে মনোনয়ন দেওয়া হোক। অন্যদিকে ৫৭ শতাংশ ডেমোক্র্যাট সদস্য বাইডেন সম্পর্কে এমন মনোভঙ্গি পোষণ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নির্বাচনের পরই তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করল দ্বীপরাষ্ট্র নাউরু। দেশটির সরকার সোশ্যাল মিডিয়া ফেসবুকে জানায়, তারা তাইওয়ানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে চীনকে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরানে ২০২২ সালের সেপ্টেম্বরে জিনা মাসা আমিনির মৃত্যু নিয়ে সংবাদ সংগ্রহ এবং প্রকাশ করার কারণে কারাবন্দি থাকা দুই নারী সাংবাদিককে জামিনে মুক্তি দিয়েছে ইরান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পিয়ংইয়ং এলাকা থেকে রাডারে শনাক্ত করা কঠিন এমন নতুন হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা করেছে উত্তর কোরিয়া। দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থা কেসিএনএ এই তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তা বিশ্বজুড়ে প্রায় ৪০ শতাংশ কর্মসংস্থান কেড়ে নেবে বলে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) নতুন এক বিশ্লেষণে উঠে এসেছে এবং বেশির ভাগ ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) সম্ভবত সামগ্রিক বৈষম্যের পরিস্থিতিকে আরও খারাপ করে তুলবে বলেও মনে করেন আইএমএফের ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টিলিনা জর্জেভা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানিয়ে মার্কিনিরা ওয়াশিংটন ডিসিতে সমাবেশ করে। এ সময় একটি প্ল্যাকার্ডে লেখা ছিল 'বাইডেন গণহত্যায় অপরাধী'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গত চার বছরে বিশ্বের ধনী ব্যক্তিদের মোট সম্পদ দ্বিগুণেরও বেশি বেড়েছে। অথচ একই সময়ে বিশ্বের প্রায় ৫০০ কোটি মানুষ আরও গরিব হয়েছে। অক্সফামের প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- লোহিতসাগরে যুক্তরাষ্ট্রের 'এমভি জিব্রাটার ইগল' নামের পণ্যবাহী জাহাজে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান সমর্থিত হুতি বিদ্রোহীরা। মার্কিন সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ডের তথ্য। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ইসরায়েলি বর্বরতার ১০০ দিন পার। এ সময়ের মধ্যে অবরুদ্ধ উপত্যকাটিতে ইসরায়েলি হামলায় নিহত, আহত ও নিখোঁজের সংখ্যা এক লাখে পৌঁছেছে। ইউরো-মেড হিউম্যান রাইটস মনিটরের প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আইসল্যান্ডের রেকেনেস পেনিনসুলা অঞ্চলে দ্বিতীয়বার জেগে উঠেছে আগ্নেয়গিরি। লোকালয়ে ঢুকে পড়েছে আগ্নেয়গিরির লাভা। পাহাড়ের নিচেই আছে গ্রিনদাভিক শহর। শহরটি থেকে বাসিন্দাদের নিরাপদ দূরত্বে সরিয়ে নেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৬ জানুয়ারি

- টানা চতুর্থবার প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় গণভবনে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে শুভেচ্ছা ও অভিনন্দন জানান আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন ও মেয়রপত্নী রাজশাহী মহানগর আওয়ামী লীগের সহসভাপতি শাহীন আকতার রেণী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের গাজায় শিশুদের নিরাপত্তা প্রদানে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসকে চিঠির মাধ্যমে অনুরোধ জানিয়েছে বাংলাদেশ সুপ্রিমকোর্টের স্পেশাল কমিটি ফর চাইল্ড রাইটস। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে এ চিঠি দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শীতের তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামলে সারা দেশে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সারা দেশে লাইসেন্সবিহীন সব ক্লিনিক-হাসপাতাল বন্ধের নির্দেশনা দিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী ডা. সামন্ত লাল সেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্মকর্তাদের সঙ্গে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের বৈঠক। বৈঠকে নিবন্ধনবিহীন সব মোবাইল ফোন বন্ধে পদক্ষেপ নেওয়ার নির্দেশনা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ-সহ বিশ্বের অন্যান্য অঞ্চলের কয়েকটি দেশ থেকে গৃহকর্মী নিয়োগের ফি কমানোর ঘোষণা দিয়েছে সৌদি আরবের মানবসম্পদ ও সামাজিক উন্নয়নবিষয়ক মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ থেকে কয়েক হাজার কোটি টাকা পাচারের অভিযোগে দীর্ঘ শুনানির পর পি কে হালদার-সহ ছয় অভিযুক্তের বিরুদ্ধে চার্জ গঠন করেছেন কলকাতার আদালত (ব্যাংকশাল)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় ২১ শিক্ষার্থীকে লালন শাহ হল থেকে সাময়িক বহিষ্কার করা হয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের আগামী প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী বাছাইয়ে আইওয়া অঙ্গরাজ্যের দলীয় ককাসে যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রদূত নিকি হ্যালি ও ফ্লোরিডার গভর্নর রন ডিস্যান্টিসকে বড়ো ব্যবধানে পরাজিত করে জয় পেয়েছেন দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিভিন্ন অভিযোগে সাজাপ্রাপ্ত শাস্তিতে নোবেলজয়ী মানবাধিকারকর্মী নার্গিস মোহাম্মদিকে আরও ১৫ মাসের কারাদণ্ড দিয়েছেন ইরানের আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনের উত্তর-পশ্চিমাঞ্চলীয় জিনজিয়াং অঞ্চলে টানা তুষারপাতের পর তুষারধসে মহাসড়ক বন্ধ হয়ে যাওয়ায় প্রায় এক হাজার পর্যটক কয়েকদিন ধরে একটি প্রত্যন্ত পর্যটন গ্রামে আটকা পড়েন। দেশটির রাষ্ট্রায়ত্ত টেলিভিশন এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় অনুষ্ঠিত 'মিস আমেরিকা ২০২৪'-এর খেতাব জিতলেন মার্কিন বিমানবাহিনীর কর্মকর্তা ম্যাডিসন মার্শ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- নিজেদের মধ্যে বাণিজ্য সম্পর্ক আরও বাড়াতে সুইজারল্যান্ড ও চীন সুইজারল্যান্ডে দ্বিপক্ষীয় বৈঠক করেন সুইস প্রেসিডেন্ট ভায়োলা আমহার্ড এবং চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং। দাভোস বৈঠকে যোগ দিতে লি কিয়াং সুইজারল্যান্ডে যান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আবুধাবির টি-টেন লিগে খেলতে গিয়ে দুর্নীতির তিনটি অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশের ক্রিকেটার নাসির হোসেনকে সব ধরনের ক্রিকেট থেকে দুই বছরের জন্য নিষিদ্ধ করেছে ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৭ জানুয়ারি

- নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২৩ জানুয়ারি থেকে দেশে স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণের কার্যক্রম শুরু করার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মানিকগঞ্জের পাটুরিয়া-দৌলতদিয়া ৫ নম্বর ঘাটের কাছে বাল্কহেডের ধাক্কায় যানবাহন-সহ শতাধিক যাত্রী নিয়ে ফেরি রজনীগন্ধা ডুবে গেছে। ফেরিতে থাকা ২১ জনের মধ্যে ২০ জনকে জীবিত উদ্ধার। একজন নিখোঁজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনের জাতীয় পরিসংখ্যান ব্যুরো জানিয়েছে, ২০২২ সালের চেয়ে ২০ লাখ ৮০ হাজার কমে ২০২৩ সালে চীনের জনসংখ্যা দাঁড়িয়েছে ১৪০ কোটি ৯৬ লাখ ৭০ হাজার। এতে চীনকে টপকে জনসংখ্যার দিক থেকে বিশ্বে এক নম্বরে চলে গেছে ভারত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের গত প্রেসিডেন্ট নির্বাচনে কারচুপি হয়েছিল বলে মন্তব্য করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের দক্ষিণাঞ্চলে এক রাতে ২০টি ইরানি ড্রোন দিয়ে হামলা চালিয়েছে রাশিয়া। ইউক্রেনের দাবি, এসব ড্রোনের মধ্যে একটি ছাড়া সবই ধ্বংস করে দিয়েছে তাদের বিমান প্রতিরক্ষা কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সুইডেনে বিগত ৫৮ বছরের রেকর্ড ভেঙে দেশটির উত্তরাঞ্চলের ভিটাঙ্গি গ্রামের তাপমাত্রা চলতি মাসের প্রথম সপ্তাহে ৪৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে নেমেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- থাইল্যান্ডের রাজধানী ব্যাংকক থেকে প্রায় ১২০ কিলোমিটার উত্তরে সুফান বুরি প্রদেশের একটি প্রত্যন্ত এলাকায় আতশবাজির কারখানায় ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় ২০ জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে দেশটির পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৮ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সচিবালয়ে নতুন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আবদুল্লায়ে সেকের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সংসদ ভবনে বিরোধী দলীয় উপনেতার দপ্তরে অনুষ্ঠিত জাতীয় পার্টির সংসদীয় দলের সভায় জাতীয় পার্টির (জাপা) সংসদীয় নেতা গোলাম মোহাম্মদ কাদেরকে বিরোধী দলীয় নেতা নির্বাচন করা হয়। এছাড়া দলটির উপনেতা আনিসুল ইসলাম মাহমুদ ও দলের মহাসচিব মজিবুল চুন্নুকে বিরোধী দলীয় চিফ হুইপ নির্বাচন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলতি বছরের হজের নিবন্ধনের সময় শেষ হয়েছে। এবার বাংলাদেশ থেকে ১ লাখ ২৭ হাজার ১৯৮ জনের হজ করার অনুমতি থাকলেও সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধন করেছেন ৫৩ হাজার ১১৫ জন। সৌদির সঙ্গে হজ চুক্তি অনুযায়ী এখনো কোটা ফাঁকা রয়েছে ৭৪ হাজার ৮৩টি। অর্থাৎ কোটার ৫৮ শতাংশ খালি রেখেই হজ নিবন্ধন শেষ করেছে সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশিদের পান করা ৪৯ শতাংশ পানিতে বিপজ্জনক মাত্রায় ক্যানসারের জীবাণু রয়েছে। পিএলওএস ওয়ান নামের বিজ্ঞানবিষয়ক জার্নালে প্রকাশিত নিবন্ধে এ তথ্য জানানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- দেশে পাঁচজনের নমুনা পরীক্ষায় করোনাভাইরাসের নতুন ভ্যারিয়েন্ট জেএন.১ উপধরন শনাক্ত হয়েছে। সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. তাহমিনা শিরীন বিষয়টি নিশ্চিত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শৈত্যপ্রবাহ ও তাপমাত্রা কমায় দেশের ১০ জেলায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার ঘোষণা দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ন্যাটো জোটের মহাসচিব জেন্স স্টোলটেনবার্গের সঙ্গে সুইজারল্যান্ডে দাভোসে বিশ্ব অর্থনৈতিক ফোরামের সাইট লাইন বৈঠকে ইরাকি প্রধানমন্ত্রী শিয়া আস-সুদানি বলেন, ইরাকে মার্কিন নেতৃত্বাধীন বিদেশি সেনা উপস্থিতির অবসান ঘটাতে চায় ইরাক। ওয়াল স্ট্রিট জার্নালে প্রকাশিত তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বেলুচিস্তান প্রদেশে ইরানের হামলার জবাবে ইরানের সিস্তান-বেলুচিস্তান প্রদেশের সন্ত্রাসীদের আস্তানায় পালটা বিমান হামলা চালিয়েছে পাকিস্তান। ৯ নারী ও শিশু নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইয়েমেনের হুতি বিদ্রোহীদের সন্ত্রাসী সংগঠন হিসাবে ঘোষণার পর হুতি নেতা ঘোষণা করেন, তারা যুক্তরাষ্ট্রের হুমকিতে ভীত নয়। গাজায় ইসরায়েলি হামলা বন্ধ না হওয়া পর্যন্ত তাদের হামলা চলবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তিউনিশিয়া উপকূল থেকে ভূমধ্যসাগর পাড়ি দিয়ে ইতালিতে আশ্রয় নিতে চাওয়ার ৪০ অভিবাসনপ্রত্যাশীর কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না। নিখোঁজদের সন্ধানে পরিবারের লোকেরা তিউনিশিয়ায় বিক্ষোভ শুরু করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নিজ দলের ভেতরের বিদ্রোহ ব্যর্থ করে যুক্তরাজ্যের পার্লামেন্টের নিম্নকক্ষ হাউজ অব কমন্সে সফলভাবে নিজেদের রুয়ান্ডা বিল পাশ করাতে সক্ষম হয়েছে ঋষি সুনাক সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সুইজারল্যান্ডের দাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস বলেন, 'গাজা যুদ্ধে জড়িত সব পক্ষ আন্তর্জাতিক আইনকে অবজ্ঞা করছে, জেনেভা কনভেনশনকে পদদলিত করছে। এমনকি

জাতিসংঘ সনদেরও লঙ্ঘন করছে।' এমন মন্তব্য করে সেখানে দ্রুত মানবিক যুদ্ধবিরতির আহ্বান পুনর্ব্যক্ত করেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইয়েমেন সীমান্তে উৎক্ষেপণের জন্য প্রস্তুত রাখা হুতি বিদ্রোহীদের ক্ষেপণাস্ত্র লক্ষ্য করে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রুশ বাহিনীর সঙ্গে দুই বছর ধরে চলা যুদ্ধে ইউক্রেন যেসব অঞ্চল মারাত্মকভাবে ধ্বংস হয়েছে, তেমন ছয়টি বসতি সরকারি তহবিলে পুনর্গঠন করার পাইলট প্রকল্প হাতে নিয়েছে ইউক্রেন সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২০২৪ সালের শুরুতে বিশ্বের সবচেয়ে শক্তিশালী অবস্থানে থাকা ১০টি মুদ্রার মধ্যে প্রথম স্থানে জায়গা করে নিয়েছে কুয়েতি দিনার। ফোর্বস ইন্ডিয়ায় প্রকাশিত তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৯ জানুয়ারি

- বাংলাদেশের নির্বাচন বিশ্বাসযোগ্য, অবাধ ও সুষ্ঠু হয়নি মনে করে যুক্তরাষ্ট্র। কিন্তু যুক্তরাষ্ট্র শেখ হাসিনার সরকারকে স্বীকৃতি না দেওয়ার কোনো কারণ দেখছে না। তারা নির্বাচনের সময়ে সহিংস ঘটনার স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য তদন্ত করার জন্য বাংলাদেশ সরকারকে উৎসাহিত করেছে। ওয়াশিংটনে সংবাদ সম্মেলনে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ম্যাথু মিলার এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কারিগরি ত্রুটির কারণে মহেশখালীতে ভাসমান এলএনজি টার্মিনাল থেকে সরবরাহ বন্ধ হওয়ায় চট্টগ্রাম মহানগর-সহ জেলাজুড়ে গ্যাস সরবরাহে মারাত্মক বিপর্যয় ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইয়েমেনের হুতি বিদ্রোহী গোষ্ঠীদের ওপর আবার হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটনে সাংবাদিকদের প্রশ্নোত্তরে দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন হুঁশিয়ারি বার্তা দিয়েছেন যে, হুতিরা লোহিত সাগরে হামলা বন্ধ না করলে মার্কিন বাহিনী অভিযান অব্যাহত রাখবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ডুবো পারমাণবিক অস্ত্র ব্যবস্থার পরীক্ষা চালানোর দাবি করেছে উত্তর কোরিয়া। চলতি সপ্তাহে দক্ষিণ কোরিয়া, যুক্তরাষ্ট্র ও জাপানের যৌথ সামরিক মহড়ার প্রতিক্রিয়ায় এই অস্ত্রের পরীক্ষা চালিয়েছে তারা। দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম কেসিএনএ-এর তথ্য। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ইরান ও পাকিস্তানের পালটাপালটি ক্ষেপণাস্ত্র হামলার পর দুই দেশের শীর্ষ কর্মকর্তারা 'ইতিবাচক' বার্তা বিনিময় করেছেন। পাকিস্তানের গণমাধ্যম জিউ নিউজের প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেন সীমান্ত থেকে প্রায় ৬০ কিলোমিটার গভীরে ক্লিন্তসি শহরে ইউক্রেনীয় ড্রোন হামলায় রাশিয়ার পশ্চিমাঞ্চলীয় চারটি তেল সংরক্ষণাগারে আগুন লাগে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজতন্ত্রকে অবমাননা করার জন্য থাইল্যান্ডের লেস ম্যাজেস্ট আইনের অধীনে এক ব্যক্তিকে ৫০ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সশস্ত্র জাতিগত গোষ্ঠীর সঙ্গে সংঘর্ষের মধ্যেই ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য মিজোরামে পালিয়ে গেছে মিয়ানমারের প্রায় ৩০০ জন সৈন্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মুইজ্জু সরকারের প্রথম কোনো মন্ত্রী হিসাবে ভারত সফরে যান পররাষ্ট্রমন্ত্রী মুসা জমির। সেখানে ভারতীয় পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে মালদ্বীপ পররাষ্ট্রমন্ত্রী মুসা জমির বৈঠক করেন। এর একদিন পর সব সেনা প্রত্যাহার করল ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুদ্ধের মধ্যেই ইসরায়েলে যেতে লাইন দিয়েছেন হাজার হাজার ভারতীয় কর্মী। অল্প সময়ে বেশি টাকা উপার্জনের আশায় প্রাণের ঝুঁকি নিতেও পিছপা হচ্ছেন না তারা। ভারতের হরিয়ানায় ইসরায়েলে কর্মী পাঠানোর লক্ষ্যে একটি কর্মসূচি শুরু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের গুজরাটের একটি লেকে নৌকাডুবিতে ১২ স্কুল শিক্ষার্থী ও দুই শিক্ষকের মৃত্যু। স্থানীয় পুলিশের তথ্য। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) টি২০'র উদ্‌বোধনী ম্যাচে কুমিল্লা ভিক্টোরিয়ান্সের বিপক্ষে ৫ উইকেটে জয় পেয়েছে দুর্দান্ত ঢাকা। সূত্র: দৈনিক ইত্তেফাক

২০ জানুয়ারি

- প্রধানমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- উগান্ডায় ১৯তম ন্যাম শীর্ষ সম্মেলনের ফাঁকে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর দ্বিপক্ষীয় বৈঠক করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নয়দিনব্যাপী ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু। জাতীয় জাদুঘরের বেগম ফজিলাতুন নেছা মুজিব মিলনায়তনে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী উৎসবের উদ্‌বোধন করেন। এবারের উৎসবে ছয়টি মিলনায়তনে বিনামূল্যে বিশ্বের বিভিন্ন দেশের ২৫০টি চলচ্চিত্রের প্রদর্শনী হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর মধ্যে ইসরায়েল-ফিলিস্তিন ইস্যুতে ফোনালাপ হয়। ইসরায়েল-ফিলিস্তিন সংঘাত নিরসনে দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের সব কৌশলের বিরোধিতা করেননি ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তান ও ইরানের পালটাপালটি হামলার নিরসন হয়েছে। দুই দেশের মধ্যকার কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক। পাকিস্তানের তত্ত্বাবধায়ক সরকারের প্রধানমন্ত্রী আনোয়ার-উল-হক কাকারের কার্যালয় এ কথা জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে শীতকালীন বৈরী আবহাওয়া ও ব্ল্যাক আউট সংক্রান্ত ঘটনায় দেশটিতে প্রাণহানি বেড়ে ৫৯ জনে দাঁড়িয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা ও মার্কিন মিডিয়া এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের নির্বিচার হামলায় ফিলিস্তিনি ছিটমহল গাজায় প্রতি ঘণ্টায় গড়ে দুইজন করে মা নিহত হচ্ছেন বলে জানিয়েছে জাতিসংঘের নারীবিষয়ক সংস্থা। সংস্থাটি জানিয়েছে, যুদ্ধবিধ্বস্ত গাজায় এ পর্যন্ত প্রায় ১৬ হাজার নারী ও শিশু নিহত হয়েছে। গাজায় যারা নিহত হয়েছে তাদের ৭০ শতাংশ নারী ও মেয়ে শিশু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২৪ ঘণ্টার মধ্যে রাশিয়ার সঙ্গে ইউক্রেনের যুদ্ধ বন্ধ করতে সক্ষম হওয়ার শর্তে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে কিয়েভে স্বাগত জানাবেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- নাগরিকত্বের আবেদনের শর্ত সহজ করে নতুন আইন পাশ করেছে জার্মানির পার্লামেন্টের নিম্নকক্ষ বুন্দেসতাগ। নতুন আইন অনুযায়ী জার্মানিতে টানা পাঁচ বছর বসবাসকারী বিদেশিরা নাগরিকত্বের জন্য যোগ্য বিবেচিত হবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনের মধ্যাঞ্চলীয় প্রদেশ হেনানের একটি স্কুলের ডরমিটরিতে অগ্নিকাণ্ডের ঘটনায় ১৩ শিক্ষার্থী নিহত। বার্তা সংস্থা সিনহুয়ার তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারে বিদ্রোহীদের লড়াই তীব্র হয়ে ওঠার পর তাড়া খেয়ে জান্তা সরকারের ৬০০ সেনা পালিয়ে ভারতে আশ্রয় নেয়। তাদের দ্রুত দেশে পাঠানোর জন্য ভারতের কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়েছে মিজোরাম সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) চেয়ারম্যান রাওয়ালপিন্ডির আদিয়ালা জেলে বন্দি সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান সাংবাদিকদের জানান, তিনি পাকিস্তান সরকারের সঙ্গে আলোচনার জন্য প্রস্তুত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জলবায়ু পরিবর্তনের কারণে পানি এবং খাবারের অভাবে জিম্বাবুয়েতে শতাধিক হাতির মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দক্ষিণ আফ্রিকার ব্লুমফন্টেইনে অনূর্ধ্ব-১৯ ক্রিকেটে ভারতের কাছে ৮৪ রানে হেরেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২১ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর পূর্বাচলে বঙ্গবন্ধু বাংলাদেশ চীন-মৈত্রী প্রদর্শনী কেন্দ্রে (বিবিসিএফইসি) ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডেল্টা গভর্ন্যান্স কাউন্সিল নতুনভাবে গঠন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপদেষ্টাদের মধ্যে দপ্তর বণ্টন। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। প্রজ্ঞাপন অনুযায়ী ড. মসিউর

রহমানকে অর্থনৈতিক বিষয়ক, ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরীকে বিদ্যুৎ ও জ্বালানিবিষয়ক, মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিককে নিরাপত্তাবিষয়ক, ড. গওহর রিজভীকে আন্তর্জাতিক সম্পর্কবিষয়ক, সালমান এফ রহমানকে বেসরকারি শিল্প ও বিনিয়োগ এবং ড. কামাল আব্দুল নাসের চৌধুরীকে (কামাল চৌধুরী) শিক্ষা ও সংস্কৃতিবিষয়ক উপদেষ্টার দায়িত্ব দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- উগান্ডার কাম্পালায় তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনের সাইড লাইনে জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের সঙ্গে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের সঙ্গে ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মার সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশে মোট ভোটার ১২ কোটি ১৭ লাখ ৭৫ হাজার ৪৫০ জন। এর মধ্যে পুরুষ ৬ কোটি ২০ লাখ ৯০ হাজার ১৩৭ জন, নারী ৫ কোটি ৯৬ লাখ ৮৪ হাজার ৩৮৯ জন এবং হিজড়া ভোটার ৯২৪ জন। গত বছরের তুলনায় দেশে মোট ভোটার বেড়েছে ২০ লাখ ৮৬ হাজার ১৬১ জন। আগারগাঁওয়ের নির্বাচন ভবনে ভোটার তালিকা হালনাগাদের খসড়া তালিকা প্রকাশ করেন নির্বাচন কমিশন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) সম্মেলন কক্ষে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি কমিটির সভায় ২৪টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি (জিএসটি) বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশে ব্যবহৃত অনিবন্ধিত মোবাইল ফোন বন্ধের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনি জনগণের নিজস্ব রাষ্ট্র গড়ার অধিকারের কথা সবাইকে স্বীকার করতে হবে। দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধান ও ফিলিস্তিন রাষ্ট্রের অস্বীকার করা হলে তা কোনোভাবে গ্রহণযোগ্য হবে না। উগান্ডার রাজধানী কাম্পালায় জোটনিরপেক্ষ আন্দোলনের শীর্ষ সম্মেলনে (ন্যাম) এসব কথা বলেন জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রে তীব্র শীত, তুষারপাত ও ভারি বর্ষণে দেশটিতে প্রাণহানি বেড়ে ৮৯ জনে দাঁড়িয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দখলদার ইসরায়েলের বিরুদ্ধে এখনো আরও কয়েক মাস যুদ্ধ চালিয়ে যাওয়ার মতো পর্যাপ্ত অস্ত্র হামাসের কাছে রয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের গোয়েন্দারা। এছাড়া ইসরায়েলের দখল করা স্থানগুলোয়ও কয়েক মাস অব্যাহতভাবে হামাসের যোদ্ধারা রকেট ছুড়তে পারবে বলেও জানিয়েছেন তারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২২ জানুয়ারি

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠক অনুষ্ঠিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো এবং চেক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী পেত্র ফিয়ালা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীন সরকারের পক্ষ থেকে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে 'দ্য গ্রেট ওয়াল মেমোরেটিভ মেডেল' দিয়ে সম্মান জানানো হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন চীন সরকারের পক্ষে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এ অ্যাওয়ার্ড ও সার্টিফিকেট হস্তান্তর করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- টানা শৈত্যপ্রবাহ ও তীব্র শীতের কারণে দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস শুরু হবে সকাল ১০টায়। ৩১ জানুয়ারি পর্যন্ত এ নির্দেশনা বহাল থাকবে বলে জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। যেসব জেলায় তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামবে, সেসব জেলার প্রাথমিক বিদ্যালয় বন্ধ রাখার নির্দেশনাও বহাল থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যে প্রচণ্ড ঠান্ডা ও শীতকালীন ঝড়ে ৯০ জনের মৃত্যু। শুধু টেনেসি অঙ্গরাজ্যেই ২৫ জন এবং অরেগনে ১৬ জনের মৃত্যু হয়েছে। এ প্রতিকূল আবহাওয়া কারণে অঙ্গরাজ্য দুটিতে জরুরি অবস্থা জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- রিপাবলিকান প্রার্থী হিসাবে প্রেসিডেন্ট নির্বাচনের লড়াইয়ে ফ্লোরিডার গভর্নর ডিস্যান্টিস সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে সমর্থন করে মাঝপথেই সরে যাওয়ার ঘোষণা দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় সামরিক অভিযান বন্ধ এবং ইসরায়েলের সব জিম্মিকে মুক্ত করার বিনিময়ে হামাসের যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চীনের পার্বত্য ইউনান প্রদেশের উত্তর-পূর্বাঞ্চলীয় লিয়াংশুই গ্রামে ভূমিধসে ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে ৪৭ জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তাইওয়ান প্রণালির ওপর দিয়ে আরও ছয়টি চীনা বেলুনকে উড়ে যেতে দেখেছে তাইওয়ান। দাবি দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়ের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার চার্টার্ড অ্যাম্বুলেন্সের ফ্লাইট ছয়জন যাত্রী নিয়ে আফগানিস্তানের উত্তরাঞ্চলে উত্তর বাদাখশান প্রদেশে বিধ্বস্ত। বিমানটি থেকে চারজনকে জীবিত উদ্ধার। আফগানিস্তানের তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অবরুদ্ধ গাজা উপত্যকায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৯৪ জন অধ্যাপককে হত্যা করেছে ইসরায়েলি বাহিনী। আরও কয়েক শ শিক্ষক এবং কয়েক হাজার শিক্ষার্থী গাজার সংঘাতে নিহত হয়েছে। ইউরো-মেডিটারেনিয়ান হিউম্যান রাইটস মনিটরের বিবৃতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ধনী বিনিয়োগের বিনিময়ে বিদেশিদের স্থায়ী বসবাসের অনুমতি তথা 'গোল্ডেন ভিসা' প্রকল্প বাতিল করেছে অস্ট্রেলিয়া। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের ন্যাটো সদস্য হওয়ার স্বপ্নে বড়ো বাধা হয়ে দাঁড়িয়েছে স্লোভাকিয়া। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিনল্যান্ডে গত বছর ১৬০ জন অভিবাসনপ্রত্যাশীর আশ্রয় আবেদনের পর থেকেই তাঁরা নিখোঁজ বলে জানিয়েছে দেশটির ইমিগ্রেশন কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৩ জানুয়ারি

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন জাতীয় সংসদের চিফ হুইপ ও হুইপ নিয়োগের প্রজ্ঞাপন জারি করেছেন। চিফ হুইপ নিযুক্ত হয়েছেন মাদারীপুর-১-এর সংসদ সদস্য নূর-ই-আলম চৌধুরী। নবনিযুক্ত পাঁচজন হুইপ হলেন: ইকবালুর রহিম (দিনাজপুর-৩), আবু সাঈদ আল মাহমুদ স্বপন (জয়পুরহাট-২), মো. নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২), সাইমুম সরওয়ার কমল (কক্সবাজার-৩) এবং মাশরাফী মর্তুজা (নড়াইল-২)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ইসা ইউসুফ ইসা আলদুহাইলান সৌজন্য সাক্ষাৎ করেন। এ দেশটির রাষ্ট্রদূত সরকারপ্রধান হিসাবে পুনর্নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রীর কাছে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান আল সৌদের অভিনন্দন বার্তা হস্তান্তর করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মেট্রোরেলের কাওরান বাজার থেকে শাহবাগমুখী রুটে লাইনের বৈদ্যুতিক তারের ওপর ডিশের তার পড়ে প্রায় পৌনে এক ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ ছিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডাব্লিউএইচও) দক্ষিণ-পূর্ব এশিয়া আঞ্চলিক অফিসের পরিচালক হিসাবে নিয়োগ লাভ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা অটিজম বিশেষজ্ঞ সায়মা ওয়াজেদকে অভিনন্দন জানিয়েছেন সংস্থাটির মহাপরিচালক ড. তেদ্রোস আধানম গেব্রিয়াসুস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাঠ্যবইয়ে 'শরীফা' গল্প উপস্থাপনে যদি কোনো বিতর্ক বা বিভ্রান্তি সৃষ্টি হয়ে থাকে সেক্ষেত্রে পরিবর্তন করা হবে। সচিবালয়ে নিজ দপ্তরে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে প্রথমবার হৃদ্‌রোগ চিকিৎসায় সর্বাধুনিক 'রোবটিক এনজিওপ্লাস্টি' প্রযুক্তির ব্যবহার করেছেন রাজধানীর জাতীয় হৃদ্‌রোগ হাসপাতাল ও ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ডা. প্রদীপ কুমার কর্মকার ও তার বিশেষায়িত টিম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের সর্বনিম্ন তাপমাত্রা চুয়াডাঙ্গা ও সিরাজগঞ্জে ৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। রাজধানীর সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১১ ডিগ্রি সেলসিয়াস, যা মৌসুমের সর্বনিম্ন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- আদালতের এজলাস কক্ষ থেকে লোহার খাঁচা অপসারণের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করেছেন সুপ্রিমকোর্টের ১০ জন আইনজীবী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজা সীমান্তের কাছে ফিলিস্তিনিদের পালটা হামলায় একদিনে ২৪ জন ইসরায়েলি সেনা নিহত। ইসরায়েলি সামরিক বাহিনী (আইডিএফ) সাংবাদিকদের এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০০৮ সালে নিকারাগুয়ার ১৫ জন এবং একজন ডাচ নাগরিককে হত্যার দায়ে রিগোবার্তো দানিলো মোরালেসকে (৩৭) গুয়াতেমালার আদালত ৮০৮ বছরের কারাদণ্ড দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ইলিনয় অঙ্গরাজ্যের জোলিয়েট শহরের রাস্তার ধারের দুটি বাড়িতে এক বন্দুকধারীর এলোপাতাড়ি গুলি চালানোর ঘটনায় সাতজন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আগামী দুই বছরের জন্য বিদেশি শিক্ষার্থী ভর্তির সংখ্যা কমিয়ে আনার নতুন নীতি ঘোষণা করেছে কানাডা সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনের পশ্চিমাঞ্চলে ভারি বর্ষণের ফলে সৃষ্ট ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে ২০ জনে দাঁড়িয়েছে। নিখোঁজ ৩০ জনের বেশি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের রাজধানী কিয়েভ এবং দ্বিতীয় বৃহত্তম শহর খারকিভে রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলা। হামলায় উভয় শহরে বেশ কয়েকজন আহত এবং কয়েকটি আবাসিক ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ সীমান্তঘেঁষা মিয়ানমারের রাখাইন রাজ্যে বিপুল সৈন্য পাঠিয়েছে দেশটির জান্তা সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বে প্রথমবার ম্যালেরিয়ার নিয়মিত টিকাদান কর্মসূচি শুরু করে ক্যামেরুন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নাহিদা আক্তার বাংলাদেশের প্রথম নারী ক্রিকেটার হিসাবে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) ২০২৩ সালের 'মাসসেরা' খেলোয়াড় নির্বাচিত। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৪ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলন কক্ষে পরিকল্পনা কমিশনের সভা অনুষ্ঠিত। সভায়

প্রধানমন্ত্রী চলমান উন্নয়ন প্রকল্পগুলো দ্রুত শেষ করতে এবং যথাযথ যাচাই-বাছাই করে নতুন পরিকল্পনা নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরীর নেতৃত্বে জাতীয় সংসদের নবনিযুক্ত হুইপরা সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বলিউডের অভিনেত্রী শর্মিলা ঠাকুরের নেতৃত্বে বাংলাদেশ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ প্রত্নতাত্ত্বিক নিদর্শনের মৌলিকত্ব অক্ষুণ্ন রেখে সংস্কারের পর হারানো রূপ ফিরে পেল প্রায় ৪০০ বছরের পুরোনো 'ঢাকা গেট'। ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার ঐতিহাসিক প্রাচীন স্থাপনাটি সংস্কারের পর ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস আনুষ্ঠানিকভাবে উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ের 'শরীফ থেকে শরীফা' শিরোনামে গল্পের বিষয়ে আরও গভীরভাবে পর্যালোচনা করে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে (এনসিটিবি) সহায়তা করার জন্য পাঁচ সদস্যের উচ্চপর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে এমপি নির্বাচনের জন্য নিজেদের অবস্থান জানাতে রাজনৈতিক দলগুলোর পাশাপাশি স্বতন্ত্র সংসদ সদস্যদেরও আলাদা চিঠি দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। চিঠিতে দল বা জোটের সমর্থনের বিষয়ে অবস্থান স্পষ্ট করতে ৩১ জানুয়ারি পর্যন্ত সময় দিয়েছে ইসি। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসাবে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৩ ঘোষণা করা হয়েছে। ১১টি ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্ত ১৬ জন হলেন: কবিতায় শামীম আজাদ, কথাসাহিত্যে নূরুদ্দিন জাহাঙ্গীর ও সালমা বাণী, প্রবন্ধ বা গবেষণায় জুলফিকার মতিন, অনুবাদে সালেহা চৌধুরী, নাটক ও নাট্যসাহিত্যে (যাত্রা/পালা

নাটক/সাহিত্যনির্ভর আর্টফিল্ম বা নান্দনিক চলচ্চিত্র) মৃত্তিকা চাকমা ও মাসুদ পথিক, শিশুসাহিত্যে তপংকর চক্রবর্তী এবং মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায় আফরোজা পারভীন ও আসাদুজ্জামান আসাদ। এছাড়াও বঙ্গবন্ধুবিষয়ক গবেষণায় সাইফুল্লাহ মাহমুদ দুলাল ও মো. মজিবুর রহমান, বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞানে ইনাম আল হক, আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনি/মুক্তগদ্যে ইসহাক খান এবং ফোকলোর যৌথভাবে তপন বাগচী ও সুমনকুমার দাশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ চলতি মৌসুমে সরকারি-বেসরকারিভাবে তৃতীয় দফায় হজের নিবন্ধনের সময় ২৫ জানুয়ারি থেকে ১ ফেব্রুয়ারি আরও আটদিন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে ডিমের দাম বাড়ানোর দায়ে ডায়মন্ড এগ ও সিপি বাংলাদেশকে সাড়ে তিন কোটি টাকা জরিমানা করেছে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (বিসিসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ কুমিল্লা, ময়মনসিংহ সিটি করপোরেশন-সহ ২৩৩টি স্থানীয় সরকার নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ৯ মার্চ। উভয় সিটিতে সব কেন্দ্রে ভোট হবে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) পদ্ধতিতে। আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এ কথা জানান নির্বাচন কমিশনার আনিছুর রহমান। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ আদালতের আদেশ অমান্য করায় অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. মুরশেদুল কবীর এবং ব্যাংকটির পাঁচ শীর্ষ কর্মকর্তাকে তিন মাসের দেওয়ানি বিনাশ্রমের কারাদণ্ড দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে তাদের সম্পত্তি ক্রোকের নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ লোহিতসাগরে বাণিজ্যিক জাহাজে হামলাকারী ইরান-সমর্থিত হুতি বিদ্রোহীদের লাগাম টেনে ধরতে তেহরানের প্রতি আহ্বান জানাতে চীনকে অনুরোধ করেছে যুক্তরাষ্ট্র। ফাইন্যান্সিয়াল টাইমসের প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ইউক্রেন সীমান্তের কাছে দক্ষিণ বেলগোরোদ অঞ্চলে আইএল-৭৬ মডেলের রাশিয়ার একটি সামরিক পরিবহণ উড়োজাহাজ বিধ্বস্ত হয়।

উড়োজাহাজটিতে থাকা ইউক্রেনের ৬৫ জন যুদ্ধবন্দি নিহত হয়েছেন। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বরাত দিয়ে বার্তা সংস্থা আরআইএ এই খবর দিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী বাছাইয়ে নিউ হ্যাম্পশায়ারের প্রাইমারির ভোটে জয় পেলেন দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউরোপজুড়ে ২০২৩ সালে হামে আক্রান্তের সংখ্যা আগের বছরের তুলনায় ৪৫ গুণ বেড়েছে বলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) সতর্কতা জারি করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বেতনভাতা বাড়ানোর দাবিতে ছয়দিনব্যাপী ধর্মঘটের ডাক দিয়েছে জার্মানির ট্রেনচালকদের ইউনিয়ন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রুশ সীমান্তবর্তী সুইডেনকে ন্যাটোর সদস্য করার বিষয়ে তুরস্কের পার্লামেন্টে বিল পাশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৫ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে চীনের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের ভাইস মিনিস্টার সান হাইয়ানের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৪ ফেব্রুয়ারি থেকে বেশির ভাগ প্রতিষ্ঠিত বৈদেশিক মুদ্রার মতো চীনা মুদ্রা ইউয়ানও দ্রুত এবং বড়ো লেনদেনের জন্য একটি বিশেষ অনলাইন প্ল্যাটফরমের মাধ্যমে আন্তঃব্যাংক পর্যায়ে লেনদেন করা যাবে বলে জানিয়েছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ ব্যাংক থেকে এ সংক্রান্ত সার্কুলার সব তপশিলি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তার কাছে পাঠানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় পার্টির চেয়ারম্যান ও মহাসচিবের স্বেচ্ছাচারিতার প্রতিবাদে একযোগে পদত্যাগ করেছেন দলটির ঢাকা মহানগর শাখার ১০ থানার ৬৭১ জন নেতাকর্মী। জাতীয় প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে এই গণপদত্যাগের তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দক্ষিণপূর্ব আফ্রিকার দেশ মালাবির নাগরিক নোমথেনডাজো তাওয়েরা সোকোকে ৮ কেজি ৩০০

গ্রাম কোকেন-সহ গ্রেফতার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- পেট্রোবাংলার আওতাধীন সব গ্যাস বিতরণ কোম্পানির আবাসিক প্রি-পেইড মিটারের মাসিক ভাড়া জানুয়ারি ২০২৪ থেকে ১০০ টাকা বাড়িয়ে ২০০ টাকা ধার্য করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ সফররত চীনা কমিউনিস্ট পার্টির আন্তর্জাতিক বিভাগের ভাইস মিনিস্টার মিজ সান হাইয়ানের সঙ্গে রাজধানীর হোটেল ওয়েস্টিনে বৈঠক করেছেন বাংলাদেশের বামপন্থি দলগুলোর শীর্ষ নেতারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার দক্ষিণাঞ্চলীয় শহর খান ইউনিসে বাস্তুচ্যুত ফিলিস্তিনিদের আশ্রয় দেওয়া জাতিসংঘের এক কম্পাউন্ডে ইসরায়েলি ট্যাংক হামলা চালায়। এ ঘটনায় ২০ ফিলিস্তিনির মৃত্যু হয়। জাতিসংঘ এক বিবৃতিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পশ্চিম আফ্রিকার দেশ মালিতে সোনার খনি ধসে ৭৩ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের প্রজাতন্ত্র দিবসের প্রধান অতিথি হিসাবে যোগ দিতে দুদিনের সফরে দেশটিতে পৌঁছান ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের আসাম রাজ্যের সীমানা পেরিয়ে পশ্চিমবঙ্গে পৌঁছাল ভারত জাতীয় কংগ্রেসের নেতা রাহুল গান্ধীর 'ভারত জোড়ো ন্যায়যাত্রা'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রিপাবলিকান পার্টিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থী নিকি হ্যালিকে যারা অর্থসহায়তা করবে, তাদের কালো তালিকাভুক্ত করার হুমকি দিয়েছেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এদিকে প্রেসিডেন্ট জো বাইডেনকে আগামী প্রেসিডেন্ট নির্বাচনে সমর্থন দেওয়ার ঘোষণা দিয়েছে দেশটির বৃহত্তর শ্রমিক ইউনিয়ন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাশিয়ার তৃতীয় বৃহত্তম তেল শোধনাগারে ড্রোন হামলা চালিয়েছে ইউক্রেন। আর ইউক্রেনীয় বন্দিদের জীবন নিয়ে রাশিয়া খেলছে বলে অভিযোগ করেন ইউক্রেন প্রেসিডেন্ট জেলেনস্কি। সূত্র: দৈনিক ইত্তেফাক

- জাপানের সুন্দরী প্রতিযোগিতায় 'মিস জাপান ২০২৪' বিজয়ী ক্যারোলিনা সিনো (২৬) ইউক্রেনে জন্ম হওয়ার বিষয়টি নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তাইওয়ানের নবনির্বাচিত প্রেসিডেন্ট উইলিয়াম লাই চিং-এর সঙ্গে সফররত মার্কিন প্রতিনিধিদের বৈঠক। বৈঠকে তিনি যুক্তরাষ্ট্রের দৃঢ় সমর্থন অব্যাহত রাখার আশাপ্রকাশ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৬ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবান ও কিরগিজস্তানের প্রেসিডেন্ট সাদির জাপারভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় পঞ্চগড় জেলার তেঁতুলিয়ায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে সিগারেটের প্যাকেটে করে পাচারের সময় ১৪টি সোনার বার উদ্ধার করেন জাতীয় গোয়েন্দা সংস্থা (এনএসআই) ও বিমানবন্দরের নিরাপত্তাকর্মীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রয়টার্স ও ইপসোস-এর জনমত জরিপ: বাইডেনের চেয়ে ছয় পয়েন্টে এগিয়ে আছেন ট্রাম্প। ওই জরিপে যুক্তরাষ্ট্রজুড়ে প্রায় ১,২৫০ ভোটার অংশ নেন। তাদের মধ্যে ৪০ শতাংশ ট্রাম্পকে এবং ৩৪ শতাংশ বাইডেনকে সমর্থন দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্র লোহিতসাগর ও এডেন উপসাগরে বাণিজ্যিক জাহাজ চলাচলের সুরক্ষায় ইয়েমেনের হুতি বিদ্রোহীদের কয়েকজন গুরুত্বপূর্ণ নেতার বিরুদ্ধে নতুন নিষেধাজ্ঞা দিয়ে যৌথ বিবৃতি দিয়েছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় সামরিক তৎপরতা বন্ধ করতে ইসরায়েলের প্রতি আহ্বান জানিয়ে রায় দিয়েছেন ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (আইসিজে)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতে সফররত ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ এক্স হ্যান্ডেলে লিখেছেন, দেশটির 'প্রজাতন্ত্র দিবস' উপলক্ষ্যে ২০৩০ সালের মধ্যে ৩০ হাজার ভারতীয় ছাত্র ফ্রান্সে পড়াশোনার সুযোগ পাবেন। ফ্রান্স এ লক্ষ্যপূরণে প্রতিশ্রুতিবদ্ধ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অস্ট্রেলিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ কুইন্সল্যান্ডের উপকূলীয় পর্যটন শহরের কাছে গ্রেট ব্যারিয়ার রিফে মৌসুমি ঘূর্ণিঝড় 'কিরিলি'র আঘাতের জেরে বিদ্যুৎহীন হয়ে পড়েছেন এলাকার হাজার হাজার মানুষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজি অ্যান্ড পলিসি (আইএসপি) মিয়ানমারের তথ্য: সামরিক বাহিনী বিদ্রোহী বাহিনীর কাছে ৪৩ শতাংশেরও বেশি জায়গা হারিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইরাকের পশ্চিমাঞ্চলে যুক্তরাষ্ট্রের আল-আনবারে আইন আল-আসাদ বিমানঘাঁটিতে ড্রোন ও পৃথক চারটি ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরাকের প্রতিরোধ গোষ্ঠী। প্রেসটিভির প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পশ্চিমা সামরিক জোট ন্যাটো সদস্যপদের আবেদনপত্রে স্বাক্ষর করেছেন তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েব এরদোগান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বেসরকারি আন্তর্জাতিক দাতব্য সংস্থা অ্যাকশনএইড জানিয়েছে, ফিলিস্তিনের গাজা উপত্যকার মানুষ খাবারের অভাবে পশুপাখির খাবার গুঁড়া করে তৈরি আটা খাচ্ছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৭ জানুয়ারি

- বাংলাদেশের সীমান্তবর্তী মিয়ানমারের রাখাইন রাজ্যের রোহিঙ্গা অধ্যুষিত এলাকায় তীব্র লড়াই চলছে। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ জানিয়েছেন, সীমান্তরক্ষীরা সতর্ক অবস্থানে আছেন। সরকার পরিস্থিতির দিকে নজর রাখছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ১ লাখ ডলার-সহ মো. রেজাউল করিম ও মো. জসীম উদ্দীন খান নামের বাংলাদেশি বংশোদ্ভূত দুই আমেরিকান নাগরিক গ্রেফতার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের ২২ জেলার ওপর দিয়ে শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে। ঢাকায় মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা ১৫ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস থেকে কমে হয়েছে ১৩ ডিগ্রি সেলসিয়াস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- লক্ষ্মীপুরে কুকুর ও বিড়ালের কামড়ে শতাধিক মানুষ আহত। ভ্যাকসিন নিতে হাসপাতালে ভিড়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজার রাফায় অবিলম্বে সামরিক অভিযান বন্ধ করতে ইসরায়েলকে নির্দেশ দেন আন্তর্জাতিক বিচার আদালত (আইসিজে)। এ নির্দেশ অমান্য করে কয়েক মিনিটের মধ্যেই রাফায় শাবউরা ক্যাম্পে দফায় দফায় বিমান হামলা চালায় ইসরায়েলি বাহিনী। এ ঘটনায় গাজার ১৭৫ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ধর্ষণ ও মানহানির এক মামলায় বাদী কলামিস্ট ই জেন ক্যারলকে ৮৩ দশমিক ৩ মিলিয়ন ডলার ক্ষতিপূরণ দিতে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নির্দেশ দিয়েছেন নিউইয়র্কের আদালত। এ অর্থের মধ্যে ৬৫ মিলিয়ন ডলার দিতে হবে শাস্তিমূলক ক্ষতিপূরণ হিসাবে আর বাকি ১৮ দশমিক ৩ মিলিয়ন ডলার সুনাম ক্ষুণ্নের ক্ষতিপূরণ বাবদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৪৯ বছর পর জাপানের পুলিশ সত্তরের দশকে কয়েকটি বোমা হামলায় অভিযুক্ত 'ইস্ট এশিয়া অ্যান্টি-জাপান আর্মড ফ্রন্ট' এর সদস্য সাতোশি কিরিশিমার সন্ধান পেয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে আসন্ন সাধারণ নির্বাচনের আগে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) দলের ওয়েবসাইট ইনসাফ ডট পাক ও ব্যাকআপ সাইট পিটিআই ক্যান্ডিডেট ডটকম বন্ধ করে দেওয়ার অভিযোগ করেছে পিটিআই। ফেডারেল কর্তৃপক্ষের কাছে ওয়েবসাইট বন্ধ করার কারণ জানতে চেয়েছে পিটিআই। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতীয় সশস্ত্র বাহিনী ও বন্ধুরাষ্ট্রগুলোর জন্য হেলিকপ্টার এবং সাবমেরিন-সহ বিভিন্ন সামরিক সরঞ্জাম যৌথভাবে উৎপাদনে ভারত ও ফ্রান্স একসঙ্গে কাজ করতে নয়াদিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সফররত ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাক্রোঁর চুক্তি স্বাক্ষর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার সামরিক বিমান বিধ্বস্তের ঘটনায় ইউক্রেনের ৭৭ সেনার মরদেহ ফেরত দিয়েছে রাশিয়া। ইউক্রেনীয় কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- গাজা উপত্যকায় খান ইউনিসে হামাস ও ইসরায়েলি বাহিনীর মধ্যে তুমুল লড়াইয়ে ১১ ফিলিস্তিনি যোদ্ধা নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারে দুই সপ্তাহ ধরে সংঘর্ষ চলমান থাকায় সরকারি সেনা সদস্যের পাশাপাশি বহু পুলিশ সদস্যও আরাকান আর্মিতে যোগ দিয়েছে। জান্তা সরকারের অভ্যন্তরীণ চেইন অব কমান্ড ভেঙে পড়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলি সেনাবাহিনীর আক্রমণ অব্যাহত। ১৭৪ জন ফিলিস্তিনি নিহত। আহত তিন শতাধিক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তাইওয়ানের আশপাশে চীনের ৩৩টি সামরিক বিমান দেখা গেছে দাবি করেছে তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে প্রথমবারের মতো হোলম্যান কারাগারে নাইট্রোজেন হাইপোক্সিয়া ব্যবহার করে কেনেথ স্মিথ নামের খুনের আসামির মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৮ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে স্বতন্ত্র সংসদ সদস্যদের সঙ্গে বৈঠকে করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে যুক্তরাজ্যের বাংলাদেশবিষয়ক সর্বদলীয় সংসদীয় দলের (এপিপিজি) ভাইস চেয়ার ও ইন্দো-ব্রিটিশবিষয়ক এপিপিজির চেয়ার বীরেন্দ্র শর্মা এমপির নেতৃত্বে যুক্তরাজ্যের ক্রস পার্টি পার্লামেন্টারি প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রংপুর-৩ আসন থেকে নির্বাচিত জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদেরকে দ্বাদশ জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা এবং চট্টগ্রাম-৫ আসন থেকে নির্বাচিত পার্টির কো-চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদকে বিরোধীদলীয় উপনেতা হিসাবে স্বীকৃতি দিয়ে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর আদেশক্রমে প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় পার্টির (জাপা) প্রধান পৃষ্ঠপোষক রওশন এরশাদ রাজধানীর গুলশানের বাসায় জিএম কাদেরবিরোধী নেতাকর্মীদের নিয়ে সভায় দলের গঠনতন্ত্রের ২০/১ ধারার ক্ষমতাবলে দলের বর্তমান চেয়ারম্যান

জিএম কাদের ও মহাসচিব মজিবুল হক চুন্নুকে বহিষ্কার করেন। এ সময় রওশন এরশাদ নিজেকে জাপার চেয়ারম্যান ও কাজী মামুনুর রশিদকে মহাসচিব ঘোষণা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত চিকিৎসক পদে পুনরায় ডা. এবিএম আব্দুল্লাহকে নিয়োগ দেওয়া হয়। একই সঙ্গে হাসান জাহিদ তুষারকে আবারও চুক্তিভিত্তিক উপপ্রেস সচিব নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রম আইন লঙ্ঘনের মামলায় আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ড. মুহাম্মদ ইউনূস-সহ চার আসামির জামিন মঞ্জুর করেছেন শ্রম আপিল ট্রাইব্যুনাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা দেশের পঞ্চগড়েরর তেঁতুলিয়ায় ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সিলেট গ্যাস ফিল্ডের হবিগঞ্জের রশিদপুরের ২ নম্বর কূপে গ্যাসের নতুন স্তরের সন্ধান লাভ। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলতি বছর এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে ১৫ ফেব্রুয়ারি। ১৩ ফেব্রুয়ারি থেকে ১২ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে কোচিং সেন্টার। শিক্ষা মন্ত্রণালয়ের জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটির সভায় সিদ্ধান্ত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলতি বছরের সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান পাঠ্যবইয়ে 'গল্প শরীফ থেকে শরীফা গল্প' নামের রচনা নিয়ে নেতিবাচক বক্তব্য দেওয়ায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের খণ্ডকালীন শিক্ষক আসিফ মাহতাব 'রাষ্ট্রদ্রোহিতামূলক' আচরণ করেছেন। জাতীয় প্রেস ক্লাবে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সংবাদ সম্মেলনে বক্তাদের অভিযোগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সম্প্রতি বাংলাদেশের অনুরোধের পরিপ্রেক্ষিতে সরাসরি হজযাত্রী পাঠাতে কোটা ৫০০ থেকে কমিয়ে ২৫০ জন করার সিদ্ধান্ত নিয়েছে সৌদি আরব। অর্থাৎ এজেন্সিগুলোর ২৫০ জন হজযাত্রী থাকলেই তাদের সরাসরি হজে পাঠাতে পারবে। হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব

বাংলাদেশ (হাব) এবং এজেন্সিগুলোকে এ তথ্য জানিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- নিউজপেপার্স ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (নোয়াব) বার্ষিক সাধারণ সভায় ২০২৪ ও ২০২৫ সালের জন্য দুই বছর মেয়াদি নোয়াবের নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। সমকালের প্রকাশনা প্রতিষ্ঠান টাইমস মিডিয়া লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদ নতুন কমিটিতে টানা তৃতীয় মেয়াদে নোয়াবের সভাপতি নির্বাচিত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- এক দশক আগে ২০১৪ সালে পাওয়া বাংলা একাডেমি 'সাহিত্য পুরস্কার' ফিরিয়ে দিয়েছেন কথাসাহিত্যিক জাকির তালুকদার। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক পোস্টে এ তথ্য জানান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্যদের সম্পাদিত লোকসাহিত্যবিষয়ক বই থেকে হুবহু লেখা চুরি করে নিজের নামে প্রকাশ করার অভিযোগ তুলে তপন বাগচীর বাংলা একাডেমি পুরস্কার বাতিলের দাবিতে বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশন (ক্র্যাব) মিলনায়তনে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী দুই লেখক ও সংগ্রাহক ইকবাল জাফর ও মহসীন দেওয়ান লিটন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজা উপত্যকায় হামাসের টানেল এখনো ৮০ শতাংশই অক্ষত রয়েছে। ইসরায়েল সৈন্যরা এসব স্থাপনার ধারেকাছেও ঘেঁষতে পারছে না। মার্কিন সংবাদমাধ্যম ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সবচেয়ে মর্যাদাপূর্ণ দুই মসজিদ মক্কার মসজিদুল হারাম এবং মদিনার মসজিদে নববিতে মুসলিমদের বিয়ে পড়ানোর অনুমোদন দিয়েছে সৌদি সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরাক থেকে বিদেশি সেনা সরিয়ে নিতে বাগদাদ-ওয়াশিংটনের মধ্যে প্রথমবার আলোচনা শুরু করেছেন দেশটির প্রধানমন্ত্রী মোহামেদ শিয়া আল-সুদানি। আলোচনায় ইরাকি প্রধানমন্ত্রী ছাড়াও দুই দেশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যের মায়ামি বন্দর থেকে সূর্যাস্তের আগে যাত্রা শুরু করেছে বিশ্বের সবচেয়ে বড়ো প্রমোদতরি 'আইকন অব দ্য সিজ'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আরাকান আর্মির (এএ) হামলায় বাংলাদেশ সীমান্তবর্তী রাখাইন রাজ্যের মাইবন অঞ্চলের গুরুত্বপূর্ণ ঘাঁটি ছেড়ে পালিয়েছেন মিয়ানমারের সেনারা। রাখাইনের স্থানীয় সংবাদমাধ্যম নারিনজারা নিউজের প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন নভেম্বরে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন উপলক্ষ্যে সাউথ ক্যারোলিনায় ডেমোক্র্যাটদের সমর্থন জোরদারের অংশ হিসাবে অঙ্গরাজ্যে সফর করেন। বাইডেন সেখানে নৈশভোজে অংশ নেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অবরুদ্ধ গাজায় ইসরায়েলি বাহিনীর আক্রমণে ২৪ ঘণ্টায় কমপক্ষে ১৬৫ ফিলিস্তিনি নিহত ও ২৯০ জন আহত। বহু মানুষ ধ্বংসস্তূপের নিচে আটকা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের বিহারের মুখ্যমন্ত্রী হিসাবে অষ্টমবার শপথ নিয়েছেন নিতীশ কুমার। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৯ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে মন্ত্রিপরিষদের সভা অনুষ্ঠিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যায় ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি নূর চৌধুরীকে কানাডা থেকে ফিরিয়ে আনার আবেদন করেছে সরকার। পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশে নিযুক্ত কানাডার হাইকমিশনার লিলি নিকোলাস এবং ডেনমার্কের রাষ্ট্রদূত ক্রিশ্চিয়ান ব্রিকস মোলারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের ২৫ কোটি ২২ লাখ টাকা আত্মসাৎ এবং পাচারের অভিযোগে সংস্থার চেয়ারম্যান নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস-সহ ১৪ জনের বিরুদ্ধে চার্জশিট অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- শান্তিতে নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের মামলায় 'ধারাবাহিক বিচার বিভাগীয় হয়রানি এবং কারাদণ্ড' নিয়ে উদ্‌বেগ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে খোলা চিঠি পাঠিয়েছেন ১২৫ জন নোবেল বিজয়ী-সহ ২৪২ জন বৈশ্বিক নেতা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় পার্টির নেতৃত্বে পরিবর্তন আনা হয়েছে জানিয়ে নির্বাচন কমিশনে চিঠি দিয়েছেন রওশন এরশাদপন্থিরা। এ চিঠি দেন রওশন এরশাদের ঘোষিত কমিটির মহাসচিব কাজী মামুনুর রশীদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনস্টিক সেন্টার যাতে গর্ভের সন্তানের লিঙ্গপরিচয় প্রকাশ না করে, এ বিষয়ে নীতিমালা চূড়ান্ত করে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়। নীতিমালাটি অ্যাফিডেভিট আকারে বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের হাইকোর্ট বেঞ্চে দাখিল করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সুন্নতে খতনা করাতে গিয়ে রাজধানীর বাড্ডার ইউনাইটেড মেডিক্যাল কলেজ হাসপাতালে শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনায় স্বাস্থ্য অধিদপ্তরের তদন্ত কমিটির রিপোর্ট 'আইওয়াশ ও হাস্যকর' বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাঠ্যবই ছিঁড়ে ফেলা খণ্ডকালীন শিক্ষক আসিফ মাহতাবের সঙ্গে চুক্তি নবায়ন করা হবে না বলে জানিয়েছে ব্র্যাক ইউনিভার্সিটি। ব্র্যাক ইউনিভার্সিটির অফিস অব কমিউনিকেশনস থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তির তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার দক্ষিণাঞ্চলে খান ইউনিসে হামাসের সঙ্গে ইসরায়েলের তুমুল লড়াই। ইসরায়েলি হামলায় ২৪ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০২৩ সালের (অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর) তিন মাসে যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য থেকে মুসলিম ও ইসলামবিদ্বেষী ঘটনা ও অপরাধসংক্রান্ত ৩ হাজার ৫৭৮টি অভিযোগ। মার্কিন মুসলিমদের বৃহত্তম সংস্থা দ্য কাউন্সিল অন আমেরিকান-ইসলামিক রিলেশন্সের (কেয়ার) বিবৃতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ায় ১৫ থেকে ১৭ মার্চে অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচনে প্রার্থী হিসাবে আনুষ্ঠানিকভাবে নিবন্ধন করেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ইসরায়েল-হামাস যুদ্ধ শুরুর পর জর্ডানের একটি ঘাঁটিতে ড্রোন হামলায় তিন মার্কিন সেনা নিহত। হামলার জন্য ইরান-সমর্থিত জঙ্গিদের দোষারোপ করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন এবং এর প্রতিশোধ নেওয়ার হুমকি দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মালদ্বীপ থেকে ভারতীয় সৈন্যদের তাড়ানোর হুমকি দিয়ে তোপের মুখে পড়া প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জুর বিরুদ্ধে অভিশংসনের প্রক্রিয়া শুরু করতে চলেছে প্রধান বিরোধী দল মালদ্বীপিয়ান ডেমোক্রেটিক পার্টি (এমডিপি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের হয়ে ইরানের মধ্যাঞ্চলীয় প্রদেশ ইস্পাহানের প্রতিরক্ষা সাইটে নাশকতার পরিকল্পনায় সহযোগিতার অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় চারজনের মৃত্যুদণ্ড কার্যকর করে ইরানের বিচার বিভাগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- এডেন উপসাগরে যুক্তরাষ্ট্রের রণতরি ইউএসএস লুইস বি পুলারে ক্ষেপণাস্ত্র হামলা চালানোর দাবি করেছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। হুতি বিদ্রোহীদের সামরিক শাখার মুখপাত্র ইয়াহিয়া সারিয়া বিবৃতিতে এ তথ্য জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে বৈঠক করেন ইরান ও পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩০ জানুয়ারি

- দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় টানা চতুর্থবার জাতীয় সংসদের স্পিকার পুনর্নির্বাচিত হয়েছেন ড. শিরীন শারমিন চৌধুরী। আর দ্বিতীয়বার ডেপুটি স্পিকার নির্বাচিত অ্যাডভোকেট শামসুল হক টুকু। তাঁদের শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রম আইন লঙ্ঘনের মামলায় দণ্ডপ্রাপ্ত নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে আনা অভিযোগকে মার্কিন সংবাদমাধ্যম সিএনএনকে দেওয়া সাক্ষাৎকারে তার মেয়ে মনিকা ইউনূস সম্পূর্ণ ভিত্তিহীন বলে অভিহিত করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- পরিকল্পনামন্ত্রী মেজর জেনারেল (অব.) আব্দুস সালামের সঙ্গে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোনো ধরনের নীতিমালা প্রণয়ন করা ছাড়া বাংলাদেশের ফৌজদারি আইনে মৃত্যুদণ্ডের শাস্তির বিধান কেন অবৈধ হবে না, তা জানতে চেয়ে রুল জারি হাইকোর্টের। রুলে আসামিদের মৃত্যুদণ্ডের সাজা দেওয়ার ক্ষেত্রে কেন নীতিমালা তৈরি করা হবে না, তাও জানতে চাওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারে বিদ্রোহীদের হামলায় রাজ্যের থিনগান নাইনাং শহরে জান্তা বাহিনীর হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে ব্রিগেডিয়ার জেনারেল আয়ে মিন নাউং-সহ নিরাপত্তা বাহিনীর ৫ সদস্য নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী ডেভিড ক্যামেরন দেশটির মন্ত্রিসভায় বলেন, যুক্তরাজ্য ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসাবে স্বীকৃতি দেওয়ার জন্য প্রস্তুত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের সামরিক সহায়তা ইস্যুতে আলোচনা করতে ব্রাসেলসে শীর্ষ সম্মেলন করতে যাচ্ছেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নেতারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের ২১টি ড্রোন ধ্বংস করার দাবি রাশিয়ার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জর্ডানে ইরান সমর্থিত মিলিশিয়া গোষ্ঠীর হামলায় তিন মার্কিনসেনা নিহত হওয়ার জেরে যুক্তরাষ্ট্র ইরানের সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়তে চায় না বাইডেনের প্রশাসন। দেশটির প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের তেহরিক-ই-ইনসাফ নেতা ও সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে ১০ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সুদান ও দক্ষিণ সুদানের মধ্যে হামলা ও সহিংসতায় উভয় দেশের বিতর্কিত আবেই অঞ্চলে নারী, শিশু-সহ ৫২ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সোমালিয়ার পূর্ব উপকূলে অপহৃত মাছ ধরা ট্রলারের ১৯ পাকিস্তানি নাবিককে জলদস্যুদের কবল থেকে উদ্ধার করেছে ভারতীয় নৌবাহিনীর যুদ্ধজাহাজ আইএনএস সুমিত্রা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- মিয়ানমারের রাখাইন রাজ্যের মিনবিয়া শহরের সেনাবাহিনীর ৩৮০ লাইট ইনফ্যানট্রি ব্যাটালিয়নের সেনা সদর দপ্তর দখল করে নিয়েছে বিদ্রোহী আরাকান আর্মি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্যক্তিগত কাজে দিল্লি থেকে রাঁচির উদ্দেশে রওয়ানা হওয়ার পর থেকে ভারতের ঝাড়খণ্ড রাজ্যের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- উত্তর কোরিয়া তাদের পশ্চিম উপকূলের সমুদ্রে এক সপ্তাহেরও কম সময়ের মধ্যে তৃতীয়বার একাধিক ক্রুজ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। দক্ষিণ কোরিয়ার সামরিক বাহিনীর অভিযোগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘের ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) প্রতিবেদন: ভূমধ্যসাগরে চলতি জানুয়ারিতেই ইউরোপে পাড়ি দেওয়ার সময় মধ্য ও পূর্ব ভূমধ্যসাগরে ডুবে নিহত বা নিখোঁজ হয়েছেন প্রায় ১০০ অভিবাসনপ্রত্যাশী। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩১ জানুয়ারি

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে ঢাকায় নবনিযুক্ত সাতটি দেশের অনাবাসিক রাষ্ট্রদূত ও হাইকমিশনাররা পরিচয়পত্র পেশ করেন। নতুন হাইকমিশনার ও রাষ্ট্রদূতরা হলেন: বোতসোয়ানার হাইকমিশনার গিলবার্ট শিম্যান ম্যাগল, কম্বোডিয়ার রাষ্ট্রদূত কৈ কুয়াং, চেক প্রজাতন্ত্রের রাষ্ট্রদূত ড. ইলিস্কা জিগোভা, গাম্বিয়ার হাইকমিশনার মুস্তাফা জাওয়ারা, হাঙ্গেরির রাষ্ট্রদূত ইস্তভান সাবো, জ্যামাইকার হাইকমিশনার জেসন কে হল এবং লুক্সেমবার্গের পেগি ফ্রান্টজেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করে সৌদি আরবের শুরা কাউন্সিলের সভাপতি শেখ ড. আবদুল্লাহ বিন মুহাম্মদ বিন ইব্রাহিম আল শেখের নেতৃত্বে প্রতিনিধিদল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাক্ষরিত সংরক্ষিত নারী আসন বণ্টনের বিষয়ে ক্ষমতাসীন আওয়ামী লীগ তাদের ১৪ দলীয় শরিক ও স্বতন্ত্র এমপিদের সমর্থনসংক্রান্ত চিঠি নির্বাচন কমিশনের (ইসি) সচিবের কাছে জমা দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের অর্থ আত্মসাতের অভিযোগে করা মামলায় প্রতিষ্ঠানটির চেয়ারম্যান নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস-সহ ১৪ জনের বিরুদ্ধে অভিযোগপত্র জমা দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। একই সঙ্গে এ মামলায় ড. মুহাম্মদ ইউনূস-সহ জামিনে না থাকাদের বিরুদ্ধে আদালতে গ্রেফতারি পরোয়ানা জারির আবেদন করেছে দুদক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির ২০২৪-২৫ সেশনের নতুন নির্বাচনে সভাপতি নির্বাচিত হয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার ও সাবেক ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। সাধারণ সম্পাদক হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের গাজায় দখলদার ইসরায়েল বাহিনীর স্থল অভিযানে অংশ নেওয়া মেজর-সহ তিন সেনাসদস্য নিহত ও পাঁচজন আহত। ইসরায়েল সেনাবাহিনীর তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের যেকোনো ধরনের হামলার কড়া জবাব দেওয়ার ঘোষণা দিয়েছেন ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) প্রধান হোসেইন সালামি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের সেনাবাহিনীর শীর্ষ জেনারেল ও কমান্ডার-ইন-চিফ ভ্যালেরি জালুঝনিকে পদত্যাগ করার আহ্বান জানান দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। জেলেনস্কির এ আহ্বান প্রত্যাখ্যান করেছেন সেনাপ্রধান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মালয়েশিয়ার ১৭তম রাজা হিসাবে শপথ নিয়েছেন ধনকুবের সুলতান ইব্রাহিম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তোশাখানা দুর্নীতির মামলায় পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ পার্টির (পিটিআই) চেয়ারম্যান ও সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও স্ত্রী বুশরা বিবিকে ১৪ বছর করে কারাদণ্ড দিয়েছেন দেশটির একটি আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক

ফেব্রুয়ারি

১ ফেব্রুয়ারি

- বাংলা একাডেমি প্রাঙ্গণে অমর একুশে বইমেলার উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক হিসাবে দায়িত্ব পেলেন আন্তর্জাতিক অটিজম বিশেষজ্ঞ ও প্রধানমন্ত্রীর কন্যা সায়মা ওয়াজেদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অর্থ আত্মসাতের মামলায় ড. মুহাম্মদ ইউনূস-সহ ১৪ জনের বিরুদ্ধে আদালতে দুর্নীতি দমন কমিশনের অভিযোগপত্র দাখিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চতুর্থ দফায় হজ নিবন্ধনের কোটা বাড়াল ধর্ম মন্ত্রণালয়। নতুন সময় অনুযায়ী ৬ ফেব্রুয়ারি পর্যন্ত হজ নিবন্ধন করা যাবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভাষার মাসের প্রথম দিনে ভাষাশহিদদের প্রতি সম্মান জানিয়ে বাংলা ভাষায় রায় দিলেন হাইকোর্টের পৃথক দুটি বেঞ্চ। বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ বাংলায় আদেশ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে অপরাজেয় বাংলার পাদদেশ ভাষা পদযাত্রা অনুষ্ঠিত। বেলুন উড়িয়ে এই ভাষা পদযাত্রার উদ্‌বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় প্রেস ক্লাবে ডিক্যাব টক অনুষ্ঠানে বক্তব্য দেন বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- 'যুদ্ধ গণহত্যা সহে না কবিতা' প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার প্রাঙ্গণে দুইদিনব্যাপী ৩৬তম জাতীয় কবিতা উৎসব শুরু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সামাজিক যোগাযোগমাধ্যমের কারণে সন্তানরা ক্ষতিগ্রস্ত হয়েছে–এমন অভিযোগ তোলা পরিবারগুলোর কাছে ক্ষমা চাইলেন মেটার প্রধান

নির্বাহী কর্মকর্তা (সিইও) মার্ক জাকারবার্গ। যুক্তরাষ্ট্রের সেনেটের এক উত্তপ্ত জেরায় অংশ নিয়ে ক্ষমা চান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

- তোশাখানা দুর্নীতির মামলায় পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের স্ত্রী বুশরা বিবিকে নিজ বাসাতেই ১৪ বছরের কারাদণ্ড ভোগ করার রায় ঘোষণা করেন দেশটির একটি আদালত। রায় ঘোষণার পরই বুশরা বিবিকে গ্রেফতার করা হয় এবং পরে তাকে ইমরানের বাসভবন বানি গালায় স্থানান্তর করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের উত্তরপ্রদেশের বারানসিতে অবস্থিত ঐতিহাসিক জ্ঞানবাপী মসজিদের ভূগর্ভস্থ একটি কক্ষে হিন্দু ধর্মাবলম্বীদের পূজা শুরু। স্থানীয় আদালতের নির্দেশে পূজা করার জন্য বারানসির এই মসজিদের প্রাঙ্গণটি খুলে দেওয়ার পর এক হিন্দু পুরোহিতের পরিবারের সদস্যরা সেখানে পূজা শুরু করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ইসরায়েলি হামলায় ২৪ হাজারের বেশি শিশু তাদের মা-বাবার একজন বা দুজনকে হারিয়েছে। ইউরো-মেডিটারেনিয়ান হিউম্যান রাইটস মনিটরের প্রতিবেদনের তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দীর্ঘ টানাপোড়েনের পর বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়ের করা জমিসংক্রান্ত মামলায় জয় পেলেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে পৃথক বার্তায় অভিনন্দন জানান স্পেনের প্রেসিডেন্ট পেদ্রো সানচেজ, গাম্বিয়ার প্রেসিডেন্ট অ্যাডামা ব্যারো, ফিলিপিন্সের প্রেসিডেন্ট ফার্দিনান্দ আর মার্কোস আইআর ও ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) মহাসচিব ডোরেন বোগদান-মার্টিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানান ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) মহাসচিব ডোরেন বোগদান-মার্টিন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- মুক্তিযুদ্ধ জাদুঘরের শিক্ষা কর্মসূচির অধীনে 'মুক্তির উৎসব ২০২৪' উদ্‌যাপন হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আলুর দাম স্বাভাবিক রাখতে ভারত থেকে ৩২ হাজার মেট্রিক টন আলু আমদানির অনুমতি পেলেন ৫০ জন আমদানিকারক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশব্যাপী নিরাপদ খাদ্য দিবস পালিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নাইজেরিয়ায় প্রাসাদে ঢুকে রাজাকে গুলি করে হত্যা, রানিকে অপহরণ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় একটি বেলজিয়ান উন্নয়ন সংস্থার কার্যালয়ে ইসরায়েলি বাহিনীর হামলা, ইসরায়েলের রাষ্ট্রদূতকে তলব বেলজিয়ামের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের কাছে প্রায় ৪০০ কোটি ডলারের সশস্ত্র ড্রোন বিক্রির অনুমোদন যুক্তরাষ্ট্রের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনিদের ওপর হামলাকারী চার ইসরায়েলির বিরুদ্ধে মার্কিন নিষেধাজ্ঞা জারি করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অনূর্ধ্ব-১৯ নারী সাফ চ্যাম্পিয়নশিপে নেপালের বিপক্ষে সাগরিকার জোড়া গোলে ৩-১ গোলে জয়ী বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার সর্বশেষ 'নিরাপদ অঞ্চল' রাফাতেও হামলা চালানোর ঘোষণা দিলেন দখলদার ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইয়োয়াভ গ্যালান্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দিয়ে ই-মেইল পাঠানোর অভিযোগে সৌদি আরব থেকে দুজনকে গ্রেফতার করে ডিএমপির কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শরিয়াহ আইন লঙ্ঘন করে বিয়ে করার দায়ে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও স্ত্রী বুশরা বিবিকে ৭ বছরের কারাদণ্ডের রায় ঘোষণা। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ইরাক ও সিরিয়ায় মার্কিন বিমান হামলায় ৩৪ জন নিহত। তাদের মধ্যে ইরাকে ১৬ জন এবং সিরিয়ায় নিহত১৮ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা ২৭ হাজার ছাড়াল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একের পর এক ইহুদি ও শ্বেতাঙ্গবিদ্বেষী পোস্ট দেওয়ার অভিযোগে ডোন কুয়েভা নামে এক সাংবাদিককে চাকরিচ্যুত করল বিবিসি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জার্মানিতে অফিসের কাজ সপ্তাহে চারদিন এবং তিনদিন সাপ্তাহিক ছুটি পরীক্ষামূলকভাবে চালু। ১ ফেব্রুয়ারি থেকে দেশটির ৪৫টি প্রতিষ্ঠান চারদিনের অফিস সময় চালু করেছে। এ প্রকল্পের মূল কথা হলো: কম কাজ, একই বেতন এবং আরও বেশি উৎপাদন ও আনন্দ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৪ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দিয়ে ই-মেইল করার অভিযোগে সৌদি যুবদলের সভাপতি কবির হোসেন ও সহযোগী হুমকিদাতা দীন ইসলাম গ্রেফতার এবং আবারও চারদিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। ডিএমপি মিডিয়া সেন্টারে এসব তথ্য জানান সিটিটিসিপ্রধান ও ডিএমপির অতিরিক্ত কমিশনার মো. আসাদুজ্জামান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে একসঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের দ্বিতীয় বৈঠকে ১২টি সংসদীয় স্থায়ী কমিটি গঠন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হলো এবারের বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের অভিযোগে ছাত্রলীগ নেতা-সহ চারজন গ্রেফতার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভোক্তা পর্যায়ে আবারও দাম বাড়ল এলপি গ্যাসের। ১২ কেজি সিলিন্ডারের দাম ১ হাজার ৪৩৩ থেকে বাড়িয়ে ১ হাজার ৪৭৪ টাকা নির্ধারণ করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বৈদ্যুতিক সিগন্যাল পদ্ধতির ত্রুটির কারণে উত্তরা-মতিঝিল রুটে প্রায় দুই ঘণ্টা বন্ধ ছিল মেট্রোরেল চলাচল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস আদালতের অনুমতি ছাড়া যেন বিদেশে যেতে না পারেন, এ বিষয়ে হাইকোর্টে আবেদন করে কলকারখানা প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আবারও নতুন করে ইয়েমেনের অন্তত ৩৬টি লক্ষ্যবস্তুতে যৌথ হামলা চালায় যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। ইয়েমেনের হামলার কঠোর প্রতিশোধ নেওয়ার হুঁশিয়ারি দেয় দেশটির ইরানপন্থি বিদ্রোহীগোষ্ঠী হুতি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ক্যানসার আক্রান্ত নামিবিয়ার প্রেসিডেন্ট হাইগে গাংগবের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চিলিতে ভয়াবহ দাবানলে ৫১ জনের প্রাণহানি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপে ভারতের বিপক্ষে ১-০ গোলে জয়ী বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৫ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে নতুন সরকারের প্রথম সচিব সভা অনুষ্ঠিত। সভায় প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সভাপতিত্ব করেন মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানান দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট মাতামেলা সিরিল রামাফোসা এবং জর্জিয়ার প্রধানমন্ত্রী ইরাকলি গারিবাশভিলি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- মিয়ানমার ইস্যুতে বাংলাদেশের সশস্ত্র বাহিনী ও বিজিবিকে (বর্ডার গার্ড বাংলাদেশ) ধৈর্য ধরার নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শিক্ষকসংকট মেটাতে দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় বছরে অন্তত চারবার শিক্ষক নিয়োগের নির্দেশ দিলেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শ্রম আইন লঙ্ঘন মামলায় নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস এবং গ্রামীণ টেলিকমের তিন শীর্ষ কর্মকর্তা বিদেশ ভ্রমণে গেলে আদালতের অনুমতি নিয়ে যেতে হবে বলে আদেশ দেন হাইকোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ঘটে যাওয়া অতীত-বর্তমানের সব নিপীড়ন-নির্যাতনের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের সমন্বয়ে 'নিপীড়নবিরোধী মঞ্চ' গঠন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ও তুমব্রু সীমান্তে মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেলের আঘাতে এক বাংলাদেশি নারী-সহ দুইজন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঐতিহ্যবাহী টাঙ্গাইল শাড়িকে ভারত নিজেদের দাবি করে ফেসবুকে পোস্ট দেওয়ায় ক্ষুব্ধ টাঙ্গাইলবাসী। ভারতের এ দাবিকে নাকচ করে দ্রুত টাঙ্গাইল শাড়িকে বাংলাদেশের পণ্য হিসাবে জিআই স্বীকৃতি আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সরকারের প্রতি আহ্বান জানান জেলার কারিকর, ব্যবসায়ী ও সুধীজন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নোয়াখালীর সুবর্ণচরে আলোচিত ধর্ষণ মামলায় ১০ জনের মৃত্যুদণ্ডের রায় ঘোষণা। নোয়াখালী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২-এর বিচারক (জেলা জজ) ফাতেমা ফেরদৌস এ রায় ঘোষণা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্রিটেনের রাজা তৃতীয় চার্লস ক্যানসারে আক্রান্ত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লস অ্যাঞ্জেলেসের ক্রিপ্টো ডটকম অ্যারেনায় অনুষ্ঠিত '৬৬তম গ্র্যামি অ্যাওয়ার্ড' পেলেন ভারতের তিন সংগীতশিল্পী। তাদের মধ্যে তবলাবাদক ওস্তাদ জাকির হোসেন তিনটি ভিন্ন বিভাগে সেরা হয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বিনা অনুমতিতে সমুদ্রসীমায় ঢুকে মৎস্য শিকারের অভিযোগে ২৩ ভারতীয় জেলেকে গ্রেফতার করল শ্রীলঙ্কা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মালদ্বীপের সার্বভৌমত্বের ওপর কোনো দেশের হস্তক্ষেপ মেনে নেওয়া হবে না বলে হুঁশিয়ার করেন দেশটির প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৬ ফেব্রুয়ারি

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দ্বাদশ সংসদ নির্বাচনে পুনরায় নির্বাচিত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) মহাপরিচালক ড. চু ডংইউ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সেবাগুলোর তথ্য প্রদানের পাশাপাশি পরিবেশসংক্রান্ত যেকোনো অভিযোগ জানানোর জন্য জাতীয় তথ্য ও সেবা হেল্পলাইন নম্বর '৩৩৩-৪'-এর উদ্‌বোধন করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের জন্য আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফর্ম বিক্রি শুরু। প্রথম দিন ৮১০টি মনোনয়ন ফর্ম বিক্রি থেকে প্রাপ্তি ৪ কোটি ৫ লাখ টাকা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ধর্ষণের ঘটনায় হতবাক ও ক্ষুব্ধ হয়ে এর সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন দেশের ১৮ বিশিষ্ট নাগরিক। এক যৌথ বিবৃতিতে তারা এ ক্ষোভ ও প্রতিবাদ জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের তপশিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)। ৪ মে থেকে চার ধাপে নির্বাচন। প্রথম ধাপের ভোট ৪ মে, দ্বিতীয় ধাপের ভোট ১১ মে, তৃতীয় ধাপের ভোট ১৮ মে এবং চতুর্থ ধাপের ভোট ২৫ মে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের রাখাইন রাজ্যে তীব্র লড়াইয়ের মধ্যে সামরিক জান্তার আরও দুটি ঘাঁটি দখল করল সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্ত এলাকায় নিরাপত্তাব্যবস্থা স্বাভাবিক রাখতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সঙ্গে সমন্বয় করে পুলিশ সদস্যরা কাজ করছেন বলে জানান পুলিশের মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমার থেকে আসা মর্টারশেলের আঘাতে বাংলাদেশে দুজন নিহতের ঘটনায় ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত অং কিউ মোয়েকে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় তলব করে কড়া প্রতিবাদ জানায় পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার রাফাহ এলাকায় ইসরায়েলের হামলায় ১০৭ ফিলিস্তিন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিন নিয়ে বিতর্কিত ও বেফাঁস মন্তব্য করে পদ হারালেন কানাডার শিক্ষামন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপে ভুটানকে ৪-০ গোলে হারিয়ে ফাইনালে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৭ ফেব্রুয়ারি

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে প্রশ্নোত্তর-পর্বে বক্তব্য দেন সংসদনেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের উত্তরণে সহায়তা করার প্রতিশ্রুতি ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চতুর্থ দফা সময় বাড়িয়েও পূরণ হয়নি হজের নির্ধারিত কোটা। ফলে সৌদি আরবের দেওয়া ৪৪ হাজারের বেশি কোটা খালি রেখেই শেষ হলো হজ নিবন্ধন কার্যক্রম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্য হিসাবে টাঙ্গাইল শাড়িকে স্বীকৃতি দিল শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)। এ বিষয়ে গেজেট প্রকাশ করা হবে বলে জানান শিল্প সচিব জাকিয়া সুলতানা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- অভিনেতা আহমেদ রুবেলের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের রাখাইন রাজ্যে বাংলাদেশ লাগোয়া সীমান্ত এলাকায় আরও পাঁচটি ঘাঁটি দখলে নিল বিদ্রোহী আরাকান আর্মি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় তিন ধাপে ১৩৫ দিনের যুদ্ধবিরতির প্রস্তাব পেশ। এতে বলা হয়, হামাসের হাতে জিম্মি সব ইসরায়েলিকে ছেড়ে দেওয়া হবে। বিনিময়ে অবরুদ্ধ উপত্যকা থেকে ইসরায়েলকে সৈন্য ফিরিয়ে নিতে হবে এবং বন্দি ফিলিস্তিনি নারী-শিশুদের মুক্তি দিতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের একাধিক শহরে রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিপিন্সে ভূমিধসে পাঁচজন নিহত, নিখোঁজ ২৭ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাপানের সেরা সুন্দরীর মুকুট ফিরিয়ে দিলেন ২০২৪ সালের 'মিস জাপান' খেতাবজয়ী ক্যারোলিনা শিনো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েলে সহায়তা বিল বাতিল করে দিল মার্কিন প্রতিনিধি পরিষদ। বিলটিতে ইসরায়েলের জন্য ১৭.৬ বিলিয়ন ডলারের সামরিক সহায়তা প্রস্তাব ছিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৮ ফেব্রুয়ারি

- দ্বাদশ জাতীয় সংসদে ৪৮টি সংরক্ষিত আসনে আওয়ামী লীগের মনোনয়নপ্রত্যাশী ১ হাজার ৫৪৯ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হামলা ও সংঘাতের মধ্য দিয়ে শেষ হলো পাকিস্তানের জাতীয় নির্বাচন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সংস্কার কাজের জন্য ১৭ দিন বন্ধ থাকবে রাজধানীর পোস্তগোলা বাংলাদেশ-চীন মৈত্রী বুড়িগঙ্গা সেতু-১। এ সময় ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে ব্যবহারকারী যানবাহনগুলোকে বিকল্প পথ বুড়িগঙ্গা সেতু-২ ব্যবহার করার অনুরোধ করে সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় হামাসের সর্বশেষ যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করল ইসরায়েল। সংবাদ সম্মেলনে হামাসের প্রস্তাবকে বিভ্রান্তিকর উল্লেখ করেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ৭ অক্টোবরের হামলা ঠেকাতে ব্যর্থতার পরিচয় দেওয়ায় ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে ক্ষমতা ছাড়তে বললেন সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আন্তর্জাতিক বিচার আদালত গাজায় ইসরায়েলের হত্যাযজ্ঞকে গণহত্যার শামিল হিসাবে রায় দেওয়ার পর বিশ্বের বড়ো বড়ো কোম্পানি ইসরায়েলের সঙ্গে সম্পর্ক ছিন্ন করছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আত্মরক্ষার চেষ্টায় পারমাণবিক অস্ত্রে সক্ষমতা অর্জনের কোনো আগ্রহ নেই দক্ষিণ কোরিয়ার। টেলিভিশন সাক্ষাৎকারে দেশটির প্রেসিডেন্ট ইউন সুক ইওল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপে ফাইনালে যুগ্মচ্যাম্পিয়ন বাংলাদেশ ও ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৯ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান লিবিয়ার প্রধানমন্ত্রী আবদুল হামিদ মোহাম্মদ আল-দাবাইবা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বসাহিত্য কেন্দ্রের ৪৫ বছর পূর্তি উদ্‌যাপন। 'আলোকিত মানুষ চাই' স্লোগানে বিশ্বসাহিত্য কেন্দ্রের পথচলা শুরু হয় ১৯৭৮ সালের ১৭ ডিসেম্বর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সারাদেশে একযোগে অনুষ্ঠিত হয় ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্ষণের ঘটনায় মামলায় অভিযুক্ত মূল পরিকল্পনাকারী মামুনুর রশিদ ওরফে মামুন ও সহযোগী মো. মুরাদ আদালতে দোষ স্বীকার করে জবানবন্দি দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কক্সবাজারের টেকনাফের জিম্বংখালী সীমান্তের ওপারে ব্যাপক গোলাগুলি ও মর্টার শেলের বিস্ফোরণ। টেকনাফ সীমান্তের সাধারণ মানুষ আতঙ্কে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- পাকিস্তানের জাতীয় পরিষদ নির্বাচনে ২৬৬টি আসনের মধ্যে ২৩৮টির অনানুষ্ঠানিক ফল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। এর মধ্যে সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান সমর্থিত স্বতন্ত্ররা সবচেয়ে বেশি আসন পেয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাষ্ট্রীয় গোপন নথি ঠিকমতো না রাখতে পারা সংক্রান্ত এক তদন্ত প্রতিবেদনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনকে 'দুর্বল স্মৃতিশক্তির বৃদ্ধ' অভিহিত করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অবৈধভাবে ভূমধ্যসাগর পাড়ি দিতে গিয়ে নৌকা ডুবে ১৩ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১০ ফেব্রুয়ারি

- তিনদিনের সফরে সাজেক ভ্যালিতে পৌঁছান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (আইএমও) মহাসচিব আর্সেনিও ডমিঙ্গুয়েজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গণভবনে আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২০ ফেব্রুয়ারির মধ্যে হজ নিবন্ধনের বাকি টাকা জমা দেওয়ার অনুরোধ করে ধর্ম মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমার সীমান্তে ফের উত্তপ্ত পরিস্থিতি, টেকনাফে গুলি ও রকেট লঞ্চার উদ্ধার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অবরুদ্ধ গাজা উপত্যকার রাফায় ইসরায়েলি বিমান হামলায় ১০ শিশু-সহ অন্তত ২৮ ফিলিস্তিনি নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দক্ষিণ কোরিয়া পিয়ংইয়ংয়ের বিরুদ্ধে শক্তি প্রয়োগ করলে তারা সিউলকে ধ্বংস করতে দ্বিধা করবে না বলে হুমকি দেন উত্তর কোরিয়ার নেতা কিম জং উন। সূত্র: দৈনিক ইত্তেফাক

১১ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে টাঙ্গাইল শাড়ি, নরসিংদীর সাগরকলা ও গোপালগঞ্জের রসগোল্লার জিআই সনদ হস্তান্তর করেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে স্থানীয় সরকার (সিটি করপোরেশন) (সংশোধন) আইন, ২০২৪-এর খসড়া চূড়ান্ত অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সারাদেশে অনিবন্ধিত হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক ও ব্লাড ব্যাংকের সংখ্যা ১ হাজার ২৭টি। রাজধানীর বাড্ডার সাতারকুলে ইউনাইটেড হাসপাতালে খতনা করার পর চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়া শিশু আয়ানের ঘটনায় করা রিটে হাইকোর্টে পাঠানো এক প্রতিবেদনে এ তথ্য দেয় স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি বিষয়ে রাষ্ট্রপতির নির্দেশনার আগ পর্যন্ত ভর্তি-সহ সব কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ দিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ব্যাংকিং খাতে সুশাসন নিশ্চিত করতে ব্যাংক পরিচালক নিয়োগের নিয়ম আরও কঠোর করল বাংলাদেশ ব্যাংক। ব্যাংক কোম্পানির পরিচালনা পর্ষদ গঠন এবং পরিচালকদের দায়িত্ব ও কর্তব্যসংক্রান্ত পরিপত্র জারি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শান্তি ও মঙ্গল কামনায় শেষ হলো বিশ্ব ইজতেমা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বজ্রপাতে মৃত্যু রোধে সারাদেশে ৬ হাজার ৭৯৩টি বজ্রনিরোধক দণ্ড স্থাপনের প্রকল্প হাতে নেওয়া হয়েছে বলে জানান দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী মহিবুর রহমান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারে প্রাপ্তবয়স্ক নাগরিকদের জন্য সামরিক বাহিনীতে যোগদান বাধ্যতামূলক করল দেশটির জান্তা সরকার। নতুন এ ঘোষণা অনুযায়ী, এখন থেকে ১৮-৩৫ বছর বয়সি সব পুরুষকে মিয়ানমারের সামরিক বাহিনীতে যোগ দিয়ে অন্তত দুই বছর কাজ করতে হবে। আর নারীদের

মধ্যে যাদের বয়স ১৮ থেকে ২৭ বছর, তাদেরও একই মেয়াদে সামরিক বাহিনীতে চাকরি করতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- পৃথিবীকে ওপর থেকে পর্যবেক্ষণের জন্য নতুন একটি স্যাটেলাইট উৎক্ষেপণ করল মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা। স্পেসএক্সের রকেটে পাঠানো এ স্যাটেলাইটটির নাম পেইস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শিশুকে যৌন হয়রানির মামলায় দোষী সাব্যস্ত হওয়া ব্যক্তিকে ক্ষমা করার জেরে পদত্যাগ করলেন হাঙ্গেরির প্রেসিডেন্ট কাতালিন নোভাক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার রাফাহ সীমান্তে চূড়ান্ত হামলার প্রস্তুতি নিতে দক্ষিণাঞ্চলের সিনাই সীমান্তে নিজেদের নিরাপত্তা জোরদার করতে ৪০টি ট্যাংক মোতায়েন করল মিশর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- স্ত্রীকে নিয়ে স্বেচ্ছায় মৃত্যুবরণ করলেন নেদারল্যান্ডসের সাবেক প্রধানমন্ত্রী দ্রিস ভ্যান অ্যাগট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে ষোড়শ জাতীয় পরিষদ নির্বাচনে ২৬৪ আসনের মধ্যে স্বতন্ত্ররা পান ১০১টি। এর মধ্যে কারাবন্দি ইমরান খানের তেহরিক-ই-ইনসাফ সমর্থিতরা পান ৯৩টি আসন। কোনো দল একক সংখ্যাগরিষ্ঠতা পায়নি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১২ ফেব্রুয়ারি

- গাজীপুরের কালিয়াকৈরের সফিপুর আনসার-ভিডিপি একাডেমিতে বাহিনীর ৪৪তম জাতীয় সমাবেশে বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্থগিত হওয়া নওগাঁ-২ আসনে জয় পেলেন নৌকা প্রতীকের প্রার্থী মো. শহীদুজ্জামান সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রমজানের আগেই ভারত থেকে ১ লাখ টন চিনি ও ৫০ হাজার টন পেঁয়াজ আসবে। রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসকদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্য হিসাবে অনুমোদন পেল মৌলভীবাজারের আগর, রংপুরের হাঁড়িভাঙা আম, মৌলভীবাজারের আগর-আতর ও মুক্তাগাছার মণ্ডা। এ নিয়ে বাংলাদেশে অনুমোদিত জিআই পণ্যের সংখ্যা দাঁড়াল ২৮টি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার রাফায় ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা ১০০ ছাড়াল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের হয়ে গুপ্তচরবৃত্তির অপরাধে ভারতীয় নৌবাহিনীর সাবেক আট সদস্যকে মৃত্যুদণ্ড দিল কাতার। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ ফেব্রুয়ারি

- একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভায় ৪ হাজার ৪৫৩ কোটি টাকার ৯ প্রকল্পের অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সংসদ ভবনে সৌজন্য সাক্ষাৎ করেন বিমসটেক এর সেক্রেটারি জেনারেল ইন্দ্র মণি পাণ্ডে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে সরকার গঠনের বিষয়ে একমত হন পাকিস্তান মুসলিম লিগ (পিএমএল-এন), পাকিস্তান পিপলস পার্টি (পিপিপি), মুত্তাহিদা কওমি মুভমেন্ট-পাকিস্তান (এমকিউএম-পি) ও পাকিস্তান মুসলিম লিগ (পিএমএল-কিউ) দলের নেতারা। ইসলামাবাদে এক যৌথ সংবাদ সম্মেলনে দলগুলোর নেতারা এ ঘোষণা দেন। শাহবাজ শরিফ দেশের প্রধানমন্ত্রী পদের জন্য মনোনীত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিপিন্সে ভূমিধসে নিহত ৬৮, নিখোঁজ ৫১ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০৫০ সালের মধ্যে ১০ লাখ মানুষকে মঙ্গলগ্রহে পাঠানোর পরিকল্পনা নিলেন ইলন মাস্ক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রীলঙ্কার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজ ও ওয়ানডে সিরিজের প্রথম দুই ম্যাচের জন্য দল ঘোষণা বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি)। নতুন অধিনায়ক নাজমুল হোসেনের নেতৃত্বে ঘোষিত দুটি দলের কোনোটিতেই নেই সাকিব আল হাসান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৪ ফেব্রুয়ারি

- গণভবনে দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনে দলীয় মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর-পর্বে সংসদ সদস্যদের প্রশ্নের লিখিত জবাব দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে আওয়ামী লীগের ৪৮ জন প্রার্থীর নাম ঘোষণা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর উত্তরা মতিঝিল রুটে মেট্রোরেলের ইলেকট্রিক তারে ঘুড়ি আটকে পড়ায় প্রায় ১ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকার পর স্বাভাবিক হয় মেট্রোরেল চলাচল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে জোট সরকার গঠনে সম্মত হলো পিএমএল-এন ও পিপিপি। জোট সরকারের প্রেসিডেন্ট হচ্ছেন পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) নেতা আসিফ আলি জারদারি। প্রধানমন্ত্রী হচ্ছেন পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজের (পিএমএল-এন) শাহবাজ শরিফ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলেন মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অস্ট্রেলিয়ায় শক্তিশালী ঝড়ে পৌনে দুই লাখ বাড়ি বিদ্যুৎ বিচ্ছিন্ন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্রমন্ত্রী আলেজান্দ্রো মায়োরকাসকে অভিশংসনের পক্ষে ভোট দিল মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদ। এর মাধ্যমে যুক্তরাষ্ট্রের ১৫০ বছরের ইতিহাসে প্রথমবার কোনো স্বরাষ্ট্রমন্ত্রী অভিশংসিত হলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৫ ফেব্রুয়ারি

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বার্ষিক প্রতিবেদন হস্তান্তর করেন কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জার্মানিতে মিউনিখ নিরাপত্তা সম্মেলনের উদ্‌বোধনী আয়োজনে যোগ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- কারাগার থেকে জামিনে মুক্তি পেলেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং দলের স্থায়ী কমিটি সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দ্বাদশ জাতীয় নির্বাচনে সংরক্ষিত নারী আসনে দলীয় মনোনয়ন পেলেন জাতীয় পার্টির (জাপা) কো-চেয়ারম্যান অ্যাডভোকেট সালমা ইসলাম ও ঠাকুরগাঁও জেলা সভাপতি নুরুন নাহার বেগম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শিল্প মন্ত্রণালয়ের ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্য হিসাবে নতুন করে অনুমোদন পেল আরও তিনটি পণ্য। এগুলো হলো–যশোরের খেজুরের গুড়, রাজশাহীর মিষ্টিপান ও জামালপুরের নকশিকাঁথা। এখন পর্যন্ত জিআই পণ্যের স্বীকৃতির সংখ্যা দাঁড়াল ৩১টি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু। ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। সূত্র: প্রথম আলো
- আরাকান আর্মির আক্রমণের মুখে পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সদস্য-সহ (বিজিপি) ৩৩০ জন নাগরিককে ফেরত নিল মিয়ানমার কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্ব ভালোবাসা দিবসে গার্লফ্রেন্ড জোডি হেডেনের সঙ্গে বাগদানের ঘোষণা দিলেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- টেলিভিশনে সম্প্রচারিত সাক্ষাৎকারে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেন, ডোনাল্ড ট্রাম্পের চেয়ে জো বাইডেনকে পছন্দ করি। তবে যেকোনো মার্কিন প্রেসিডেন্টের সঙ্গেই কাজ করতে রাজি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৬৫ বছর পর দক্ষিণ কোরিয়া ও কিউবার মধ্যে কূটনৈতিক সম্পর্ক পুনঃস্থাপিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০২১ সালে ক্ষমতা দখলের দুই বছর পর আনুষ্ঠানিকভাবে তালেবানের দূতকে স্বীকৃতি দিল চীন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মেক্সিকো সিটিতে এক গণ-আয়োজনের বিয়েতে আবদ্ধ হয় ১২শ যুগল। এর মাধ্যমে শহরের বার্ষিক ভ্যালেন্টাইন ডের ঐতিহ্যে নতুন এক রেকর্ড সৃষ্টি করেন তারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারে অবসরপ্রাপ্ত সৈন্যদের আবারও যুদ্ধের ফ্রন্টলাইনে ফেরত পাঠাচ্ছে সামরিক বাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৬ ফেব্রুয়ারি

- জার্মানিতে মিউনিখ নিরাপত্তা সম্মেলনে 'ফ্রম পকেট টু প্ল্যানেট : স্কেলিং আপ ক্লাইমেট ফাইন্যান্স' শীর্ষক প্যানেল আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বনেতাদের সামনে ছয়টি প্রস্তাব পেশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জার্মানির মিউনিখে হোটেল বেয়েরিশার হফে কাতারের প্রধানমন্ত্রী আব্দুল-রহমান আল-থানির সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোকা-কোলা বাংলাদেশ বেভারেজেস লিমিটেডকে (সিসিবিবি) ১৩ কোটি ডলারে কিনে নিল তুরস্কের কোম্পানি কোকা-কোলা আইসেক (সিসিআই)। আইসেকের সহযোগী প্রতিষ্ঠান সিসিআই ইন্টারন্যাশনাল হল্যান্ড বিভি (সিসিআইএইচবিভি) ও কোকা-কোলা কোম্পানির একটি সহযোগী সংস্থার মধ্যে চুক্তি স্বাক্ষরিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের কট্টর সমালোচক হিসাবে পরিচিত আলেক্সি নাভালনির মৃত্যু। কারাগারে বন্দি অবস্থায় তার আকস্মিক মৃত্যু হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী এবং তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) চেয়ারম্যান ইমরান খানের স্ত্রী বুশরা বিবিকে 'অ্যাসিড মেশানো' খাবার খাওয়ানোর অভিযোগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দলীয় নেতাদের কেন্দ্রীয় ও পাঞ্জাবের প্রাদেশিক পরিষদে বিরোধী দল হিসাবে যোগদানের জন্য নির্দেশনা দিলেন পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) চেয়ারম্যান ইমরান খান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার নাগরিকদের বেশি বেশি বাচ্চা নেওয়ার আহ্বান জানান দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৭ ফেব্রুয়ারি

- জার্মানির মিউনিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী লর্ড ক্যামেরন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জার্মানির মিউনিখে প্রবাসী বাংলাদেশিদের আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- জার্মানিতে মিউনিখ নিরাপত্তা সম্মেলনের সাইড লাইনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বীর মুক্তিযোদ্ধা ক্র্যাক প্লাটুনের সদস্য ফতেহ আলী চৌধুরীর মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর পল্লবী স্টেশনে যান্ত্রিক ত্রুটির কারণে সোয়া ১ ঘণ্টা বন্ধ থাকে মেট্রোরেল চলাচল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারের টেকনাফ সীমান্তের ওপারে মিয়ানমারে রাখাইন রাজ্যে আবার গোলাগুলি ও মর্টার শেল নিক্ষেপ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েল-হামাস যুদ্ধ এবং মধ্যপ্রাচ্যের অন্যান্য ইস্যু নিয়ে আলোচনার জন্য সব ফিলিস্তিনি গোষ্ঠীকে মস্কোয় আমন্ত্রণ জানায় রাশিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দক্ষিণ-পূর্ব ইরানের কেরমান প্রদেশে নিজ পরিবারের ১২ সদস্যকে গুলি করে হত্যা করে এক যুবক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের নির্বাচনে কারচুপির দায় স্বীকার করে পদত্যাগ করেন রাওয়ালপিন্ডির কমিশনার লিয়াকত আলী চাট্টা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লোহিতসাগরে ভারতগামী একটি ব্রিটিশ তেল ট্যাংকারে ক্ষেপণাস্ত্র হামলার দায় স্বীকার করে ইরান সমর্থিত ইয়েমেনের হুতিরা। গোষ্ঠীর সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারিয়ার বিবৃতি। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৮ ফেব্রুয়ারি

- জার্মানির মিউনিখে প্রবাসী আওয়ামী লীগ নেতাদের সঙ্গে মতবিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জার্মানি সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা তুরস্কের বার্তা সংস্থা আনাদোলুকে সাক্ষাৎকার প্রদান করেন। সাক্ষাৎকারে গাজায় বেসামরিক মানুষের ওপর চালানো হত্যাযজ্ঞকে 'গণহত্যা' অভিহিত করেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নির্বাচন কমিশনে (ইসি) দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত ৫০ আসনে মনোনয়নপত্র জমা দেন ৫০ নারী। এর মধ্যে আওয়ামী লীগের ৪৮ জন এবং জাতীয় পার্টির (জাপা) ২ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- জাতীয় সংসদ সদস্যদের নিজ নিজ এলাকার উন্নয়নের অঙ্গীকার পূরণের জন্য ২০ কোটি টাকা বরাদ্দ দেওয়ার কথা জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী তাজুল ইসলাম। জাতীয় সংসদের প্রশ্নোত্তরে জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নুর সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ২৪ ঘণ্টায় ইসরায়েলি হামলায় ১২৭ ফিলিস্তিনি নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তিউনিসিয়া উপকূলে অভিবাসী বহনকারী নৌকায় আগুন লাগার ঘটনায় বাংলাদেশি-সহ ৯ অভিবাসীর মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মহাকাশে আবহাওয়াবিষয়ক স্যাটেলাইট পাঠাল ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্যারোলে মুক্তি পেলেন থাইল্যান্ডের সাবেক প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনকে ৬০ বিলিয়ন ডলার সহায়তা দেবে যুক্তরাষ্ট্র। এ বিষয়ে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে আশ্বস্ত করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সম্পত্তির মূল্য সম্পর্কে মিথ্যা তথ্য দেওয়ার অভিযোগে জরিমানার আদেশ দেওয়ায় বিচারকের বিরুদ্ধে মন্তব্য করেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের চলমান অস্থিরতা ও রোহিঙ্গা সংকটের কারণে যে নিরাপত্তা সমস্যা সৃষ্টি হয়েছে, তা আরও খারাপ হতে পারে বলে বাংলাদেশ-ভারতকে সতর্ক করলেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের কঠোর সমালোচক আলেক্সেই নাভালনির মরদেহ লুকিয়ে রাখা হয়েছে বলে অভিযোগ করেন তার মা লুদমিলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৯ ফেব্রুয়ারি

- জার্মানির 'মিউনিখ নিরাপত্তা সম্মেলন' ২০২৪-এ যোগদান শেষে দেশে ফিরলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বিদেশের কারাগারে ৯ হাজার ৩৭০ জন বাংলাদেশি আটক রয়েছেন বলে জাতীয় সংসদে জানান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। ২৭টি দেশের কারাগারে তারা বন্দি আছেন। এর মধ্যে সৌদি আরবের কারাগারে আটক রয়েছেন ৫ হাজার ৭৪৬ জন। জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরে স্বতন্ত্র সংসদ সদস্য মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরীর প্রশ্নের জবাবে এ কথা জানান পররাষ্ট্রমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় ও আন্তর্জাতিকভাবে রেজিস্ট্রেশনযোগ্য জিওগ্রাফিক্যাল আইডেন্টিফিকেশন (জিআই) বা ভৌগোলিক নির্দেশক পণ্যের তালিকা করতে নির্দেশ দিলেন হাইকোর্ট। ১৯ মার্চের মধ্যে এ তালিকা প্রতিবেদন আকারে দাখিল করতে বলা হয়। বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার ও বিচারপতি সরদার মো. রাশেদ জাহাঙ্গীরের দ্বৈত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- হজ পালনে সৌদি আরব গিয়ে কেউ ভিক্ষা করলে তাকে ৭ বছরের জেল এবং ১৫ কোটি টাকা জরিমানা করা হবে বলে সতর্ক করল সৌদি আরব। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কারাগার থেকে জামিনে মুক্তি পেলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর পল্লবীর ঝিলপাড় বস্তিতে আগুন লেগে তিন শতাধিক ঘর পুড়ে ছাই। একই সঙ্গে পুড়ে যায় অর্ধশতাধিক কবুতর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের ২৭৯ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কণ্ঠশিল্পী হাসিনা মমতাজের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাপুয়া নিউগিনির প্রত্যন্ত পার্বত্য অঞ্চলে অতর্কিত হামলায় অন্তত ৬৪ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হামাস ১০ মার্চের মধ্যে জিম্মিদের মুক্তি না দিলে গাজার দক্ষিণাঞ্চলের রাফাহ শহরে স্থল অভিযান শুরু করা হবে বলে হুঁশিয়ারি দিলেন ইসরায়েলের যুদ্ধকালীন মন্ত্রিসভার সদস্য বেনি গ্যান্টজ। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানের পূর্বাঞ্চলে নুরিস্তান প্রদেশে ভারী তুষারপাতে সৃষ্ট ভূমিধসে ২৫ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রের দ্য ক্যাটো ইনস্টিটিউট শ্বেতপত্রে বলে, ২০২৪ সালে মাত্র ৩ শতাংশ আবেদনকারীকে গ্রিন কার্ড দেওয়া হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইয়েমেনের হুতিদের ক্ষেপণাস্ত্র হামলায় ব্রিটিশ মালিকানাধীন একটি জাহাজ ক্ষতিগ্রস্ত, ক্রুরা মালবাহী জাহাজটি পরিত্যাগ করে নিরাপদে চলে যায়। হুতিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি টেলিভিশন ভাষণে এ কথা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাপানে যারা এখন থেকে সেনাবাহিনীতে যোগ দেবেন, তারা চাইলে বড়ো চুল রাখতে পারবেন। মূলত তরুণদের আকৃষ্ট করতে এমন উদ্যোগ নেয় দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভিসা ছাড়াই ওমরাহ করতে পারবেন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) ২৭ দেশের নাগরিকরা। ওমরাহ পালন করার জন্য তাদের আগে থেকে কোনো ভিসা নিতে হবে না। সৌদি আরবের হজ ও ওমরাহ মন্ত্রণালয় এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২০ ফেব্রুয়ারি

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ২১ জন বিশিষ্ট ব্যক্তির হাতে 'একুশে পদক ২০২৪' তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- একুশে পদকপ্রাপ্ত চাঁপাইনবাবগঞ্জের দই বিক্রেতা মো. জিয়াউল হকের পাঠাগারের জন্য জমি এবং ভবন তৈরি করে দেওয়ার ঘোষণা দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া তার স্কুলটিকে সরকারীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাসও দেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অনলাইনভিত্তিক প্ল্যাটফরমে জুয়া, বেটিং, ক্রিপ্টো ট্রেডিং ও ডিজিটাল হুন্ডিতে প্রতারণার কারণে সন্দেহজনক লেনদেন বেড়েছে ৬৫ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরে সন্দেহজনক লেনদেন হয় ১৪ হাজার ১০৬টি, যা আগের অর্থবছরের তুলনায় ৬৪ দশমিক ৫৭ শতাংশ বেশি। অর্থ পাচার ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের কেন্দ্রীয় সংস্থা বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- উদ্ভাবনী গবেষণা প্রকল্প প্রদর্শন এবং শিল্পের সঙ্গে সহযোগিতা বৃদ্ধি করার উদ্দেশ্যে দুই কোটি টাকার অনুদান পেল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রতি লিটার সয়াবিন তেলে ১০ টাকা দাম কমিয়ে ১৫৯ টাকা নির্ধারণ। ১ মার্চ থেকে নতুন দাম কার্যকর হবে বলে জানান বাণিজ্য প্রতিমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- উত্তর কোরীয় নেতা কিম জং উনকে গাড়ি উপহার দিলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইয়েমেনের হুতি বিদ্রোহীদের হামলার পর বেলিজের পতাকাবাহী ও যুক্তরাজ্যের নিবন্ধিত একটি জাহাজ ছেড়ে পালালেন ক্রুরা। এডেন উপসাগরে বাব আল-মানদাব প্রণালির কাছে রুবিমার নামের জাহাজটিতে হামলা চালায় হুতিরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- খাবারের জন্য লাইনে দাঁড়িয়ে থাকা ফিলিস্তিনিদের ওপর ইসরায়েলিদের এলোপাতাড়ি গুলি। এক ফিলিস্তিনি নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

২১ ফেব্রুয়ারি

- শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষাশহিদদের প্রতি শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান নাইজিরিয়ার প্রেসিডেন্ট বোলা আহমেদ টিনুবু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চালের দাম যৌক্তিক পর্যায়ে রাখতে ধানের নামেই চাল বাজারজাত নিশ্চিত করতে ১৪ এপ্রিল থেকে বস্তার ওপর ৬ তথ্য লেখা বাধ্যতামূলক করল সরকার। খাদ্য মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়। সূত্র: কালের কণ্ঠ
- রাজধানীর মালিবাগ চৌধুরীপাড়ায় জেএস হাসপাতালে সুন্নতে খতনা করানোর সময় আহনাফ তাহমীদ আলম আয়হাম নামে ১০ বছরের এক শিশুর মৃত্যু, দুই চিকিৎসক গ্রেফতার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যৌন নিপীড়নের অভিযোগে বরখাস্ত হলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ অ্যান্ড ইনফরমেটিক্স বিভাগের সহকারী অধ্যাপক মাহমুদুর রহমান জনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হাইতির প্রেসিডেন্ট জোভেনেল মইসিকে হত্যার ঘটনায় ফার্স্ট লেডি মার্টিন মইসি, সাবেক প্রধানমন্ত্রী, সাবেক পুলিশ প্রধান-সহ ৫০ জনকে অভিযুক্ত করেন দেশটির বিচারপতি ওয়ালথার ওয়েসার ভলতেয়ার। এ হত্যার ঘটনাটি তদন্তের দায়িত্বে থাকা ওই বিচারপতি অভিযুক্ত ব্যক্তিদের গ্রেফতার করে বিচার শুরুর নির্দেশ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় যুদ্ধবিরতির প্রস্তাবে তৃতীয়বার ভেটো দিল যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইংল্যান্ডের স্কুলে মোবাইল ফোন নিষিদ্ধ ঘোষণা করলেন ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনাক। এক্স হ্যান্ডলে একটি ভিডিয়ো বার্তায় এ ঘোষণা দেন ব্রিটিশ প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের রাজ্যসভায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় পেলেন সাবেক কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পূর্ব ইউক্রেনের দোনেৎস্ক অঞ্চলে রাশিয়া নিয়ন্ত্রিত প্রশিক্ষণকেন্দ্রে ক্ষেপণাস্ত্র হামলায় রাশিয়ার ৬০ সেনা নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হুতিদের হামলায় মার্কিন ড্রোন ভূপাতিত হওয়ার বিষয়টি নিশ্চিত করল মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২২ ফেব্রুয়ারি

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে তাঁর রচিত 'এগিয়ে যাবে বাংলাদেশ' গ্রন্থের ইংরেজি সংস্করণ 'Bangladesh Will Go a Long Way' হস্তান্তর করেন আগামী প্রকাশনীর স্বত্বাধিকারী ওসমান গণি ও সম্পাদনা সমন্বয়ক ড. এম আব্দুল আলীম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ ভবনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অতিরিক্ত মদ্যপানে পরিবেশ অধিদপ্তরের (ঢাকা অঞ্চল) পরিচালক সৈয়দ নজমুল আহসান (৫৬) এবং তার স্ত্রী নাহিদ বিনতে আলমের (৪৮) মৃত্যু। পুলিশের সুরতহাল প্রতিবেদনে এ তথ্য উঠে আসে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ৫ লাখের বেশি শিক্ষক ও কর্মচারীকে ৬ মাসের মধ্যে অবসর ভাতা প্রদানের নির্দেশ দেন হাইকোর্ট। বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের দ্বৈত হাইকোর্ট বেঞ্চ এ নির্দেশ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় পার্টির নাম, ঠিকানা, প্যাড, লোগো ও প্রতীক ব্যবহারের মাধ্যমে রওশন এরশাদের অনুসারীরা প্রতারণা করছেন বলে অভিযোগ এনে আদালতে মামলা করেন জাতীয় পার্টির যুগ্মদপ্তর সম্পাদক মাহমুদ আলী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিয়ানমার থেকে বাংলাদেশে অনুপ্রবেশের সময় ৯ রোহিঙ্গাকে ফেরত পাঠাল বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। কক্সবাজারের টেকনাফের শাহপরীর দ্বীপ জেটিঘাট এলাকায় এ ঘটনা ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ক্যালিফোর্নিয়ায় এক জনসভায় রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে 'পাগলা কুকুর ছানা' বলে গালি দেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দক্ষিণ আমেরিকার ভেনিজুয়েলায় একটি সোনার খনি ধসে ২৩ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরানি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কিনল রাশিয়া। রাশিয়ায় প্রায় ৪০০ 'জুলফিকার' ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র পাঠিয়েছে ইরান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের তামিলনাড়ু ও পদুচেরিতে হাওয়াই মিঠাইয়ের নমুনা পরীক্ষার পর ক্যানসারের জন্য দায়ী উপাদান রোডামিন-বি'র উপস্থিতি নিশ্চিত হওয়ায় হাওয়াই মিঠাই বেচাকেনা নিষিদ্ধ করা হয়। এছাড়াও অন্ধ্রপ্রদেশ এবং দিল্লিও হাওয়াই মিঠাই নিষিদ্ধ করার পথে রয়েছে বলে জানায় ইন্ডিয়ান এক্সপ্রেস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে ৮ ফেব্রুয়ারির নির্বাচনে কারচুপির অভিযোগ নিয়ে সুপ্রিমকোর্টে যাবে সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)। কারাগারে ইমরান খানের সঙ্গে বৈঠকের পর এ তথ্য জানান পিটিআই নেতা শের আফজাল মারবাত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরাকের বাগদাদে অনুষ্ঠিত এশিয়া কাপ আর্চারির ২ ইভেন্টে ফাইনালে বাংলাদেশ। সূত্র: কালের কণ্ঠ

২৩ ফেব্রুয়ারি

- জার্মানির মিউনিখে নিরাপত্তা সম্মেলন ও জার্মানির সফর নিয়ে গণভবনে সংবাদ সম্মেলন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব আরও গভীর করতে পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবে বলে জানায় মার্কিন পররাষ্ট্র দপ্তরের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক ভারপ্রাপ্ত উপসহকারী পররাষ্ট্রমন্ত্রী স্কট উরবম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প থেকে অস্ত্র, গোলাবারুদ-সহ আরসার চার সদস্য আটক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশে ফিরলেন লিবিয়ায় আটক হওয়া ১৪৪ বাংলাদেশি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আহত কিউই পাখির চিকিৎসার জন্য প্রথমবার হাসপাতাল চালু করল নিউজিল্যান্ড। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাক্স্বাধীনতার পক্ষে দাঁড়ানো এবং রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে ইউক্রেনের পক্ষ নেওয়ায় নোবেল শান্তি পুরস্কারের জন্য মনোনীত হলেন ইলন মাস্ক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনে রুশ আগ্রাসনের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষ্যে রাশিয়ার ৫০০ ব্যক্তি ও প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা আরোপ করার ঘোষণা যুক্তরাষ্ট্রের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির দাবিতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রস্তাবে ভেটো দেওয়ায় যুক্তরাষ্ট্রের তীব্র সমালোচনা করে মেদসাঁ সঁ ফ্রোঁতিয়ের বা ডক্টরস উইদাউট বর্ডার্স (এমএসএফ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার স্বাস্থ্যসেবা পরিস্থিতিকে 'অবর্ণনীয়' উল্লেখ করল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। সংস্থাটি জানায়, গাজার ২৩টি হাসপাতালের কার্যক্রম এখন পুরোপুরি বন্ধ। ১২টি হাসপাতাল আংশিকভাবে কাজ করছে এবং একটি হাসপাতালে খুবই সামান্য সেবা কার্যক্রম চলছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তথাকথিত ইসলামিক স্টেট (আইএস) জঙ্গিগোষ্ঠীতে যোগ দিতে ২০১৫ সালে যুক্তরাজ্য থেকে সিরিয়ায় পালিয়ে যাওয়া শামীমা বেগম ব্রিটেনে

ফিরতে পারবেন না। নাগরিকত্ব ফিরে পাওয়া নিয়ে শামীমা বেগমের আপিল খারিজ যুক্তরাজ্যের আদালতে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ২০২৩ সালের মার্চে এক আদেশে মণিপুর রাজ্যে তপশিলি উপজাতি সম্প্রদায়ের তালিকায় মেইতেই সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করার নির্দেশ দেওয়া হয়েছিল। এবার সেই অনুচ্ছেদ বাদ দেওয়ার নির্দেশ দিল মণিপুর হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অ্যাপোলো মিশনের সাফল্যের ৫০ বছর পর চাঁদে অবতরণ করল মার্কিন মহাকাশযান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৪ ফেব্রুয়ারি

- রাজধানীর একটি হোটেলে 'চতুর্থ আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলন ২০২৪' উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সাউথ এশিয়ান কনস্টিটিউশনাল কোর্টস ইন দ্য টোয়েন্টি ফার্স্ট সেঞ্চুরি: লেসন ফ্রম বাংলাদেশ অ্যান্ড ইন্ডিয়া' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের সমাপন অধিবেশনে প্রধান অতিথির ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে ৫০ হাজার টন পেঁয়াজ রপ্তানির অনুমতি দিল ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সুন্নতে খতনা করাতে গিয়ে বিভিন্ন হাসপাতালে শিশু মৃত্যুর ঘটনায় চরম ক্ষোভ প্রকাশ করে অনতিবিলম্বে দোষীদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়কে আহ্বান জানান জাতীয় মানবাধিকার কমিশন চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের সাবেক প্রেসিডেন্ট ইয়াসির আরাফাতের বাড়ি গুঁড়িয়ে দিল ইসরায়েলি বাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গ্রিসে বৈধভাবে বসবাসের অনুমতি পেলেন ৩ হাজার ৪০৫ বাংলাদেশি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাঁজা ব্যবহারের বৈধতা দিয়ে নতুন আইন পাশ করল জার্মানির পার্লামেন্ট। তুমুল তর্ক-বিতর্কের পর ৪০৭-২২৬ ভোটে বিলটি পাশ

হয়। এ আইনের আওতায় ১৮ বছরের বেশি বয়সি জার্মান নাগরিকরা নির্দিষ্ট পরিমাণ গাঁজা রাখতে পারবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির বিরুদ্ধে যুদ্ধ করার জন্য সেনাবাহিনীতে যোগ দিলে রোহিঙ্গাদের নাগরিকত্ব দেওয়ার প্রস্তাব দিল মিয়ানমারের সামরিক জান্তা সরকার। সংবাদমাধ্যম ইরাবতির প্রতিবেদন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাশিয়ার কারাগারে নিহত বিরোধী নেতা অ্যালেক্সি নাভালনির মরদেহ মা লিউডমিলা নাভালনায়ার কাছে হস্তান্তর করা হয় বলে জানান তার মুখপাত্র কিরা ইয়ারমিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৫ ফেব্রুয়ারি

- পিলখানা হত্যাকাণ্ডে নিহত সেনা কর্মকর্তাদের প্রতি শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- স্থানীয় সরকার মন্ত্রণালয় আয়োজিত 'স্থানীয় সরকার দিবস ২০২৪' উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাফিলতির জন্য কোনো বাচ্চা মারা গেলে ব্যবস্থা নেওয়ার জন্য স্বাস্থ্যমন্ত্রীকে কড়া নির্দেশ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের হরিয়ানা রাজ্যে বন্দুকধারীদের চোরাগোপ্তা হামলায় ভারতীয় জাতীয় লোকদলের (আইএনএলডি) হরিয়ানা ইউনিটের সভাপতি ও সাবেক বিধায়ক নাফে সিং রাঠি এবং দলটির আরেক নেতা নিহত। সূত্র: যুগান্তর
- রাশিয়া ও ইউক্রেনের নাগরিকদের জন্য দীর্ঘমেয়াদি পর্যটন ভিসা বাতিল করল শ্রীলঙ্কা। একই সঙ্গে শ্রীলঙ্কা ছাড়তে ৭ মার্চ পর্যন্ত সময় বেঁধে দেওয়া হয়েছে। ইউক্রেনে যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই ভিসার মেয়াদ বাড়িয়ে দ্বীপটিতে আশ্রয় নিয়েছিল হাজারো রুশ এবং ইউক্রেনীয় নাগরিক। সূত্র: যুগান্তর

২৬ ফেব্রুয়ারি

- জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বিশ্বব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (অপারেশন্স) আনা বেয়ার্দ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে চিঠির জবাব দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাইডেনের বিশেষ সহকারী ও যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা কাউন্সিলের দক্ষিণ এশিয়ার জ্যেষ্ঠ পরিচালক আইলিন লাউবাচারের কাছে চিঠির একটি অনুলিপি হস্তান্তর করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে ৫০ জনকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষণা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভুল চিকিৎসায় ও চিকিৎসকের গাফিলতির কারণে রোগী মারা গেলে দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা-সহ হাসপাতাল-ক্লিনিক বন্ধ করে দেওয়া হবে বলে জানান স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ব্যক্তিপর্যায়ে হাতি পালনে লাইসেন্স প্রদান ও বিদ্যমান লাইসেন্স নবায়ন কার্যক্রমের ওপর হাইকোর্টের স্থগিতাদেশ জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যৌন হয়রানির অভিযোগে সাময়িক বরখাস্ত হলেন ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের আজিমপুর ক্যাম্পাসের দিবা শাখার জ্যেষ্ঠ শিক্ষক মুরাদ হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের খ্যাতনামা গজল গায়ক পঙ্কজ উদাসের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের পাঞ্জাবের মুখ্যমন্ত্রী হলেন সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের মেয়ে ও পাকিস্তান মুসলিম লীগের (পিএমএল-এন) সিনিয়র সহসভাপতি মরিয়ম নওয়াজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ইসরায়েলি হামলার প্রতিবাদে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে ইসরায়েলি দূতাবাসের সামনে গায়ে আগুন লাগিয়ে মার্কিন বিমানবাহিনীর এক সদস্যের আত্মহত্যা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ত্রাণের অপেক্ষায় থাকা ফিলিস্তিনিদের ওপর ইসরায়েলি বাহিনীর গুলি ও বোমা হামলা। ১০ ফিলিস্তিনি নিহত এবং ১৫ জন আহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- পশ্চিম আফ্রিকার দেশ বুরকিনা ফাসোতে একটি গির্জায় বন্দুকধারীদের হামলায় অন্তত ১৫ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের উত্তরপ্রদেশের বারাণসীতে অবস্থিত জ্ঞানবাপী মসজিদের বেজমেন্টে পূজা করতে পারবেন হিন্দুরা। মুসলিমদের আবেদন খারিজ করেছে এলাহাবাদ হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে তার দেশের ৩১ হাজার সেনা নিহত হন বলে জানান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৭ ফেব্রুয়ারি

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় বস্ত্র দিবস ২০২৪' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে 'পুলিশ সপ্তাহ-২০২৪'-এর উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার কূটনৈতিক সাফল্য নিয়ে মার্কিন সাময়িকী দ্য ডিপ্লোম্যাটে নিবন্ধ প্রকাশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভারতের বিমানবাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল বিবেক রাম চৌধুরী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২৪টি দেশ ও আন্তর্জাতিক সংস্থার মিশনপ্রধান-সহ ৩৪ জন কূটনীতিককে নিয়ে বঙ্গবন্ধু টানেল পরিদর্শন করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকা সেনানিবাসের সেনাসদরে তিন বাহিনীর প্রধানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভারতের বিমানবাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল বিবেক রাম চৌধুরী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন, ভারত বাংলাদেশের সঙ্গে তার বন্ধুত্বকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয় এবং তার পূর্ণ সম্ভাবনা কাজে লাগাতে প্রতিশ্রুতিবদ্ধ।

- নয়াদিল্লিতে বাংলাদেশের ১০০ সদস্যের একটি যুব প্রতিনিধিদল রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এ নতুন চেয়ারম্যান হিসাবে নিয়োগ পেলেন বিচারপতি মো. আবু আহমেদ জমাদার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত গ্যাসের দাম প্রতি ঘনমিটারে ৭৫ পয়সা বাড়িয়ে প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিদ্যুতের দাম বাড়ানোর সিদ্ধান্ত প্রত্যাহার করার দাবি জানান বিরোধীদলীয় চিফ হুইপ মুজিবুল হক। জাতীয় সংসদে অনির্ধারিত আলোচনায় অংশ নিয়ে তিনি এ দাবি জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যৌন নির্যাতনের অভিযোগে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের আজিমপুর শাখার গণিত শিক্ষক মুরাদ হোসেন সরকারের ২ দিনের রিমান্ড মঞ্জুর করেন ঢাকা মুখ্য মহানগর হাকিম আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঘুস গ্রহণের দায়ে ফের অভিযুক্ত হলেন কারাগারে বন্দি থাকা পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও স্ত্রী বুশরা বিবি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতীয় ওষুধ প্রস্তুতকারক কোম্পানি ম্যারিয়ন বায়োটেকের দূষিত কফ সিরাপ আমদানি ও বিপণনের সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে ২৩ জনকে জরিমানা ও কারাদণ্ড দেন উজবেকিস্তানের একটি আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৮ ফেব্রুয়ারি

- বঙ্গভবনে 'পুলিশ সপ্তাহ ২০২৪' উপলক্ষ্যে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে বক্তব্য দেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০২৩ হস্তান্তর করেন কমিশনের চেয়ারম্যান মো. সোহরাব হোসাইন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে কৃষি সচিব ওয়াহিদা আক্তার রচিত 'রাজনীতির পরম্পরা' গ্রন্থের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. নাদির জুনাইদের বিরুদ্ধে যৌন হয়রানি ও মানসিক নিপীড়নের অভিযোগ তুললেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) সাবেক এক নারী শিক্ষার্থী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের স্কুল শাখার প্রথম শ্রেণির ১৬৯ শিক্ষার্থীর ভর্তি বাতিল করার নির্দেশ দিল মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দুর্নীতির মামলায় চাকরিচ্যুত পুলিশের ডিআইজি মিজানুর রহমানের ১৪ বছরের সাজা বহাল রেখে হাইকোর্টের রায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কক্সবাজারের রামুর ঐতিহাসিক রামকুট বৌদ্ধবিহার পরিদর্শন করেন কক্সবাজার সফরে আসা ৩৪ কূটনীতিক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারে জান্তা সরকার ও বিচ্ছিন্নতাবাদী বিদ্রোহী গ্রুপের মধ্যকার সংঘর্ষের জেরে দীর্ঘ ২৩ দিন বন্ধ থাকার পর খুলে দেওয়া হলো শিক্ষাপ্রতিষ্ঠান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর সোহরাওয়ার্দী, হৃদ্‌রোগ, পঙ্গু ও শিশু হাসপাতালকে কেন্দ্র করে গড়ে ওঠা দালালচক্র নির্মূলে র‍্যাবের অভিযান, ৪২ জন দালাল আটক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনে দলীয় প্রার্থী নির্বাচিত করতে মিশিগানে প্রাইমারি নির্বাচনে সহজ জয় পেলেন প্রেসিডেন্ট জো বাইডেন এবং সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনে রাশিয়ার ড্রোন হামলা অব্যাহত, ইউক্রেনের শহর আভদিভকার কাছে তিনটি গ্রাম দখল করল রাশিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েলি কারাগারে বসেই বই লিখে 'আরব বুকার' পুরস্কারের জন্য মনোনীত হলেন ফিলিস্তিনি লেখক বাসিম খানদাকজি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জন্মহার বাড়াতে বিভিন্ন উদ্যোগ নেওয়ার পরও নিম্ন জন্মহারের নতুন রেকর্ড করল দক্ষিণ কোরিয়া। এ নিয়ে টানা চারবার জনসংখ্যা হ্রাস পেল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৯ ফেব্রুয়ারি

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে 'পুলিশ সপ্তাহ ২০২৪' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাদের উদ্দেশে বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশে খুচরা ও পাইকারি বিদ্যুতের দাম বাড়ল। ইউনিটপ্রতি খুচরা বিদ্যুতের দাম ৮ টাকা ২৫ পয়সা থেকে বেড়ে ৮ টাকা ৯৫ পয়সা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বেইলি রোডে বহুতল ভবনে আগুন, ৪৩ জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (রিহ্যাব) সভাপতি নির্বাচিত হলেন জাপান গার্ডেন সিটির ব্যবস্থাপনা পরিচালক মো. ওয়াহিদুজ্জামান এবং সিনিয়র সভাপতি ব্রিকস ওয়ার্কস লিমিটেডের চেয়ারম্যান লিয়াকত আলী ভূইয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ত্রাণ সহায়তার জন্য অপেক্ষারতদের ওপর ইসরায়েলি সেনাবাহিনীর এলোপাতাড়ি গুলি, ১০৪ ফিলিস্তিনি নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সেনেগালে অভিবাসনপ্রত্যাশীদের বহনকারী একটি নৌকা ডুবে ২০ জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নির্বাচনের তিন সপ্তাহ পর শপথ নিলেন পাকিস্তানের পার্লামেন্টের নবনির্বাচিত সদস্যরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পশ্চিমা সেনারা ইউক্রেনের পক্ষে যুদ্ধে অংশ নিলে রাশিয়া পারমাণবিক অস্ত্র ব্যবহার করতে পারে বলে হুমকি দিলেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী বাছাইয়ে ইলিনয় অঙ্গরাজ্যে অনুষ্ঠেয় প্রাইমারি ভোটের ব্যালটে অযোগ্য ঘোষণা করা হলো সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কানাডার সাবেক প্রধানমন্ত্রী ব্রিয়ান মুলরোনির (৮৪) মৃত্যু। ব্রায়ান ১৯৮৪ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত দেশটির প্রধানমন্ত্রী ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ, ১ মার্চ ২০২৪

মার্চ

১ মার্চ

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বঙ্গভবনে আরও সাতজন প্রতিমন্ত্রীকে শপথবাক্য পাঠ করান। শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বেইলি রোডের আগুনে হতাহতের ঘটনায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ সর্বস্তরে শোক প্রকাশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় বিমা দিবস-২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা । সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারের উখিয়া ও টেকনাফের বিভিন্ন রোহিঙ্গা ক্যাম্প থেকে স্বেচ্ছায় নোয়াখালীর ভাসানচরে গেছেন আরও ১ হাজার ২৫০ জন রোহিঙ্গা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) 'জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ নির্দেশিকা'-এর প্রজ্ঞাপন প্রকাশ করেছে। তাতে বলা হয়েছে, ডিজেল-অকটেনের দামের ব্যবধান হবে ১০ টাকা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ ও ভারতের মধ্যে মেলবন্ধন সৃষ্টির লক্ষ্যে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত জেলা শিল্পকলা একডেমিতে গোপালগঞ্জে দুইদিনব্যাপী 'গঙ্গা-পদ্মা' আন্তর্জাতিক সাংস্কৃতিক উৎসব শুরু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানের নতুন সরকারকে স্বীকৃতি না দিতে মার্কিন কংগ্রেসের ৩১ জন সদস্য মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেনকে চিঠি লিখেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইতিহাসের ভয়াবহ দাবানলের কবলে পড়েছে যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্য। উত্তর টেক্সাসে ১ হাজার ৭০০ বর্গমাইল বা ৪ হাজার ৪০০ বর্গকিলোমিটার বনভূমিজুড়ে এ দাবানল চলছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার পূর্বাঞ্চলে ভস্তোচনি কসমোদ্রোম উৎক্ষেপণকেন্দ্র থেকে ইরানের গবেষণা স্যাটেলাইট 'পার্স-১' মহাকাশে পাঠানো হয়েছে। এর মাধ্যমে

৫০০ কিলোমিটার ওপর থেকে উপসাগরীয় দেশটির ভূতাত্ত্বিক জরিপ করা হবে। দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনকে এ তথ্য জানান ইরানের তথ্য ও যোগাযোগমন্ত্রী ইসা জারিপুর। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বিশ্বের ছোটো-বড়ো সবাই এখন কমবেশি স্থূলতা বা অতিরিক্ত ওজন সমস্যায় ভুগছেন। বর্তমানে এ সংখ্যা বেড়ে বিশ্বব্যাপী ১০০ কোটি ছাড়িয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) গবেষণায় এই তথ্য প্রকাশ করেছে ল্যানসেট মেডিক্যাল জার্নাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার বিরোধী নেতা ও প্রেসিডেন্ট পুতিনের কট্টর সমালোচক অ্যালেক্সেই নাভালনির মৃত্যুর দুই সপ্তাহ পর মস্কোয় শেষকৃত্য অনুষ্ঠিত হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তুরস্কের কাছে এফ-১৬ যুদ্ধবিমান বিক্রির অনুমোদন দিয়েছে মার্কিন সরকার। দেশটির কাছে যুদ্ধবিমান বিক্রির অনুমোদন বাতিলের প্রচেষ্টায় মার্কিন সিনেটে ভোটাভুটিতে প্রস্তাবের পক্ষে ৭৯টি এবং বিপক্ষে ১৩টি ভোট পড়ে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বের বৃহত্তম ও জনপ্রিয় ইন্টারনেট সার্চ ইঞ্জিন গুগলের কাছে ২৩০ কোটি ডলার ক্ষতিপূরণ চেয়ে মামলা করেছে ইউরোপের ১৩টি দেশের ৩২টি সংবাদপত্র। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ প্রিমিয়ার লীগের (বিপিএল) ফাইনালে কুমিল্লা ভিক্টোরিয়ান্সকে ৬ উইকেটে হারিয়ে প্রথমবার চ্যাম্পিয়ন ফরচুন বরিশাল। সূত্র: দৈনিক ইত্তেফাক

২ মার্চ

- জাতীয় সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনায় অংশ নেন জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন, সাবেক মন্ত্রী অ্যাডভোকেট শ ম রেজাউল করিম, পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রতিমন্ত্রী কুজেন্দ্র লাল ত্রিপুরা, সাবেক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, সরকারি দলের রমা চক্রবর্তী, সানজিদা খানম, আহমেদ ফিরোজ কবির, আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক, হাছিনা বারি চৌধুরী, মাহফুজা সুলতানা, পারভীন জামান ও মাসুদা সিদ্দীক রোজী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহী সেনানিবাসে বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্টাল সেন্টারে বাংলাদেশ সেনাবাহিনীর দ্বিতীয় বৃহত্তম রেজিমেন্ট, 'বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্ট' তথা 'পাপা বীর'-এর তৃতীয় পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বেইলি রোডের গ্রিন কোজি কটেজে অগ্নিকাণ্ডের ঘটনায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শোক প্রকাশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা চিঠিতে তিনি এ শোক প্রকাশ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশে ভোটার তালিকা হালনাগাদ নতুন তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। এ তালিকায় দেশে বর্তমানে মোট ভোটার ১২ কোটি ১৮ লাখ ৫০ হাজার ১৬০ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৬ কোটি ২১ লাখ ৪৪ হাজার ৫৮৭ জন এবং নারী ভোটার ৫ কোটি ৯৭ লাখ ৪ হাজার ৬৪১ জন। আর তৃতীয় লিঙ্গের ভোটার ৯৩২ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের অংশ হিসাবে কঙ্গো প্রজাতন্ত্রে বাংলাদেশ সেনাবাহিনীর একটি ও বিমানবাহিনীর দুটি কন্টিনজেন্টের মোট ২৫২ জন শান্তিরক্ষী প্রতিস্থাপন করতে যাচ্ছে। এরই অংশ হিসাবে ঢাকা ত্যাগ করেন মিশনে নিয়োজিত সেনা ও বিমানবাহিনীর সদস্যরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের গুচ্ছভুক্ত ২৪টি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার আবেদন গ্রহণ শেষ। এবার মোট ৩ লাখ ৫ হাজার ৩৪৬ জন শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চট্টগ্রামের শাহ আমানত বিমানবন্দরে সংযুক্ত আরব আমিরাতের শারজাহ থেকে আসা এয়ার এরাবিয়া এয়ারলাইন্সের বিমান থেকে সোয়া দুই কেজি স্বর্ণ উদ্ধার করেছে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বেইলি রোডের গ্রিন কোজি কটেজ ভবনে আগুনের ঘটনায় গ্রেফতার চারজনকে দুইদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- শিক্ষাবিদ ড. শাহেদার নেতৃত্বে জাতীয় প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে 'ডেমোক্রেটিক রিফর্মস পার্টি' (ডিআরপি) বা 'গণতান্ত্রিক সংস্কার পার্টি' গঠনের ঘোষণা দেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় বরিশাল শেবাচিম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এক নারী-সহ দুইজন এবং মঠবাড়িয়া হাসপাতালে একজনের মৃত্যু। এ তথ্য জানান বিভাগীয় স্বাস্থ্য পরিচালক (ভারপ্রাপ্ত) শ্যামল কৃষ্ণ মন্ডল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্র গাজায় মানবিক সহায়তার জন্য প্রথমবার তিনটি সামরিক বিমানের মাধ্যমে ৩০ হাজারের বেশি খাবারের প্যাকেট প্যারাসুটের মাধ্যমে ছেড়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের গাজা উপত্যকার দেইর এল-বালাহ শরণার্থীশিবির ও উত্তরাঞ্চলে জাবালিয়া শরণার্থীশিবিরে ইসরায়েলি বিমান হামলায় ১৭ জন ফিলিস্তিনি নিহত। ফিলিস্তিনের বার্তা সংস্থা ওয়াফার বরাত দিয়ে এ তথ্য জানায় আলজাজিরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইরানের দক্ষিণাঞ্চলীয় বন্দর চাবাহারে ৩৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে আফগানিস্তানের ক্ষমতাসীন তালেবান সরকার। সম্প্রতি তালেবান সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তাদের ইরান সফরের সময় দুদেশের মধ্যে এ বিষয়ে চুক্তি সই হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের পূর্বাঞ্চলীয় দোনেৎস্ক প্রদেশের গুরুত্বপূর্ণ শহর আভদিভকার পতনের পর অল্পসময়ের ব্যবধানে বড়ো রকমের প্রতিরোধ ছাড়াই বেশকিছু এলাকা দখল করেছেন রুশ সেনারা। রুশ আক্রমণে পিছু হটতে বাধ্য হচ্ছেন ইউক্রেনীয় সেনারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের পশ্চিমাঞ্চলীয় প্রদেশ রাখাইনের বন্দরনগরী সিত্তের কাছে মিওমা বাজারে সামরিক বাহিনীর গোলাবর্ষণে অন্তত ১২ জন নিহত। সেই সঙ্গে আহত ৮০ জনেরও বেশি মানুষ। এ ঘটনা নিশ্চিত করেছে জান্তাবিরোধী সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি (এএ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আফগানিস্তানের বিভিন্ন প্রদেশে প্রবল তুষারপাতের কারণে কমপক্ষে ১৫ জনের মৃত্যু এবং আহত আরও ৩০ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- আন্তর্জাতিক অপরিশোধিত জ্বালানি তেলের উভয় বেঞ্চমার্ক ব্রেন্ট ক্রুড এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের (ডব্লিউটিআই) দাম বেড়েছে ২ শতাংশ বা এরও বেশি। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩ মার্চ

- স্বাস্থ্য পরীক্ষার জন্য সংযুক্ত আরব আমিরাত ও যুক্তরাজ্যের উদ্দেশে ১০ দিনের সফরে ঢাকা ত্যাগ করেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ের (পিএমও) শাপলা হলে চারদিনব্যাপী 'জেলা প্রশাসকদের (ডিসি) সম্মেলন-২০২৪'-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সংসদ ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে ইরাকের বাগদাদ শরিফের মোতাওয়াল্লি হজরত শেখ খালিদ আবদুল কাদের মনসুর আল জিলানি (রহ.)-সহ প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গত এক যুগে প্রাথমিক বিদ্যালয়ে ২ লাখ ৩৮ হাজার ৫৭৯ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ দেওয়া হয়েছে। জাতীয় সংসদ অধিবেশনে আওয়ামী লীগের সদস্য এম আবদুল লতিফের প্রশ্নের লিখিত উত্তরে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রিজার্ভের অর্থ চুরির ঘটনায় ফিলিপাইনের রিজাল কমার্শিয়াল ব্যাংকের (আরসিবিসি) বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংকের দায়ের করা মামলা চলবে বলে জানিয়েছেন নিউইয়র্ক আদালত। একই সঙ্গে ব্যক্তিগত এক্তিয়ার না থাকায় আরও চারজন বিবাদীকে মামলা থেকে খারিজ করে দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসাবে ব্যাংকের মনোনীত ব্যক্তির যোগ্যতা যাচাইয়ের চার সদস্যবিশিষ্ট কমিটি গঠন করেছে বাংলাদেশ ব্যাংক। কমিটির নাম দেওয়া হয়েছে 'ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/পুনঃনিয়োগবিষয়ক মূল্যায়ন কমিটি'। সূত্র: দৈনিক ইত্তেফাক

- গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের সংরক্ষিত ফান্ডের লভ্যাংশের ২৫ কোটি টাকা আত্মসাৎ ও পাচারের অভিযোগে করা মামলায় নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ও অপর সাতজনের জামিন মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশে ভোক্তাপর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম আরেক দফা বৃদ্ধি। ১২ কেজির সিলিন্ডারের দাম ১ হাজার ৪৭৪ টাকা থেকে বাড়িয়ে ১ হাজার ৪৮২ টাকা নির্ধারণ করল বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বেইলি রোডে অগ্নিকাণ্ডের ঘটনায় সরব হলেন জনস্বার্থ মামলার আইনজীবীরা। হাইকোর্টের একাধিক বেঞ্চে এসব নির্দেশনা চেয়ে তিনটি রিট করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিপুল ভোটের ব্যবধানে পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজের (পিএমএল-এন) সভাপতি শাহবাজ শরিফ দ্বিতীয় মেয়াদে দেশটির প্রধানমন্ত্রী নির্বাচিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের সীমান্তবর্তী রাফাহ শহরের শরণার্থীশিবিরে আবারও ইসরায়েলি হামলায় ১৪ জন ফিলিস্তিনি নিহত এবং অনেকে ধ্বংসস্তূপের নিচে আটকা পড়েছে বলে স্থানীয় কর্তৃপক্ষ জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইরানের প্রবীণ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ কাশানির (৯২) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পোন্নাগাউন শহরে মিয়ানমার সেনাবাহিনীর একটি ঘাঁটি দখলেরও দাবি করেছে জান্তাবিরোধী সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি (এএ)। আরাকান আর্মির দখল করা ঘাঁটিটি জান্তা সরকারের লাইট ইনফ্যান্ট্রি ব্যাটালিয়ন (এলআইবি) ৫৫০-এর প্রধান ঘাঁটি হিসাবে পরিচিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সম্প্রতি দুবাইয়ে জেট স্যুট প্রস্তুতকারক প্রতিষ্ঠান গ্র্যাভিটি ইন্ডাস্ট্রিজ ও দুবাই স্পোর্টস কাউন্সিল যৌথভাবে প্রতিযোগিতাটির আয়োজন করে বিশ্বের প্রথম 'জেট স্যুট রেস'। বৈজ্ঞানিক কল্পকাহিনির মতোই আটজন প্রতিযোগীকে উড়তে দেখা গেছে এতে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আফগানিস্তান ও পাকিস্তানে গত কয়েকদিনের তুষারপাতে ৪৪ জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ক্রিমিয়া উপদ্বীপের বেশ কয়েকটি এলাকায় ৩৮টি ড্রোন হামলা চালায় ইউক্রেন। তবে রাশিয়ার বিমান প্রতিরক্ষাব্যবস্থা ওই ড্রোনগুলো ধ্বংস করে বলে দাবি রুশ প্রতিরক্ষামন্ত্রীর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ দ্বীপরাষ্ট্র মালদ্বীপের কাছে নতুন নৌঘাঁটি গাড়তে যাচ্ছে ভারত। দ্বীপরাষ্ট্রটিতে মোতায়েন ভারতীয় সেনাদের প্রত্যাহারের আগেই ঘাঁটি প্রতিষ্ঠার বিষয়টি জানিয়েছে ভারতের নৌবাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজা উপত্যকার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ফিলিস্তিনি ভূখণ্ডের উত্তরাঞ্চলে অবস্থিত কামাল আদবান হাসপাতালে পানিশূন্যতা ও অপুষ্টিতে ১৫ শিশুর মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

৪ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পিলখানার বীর-উত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ড বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) দিবস উপলক্ষ্যে আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানে যোগ দেন। প্রধানমন্ত্রী অনুষ্ঠানে কুচকাওয়াজ শেষে বীরত্বপূর্ণ ও কৃতিত্বপূর্ণ কাজের জন্য ৭২ জনকে পদক পরিয়ে দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সংসদ ভবন কার্যালয়ে আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) বাংলাদেশের জলবায়ু পরিবর্তনবিষয়ক আইনজীবী ড. পায়াম আখভান সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকা মহানগর পুলিশ ও সিটি করপোরেশনের ভ্রাম্যমাণ আদালতের নেতৃত্বে রাজধানীর ঝুঁকিপূর্ণ রেস্তোরাঁগুলোয় সাঁড়াশি অভিযান চালিয়েছে। এ অভিযানের প্রথম দিন রাজধানীর বিভিন্ন এলাকায় অর্ধশত রেস্তোরাঁয় অভিযান চালিয়ে ৫২ জনকে আটক করেছে। এক ডজনেরও বেশি রেস্তোরাঁয় সিলগালা করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর অগ্নিঝুঁকিপূর্ণ হিসাবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের চিহ্নিত আবাসিক, বাণিজ্যিক ভবন-স্থাপনার সামনে দৃশ্যমান জায়গায় 'সতর্কতা নোটিশ' টাঙাতে বা প্রদর্শন করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- রাজধানীর বেইলি রোডের গ্রিন কোজি কটেজে আগুন লেগে ৪৬ জনের মৃত্যুর ঘটনায় আগুনে প্রাণহানির ঘটনায় স্বরাষ্ট্র সচিব, পুলিশ মহাপরিদর্শক, রাজউক, ফায়ার সার্ভিস ও বুয়েটের বিশেষজ্ঞের সমন্বয়ে কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চট্টগ্রামে এস আলম রিফাইন্ড সুগার মিলস লিমিটেডে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এর ফলে কারখানার গুদামে রক্ষিত প্রায় এক লাখ টন অপরিশোধিত চিনি পুড়ে গেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সংসদে টেবিলে উপস্থাপিত প্রশ্নোত্তরে সরকারদলীয় সংসদ সদস্য এম আবদুল লতিফের এক প্রশ্নের জবাবে রেলপথমন্ত্রী জিল্লুল হাকিম জানিয়েছেন, ২০২২ সালের জানুয়ারি থেকে এ পর্যন্ত রেলপথে ১৭০টি দুর্ঘটনা ঘটেছে এবং এসব ঘটনায় ৪৯ জনের প্রাণহানি ঘটে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিরাজগঞ্জ শহিদ এম মনসুর আলী মেডিক্যাল কলেজের মেডিসিন বিভাগের শিক্ষক ডা. রায়হান শরিফ গুলি করেছে ওই মেডিক্যাল কলেজের ফরেনসিক বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী তমালকে। এ ঘটনায় শিক্ষক ডা. রায়হান শরিফকে আটক করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনকে টাউরুস ক্ষেপণাস্ত্র সরবরাহের বিষয়ে জার্মান বিমানবাহিনীর কর্মকর্তাদের গোপন আলোচনার রেকর্ডিং ফাঁস করে রাশিয়া জার্মানিতে আলোড়ন সৃষ্টি করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠীর দুই জোট পিপলস ডিফেন্স ফোর্সেস (পিডিএফ) এবং আর্মড অরগানাইজেশন্সের (ইআও) কাছে গত তিনদিনের যুদ্ধে আরও তিনটি ঘাঁটি এবং ২০ জন সেনা হারিয়েছে দেশটি। এ নিয়ে চার মাসে বিদ্রোহীদের কাছে ৪০টিরও বেশি শহরের নিয়ন্ত্রণ হারিয়েছে জান্তা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজার জাবালিয়ায় কবরস্থানে বিমান হামলা করে ইসরায়েল। এ ঘটনায় বহু কবর ক্ষতিগ্রস্ত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- এডেন উপসাগরে হুতি বিদ্রোহীদের ছোড়া ক্ষেপণাস্ত্র আঘাত হানার দুই সপ্তাহ পর ডুবে গেল ব্রিটিশ মালিকানাধীন পণ্যবাহী জাহাজ রুবিমার।

এরপর আরও ব্রিটিশ জাহাজকে হামলার নিশানা করার হুমকি দিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- উত্তর কোরিয়ার পারমাণবিক হুমকির বিরুদ্ধে প্রস্তুতি জোরদার করতে বার্ষিক সামরিক মহড়া শুরু করেছে যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়া। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে চলতি বছরের নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দলীয় প্রার্থী বাছাইয়ে লড়াইয়ে অংশ নিতে পারবেন বলে রায় দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- এশিয়ার শীর্ষ ধনী ভারতীয় ব্যবসায়ী মুকেশ আম্বানির ছোটো ছেলে অনন্ত আম্বানির বিবাহপূর্ব অনুষ্ঠান বিশ্বে আলোড়ন সৃষ্টি করেছে। গুজরাটের জামনগরে আম্বানির রিসোর্টে এ অনুষ্ঠানের জন্য খরচ হয় ১৫ কোটি মার্কিন ডলারের (প্রায় ১৬৫০ কোটি টাকা) বেশি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশের পৃথক পৃথক অংশে প্রবল বৃষ্টি ও তুষারপাতের সঙ্গে সম্পর্কিত বিভিন্ন ঘটনায় ১৮ শিশু-সহ ৩০ জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে শ্রীলঙ্কার কাছে ৩ রানে হারল বাংলাদেশ ক্রিকেট দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৫ মার্চ

- দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের সমাপন বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে ডি-৮ ট্রেড মিনিস্টার্স কাউন্সিলে অংশগ্রহণকারী প্রতিনিধিদল সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রমজান মাস সামনে রেখে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ-সহ পাঁচ বিষয়ে সতর্ক থাকার বিশেষ নির্দেশনা দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব মো. তোফাজ্জল হোসেন মিয়ার সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মেলন কক্ষে পবিত্র রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুত, সরবরাহ ও মূল্য পরিস্থিতি এবং ইদুলফিতরে মানুষের ঈদযাত্রা

যানজটমুক্ত ও স্বচ্ছন্দময় করা-সহ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে পর্যালোচনা সংক্রান্ত সভায় এ বিষয়ে সচিবদের সতর্ক থাকার নির্দেশনা ও পরামর্শগুলো তুলে ধরেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল উত্থাপিত 'আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) (সংশোধন)' বিলটি কণ্ঠভোটে পাশ হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশে প্রথমবার জাতীয় সংসদে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী উত্থাপিত 'অফশোর ব্যাংকিং আইন, ২০২৪' বিলটি কণ্ঠভোটে পাশ হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর গুলশান থানার মামলায় দণ্ডপ্রাপ্ত বিএনপির ভাইস চেয়ারম্যান, সাবেক এমপি মেজর (অব.) মো. হাফিজ উদ্দিন আহমেদ বীরবিক্রমকে জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চট্টগ্রামে কর্ণফুলির তীরে এস আলম গ্রুপের অপরিশোধিত চিনির গুদামে আগুন লাগার পর ফায়ার সার্ভিসের ১৫টি ইউনিট প্রায় সাড়ে ছয় ঘণ্টার চেষ্টায় রাত ১১ টার দিকে আগুন নিয়ন্ত্রণে এলেও পুরোপুরি নেভানো যায়নি গুদামে রক্ষিত কাঁচামালে লাগা আগুন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- এক ঘণ্টার বেশি সময় (বাংলাদেশ রাত ৯টার পর থেকে প্রায় সাড়ে ১০টা) নিষ্ক্রিয় থাকার পর সক্রিয় হয়েছে মেটার আওতাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বিভিন্ন রেস্তোরাঁ ও ভবনে অগ্নিনির্বাপকব্যবস্থার ঘাটতি খুঁজতে অভিযান পরিচালনা করছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। এরই ধারাবাহিকতায় অভিযানে বেইলি রোডে সিলগালা করা হলো সুলতান'স ডাইন ও নবাবী ভোজ রেস্টুরেন্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিরাজগঞ্জে শহিদ এম মনসুর আলী সরকারি মেডিক্যাল কলেজের ক্লাসরুমে শিক্ষকের গুলিতে ছাত্র আহত হওয়ার ঘটনায় দ্বিতীয় দিনেও কলেজ ক্যাম্পাসে শিক্ষার্থীরা ক্লাস বর্জন, বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- দুই হাজার কোটি টাকা পাচারের মামলায় অনলাইন নিউজ পোর্টাল ঢাকা টাইমস পত্রিকার সম্পাদক মোহাম্মাদ আরিফুর রহমান ওরফে দোলনের জামিন নাকচ করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন ঢাকা মহানগরের জ্যেষ্ঠ বিশেষ জজ আস-সামছ জগলুল হোসেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাপ্তাহিক 'হলিডে'র সম্পাদক সৈয়দ কামাল উদ্দিন আহমেদের (৮৫) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনি ছিটমহল গাজার উত্তরাংশের শিশুরা অনাহারে মারা যাচ্ছে বলে জানিয়েছেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রধান তেদ্রোস আধানোম গ্যাব্রিয়েসুস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের দুই প্রদেশ খাইবার পাখতুনখাওয়া ও বেলুচিস্তানে আকস্মিক তুষারপাত, বজ্রবিদ্যুৎ-সহ ঝড় হিমশীতল বৃষ্টিতে ২২ জন শিশু-সহ ৪০ জনের প্রাণহানি। সেই সঙ্গে আহত কয়েক ডজন মানুষ, জানিয়েছে দেশটির স্থানীয় প্রশাসন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্বের প্রথম দেশ হিসাবে গর্ভপাতকে সাংবিধানিক অধিকার হিসাবে স্বীকৃতি দিয়েছে ফ্রান্স। নারীদের গর্ভপাতের 'স্বাধীনতাকে নিশ্চয়তা' দিয়ে ফ্রান্সের ১৯৫৮ সালের সংবিধানে সংশোধনী আনার জন্য ভোট দেন দেশটির পার্লামেন্টের সদস্যরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনকে রাশিয়ার অংশ হিসাবে আখ্যায়িত করেছেন রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট ও বর্তমানে নিরাপত্তা পরিষদের ডেপুটি চেয়ারম্যান দিমিত্রি মেদভেদেভ। একই সঙ্গে ইউক্রেনের বর্তমান নেতৃত্বের সঙ্গে যেকোনো ধরনের শান্তি আলোচনাও প্রত্যাখ্যান করেছেন মেদভেদেভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মালদ্বীপের সঙ্গে 'সামরিক সহায়তা' চুক্তি স্বাক্ষর করল চীন। বিনামূল্যে সামরিক সহায়তা প্রদানের জন্য চীন মালদ্বীপের সঙ্গে এ চুক্তি সই করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দুর্নীতি ও মানবাধিকার লঙ্ঘনের দায়ে জিম্বাবুয়ের প্রেসিডেন্ট এমারসন নানগাগওয়ার ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। এছাড়া একই অভিযোগে দেশটির ফার্স্ট লেডি, ভাইস প্রেসিডেন্ট, প্রতিরক্ষামন্ত্রী-সহ অন্যান্য নেতার ওপরও নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- পাকিস্তানের নবনির্বাচিত প্রধানমন্ত্রী শাহবাজ শরিফকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অভিনন্দন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টেসলা ও এক্সের মালিক ইলন মাস্ককে সরিয়ে বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তির মুকুট এখন ই-কমার্স জায়ান্ট অ্যামাজনের প্রতিষ্ঠাতা জেফ বেজোসের। ব্লুমবার্গ বিলিয়নিয়ারস ইনডেক্সের তথ্য প্রকাশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কাঠমান্ডুর ললিতপুরের আনফা কমপ্লেক্সে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপে ভারতকে ৩-১ গোলে হারিয়ে ফাইনালে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৬ মার্চ

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন স্বাস্থ্য পরীক্ষার জন্য সংযুক্ত আরব আমিরাত থেকে যুক্তরাজ্য পৌঁছান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) ফোর্সের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে র‍্যাব সদর দপ্তর কুর্মিটোলায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মিলন-২০২৪' উপলক্ষ্যে আয়োজিত নৈশভোজ অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সিরাজগঞ্জে শহিদ এম মনসুর আলী মেডিক্যাল কলেজের শিক্ষার্থী তমালকে গুলি করার ঘটনায় অভিযুক্ত শিক্ষক ডা. রায়হান শরীফ বরখাস্ত। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বিভিন্ন এলাকা থেকে দুইদিনে কিশোর গ্যাংয়ের ৭৫ সদস্য আটক করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) গোয়েন্দা (ডিবি) বিভাগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চট্টগ্রামে এস আলম গ্রুপের অপরিশোধিত চিনির গুদামে আগুন লাগার দুইদিনেও নিয়ন্ত্রণে আসেনি। অপরিশোধিত চিনির গলিত বর্জ্যে পাশের কর্ণফুলি নদীর পানি দূষিত হয়ে পড়ায় বিভিন্ন রকম মাছ ও জলজ প্রাণী মরে ভেসে উঠতে শুরু করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- যুক্তরাষ্ট্রে আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে দেশটির ১৫টি রাজ্যের একযোগে অনুষ্ঠিত হয় 'সুপার টুয়েসডে'। অনুষ্ঠিত সুপার টুয়েসডেতে বিজয়ী বর্তমান ডেমোক্রেটিক প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়া ও চীন ২০৩৩ থেকে ২০৩৫ সালের মধ্যে চাঁদে একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনের কথা বিবেচনা করছে বলে জানান রাশিয়ার মহাকাশ সংস্থা রসকসমসের প্রধান ইউরি বরিসোভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনকে এক মিলিয়ন বোমা বিনামূল্যে সরবরাহ করবে না ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ইইউ-এর মার্কেটের কমিশনার থিয়োর ব্রেটন ফ্রান্স ইনফাকে এ তথ্য জানিয়েছে। প্রতিশ্রুতি পূরণের মিথ্যা অভিযোগ তোলায় থিয়োর ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির কড়া সমালোচনা করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার বিরোধী নেতা অ্যালেক্সি নাভালনি স্বাভাবিকভাবে মারা গেছেন–টেলিভিশন সাক্ষাৎকারে দেশটির পররাষ্ট্রবিষয়ক গোয়েন্দা সংস্থা এসভিআর-এর প্রধান সের্গেই এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনের প্রধানমন্ত্রী লি চিয়াং দেশটির ন্যাশনাল পিপলস কংগ্রেসের বার্ষিক সম্মেলনের শুরুর দিন ২০২৪ সালের বাজেট ঘোষণা করেন। এ বছর প্রতিরক্ষা বাজেটে ৭ দশমিক ২ শতাংশ বাড়াচ্ছেন বলে জানান লি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- এক ঘণ্টা ফেসবুক বন্ধ থাকার ঘটনায় মেটার শেয়ারের দাম ১.৫ শতাংশ কমে যায়। জাকারবার্গের প্রায় ১০০ মিলিয়ন ডলারের সমপরিমাণ ক্ষতি হয়েছে, যা বাংলাদেশি মুদ্রায় (বর্তমান বাজার দর অনুসারে) ১ হাজার ৯৮ কোটি টাকারও বেশি। ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) প্রতিষ্ঠাতা এবং সাবেক প্রধানমন্ত্রী জুলফিকার আলী ভুট্টো (প্রয়াত) 'ন্যায্য বিচারের' সুযোগ পাননি–পাকিস্তানের প্রধান বিচারপতি (সিজেপি) কাজী ফয়েজ ঈসার নেতৃত্বে শীর্ষ আদালতের ৯ সদস্যের বেঞ্চ সাজা পুনর্বিবেচনা এবং ভুট্টোর মৃত্যুর বিষয়ে এ মন্তব্য করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- থাইল্যান্ডের ১ কোটিরও বেশি মানুষ বায়ুদূষণজনিত রোগে আক্রান্ত হয়েছে। দেশটির জাতীয় অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন পরিষদ (এনইএসডিসি) এ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- উত্তর কোরিয়ার পারমাণবিক হুমকির বিরুদ্ধে প্রস্তুতি জোরদার করতে যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়া সামরিক মহড়া শুরু করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত দ্বিতীয় টি-২০ ফরম্যাটে শ্রীলঙ্কাকে ৮ উইকেটে হারিয়েছে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৭ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওসমানী স্মৃতি মিলনায়তনে ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওসমানী স্মৃতি মিলনায়তনে ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ শুধু আমাদের নয়, এটি বিশ্ব ঐতিহ্য' বলে মন্তব্য করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- টুঙ্গিপাড়া উপজেলা হেলিপ্যাড মাঠে বিভিন্ন স্কুলের এক হাজার ১০৮ শিক্ষার্থীর কণ্ঠে একযোগে ধ্বনিত হলো ১৯ মিনিটের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ২০২৪-২৫ সালের নির্বাচন সম্পন্ন। সভাপতি পদে নির্বাচিত হলেন ব্যারিস্টার এএম মাহবুব উদ্দিন খোকন ও সম্পাদক শাহ মঞ্জুরুল হক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ এবং অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের প্রতিষ্ঠান গ্রামীণ কল্যাণকে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) দাবীকৃত অবশিষ্ট ১১৯ কোটি টাকা আয়কর দিতে হবে বলে রায় ঘোষণা হাইকোর্টের। বিচারপতি মোহাম্মদ খুরশীদ আলম সরকার ও বিচারপতি সরদার মো. রাশেদ জাহাঙ্গীরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রেমিট্যান্স প্রবাহে গতি ও ব্যাংকগুলোর মধ্যে মুদ্রার অদলবদলের (কারেন্সি সোয়াপ) সুবাদে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়ে ২১

দশমিক ১৫ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। এ তথ্য জানায় বাংলাদেশ ব্যাংক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- জ্বালানি তেলের দাম কমল অকটেন ৪ টাকা, পেট্রোল ৩ টাকা ও ডিজেল ৭৫ পয়সা। এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পবিত্র ওমরাহ পালন করতে গিয়ে সৌদি আরব থেকে দেশে ফিরেননি ৫৬৮ জন। নয়াপল্টনে এক হোটেলে ২০২৪-২৬ মেয়াদে হজ অ্যাসোসিয়েসন বাংলাদেশের (হাব) কার্যনির্বাহী পরিষদের দায়িত্বভার গ্রহণের অনুষ্ঠানে হাবের সভাপতি এমএম শাহাদাত হোসাইন তসলিম এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় চলমান যুদ্ধে ইসরায়েলি বর্বরতাকে বর্তমান সভ্যতার কলঙ্ক। চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই এক সংবাদ সম্মেলনে এ মন্তব্য করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনে ক্ষেপণাস্ত্র হামলা আরও জোরদার করেছে রাশিয়া। ইউক্রেনের ওডেসা নগরীতে রুশ ক্ষেপণাস্ত্র হামলায় পাঁচজন নিহত। এ ঘটনায় অল্পের জন্য প্রাণে বেঁচে যান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এবং গ্রিসের প্রধানমন্ত্রী কিরিয়াকোস মিৎসোতাকিস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- 'যেকোনো সময়, যেকোনো জায়গায় তিনি বাইডেনের সঙ্গে বিতর্কের জন্য প্রস্তুত'–মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে টিভি বিতর্কের জন্য চ্যালেঞ্জ ছুড়ে দেন দেশটির সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান পার্টির সদস্য ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের পশ্চিমাঞ্চলীয় প্রদেশ রাখাইনে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির (এএ) সঙ্গে সংঘাতে জান্তা বাহিনীর দুই কর্নেল, এক মেজর-সহ ২৩ সেনা সদস্য নিহত। এক বিবৃতিতে এ তথ্য জানায় আরাকান আর্মি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশটির সংবিধানে কাশ্মীরের 'বিশেষ মর্যাদা' প্রত্যাহারের পর প্রথমবার কাশ্মীর পৌঁছান। জম্মু-কাশ্মীরের গ্রীষ্মকালীন রাজধানী শ্রীনগরের রক্সি স্টেডিয়ামের জনসভায় ভাষণে মোদি বলেন, 'এটা নতুন কাশ্মীর। এ কাশ্মীর দেখার জন্য দশকের পর

দশক অপেক্ষায় ছিলাম। বিকশিত ভারত প্রকল্পে জম্মু-কাশ্মীর অগ্রাধিকার পাবে।' সূত্র: দৈনিক ইত্তেফাক

- যুদ্ধের প্রস্তুতি জোরদার করার নির্দেশ দিয়েছেন উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতা কিম জং উন। পূর্ব এশিয়ার দেশটির পশ্চিমাঞ্চলীয় সামরিক ঘাঁটি প্রদর্শনের পর এ নির্দেশ দেন কিম জং উন। সূত্র: দৈনিক ইত্তেফাক

৮ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'আন্তর্জাতিক নারী দিবস-২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠানে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ পাঁচ জয়িতাকে সম্মাননা তুলে দেন। পুরস্কারপ্রাপ্তরা হলেন ময়মনসিংহের আনার কলি (অর্থনীতি), রাজশাহীর কল্যাণী মিঞ্জি (শিক্ষা ও চাকরি), সিলেটের চা-শ্রমিক কমলী রবি দাশ (সফল মা), বরগুনার জাহানারা বেগম (নিপীড়ন প্রতিরোধ) ও খুলনার পাখি দত্ত হিজড়া (সামাজিক উন্নয়ন)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ফ্রান্সের ন্যাশনাল অ্যাসেম্বলি আয়োজিত 'উইমেন স্পিকার্স সামিট' উপলক্ষ্যে প্যারিসে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও কুশল বিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রমজানে সারা দেশের সব মসজিদে একই পদ্ধতিতে খতমে তারাবি নামাজ পড়ার আহ্বান জানিয়ে ইসলামিক ফাউন্ডেশনের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মালয়েশিয়ায় বাংলাদেশি কর্মী নিয়োগে সহায়তাকারী সংস্থাগুলোর পরিষেবা তথ্য এজেন্সি সহায়তা লাগবে না। এতে বাংলাদেশি শ্রমিকদের আর্থিক ব্যয় অনেক কমবে বলে আশা করেছেন মালয়েশিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী দাতুক সেরি সাইফুদ্দিন নাসুশন ইসমাইল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বীর মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট সাংবাদিক সৈয়দ আহমেদ অটলের (৭১) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের আগে স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণ দিলেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে দেশটির সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান পার্টির সদস্য ডোনাল্ড ট্রাম্পের প্রতি ক্ষোভ প্রকাশ করেন জো বাইডেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্র থেকে আলাদা নতুন দেশ গড়তে চাইছে টেক্সাস। আবারও টেক্সাসকে আলাদা স্বাধীন দেশ হিসাবে ফিরে পেতে চাইছেন স্থানীয় বাসিন্দাদের কেউ কেউ। যুক্তরাষ্ট্র থেকে টেক্সাসের বিচ্ছিন্ন হওয়ায় এ প্রক্রিয়াকে তারা নাম দিয়েছে 'টেক্সিট'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কানাডার রাজধানী অটোয়ায় ছুরি হামলায় চার শিশু-সহ এক মা নিহত। এ ঘটনায় শ্রীলঙ্কার ফেবরিও ডি জয়সাকে (১৯) গ্রেফতার করেছে কানাডা পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নাইজেরিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলের এক স্কুলে হামলা চালিয়ে কমপক্ষে ২৮৭ শিক্ষার্থীকে অপহরণ করেছে বন্দুকধারীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আফগানিস্তানে ক্ষমতার পালাবদলের প্রায় আড়াই বছর পর নতুন করে কূটনৈতিক তৎপরতা শুরু করল ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাকিস্তান-আফগানিস্তান-ইরানবিষয়ক যুগ্মসচিব জেপি সিংহ-সহ ভারতীয় কূটনীতিকদের একটি দল মুত্তাওয়াকিলের সঙ্গে বৈঠক করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্রিটেনের প্রতিরক্ষামন্ত্রী গ্রান্ট শ্যাপসের কিয়েভ সফরকালে ব্রিটিশ সরকারের পক্ষে রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে ব্যবহারের জন্য ইউক্রেনকে ১০ হাজার টন ড্রোন দেওয়ার ঘোষণা দিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতে 'আন্তর্জাতিক নারী দিবস-২০২৪'-এর 'উপহার' হিসাবে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) সিলিন্ডারের দাম ১০০ রুপি কমানোর ঘোষণা দিলেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- এলিজাবেথ জেন ক্যারল নামে এক নারীকে ধর্ষণ ও মানহানির মামলায় যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান পার্টির সদস্য ডোনাল্ড ট্রাম্পকে ৮ কোটি ৩৩ লাখ ডলার (প্রায় ৯১৫ কোটি টাকা) ক্ষতিপূরণ দিতে গত জানুয়ারিতে নির্দেশ দিয়েছেন দেশটির ফেডারেল আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক

৯ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে তার সম্পাদিত 'সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' শীর্ষক বই প্রকাশের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- রাজধানীর ইঞ্জিনিয়ারিং ইনিস্টিটিউশনে অনুষ্ঠিত জাতীয় পার্টির (জাপা) (একাংশ) জাতীয় সম্মেলনে চেয়ারম্যান নির্বাচিত রওশন এরশাদ এবং মহাসচিব হিসাবে নির্বাচিত হলেন কাজী মামুনুর রশীদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কুমিল্লা সিটি করপোরেশনের (কুসিক) প্রথম নারী মেয়র নির্বাচিত হলেন ডা. তাহসিন বাহার সূচনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ময়মনসিংহ সিটি করপোরেশন নির্বাচনে বেসরকারি ফলাফলে টেবিল ঘড়ি প্রতীকের প্রার্থী ইকরামুল হক টিটু লক্ষাধিক ভোটের ব্যবধানে জয়লাভ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মেরামত শেষে ১৬ দিন পর বাংলাদেশ-চীন মৈত্রী সেতু-১ (পোস্তগোলা ব্রিজ) খুলে দিয়েছে সওজ কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সত্তরের দশকের গল্পকার ও কবিতাকর্মী, 'পানশালার সবুজ ফেরেশতা' খ্যাত কবি ইকবাল আজিজের (৬৯) মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তান পিপলস পার্টির কো-চেয়ারপারসন আসিফ আলি জারদারি দ্বিতীয়বার দেশটির প্রেসিডেন্ট নির্বাচিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পশ্চিমা সামরিক জোট ন্যাটোর তিন নেতৃস্থানীয় দেশ যুক্তরাষ্ট্র, জার্মানি ও ফ্রান্সে পরমাণু বোমা হামলার পরামর্শ দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ঘনিষ্ঠ ক্রেমলিনের পৃষ্ঠপোষকতায় পরিচালিত রুশ গণমাধ্যমের অন্যতম খ্যাতনামা সাংবাদিক ও টিভি উপস্থাপক ভ্লাদিমির সোলোভিয়ভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতে লোকসভা নির্বাচন সামনে রেখে ৩৯ প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করেছে কংগ্রেস। তালিকায় রয়েছেন দলের সাবেক সভাপতি রাহুল গান্ধী; কেরালার ওয়েনাড থেকে লড়বেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাম্প্রতিক জান্তা-বিদ্রোহী গোষ্ঠীর সংঘাতের জেরে মিয়ানমারের যেসব নাগরিক সীমান্ত পেরিয়ে ভারতে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের উত্তরপূর্বাঞ্চলীয় রাজ্য মণিপুর থেকে প্রথম দফায় নিজ দেশে ফেরত পাঠাচ্ছে ভারত সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে সমর্থন জানান হাঙ্গেরির ডানপন্থি জাতীয়তাবাদী প্রধানমন্ত্রী ভিক্টর অরবান। ফ্লোরিডায় ট্রাম্পের সঙ্গে বৈঠকের পর এ কথা জানান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

১০ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেস সচিব বীর মুক্তিযোদ্ধা ইহসানুল করিম (৭৩) ইন্তেকাল করেন। তার মৃত্যুতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক প্রকাশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন রমজানে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়ে জারি করা পৃথক দুটি প্রজ্ঞাপন স্থগিত করেছেন হাইকোর্ট। ফলে পুরো রমজান দেশের সব প্রাথমিক এবং সরকারি-বেসরকারি নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নোয়াখালীর কোম্পানীগঞ্জের শাহজাদপুর-সুন্দরপুর গ্যাসক্ষেত্রের ৩ নম্বর কূপে মিলেছে গ্যাসের সন্ধান। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স)-এর ব্যবস্থাপনা পরিচালক মো. শোয়েব এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাবেক সিনিয়র সচিব শরিফা খানকে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর বেইলি রোডের ভয়াবহ আগুনে নিহত গণমাধ্যমকর্মী অভিশ্রুতি শাস্ত্রী ওরফে বৃষ্টি খাতুনের বাবা সবুজ শেখ এবং মা বিউটি খাতুনের দেওয়া ডিঅক্সিরাইবো নিউক্লিক অ্যাসিড (ডিএনএ) নমুনার সঙ্গে মিলেছে বৃষ্টি খাতুনের ডিএনএ। সিআইডির ফরেনসিক বিভাগের ডিআইজি একেএম নাহিদুল ইসলাম গণমাধ্যমকে এ বিষয়টি নিশ্চিত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সৌদি আরবের আকাশে পবিত্র রমজান মাসের চাঁদ দেখা যাওয়ায় রমজান শুরুর সময় ঘোষণা করেছে দেশটির সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সৌদি আরবে এক সপ্তাহে সীমান্ত নিরাপত্তা আইন লঙ্ঘনের অভিযোগে ২৩ হাজারের বেশি অবৈধ অভিবাসীকে গ্রেফতার করেছে দেশটির কর্তৃপক্ষ। সৌদি প্রেস এজেন্সির বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে আরব নিউজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলি বাহিনীর হামলায় গত পাঁচ মাসে এক হাজারের বেশি মসজিদ ধ্বংস করেছে বলে জানিয়েছে স্থানীয় কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির ফেসবুক ও ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট বাতিল করেছে মেটা। এ ঘটনাকে অবৈধ ও অনৈতিক বলে তীব্র নিন্দা জানিয়েছে ইরান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- খালিস্তানপন্থি নেতা হরদীপ সিং নিজ্জরের হত্যাকাণ্ডের ভিডিও কানাডার বিভিন্ন টেলিভিশন চ্যানেলে দেখানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নেপালে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপের ফাইনালে টাইব্রেকারে ৩-২ গোলের ব্যবধানে ভারতকে হারিয়ে শিরোপা জিতল বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১১ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ', 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ' এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিজ্ঞানী, গবেষক ও শিক্ষার্থীদের বিশেষ গবেষণার অনুদানের চেক বিতরণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সুপ্রিম কোর্টের আইনজীবী সমিতির নির্বাচনে সহিংসতার ঘটনায় তিনজন সহকারী অ্যাটর্নি জেনারেল–অ্যাডভোকেট কাজী বশির আহমেদ, অ্যাডভোকেট জাকির হোসেন মাসুদ ও অ্যাডভোকেট শ্যামা আক্তারকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে আইন মন্ত্রণালয়ের সলিসিটর বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের আকাশে রমজান মাসের চাঁদ দেখা গেছে। ফলে আজ থেকে শুরু হয়েছে রমজান মাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রম আইন লঙ্ঘন মামলায় শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের জামিনের মেয়াদ ১৬ এপ্রিল পর্যন্ত বাড়িয়েছেন ঢাকার শ্রম আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নূরুল হককে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) নতুন উপাচার্য নিয়োগ দিয়েছে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) আবাসিক হলে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত ছাত্রলীগ নেতা মোস্তাফিজুর রহমান-সহ ছয়জনের শাস্তি স্থায়ী করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের আরাকান আর্মির গোলাগুলোর মুখে টিকতে না পেরে সেখান থেকে আবারও পালিয়ে সে দেশের ১৭৯ জন বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) সদস্য বান্দরবানের নাইক্ষ্যংছড়ির জামছরির বিওপি (বর্ডার আউট পোস্ট) এলাকা দিয়ে বাংলাদেশে প্রবেশ করে। এসব বিজিপি সদস্যকে বিজিবি হেফাজতে নেওয়া হয়েছে। বিজিবি সূত্রে এ তথ্য জানা যায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) একাংশের সভাপতি পদে যৌথভাবে নির্বাচিত হয়েছেন সোহেল হায়দার চৌধুরী ও সাজ্জাদ আলম খান তপু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৫ মার্চ শেরপুরের নকলা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাদিয়া উম্মুল বানিনের কাছে তথ্য অধিকার আইনে তথ্য চেয়ে আবেদনের রিসিভড কপি চাওয়ায় ক্ষিপ্ত হয়ে দৈনিক দেশ রূপান্তরের সাংবাদিক শফিউজ্জামান রানাকে ওই ইউএনও তাৎক্ষণিক ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাকে ছয় মাসের জেল দেওয়ার ঘটনায় নিন্দা জানিয়েছে সাংবাদিক পরিষদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিরাজগঞ্জে শহিদ এম মনসুর আলী সরকারি মেডিক্যাল কলেজের ক্লাসরুমে শিক্ষকের গুলিতে ছাত্র আরাফাত আমিন তমাল আহত হওয়ার ঘটনায় কলেজের শিক্ষক (প্রভাষক) ডা. রায়হান শরিফের পাঁচদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বেইলি রোডের ভয়াবহ আগুনে নিহত গণমাধ্যমকর্মী অভিশ্রুতি শাস্ত্রী ওরফে বৃষ্টি খাতুনের মা-বাবার সঙ্গে ডিঅক্সিরাইবো নিউক্লিক অ্যাসিড (ডিএনএ) নমুনার সঙ্গে মিলে যাওয়ায় ঢাকা মেডিক্যাল কলেজ মর্গ থেকে বৃষ্টি খাতুনের মরদেহ তার বাবার কাছে হস্তান্তর করে সিআইডি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্বের সব মুসলমানের প্রতি পবিত্র রমজান উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ফ্লোরিডায় যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের পর হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর ওরবান দেশটির এমওয়ান টেলিভিশন চ্যানেলে জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্প আবার নির্বাচিত হলে রাশিয়ার বিরুদ্ধে লড়াইয়ে ইউক্রেনকে কোনো তহবিল দেবেন না। যুক্তরাষ্ট্র অর্থ না দিলে ইউরোপীয়রা একা যুদ্ধের খরচ চালাতে পারবে না। ফলে যুদ্ধের ইতি ঘটবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের দক্ষিণ ওডেসা অঞ্চলকে লক্ষ্য করে রাশিয়ার ছোড়া ২৫টি ড্রোনের ১৫টিই গুলি করে ভূপাতিত করেছে ইউক্রেনের বিমান প্রতিরক্ষা বাহিনী। এদিকে তৃতীয়বার ইউক্রেন সফর স্থগিত করল ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পবিত্র রমজান মাসের প্রথম দিন গাজায় নৃশংসতার মাত্রা আরও বৃদ্ধি করেছে দখলদার ইসরায়েল। উপত্যকার বিভিন্ন জায়গায় একাধিক বিমান হামলা চালায় দেশটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে জমকালো আয়োজনে অস্কারের ৯৬তম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস অনুষ্ঠান শুরু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে ৮ ফেব্রুয়ারির নির্বাচন ঘিরে কারচুপি, ফল নিয়ে কারসাজি ও জনরায় চুরির অভিযোগে দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) কর্মী-সমর্থকরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পর্তুগালের সাধারণ নির্বাচনে বিজয় দাবি করেছে মধ্য ডানপন্থি ডেমোক্রেটিক অ্যালায়েন্স (এডি)। প্রকাশিত ফলে দুই প্রতিপক্ষ মধ্য ডানপন্থি ডেমোক্রেটিক অ্যালায়েন্স ও মধ্য বামপন্থি সমাজতান্ত্রিক পার্টি প্রায় ২৯ শতাংশ ভোট পেয়েছে। পিএসের চেয়ে সামান্য ভোটে এগিয়ে এডি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ধর্মঘটে অচল দক্ষিণ কোরিয়ার হাসপাতালগুলোয় সামরিক চিকিৎসা মোতায়েনের ঘোষণা দিয়েছে দেশটির সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১২ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় সংশোধিত বার্ষিক

উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) কমেছে ১৮ হাজার কোটি টাকা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- দেশের উত্তর জনপদের জেলা লালমনিরহাট ভারত সীমান্তবর্তী এলাকার 'বুড়িমারী এক্সপ্রেস' চালু হলো। বুড়িমারী স্টেশন থেকে বুড়িমারী-ঢাকা, এক্সপ্রেস ট্রেনটির আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন লালমনিরহাট জেলা আওয়ামী লীগের সভাপতি ১৭ লালমনিরহাট-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মোতাহার হোসেন এমপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কেএসআরএম গ্রুপের এমভি আবদুল্লাহ নামে বাংলাদেশের পতাকাবাহী জাহাজটি মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে ভারত মহাসাগরে সোমালিয়ার জলদস্যুদের কবলে পড়ে। জাহাজের ২৩ জন নাবিক নিরাপদে আছেন। কেএসআরএম গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেরুল করিম গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রমজানে দেশের সব মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক পর্যায়ের সব কলেজ ২৫ মার্চ পর্যন্ত খোলা থাকবে। আর প্রাথমিক বিদ্যালয় রমজানের প্রথম ১০ দিন খোলা থাকবে বলে আদেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বেইলি রোডের গ্রিন কোজি কটেজে লাগা আগুনের ঘটনায় নিহত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাজমুল ইসলামের মরদেহ নিহতের বাবা নজরুল ইসলামের কাছে হস্তান্তর করেন সিআইডি ঢাকা মেট্রো দক্ষিণের পরিদর্শক মাসুদ পারভেজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইদুলফিতর উপলক্ষ্যে ৭-১৮ এপ্রিল সিএনজি স্টেশন সার্বক্ষণিক খোলা থাকবে। এর আগে ১২ মার্চ থেকে ৬ এপ্রিল পর্যন্ত বিকাল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত সিএনজি স্টেশন বন্ধ রাখার নির্দেশনা দিয়েছিল বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পবিত্র রমজান উপলক্ষ্যে ৫৯৫ টাকায় গোরুর মাংস বিক্রির ঘোষণা দিয়েছেন রাজধানীর খিলগাঁওয়ের 'খলিল গোশত বিতান'-এর ব্যবসায়ী খলিলুর রহমান। এ কার্যক্রমের উদ্‌বোধন করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক এএইচএম সফিকুজ্জামান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- শেরপুরের নকলা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) নির্দেশে তথ্য অধিকার আইনে আবেদনের পর মামলা থেকে ভ্রাম্যমাণ আদালতে দণ্ডিত সাংবাদিক শফিউজ্জামান রানাকে বেকসুর খালাসের রায় দিয়েছেন শেরপুর জেলা ভ্রাম্যমাণ আপিল আদালতের বিচারক ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) জেবুন নাহার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ৬১ কেজি সোনা জব্দ করার মামলায় সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের নেতা রিয়াজ উদ্দিন-সহ ১১ জনকে খালাস দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিয়ানমার থেকে পালিয়ে আসা ১৭৯ বিজিপি সদস্যকে নাইক্ষ্যংছড়ি বর্ডার গার্ড প্রাইমারি স্কুলে স্থাপন করা অস্থায়ী ক্যাম্পে রাখা হয়েছে। বাংলাদেশের (বিজিবি) সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা মো. শরিফুল ইসলাম এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- লোকসভা নির্বাচন সামনে রেখে দেশটিতে সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) কার্যকরের ঘোষণা দিয়েছে ভারত সরকার। দেশটির কেন্দ্রীয় সরকার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- করোনা মহামারির প্রথম দুই বছরে বিশ্বব্যাপী মানুষের গড় আয়ু ১ দশমিক ৬ বছর কমেছে। যুক্তরাষ্ট্রভিত্তিক ইনস্টিটিউট ফর হেলথ মেট্রিক্স অ্যান্ড ইভালুয়েশনের (আইএইচএমই) গবেষণায় এ তথ্য প্রকাশিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ক্যারিবিয়ান অঞ্চলের দেশটিতে কয়েক সপ্তাহ ধরে সহিংসতার পাশাপাশি চাপ বেড়ে চলার প্রেক্ষাপটে হাইতির প্রধানমন্ত্রী এরিয়েল হেনরি পদত্যাগ করেছেন। গায়ানার প্রেসিডেন্ট ও ক্যারিবিয়ান কমিউনিটির চেয়ারম্যান মোহাম্মদ ইরফান আলি এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের নতুন পররাষ্ট্রমন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন ক্ষমতাসীন জোট সরকারের বৃহত্তম শরিক পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজের (পিএমএল-এন) জ্যেষ্ঠ নেতা ইসহাক দার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নির্ধারিত সময়ের আগেই মালদ্বীপ থেকে সৈন্য ফিরিয়ে নিতে শুরু করেছে ভারত। মালদ্বীপের মিহারু সংবাদপত্রের খবরে বলা হয়েছে, দেশটির সর্বদক্ষিণের আদ্দু দ্বীপে মোতায়েন ২৫ ভারতীয় সৈন্য এরই

মধ্যে মালদ্বীপ ছেড়েছেন। দুই পক্ষের সমঝোতা অনুসারে ১০ মে ভারতীয় সৈন্য প্রত্যাহার শুরুর কথা ছিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সৌদি আরবের সঙ্গে দীর্ঘদিনের বিরোধ মিটিয়ে এক সপ্তাহেরও কম সময়ের মধ্যে চীন ও রাশিয়ার সঙ্গে যৌথ সামরিক মহড়া শুরু করেছে ইরান। কর্মকর্তারা এ তথ্য জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইয়েমেনের পশ্চিমাঞ্চলে হোদেইদাহ ও রাস ইসা বন্দর-সহ কয়েকটি ছোটো শহরে মার্কিন-ব্রিটিশ বাহিনীর বিমান হামলায় ১১ জন নিহত। এসব হামলায় আরও ১৪ জন আহত হয়েছেন বলে দেশটির আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারের এক মুখপাত্র এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ মার্চ

- ভারত মহাসাগর থেকে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহর প্রধান কর্মকর্তা মো. আতিক উল্লাহ খান স্ত্রীর কাছে একটি অডিয়ো বার্তা পাঠিয়েছেন–'সোমালিয়া উপকূলের দিকে যাচ্ছে এমভি আবদুল্লাহ। মুক্তিপণ না দিলে সবাইকে এক এক করে মেরে ফেলার হুমকি দিয়েছে সোমালিয়ান জলদস্যুরা। এই বার্তাটা সবাইকে পৌঁছে দিও।' সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে জলদস্যুদের কবলে পড়া জাহাজ এমভি আবদুল্লাহ ও নাবিকদের বিপন্মুক্ত দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া অসুস্থবোধ করায় আবারও তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- 'শ্রমিকদের কর্মপরিবেশ ও জীবনমান উন্নয়নে সরকারের প্রচেষ্টা অব্যাহত থাকবে'–সুইজারল্যান্ডের জেনেভায় আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) গভর্নিং বডির ৩৪৭তম অধিবেশনে ২০২১-২৬ মেয়াদের রোডম্যাপের আলোকে এ অঙ্গীকার ব্যক্ত করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পবিত্র রমজান উপলক্ষ্যে ফিলিস্তিনের গাজায় খাদ্য ও চিকিৎসাসামগ্রী পাঠিয়েছে বাংলাদেশ। মিসরের আল আজহার বিশ্ববিদ্যালয়ভিত্তিক সংস্থা

আল আজহার জাকাত অ্যান্ড চ্যারিটি হাউজের মাধ্যমে এ ত্রাণ পাঠানো হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ৩৪ বছর আগে রাজধানীর সিদ্ধেশ্বরী এলাকায় বহুল আলোচিত বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) গবেষক সগিরা মোর্শেদ হত্যা মামলায় দুই আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড এবং তিনজনকে বেকসুর খালাস দিয়েছেন আদালত। পাশাপাশি তাদেরকে ৫০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ডের আদেশ দেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে ২৪ মার্চ ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু করতে যাচ্ছে বাংলাদেশ রেলওয়ে। শতভাগ টিকিট বিক্রি হবে অনলাইনে। ট্রেনের অগ্রিম টিকিট নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বাংলাদেশ রেলওয়ের ভারপ্রাপ্ত মহাপরিচালক সরদার সাহাদাত আলী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বরেণ্য রবীন্দ্রসংগীতশিল্পী ও সুরকার সাদি মহম্মদ (৬৯) ইন্তেকাল করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নির্বাচনের দুদিন আগে বার্তা সংস্থা আরআইএ ও রোশিয়া-ওয়ান টেলিভিশনকে দেওয়া সাক্ষাৎকারে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন যুক্তরাষ্ট্র-সহ পশ্চিমা বিশ্বকে সতর্ক করে বলেছেন, রাশিয়া সামরিক-প্রযুক্তিগত দিক থেকে পরমাণু যুদ্ধের জন্য প্রস্তুত। যুক্তরাষ্ট্র ইউক্রেনে সৈন্য পাঠালে তা যুদ্ধের উল্লেখযোগ্য তীব্রতা বৃদ্ধি হিসাবে বিবেচনা করা হবে বলেও মন্তব্য করেন পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে অর্থনৈতিক সংকটে দেশের নাজুক পরিস্থিতিতে সরকারি কোষাগার থেকে বেতন না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন দেশটির নবনির্বাচিত প্রেসিডেন্ট আসিফ আলি জারদারি। প্রেসিডেন্টের প্রেস উইং বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২০২২ সালে বিশ্বব্যাপী ৫ বছরের কম বয়সি শিশুমৃত্যুর হার এ যাবৎকালের মধ্যে সবচেয়ে কম। আগের তুলনায় বিশ্বব্যাপী শিশুমৃত্যুর সংখ্যা ৪৯ লাখে নেমে এসেছে। জাতিসংঘের ইন্টার-এজেন্সি গ্রুপ ফর চাইল্ড মরটালিটি এস্টিমেশন (ইউএনআইজিএমই) এ তথ্য প্রকাশ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- রাশিয়ার আক্রমণ মোকাবিলায় ইউক্রেনের জন্য আবারও বিপুল পরিমাণ সামরিক সহায়তা প্যাকেজ ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র। নতুন এ সহায়তা প্যাকেজের পরিমাণ ৩০০ মিলিয়ন মার্কিন ডলার। হোয়াইট হাউজে যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভান সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাঁচ মাসেরও বেশি সময় ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে আগ্রাসন চালাচ্ছে ইসরায়েল। হামলায় ভূখণ্ডটিতে নিহতের সংখ্যা ছাড়িয়েছে ৩১ হাজার। নিহতদের বেশির ভাগই নারী ও শিশু। মূলত গাজায় নিহত শিশুর সংখ্যা এতটাই বেশি যে, তা বিশ্বজুড়ে ৪ বছরের সংঘাতে যত সংখ্যক শিশু নিহত হয়েছে, এর তুলনায় বেশি। ফিলিস্তিনি শরণার্থীবিষয়ক জাতিসংঘের সংস্থার প্রধান ফিলিপ লাজারিনি এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের রাখাইনের দ্বীপশহর রামরির নিয়ন্ত্রণ নেওয়ার দাবি করেছে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি। চীনের বিশেষ অর্থনৈতিক অঞ্চলের কাছেই রামরির অবস্থান হওয়ায় এটিও একটি গুরুত্বপূর্ণ শহরের তালিকায় আছে। মিয়ানমারের সংবাদমাধ্যম দ্য ইরাবতি এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্বজুড়ে চ্যালেঞ্জের মুখে পড়েছে যুক্তরাষ্ট্রের শ্রেষ্ঠত্ব। আন্তর্দেশীয় চ্যালেঞ্জ ও আঞ্চলিক সংঘাত এর অন্যতম কারণ হিসাবে দেখা দিয়েছে। মার্কিন জাতীয় গোয়েন্দা সংস্থা (এনআই), কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা (সিআইএ) ও কেন্দ্রীয় তদন্ত ব্যুরো (এফবিআই) দেশটির সিনেট গোয়েন্দা কমিটির কাছে এ প্রতিবেদন জমা দিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজা উপত্যকায় ইসরায়েলি বাহিনীর অভিযানের প্রতিবাদে ওয়াশিংটনে ইসরায়েলি দূতাবাসের সামনে নিজের গায়ে আগুন দিয়ে আত্মঘাতী হওয়া মার্কিন সেনা অ্যারন বুশনেলের প্রতি সম্মান জানিয়ে তার নামে একটি সড়কের উদ্‌বোধন করা হয়েছে ফিলিস্তিনের পশ্চিম তীর এলাকার জেরিকো শহরে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানে পাইলট ও কেবিন ক্রুদের রোজা না রাখার নির্দেশ দিয়েছে দেশটির জাতীয় বিমান সংস্থা পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স

(পিআইএ)। এ বিষয়ে এয়ারলাইন্সটির কেবিন ক্রু সদস্যদের কাছে বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুষ্ঠিত ওয়ানডেতে শ্রীলঙ্কার বিপক্ষে ৬ উইকেটে জয়লাভ করে বাংলাদেশ ক্রিকেট দল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৪ মার্চ

- স্বাস্থ্য পরীক্ষা শেষে যুক্তরাজ্য থেকে দেশে ফিরলেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন । সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় পাট দিবস-২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠানে ছয়টি জুটমিল ও বহুমুখী পাটপণ্যের মেলা-২০২৪ উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া রাজধানীর এভারকেয়ার হাসপাতালে একদিন চিকিৎসার পর গুলশানের বাসায় ফিরেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারত মহাসাগরে ২৩ নাবিক-সহ জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ সোমালিয়ার কাছাকাছি নোঙর করেছে। তবে জাহাজ ছিনতাই হওয়ার প্রায় দুইদিন পার হলেও এখন পর্যন্ত দস্যুরা কোনো মুক্তিপণ দাবি করেনি বলে পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারত মহাসাগরে জলদস্যুদের কবলে পড়া বাংলাদেশি জাহাজ 'এমভি আবদুল্লাহ' ও ২৩ নাবিককে উদ্ধার করতে এদের পিছু নিয়েছে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মেরিটাইম সিকিউরিটি ফোর্সের একটি যুদ্ধজাহাজ। এ সময় জলদস্যু ও ইইউ-এর জাহাজে থাকা নৌসেনাদের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে বিশ্ববিদ্যালয়ের জরুরি বিশেষ সিন্ডিকেট সভায় মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক সাজান সাহাকে চূড়ান্তভাবে বরখাস্ত এবং একই বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক রেজুয়ান আহমেদ শুভ্রকে সাময়িকভাবে বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সম্প্রতি রাশিয়ার হুমকি উপেক্ষা করে পশ্চিমাদের সামরিক জোট নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশনে (ন্যাটো) ফিনল্যান্ডের যোগ দেওয়ায় দেশটির সীমান্তে সেনা মোতায়েনের ঘোষণা দিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। রুশ বার্তা সংস্থা রিয়াকে দেওয়া সাক্ষাৎকারে পুতিন এ কথা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তার সহযোগীদের বিরুদ্ধে আনা নির্বাচনে হস্তক্ষেপের ছয়টি অভিযোগ খারিজ করে দিয়েছেন জর্জিয়ার একজন বিচারক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আফ্রিকার দেশ নাইজেরিয়ায় উত্তরাঞ্চলীয় কানো প্রদেশে পবিত্র রমজানে রোজা না রাখা ১১ জন মুসলমানকে গ্রেফতার করেছে দেশটির ইসলামিক পুলিশ। মূলত আফ্রিকার এই দেশটির একটি প্রদেশে রোজার মাসে দিনের বেলা খাবার খেতে দেখার পর বেশ কয়েকজনকে গ্রেফতার করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সামরিক প্রশিক্ষণ অনুশীলন তত্ত্বাবধানকালে 'নতুন ধরনের যুদ্ধ ট্যাংক' উদ্‌বোধন করেছেন উত্তর কোরিয়ার নেতা কিম জং উন। যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার যৌথ মহড়ার পরই নতুন এই ট্যাংক উন্মোচন করল উত্তর কোরিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) প্রতিষ্ঠাতা জুলফিকার আলী ভুট্টোর মৃত্যুদণ্ড কার্যকরের ৪৪ বছর পর এ রায় প্রত্যাহারের প্রস্তাব পাশ হলো দেশটির পার্লামেন্টে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পোলিশ পররাষ্ট্রমন্ত্রী রাডোস্লা সিকোরস্কি ৫০টিরও বেশি দেশ থেকে রাষ্ট্রদূতদের প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়েছেন। জারি করা এক বিবৃতিতে জানানো হয়, পূর্ববর্তী সরকার কর্তৃক নিয়োগকৃত প্রায় এক ডজন প্রার্থীকে প্রত্যাহার করা হবে। প্রধানমন্ত্রী ডোনাল্ড টাস্কের অনুমোদন পাওয়ার পর এই প্রত্যাহার প্রক্রিয়া শুরু করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন সেনাবাহিনীর নিয়োগ বিধিতে সংস্কার আনার পরিকল্পনা ঘোষণা করেছে। দেশটির সেনাবাহিনীতে প্রথমবার নারীদের বাধ্যতামূলক যোগদানের ঘোষণা

করেছে। একই সঙ্গে সেনাবাহিনীতে বাধ্যতামূলকভাবে কাজ করার মেয়াদও বাড়ানো হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালিয়েছে ইয়েমেনের ইরান সমর্থিত সশস্ত্র হুতি বিদ্রোহী গোষ্ঠী। ধারণা করা হচ্ছে, এ ক্ষেপণাস্ত্র লোহিতসাগর, এডেন উপসাগর ও আরবসাগরে অভিযান পরিচালনা করার জন্য ব্যবহার করতে পারে ইরান সমর্থিত গোষ্ঠীটি। হুতি গোষ্ঠীর ঘনিষ্ঠ সামরিক সূত্রের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে রাশিয়ার রাষ্ট্রীয় সংবাদমাধ্যম আরআইএ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আফগানিস্তানে তিন সপ্তাহ ধরে অতি তুষারপাত ও বৃষ্টিতে ৬০ জনের মৃত্যু হয়েছে এবং আরও ২৩ জন নানা দুর্ঘটনায় আহত হয়েছেন। দেশটির দুর্যোগবিষয়ক মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নাইজেরিয়ায় কাদুনা রাজ্যের চিকুন জেলার কুরিগা গ্রামের একটি স্কুল থেকে ২৮৭ শিশুকে অপহরণ করেছে দুর্বৃত্তরা। তাদের মুক্তিতে স্থানীয় মুদ্রায় ১০০ কোটি নাইরা (৬ কোটি ৮২ লাখ টাকা প্রায়) মুক্তিপণ দাবি করেছে অপহরণকারীরা। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৫ মার্চ

- জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসাবে ২০২৪ সালের স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন ১০ বিশিষ্ট ব্যক্তি। মন্ত্রিপরিষদ বিভাগের এক বিজ্ঞপ্তিতে স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারত মহাসাগরে জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহকে সোমালিয়ার উপকূলে নোঙর করার একদিনের মাথায় সেটিকে অন্যত্র সরিয়ে নিচ্ছে দস্যুরা। জাহাজটির মালিক প্রতিষ্ঠান কেএসআরএম গ্রুপের মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর অ্যাডভোকেট গোলাম আরিফ টিপুর (৯৩) মৃত্যু। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- পবিত্র রমজান উপলক্ষ্যে মাছমাংস-সহ ২৯টি নিত্যপণ্যের দাম বেঁধে দিয়েছে সরকার। এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রয়াত প্রিন্সেস অব ওয়েলস ডায়ানা দ্য লিগ্যাসি অ্যাওয়ার্ডের ২৫তম বার্ষিকীতে অ্যাওয়ার্ড পেয়েছেন বিশ্বজুড়ে ২০ জন। পুরস্কারপ্রাপ্তদের মধ্যে নাফিরা নাঈম আহমদ ও শামীম আহমেদ মৃধা নামক দুই বাংলাদেশি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জমি খারিজ সংক্রান্ত তথ্য জানতে চাওয়ায় লালমনিরহাটে পাঁচ সাংবাদিককে নিজ অফিসে আটকে রেখে অকথ্য ভাষায় গালাগাল করে জেলে পাঠানোর হুমকি দেওয়ার অভিযোগে সহকারী কমিশনার (ভূমি) আব্দুল্লাহ-আল-নোমান সরকারকে প্রত্যাহার করেছে লালমনিরহাট জেলা প্রশাসক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফেসবুকে পোস্ট দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরোজ অবন্তিকার আত্মহত্যা। এ ঘটনায় সহকারী প্রক্টর দ্বীন ইসলাম ও সহপাঠী আম্মান সিদ্দিকীকে সাময়িকভাবে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ায় প্রেসিডেন্ট নির্বাচনে ভোটগ্রহণ শুরু হয়েছে। প্রেসিডেন্ট নির্বাচনে অনলাইনে ভোট দিলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) নিয়ে গভীর উদ্‌বেগ প্রকাশ করেছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন বলেছে, কীভাবে এ আইন প্রণয়ন করা হবে, এদিকে নজর রাখা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দুই মাসের জন্য গাজায় যুদ্ধবিরতির প্রস্তাব দিয়েছে ইসরায়েল। দেশটি কাতার ও মিশরের মধ্যস্থতাকারীদের মাধ্যমে বিবেচনার জন্য এ প্রস্তাব ফিলিস্তিনি সশস্ত্র সংগঠন হামাসের কাছে ইতোমধ্যে পাঠানো হয়েছে। ইসরায়েল তা সরাসরি প্রত্যাখ্যান করে। ইসরায়েলের সংবাদমাধ্যম টাইমস অব ইসরায়েল জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পবিত্র রমজান মাসকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমে ভিক্ষা করছেন মধ্যপ্রাচ্যের দেশ আরব আমিরাতের ভিক্ষুকরা। এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম গাল্‌ফ নিউজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- লিবিয়া থেকে ইউরোপ যাওয়ার পথে ভূমধ্যসাগরে ৬০ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু। আর ২৫ জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। সমুদ্রে নিয়োজিত ইউরোপীয় মানবিক সংস্থা এসওএস মেডিটারেনের জাহাজ ওই অভিবাসনপ্রত্যাশীদের উদ্ধার করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের অর্থনীতিবিদ এবং প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের অর্থনৈতিক উপদেষ্টা মোহাম্মদ মস্তফাকে দেশটির নতুন প্রধানমন্ত্রী হিসাবে নিয়োগ দিয়েছেন ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে ত্রাণের জন্য অপেক্ষমাণ গাজাবাসীর ওপর হামলা চালিয়েছে ইসরায়েলি সামরিক বাহিনী। গাজার পৃথক দুটি স্থানে ত্রাণপ্রার্থীদের ওপর ইসরায়েল এ হামলা চালায়। এ ঘটনায় কমপক্ষে ২৯ জন নিহত এবং দেড় শতাধিক আহত। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের লোকসভা নির্বাচনের আগে দেশটিতে পেট্রোল ও ডিজেলের দাম ২ রুপি করে আবগারি শুল্ক কমানোর সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুষ্ঠিত ওয়ানডে সিরিজে বাংলাদেশ ক্রিকেট দলের বিপক্ষে দ্বিতীয় ওয়ানডেতে ৩ উইকেটের জয় তুলে সিরিজে সমতায় ফিরেছে শ্রীলঙ্কা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৬ মার্চ

- সাবেক মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী ঝিনাইদহ-১ আসনের সংসদ-সদস্য ও জেলা আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই (৭২) ইন্তেকাল করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মধ্যস্থতাকারীদের মাধ্যমে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ ও এর ২৩ নাবিককে মুক্ত করতে প্রস্তুত রয়েছে জাহাজ মালিক কর্তৃপক্ষ। তবে সোমালীয় জলদস্যুদের হাতে এমভি আবদুল্লাহ ছিনতাই হওয়ার পর পাঁচদিন অতিবাহিত হলেও এখনো এ ব্যাপারে কোনো সুনির্দিষ্ট উপায় খুঁজে পাওয়া যায়নি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরুজ সাদাফ অবন্তিকার আত্মহত্যা প্ররোচনার অভিযোগে ওই বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দ্বীন ইসলাম ও

সহপাঠী রায়হান সিদ্দিকী আম্মানকে আটক করেছে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- কুমিল্লায় সন্ত্রাসীদের গুলিতে কলেজছাত্র জামিল হাসান অর্ণব হত্যার ঘটনায় পুলিশ ঘটনাস্থল ও আশপাশের বাড়িঘরে থাকা সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করে ২৫ জনের নাম-পরিচয় শনাক্ত করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পকে সমর্থন দেবেন না–ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে দেশটির সাবেক ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় উপত্যকার হাসপাতালগুলোতে ডাক্তাররা বলছেন, এখন গাজায় যেসব বাচ্চা জন্মাচ্ছে তারা ছোটো ও অসুস্থ হয়ে জন্ম নিচ্ছে। মায়েরা মৃত বাচ্চা প্রসব করছেন এবং পর্যাপ্ত অ্যানেসথেশিয়া ছাড়াই প্রসূতি নারীদের অস্ত্রোপচার করতে হচ্ছে। জেরুজালেম থেকে ভিডিও কনফারেন্সে এসব কথা বলেন ফিলিস্তিনে জাতিসংঘের জনসংখ্যা তহবিলের (ইউএনএফপিএ) প্রতিনিধি ডমিনিক অ্যালেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের বন্দরনগরী ওডেসায় ব্যতিক্রমী হামলা চালিয়েছে রাশিয়া। হামলায় অন্তত ২০ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জলবায়ু পরিবর্তন বা পরমাণু যুদ্ধ ঘটে গেলেও পৃথিবী মঙ্গল গ্রহের থেকে অনেক বেশি বাসযোগ্য থাকবে। তাই মঙ্গলে যাওয়ার জন্য এত অর্থ ব্যয় না করে পৃথিবীর জন্য সেই অর্থ বিনিয়োগ করা উচিত। ফ্রান্সের রাজধানী প্যারিসের এক জলবায়ু সংক্রান্ত সম্মেলন থেকে সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী তথা আপ-প্রধান অরবিন্দ কেজরিওয়ালের আগাম জামিন মঞ্জুর করেছেন দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তুরস্কের উত্তর-পশ্চিম প্রদেশে কানাক্কেলের উপকূলে রাবারের তৈরি শরণার্থীদের নৌকা ডুবে ৭ শিশু-সহ ২২ জনের মৃত্যু। দেশটির স্থানীয় গভর্নরের কার্যালয় এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৭ মার্চ

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে বঙ্গভবনের দরবার হলে বিশেষ দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে টুঙ্গিপাড়ায় শিশু-কিশোর সমাবেশে পুরস্কার বিতরণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জীবন রক্ষায় দেশের বাইরে চিকিৎসা ও তার স্থায়ী মুক্তি চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করেন তার ভাই শামীম ইস্কান্দার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারত মহাসাগরে জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ ও ২৩ নাবিককে উদ্ধারে সংশ্লিষ্ট বিমা প্রতিষ্ঠানকে দায়িত্ব দেওয়া হয়েছে। বিদেশি ওই বিমা কোম্পানি এখন মধ্যস্থতাকারীর পক্ষের সঙ্গে যোগাযোগ করে পরবর্তী ব্যবস্থা নেবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অতি গরমে রেললাইনের স্লিপার বাঁকা হয়ে ঢাকা-চট্টগ্রাম রেলপথে কুমিল্লার নাঙ্গলকোটে চট্টগ্রাম থেকে জামালপুরগামী আন্তঃনগর বিজয় এক্সপ্রেস ট্রেনের ৯টি বগি লাইনচ্যুত হয়ে ৩০ যাত্রী আহত। এ ঘটনায় চট্টগ্রামের সঙ্গে ঢাকা-সিলেট-ময়মনসিংহের রেলযোগাযোগ ৬ ঘণ্টা বন্ধ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কুমিল্লায় অটোরিকশা স্ট্যান্ডের দখল নিয়ে দুপক্ষের সংঘর্ষে গুলিতে কলেজছাত্র জামিল হাসান অর্ণব নিহতের ঘটনায় বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মামলার প্রধান আসামি শুটার ফজলে রাব্বি ও মো. সমুন-সহ ১২ জনকে গ্রেফতার করেছে র‍্যাব ও পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পঞ্চমবার রাশিয়ার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন দেশটির বর্তমান প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। নির্বাচনের প্রকাশিত ফলে ৮৭ শতাংশ ভোট পেয়েছেন পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ওহাইও অঙ্গরাজ্যের জনসভায় দেশটির সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে তিনি নির্বাচিত না হলে রক্তের বন্যা বয়ে যাবে সারা দেশে। ৫ নভেম্বরের নির্বাচনকে মার্কিন ইতিহাসে

সবচেয়ে গুরুত্বপূর্ণ দিন হিসাবে অভিহিত করেন ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সোমালিয়ার জলদস্যুদের কবল থেকে এমভি রুয়েন নামের বাল্ক ক্যারিয়ারের মাল্টার পতাকাবাহী জাহাজটিকে ১৭ নাবিক-সহ উদ্ধার করেছে ভারতীয় নৌবাহিনী। এ সময় জাহাজটিতে থাকা ৩৫ জলদস্যুর সবাই আত্মসমর্পণ করেছেন। ধারণা করা হচ্ছে, এই জাহাজ থেকেই জলদস্যুরা বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহকে নিজেদের দখলে নিয়েছে। তারা জাহাজটি সোমালিয়া উপকূলে নিয়ে নিজেদের নিয়ন্ত্রণে রেখেছে। সামাজিক যোগাযোগমাধ্যম এক্স পোস্টে এ তথ্য জানিয়েছে ভারতীয় নৌবাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৮ মার্চ

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির বক্তব্য দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) শুভেচ্ছাদূত হিসাবে চারদিনের সফরে ঢাকা পৌঁছান সুইডেনের ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত সুইডেনের ক্রাউন প্রিন্সেস (রাজকুমারী) ভিক্টোরিয়া রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত আয়ারল্যান্ডের এন্টারপ্রাইজ, বাণিজ্য ও কর্মসংস্থানমন্ত্রী সাইমন কভেনির নেতৃত্বে উচ্চপর্যায়ের প্রতিনিধিদল গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে দায়ের করা মামলায় শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের ছয় মাসের সাজা ও অর্থদণ্ড শ্রম আপিল ট্রাইব্যুনালে স্থগিতের আদেশ বাতিল করেছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বাংলাদেশি পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহ এবং জিম্মি নাবিকদের জলদস্যুদের হাত থেকে মুক্ত করতে সোমালি পুলিশ এবং আন্তর্জাতিক নৌবাহিনী অভিযানের প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছে দেশটির পান্টল্যান্ড অঞ্চলের পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সমরেশ মজুমদার মেমোরিয়াল ফাউন্ডেশন ও প্রকাশনা সংস্থা আবিষ্কার প্রবর্তিত সমরেশ মজুমদার সাহিত্য পুরস্কার-২০২৪ পেলেন বাংলা একাডেমির সভাপতি ও বরেণ্য কথাসাহিত্যিক সেলিনা হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কুমিল্লার নাঙ্গলকোটে আন্তঃনগর বিজয় এক্সপ্রেস দুর্ঘটনার প্রায় ১৫ ঘণ্টা পর ঢাকা-সিলেট-ময়মনসিংহ রুটে রেলযোগাযোগ স্বাভাবিক হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম ও টেলিভিশন বিভাগের প্রভাষক আবু সাহেদ ইমনের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ এনেছেন একই বিভাগের ছাত্রী কাজী ফারজানা মিম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সৌদি আরবের রাজধানী রিয়াদে বাদশাহ আব্দুল আজিজ পাবলিক লাইব্রেরির আয়োজনে প্রদর্শিত হচ্ছে ৪২টি বিরল কুরআন শরিফ। এসব কুরআনের মাধ্যমে ফুটে উঠেছে ইসলামিক ক্যালিগ্রাফি এবং অলংকরণ। রিয়াদের আল মুরাবা কোয়ার্টারে কুরআন শরিফগুলো রাখা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- খাবার না পেয়ে ফিলিস্তিনি শিশুরা তীব্র অপুষ্টিতে ভুগছে। পরিস্থিতি এমন ভয়াবহ পর্যায়ে পৌঁছেছে যে অনাহারে শিশুদের শরীরে কান্না করার মতো শক্তিও নেই। জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা ইউনিসেফের নির্বাহী পরিচালক ক্যাথরিন রাসেল এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আফগানিস্তানে পাকিস্তানের দুটি বিমান হামলায় আটজন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাপানের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, দেশটিতে একাধিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে উত্তর কোরিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সংকটে জর্জরিত হাইতি থেকে নিজ দেশের নাগরিকদের সরিয়ে নিচ্ছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৯ মার্চ

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) উপাচার্য অধ্যাপক আলিমুজ্জামানের নেতৃত্বে প্রতিনিধিদল বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার প্রেসিডেন্ট পদে পুনরায় নির্বাচিত হওয়ায় ভ্লাদিমির পুতিনকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পবিত্র রমজান উপলক্ষ্যে সরকারের কৃষি বিপণন অধিদপ্তর থেকে খুচরা পর্যায়ে ২৯টি নিত্যপণ্যের দাম নির্ধারণ করাকে অবিবেচনা, অসার, অর্থহীন ও কল্পনাপ্রসূত আখ্যা দিয়েছে বাংলাদেশ দোকান মালিক সমিতি। একই সঙ্গে তারা কৃষি বিপণন অধিদপ্তরকেই নির্ধারণ করে দেওয়া দামে পণ্যগুলো বিক্রি করার দাবি জানিয়েছেন। তারা প্রধানমন্ত্রীর কাছে সাত দফা দাবি পেশ করার কথা জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে সফররত ইউএনডিপির শুভেচ্ছাদূত ও সুইডেনের রাজকুমারী ভিক্টোরিয়া জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত খুলনার উপকূলীয় উপজেলা কয়রার বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৩৩তম বিসিএস-এর এক প্রার্থীর স্থগিত ফল প্রকাশ করেছে। কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী, তাকে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের প্রভাষক (ইতিহাস) পদে সাময়িকভাবে মনোনয়ন প্রদান করা হলো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। এবার প্রথম হয়েছেন রাজধানীর নটর ডেম কলেজের শিক্ষার্থী আদনান আহমেদ তামিম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সোনালী ব্যাংকের ঋণ জালিয়াতির ঘটনায় দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় হলমার্ক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. তানভীর মাহমুদ ও স্ত্রী জেসমিন ইসলাম-সহ ৯ জনের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। পাশাপাশি তানভীর মাহমুদ ও জেসমিন ইসলামকে ৫ কোটি টাকা অর্থদণ্ড করা হয়েছে। এছাড়া প্রতারণার আরেক ধারায় তাদের সাত বছরের সশ্রম কারাদণ্ডের পাশাপাশি ২৫ লাখ টাকা করে অর্থদণ্ড দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- তিন মাসের মধ্যে খুলনা-৪ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) সহসভাপতি আব্দুস সালাম মুর্শেদীর দখলে থাকা গুলশানের বাড়ি ছাড়ার নির্দেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে বাড়িটি সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কাছে হস্তান্তর করার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার আল-শিফা হাসপাতালে ইসরায়েলি হামলায় ৫০ ফিলিস্তিনি নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সম্প্রতি ব্রিটেনের রাজা তৃতীয় চার্লসের মরণব্যাধি ক্যানসার আক্রান্ত হয়ে বর্তমানে চিকিৎসাধীন আছেন। ডেইলি মেইল এক প্রতিবেদনে জানিয়েছে, রাশিয়ার গণমাধ্যম ও তাদের পরিচালিত সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্টগুলোয় রাজা তৃতীয় চার্লসের মৃত্যুর খবর ছড়িয়ে পড়ে। পরে অবশ্য রাজার বেঁচে থাকার বিষয়টি নিশ্চিত করে বিবৃতি দিয়েছে মস্কোর ব্রিটিশ দূতাবাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সম্পদ বাড়িয়ে দেখানোর জন্য জালিয়াতির মামলায় সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ৪৬ কোটি ৪০ লাখ ডলার জরিমানা করেছিলেন নিউইয়র্কের আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মহাকাশের স্ট্র্যাটোস্ফিয়ারে ভাসমান রেস্তোরাঁ খুলতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের 'স্পেসভিআইপি' নামে একটি পর্যটন কোম্পানি। রেস্তোরাঁর জন্য বিশ্বের অন্যতম খ্যাতনামা এক ড্যানিশ শেফকে নিয়োগ দিয়েছে তারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের রাখাইন রাজ্যের আরেকটি শহর দখল করেছে আরাকান আর্মি (এএ)। বিদ্রোহী গোষ্ঠীটির হামলার মুখে রাজ্যটির রাথিডং শহর ছেড়ে পালিয়েছে দুই শতাধিক সেনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নাইজেরিয়ার কাদুনা রাজ্যের কাজুরু এলাকায় একটি গ্রামে অস্ত্রের মুখে বাড়ি থেকে ৮৭ জনকে অপহরণ করে নিয়ে গেছে বন্দুকধারীরা। অপহৃতদের মধ্যে নারী ও শিশুও আছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

২০ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সাক্ষাৎ করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সিলেট জেলা ও মহানগর আওয়ামী লীগের শীর্ষ চার নেতা এবং সিলেট সিটি মেয়র গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ সর্বজনীন পেনশনব্যবস্থায় নতুন যুক্ত হওয়া 'প্রত্যয় স্কিম'-এর রূপরেখা ঘোষণা করেছে সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি সভায় ৩ হাজার ৪৩৪ কোটি টাকা ব্যয়ে ১৪টি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের এফডিসিসংলগ্ন ডাউন র‍্যাম্প (নামার সংযোগ সড়ক) যানবাহন চলাচলের জন্য আনুষ্ঠানিকভাবে উদ্‌বোধন করেন সড়ক, পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সাজার মেয়াদ আরও ছয় মাসের জন্য স্থগিত করেছে আইন মন্ত্রণালয়। সচিবালয়ে আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ বাংলাদেশে সফররত ইউএনডিপির শুভেচ্ছাদূত ও সুইডেনের রাজকুমারী ভিক্টোরিয়া কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্প ও নোয়াখালীর হাতিয়ায় ভাসানচর ও জেলেপল্লি পরিদর্শন করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ জাতীয় পরিচয়পত্রের তথ্য নেওয়ার বিষয়ে মোবাইল কোম্পানিগুলোকে যে নির্দেশনা দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), তা বাতিল প্রশ্নে রুল জারি করেছেন হাইকোর্ট। শুনানি শেষে বিটিআরসি কর্তৃক মোবাইল কোম্পানিগুলোকে নির্বাচন কমিশন বা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জাতীয় পরিচয়পত্রের ডেটাবেজ থেকে তথ্য সংগ্রহ করে মোবাইল কোম্পানিগুলোকে দেওয়া আলাদা ডেটাবেজ তৈরির নির্দেশনা কেন বাতিল ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ 'ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্ট-২০২৪' এ বিশ্বের সবচেয়ে সুখী তালিকায় বাংলাদেশের অবস্থান ১৪৩ দেশের মধ্যে ১২৯তম। এ তালিকায় টানা ৭ বছর শীর্ষে রয়েছে ফিনল্যান্ড। জাতিসংঘের পৃষ্ঠপোষকতায় প্রকাশিত

'বৈশ্বিক সুখ' বিষয়ক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ▶ উপজেলা চেয়ারম্যান পদে নির্বাচন করতে জামানত আগের চেয়ে দশগুণ বাড়িয়ে এক লাখ টাকা করে উপজেলা নির্বাচন পরিচালনা বিধিমালা-২০২৪ জারি করেছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ ইউক্রেনে চলমান যুদ্ধের মধ্যে সামরিক বাহিনীতে বড়ো রদবদল করেছে রাশিয়া। দেশটির নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল নিকোলাই ইয়েভমেনভকে বরখাস্ত করে তার স্থলে অ্যাডমিরাল আলেকজান্ডার মোইসিয়েভকে ভারপ্রাপ্ত নৌবাহিনী প্রধান হিসাবে নিয়োগ দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ ফিলিস্তিনের গাজায় স্কুল, শরণার্থীশিবির, মসজিদ, গির্জার পাশাপাশি হাসপাতালেও হামলা চালাচ্ছে ইসরায়েল। অবরুদ্ধ অঞ্চলটিতে তীব্র মানবিক সংকট দেখা দিয়েছে। এমন অমানবিক পরিস্থিতিতে, গাজার উত্তরাঞ্চলে গুরুতর মাত্রায় অপুষ্টির শিকার হয়ে জন্ম নেওয়া শিশুরা অনাহারে মারা যাচ্ছে। সেখানকার ডাক্তার ও চিকিৎসা কর্মীদের বরাতে এমন তথ্য জানিয়েছেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রধান টেড্রোস আধানোম গেব্রিয়েসুস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২১ মার্চ

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ রাশিয়ার প্রেসিডেন্ট হিসাবে পুনরায় নির্বাচিত হওয়ায় ভ্লাদিমির পুতিনকে অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ বাংলাদেশি পতাকাবাহী জাহাজ 'এমভি আবদুল্লাহ' এবং জিম্মি নাবিকদের জলদস্যুদের হাত থেকে উদ্ধারে ত্রিপক্ষীয় আলোচনা এগিয়ে যাচ্ছে। টেলিফোনে তৃতীয় পক্ষের মাধ্যমে এ আলোচনা চলছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ইউনেস্কোর 'ট্রি অব পিস' পুরস্কারে ভূষিত। আজারবাইজানের বাকুতে একাদশ গ্লোবাল সম্মেলনের শেষ দিনে ড. ইউনূসের হাতে এ সম্মাননা তুলে দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বাংলাদেশে সফররত ইউএনডিপির শুভেচ্ছাদূত ও সুইডেনের রাজকুমারী ভিক্টোরিয়া রাজধানীর আইডিবি ভবনে ইউএনডিপির বাংলাদেশ কার্যালয় পরিদর্শন করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় ফিতরা নির্ধারণ কমিটির সভায় রমজানে এ বছর দেশে ফিতরার হার জনপ্রতি সর্বনিম্ন ১১৫ টাকা এবং সর্বোচ্চ ২ হাজার ৯৭০ টাকা নির্ধারণ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভার সিদ্ধান্তে শিক্ষার্থীকে যৌন নিপীড়নের অভিযোগে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের প্রভাষক আবু শাহেদ ইমনকে সাময়িক বরখাস্ত করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। একই সঙ্গে ভুক্তভোগী শিক্ষার্থীকে অসহযোগিতা করার জন্য বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জুনায়েদ হালিমকে চেয়ারম্যান পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রথম ধাপে ৪৯৫টি উপজেলার মধ্যে ১৫২টিতে ভোট হবে। প্রথম ধাপে উপজেলা পরিষদ নির্বাচন ৮ মে ভোটগ্রহণ হবে। নির্বাচন কমিশনের বৈঠকে নির্বাচনের চূড়ান্ত তপশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চলতি বছরে এইচএসসি ও সমমান পরীক্ষার ফর্ম পূরণ শুরু হবে ১৬ এপ্রিল থেকে, চলবে ২৫ এপ্রিল পর্যন্ত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতে আবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করেছে কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয়ের তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বাইডেনকে অভিশংসনের লক্ষ্যে তদন্তকাজ এগিয়ে নিতে চান কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের রিপাবলিকান আইনপ্রণেতারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ২৪ ঘণ্টায় ইসরায়েলি হামলায় আরও শতাধিক ফিলিস্তিনি নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নিজ প্রদেশে দুর্নীতিতে সম্পৃক্ত থাকার কারণে ভিয়েতনামের প্রেসিডেন্ট ভো ভ্যান থুং দায়িত্ব পালনের এক বছর পর পদত্যাগ করেছেন।

পদত্যাগপত্র গ্রহণ করেছে তার দল ভিয়েতনামিজ কমিউনিস্ট পার্টি। দেশটির সরকারের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের আরও একটি গ্রাম দখলের দাবি রাশিয়ার। রুশ কর্তৃপক্ষ জানিয়েছে, দখলকৃত গ্রামটি আবদিভকা শহর থেকে ১০ কিলোমিটার পশ্চিমে অবস্থিত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তাইওয়ানের আশপাশে ২৪ ঘণ্টায় ৩২টি চীনা যুদ্ধবিমান শনাক্ত করা হয়েছে। তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

২২ মার্চ

- সোমালিয়ার উপকূলে জিম্মি জাহাজ 'এমভি আবদুল্লাহ' ও ২৩ নাবিককে নিরাপদে ফিরিয়ে আনতে দস্যুদের সঙ্গে আলোচনা চলছে বলে জানিয়েছেন জাহাজটির মালিকপক্ষ কবির গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের (কেএসআরএম) মুখপাত্র ও গণমাধ্যম উপদেষ্টা মিজানুল ইসলাম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শিক্ষার্থী ফাইরুজ সাদাফ অবন্তিকার আত্মহত্যার ঘটনায় তার মায়ের সঙ্গে বৈঠক করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) গঠিত তদন্ত কমিটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নিউইয়র্কে নিলামে শিল্পাচার্য জয়নুল আবেদিনের দুটি চিত্রকর্ম রেকর্ড দামে বিক্রি হয়েছে। এর মধ্যে 'সাঁওতাল দম্পতি' চিত্রকর্মটি ৩ লাখ ৮১ হাজার মার্কিন ডলারে (৪ কোটি ১৭ লাখ সাড়ে ৬ হাজার টাকা) বিক্রি হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের জ্বালানি অবকাঠামোগুলোকে লক্ষ্য করে রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। এ কারণে ইউক্রেনজুড়ে ১০ লাখ মানুষ বিদ্যুৎহীন অবস্থায় রয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদে গাজায় যুদ্ধবিরতি এবং জিম্মি মুক্তির আহ্বান জানিয়ে যুক্তরাষ্ট্রের উত্থাপিত খসড়া প্রস্তাব পাশ হয়নি। নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাশিয়া ও চীন ভেটোর কারণে প্রস্তাবটি আবারও

ব্যর্থ হয়েছে। দেশ দুটি বলছে, যুক্তরাষ্ট্রের তোলা এ প্রস্তাব পাশ হলে ইসরায়েল আরও ধ্বংসযজ্ঞ চালানোর ক্ষমতা পাবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ এলিসি প্রাসাদে আয়োজিত রাজনৈতিক অনুষ্ঠানে বলেন, ইউক্রেনের খুব দ্রুত পতন হতে পারে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ব্রিটিশ রাজবধূ প্রিন্সেস অব ওয়েলস কেট মিডলটন (৪২) ক্যানসারে আক্রান্ত। পরীক্ষা-নিরীক্ষার পরে তাকে প্রতিরোধমূলক কেমোথেরাপি দেওয়া হচ্ছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চিকিৎসাবিজ্ঞানে বিশ্বে প্রথমবার শূকরের কিডনির জিনগত পরিবর্তন করে মানুষের শরীরে সফলভাবে প্রতিস্থাপন করেছে যুক্তরাষ্ট্রের একদল চিকিৎসক। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৩ মার্চ

- সোমালি জলদস্যুদের কবলে জিম্মিদশায় থাকা ২৩ নাবিক-সহ বাংলাদেশি পতাকাবাহী মুক্ত করতে সোমালি দস্যুদের সঙ্গে জাহাজ মালিকপক্ষের মুক্তিপণ নিয়ে দরকষাকষির বিষয়টিতে কঠোর গোপনীয়তা রক্ষা করা হচ্ছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সোমালি জলদস্যুর কবলে পড়া বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহর গতিবিধি পর্যবেক্ষণ করছে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নিজস্ব নৌবাহিনী ও ভারতীয় নৌবাহিনীর যুদ্ধজাহাজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধান বিচারপতি ওবায়দুল হাসান ২২ থেকে ৩১ মার্চ যুক্তরাষ্ট্রে অবস্থান করায় এই সময়কালে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করবেন আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি এম ইনায়েতুর রহিম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর পুরান ঢাকার লালবাগ এলাকার ইসলামবাগে টাইগার গলিতে 'কমিশনার বিল্ডিং' নামের ভবনটির দ্বিতীয় তলায় কেমিক্যাল ও প্লাস্টিক রিসাইকেল কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ফায়ার সার্ভিসের ১০টি ইউনিটের আগুন নিয়ন্ত্রণে আনতে বেগ পেতে হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ঐতিহাসিক টংক আন্দোলনের সাক্ষী নেত্রকোনার দুর্গাপুর উপজেলার কুমুদিনী হাজং (৯২) মারা গেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও অপরাধ বিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমানের (৬০) ইন্তেকাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পিঁয়াজ রপ্তানিতে বাংলাদেশ-সহ আরও কয়েকটি দেশে অনির্দিষ্টকালের জন্য নিষেধাজ্ঞা দিয়েছে ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিতে সম্মত হয়েছে স্পেন, আয়ারল্যান্ড, মাল্টা ও স্লোভেনিয়া। ব্রাসেলসে ইউরোপীয় কাউন্সিলের বৈঠকের পর এ কথা বলেন স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার মস্কোতে ক্রোকাস সিটি হল কমপ্লেক্সের কনসার্ট হলে সন্ত্রাসী হামলায় নিহতের সংখ্যা বেড়ে ১৩৩ জন এবং শিশু-সহ শতাধিক আহত। এ ঘটনায় ১১ সন্দেহভাজন আটক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাশিয়ার সামারা অঞ্চলে তেল শোধনাগারে ড্রোন হামলা চালিয়েছে ইউক্রেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজার প্রধান হাসপাতাল আল-শিফায় অভিযান চালিয়েছে ইসরায়েলি সেনাবাহিনী। ওই অভিযানে ১৭০ জন যোদ্ধাকে হত্যা করেছে বলে দাবি করেছে ইসরায়েল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নিজের গ্রেফতার ও রিমান্ড আদেশকে আদালতে চ্যালেঞ্জ করেছেন দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির (এএপি) প্রধান অরবিন্দ কেজরিওয়াল। সেই সঙ্গে গ্রেফতারকে 'অবৈধ' অভিহিত করে অবিলম্বে মুক্তিও চেয়েছেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মঙ্গোলিয়ায় এ বছর অর্ধশতাব্দীর মধ্যে সবচেয়ে তীব্র শীতে ঠান্ডায় প্রায় ৫০ লাখ প্রাণী মারা গেছে। এর ফলে সেখানে বসবাসকারী হাজার হাজার বাসিন্দার খাদ্য সরবরাহ এবং জীবিকা হুমকিতে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের সবচেয়ে জনবহুল রাজ্য উত্তরপ্রদেশের মাদ্রাসাগুলো নিষিদ্ধের আদেশ দিয়েছেন এলাহাবাদ হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৪ মার্চ

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে গাজীপুর সিটি করপোরেশনের উপদেষ্টা ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফিলিস্তিনের ফতেহ আন্দোলনের (শাসক দল) মহাসচিব লেফটেন্যান্ট জেনারেল জেবরেল আলরজউব গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর জাতীয় প্যারেড স্কয়ারে স্বাধীনতা দিবস এবং জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত সম্মিলিত সমরাস্ত্র প্রদর্শনীর উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০২৩ সালের হিসাব অনুযায়ী দেশের মানুষের গড় আয়ু ৭২ দশমিক ৩ বছর, যা ২০২২ সালে ছিল ৭২ দশমিক ৪ বছর। ফলে এক বছরের ব্যবধানে বাংলাদেশে গড় আয়ু কমেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) 'বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস-২০২৩' শীর্ষক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর মহাখালীর কড়াইল বস্তিতে আগুনে দেড় শতাধিক ঘর পুড়ে গেছে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস ও পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের রাজধানী কিয়েভ ও পশ্চিমের লেভিভ অঞ্চলে আকাশপথে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কপিরাইট আইন লঙ্ঘনের অভিযোগ তদন্তের স্বার্থে স্পেনে ইন্টারনেটভিত্তিক জনপ্রিয় মেসেজিং অ্যাপ টেলিগ্রাম নিষিদ্ধ করেছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- উগান্ডার প্রেসিডেন্ট ইয়োওয়েরি মুসেভেনি তার ছেলে জেনারেল মুহুজি কাইনেরুগাবাকে (৪৯) সেনাবাহিনীর প্রধান হিসাবে পদোন্নতি দিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জার্মান রিসার্চ সেন্টার ফর জিওসায়েন্সেস (জিএফজেড) জানিয়েছে, প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশ পাপুয়া নিউগিনিতে শক্তিশালী ৬ দশমিক ৭ রিখটার স্কেলে ভূমিকম্প আঘাত হেনেছে। অন্যদিকে ইন্দোনেশিয়ার ভূপদার্থবিদ্যা সংস্থা জানিয়েছে, দেশটিতে পূর্ব নুসা

টেংগরা প্রদেশের উপকূলে ৬ দশমিক ১ মাত্রায় ভূমিকম্প আঘাত হেনেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সৌদি আরবের রাজধানী রিয়াদ-সহ বিভিন্ন অঞ্চলে কয়েকদিন ধরে প্রবল বৃষ্টিপাত ও সেই সঙ্গে ঝড়ো হাওয়ার কারণে সৌদি ন্যাশনাল সেন্টার ফর মেটিওরোলজি পূর্বাঞ্চলীয় প্রদেশ রিয়াদ, মদিনা-সহ কয়েকটি প্রদেশে রেড অ্যালার্ট জারি করেছে। রিয়াদ এবং পূর্ব প্রদেশে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অপহরণের দুই সপ্তাহেরও বেশি সময় পর নাইজেরিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলীয় কাদুনা এলাকা থেকে ২৭৯ শিক্ষার্থী ও এক শিক্ষককে মুক্ত করা হয়েছে বলে জানিয়েছেন দেশটির কর্মকর্তারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৫ মার্চ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় পর্যায়ে নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ১০ বিশিষ্ট ব্যক্তিকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে 'স্বাধীনতা পুরস্কার-২০২৪' প্রদান করেছেন। স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ ক্ষেত্রে পুরস্কার পেয়েছেন কাজী আবদুস সাত্তার বীরপ্রতীক, বীর মুক্তিযোদ্ধা ফ্লাইট সার্জেন্ট মো. ফজলুল হক (মরণোত্তর) ও বীর মুক্তিযোদ্ধা শহীদ আবু নঈম মো. নজিব উদ্দীন খান (খুররম) (মরণোত্তর)। বিজ্ঞান ও প্রযুক্তিতে পুরস্কার পেয়েছেন ড. মোবারক আহমদ খান, চিকিৎসাবিদ্যায় ডা. হরিশংকর দাশ। সংস্কৃতিতে মোহাম্মদ রফিকুজ্জামান ও ক্রীড়াক্ষেত্রে ফিরোজা খাতুন। সমাজসেবা/জনসেবা ক্ষেত্রে পুরস্কার পেয়েছেন অরণ্য চিরান, বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ডা. মোল্লা ওবায়েদুল্লাহ বাকী ও এসএম আব্রাহাম লিংকন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সফররত একান্ত বৈঠক করেছেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। এ সময় সঙ্গে ছিলেন ভুটানের রানি জেৎসুন পেমা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার কার্যালয়ে বাংলাদেশ ও ভুটানের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে তিনটি সমঝোতা স্মারক (এমওইউ) সই। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মস্কোর ক্রোকাস সিটি কনসার্ট হলে হামলায় ঘটনায় চার ব্যক্তিকে সন্ত্রাসবাদের অভিযোগে অভিযুক্ত করেছে রাশিয়ার আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার মস্কোয় কনসার্ট হলে বন্দুকধারীদের হামলার পর এবার ফ্রান্সে সন্ত্রাসী হামলার সর্বোচ্চ সতর্কতা জারি করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আয়ারল্যান্ডের ক্ষমতাসীন রাজনৈতিক দল ফাইন গেইল পার্টির নতুন নেতা সাইমন হ্যারিস (৩৭) দেশটির সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিতে রাজি হওয়া চার ইউরোপীয় দেশকে সতর্ক করেছে ইসরায়েল। এদিকে গাজায় আরও দুটি হাসপাতাল অবরোধ করেছে ইসরায়েল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদ গাজায় 'অবিলম্বে যুদ্ধবিরতি'র আহ্বান জানিয়ে প্রস্তাব পাশ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজা নামে নতুন ড্রোন উন্মোচন করেছে ইরান। কাতারের দোহায় আন্তর্জাতিক অস্ত্রমেলায় এ ড্রোন প্রকাশ্যে আনে দেশটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্বখ্যাত মার্কিন বিমান নির্মাণ কোম্পানি বোয়িংয়ের নির্বাহী কর্মকর্তা (সিইও) ডেভ ক্যালহাউন পদত্যাগ করার ঘোষণা দিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ব্রাজিলে ভারি বর্ষণে বন্যা ও ভূমিধসে কমপক্ষে ২৩ জনের মৃত্যু। দেশটির পার্বত্য অঞ্চলের দক্ষিণ-পূর্বে অনেক সম্পত্তি ধ্বংস হয়ে যাওয়ায় আরও হাজার হাজার মানুষকে অন্যত্র সরিয়ে নেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৬ মার্চ

- মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি গভীর

শ্রদ্ধা জানিয়েছেন। এ সময় সফররত ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুকও বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে সফররত ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুকের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট পরিদর্শন করেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি জে ব্লিঙ্কেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ১৪ বছরের কম বয়সি শিশুদের জন্য ফেসবুক, টুইটার-সহ বিভিন্ন সোশ্যাল মিডিয়া ব্যবহার নিষিদ্ধ করা হচ্ছে। ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে এই আইন কার্যকর হবে বলে ফ্লোরিডার স্থানীয় সরকার জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সিঙ্গাপুরের পতাকাবাহী কনটেইনার জাহাজের ধাক্কায় যুক্তরাষ্ট্রের শহর বাল্টিমোরের ফ্রান্সিস স্কট সেতুটি প্যাটাপস্কো নদীতে ধসে পড়েছে। এ দুর্ঘটনায় ২০ জন নদীতে পড়ে গিয়ে নিখোঁজ হয়েছেন বলে জানিয়েছে বাল্টিমোর শহরের ফায়ার সার্ভিস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার মস্কোতে ক্রোকাস সিটি কনসার্ট হলে ভয়াবহ সন্ত্রাসী হামলার পেছনে উগ্র ইসলামপন্থিরা জড়িত বলে মন্তব্য করেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাশিয়ার কনস্ট্যান্টিন ওলশানস্কি নামের যুদ্ধজাহাজে ক্ষেপণাস্ত্র হামলা করার দাবি করেছে ইউক্রেন। ইউক্রেনের ওই যুদ্ধজাহাজটি ২০১৪ সালে রাশিয়া দখল করে নিয়েছিল। এই তথ্য জানিয়েছেন ইউক্রেনের নৌবাহিনীর মুখপাত্র দিমিত্রো প্লেটেনচুক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিরিয়ায় পূর্বাঞ্চলে বিমান হামলায় ইরানের নয়জন-সহ ১৩ জন নিহত হয়েছেন। তাদের মধ্যে একজন ইরানের বিপ্লবী গার্ডস কমান্ডারও রয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশের সাংলা জেলার বেসাম শহরে আত্মঘাতী বোমা হামলায় ৫ চীনা প্রকৌশলী-সহ ১১ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শ্রীলঙ্কার মন্ত্রিসভায় দেশটিতে ন্যূনতম মাসভিত্তিক বেতন ৪০ শতাংশ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাপানের সঙ্গে কোনো বৈঠকে অংশ নিতে আগ্রহী নয় উত্তর কোরিয়া। উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের বোন কিম ইয়ো জং বলেছেন, জাপানের সঙ্গে যে কোনো ধরনের আলোচনা প্রত্যাখ্যান করবে তারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র বার্তা সংস্থা রয়টার্সকে বলেন, 'দিল্লির মুখ্যমন্ত্রী কেজরিওয়ালের ক্ষেত্রে নিরপেক্ষ, স্বচ্ছ এবং দ্রুত আইনি প্রক্রিয়া চাই আমরা।' এর আগে কেজরিওয়ালের গ্রেফতারে উদ্‌বেগ প্রকাশ করে জার্মানি। সেই সঙ্গে 'ন্যায্য ও নিরপেক্ষ বিচারের' আহ্বান জানায় দেশটি। এমন মন্তব্য আমলে নেয়নি ভারত। কড়া প্রতিক্রিয়া জানিয়েছে ভারত পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৭ মার্চ

- সফররত ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক পদ্মা সেতু ও নারায়ণগঞ্জের আড়াইহাজারে অবস্থিত বাংলাদেশের স্পেশাল ইকোনমিক জোন পরিদর্শন করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার দণ্ড স্থগিত রেখে মুক্তির মেয়াদ আরও ছয় মাস বাড়িয়েছে সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউনেস্কোর নাম ব্যবহার করে প্রতারণা ও মিথ্যাচার করায় নোবেলজয়ী অর্থনীতিবিদ, অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ও ইউনূস সেন্টারের বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেওয়া হবে না, এর ব্যাখ্যা চাইবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন। গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে কমিশনের পক্ষ থেকে তাদের এমন অবস্থানের কথা জানানো হয়। 'ড. মুহাম্মদ ইউনূসকে ট্রি অব পিস প্রদান: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের বক্তব্য' শীর্ষক এ বিবৃতিতে সই করেছেন কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জুবাইদা মান্নান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদে যুদ্ধবিরতির প্রস্তাব পাশের পরও ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলি হামলা অব্যাহত রয়েছে। ইসরায়েলের ২৪ ঘণ্টায় দক্ষিণ গাজায় ব্যাপক বোমা হামলায় আরও ৭৬ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের জাতীয় নিরাপত্তা পরিষদের সেক্রেটারিকে বরখাস্ত করলেন দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। এ পদে দেশটির বৈদেশিক গোয়েন্দা সংস্থার প্রধান ওলেক্সান্ডার লিটভিনেনকোকে নিয়োগ দিয়েছেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্রাজিলে সফররত ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ তার সমকক্ষ লুইজ ইনাসিও লুলা দ্য সিলভার সঙ্গে এক বিলিয়ন ইউরোর 'অ্যামাজনিয়ান গ্রিন ইনভেস্টমেন্ট' প্ল্যানের উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইকুয়েডরের সর্বকনিষ্ঠ মেয়র ব্রিজিত গার্সিয়াকে (২৭) গুলি করে হত্যা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ধনাঢ্য সৌদি পর্যটকদের জন্য মহাকাশ ভ্রমণের নতুন প্যাকেজ এনেছে স্পেনভিত্তিক মহাকাশ পর্যটন (স্পেস ট্যুরিজম) কোম্পানি হ্যালো। কোম্পানিটির অফার অনুযায়ী, ১ লাখ ৬৪ হাজার ডলার মূল্যের (বাংলাদেশি মুদ্রায় ১ কোটি ৮০ লাখ টাকা) টিকিট কিনে যেকোনো সৌদি নাগরিক মহাকাশ ভ্রমণ করতে পারবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঘুস দেওয়াসংক্রান্ত ফৌজদারি মামলা শুরুর আগে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে মুখ বন্ধ রাখার আদেশ দিয়েছেন নিউইয়র্ক আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় বিমান থেকে প্যারাশুটের মাধ্যমে সমুদ্রতীরের কাছে পানিতে ফেলা ত্রাণ সংগ্রহ করতে গিয়ে ডুবে মারা গেছেন ১২ ফিলিস্তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইন্দোনেশিয়ার নির্বাচিত প্রেসিডেন্ট প্রাবোয়ো সুবিয়ান্তোকে অযোগ্য ঘোষণা করে পুনরায় নির্বাচন অনুষ্ঠানের জন্য আদালতের প্রতি আহ্বান জানিয়েছেন পরাজিত প্রার্থী আনিস বাসওয়েদান। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ পাকিস্তানে বিচারকাজে সামরিক গোয়েন্দা সংস্থা ইন্টার-সার্ভিসেস ইন্টেলিজেন্স (আইএসআই) হস্তক্ষেপ করছে বলে অভিযোগ জানিয়ে, সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের কাছে চিঠি দিয়েছেন ইসলামাবাদ হাইকোর্টের ছয়জন জ্যেষ্ঠ বিচারক। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৮ মার্চ

▶ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবিরের নেতৃত্বে ৮ সদস্যের প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৮ হাজার ৪২৫ কোটি টাকা ব্যয়ে ১১টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে গুলশানের বাসা ফিরোজায় রেখেই সার্বক্ষণিক নিবিড় পর্যবেক্ষণে চিকিৎসা দেওয়ার সিদ্ধান্ত মেডিক্যাল বোর্ডের। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে বক্তৃতা করেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য উন্নয়ন করপোরেশনের (বিএফডিসি) প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকারকে ১৭২ কোটি টাকার অনুদান দিচ্ছে জাপান। রাজধানীর শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব শাহরিয়ার কাদের ছিদ্দিকী ও বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইয়োমা কিমিনোরি এ অনুদান চুক্তিতে সই করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ মোবাইল ব্যাংকিং সার্ভিস ব্যবহার করে ডিজিটাল হুন্ডির মাধ্যমে বিদেশে প্রায় ৪০০ কোটি টাকা পাচার করা চক্রের পাঁচ সদস্যকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে পুলিশের গুলিতে উইন রোজারিও (১৯) নামের এক বাংলাদেশি তরুণ নিহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ২০০২ সালে নোবেল পুরস্কার বিজয়ী মনোবিজ্ঞানী ড্যানিয়েল কাহনেম্যান (৯০) মারা গেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় নিরস্ত্র দুই ফিলিস্তিনিকে হত্যা করে বুলডোজার দিয়ে সঙ্গে সঙ্গে বালুচাপা দিয়েছে ইসরায়েলি সেনারা। ভয়াবহ এ ঘটনার ভিডিও প্রকাশ করেছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ রাশিয়ান বিমানবাহিনীর পাইলটদের উদ্দেশে দেওয়া ভাষণে দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, ন্যাটোভুক্ত কোনো দেশে আক্রমণ করবে না রাশিয়া। তবে পশ্চিমারা ইউক্রেনে এফ-১৬ যুদ্ধবিমান চালানোর জন্য সেনা সরবরাহ করলে সে বিমান অবশ্যই গুলি করে ধ্বংস করবে রুশ বাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ পবিত্র রমজানে ইতালির সিসিলির পালেরমো শহরের মসজিদে মাইকে উচ্চঃস্বরে আজান দেওয়ার অনুমতি দিয়েছে দেশটির সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ রাজধানী পরিবর্তন করছে ইন্দোনেশিয়া। বর্তমান রাজধানী জাকার্তার পরিবর্তে নতুন রাজধানী হবে দেশটির অন্যতম দ্বীপ জাভার পূর্বদিকে অবস্থিত পূর্ব কালিমানতাংয়ে। নতুন রাজধানীর নামকরণ করা হয়েছে নুসানতারা, এর অর্থ 'দ্বীপপুঞ্জ'। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) বার্ষিক পর্যালোচনা এবং বাছাই প্রক্রিয়া শেষে আম্পায়ারদের এমিরেটস আইসিসি এলিট প্যানেলে প্রথম বাংলাদেশি আম্পায়ার হিসাবে সুযোগ পেয়েছেন বাংলাদেশের শরফুদ্দৌলা ইবনে শহীদ সৈকত। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ যুক্তরাষ্ট্রের শহর বাল্টিমোরের ফ্রান্সিস স্কট সেতুটি প্যাটাপস্কো নদীতে কনটেইনার জাহাজের ধাক্কায় ডুবে যাওয়া ট্রাক থেকে দুইজনের মরদেহ উদ্ধার করেছে দেশটির ডুবুরিরা। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ আবগারি দুর্নীতি মামলায় গ্রেফতার দিল্লির মুখ্যমন্ত্রী এবং আম আদমি পার্টির (এএপি) নেতা অরবিন্দ কেজরিওয়ালের রিমান্ডের মেয়াদ প্রথম দফায় আরও চার দিন বাড়িয়েছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ আর্জেন্টিনায় রেকর্ড মূল্যস্ফীতিতে অর্থনীনৈতিক সংকটে সরকারি ব্যয় কমিয়ে দেশের অর্থনীতির গতি ফেরাতে ৭০ হাজার সরকারি কর্মকর্তা-কর্মচারীকে, চাকরি থেকে অব্যাহতি দেওয়ার ঘোষণা দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট জেভিয়ার মিলেই। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৯ মার্চ

▶ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাসে কর্মীবহর নিয়ে শীর্ষ নেতাদের প্রবেশের ঘটনার প্রতিবাদে ছাত্র রাজনীতি বন্ধ-সহ ছয় দফা দাবিতে আবারও বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) এমআরটি লাইন ৬-এর ওপর দিয়ে ৫১টি ভবনে টানা ইন্টারনেট ও কেবল টিভি লাইন মেট্রোরেলের রুটের অ্যালাইনমেন্টের ভায়াডাক্ট ও ওভারহেড ক্যাটেনারি সিস্টেমের ওপর দিয়ে অতিক্রম করেছে। ২৪ ঘণ্টার মধ্যে অপসারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের সভাপতি এবং সম্পাদক বরাবর চিঠি দিয়েছে মেট্রোরেল কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ যুক্তরাষ্ট্রে নিযুক্ত রুশ আনাতোলি অ্যান্তোনভ চ্যানেল ওয়ানে সাক্ষাৎকারে বলেছেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের আমলে ওয়াশিংটনের সঙ্গে মস্কোর সম্পর্কের উন্নতির কোনো সম্ভাবনা নেই। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু গাজায় যুদ্ধবিরতির নতুন করে আলোচনা শুরু করার অনুমোদন দিয়েছেন। ইসরায়েলের প্রধানমন্ত্রীর দপ্তর এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ সিরিয়ার উত্তরাঞ্চলীয় প্রদেশ আলেপ্পোতে ইসরায়েলি বিমান হামলায় সামরিক-বেসামরিক মিলে ৪২ জন নিহত হয়েছেন। নিহতদের ৩৬ জনই সিরীয় সৈন্য। সিরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ কানাডার স্কুলে শিক্ষা কার্যক্রম তদারককারী চারটি গুরুত্বপূর্ণ বোর্ড বিশ্বের কয়েকটি বড়ো বড়ো সামাজিকমাধ্যম কোম্পানির বিরুদ্ধে মামলা করেছে। তাদের অভিযোগ, এসব মাধ্যম শিক্ষার্থীদের পড়াশোনায় ব্যাঘাত ঘটাচ্ছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ভারতের বিরোধী রাজনৈতিক দল কংগ্রেসকে ১ হাজার ৭০০ কোটি রুপি জরিমানা করেছে দেশটির আয়কর দপ্তর। লোকসভা নির্বাচনের আগে রাহুল গান্ধী-মলি-কার্জুন খড়্গের দলকে চাপে রাখতে এ জরিমানা করা হয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ তামিলনাড়ুর ভিল্লুপুরম মন্দিরের পূজায় ব্যবহৃত ৯টি লেবুর নিলামে দাম উঠল ২ লাখ ৩৬ হাজার রুপি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ নিউইয়র্কে তহবিল সংগ্রহের অনুষ্ঠানে নভেম্বরের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে সম্ভাব্য রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে হারাতে এক মঞ্চে এসেছেন প্রেসিডেন্ট জো বাইডেন ও তার দুই পূর্বসূরি সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা ও বিল ক্লিনটন। তারা ট্রাম্পকে আমেরিকার গণতন্ত্রের জন্য হুমকি হিসাবে উল্লেখ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ রাশিয়ার ২৮টি অ্যাটাক ড্রোনের মধ্যে ২৬টি আকাশ প্রতিরক্ষাব্যবস্থার মাধ্যমে গুলি করে ভূপাতিত করার দাবি করেছে ইউক্রেন। ইউক্রেনের বিমানবাহিনী এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ জাতিসংঘের নজরদারি সংস্থার কার্যক্রম বন্ধ করে দিয়েছে রাশিয়া। সংস্থাটির কার্যক্রম নবায়নের জন্য জাতিসংঘের সাধারণ পরিষদে একটি প্রস্তাবে ভোট হয়। এ সময় এর বিপক্ষে ভেটো দেয় রাশিয়া। প্যানেলটি উত্তর কোরিয়ার বিরুদ্ধে জাতিসংঘের জারি করা নিষেধাজ্ঞাগুলো পর্যবেক্ষণ করছিল। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ফিলিস্তিনের গাজায় দুর্ভিক্ষ এড়াতে নিরবচ্ছিন্ন ত্রাণ সরবরাহ চালু রাখতে ইসরায়েলকে নির্দেশ দিয়েছের আন্তর্জাতিক বিচার আদালত (আইসিজে)। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি থেকে সরানো হয়েছে মানুষের চামড়া দিয়ে তৈরি উনিশ শতকের 'ডেস্টিনিস অব দ্য সাউল, এ মেডিটেশন অন দ্য লাইফ আফটার ডেথ'-বইয়ের মলাট। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩০ মার্চ

▶ ঘুস, দুর্নীতি আর অস্বচ্ছতাকে বাংলাদেশে বিনিয়োগে বাধা হিসাবে চিহ্নিত করেছে যুক্তরাষ্ট্র। মার্কিন বাণিজ্য প্রতিনিধির দপ্তর (ইউএসটিআর) প্রকাশিত ২০২৪ সালের বৈদেশিক বাণিজ্যে বাধাবিষয়ক প্রতিবেদনে

বাংলাদেশের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগের এ বাধাগুলো চিহ্নিত করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- মিয়ানমারের চলমান সংঘাতে নতুন করে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্তপথে পালিয়ে দেশটির জান্তা বাহিনীর আরও ৩ সেনা সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে ঘটনা তদন্তে কমিটি গঠন করা হয়েছে। ৮ এপ্রিলের মধ্যে কমিটিকে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ওয়াশিংটন পোস্টকে দেওয়া সাক্ষাৎকারে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, কংগ্রেসে বিরোধের কারণে মার্কিন প্রতিশ্রুতি অনুযায়ী সামরিক সহায়তা না পেলে ইউক্রেন বাহিনীকে রণক্ষেত্র থেকে কিছুটা পিছু হটতে হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দক্ষিণ কোরিয়ার রাজধানী শিউলে ফিলিস্তিনের স্বাধীনতার দাবিতে বিশাল সমাবেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে হংকংয়ের ৪৯ জন সরকারি কর্মকর্তার ওপর ভিসা নিষেধাজ্ঞা জারির সিদ্ধান্ত যুক্তরাষ্ট্রের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ঘুস দেওয়া সংক্রান্ত ফৌজদারি মামলা শুরুর আগে মুখ বন্ধ রাখার আদেশ দিয়েছিল নিউইয়র্ক আদালত। ট্রাম্প সেই আদেশ অমান্য করে স্বয়ং বিচারকের মেয়েকে নিয়েই নেতিবাচক মন্তব্য করেছেন বলে অভিযোগ উঠেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আঞ্চলিক ও বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় পাকিস্তানের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়ে দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরীফকে চিঠি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন মার্কিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের জন্য কয়েক বিলিয়ন ডলারের নতুন বোমা ও যুদ্ধবিমান দেওয়ার প্রস্তাব অনুমোদন করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আরব সাগরে ইরানের মাছ ধরার জাহাজ 'আল-কাম্বার ৭৮৬' অভিযান চালিয়ে জলদস্যুর কবল থেকে ২৩ জন পাকিস্তানিকে উদ্ধার করেছে ভারতের নৌবাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- শত বছরের নিষেধাজ্ঞা বাতিল করে সেনা সদস্যদের দাড়ি রাখার অনুমতি দিয়েছে যুক্তরাজ্য। ব্রিটিশ রাজা চার্লস অফিসার ও সেনাদের দাড়ি রাখার প্রজ্ঞাপনে স্বাক্ষর করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নাইজেরিয়ায় উত্তরাঞ্চলীয় রাজ্য কাদুনার কুরিগায় শহরের বিদ্যালয় থেকে ১৩৭ জন শিক্ষার্থী, যার মধ্যে ৭৬ কিশোরী ও ৬১ কিশোর উদ্ধার করেছে দেশটির সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাবা আসিফ আলী জারদারি পাকিস্তানের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর ছেড়ে দেওয়া শহিদ বেনজিরবাদ ১ আসনে (এনএ-২০৭) বিনা প্রতিদ্বন্দ্বিতায় পার্লামেন্ট সদস্য (এমপি) নির্বাচিত হয়েছেন পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) আসিফা ভুট্টো জারদারি (৩১)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনা স্মার্টফোন প্রস্তুতকারী কোম্পানি ও টেক জায়ান্ট শাওমি প্রথমবার নিজেদের প্রস্তুত করা 'এসইউ ৭ ও এসইউ ৭ ম্যাক্স' নামের দুটি মডেলের বৈদ্যুতিক গাড়ি বাজারে এনেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩১ মার্চ

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ 'বার্ষিক প্রতিবেদন-২০২৩' পেশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে এডিবির ভাইস প্রেসিডেন্ট (সেক্টর অ্যান্ড থিম) ফাতিমা ইয়াসমিনের গণভবনে সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মন্ত্রিসভা কমিটির বৈঠকে আসন্ন ইদুলফিতর উপলক্ষ্যে মানুষের গ্রামের বাড়ি যেতে ঝামেলা এড়াতে ছুটি একদিন বাড়ানোর সুপারিশ। আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ছুটির দিনের তালিকায় ৯ এপ্রিল যোগ করার সুপারিশ করেছে বলে গণমাধ্যমকে এ তথ্য জানান কমিটির চেয়ারম্যান মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভুটানের থিম্পুতে দেশটির প্রিন্সেস ডেচেন ইয়াংজোম ওয়াংচুক এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক এবং জাতির পিতার দৌহিত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ

জাতির পিতার 'অসমাপ্ত আত্মজীবনী'-এর ভুটানিজ সংস্করণের মোড়ক উন্মোচন করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় আবারও এভারকেয়ার হাসপাতালে ভর্তি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীদের নিয়ে এ শিক্ষায়তনে 'স্মার্ট ও নিয়মতান্ত্রিক' ছাত্ররাজনীতি চালুর প্রতিশ্রুতি বাংলাদেশ ছাত্রলীগের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ট্রান্সকম গ্রুপের প্রতিষ্ঠাতা লতিফুর রহমানের ছোটো মেয়ে শাযরেহ হক, তার বড়ো ভাই আরশাদ ওয়ালিউর রহমানকে হত্যার অভিযোগ এনেছেন সিমিন রহমান-সহ ১১ জনের বিরুদ্ধে। এ মামলায় তার বোন ও গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) সিমিন রহমান-সহ তিনজনকে দেশে ফেরার ৭২ ঘণ্টার মধ্যে আত্মসমর্পণের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনে রাতভর ৩৮টি ক্ষেপণাস্ত্র, ৭৫টি বিমান হামলা এবং একাধিক রকেট লঞ্চার থেকে ৯৮টি হামলা করেছে রাশিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার সঙ্গে চলমান যুদ্ধের মধ্যে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির বার্ষিক আয় তিনগুণের বেশি বেড়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের সরকারবিরোধী বিক্ষোভ অব্যাহত রয়েছে। হামাসের হাতে বন্দিদের মুক্ত করতে ব্যর্থ হওয়ায় প্রধানমন্ত্রী নেতানিয়াহুর পদত্যাগের দাবি করেছেন তারা। এমনকি ইসরায়েলকে পুড়িয়ে ফেলারও হুমকি দিয়েছেন বিরোধীরা। তেল আবিব ও জেরুজালেমের পথে নেমে পড়তে দেখা যায় হাজার হাজার নেতানিয়াহুবিরোধীদের। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানে সরকারি অনুষ্ঠানগুলোয় লাল গালিচার ব্যবহার নিষিদ্ধ করেছেন দেশটির প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২০২৩ সালের ৯ মে পাকিস্তানে সংঘটিত দাঙ্গায় যুক্ত থাকার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) ৫১ নেতাকর্মীকে ৫ বছর করে জেল দিয়েছেন গুজরানওয়ালায় সন্ত্রাসবিরোধী আদালত (এটিসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

এপ্রিল

১ এপ্রিল

- উচ্চশিক্ষার মানোন্নয়নে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলকে জোরালো ভূমিকা পালনের আহ্বান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে 'আমদানি ও রপ্তানি আইন, ২০২৪'-এর খসড়ার নীতিগত অনুমোদন। নতুন আইনানুযায়ী, সেবা আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন লাগবে। বিধবা ও স্বামী নিগৃহীতার ভাতা পাওয়ার ক্ষেত্রে শিথিল হলো আয়ের সীমা। বছরে ১২ হাজার নয়, ১৫ হাজার টাকার কম আয় করা বিধবা ও স্বামী নিগৃহীতা নারীরা ভাতার আওতায় আসবেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার শারীরিক অবস্থা স্থিতিশীল বলে জানান তার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গত ৭ জানুয়ারি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয়ভাবে আওয়ামী লীগ প্রায় ৩ কোটি টাকা ব্যয় করে। নির্বাচন কমিশনের সচিব মো. জাহাংগীর আলমের কাছে এ ব্যয়বিবরণী জমা দেয় আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য কাজী জাফর উল্লাহর নেতৃত্বে একটি প্রতিনিধিদল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্ররাজনীতি নিষিদ্ধের সিদ্ধান্ত স্থগিত করেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশে প্রথমবার ইন্টার্নশিপ চালু করল জনপ্রশাসন মন্ত্রণালয়, ইন্টার্নশিপে আগ্রহী হাজারের অধিক প্রার্থীর আবেদন থেকে বাছাই করা ১০ জন পেলেন এ সুযোগ। গত বছর 'ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩' প্রণয়ন করে সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বিতীয় ধাপে ১৬১টি উপজেলা পরিষদ নির্বাচনের তপশিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)। এসব উপজেলায় ভোটগ্রহণ হবে ২১ মে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ‘মদ বিক্রয় নীতি’ দুর্নীতি মামলায় গ্রেফতার দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে ১৫ এপ্রিল পর্যন্ত কারাবাসের নির্দেশ দিলেন দিল্লির একটি আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তোশাখানা দুর্নীতি মামলায় পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের ১৪ বছরের কারাদণ্ড স্থগিত করেন দেশটির ইসলামাবাদ হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- লিবিয়ার প্রধানমন্ত্রী আবদুলহামিদ আল দিবেইবাহরের বাসভবনে রকেট হামলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতীয় রাজ্য অরুণাচলের আরও ৩০টি অঞ্চলের নাম নিজেদের মতো করে প্রকাশ করল চীন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারত মহাসাগরে খোঁজ মিলল এক বিশালাকৃতি গর্তের। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সের বিজ্ঞানীরা জানান, শ্রীলঙ্কার ঠিক দক্ষিণে রয়েছে দৈত্যাকার গর্তটি। এই গর্তকে গ্র্যাভিটি হোল বা অভিকর্ষীয় গহ্বরও বলা হয়। ৩০ লাখ বর্গকিলোমিটারের বেশি জায়গাজুড়ে আছে গর্তটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার আল-শিফা হাসপাতালে প্রায় দুই সপ্তাহের নৃশংসতার পর হাসপাতাল প্রাঙ্গণ ত্যাগ করল দখলদার ইসরায়েল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২ এপ্রিল

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন রাশিয়ার পরমাণু শক্তি সংস্থা রোসাটমের মহাপরিচালক আলেক্সি লিখাচেভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর এভারকেয়ার হাসপাতাল থেকে চিকিৎসা শেষে গুলশানের বাসভবন ফেরেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জিডিপি প্রবৃদ্ধি অর্জনে বছর শেষে দক্ষিণ এশিয়ায় দ্বিতীয় অবস্থানে থাকবে বাংলাদেশ। চলতি ২০২৩-২৪ অর্থবছর শেষে দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বোচ্চ সাত শতাংশ প্রবৃদ্ধি অর্জন করবে ভারত। এর পরই বাংলাদেশ সর্বোচ্চ জিডিপি প্রবৃদ্ধি অর্জন করবে বলে জানায় বিশ্বব্যাংক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের ২৫ কোটি ২২ লাখ টাকা আত্মসাতের অভিযোগে দুদকের করা মামলায় নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস-সহ ১৪ জনের বিরুদ্ধে চার্জশিট গ্রহণ করেন আদালত। ঢাকা মহানগর দায়রা জজ আদালতের বিচারক আস সামছ জগলুল হোসেনের আদালত এ চার্জশিট গ্রহণ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) পুনরায় ছাত্ররাজনীতি প্রতিষ্ঠা করতে বাংলাদেশ ছাত্রলীগের চার কর্মসূচি ঘোষণা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কঙ্গোর প্রথম নারী প্রধানমন্ত্রী হলেন জুডিথ তুলুকা সুমিনওয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্যবসায় জালিয়াতির মামলায় নিউইয়র্ক আদালতের করা জরিমানার ১৭ কোটি ৫০ লাখ ডলার পরিশোধ করলেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ অর্থ পরিশোধের মধ্য দিয়ে নিজের সম্পত্তি বাজেয়াপ্ত হওয়া থেকে বাঁচালেন ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সিরিয়ার রাজধানী দামেস্কে ইরানি দূতাবাসে ইসরায়েলি হামলায় ইরানের বিপ্লবী গার্ড বাহিনীর শীর্ষ এক কমান্ডার, তার ডেপুটি-সহ অন্তত ১১ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৩ এপ্রিল

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বান্দরবানের থানচির সোনালী ও কৃষি ব্যাংকে বিচ্ছিন্নতাবাদী সংগঠন কেএনএফ-এর সশস্ত্র হামলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৪৪তম বিসিএস-এর লিখিত পরীক্ষার ফল প্রকাশ, উত্তীর্ণ ১১ হাজার ৭৩২ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তাইওয়ানে ৭ দশমিক ৪ মাত্রার ভূমিকম্প, নিহত ১০। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ১২ কেজি এলপিজির দাম ৪০ টাকা কমল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ক্যাম্পাসে ছাত্ররাজনীতির চর্চা থাকবে কি থাকবে না, সেই সিদ্ধান্ত শুধু বুয়েট শিক্ষার্থীরাই নেবে বলে জানায়

ছাত্রদল। ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ কথা জানায় ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- হত্যা-সহ চার মামলায় আত্মসমর্পণ করে জামিন পেলেন ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যান, সিইও-সহ তিনজন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চট্টগ্রাম টেস্টে ১৯২ রানের জয়ে দুই ম্যাচের সিরিজে বাংলাদেশকে হোয়াইটওয়াশ করল শ্রীলঙ্কা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আফ্রিকার দেশ সেনেগালের নতুন প্রধানমন্ত্রী হলেন ওসমান সোনকোকে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিশরের প্রেসিডেন্ট হিসাবে তৃতীয়বার শপথ নিলেন আব্দেল ফাত্তাহ আল-সিসি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় শিশুদের জন্য ১০ লাখ ডলার অনুদান দিল শ্রীলঙ্কা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্বের সবচেয়ে বয়স্ক ব্যক্তি জুয়ান ভিসেনটি পেরেজ মোরার (১১৪) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৪ এপ্রিল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে কুমিল্লা ও ময়মনসিংহ সিটির নবনির্বাচিত মেয়রদের শপথগ্রহণ অনুষ্ঠানে বক্তব্য দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বান্দরবানে সশস্ত্র হামলা ও ব্যাংকে লুটপাটের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অপহরণের ৪৬ ঘণ্টা পর বান্দরবানের রুমায় অপহৃত সোনালী ব্যাংক ম্যানেজার মো. নেজাম উদ্দিন উদ্ধার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ১০ বছরের জন্য নিরাপত্তা চুক্তি সই করল ইউক্রেন ও ফিনল্যান্ড। এ চুক্তি সই করেন ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি ও ফিনিশ প্রেসিডেন্ট আলেক্সান্ডার স্টার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রীর দায়িত্ব থেকে অরবিন্দ কেজরিওয়ালকে অপসারণের আরও একটি আবেদন খারিজ করে দিলেন দেশটির একটি আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৫ এপ্রিল

- শিক্ষকদের দুর্গম অঞ্চলে অন্তত এক বছর চাকরি বাধ্যতামূলক করে অন্যত্র বদলির নীতিমালা প্রকাশ করল শিক্ষা মন্ত্রণালয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে জারি করা প্রজ্ঞাপনে এ নীতিমালা প্রকাশ করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বান্দরবানে ব্যাংক ও অস্ত্র লুটের ঘটনায় জড়িত পাহাড়ের নতুন সশস্ত্র গোষ্ঠী কুকি চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) বিরুদ্ধে যৌথ বাহিনীর সাঁড়াশি অভিযান শুরু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতে ২০২৪ সালের লোকসভা নির্বাচন উপলক্ষ্যে কংগ্রেসের ইশতাহার প্রকাশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় গণহত্যার বিষয়ে সতর্ক করে ইসরায়েলের কাছে সব ধরনের অস্ত্র বিক্রি বন্ধের দাবি জানায় জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জার্মানিতে ২০ হাজার হাতি পাঠানোর হুমকি দিলেন বতসোয়ানার প্রেসিডেন্ট মোকগোয়েতসি মাসিসি। হাতি শিকারের (হান্টিং ট্রফি) ওপর জার্মান বিধিনিষেধের কারণে সৃষ্ট রাজনৈতিক বিরোধের জেরে এমন হুমকি দিলেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৬ এপ্রিল

- ইদযাত্রা স্বস্তিদায়ক করতে খুলে দেওয়া হলো এলেঙ্গা-হাটিকুমরুল-রংপুর মহাসড়কের ৮টি ওভারপাস ও ২টি সেতু। সচিবালয়ে সড়ক ও মহাসড়ক বিভাগ থেকে অনলাইনে যুক্ত হয়ে এই ওভারপাস ও সেতুতে যানবাহন চলাচল কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আল আকসা মসজিদে মুসল্লিদের ওপর টিয়ার গ্যাস নিক্ষেপ ও ব্যাপক ধরপাকড় চালায় ইসরায়েল। ১৬ ফিলিস্তিনি গ্রেফতার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে ভারতের নির্বাচনে প্রভাব খাটাতে চায় চীন। আমেরিকান তথ্যপ্রযুক্তি সংস্থা মাইক্রোসফটের এক রিপোর্টে এ তথ্য প্রকাশ করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিরিয়ায় ইরানি দূতাবাসে ইসরায়েলের হামলার আশঙ্কা, মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের উচ্চ সতর্কাবস্থা। সূত্র: দৈনিক ইত্তেফাক

৭ এপ্রিল

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরি ভিয়েরার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বান্দরবানে বিশেষ অভিযানে বিচ্ছিন্নতাবাদী সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) কেন্দ্রীয় কমিটির প্রধান সমন্বয়ক চেওসিম বম-সহ দুজনকে গ্রেফতার করে র‍্যাব। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে প্রার্থীরা মোবাইল ব্যাংকিংয়ের পাশাপাশি ব্যাংকের কার্ডে ও অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে জামানতের টাকা জমা দিতে পারবেন বলে জানায় নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বেইলি রোডের 'গ্রিন কোজি কটেজ' ভবনের নিচতলায় চা-কফির দোকানে ইলেকট্রিক কেতলি থেকে আগুনের সূত্রপাত হয়েছিল বলে তদন্তের পর জানায় ফায়ার সার্ভিস। আর সেই আগুন প্রাণঘাতী রূপ পেয়েছিল লিকেজ থেকে ছড়ানো গ্যাসের কারণে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বগুড়ায় অস্ত্র-সহ গ্রেফতার আসামি ছিনিয়ে নিতে দলবল নিয়ে থানায় হামলা করে বগুড়ার শাহজাহানপুর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. নুরুজ্জামান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জিম্মি সদস্য এলাদ কাতজিরের মরদেহ উদ্ধার করার পর আবারও তেল আবিব-সহ ইসরায়েলের অন্যান্য শহরজুড়ে সরকারবিরোধী বিক্ষোভ শুরু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৮ এপ্রিল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সোনালী ব্যাংক ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকের (বিডিবিএল) একীভূত হওয়ার বিষয়ে দুই ব্যাংকের পরিচালনা পর্ষদে অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পূর্ব আফ্রিকার দেশ মোজাম্বিকের উত্তর উপকূলে একটি ফেরি ডুবে ৯৪ জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় ১ কোটি লিটার জ্বালানি পাঠানোর ঘোষণা ইরাকের প্রধানমন্ত্রী মোহাম্মদ শিয়া আল-সুদানির। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কলেরার প্রাদুর্ভাব থেকে বাঁচতে মোজাম্বিকের উত্তর উপকূলে ফেরিতে থাকা ১৩০ জনের মধ্যে শিশু-সহ ডুবে ৯৪ জন নিহত। সূত্র: যুগান্তর
- এক ভিডিয়ো বার্তায় প্রথমবার রাশিয়ার সঙ্গে যুদ্ধে পরাজিত হওয়ার আশঙ্কা প্রকাশ করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: সমকাল
- সৌদির স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, সৌদিতে ১১ হাজার ৬০৭ জনকে আবাসন আইন ভঙ্গ, ৫ হাজার ২৮৫ জনকে সীমান্ত বিধি ভঙ্গ এবং ৩ হাজার ২৩২ জনকে শ্রম আইন ভঙ্গের দায়ে গ্রেফতার করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ১৯৮৬ সাল থেকে ৩৮ বছর ইসরায়েলে কারাবন্দি থাকা ফিলিস্তিনি লেখক ও অধিকারকর্মী ওয়ালিদ দাক্কা ক্যানসারে আক্রান্ত হয়ে মারা গেছেন। সূত্র: সমকাল

৯ এপ্রিল

- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে কথিত ভারতের চাপে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস 'আত্মগোপনে' ছিলেন–এমন অভিযোগ অস্বীকার করেছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন ডিসিতে মার্কিন পররাষ্ট্র দপ্তরের ব্রিফিংয়ে পিটার হাস প্রসঙ্গে সাবেক ভারতীয় এক হাইকমিশনারের বক্তব্য নিয়ে প্রশ্নোত্তর-পর্বে সাংবাদিকদের জানান মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার। সূত্র: দৈনিক কালবেলা
- ২০০৪ সালে বইমেলায় অধ্যাপক হুমায়ুন আজাদের ওপর হামলাকারী এবং হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত জেএমবি নেতা নূর মোহাম্মদ ওরফে সাবু ওরফে শামীমকে গ্রেফতার করেছে পুলিশের অ্যান্টি টেরোরিজম ইউনিট (এটিইউ)। সূত্র: সমকাল
- বান্দরবানের রুমা-থানচিতে ডাকাতির ঘটনায় ৫২ জন কেএনএফ সদস্যকে কারাগারে পাঠালেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েল দক্ষিণাঞ্চলীয় শহর আইলাতে প্রথমবার যুদ্ধ-জাহাজে মাউন্টেড প্রতিরক্ষাব্যবস্থা সি-ডোম মোতায়েন করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ▶ বুকারের অফিশিয়াল ওয়েবসাইটে বিশ্বসাহিত্যে সম্মানজনক 'ম্যান বুকার' পুরস্কারের সংক্ষিপ্ত তালিকা প্রকাশ। এতে স্থান পেয়েছে ৬টি বই। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ ডেটা অ্যানালিটিক্স ফার্ম প্রিমাইজের সঙ্গে যৌথভাবে মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদ সংস্থা আল মনিটরের জনমত জরিপের প্রতিবেদন–আগামী ১০ বছরের মধ্যে যুক্তরাষ্ট্রকে পেছনে ফেলে মধ্যপ্রাচ্য ও আফ্রিকায় সব থেকে প্রভাবশালী চরিত্র হয়ে উঠতে পারে চীন ও রাশিয়া। এ জরিপে তারা মিশর, তুরস্ক, ইরাক এবং তিউনিসিয়াজুড়ে ২ হাজার ৬৭০ জন উত্তরদাতার মতামত নিয়েছেন। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ আম আদমি পার্টির (আপ) আহ্বায়ক ও দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে দিল্লির তিহার জেলেই থাকতে হচ্ছে। গ্রেফতারি পরোয়ানা চ্যালেঞ্জ করে এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের (ইডি) বিরুদ্ধে তার আবেদন খারিজ হয়ে যায়। সূত্র: সমকাল
- ▶ গাজায় যুদ্ধবিরতির লক্ষ্যে মিসরের রাজধানী কায়রোতে যুক্তরাষ্ট্র, ইসরায়েল, মিশর, কাতার ও হামাসের প্রতিনিধিদের মধ্যে আলোচনা হয়েছে। যুদ্ধবিরতি ও জিম্মি বিনিময় চুক্তির আলোচনায় 'উল্লেখযোগ্য অগ্রগতি' দেখা গেছে বলে জানিয়েছে মিশরের রাষ্ট্রীয় গণমাধ্যম। সূত্র: দৈনিক কালবেলা

১০ এপ্রিল

- ▶ সোমালিয়ার জলদস্যুর হাতে ছিনতাই হওয়া বাংলাদেশি জাহাজ 'এমভি আবদুল্লাহ'-এর ২৩ জন নাবিক জাহাজেই ঈদের নামাজ আদায় করেছেন। বিভিন্ন দেশের মতো সোমালিয়ায়ও ইদুলফিতর উদ্‌যাপিত হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র ইদুলফিতর, সনাতন ধর্মাবলম্বীদের লাঙ্গলবন্দ স্নান ও সর্বজনীন পহেলা বৈশাখের উৎসব কাছাকাছি সময়ে হওয়ায় দীর্ঘ ছুটিতে ঢাকায় চুরি, ছিনতাই, ডাকাতি-সহ যেকোনো ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা মোকাবিলায় আনসার সদস্যদের ৮টি দিকনির্দেশনা দিয়েছে সদর দপ্তর। সূত্র: সমকাল
- ▶ বিশ্বের মুসলিম দেশগুলোর নেতাদের অডিয়ো বার্তা পাঠিয়ে ইদুলফিতরের শুভেচ্ছা জানিয়েছেন সৌদি আরবের বাদশাহ সালমান ও যুবরাজ মোহাম্মদ বিন সালমান। সূত্র: দৈনিক কালবেলা

- ▶ গাজার নির্যাতিত ও অসহায় ফিলিস্তিনিদের সহায়তায় ঢাকায় নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদানের হাতে পাঁচ লাখ টাকার অনুদান দিয়েছেন বিএনপির আন্তর্জাতিকবিষয়ক কমিটির সদস্য ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন। সূত্র: সমকাল
- ▶ ইদুলফিতর উদ্‌যাপন করতে প্রায় ২৯ লাখ মোবাইল সিমের গ্রাহক রাজধানী ছেড়েছে। এর বিপরীতে একই দিন প্রায় ৮ লাখ সিমের গ্রাহক ঢাকায় প্রবেশ করে। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ ভারতের আইন অনুযায়ী বিদেশি বিনিয়োগের শর্ত পূরণ করতে পরিবর্তন আনা হয়েছে আন্তর্জাতিক সংবাদমাধ্যম ব্রিটিশ ব্রডকাস্টিং করপোরেশনের (বিবিসি) পরিচালনা কাঠামোতে। দেশটিতে দুই ভাগে বিভক্ত হয়ে ইংরেজি ভাষার ডিজিটাল, টেলিভিশন এবং রেডিয়ো মাধ্যমের সংবাদকর্মীরা সরাসরি বিবিসির লন্ডন সদর দপ্তরের অধীনে কাজ করবেন। অন্যদিকে, কালেক্টিভ নিউজরুম নামে একটি নতুন, স্বাধীন, ভারতীয় মালিকানাধীন কোম্পানি বিবিসির ভারতীয় ভাষার সার্ভিসগুলোর জন্য সংবাদ সংগ্রহ, প্রকাশ বা প্রচারের কাজ করবে। সূত্র: সমকাল
- ▶ গাজায় যুদ্ধবিরতি ঘোষণা না করা পর্যন্ত অ্যালুমিনিয়াম, ইস্পাত, নির্মাণ পণ্য, জেট ফুয়েল, রাসায়নিক সার-সহ ৫৪ ধরনের পণ্য ইসরায়েলে রপ্তানি সীমিত করেছে তুরস্ক। সম্প্রতি তুর্কি সামরিক কার্গো বিমানে করে গাজায় মানবিক সহায়তার কাজে ইসরায়েল বাধা দেওয়ায় এই নিষেধাজ্ঞা দিল আঙ্কারা। সূত্র: সমকাল
- ▶ গাজায় ঈদের দিনেও থেমে নেই ধ্বংসযজ্ঞ। ২৪ ঘণ্টায় ইসরায়েলি হামলায় ১২২ ফিলিস্তিনি নিহত এবং আহত ৫৬ জন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ পবিত্র ইদুলফিতরের দিনে গাজা শহরের পশ্চিমে শরণার্থীশিবিরে ইসরায়েলের চালানো হামলায় হামাস নেতা ইসমাইল হানিয়ের তিন ছেলে এবং তিন নাতি-নাতনি নিহত হয়েছেন। সূত্র: সমকাল
- ▶ মধ্যপ্রাচ্য, এশিয়া-সহ বিশ্বের বিভিন্ন দেশে মুসলিমদের পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে এক বার্তায় শুভেচ্ছা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

১১ মার্চ

- সারা দেশে মুসলমানদের ধর্মীয় উৎসব ইদুলফিতর উদ্‌যাপিত। সূত্র: দৈনিক কালবেলা
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বঙ্গভবনের ক্রিডেনশিয়াল হলে অনুষ্ঠানে পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে দেশে ও প্রবাসে বসবাসকারী সব বাংলাদেশি-সহ বিশ্ববাসীকে শুভেচ্ছা জানান। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে উপস্থিত সর্বস্তরের জনগণের সঙ্গে পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সঙ্গে পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে রাজধানীর গুলশানের বাসায় শুভেচ্ছা ও কুশল বিনিময় করেন দলটির জ্যেষ্ঠ নেতারা। সূত্র: যুগান্তর
- বঙ্গোপসাগরের মাঝে ১ মাস ধরে আন্দামান থেকে ৬০০ মাইল দূরে বঙ্গোপসাগরের মাঝখানে নোঙর ফেলে দাঁড়িয়ে আছে চীনের গুপ্তচর জাহাজ জিয়াং ইয়াং হং ০১। চীন এই জাহাজটি ব্যবহার করে ভারতের ওপর নজরদারি চালাচ্ছে বলে ইতোমধ্যে উদ্‌বেগ প্রকাশ করেছে দেশটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলায় ইউক্রেনের কিয়েভ অঞ্চলের সবচেয়ে বড়ো বিদ্যুৎকেন্দ্র ট্রায়পিলসকা থার্মাল পাওয়ার প্ল্যান্টটি (টিপিপি) ধ্বংস হয়ে যায়। সূত্র: দৈনিক কালবেলা
- ৮০ বছরের মধ্যে দক্ষিণ রাশিয়ার ওরেনবুর্গের কাছে ইউরাল নদীতে দ্রুত তুষার ও বরফ গলে যাওয়ায় পানির স্তর ১০ মিটার বেড়ে সবচেয়ে ভয়াবহ বন্যা। সূত্র: সমকাল
- ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিতে স্পেন প্রস্তুত বলে জানান দেশটির প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। সূত্র: দৈনিক কালবেলা
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও পিটিআই-এর চেয়ারম্যান ইমরান খানের সঙ্গে কারাগারে দলের নেতাদের সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা

১২ এপ্রিল

- আয়ারল্যান্ডের নবনির্বাচিত প্রধানমন্ত্রী সাইমন হ্যারিসকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বিভিন্ন মিশন ও কূটনৈতিক ইস্যুতে যুক্তরাষ্ট্রের যেসব কর্মকর্তা ও কর্মী ইসরায়েলে অবস্থান করছেন, তাদের জন্য ভ্রমণবিষয়ক বিধিনিষেধ জারি করে বার্তা দিয়েছে সেখানকার মার্কিন দূতাবাস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভিয়েতনামের শীর্ষস্থানীয় ধনী ব্যবসায়ী ট্রুং মাই ল্যানকে ১২.৪৬ বিলিয়ন মার্কিন ডলার আর্থিক জালিয়াতির দায়ে মৃত্যুদণ্ডের আদেশ দেন দেশটির আদালত। সূত্র: সমকাল
- ইসরায়েলে ইরানের আক্রমণ ঠেকাতে দেশটিতে নিজেদের শীর্ষ জেনারেল মিচেল ই কুরিলাকে পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক কালবেলা
- ইউরোপীয় ইউনিয়নের পার্লামেন্ট রাজনৈতিক আশ্রয় সংক্রান্ত নিয়মকানুন সংস্কারের প্রস্তাব অনুমোদন করেছে। সূত্র: দৈনিক কালবেলা
- কিউবার পক্ষে চার দশকেরও বেশি সময় গুপ্তচরবৃত্তির অভিযোগে দোষী সাব্যস্ত সাবেক মার্কিন রাষ্ট্রদূত ভিক্টর ম্যানুয়েল রোচাকে ১৫ বছরের কারাদণ্ড দিয়েছেন ফেডারেল আদালত। ছাড়াও তাকে ৫ লাখ মার্কিন ডলার জরিমানা করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ এপ্রিল

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বাংলা নববর্ষ-১৪৩১ উপলক্ষ্যে বাণীতে দেশে ও বিদেশে বসবাসরত সব বাঙালিকে অগ্রিম শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলা নতুন বছর ১৪৩১ উপলক্ষ্যে বাণীতে দেশবাসী-সহ সব বাঙালিকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সূত্র: সমকাল
- যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) পৃথিবীর শীর্ষ বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। তালিকায় এক হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে র‍্যাংকিংয়ে বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ৬৯১ থেকে ৭০০ অবস্থানে, বুয়েট ৮০১ থেকে ৮৫০ এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ৮৫১ থেকে ৯০০ অবস্থানে আছে। সূত্র: সমকাল
- ইসরায়েল ইস্যুতে ইরানকে সতর্কবার্তা দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজকে দেওয়া সাক্ষাৎকারে বাইডেন এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- দক্ষিণ লেবানন থেকে ইসরায়েলের ভূখণ্ডে ৫০টিরও বেশি রকেট হামলা করেছে বলে টাইমস অব ইসরায়েলকে জানায় ইরান-সমর্থিত লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। সূত্র: দৈনিক কালবেলা
- জাতিসংঘ মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিখ সংবাদ সম্মেলনে বলেন, ইরান-ইসরায়েল উত্তেজনা নিয়ে গভীর উদ্‌বেগ জানিয়েছে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। সূত্র: দৈনিক কালবেলা
- ইরানের সম্ভাব্য হামলা নিয়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু নিজের দেশের মন্ত্রীদের সঙ্গে বৈঠক করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৪ এপ্রিল

- সোমালিয়ার জলদস্যুদের পাঁচ মিলিয়ন ডলার মুক্তিপণ দিয়ে মুক্ত হয়েছে ছিনতাই হওয়া জাহাজ এমভি আবদুল্লাহ ও ২৩ নাবিক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মুক্তিপণ দিয়ে মুক্ত হলো সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি থাকা ২৩ নাবিক-সহ বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ। মুক্তিপণ নিয়ে জাহাজটি সোমালিয়ার উপকূলে পৌঁছানোর পর আট জলদস্যুকে গ্রেফতার করেছে সোমালিয়ান পুলিশ। সূত্র: সমকাল
- বর্ণিল উৎসবে সারা দেশে নতুন বছর ১৪৩১ বঙ্গাব্দ উদ্‌যাপিত। সূত্র: দৈনিক কালবেলা
- মিয়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন দেশটির সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরও ৯ সদস্য। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রকে ইরানে সম্ভাব্য হামলা চালানোর কাজে তাদের ভূমি ব্যবহার করতে দেবে না বলে সতর্ক করেছে পারস্য উপসাগরীয় আরব দেশগুলো। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের দক্ষিণাঞ্চলীয় জাপোরিজ্জিয়ার রুশ নিয়ন্ত্রিত অঞ্চলে ইউক্রেনের হামলায় ১৬ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের ভূখণ্ডে নিজ দেশ থেকে প্রথমবারের মতো তিন শতাধিক ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় ইরান। এ হামলার নাম 'অপারেশন ট্রুথফুল প্রমিজ'। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ইসরায়েলে ইরানের হামলার পর জাতিসংঘ নিরাপত্তা পরিষদে জরুরি বৈঠক অনুষ্ঠিত। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় ইসরায়েলের ছয় মাসের হামলায় নিহত ফিলিস্তিনিদের সংখ্যা বেড়ে ৩৩,৭২৯ জন। এছাড়া আহত আরও ৭৬,৩৭১ জন এবং ৮০০০ মৃতদেহ বোমা হামলায় ধ্বংস হওয়া বিল্ডিংগুলোয় চাপা পড়ে আছে বলে ধারণা করা হচ্ছে। সূত্র: দৈনিক কালবেলা

১৫ এপ্রিল

- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে ২ মে দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রের একটি থিঙ্ক-ট্যাংক বলেছে, ৭ জানুয়ারির নির্বাচনে জয়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার মার্কিন কর্মকর্তাদের স্বীকৃতি ও সহযোগিতার প্রতিশ্রুতি লাভের পর দেশ পরিচালনার যাত্রা মসৃণ হচ্ছে। সূত্র: দৈনিক কালবেলা
- সিলেটের কুমারগাঁও বিদ্যুৎ উৎপাদনকেন্দ্রে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট গিয়ে আগুন নিয়ন্ত্রণ করে। সূত্র: বণিক বার্তা
- একদিন না পেরোতেই মিয়ানমার থেকে পালিয়ে আবারও কক্সবাজার টেকনাফের খারাংখালী সীমান্ত দিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরও পাঁচ সদস্য। সূত্র: দৈনিক কালবেলা
- ইরান ও ইয়েমেন থেকে ছোড়া ৮৬ ড্রোন-ক্ষেপণাস্ত্র ধ্বংসের দাবি ইউএস সেন্ট্রাল কমান্ডের (সেন্টকম)। সূত্র: দৈনিক কালবেলা
- ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর নেতৃত্বে যুদ্ধকালীন মন্ত্রিসভায় মধ্যপ্রাচ্যে যুদ্ধের আশঙ্কা ও সংযমের জন্য আন্তর্জাতিক চাপ সত্ত্বেও ইরানের হামলার পালটা জবাব দেওয়ার সিদ্ধান্ত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ওমরাহ ভিসার মেয়াদে পরিবর্তন এনেছে সৌদি আরব সরকার। দেশটির হজ ও ওমরাহ মন্ত্রণালয় জানিয়েছে, আগে ওমরাহ ভিসার ৯০ দিন মেয়াদ গণনা শুরু হতো সৌদিতে প্রবেশের পর। কিন্তু এখন থেকে

এ নিয়মের পরিবর্তে ভিসা ইস্যুর দিন থেকে ৯০ দিন সৌদিতে অবস্থানের অনুমতি দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- প্রথমবারের মতো ৭৭তম কান চলচ্চিত্র উৎসবে জায়গা পেয়েছে সৌদি আরবের সিনেমা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলসকে ঘুস দেওয়ার মামলায় যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিচারকার্য শুরু নিউইয়র্কের আদালতে। সূত্র: সমকাল
- আফগানিস্তানে ভারি বর্ষণের কারণে আকস্মিক বন্যায় ৩৩ জনের মৃত্যু, আহত ২৭ জন। সূত্র: দৈনিক কালবেলা

১৬ এপ্রিল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৌদি আরব ও গাম্বিয়া সফর বাতিল করা হয়েছে। ২৮ এপ্রিল থেকে রিয়াদে শুরু হতে যাওয়া দুদিনের ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বিশেষ বৈঠক এবং ৩-৪ মে গাম্বিয়ার রাজধানী বানজুলে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশনের (ওআইসি) ১৫তম শীর্ষ সম্মেলনে অংশ নিতে সরকারপ্রধানের দেশ দুটি সফরে যাওয়ার কথা ছিল। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সৌদি ও গাম্বিয়া সফর বাতিলের নির্দেশনা পায় পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: মানবজমিন
- স্বাধীনতা সূচকে বাংলাদেশের অবস্থান ১৬৪ দেশের মধ্যে ১৪১তম। আর সমৃদ্ধি সূচকে ৯৯তম। ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাস, ইউনাইটেড স্টেট এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি) এবং দ্য এশিয়া ফাউন্ডেশন যৌথভাবে আটলান্টিক কাউন্সিলের নতুন বৈশ্বিক স্বাধীনতা ও সমৃদ্ধি প্রতিবেদনের (গ্লোবাল ফ্রিডম অ্যান্ড প্রসপারিটি রিপোর্ট) ফলাফল জানাতে সমৃদ্ধি ও সুশাসন সম্মেলনের আয়োজন করে। সূত্র: দৈনিক কালবেলা
- শ্রম আইন লঙ্ঘনের দায়ে সাজাপ্রাপ্ত নোবেলবিজয়ী অর্থনীতিবিদ ও অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস-সহ গ্রামীণ টেলিকমের তিন শীর্ষ কর্মকর্তার স্থায়ী জামিন আবেদন নাকচ করেছেন আদালত। সূত্র: সমকাল
- বিএনপির স্থায়ী কমিটির ভার্চুয়াল সভায় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট বর্জনের ধারাবাহিকতায় উপজেলা পরিষদ নির্বাচনেও অংশ না

নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। দলের সিনিয়র যুগ্মমহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। সূত্র: সমকাল

- এবার ইদের ছুটিতে (৯ থেকে ১৩ এপ্রিল) পদ্মা সেতু হয়ে ৪৬ হাজার ৫৫৩টি যানবাহন পারাপার হয়েছে। সেতুর মাওয়া ও জাজিরা প্রান্তে টোল আদায় হয়েছে ১৪ কোটি ৬০ লাখ ৫২ হাজার ৭০০ টাকা। সূত্র: সমকাল
- অতি তাপমাত্রার কারণে রেললাইনের দুর্ঘটনা এড়াতে যাত্রীবাহী আন্তঃনগর ট্রেন-সহ সব ধরনের ট্রেন গতি কমিয়ে চালানোর নির্দেশ দিয়েছে বাংলাদেশ রেলওয়ে। সূত্র: দৈনিক কালবেলা
- বান্দরবান রিজিয়নের ১৬ ইস্ট বেঙ্গলের ধুপানিছড়াপাড়া এলাকা থেকে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) আরও ৯ সদস্যকে গ্রেফতার করেছে সেনাবাহিনীর নেতৃত্বাধীন যৌথ বাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজার আল-শিফা হাসপাতালের নিচে সন্ধান পাওয়া গণকবরে ৯ জনের মরদেহ মিলেছে। সূত্র: দৈনিক কালবেলা
- পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কয়েকদিনের অস্বাভাবিক ভারি বৃষ্টিপাত ও আকস্মিক বন্যায় ৩৯ জন নিহত। পশ্চিমাঞ্চলীয় বেলুচিস্তান প্রদেশে নিহত আটজন। কর্তৃপক্ষের জরুরি অবস্থা ঘোষণা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তিনদিনের তুষারপাত, বৃষ্টি ও বন্যায় আফগানিস্তানে নিহত ৩৩, আহত ২৭ জন। সূত্র: সমকাল
- ইরানের ওপর আরও নিষেধাজ্ঞা দিতে ৩২টি দেশে চিঠি পাঠিয়েছে ইসরায়েল। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৭ এপ্রিল

- ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকে 'প্রধান নির্বাচন কমিশনার এবং অন্যান্য নির্বাচন কমিশনার (পারিতোষিক ও বিশেষাধিকার) আইন–২০২৪'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন। একই সঙ্গে কক্সবাজারের মাতারবাড়ীতে গভীর সমুদ্রবন্দরের উন্নয়ন কর্মকাণ্ড

পরিচালনায় 'মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০২৪'-এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সোমালি জলদস্যুদের জিম্মিদশা থেকে মুক্ত হয়ে ভারত মহাসাগরে উচ্চঝুঁকিপূর্ণ এলাকা অতিক্রম করে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ ও এর ২৩ নাবিক। পাঁচদিনের মধ্যে দুবাই পৌঁছানোর আশা। ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) নৌবাহিনীর যুদ্ধজাহাজ জাহাজটিকে নিরাপদ দূরত্ব থেকে পাহারা দিয়ে যাচ্ছে। সূত্র: দৈনিক কালবেলা
- কাঠমান্ডুতে বাংলাদেশ ও নেপালের মধ্যে পররাষ্ট্র দপ্তরের তৃতীয় দফা আলোচনা (এফওসি) অনুষ্ঠিত। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে 'ওয়ার্ল্ড ব্যাংক ও আইএমএফ-এর বসন্তকালীন-২০২৪' এর বৈঠকে অংশ নেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রভিত্তিক টাইম ম্যাগাজিনে ২০২৪ সালের বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় স্থান পেয়েছেন বাংলাদেশের খ্যাতনামা স্থপতি মেরিনা তাবাসসুম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নাইক্ষ্যংছড়ি সদর ইউনিয়নের বিভিন্ন এলাকা দিয়ে আরও ৪৬ জন বিজিপি সদস্য আশ্রয় নিয়েছেন বাংলাদেশে। এ নিয়ে গত তিনদিনে মিয়ানমার বিজিপির ৮০ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি মার্কিন সংবাদমাধ্যম পিবিএসকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছেন, আকাশ প্রতিরক্ষাব্যবস্থার ক্ষেপণাস্ত্রের ঘাটতির কারণে গত সপ্তাহে রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলা প্রতিহত করা যায়নি। ওই হামলায় রাজধানী কিয়েভ অঞ্চলের বৃহত্তম বিদ্যুৎকেন্দ্র বিধ্বস্ত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- স্বাস্থ্যঝুঁকি বিবেচনায় মিয়ানমারের কারাবন্দি নেতা অং সান সুচিকে কারাগার থেকে সরিয়ে গৃহবন্দি করা হয়েছে বলে জানিয়েছেন জান্তা সরকারের মেজর জেনারেল জাও মিন তুন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সংযুক্ত আরব আমিরাতে ৭৫ বছরের ইতিহাসে সর্বোচ্চ বৃষ্টিপাত রেকর্ড। আমিরাতের আল আইনের 'খাতম আল শাকলা' এলাকায় ২৪ ঘণ্টারও কম সময়ে ২৫৪ মিমি. বৃষ্টিপাত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভারতের কলকাতার মেট্রো পরিষেবায় আনুষ্ঠানিকভাবে চালু অটোমেটিক ট্রেন অপারেশন বা চালকবিহীন মেট্রো পরিষেবা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মধ্যপ্রাচ্যে উত্তেজনা বৃদ্ধির জন্য ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এবং তার সরকার এককভাবে দায়ী বলে মন্তব্য করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। মন্ত্রিসভার বৈঠকের পর আঙ্কারায় এক সংবাদ সম্মেলনে তুর্কি প্রেসিডেন্ট এ কথা বলেন। সূত্র: যুগান্তর
- অস্ট্রেলিয়ার ২৩৫ জন নাগরিককে রাশিয়া প্রবেশে নিষিদ্ধ করেছে রুশ কর্তৃপক্ষ। রুশ পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৮ এপ্রিল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর শেরেবাংলা নগরে পুরোনো বাণিজ্যমেলার মাঠে 'প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী'-এর উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পরমাণু বিজ্ঞানী ড. মো. মজিবুর রহমান বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সদস্যের (জীববিজ্ঞান) চলতি দায়িত্ব পদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের (বিটিটিসি) সুপারিশের ভিত্তিতে বোতলজাত এক লিটার সয়াবিন তেলের দাম ১৬৩ টাকা থেকে বাড়িয়ে ১৬৭ টাকা, আর এক লিটার খোলা সয়াবিন তেলের দাম ১৪৯ থেকে কমিয়ে ১৪৭ টাকা নির্ধারণ করেছে সরকার। সূত্র: দৈনিক কালবেলা
- সচিবালয়ে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাতের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মার সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চীনে বাংলাদেশি নাগরিকদের ভ্রমণের সুবিধার্থে চীনা দূতাবাস ঢাকায় প্রাসাদ ট্রেড সেন্টারে চীনা ভিসা সেন্টার (সিভিসি) চালু করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চিত্রনায়িকা পরীমণির বিরুদ্ধে ব্যবসায়ী নাসির উদ্দিন মাহমুদের করা হত্যাচেষ্টা মামলার তদন্ত প্রতিবেদন গ্রহণ করেছেন আদালত। একই সঙ্গে পরীমণি ও তার কস্টিউম ডিজাইনার জুনায়েদ বোগদাদী জিমি ওরফে জিমকে আদালতে হাজির হতে সমন জারি করা হয়েছে। সূত্র: সমকাল

- রয়টার্সের প্রতিবেদন, গাজার আল বাসমা আইভিএফ কেন্দ্রে গত বছরের ডিসেম্বরে এক বোমাতেই চার হাজারের বেশি ফিলিস্তিনি ভ্রূণ হত্যা করেছে ইসরায়েল। এছাড়া এক হাজারের বেশি শুক্রাণু ও নারীর নিষিক্ত ডিম্বাণু ধ্বংস করা হয়েছে। সূত্র: দৈনিক কালবেলা
- ইসরায়েলে হামলার প্রতিক্রিয়ায় ইরানের ড্রোন কর্মসূচির ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। সূত্র: সমকাল
- উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপের তপশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। সে অনুযায়ী ২৯ মে ১১২ উপজেলায় নির্বাচন হবে। এ ধাপে ২১ উপজেলায় ইভিএমে এবং বাকিগুলোয় ব্যালট পেপারের মাধ্যমে ভোটগ্রহণ হবে। এ নিয়ে তিন ধাপে ৪২২ উপজেলায় নির্বাচনের তপশিল ঘোষণা হলো। আগারগাঁওয়ে নির্বাচন ভবনে কমিশনের সভা শেষে ইসি সচিব মো. জাহাংগীর আলম এ তথ্য জানান। সূত্র: দৈনিক কালবেলা
- সুনামগঞ্জে বাস ও সিএনজিচালিত অটোরিকশার সংঘর্ষে জনপ্রিয় বাউলশিল্পী পাগল হাসান-সহ দুজন নিহত। এ ঘটনায় আহত হয়েছেন তিনজন। সূত্র: দৈনিক কালবেলা
- রাশিয়ার সঙ্গে সংঘাতে ইউক্রেন হেরে গেলে তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়ে যাবে, ওয়াশিংটন ডিসিতে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির সঙ্গে আলাপকালে ইউক্রেনের প্রধানমন্ত্রী ডেনিস শ্যামিহাল এ কথা বলেন। সূত্র: যুগান্তর
- ইসরায়েলের সঙ্গে হওয়া 'প্রজেক্ট নিম্বাস' নামের চুক্তি বাতিলের দাবিতে নিউইয়র্কে প্রযুক্তি প্রতিষ্ঠান গুগলের হেডকোয়ার্টারের সামনে ফিলিস্তিনপন্থি কর্মীরা বিক্ষোভ করায় প্রতিষ্ঠানটির ২৮ কর্মচারীকে বরখাস্ত করা হয়েছে। সূত্র: দৈনিক কালবেলা
- ফিলিস্তিনকে জাতিসংঘের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করতে নিরাপত্তা পরিষদে এ সংক্রান্ত প্রস্তাবের ওপর ভোটাভুটিতে ভেটো দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক ইত্তেফাক
- হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে কেনিয়ার সামরিক বাহিনীর প্রধান জেনারেল ফ্রান্সিস ওমন্ডি ওগোল্লা-সহ ১০ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারত, থাইল্যান্ড ও ইথিওপিয়ার মতো দেশে শিশুখাদ্যে অতিরিক্ত পরিমাণে চিনি মেশাচ্ছে নেসলে। ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথরিটি

অব ইন্ডিয়া (ঋঝঝঅও) নেসলের বিরুদ্ধে একটি তদন্ত শুরু করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৯ এপ্রিল

- রাজধানী ঢাকা-সহ সারা দেশে মাঝারি থেকে তীব্র তাপপ্রবাহের কারণে ৭২ ঘণ্টা বা তিন দিন ধরে এই তাপপ্রবাহ অব্যাহত থাকবে জানিয়ে হিট অ্যালার্ট জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বীর মুক্তিযোদ্ধাদের জন্য মাসিক সম্মানি ২০ হাজার থেকে বাড়িয়ে ৩০ হাজার টাকা করার প্রস্তাব করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের জাতীয় পতাকার নকশাকার ও বীর মুক্তিযোদ্ধা শিবনারায়ণ দাশ (৭৫) শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সূত্র: দৈনিক কালবেলা
- ইরানের লক্ষ্যবস্তুতে প্রথমবারের মতো পালটা ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইসরায়েল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারের টেকনাফে নাফ নদী দিয়ে প্রাণ বাঁচাতে মিয়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরও ২৪ সদস্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলসকে ঘুস দেওয়ার মামলায় সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ফৌজদারি মামলার বিচারকাজ পরিচালনায় যুক্তরাষ্ট্রে নিউইয়র্কের ম্যানহাটন আদালতে পূর্ণ ১২ সদস্যের জুরি গঠন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভোলোদিমির জেলেনস্কিকে সম্ভাব্য হত্যাচেষ্টা ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে পাওয়েল কে নামের পোলিশ নাগরিককে গ্রেফতার করে। সূত্র: যুগান্তর
- বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার সিরিজের সব বিমান ত্রুটিপূর্ণ বলে দাবি করেছেন বিশ্বের সবচেয়ে বড়ো উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠানটির সাবেক প্রকৌশলী স্যাম সালেহপৌর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতে শুরু হয়েছে অষ্টাদশ লোকসভা নির্বাচন। প্রথম দফায় ২১টি রাজ্যে এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ১০২টি আসনে ভোট নেওয়া সম্পন্ন হয়। লোকসভার ৫৪৩ আসনে মোট সাত দফায় ভোটগ্রহণ করা হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক

২০ এপ্রিল

- সারা দেশে 'হিট অ্যালার্ট' জারির প্রথম দিনেই চুয়াডাঙ্গা, পাবনা, গাজীপুর ও চট্টগ্রামে হিট স্ট্রোকে মারা গেছেন পাঁচজন। দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে যশোরে। দ্বিতীয় সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গায় ৪২ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। সূত্র: দৈনিক কালবেলা
- পবিত্র হজের সরকারিভাবে ১ লাখ ৪ হাজার ১৭৮ টাকা এবং বেসরকারিভাবে ৮২ হাজার ৮১৮ টাকা কমিয়েছে সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চলমান তাপপ্রবাহের মধ্যে শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুরক্ষা বিবেচনায় দেশের সব স্কুল-কলেজ ২৭ এপ্রিল পর্যন্ত সাতদিনের ছুটি ঘোষণা দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর। সূত্র: সমকাল
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদারের সভাপতিত্বে জরুরি একাডেমিক কাউন্সিলের সভায় বুয়েটে ছাত্ররাজনীতিমুক্ত ক্যাম্পাসের দাবিতে ক্লাস ও পরীক্ষা বর্জন আন্দোলনের অংশ হিসাবে শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ না নেওয়ায় চলমান পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে দেশের জলাবদ্ধতা নিরসনে বাংলাদেশ সরকারের পক্ষে ইআরডি সচিব মো. শাহরিয়ার কাদের ছিদ্দিকী ও এডিবির কান্ট্রি ডিরেক্টর এডিমন গিন্টিং ৭ কোটি ডলারের ঋণচুক্তিতে সই করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচনে অভিনেতা মিশা সওদাগর সভাপতি নির্বাচিত। সাধারণ সম্পাদক নির্বাচিত হন অভিনেতা মনোয়ার হোসেন ডিপজল। সূত্র: দৈনিক কালবেলা
- ইউক্রেন, ইসরায়েল, তাইওয়ান-সহ ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলকে সহায়তায় ৯৫.৩ বিলিয়ন ডলারের বেশি 'নিরাপত্তা সহায়তা বিল' মার্কিন কংগ্রেসে পাশ হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের ম্যানহাটানের আদালতে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হাশ-মানি মামলার বিচার চলাকালে আদালতের বাইরে আজারেল্লো (৩৭) নামের যুবক নিজের গায়ে আগুন দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরানি পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির-আব্দুল্লাহিয়ান মার্কিন সংবাদমাধ্যম এনবিসি নিউজকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, ইসরায়েল যদি আবার ইরানে হামলা চালায় বা তেহরানের স্বার্থবিরোধী কাজ করে, তাহলে আমরা তাৎক্ষণিকভাবে সর্বোচ্চ পর্যায়ের জবাব দেব। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কুয়েতের শ্রম বিভাগ সর্বসম্মতিক্রমে দেশটিতে বিদেশ থেকে শ্রমিক নিয়োগের ক্ষেত্রে ও শ্রমিক সংকট দূরীকরণে আগের পদ্ধতি বাতিলের সিদ্ধান্ত নিয়েছে। ১ জুন থেকে নতুন নিয়ম কার্যকর হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২১ এপ্রিল

- সারা দেশে চলমান তাপপ্রবাহে 'হিট অ্যালার্ট' জারির ২৪ ঘণ্টায় হিট স্ট্রোকে মারা গেছেন ১১ জন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দ্বিতীয় ধাপের উপজেলা পরিষদের ভোটে বিএনপি-জামায়াতের নেতারা মনোনয়নপত্র দাখিল করেছেন। এ সংখ্যা ৩০ জনের মতো। এর আগে প্রথম ধাপের ভোটে বিএনপি-জামায়াত অর্ধশতাধিক নেতা মনোনয়নপত্র দাখিল করেছিলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সারা দেশে চলমান তাপপ্রবাহের কারণে শতভাগ অনলাইন ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সোমালি জলদস্যুদের জিম্মিদশা থেকে মুক্ত হয়ে দুবাই পৌঁছেছে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ ও ২৩ নাবিক। মালিক সংস্থা কেএসআরএম-এর সিইও মেহরুল করিম এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে শিশু অধিকার নিয়ে কাজের স্বীকৃতি হিসাবে ইউনিসেফের 'মীনা মিডিয়া অ্যাওয়ার্ড-২০২৩' পেলেন ১৫ সাংবাদিক। সূত্র: সমকাল
- মালদ্বীপের পার্লামেন্ট নির্বাচনে প্রেসিডেন্ট মোহামেদ মুইজ্জুর নেতৃত্বাধীন দল পিপলস ন্যাশনাল কংগ্রেস (পিএনসি) জয়লাভ করে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ইউক্রেনকে সামরিক সহায়তায় বিল পাশ হওয়ায় যুক্তরাষ্ট্রের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলনস্কি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজার খান ইউনিসে নাসের মেডিক্যাল কমপ্লেক্সে গণকবরের সন্ধান পাওয়া গেছে। এতে ৫০টি মরদেহের খোঁজ মিলেছে। এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম আলজাজিরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আগাম নির্বাচন ও গাজায় হামাসের হাতে বন্দি জিম্মিদের ফিরিয়ে আনার দাবিতে ইসরায়েলের তেল আবিবের রাস্তায় হাজার হাজার মানুষের বিক্ষোভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের পাহাড়ি প্রদেশ খাইবার পাখতুনখাওয়াতে টানা চারদিন ভারি বর্ষণের কারণে ৫৯ জনের মৃত্যু। অতিবৃষ্টিতে প্রদেশটিতে বন্যা হওয়ার শঙ্কায় সতর্কতা জারি করেছে স্থানীয় প্রাদেশিক বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (পিডিএমএ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২২ এপ্রিল

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে দুদিনের সফরে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি ঢাকায় পৌঁছান। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জলবায়ু পরিবর্তন মোকাবিলাবিষয়ক আন্তর্জাতিক ফোরাম 'জাতীয় অভিযোজন পরিকল্পনা (ন্যাপ) এক্সপো-২০২৪' এবং বাংলাদেশ জলবায়ু উন্নয়ন অংশীদারত্ব (বিসিডিপি) শীর্ষক চারদিনব্যাপী জাতিসংঘের জলবায়ু অভিযোজন সম্মেলন উদ্‌বোধন করেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকায় জাতিসংঘ জলবায়ু অভিযোজন সম্মেলনের উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাতিসংঘের প্যারিস চুক্তির কপি হস্তান্তর করেন ইউএনএফসিসিসির এক্সিকিউটিভ সেক্রেটারি সাইমন স্টিল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের ইতিহাসে সর্বোচ্চ ১৬ হাজার ২৩৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন। সূত্র: দৈনিক কালবেলা

- নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলার অম্বরনগর গ্রামে সন্ধান পাওয়া নতুন গ্যাসকূপে খনন কাজ শুরু করেছে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স)। সূত্র: দৈনিক কালবেলা
- ইরান ও সৌদি আরবের মধ্যে ২০১৬ সাল থেকে কূটনৈতিক সম্পর্ক অবনতির কারণে দেশটিকে ওমরাহ পালনে নিষেধাজ্ঞা থাকায় দীর্ঘ ৯ বছর পর ইরানিরা পবিত্র ওমরাহ পালনের সুযোগ পাচ্ছেন। সৌদি আরবের নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর প্রথম দফায় ৮৫ জন ইরানি ধর্মীয় এ বিধান পালনে রিয়াদের উদ্দেশে রওয়ানা দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলের যুদ্ধের মধ্যেই ইসরায়েলি সামরিক গোয়েন্দাপ্রধান মেজর জেনারেল আহারন হালিভা পদত্যাগ করেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- চীনের গুয়াংডং অঞ্চলে ভারি বৃষ্টিপাতের কারণে পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়ে বন্যাঝুঁকির মুখে পড়েছে ১২ কোটি ৭ লাখ মানুষ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের গাজায় খান ইউনিস শহরের নাসের হাসপাতালের পাশে গণকবরের সন্ধান পাওয়া গেছে। ওই গণকবর থেকে এখন পর্যন্ত ১৮০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। সূত্র: যুগান্তর

২৩ এপ্রিল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সফররত কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- বিনিয়োগ, কর্মসংস্থান, বন্দর ব্যবস্থাপনা-সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা এগিয়ে নিতে ঢাকার তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে দুদেশের মধ্যে পাঁচটি চুক্তি ও পাঁচটি সমঝোতা স্মারক সই। সূত্র: সমকাল
- নির্বাচন কমিশনের (ইসি) সচিব মো. জাহাংগীর আলম রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের বলেছেন, থানচি, রুমা ও রোয়াংছড়ি–বান্দরবানের এ তিনটি উপজেলায় যৌথ বাহিনীর অভিযান

চলছে। তাই এই তিনটি উপজেলার নির্বাচন (উপজেলা পরিষদ নির্বাচন) স্থগিত করা হয়েছে। সূত্র: সমকাল

- মিয়ানমারের রাখাইন রাজ্যের সিতোয়ে কারাগার থেকে দেশে ফিরছেন ১৭৩ বাংলাদেশি নাগরিক। সূত্র: সমকাল
- চলমান এ দাবদাহ থেকে রক্ষা পেতে এবং বৃষ্টির জন্য দেশের বিভিন্ন স্থানে মহান আল্লাহর দরবারে ইস্তিসকার বিশেষ নামাজ আদায় ও মোনাজাত করা হয়েছে। সূত্র: যুগান্তর
- আসন্ন ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে চতুর্থ ধাপে ৫৫ উপজেলার ভোট ৫ জুন অনুষ্ঠিত হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বান্দরবানে যৌথ অভিযানে রুমা ছাত্রলীগের বহিষ্কৃত সভাপতি-সহ পাহাড়ের সশস্ত্র সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) আরও সাত সহযোগীকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাঙামাটির বাঘাইছড়ি থেকে হিল উইমেন্স ফেডারেশনের নেত্রী কল্পনা চাকমাকে অপহরণের মামলায় পুলিশের দেওয়া চূড়ান্ত প্রতিবেদনে বাদীর দেওয়া আপত্তি খারিজ করেছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েলের উত্তরাঞ্চলে সামরিক ঘাঁটিতে রকেট হামলা চালিয়েছে লেবাননের শক্তিশালী সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েলের ওপর ব্যাপক ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলার পর জনসমক্ষে প্রথম বক্তব্যে ইরানের প্রধান নেতা আয়াতুল্লাহ আলী খামেনি তাদের সাফল্যের জন্য দেশের সামরিক বাহিনীর ভূয়সী প্রশংসা করেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যৌন সম্পর্কের কথা গোপন রাখতে পর্ন তারকাকে ঘুস দেওয়ার ঘটনায় আইন ভঙ্গ ও ২০১৬ সালের নির্বাচনে দুর্নীতি করেছেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ঘুস কেলেঙ্কারির ওই ঘটনায় ট্রাম্পের বিরুদ্ধে ফৌজদারির মামলার বিচারের শুনানির প্রথম দিন এ কথা বলেন নিউইয়র্কের প্রসিকিউটররা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আবগারি দুর্নীতির মামলায় গ্রেফতার দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির (এএপি) নেতা অরবিন্দ কেজরিওয়ালের কারাগারে থাকার মেয়াদ বাড়ালেন দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রের কলম্বিয়া বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে ইয়েল ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে গাজা যুদ্ধের বিরুদ্ধে প্রতিবাদ ছড়িয়ে পড়েছে। ক্রমবর্ধমান এসব প্রতিবাদ নিয়ন্ত্রণে আনতে কর্তৃপক্ষ হিমশিম খাচ্ছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়ান ক্ষেপণাস্ত্র হামলায় খারকিভের ৭৮৭ ফুট টেলিভিশন টাওয়ারের অর্ধেক ভেঙে পড়েছে। এএটি ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম শহরটিকে বসবাসের অযোগ্য করার জন্য মস্কোর ইচ্ছাকৃত প্রচেষ্টার অংশ, টেলিগ্রাম মেসেজিং অ্যাপ্লিকেশনে প্রকাশিত কলের রিডআউট অনুসারে প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের প্রাচীন উচ্চশিক্ষা প্রতিষ্ঠান আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের (এএমইউ) ১০৪ বছরের ইতিহাসে প্রথমবার নারী উপাচার্য পেয়েছে। দেশটির রাষ্ট্রপতির অনুমোদনের পর বিশ্ববিদ্যালয়টির উপাচার্য হিসাবে অধ্যাপক নাইমা খাতুনকে নিয়োগ দেয় শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ এবং পাকিস্তানে সফররত ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি দুই দেশের সম্পর্ক ও বাণিজ্য জোরদারে বিভিন্ন ইস্যুতে আটটি চুক্তি সই করেছে। সূত্র: যুগান্তর

২৪ এপ্রিল

- থাই প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিনের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছয়দিনের সরকারি সফরে থাইল্যান্ড পৌঁছালে তাকে লাল গালিচা সংবর্ধনা দেওয়া হয়। সূত্র: সমকাল
- সারা দেশে তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে বলে হিট অ্যালার্টের (তাপপ্রবাহের সতর্কবার্তা) মেয়াদ আরও তিনদিন বাড়িয়েছে আবহাওয়া অধিদপ্তর। সূত্র: দৈনিক কালবেলা
- ঋণ কর্মসূচির আওতায় শর্ত বাস্তবায়ন ও সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যবেক্ষণ করতে আইএমএফ-এর পর্যালোচনাকারী প্রতিনিধিদল ঢাকায় পৌঁছায়। সূত্র: সমকাল

- আইএমএফ-এর সফররত পর্যালোচনাকারী প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করে অর্থ বিভাগ ও কেন্দ্রীয় ব্যাংক। বৈঠকে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট সামনে রেখে সরকারি আয় বাড়াতে রাজস্ব আহরণ বৃদ্ধির ওপর জোর দিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল-আইএমএফ। সূত্র: সমকাল
- মরিশাসের পররাষ্ট্র, আঞ্চলিক সংহতি ও আন্তর্জাতিক বাণিজ্যবিষয়ক মন্ত্রী মনিশ গোবিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গ্যাটকো দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া-সহ ১৩ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানি ২৫ জুন ধার্য করেছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশজুড়ে শিশুদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিয়ে ইউনিসেফ গভীরভাবে উদ্‌বিগ্ন। ইউনিসেফের ২০২১ সালের শিশুদের জন্য জলবায়ু ঝুঁকি সূচক (সিসিআরআই) অনুযায়ী, বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাবে 'অতি উচ্চ ঝুঁকিতে' রয়েছে শিশুরা। সূত্র: দৈনিক কালবেলা
- ১৪২তম দেশ হিসাবে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসাবে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ক্যারিবীয় অঞ্চলের দেশ জ্যামাইকা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেন, ইসরায়েল ও তাইওয়ানকে সামরিক সহায়তা দেওয়ার জন্য আলোচিত ৯৫ বিলিয়ন ডলারের বৈদেশিক সহায়তা প্যাকেজ অনুমোদন করেছে মার্কিন সিনেট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের টেনেসি অঙ্গরাজ্যে শিক্ষকদের স্কুলে বন্দুক নিয়ে যাওয়ার অনুমোদন দিয়ে বিল পাশ। সূত্র: যুগান্তর
- জাতিসংঘের শরণার্থী সংস্থা জানিয়েছে, উন্নত জীবনের আশায় উত্তাল সমুদ্র পাড়ি দিতে গিয়ে আফ্রিকার জিবুতি উপকূলে নৌকা ডুবে ২১ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু। আর তিউনিসিয়ার বন্দরশহর স্ফ্যাক্স থেকে ২২ জনের মরদেহ উদ্ধার করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার খান ইউনিস শহরের নাসের মেডিক্যাল কমপ্লেক্সে হাসপাতালে গণকবরের সন্ধান পাওয়া গেছে। এ গণকবর থেকে এখন পর্যন্ত প্রায় ৩০০ জনের লাশ উদ্ধার করা হয়েছে। ফিলিস্তিনি বেসরকারি প্রতিরক্ষা বিভাগ এসব তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক কালবেলা

২৫ এপ্রিল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা থাইল্যান্ডের ব্যাংককে ইউনাইটেড নেশনস কনফারেন্স সেন্টারে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়বিষয়ক জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (ইউএনএসকাপ) ৮০তম অধিবেশনে বক্তৃতা করেন। সূত্র: মানবজমিন
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ইউএনএস কাপের নির্বাহী সচিব আরমিদা সালসিয়াহ ব্যাংককে ইউনাইটেড নেশনস কনফারেন্স সেন্টারের মিটিং রুমে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাবেক পুলিশপ্রধান বেনজীর আহমেদ, স্ত্রী ও দুই মেয়ের অবৈধ সম্পদ অনুসন্ধানে মাঠে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গোয়েন্দা সংস্থা বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে (বিএফআইইউ) চিঠি দিয়েছে দুদক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের ২৮৮ জন বিজিপি ও সেনা সদস্যকে মিয়ানমারের প্রতিনিধিদলের কাছে হস্তান্তর করা হয়েছে। দেশটিতে চলমান অভ্যন্তরীণ সংঘর্ষের সময় তারা বাংলাদেশে আশ্রয় নিয়েছিলেন। সূত্র: দৈনিক কালবেলা
- রাশিয়ার বিরুদ্ধে প্রথমবার মার্কিন দূরপাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার শুরু করেছে ইউক্রেন। ক্ষেপণাস্ত্রগুলো গোপনে কিয়েভকে সরবরাহ করেছিল মার্কিন যুক্তরাষ্ট্র। সূত্র: সমকাল
- সংযুক্ত আরব আমিরাতে ভারি বৃষ্টিতে আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তায় ২০০ কোটি দিরহামের তহবিল ঘোষণা করেছে দেশটির সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সৌদি সরকার বিদেশিদের এখন থেকে যেকোনো ভিসায় সৌদি আরবে আগতরা পবিত্র ওমরাহ পালন করতে পারবেন বলে দেশটির হজ ও ওমরাহ মন্ত্রণালয় প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্রজুড়ে ফিলিস্তিনপন্থি প্রতিবাদ-বিক্ষোভের তীব্রতা বেড়েছে। বিক্ষোভ নিয়ন্ত্রণে আনতে অস্টিনের টেক্সাস বিশ্ববিদ্যালয় (ইউটি অস্টিন) এবং ইউনিভার্সিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়ার (ইউএসসি) শতাধিক শিক্ষার্থীকে গ্রেফতার করেছে দেশটির পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ গাজার গণকবরে ২০ জনকে জীবন্ত দাফন। উদ্ধার মরদেহের নমুনা দেখে এমনটাই ধারণা করছেন ফিলিস্তিনের বেসামরিক প্রতিরক্ষা সদস্য মোহাম্মদ মুগির। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৬ এপ্রিল

▶ সরকারি চাকরিতে নিয়োগের ৪৬তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা দেশের আটটি বিভাগীয় শহরের ২১৫টি কেন্দ্রে একযোগে শুরু। এবার পরীক্ষার্থী সোয়া তিন লাখ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ দলীয় সিদ্ধান্ত অমান্য করে প্রথম ধাপের উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় দল ও অঙ্গসংগঠনের ৭৩ নেতাকে প্রাথমিক সদস্য পদ-সহ সব পর্যায়ের পদ থেকে বহিষ্কার করেছে বিএনপি। সূত্র: দৈনিক কালবেলা

▶ ইসরায়েলের অভিযানের ফলে গাজায় থাকা অবিস্ফোরিত গোলাবারুদ-সহ বিপুল পরিমাণ ধ্বংসস্তূপ অপসারণে ১৪ বছর সময় লাগতে পারে বলে জানিয়েছে জাতিসংঘ। সূত্র: দৈনিক কালবেলা

▶ গাজায় ইসরায়েলের হামলা বন্ধ ও ফিলিস্তিনের স্বাধীনতার দাবিতে যুক্তরাষ্ট্রে চলা বিক্ষোভ আরও বড়ো আকার ধারণ করেছে। পুলিশের গণগ্রেফতার উপেক্ষা করে হাজার হাজার শিক্ষার্থী রাস্তায় নেমে আসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ চীনে সফররত যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন বেইজিংয়ে এক বৈঠকে চীনা প্রেসিডেন্ট সি জিনপিংকে সতর্ক করে বলেছেন, রুশ অস্ত্রশিল্পে প্রয়োজনীয় উপাদান ও সরঞ্জাম সরবরাহ বন্ধ না করলে চীনা কোম্পানিগুলোর ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করতে প্রস্তুত যুক্তরাষ্ট্র ও তার ইউরোপীয় মিত্ররা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ প্রেসিডেন্ট জো বাইডেনের ঘোষণা অনুযায়ী যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী গাজা উপকূলে অস্থায়ী বন্দর তৈরির কাজ শুরু করেছে। মে মাসেই সেখান থেকে মানবিক সহায়তা পাঠানোর পরিকল্পনা রয়েছে। সূত্র: সমকাল

▶ নভেম্বরে যুক্তরাষ্ট্রের নির্বাচনে চীন প্রভাব বিস্তার ও হস্তক্ষেপের চেষ্টা করছে বলে যুক্তরাষ্ট্রের কাছে প্রমাণ আছে বলে দাবি করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। তিনদিনের চীন সফরের শেষ দিন বেইজিংয়ে মার্কিন সংবাদমাধ্যম সিএনএনের কাইলি অ্যাটউডকে দেওয়া এক সাক্ষাৎকারে চীনের বিরুদ্ধে এ অভিযোগ তোলেন ব্লিঙ্কেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ পূর্ব আফ্রিকার দেশ তানজানিয়ায় ভারি বৃষ্টিপাতে সৃষ্ট বন্যা ও ভূমিধসে ১৫৫ জনের মৃত্যু এবং ২৩৬ জন আহত হন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ পাকিস্তানের সরকারি প্রতিষ্ঠান ও বিচার বিভাগের বিরুদ্ধে কোনো বক্তব্য রাখতে পারবে না দেশটির তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) দলের প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও স্ত্রী বুশরা বিবি। ইসলামাবাদের জবাবদিহি আদালত এ আদেশ দেন। সূত্র: যুগান্তর

২৭ এপ্রিল

▶ চলমান তীব্র তাপপ্রবাহে হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে আরও সাতজনের মৃত্যু। পঞ্চম দফায় তিনদিনের হিট অ্যালার্ট শুরু। চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড হয়েছে ৪২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ চলমান তীব্র তাপপ্রবাহে রাজধানীতে কৃত্রিম বৃষ্টির ব্যবস্থা করেছে ডিএনসিসি। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বাংলাদেশ-সহ ছয়টি দেশে ৯৯ হাজার ১৫০ মেট্রিক টন পেঁয়াজ রপ্তানির অনুমোদন দিয়েছে ভারত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ফিলিস্তিনের গাজায় হামাসের যুদ্ধবিরতি সংক্রান্ত প্রস্তাবে সাড়া দিয়েছে ইসরায়েল। হামাসের মুখপাত্র খলিল আল হায়া কাতার থেকে দেওয়া এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছেন। সূত্র: সমকাল

▶ মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন শুক্রবার ইউক্রেনের জন্য ৬ বিলিয়ন ডলার নতুন সামরিক সহায়তা ঘোষণা করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ইউক্রেনে পশ্চিমা তথা যুক্তরাষ্ট্র ও ইউরোপের সরবরাহ করা অস্ত্র বহনকারী ট্রেন ও রেলপথে ক্ষেপণাস্ত্রে হামলা চালিয়েছে রাশিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা সদর দপ্তর পেন্টাগন জানিয়েছে, তারা দ্রুতই নতুন সামরিক সহায়তা প্যাকেজের আওতায় ইউক্রেনকে প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র ও গোলাবারুদ সরবরাহ করতে যাচ্ছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ কেনিয়ায় অতিবৃষ্টির কারণে সৃষ্ট বন্যায় ৭০ জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৮ এপ্রিল

- বেয়াতি হার বাতিল করে সব পর্যায়ে ১৫ শতাংশ মূল্য সংযোজন কর (মূসক) বা ভ্যাট আরোপের সুপারিশ করেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। আইএমএফের প্রতিশ্রুত তৃতীয় কিস্তি অর্থছাড় পাওয়ার আগে দেওয়া শর্তগুলো সরকার কতটুকু বাস্তবায়ন করেছে, তা মূল্যায়ন করতে সংস্থাটির প্রতিনিধিরা ঢাকায় অবস্থান করছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চলমান তীব্র তাপপ্রবাহে হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে আরও ছয়জনের মৃত্যু। আবহাওয়া অধিদপ্তর যশোরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করেছে ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। সূত্র: দৈনিক কালবেলা
- ইসরায়েলবিরোধী বিক্ষোভ ছড়িয়ে পড়েছে ইউরোপ-অস্ট্রেলিয়ার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয়। বার্লিনে পার্লামেন্টের বাইরে শিবির স্থাপন করেছে যুদ্ধবিরোধী কর্মীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে নিউইয়র্কের বাফেলোতে অজ্ঞাতপরিচয় বন্দুকধারীদের গুলিতে দুই বাংলাদেশি নিহত হয়েছেন বলে জানিয়েছে নিউইয়র্ক পুলিশ। সূত্র: দৈনিক কালবেলা
- ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু-সহ কয়েকজন শীর্ষ ইসরায়েলি কর্মকর্তার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতকে (আইসিসি) গ্রেফতারি পরোয়ানা জারি করা থেকে বিরত রাখার জন্য কূটনৈতিক তৎপরতা চালাচ্ছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। সূত্র: সমকাল
- গাজা উপত্যকায় ইসরায়েলি হামলা যুক্তরাষ্ট্র বন্ধ করতে পারে– ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস সৌদি আরবের এক সম্মেলনে এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইয়েমেনের উপকূলে ইরান সমর্থিত হুতিদের ক্ষেপণাস্ত্রের হামলায় যুক্তরাষ্ট্রের এমকিউ-৯ রিপার নামে একটি ড্রোন বিধ্বস্ত হয়েছে। সূত্র: যুগান্তর
- থাইল্যান্ডের মন্ত্রিসভায় রদবদলে উপপ্রধানমন্ত্রীর দায়িত্ব হারানোর পর আকস্মিকভাবে পদত্যাগের ঘোষণা দিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী পার্নপ্রি বাহিদ্ধা-নুকারা। দেশটির স্থানীয় সংবাদমাধ্যমের খবরে পার্নপ্রির পদত্যাগের তথ্য জানানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৯ এপ্রিল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা থাইল্যান্ডে ছয়দিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- সব ধরনের ওষুধের মূল্যবৃদ্ধি রোধে কার্যকর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: সমকাল
- চলমান তীব্র তাপপ্রবাহে হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে আরও ১২ জনের মৃত্যু। চুয়াডাঙ্গায় আবহাওয়া অধিদপ্তর সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করেছে ৪৩ ডিগ্রি সেলসিয়াস। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের ব্যাংক খাতে শৃঙ্খলা ফেরাতে পরামর্শ দিয়েছেন ব্যবসায়ীদের শীর্ষস্থানীয় সংগঠন মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) আয়োজিত মধ্যাহ্নভোজ সভায় প্রধান অতিথির বক্তব্যে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর এডিমন গিনটিং এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লবণ উৎপাদনে দেশে ৬৩ বছরের আগের রেকর্ড ছাড়িয়ে উৎপাদন হয়েছে ২২ লাখ ৩৪ হাজার ৬৫৮ টন। আগের বছরও রেকর্ড গড়ে লবণ উৎপাদন হয়েছিল ১৯ লাখ ১৭ হাজার ৫৯৮ টন। সূত্র: সমকাল
- স্কটল্যান্ডের বিরোধীদের প্রস্তাবিত অনাস্থা ভোটে হারতে পারেন–এমন একটি শঙ্কা থেকে দেশটির ন্যাশনাল পার্টির (এসএনপি) প্রথম মুসলিম প্রধানমন্ত্রী হামজা হারুন ইউসাফ পদত্যাগ করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় সাত মাস ধরে চলমান যুদ্ধে বিরতির আলোচনায় বসতে আবারও মিশরের কায়রোয় যাচ্ছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী গোষ্ঠী হামাসের প্রতিনিধিদল। সূত্র: সমকাল
- কম্বোডিয়ার রাজধানী নমপেনের পশ্চিমে কাম্পং স্পিউ প্রদেশে একটি সামরিক ঘাঁটিতে বিস্ফোরণে ২০ সেনাসদস্য নিহত। সূত্র: মানবজমিন

৩০ এপ্রিল

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে কমিউনিটি ক্লিনিকের ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- দেশের ইতিহাসে সর্বোচ্চ ১৬ হাজার ৪৭৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন। সূত্র: সমকাল
- চলতি বছর হজের ভিসা আবেদনের সময় ২৯ এপ্রিল থেকে বাড়িয়ে ৭ মে পর্যন্ত করা হয়েছে। সূত্র: সমকাল
- বিশ্ববাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে আবারও দেশে গ্যাস ও জ্বালানি তেলের দাম বাড়িয়ে প্রজ্ঞাপন জারি করে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনুস-সহ ছয়জনের বিরুদ্ধে রংপুর শ্রম আদালতে করা মামলার কার্যক্রম ২২ মে পর্যন্ত স্থগিত করেছেন হাইকোর্ট। পাশাপাশি এ মামলাটি কেন বাতিল ও অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে সংশ্লিষ্টদের প্রতি রুল জারি করেছেন আদালত। সূত্র: সমকাল
- বাংলাদেশ ব্যাংকে সাংবাদিকদের প্রবেশে বিধিনিষেধ আরোপকে গণমাধ্যমের স্বাধীনতা হরণের নামান্তর বলে মনে করছে সম্পাদক পরিষদ ও সংবাদপত্র মালিকদের সংগঠন নোয়াব। এ দুই সংগঠন এ বিষয়ে যৌথ বিবৃতি দিয়েছে। সূত্র: মানবজমিন
- বিতর্কিত ডিজিটাল নিরাপত্তা আইনের (ডিএসএ) মামলায় ৫ বছরে ৪৫১ জন সাংবাদিকের বিরুদ্ধে মামলা হয়েছে। এসব মামলায় গ্রেফতার হয়েছেন ৯৭ জন সাংবাদিক। যার মধ্যে স্থানীয় সাংবাদিক রয়েছেন ৫০ জন। যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির রাজনীতি ও সরকার বিভাগের ডিস্টিংগুইশড অধ্যাপক আলী রীয়াজ ওয়েবিনারে সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস) 'ডিজিটাল নিরাপত্তা আইনের ৫ বছরের চিত্র নিয়ে কঠিন পরীক্ষা' নামে গবেষণা প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা সাংবাদিক ইউনিয়ন ও জাতীয় প্রেস ক্লাবের স্থায়ী সদস্য, প্রবীণ সাংবাদিক জিয়াউল হক (৮২) ইন্তেকাল করেন। সূত্র: দৈনিক কালবেলা
- ইসরায়েলের সেনাবাহিনী কর্তৃক মানবাধিকার লঙ্ঘনের প্রমাণ পেয়েছে যুক্তরাষ্ট্র। সেনাবাহিনীর পাঁচটি ইউনিট ব্যাপকভাবে নিষ্ঠুর কাজের সঙ্গে জড়িত। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা

- ফিলিস্তিনকে রাষ্ট্র হিসাবে স্বীকৃতি দিতে সম্মত হয়েছে ইউরোপের দেশগুলোর জোট ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রনীতি বিভাগের প্রধান জোসেপ বোরেল গণমাধ্যমকর্মীদের আশাবাদ ব্যক্ত করেন। সূত্র: মানবজমিন
- এসএসআরএসের (এসকিউএল সার্ভার রিপোর্টিং সার্ভিসেস বা সংক্ষেপে এসএসআরএস হচ্ছে মাইক্রোসফটের সার্ভারভিত্তিক রিপোর্ট তৈরিকারী সফটওয়্যার সিস্টেম) সহযোগিতায় ১৮ থেকে ২৩ এপ্রিল অনলাইনে ও টেলিফোনের মাধ্যমে আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন নিয়ে সিএনএন এক জরিপ চালিয়েছে। জরিপে অংশ নেন ১ হাজার ২১২ জন প্রাপ্তবয়স্ক মার্কিন নাগরিক। জরিপের ফলাফলে দেখা যাচ্ছে, সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চেয়ে কিছুটা পেছনে পড়ে গেছেন ক্ষমতাসীন প্রেসিডেন্ট জো বাইডেন। জরিপের বিভিন্ন দিক নিয়েই মূলত এই লেখা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে আদালতের আদেশ লঙ্ঘনের দায়ে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ৯ হাজার ডলার জরিমানা করেছেন নিউইয়র্কের আদালত। একই সঙ্গে ট্রাম্পকে সতর্ক করে বলেছে যে, পরবর্তী সময় আদালতের আদেশ লঙ্ঘন করলে তাকে জেলে যেতে হতে পারে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লোহিতসাগরে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে সুয়েজ খালের রাজস্ব ৫০ শতাংশ কমে গেছে। সৌদি আরবের রিয়াদে বিশ্ব অর্থনৈতিক ফোরামের এক ফাঁকে বক্তৃতায় মিশরের পরিকল্পনামন্ত্রী হালা এল-সাইদ এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

মে

১ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'মহান মে দিবস-২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের ৫৪তম স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে লন্ডনের চার্চিল হলে বাংলাদেশ হাইকমিশন আয়োজিত কূটনৈতিক সংবর্ধনা অনুষ্ঠানে শান্তিপূর্ণ ও সংঘাতমুক্ত বিশ্ব প্রতিষ্ঠা এবং গাজা ও ইউক্রেনে চলমান যুদ্ধের অবসান ঘটাতে বাংলাদেশকে সহযোগিতা দিতে যুক্তরাজ্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন সফররত পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নাগরিক স্বাধীনতা গোষ্ঠীগুলোর বিরোধিতা সত্ত্বেও ইহুদিবিদ্বেষ সংক্রান্ত বিতর্কিত বিল পাশ করেছে ইউনাইটেড স্টেটস হাউজ অব রিপ্রেজেনটেটিভস বা নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ইসরায়েলি যুদ্ধ বন্ধের দাবিতে যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলোয় চলমান রয়েছে। গণগ্রেফতার ও বলপ্রয়োগের পরও এ বিক্ষোভ দমনে বরং যুক্তরাষ্ট্রের সীমানা পেরিয়ে ছড়িয়ে পড়েছে বিশ্বের আরও ছয় দেশে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের গাজায় হামলার কারণে ইসরায়েলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করা হবে বলে ঘোষণা দিয়েছেন কলম্বিয়ার প্রেসিডেন্ট গুস্তাভো পেত্রো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজাগামী জর্ডানের দুইটি ত্রাণবহরে হামলা করেছে ইসরায়েলি দখলদাররা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ উত্তপ্ত এপ্রিল মাস পার করেছে দক্ষিণ ভারত। আর উত্তর-পূর্ব ভারতে ভেঙেছে ৫১ বছরের রেকর্ড। চলতি গ্রীষ্মে ভারতের পশ্চিমবঙ্গে প্রথমবারের মতো তাপমাত্রার পারদ ৪৭ ডিগ্রি সেলসিয়াস ছুঁয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হংকংয়ে রাতারাতি প্রায় ১০ হাজার বজ্রপাত আঘাত হানে বলে জানিয়েছে স্থানীয় আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ছয়দিনের থাইল্যান্ড সফরের অভিজ্ঞতা তুলে ধরতে গণভবনে সংবাদ সম্মেলন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরুর আগে কার্য-উপদেষ্টা কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অংশ নেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া রাজধানীর এভারকেয়ার হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা শেষে গুলশানের বাসায় ফিরেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- উপজেলা পরিষদ নির্বাচনে মন্ত্রী-এমপিদের অবৈধ প্রভাব বিস্তার না করার জন্য সংসদ সচিবালয়কে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের সংরক্ষিত ফান্ডের লভ্যাংশের ২৫ কোটি টাকা আত্মসাৎ ও পাচারের অভিযোগে করা মামলায় শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ ও অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের জামিন মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভোক্তা পর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম মে মাসের জন্য প্রতি ১২ কেজি সিলিন্ডারে ৪৯ টাকা কমে ১ হাজার ৩৯৩ টাকা নির্ধারণ করেছে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের পাঁচ জেলায় বজ্রপাতে ১১ জনের মৃত্যু, আহত ৯ জন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশের সাবেক অ্যাটর্নি জেনারেল ও সুপ্রিম কোর্টের জাতীয়তাবাদী আইনজীবী সমিতির সাবেক জ্যেষ্ঠ আইনজীবী এজে মোহাম্মদ আলী (৭৩) সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজা যুদ্ধে ইসরায়েলকে সমর্থন করায় মার্কিন ও ব্রিটিশ কর্মকর্তাদের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে ইরান। ইরান তার পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৩ মে

- হেফাজতে ইসলামের সাবেক কেন্দ্রীয় কমিটির যুগ্মমহাসচিব ও ঢাকা মহানগরের সাধারণ সম্পাদক মাওলানা মামুনুল হককে তিন বছর পর কাশিমপুর কারাগার থেকে জামিনে মুক্তি দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মার্কিন প্রতিরক্ষা দপ্তরের অন্যতম প্রধান প্রতিষ্ঠান নিয়ার ইস্ট সাউথ এশিয়া (নেসা) সেন্টার ফর স্ট্র্যাটেজিক স্টাডিজের ডিস্টিংগুইশ প্রফেসর ড. হাসান আব্বাসের নেতৃত্বে প্রতিনিধিদল ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাস পরিদর্শন করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘ সাধারণ পরিষদে বাংলাদেশের পক্ষে সংস্থাটিতে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিতের প্রস্তাবিত 'শান্তির সংস্কৃতি' শীর্ষক রেজ্যুলেশনটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। ১১২টি দেশ এ রেজ্যুলেশনটিতে কো-স্পন্সর করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজীপুরের জয়দেবপুরে রেলস্টেশনের আউটার সিগন্যালে তেলবাহী ট্রেনের সঙ্গে যাত্রীবাহী ট্রেনের সংঘর্ষে চালক-সহ চারজন আহত এবং সাত বগি লাইনচ্যুত হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বের বিভিন্ন দেশে ফিলিস্তিনপন্থি শিক্ষার্থীদের বিক্ষোভ অব্যাহত। অস্ট্রেলিয়া, ফ্রান্স, কানাডা, জার্মানি, জাপান ও দক্ষিণ কোরিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শত শত শিক্ষার্থী রাস্তায় নেমে গাজায় ইসরায়েলি নৃশংসতা বন্ধ ও ফিলিস্তিনের স্বাধীনতার দাবিতে স্লোগান দেয়। যুক্তরাষ্ট্রে ফিলিস্তিনপন্থি বিক্ষোভ চলাকালে সাউদার্ন ইলিনয়েস ইউনিভার্সিটি অ্যাডওয়ার্ডসভিলের ইতিহাসের অধ্যাপক স্টিভ তামারিকে গ্রেফতার করার সময় তার পাঁজরের ৯টি হাড় ও একটি হাত ভেঙে দিয়েছে দেশটির পুলিশ। এছাড়া যুক্তরাষ্ট্রজুড়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস থেকে গত কয়েক সপ্তাহে ২ হাজার ২০০ জনের বেশি বিক্ষোভকারীকে গ্রেফতার করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় চলমান ইসরায়েলি হামলায় প্রতিদিনই মা হারাচ্ছে ৩৭ ফিলিস্তিনি শিশু। ফিলিস্তিনে শরণার্থীদের জন্য জাতিসংঘের সংস্থা (ইউএনআরডব্লিউএ) এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সৌদি আরব ও ইসরায়েলের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনে জোর তৎপরতা চালাচ্ছে যুক্তরাষ্ট্র। সৌদি আরব যদি ইসরায়েলের সঙ্গে সম্পর্ক তৈরি করে, তাহলে সৌদিকে নিরাপত্তার নিশ্চয়তা দেবে যুক্তরাষ্ট্র। তবে সৌদি আরব শর্ত দিয়েছে যদি ইসরায়েল তাদের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করতে চায় তাহলে পশ্চিম তীর এবং গাজাকে নিয়ে স্বাধীন ফিলিস্তিনি রাষ্ট্র গঠন করতে হবে, গাজা থেকে সব ইসরায়েলি সেনাকে প্রত্যাহার করে নিতে হবে এবং ফিলিস্তিনিদের ভূখণ্ডে অবৈধ বসতি স্থাপন বন্ধ করে দিতে হবে। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক টাইমস পত্রিকায় লেখা একটি কলামে এ তথ্য জানিয়েছেন কলামিস্ট থমাস ফ্রাইডম্যান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় অব্যাহত হামলায় ভয়াবহ মানবিক বিপর্যয়ের কথা জানিয়ে ইসরায়েলের সঙ্গে সব ধরনের বাণিজ্য সম্পর্ক স্থগিত করেছে তুরস্ক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মার্কিন মোট ভোটারের সম্ভাব্য ৪১ শতাংশ বিশ্বাস করেন, আগামী পাঁচ বছরের মধ্যে গৃহযুদ্ধের মুখোমুখি হতে পারে যুক্তরাষ্ট্র। রাসমুসেন রিপোর্টস প্রকাশিত মতামত জরিপে এ তথ্য প্রকাশিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সম্প্রতি নাইজারের সামরিক জান্তা সে দেশ থেকে মার্কিন সেনাদের বহিষ্কারের সিদ্ধান্ত নেয়। এমন প্রেক্ষাপটে 'এয়ারবেজ ১০১' নামের বিমানঘাঁটি নাইজারের রাজধানী নিয়ামির ডিওরি হামানি আন্তর্জাতিক বিমানবন্দরের কাছেই অবস্থিত মার্কিন বাহিনীর অবস্থান থাকা বিমানঘাঁটিতে রুশ সেনা প্রবেশ করেছে। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- এ মুহূর্তে যদি গাজায় যুদ্ধবিরতি হয় এবং স্বাভাবিক গতিতে সেখানে ঘরবাড়ি, হাসপাতাল, স্কুল, রাস্তাঘাট ও আগেকার অন্যান্য অবকাঠামো পুনর্নির্মাণের কাজ শুরু হয়, সেক্ষেত্রে উপত্যকাকে ৭ অক্টোবরের হামলার পূর্বের অবস্থায় ফিরিয়ে নিতে সময় লাগবে ৮০ বছর। জাতিসংঘের উন্নয়ন কর্মসূচিবিষয়ক প্রকল্প ইউএন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি) এ প্রতিবেদন প্রকাশ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাজ্যের সাধারণ বিরোধী লেবার পার্টি নির্বাচনে জয়ী হয়েছে। নির্বাচনে ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টির পরাজয় মেনে নিয়ে দেশটির

সাবেক প্রধানমন্ত্রী ঋষি সুনাক বিজয়ী লেবার পার্টির নেতা কিয়ার স্টারমারকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- মিয়ানমারের ৩৮ শরণার্থীকে তাদের দেশে ফেরত পাঠিয়েছে ভারত। ভারতের মণিপুর রাজ্যের মুখ্যমন্ত্রী এন. বীরেন সিং এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

৪ মে

- দলীয় সিদ্ধান্ত অমান্য করে উপজেলা নির্বাচনে অংশ নেওয়ায় আরও ৬৬ নেতাকে বহিষ্কার করেছে বিএনপি। এর আগে ৭৫ নেতাকে বহিষ্কার করে বিএনপি। দলটির দপ্তর সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজীপুরের জয়দেবপুরের ট্রেন দুর্ঘটনায় ঢাকাগামী সব ট্রেনের শিডিউল ভেঙে পড়েছে। যমুনা সেতু হয়ে পশ্চিমাঞ্চলের যেসব আন্তঃনগর ট্রেন চলাচল করে, প্রতিটি ট্রেন ৫-৬ ঘণ্টা বিলম্বে ছেড়েছে। ট্রেনের শিডিউল ঠিক হতে দুদিন সময় লাগবে বলে রেলওয়ের কর্মকর্তারা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাগেরহাটের পূর্ব সুন্দরবনের চাঁদপাই রেঞ্জের আমরবুনিয়া এলাকায় আগুন লেগেছে। দুই কিলোমিটারজুড়ে ১০ একরেরও অধিক এলাকা জ্বলে ওঠা আগুন নিয়ন্ত্রণে এসেছে বলে বন বিভাগ দাবি করলেও জেলে, বাওয়ালি ও এলাকাবাসী বলেছেন কোথাও কোথাও আগুন এখনো জ্বলছে। আগুন নিয়ন্ত্রণের জন্য বিমানবাহিনীর একটি হেলিকপ্টার, ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট, নৌবাহিনী, বনরক্ষী ও স্থানীয় স্বেচ্ছাসেবকরা প্রাণপণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রায় ৬ মাস পর অভ্যন্তরীণ চাহিদা ও মূল্যস্ফীতি বিবেচনায় বৈদেশিক বাণিজ্য নিয়ন্ত্রণবিষয়ক কেন্দ্রীয় সংস্থা ডিজিএফটি প্রজ্ঞাপনে পেঁয়াজ রপ্তানিতে নিষেধাজ্ঞা তুলে দেওয়ার কথা জানিয়েছে। যদিও বাংলাদেশ-সহ ছয়টি দেশের ওপর পেঁয়াজ রপ্তানির আংশিক নিষেধাজ্ঞা আগেই প্রত্যাহার করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারিক কার্যক্রম পরিচালনার জন্য দুটি বেঞ্চ গঠন করে দিয়েছেন প্রধান বিচারপতি ওবায়দুল হাসান।

কোর্টের ওয়েবসাইটে আপিল বিভাগের দুটি বেঞ্চের কার্যতালিকা প্রকাশ করেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- মিয়ানমারের চলমান সংঘাতের জেরে দেশটির সীমান্তরক্ষী বাহিনী বিজিপির আরও ৪০ সদস্য কক্সবাজারের টেকনাফে পালিয়ে এসেছেন। পরে তাদের নিরস্ত্রীকরণ করে হেফাজতে নিয়েছে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর (বিজিবি) সদস্যরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- 'চাইল্ড অ্যান্ড ওল্ড এইজ কেয়ার' আশ্রমের গ্রেফতার চেয়ারম্যান মিল্টন সমাদ্দারের স্ত্রী মিঠু হালদারকে জিজ্ঞাসাবাদের জন্য মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) কার্যালয়ে ডাকা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নাইজেরিয়ায় গোপন আস্তানায় সামরিক অভিযানের প্রতিশোধ নিতে উত্তর-পশ্চিম নাইজেরিয়ার কাতসিনা রাজ্যের চারটি গ্রামে দস্যুদের বন্দুক হামলার ঘটনায় ২৫ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জিম্মি চুক্তিতে রাজি হতে ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাসকে সাতদিনের সময় দিয়েছে ইসরায়েল। এ সময়ের মধ্যে চুক্তি না করলে গাজার রাফাহতে হামলা শুরু করা হবে বলে হুমকি দিয়েছে তারা। মার্কিন প্রভাবশালী সংবাদমাধ্যম ওয়ালস্ট্রিট জার্নাল এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চলতি বছরের শুরু থেকে এ পর্যন্ত চার মাসে ইউক্রেনের সেনাবাহিনী ১ লাখ ১১ হাজার সেনা সদস্যকে হারিয়েছে বলে দাবি করেছেন রাশিয়ার প্রতিরক্ষামন্ত্রী সের্গেই শোইগু। ইউক্রেনের সামরিক বাহিনীর হতাহতের নতুন হিসাব প্রকাশ করেন রুশ প্রতিরক্ষামন্ত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ইসরায়েলি হামলা বন্ধ ও ফিলিস্তিনের স্বাধীনতার দাবিতে চলমান বিক্ষোভ দমনে বিশ্বের বিভিন্ন দেশের কয়েক'শ বিশ্ববিদ্যালয়ে চলছে ব্যাপক ধড়পাকড়। এরপরও 'ইন্তিফাদা' স্লোগানে মুখর শিক্ষার্থীরা। যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া ভার্সিটি ক্যাম্পাসে কয়েক শ পুলিশ প্রবেশ করে ছাত্রদের হটিয়ে দেওয়ার চেষ্টা করে। জার্মানির হামবোল্ট ভার্সিটি ক্যাম্পাসেও ব্যাপক ধরপাকড়ের ঘটনা ঘটে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্রাজিলে ৮০ বছরের ইতিহাসে সবচেয়ে ভয়াবহ বন্যা শুরু হয়েছে। দেশটির দক্ষিণাঞ্চলীয় রাজ্য রিও গ্র্যান্ডে দো সুলে ভারি বৃষ্টিতে নিহতের সংখ্যা বেড়ে ৩৯ জনে দাঁড়িয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- কানাডায় শিখ বিচ্ছিন্নতাবাদী নেতা হরদীপ সিং নিজ্জর হত্যাকাণ্ডে অভিযুক্ত করণ ব্রার (২২), কমল প্রীত সিং (২২) ও করণ প্রীত সিং (২৮) নামক তিন ভারতীয়কে গ্রেফতার করেছে দেশটির পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাগরের জোয়ারের পানিতে তলিয়ে যায় ইউরোপের ড্রয়িং রোমখ্যাত সবচেয়ে গুরুত্বপূর্ণ পর্যটন স্থান সানমার্কো স্কয়ার-সহ ভেনিসের নিম্নাঞ্চল। এতে চরম দুর্ভোগে পড়েন দ্বীপটিতে ঘুরতে যাওয়া হাজার হাজার পর্যটক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও তেহরিক-ই-ইনসাফের প্রতিষ্ঠাতা ইমরান খান আদিয়ালা কারাগারে সাংবাদিকদের বলেছেন, আমি আলোচনার জন্য প্রস্তুত আছি; কিন্তু কোনো চুক্তির জন্য নয়। ১৮ মাস ধরেই আমি এ কথা বলে আসছি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েলের সঙ্গে যুদ্ধবিরতিতে রাজি হয়েছে ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাস। ফিলিস্তিনি সংবাদমাধ্যম আল-কুদস জানিয়েছে, ইসরায়েলের সঙ্গে জিম্মি ও যুদ্ধবিরতির চুক্তির প্রথম ধাপ কার্যকরে রাজি হয়েছেন হামাসের নেতারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির বিরুদ্ধে ফৌজদারি মামলা করেছে রাশিয়া। সেই সঙ্গে রাশিয়ায় ওয়ান্টেড তালিকায় রাখা হয়েছে জেলেনস্কিকে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কিয়েভ সফরে গিয়ে ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী ডেভিড ক্যামেরন ইউক্রেনকে যুক্তরাজ্যের তৈরি স্টর্ম শ্যাডো মিসাইল দিয়ে রাশিয়ার ভেতরে হামলা করার অনুমতি দিয়েছে। ডেভিড ক্যামেরন জানান, ইউক্রেনের যতদিন প্রয়োজন হবে, যুক্তরাজ্যের পক্ষ থেকে প্রতিবছর ৩৭৫ কোটি মার্কিন ডলার করে দেওয়া হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ১৭ জন রোগীকে অতিমাত্রায় ইনসুলিনের ডোজ প্রয়োগ করে হত্যার দায়ে মার্কিন নার্স হেদার প্রেসডিকে (৪১) ৭৬০ বছর কারাবাসের সাজা দিয়েছেন যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৫ মে

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বিশ্ববিদ্যালয়ের 'বার্ষিক প্রতিবেদন' পেশ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা সেনানিবাসে নবনির্মিত আর্মড ফোর্সেস ইনস্টিটিউট অব প্যাথলজি (এএফআইপি) ভবন এবং আর্মি সেন্ট্রাল অডিটোরিয়াম, সেনাপ্রাঙ্গণ উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) বাংলাদেশকে দেওয়া ঋণের বেশির ভাগ শর্ত পূরণ হওয়ায় আগামী জুনে আইএমএফ ঋণের তৃতীয় কিস্তি প্রায় ৭০ কোটি ডলার পাবে বাংলাদেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) মহাপরিচালক প্রথমবার সফরে অ্যামি পোপে ঢাকায় পৌঁছান। সূত্র: দৈনিক কালবেলা
- প্রাণঘাতী কোলন ক্যানসার শনাক্তকরণের জন্য যুক্তরাষ্ট্রের ভ্যান্ডাবিল্ট বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন বিভাগের শিক্ষক ও চিকিৎসাবিজ্ঞানী ড. জসিম উদ্দিন 'ফ্লোরকক্সিব' নামে জৈবযৌগ আবিষ্কার করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কক্সবাজারের টেকনাফ সীমান্ত দিয়ে নতুন করে আরও ৮৮ জন মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর (বিজিপি) সদস্য অস্ত্র-সহ বাংলাদেশে অনুপ্রবেশ করেছে। তাদেরকে কোস্ট গার্ড হেফাজতে রাখা হয়। সূত্র: সমকাল
- 'চাইল্ড অ্যান্ড ওল্ড এজ কেয়ার' নামক আশ্রমের প্রতিষ্ঠাতা মিল্টন সমাদ্দার আশ্রিত গরিব-অসহায় মানুষের যখন অপারেশনের প্রয়োজন হতো, তখন নিজেই রোগীদের হাত-পা বা আঙুল ব্লেড দিয়ে অস্ত্রোপচার করতেন। জানিয়েছেন ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) মোহাম্মদ হারুন অর রশীদ। সূত্র: সমকাল
- ইসরায়েলের মন্ত্রিসভায় সর্বসম্মতিক্রমে আলজাজিরার সম্প্রচার বন্ধে চূড়ান্ত আইন পাশ। তবে কবে আলজাজিরা বন্ধ করা হচ্ছে তা জানায়নি ইসরায়েলি কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক কালবেলা

৬ মে

- রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়গুলোর আচার্য মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. মশিউর রহমানের নেতৃত্বে চার সদস্যের প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে দ্বিপক্ষীয় বিমান চলাচল সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা বৃদ্ধির বিষয়টি নীতিগত সিদ্ধান্তের বিষয় বলে সংসদের বৈঠকে প্রশ্নোত্তরে সম্পূরক প্রশ্নের জবাবে জানিয়েছেন জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ প্রতিনিধি দলনেতা হিসাবে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ গাম্বিয়ার বানজুলে ১৫তম ওআইসি শীর্ষ সম্মেলনে রোহিঙ্গা গণহত্যার বিচারের দাবিতে আন্তর্জাতিক বিচার আদালতে গাম্বিয়ার দায়ের করা মামলায় আইনি ও আর্থিক সহযোগিতা প্রদানের জন্য ওআইসি সদস্য দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র: সমকাল
- উচ্চ আদালতের নির্দেশে ভৌগোলিক নির্দেশক পণ্যের (জিআই) তালিকা প্রস্তুত করেছে শিল্প মন্ত্রণালয়। একই সঙ্গে পরবর্তী সময়ে নিবন্ধন হতে পারে এমন সম্ভাব্য ভৌগোলিক পণ্যের একটি তালিকাও প্রস্তুত করেছে। ওই প্রতিবেদনে বাংলাদেশে নিবন্ধিত জিআই পণ্যের সংখ্যা ৩২টি উল্লেখ করেছে। এছাড়া দেশের বিভিন্ন জেলায় থাকা ১৫১টি পণ্যকে সম্ভাব্য ভৌগোলিক পণ্যের তালিকায় রাখা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশে বেকারের সংখ্যা ২৫ লাখ ৯০ হাজার। ২০২৩ সাল শেষে গড় বেকারের সংখ্যা ছিল ২৪ লাখ ৭০ হাজার। এছাড়া পুরুষ বেকারের সংখ্যা বেড়েছে, নারী বেকার কমেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) ত্রৈমাসিক (জানুয়ারি থেকে মার্চ) শ্রমশক্তি জরিপ প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হয়। সূত্র: সমকাল

- 'চাইল্ড অ্যান্ড ওল্ড এইজ কেয়ার' আশ্রমের চেয়ারম্যান মিল্টন সমাদ্দার প্রতারণা ও নানা অনিয়মে গ্রেফতার হওয়ার কারণে তার আশ্রমে থাকা বৃদ্ধ, অনাথ শিশু ও মানসিক ভারসাম্যহীন মানুষদের থাকা-খাওয়া ও চিকিৎসাসেবার দায়িত্ব দেওয়া হয়েছে 'আলহাজ শামসুল হক ফাউন্ডেশন' নামের প্রতিষ্ঠানকে। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় ইসরায়েলি নৃশংসতার প্রতিবাদে ফিলিস্তিনের স্বাধীনতার দাবিতে বিশ্বজুড়ে বিক্ষোভ অব্যাহত। বিশ্বের প্রায় ১৫টি দেশে শত শত শিক্ষার্থী আটকের পরও দাবি আদায়ে অনড় শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউক্রেন রাশিয়ার ভূখণ্ডে হামলার জন্য ব্রিটিশ অস্ত্র ব্যবহার করলে মস্কো ইউক্রেইনের অভ্যন্তরে এবং বিশ্বের অন্য যেকোনো জায়গার ব্রিটিশ সামরিক স্থাপনা-সহ সরঞ্জামে পালটা আঘাত হানতে পারে বলে যুক্তরাজ্যকে হুঁশিয়ারি দিয়েছে রাশিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৫ বছর পর ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশ সফরে গেলেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। সূত্র: সমকাল
- গাজায় যুদ্ধবিরতির চুক্তিতে মিশর ও কাতারের মধ্যস্থতায় ফোনালাপে সম্মতি জানিয়েছে ফিলিস্তিনের স্বাধীনতাকামীদের সংগঠন হামাস। সূত্র: দৈনিক কালবেলা
- গাজা যুদ্ধের জের ধরে ইসরায়েলের সঙ্গে বাণিজ্য বন্ধ রাখার তুরস্কের সিদ্ধান্তে চরম বিপাকে পড়েছে তেল আবিব। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অবরুদ্ধ গাজা উপত্যকার দক্ষিণাঞ্চলীয় রাফার একাংশ খালি করে দিতে সেখানে বসবাসরত ফিলিস্তিনি বেসামরিক নাগরিকদের প্রতি নির্দেশ দিয়েছে ইসরায়েল। ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনীর নির্দেশের পর রাফার পূর্বাঞ্চল থেকে ইতোমধ্যে লোকজন সরে যেতে শুরু করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

৭ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে স্মার্ট বাংলাদেশ-২০৪১ বিনির্মাণে সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রমের রূপরেখা সংক্রান্ত উপস্থাপনা অবলোকন করেন। সূত্র: সমকাল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) মহাপরিচালক অ্যামি পোপ সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) ৪৭০ কোটি ডলার ঋণের তৃতীয় কিস্তি হিসাবে ৬৮ কোটি ডলার প্রদানে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে। চলতি মাসের শেষ নাগাদ কিংবা আগামী মাসের শুরুর দিকে অর্থছাড়ের বিষয়ে অর্থ মন্ত্রণালয়কে নিশ্চিত করেছে ঋণ কর্মসূচির আওতায় শর্ত বাস্তবায়ন পর্যবেক্ষণে আসা সংস্থাটির প্রতিনিধিদল। সূত্র: সমকাল
- হজ ভিসার জন্য আবেদন করার সময় দ্বিতীয় দফায় ৭ মে থেকে বাড়িয়ে ১১ মে পর্যন্ত করা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক অধ্যাপক ড. নাদির জুনাইদের বিরুদ্ধে যৌন হয়রানি ও মানসিক নিপীড়নের অভিযোগের সত্যতা পেয়েছে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট গঠিত ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভ্লাদিমির পুতিন রাশিয়ার প্রেসিডেন্ট হিসাবে টানা পঞ্চমবার নির্বাচিত হওয়ার পর মস্কোর গ্র্যান্ড ক্রেমলিন প্যালেসের সেইন্ট অ্যান্ড্রু হলে শপথ নেন। সূত্র: সমকাল
- চলতি বছর 'পুলিৎজার পুরস্কার' পেয়েছে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স, মার্কিন সংবাদমাধ্যম দ্য নিউইয়র্ক টাইমস ও ওয়াশিংটন পোস্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ সীমান্তসংলগ্ন রাখাইন রাজ্যে মিয়ানমারের জান্তা সরকারের ২০০ জন সেনা আত্মসমর্পণ করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের গাজার রাফায় মসজিদে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইসরায়েলি ডিফেন্স ফোর্স (আইডিএফ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের চলমান লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় ভোট দিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সৌদি আরবে মৃত্যুদণ্ড কার্যকর করার আগ মুহূর্তে নিজ ছেলের হত্যাকারীকে বিনা শর্তে ক্ষমা করেন (বাবা) আল হুমাইদি আল হারবি। সূত্র: দৈনিক ইত্তেফাক

- গাজায় ইসরায়েলি যুদ্ধের অবসান ও মার্কিন সমর্থন প্রত্যাহারের দাবিতে কয়েক সপ্তাহ ধরে চলা ফিলিস্তিনপন্থি শিক্ষার্থীদের বিক্ষোভের জেরে স্নাতক সমাপন অনুষ্ঠান বাতিল করেছে যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়। সূত্র: সমকাল
- চট্টগ্রামে জহুর আহমেদ স্টেডিয়ামে অনুষ্ঠিত সিরিজের তৃতীয় টি-টোয়েন্টিতে জিম্বাবুয়ের বিপক্ষে ৯ রানে জয়লাভ করে বাংলাদেশ ক্রিকেট দল। সূত্র: দৈনিক কালবেলা

৮ মে

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন 'বিশ্ব থ্যালাসেমিয়া' দিবস উপলক্ষ্যে বাণী দিয়েছেন। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন যুক্তরাজ্যের পররাষ্ট্র, কমনওয়েলথ ও উন্নয়নবিষয়ক মন্ত্রণালয়ের ইন্দো-প্যাসিফিক অঞ্চলের প্রতিমন্ত্রী অ্যানি ম্যারি ট্রেভেলেইন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের সড়ক-মহাসড়কে যান চলাচলের সর্বোচ্চ গতিসীমা বেঁধে দিয়েছে সরকার। মহাসড়ক ও এক্সপ্রেসওয়েতে প্রাইভেট কার ও বাসের সর্বোচ্চ গতি নির্ধারণ করা হয়েছে ঘণ্টায় ৮০ কিলোমিটার এবং মোটরসাইকেলে ঘণ্টায় ৫০ কিলোমিটার। এ সংক্রান্ত নির্দেশিকা ২০২৪' জারি করেছে সড়ক, পরিবহণ ও সেতু মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর দারুসসালামে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট মিলনায়তনে 'তথ্য অধিকার আইন ও গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক কর্মশালায় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বক্তব্যে বলেন, তথ্য অধিকার আইনের আওতায় গণমাধ্যমের তথ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত করা হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বেইলি রোডে গ্রিন কোজি কটেজে অগ্নিকাণ্ডের ঘটনায় ৩৬ জন নিহতের ঘটনায় কাচ্চি ভাই রেস্তোরাঁর মালিক সোহেল সিরাজকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সূত্র: সমকাল
- রাফাহতে ইসরায়েলকে কঠোরভাবে আন্তর্জাতিক মানবিক আইন মেনে চলতে হবে। ইসরায়েলের ট্যাংক বহর ফিলিস্তিনের সীমান্ত নগরী

রাফাহতে প্রবেশ করার পর এমন সতর্কবার্তা পাঠিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে নথি গোপন করার মামলা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্রিটিশ-সুইডিশ ওষুধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান অ্যাস্ট্রাজেনেকার তৈরি করোনা টিকায় পার্শ্বপ্রতিক্রিয়া ধরা পরার কারণে বাজার থেকে নিজেদের তৈরি করোনাভাইরাসের টিকা তুলে নিচ্ছে। কোম্পানিটি নতুন করে আর কোভিড-১৯-এর টিকা উৎপাদনও করবে না বলেও ঘোষণা দেয়। সূত্র: দৈনিক কালবেলা
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের স্ত্রী বুশরা বিবিকে নিরাপত্তার কারণে গৃহবন্দি করার পরিবর্তে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন দেশটির আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইউরোপীয় ইউনিয়নের জলবায়ুবিষয়ক সংস্থা 'কোপারনিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিস' জানিয়েছে, বিশ্বের তাপমাত্রা রেকর্ড তালিকায় ২০২৪ সালের এপ্রিল মাসটি আগের সব এপ্রিল মাসের রেকর্ড ভেঙে দিয়েছে। অর্থাৎ এ বছরের এপ্রিলটি ইতিহাসে সবচেয়ে গরম ছিল। সূত্র: যুগান্তর

৯ মে

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলামের নেতৃত্বে প্রতিনিধিদল বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের 'প্রতিবেদন ২০২২-২৩' হস্তান্তর করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে ভারতের পররাষ্ট্র সচিব বিনয় মোহন কোয়াত্রার সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় ৫ হাজার ৫৬৩ কোটি ৬৭ লাখ টাকা ব্যয়ে ১০টি প্রকল্প অনুমোদন। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকাস্থ যুক্তরাজ্য হাইকমিশনার বাসভবনে যুক্তরাজ্যের ভারত ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলবিষয়ক পররাষ্ট্র প্রতিমন্ত্রী অ্যান-মেরি ট্রেভেলিয়ানের

সঙ্গে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বৈঠক। সূত্র: সমকাল

- দুর্নীতিবিরোধী জাতিসংঘের নতুন প্ল্যাটফরম গ্লোব-ই নেটওয়ার্কের (পুরো নাম দ্য গ্লোবাল অপারেশনাল নেটওয়ার্ক অব অ্যান্টিকরাপশন ল এনফোর্সমেন্ট অথরিটিজ) সদস্য হলো বাংলাদেশ। মার্চে বাংলাদেশ এর সদস্য হওয়ার পর এক্ষেত্রে দেশের ফোকাল পয়েন্ট নিযুক্ত হয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: সমকাল
- চলচ্চিত্র অভিনেতা সোহেল চৌধুরীকে হত্যার দায়ে ব্যবসায়ী আজিজ মোহাম্মদ ভাই-সহ ট্রাম্পস ক্লাবের মালিক আফাকুল ইসলাম ওরফে বান্টি ইসলাম ও আদনান সিদ্দিকীকে যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিয়েছেন ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-২। একই মামলায় অভিযোগ প্রমাণিত না হওয়ায় শীর্ষ সন্ত্রাসী সানজিদুল হাসান ইমন-সহ ছয়জনকে খালাস দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার আল-শিফা হাসপাতালে মিলেছে তৃতীয় গণকবরের সন্ধান। এ গণকবর থেকে ৪৯ জনের লাশ উদ্ধার করা হয়েছে। প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা আনাদোলু। সূত্র: যুগান্তর
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানির পরাজয়ের বিরুদ্ধে সোভিয়েত ইউনিয়নের বিজয়ের বার্ষিকীতে মস্কোর রেড স্কয়ারে ভাষণে পশ্চিমা দেশগুলোকে বৈশ্বিক সংঘাতের ঝুঁকি সৃষ্টির জন্য অভিযুক্ত করেছেন। তিনি বলেছেন, কাউকেই বিশ্বের বৃহত্তম পরমাণু শক্তিধর দেশ রাশিয়াকে হুমকি দেওয়ার সুযোগ দেওয়া হবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন দেশটির সম্প্রচারমাধ্যম সিএনএনকে দেওয়া সাক্ষাৎকারে গাজার রাফাহে আশ্রয় নেওয়া ১০ লাখেরও বেশি ফিলিস্তিনিদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে এবং ফিলিস্তিনের অবরুদ্ধ গাজার সীমান্ত শহর রাফায় হামলা চালালে ইসরায়েলে অস্ত্র সরবরাহ বন্ধের হুঁশিয়ারি দিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চীনা প্রেসিডেন্ট শি জিনপিং পাঁচ বছরের মধ্যে প্রথমবার ইউক্রেন যুদ্ধ এবং অবকাঠামো প্রকল্প নিয়ে আলোচনা করতে হাঙ্গেরি সফরে গেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ গাজায় ইসরায়েলি গণহত্যা বন্ধ, দখলদারির অবসান ও স্থায়ী যুদ্ধবিরতির দাবিতে ঢাকায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ছাত্র-জনতা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১০ মে

▶ ঢাকায় যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত হিসাবে ডেভিড স্লেটন মিলকে মনোনীত করেছেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। হোয়াইট হাউজ বিবৃতিতে এ তথ্য জানায়। ডেভিড স্লেটন মিল ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের স্থলাভিষিক্ত হবেন। সূত্র: যুগান্তর

▶ চট্টগ্রামের পতেঙ্গায় বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে নিহত পাইলট অসিম জাওয়াদকে রাষ্ট্রীয় মর্যাদায় মানিকগঞ্জ জেলা শহরের সেওতা কবরস্থানে দাফন করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ বাংলাদেশ থেকে চলতি বছরের প্রথম হজ ফ্লাইটে ৪১৯ জন হজযাত্রী নিয়ে সৌদি আরবের জেদ্দার কিং আবদুল আজিজ বিমানবন্দরের হজ টার্মিনালে এসে পৌঁছেছে। সূত্র: দৈনিক কালবেলা

▶ ভারতের দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়ালকে ১ জুন পর্যন্ত অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছেন দিল্লির সুপ্রিম কোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ফিলিস্তিনকে পূর্ণ সদস্যপদ দেওয়ার জন্য নিরাপত্তা পরিষদের প্রতি আহ্বান জানিয়ে প্রস্তাব পাশ হয়েছে জাতিসংঘের সাধারণ পরিষদে। এ প্রস্তাবের পক্ষে বাংলাদেশ-সহ ১৪৩টি দেশ ভোট দিয়েছে। যুক্তরাষ্ট্র, ইসরায়েল-সহ ৯টি দেশ বিপক্ষে ভোট দিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ফিলিস্তিনের ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানিয়েছে, গাজায় গত সাত মাসে ৩০০ ইমাম ও ধর্মীয় ব্যক্তিদের হত্যা করেছে ইসরায়েল। এছাড়া তারা ৫০০-এর অধিক মসজিদ গুঁড়িয়ে দিয়েছে। এমনকি আংশিকভাবে ধ্বংস করা হয়েছে অসংখ্য মসজিদ। এ তালিকায় ঐতিহাসিক আল ওমারি মসজিদও রয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ইসরায়েলের হঠকারিতায় কোনো চুক্তি ছাড়াই কায়রোতে অনুষ্ঠিত গাজায় যুদ্ধবিরতি আলোচনা শেষ হয়েছে। সূত্র: দৈনিক কালবেলা

১১ মে

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) মিলনায়তনে আয়োজিত আইইবির ৬১তম কনভেনশনের উদ্‌বোধনী অধিবেশনে বক্তব্য দেন। সূত্র: সমকাল

▶ চতুর্থ ধাপের উপজেলা পরিষদ নির্বাচনের ৭৩৭ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। নির্বাচন কমিশন এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ সৌদি আরবে হজযাত্রীদের জন্য সময়মতো বাড়ি ভাড়া করতে না পারায় এখনো ভিসা পাননি ১৫ হাজারের বেশি যাত্রী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) উপদেষ্টা ও প্রবীণ রাজনীতিক মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং বীর মুক্তিযোদ্ধা হায়দার আকবর খান রনো (৮২) ইন্তেকাল করেন। সূত্র: সমকাল

▶ দেশের তিন জেলায় বজ্রপাতে একদিনে ৬ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন বেশ কয়েকজন। সূত্র: সমকাল

▶ ফিলিস্তিনিদের মধ্য রাফা ছাড়ার নির্দেশ দিয়েছে ইসরায়েলি সামরিক বাহিনী। ব্যাপক আকারে সামরিক অভিযানের লক্ষ্যেই এই নির্দেশ দিয়েছেন তারা। সূত্র: সমকাল

▶ ফিলিস্তিনের গাজা উপত্যকার রাফা থেকে ইসরায়েলকে সেনা প্রত্যাহারের নির্দেশ দিতে আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) আবেদন করেছে দক্ষিণ আফ্রিকা। সূত্র: দৈনিক কালবেলা

▶ আফগানিস্তানের বাগলান প্রদেশে আকস্মিক বন্যায় একদিনে দুই শতাধিক মানুষের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ সরকার ও সংসদের মধ্যে মতবিরোধের কারণে অচলাবস্থার জেরে ভেঙে দেওয়া হলো কুয়েতে পার্লামেন্ট। মধ্যপ্রাচ্যের দেশটির আমির শেখ মেশাল আল জাবের আল আহমাদ আল সাবাহ টেলিভিশনে দেওয়া ভাষণে এ ঘোষণা দেন। একইসঙ্গে সংবিধানের কিছু অনুচ্ছেদও স্থগিত করেছেন তিনি। সূত্র: সমকাল

১২ মে

▶ এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশিত। চলতি বছর গড় পাশের হার ৮৩.০৪ শতাংশ। সূত্র: সমকাল

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) দেশে প্রথমবারের মতো জলবায়ু কর্মপরিকল্পনা ঘোষণা করেছে। সূত্র: দৈনিক কালবেলা
- রাজধানীর নিকুঞ্জে একটি হোটেলে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও সৌদি আরবের উপস্বরাষ্ট্রমন্ত্রী নাসের বিন আবদুল আজিজ আল দাউদ দ্বিপক্ষীয় বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সৌদি আরবে যাওয়া ৬৯ হাজার রোহিঙ্গার পাসপোর্ট নবায়ন করতে তাগিদ দিয়েছে সৌদি সরকার। সূত্র: সমকাল
- খেলাপি ঋণ আদায় করতে না পেরে রাষ্ট্রীয় মালিকানাধীন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক (বিডিবিএল) সোনালী ব্যাংকের সঙ্গে একীভূত হতে চুক্তি স্বাক্ষর করেছে। সূত্র: দৈনিক কালবেলা
- রাশিয়ায় বেলগোরোদ শহরে একটি বহুতল ভবনে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ইউক্রেন। এ হামলার সাতজন নিহত। সূত্র: দৈনিক কালবেলা
- চীনের ৩৭টি প্রযুক্তি কোম্পানির ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের বাণিজ্য মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের গাজার বিভিন্ন অংশে হামলা চালিয়েছে ইসরায়েল। এ হামলার ঘটনায় ২১ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের হামলার প্রতিবাদে এবং ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলো উত্তাল রয়েছে। এর মধ্যে সমাবর্তন বর্জন করলেন কমনওয়েলথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৩ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে সৌদি আরবের রাষ্ট্রদূত ঈসা ইউসুফ ঈসা আল দুহাইলানের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: সমকাল
- গণভবনে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট ও অর্থ মন্ত্রণালয়ের প্রস্তুতি নিয়ে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা । সূত্র: সমকাল

- সোমালিয়ার জলদস্যুর জিম্মিদশা থেকে মুক্ত বাংলাদেশি পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহ ২৩ নাবিককে নিয়ে কুতুবদিয়ায় নোঙর করেছে। জাহাজের ক্যাপ্টেন আব্দুর রশিদ এ তথ্য নিশ্চিত করেছেন। সূত্র: সমকাল
- বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদারের সঙ্গে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর ভবনে বিদায়ি সাক্ষাৎ করেছেন মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূতের সঙ্গে গুলশানে বৈঠক করেছে বিএনপির একটি প্রতিনিধিদল। সূত্র: দৈনিক কালবেলা
- গত এপ্রিলে খাদ্য মূল্যস্ফীতি আবারও ১০ শতাংশের ওপরে উঠল। এপ্রিলে খাদ্য মূল্যস্ফীতি দাঁড়িয়েছে ১০ দশমিক ২২ শতাংশে। এর আগের মাসে এ হার ছিল ৯ দশমিক ৮৭ শতাংশ। চার মাস পর খাদ্য মূল্যস্ফীতি আবার দশ শতাংশ ছাড়াল। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) তথ্য প্রকাশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মৃত্যুদণ্ডাদেশ চূড়ান্ত হওয়ার আগে ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামিকে কারাগারের কনডেম সেলে বন্দি রাখা অবৈধ ও বেআইনি ঘোষণা করেছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় ইসরায়েলি বর্বরতা বন্ধ ও ফিলিস্তিনের স্বাধীনতার দাবিতে বিশ্বের বিভিন্ন দেশে চলমান বিক্ষোভের মধ্যে দেশটির প্রখ্যাত ডিউক বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন বর্জন করেন শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় ইসরায়েলি নৃশংসতার প্রতিবাদে যুক্তরাষ্ট্রে চলমান বিক্ষোভ থেকে ৫০ জন অধ্যাপককে আটক করেছে দেশটির পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৪ মে

- সোমালি জলদস্যুদের হাত থেকে মুক্ত জাহাজ এমভি আবদুল্লাহ প্রায় এক মাস পর বাংলাদেশের জলসীমায় এসে পৌঁছানোর পর সব প্রক্রিয়া শেষ করে জাহাজটির ২৩ নাবিকের আজ ঘরে ফেরার কথা রয়েছে। সূত্র: দৈনিক কালবেলা
- তিনদিনের সফরে ঢাকায় পৌঁছান যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী মার্কিন পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু। সূত্র: দৈনিক কালবেলা

- যান্ত্রিক ত্রুটির কারণে ভারতের আকাশ থেকে দেশে ফিরে এসেছে হযরত শাহজালাল বিমানবন্দর থেকে ছেড়ে যাওয়া বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের টরেন্টো ফ্লাইটটি (বিজি-৩০৫)। ফ্লাইটে ২৮৪ যাত্রীর সবাই নিরাপদে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকার ফিলিস্তিনি দূতাবাসের উপপ্রধান জিয়াদ এমএইচ হামাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দিন। সূত্র: যুগান্তর
- মৃত্যুদণ্ডাদেশ চূড়ান্ত হওয়ার আগে আসামিদের কনডেম সেলে বন্দি রাখা যাবে না বলে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে আপিলের সিদ্ধান্ত নিয়েছে সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দুই দফায় সময় বাড়ানো পরও কোনো হজযাত্রীর ভিসা আবেদন করেনি ৫টি এজেন্সি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভকারীদের সঙ্গে আধাসামরিক বাহিনীর সংঘর্ষে জন ৪ জন নিহত। সূত্র: সমকাল
- বিশ্বে ২০২৩ সাল শেষে রেকর্ড ৭ কোটি ৫৯ লাখ মানুষ অভ্যন্তরীণভাবে উদ্বাস্তু হয়েছেন। সুদান ও ফিলিস্তিনের গাজায় চলমান সংঘাতের জেরে এ সংখ্যা বেড়েছে। সূত্র: সমকাল
- ২০ বছরের মধ্যে প্রথমবার নতুন প্রধানমন্ত্রী পাচ্ছে সিঙ্গাপুর। দুই দশক ধরে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর পদে থাকা লি সিয়েন লুংয়ের (৭২) স্থলাভিষিক্ত হবেন দেশটির পিপলস অ্যাকশন পার্টির (পিএপি) সদস্য লরেন্স (৫১)। সূত্র: প্রথম আলো

১৫ মে

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের নবনিযুক্ত তিন বিচারপতির সৌজন্য সাক্ষাৎ। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে 'আইসিপিডি-৩০: জনসংখ্যাগত বৈচিত্র্য ও টেকসই উন্নয়নবিষয়ক বৈশ্বিক সংলাপ' শীর্ষক দুই দিনব্যাপী ইভেন্টের উদ্‌বোধনী অধিবেশনে ভাষণ দেন। সূত্র: সমকাল

- ভ্যাটিকান সিটিতে মানব ভ্রাতৃত্বের দ্বিতীয় বিশ্বসম্মেলনে পোপ ফ্রান্সিসের সঙ্গে সাক্ষাৎ করেছেন নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে একটি অনুষ্ঠানে অংশগ্রহণ শেষে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাতিসংঘের জনসংখ্যা তহবিলের নির্বাহী পরিচালক ও জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল ড. নাতালিয়া কানেম। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ ও পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে বৈঠক করেন সফররত দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারের উখিয়া লাল পাহাড়ের রোহিঙ্গা আস্তানা থেকে বিপুল পরিমাণ অস্ত্র, গ্রেনেড ও রকেট সেল উদ্ধার করেছে র‍্যাব। এ সময় মিয়ানমারের সন্ত্রাসী সংগঠন আরকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির (আরসা) কমান্ডার-সহ দুজনকে গ্রেফতার করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ ব্যাংকে নতুন করে রিজার্ভ চুরির ঘটনা ঘটেনি। ভারতের একটি অনলাইনে প্রকাশিত রিজার্ভ চুরিসংক্রান্ত প্রতিবেদনের সত্যতা নাকচ করে দিয়ে বাংলাদেশ ব্যাংক বিবৃতি দিয়েছে। সূত্র: যুগান্তর
- সব প্রক্রিয়া চূড়ান্ত হওয়ার আগে ফাঁসির আসামিকে কনডেম সেল বা নির্জন কারাকক্ষে রাখা যাবে না বলে হাইকোর্টের দেওয়া রায় ২৫ আগস্ট পর্যন্ত স্থগিত করেছেন চেম্বার আদালত। সূত্র: সমকাল
- সাহিত্যে নোবেলজয়ী কানাডার লেখক এলিস মুনরো (৯২) মারা গেছেন। সূত্র: সমকাল
- যুক্তরাজ্যে গুপ্তচরবৃত্তির অভিযোগে হংকং বংশোদ্ভূত তিন ব্রিটিশ নাগরিককে গ্রেফতারের ঘটনায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে চীন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন ইসরায়েলকে আরও ১০০ কোটি ডলারের অস্ত্র ও গোলাবারুদ পাঠাবে। বিষয়টি প্রকাশ করেছে কংগ্রেসের সঙ্গে সংশ্লিষ্ট তিনটি সূত্র। সূত্র: সমকাল

১৬ মে

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য ২ লাখ ৬৫ হাজার কোটি টাকা বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে চট্টগ্রামে যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় নিহত স্কোয়াড্রন লিডার আসিম জাওয়াদের পরিবারের সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- শান্তিতে নোবেল পুরস্কারজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস রোমের প্রেসিডেন্ট প্যালেসে দেশটির প্রেসিডেন্ট সার্জিও মাতারেলার সঙ্গে সৌজন্যে সাক্ষাৎ করেছেন। সূত্র: প্রথম আলো
- চট্টগ্রাম বন্দরে মাল্টিপারপাস টার্মিনাল নির্মাণে ১০০ কোটি ডলার বিনিয়োগ করছে আবুধাবি পোর্টস গ্রুপ। এ নিয়ে ঢাকার হোটেল ওয়েস্টিনে নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর উপস্থিতিতে দুই পক্ষের মধ্যে সমঝোতা স্মারক সই। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে লন্ডনে ব্রিটিশ হোম অফিসে স্বরাষ্ট্রবিষয়ক জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের প্রথম বৈঠক অনুষ্ঠিত। সূত্র: যুগান্তর
- দেশে তীব্র গরমে তিনজনের মৃত্যু। দেশের সর্বোচ্চ তাপমাত্রা পাবনার ঈশ্বরদীতে ৩৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। এদিন ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মার্কিন সাময়িকী ফোর্বসের তালিকায় উঠে এসেছে ৯ বাংলাদেশি তরুণ-তরুণীর নাম। '৩০ অনূর্ধ্ব ৩০' এশিয়ার নবম সংস্করণের তালিকায় তারা স্থান পেয়েছেন। সূত্র: দৈনিক কালবেলা
- দুই দিনের রাষ্ট্রীয় সফরে চীনে পৌঁছেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। পঞ্চম দফায় রাশিয়ার প্রেসিডেন্টের দায়িত্ব নেওয়ার পর এটাই পুতিনের প্রথম বিদেশ সফর। সূত্র: সমকাল
- ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর জরুরি সরকার থেকে পদত্যাগ করেছেন দেশটির যুদ্ধকালীন মন্ত্রিসভার অন্যতম সদস্য বেনি গ্যান্টজ। সূত্র: দৈনিক কালবেলা

- ইসরায়েলের গুরুত্বপূর্ণ সামরিক ঘাঁটিতে ড্রোন হামলা করেছে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। সূত্র: দৈনিক কালবেলা

১৭ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বাংলাদেশ অর্থনীতি সমিতির ২২তম দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্যসমাজ' দিবস উপলক্ষ্যে বাণী দিয়েছেন। সূত্র: সমকাল
- র‍্যাবের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার হচ্ছে–এমন দাবি সত্য নয় বলে জানিয়েছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের উপপ্রধান মুখপাত্র বেদান্ত প্যাটেল। সূত্র: সমকাল
- দেশের চার বিভাগে আরও ৪৮ ঘণ্টার জন্য হিট অ্যালার্ট ঘোষণা করেছে আবহাওয়া অধিদপ্তর। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মোবাইল ইন্টারনেটের গতিতে দুই ধাপ এগিয়ে ১০৮ থেকে ১০৬তম অবস্থানে বাংলাদেশ। এপ্রিলে বাংলাদেশের অবস্থান ১১০তম। আর মার্চে বাংলাদেশের অবস্থান ছিল ১১২তম। এ তথ্য জানিয়েছে ইন্টারনেট অ্যাকসেস ও পারফরম্যান্স অ্যানালাইসিস কোম্পানি ওকলা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৫২৩ জন হজযাত্রীর টাকা নিয়ে উধাও হয়েছে আল রিসান ট্রাভেলস ও দিয়া ইন্টারন্যাশনাল নামের এজেন্সি। ফলে এ দুই এজেন্সির মাধ্যমে নিবন্ধন করা হজযাত্রীদের হজে যাওয়া অনিশ্চিত হয়ে পড়েছে। এ পরিপ্রেক্ষিতে ওই হজ এজেন্সির চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি দিয়েছে ধর্ম মন্ত্রণালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অবৈধ বাংলাদেশি অভিবাসীদের ফেরত পাঠাতে সম্প্রতি বাংলাদেশের সঙ্গে ফাস্ট ট্র্যাক রিটার্ন চুক্তির আওতায় অ্যাসাইলাম আবেদন প্রত্যাখ্যান হওয়ায় ১০ হাজারেরও বেশি বাংলাদেশি নাগরিকদের দেশে ফেরত পাঠানো হবে। সূত্র: যুগান্তর

- ফিলিস্তিনি বেসামরিক বাসিন্দাদের রক্ষায় প্রথমবারের মতো ইসরায়েলিদের ওপর নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দিয়েছে কানাডা। সূত্র: দৈনিক কালবেলা
- ২০২৫ সালের মধ্যে মানুষের বৈশ্বিক গড় আয়ু পাঁচ বছর বাড়বে। জলবায়ু পরিবর্তন-সহ বিভিন্ন কারণে মানুষের বর্তমান জীবনধারার সঙ্গে ভবিষ্যতের জীবনযাপনের অনেকটাই পরিবর্তন হবে। দ্য ল্যানসেট পত্রিকায় প্রকাশিত গবেষণাপত্রে এ তথ্য প্রকাশিত হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চীনের উইঘুর সংখ্যালঘুদের জোরপূর্বক শ্রমদানের অভিযোগে ২৬টি চীনা তুলা ওয়্যারহাউজ ফ্যাসিলিটি থেকে আমদানি করতে যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি) নিষেধাজ্ঞা জারি করেছে। সূত্র: বণিক বার্তা

১৮ মে

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে ঘাতক দালাল নির্মূল কমিটির জাতীয় সম্মেলনের উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক কালবেলা
- গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ২৪ ঘণ্টায় ইসরায়েলের হামলায় ৮৩ জন নিহত। এ সময় আহত হন আরও ১০৫ জন। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়-সহ বিশ্বের বিভিন্ন স্থানে ইসরায়েলবিরোধী বিক্ষোভ অব্যাহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়া থেকে ইউরেনিয়াম আমদানি নিষিদ্ধ করেছে মার্কিন কংগ্রেসের উচ্চকক্ষ সিনেট। এ সংক্রান্ত বিলে স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আফগানিস্তানের পশ্চিমাঞ্চলীয় ঘোর প্রদেশে টানা বৃষ্টিতে সৃষ্ট বন্যা ও ভূমিধসে ৫০ জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তাইওয়ানের পার্লামেন্টে অধিবেশন চলাকালে সংস্কার প্রস্তাব নিয়ে বিতর্ক শুরুর পর মারামারি ও হাতাহাতিতে জড়িয়ে পড়েছেন দেশটির সংসদ সদস্যরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজার দক্ষিণের শহর রাফায় স্থল আক্রমণ বন্ধ করতে চিঠির মাধ্যমে ইসরায়েলকে সতর্ক করেছে ১৩টি দেশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৯ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'জাতীয় এসএমই পণ্যমেলা-২০২৪' এর উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার চিকিৎসার জন্য ভারতে গিয়ে পরিবারের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছেন। দুদিন ধরে তাকে ফোনে বা কোনো মাধ্যমে না পেয়ে উদ্‌বিগ্ন হয়ে পড়েছেন পরিবারের সদস্যরা। সূত্র: সমকাল
- বান্দরবানের রুমায় সেনাবাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) তিন সদস্য নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কিরগিজস্তানের রাজধানী বিশকেকে বাংলাদেশ, ভারত ও পাকিস্তানের শিক্ষার্থীদের ওপর হামলা চালিয়েছে স্থানীয়রা। এ ঘটনায় বেশ কয়েকজন শিক্ষার্থী আহত। জাতীয় প্রেস ক্লাবে রোহিঙ্গা সংকট নিয়ে আয়োজিত সেমিনারে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ এমপি এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বৈরী ও দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসিকে বহনকারী হেলিকপ্টারটি বিধ্বস্ত হয় ইরানের পূর্ব আজারবাইজান প্রদেশে। হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে নিখোঁজ রয়েছেন ইব্রাহিম রাইসি ও পররাষ্ট্রমন্ত্রী আমির আবদুল্লাহিয়ান-সহ কয়েকজন শীর্ষ সরকারি কর্মকর্তা। সূত্র: সমকাল
- ইরানের বর্তমান প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি মারা গেলে দেশটির সংবিধান অনুযায়ী সর্বোচ্চ নেতার অনুমোদনের মাধ্যমে প্রেসিডেন্টের দায়িত্ব পালন করবেন দেশটির ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ মোখবার। সূত্র: সমকাল
- ফিলিস্তিনের গাজা উপত্যকার জাবালিয়া ও নুসেইরাত শরণার্থীশিবিরে ইসরায়েলের হামলায় ৪৫ জন নিহত। আহত হয়েছেন আরও অনেকে। এছাড়া ধ্বংসস্তূপের নিচে আটকা পড়েছেন বহু মানুষ। সূত্র: সমকাল
- বিশ্বের উচ্চতম শৃঙ্গ মাউন্ট এভারেস্ট চূড়ায় ১১ বছর পর পঞ্চম বাংলাদেশি হিসাবে লাল-সবুজের পতাকা ওড়ান চিকিৎসক বাবর আলী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২০ মে

- হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ড. ইব্রাহিম রাইসি ও পররাষ্ট্রমন্ত্রী আমির আবদুল্লাহিয়ান-সহ কয়েকজন শীর্ষ সরকারি কর্মকর্তার মৃত্যু। তাদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক কালবেলা
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (রিহ্যাব) এক প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আলি খামেনি ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট মোহাম্মাদ মোখবারকে অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্টের দায়িত্ব দেন। একই সঙ্গে পাঁচদিনের জাতীয় শোক ঘোষণা করেন তিনি। সূত্র: সমকাল
- ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসিকে বহনকারী হেলিকপ্টারটির সন্ধান পাওয়া গেছে।সূত্র: সমকাল
- আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রধান প্রসিকিউটর করিম খান যুদ্ধাপরাধ এবং মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির আবেদন। সূত্র: দৈনিক কালবেলা
- ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম শহর খারকিভের সীমানায় রাশিয়ার হামলা চালানোর ঘটনায় ১১ জন নিহত।সূত্র: দৈনিক ইত্তেফাক

২১ মে

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে আন্তর্জাতিক ইসলামিক বিশ্ববিদ্যালয়ের (আইসিসি) প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি ও পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির আবদুল্লাহিয়ান-সহ অন্য সরকারি কর্মকর্তাদের মৃত্যুতে দেশে ২৩ মে একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র: সমকাল

- তিন দশকের মধ্যে অস্ট্রেলিয়ার কোনো পররাষ্ট্রমন্ত্রী প্রথম দ্বিপক্ষীয় সফরে ঢাকায় পৌঁছান অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওঙ। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সফররত অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওঙ সৌজন্য সাক্ষাৎ করেছেন। সূত্র: সমকাল
- দ্বিতীয় ধাপে দেশের ১৫৬টি উপজেলা পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু। সূত্র: দৈনিক কালবেলা
- দুর্নীতিতে সম্পৃক্ততার অভিযোগে বাংলাদেশের সাবেক সেনাপ্রধান জেনারেল (অব.) আজিজ আহমেদের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ষষ্ঠ উপজেলা পরিষদের তৃতীয় ধাপের নির্বাচন উপলক্ষ্যে ১১১টি উপজেলাসংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ২৯ মে সাধারণ ছুটি ঘোষণা করে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলতি অর্থবছরে ২০২৩-২৪ দেশের মানুষের মাথাপিছু আয় দাঁড়িয়েছে ২ হাজার ৭৮৪ মার্কিন ডলার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে অনুষ্ঠিত বাংলাদেশ অর্থনীতি সমিতির দুইদিনব্যাপী ২২তম দ্বিবার্ষিক সম্মেলন ২০২৪ শেষ হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- এসএসসি পরীক্ষায় কাঙ্ক্ষিত ফল না পেয়ে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে ১ লাখ ৭৯ হাজার ১৪৮টি উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করেছে শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের প্রথম শ্রেণির ১৬৯ ছাত্রীর ভর্তিতে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ তদন্তের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: যুগান্তর
- ইরানের উত্তর-পূর্বাঞ্চলীয় শহর তাবরিজে হেলিকপ্টার বিধ্বস্তে নিহত দেশটির প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি ও তার সঙ্গীদের প্রথম জানাজা অনুষ্ঠিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের রাজধানী দিল্লিতে তাপমাত্রা ৪৭ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়েছে। এ কারণে পাঁচদিনের 'রেড অ্যালার্ট' জারি করেছে দেশটির আবহাওয়া অফিস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ যুক্তরাষ্ট্রের হিউস্টনে প্রেইরি ভিউ ক্রিকেট কমপ্লেক্সে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের প্রথমটিতে ৫ উইকেটে হেরেছে বাংলাদেশ ক্রিকেটে দল। সূত্র: দৈনিক কালবেলা

২২ মে

▶ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব 'শুভ বুদ্ধপূর্ণিমা ২০২৪' উপলক্ষ্যে বৌদ্ধ সম্প্রদায়ের নেতাদের কুশল বিনিময়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ নেত্রকোনা জেলা আওয়ামী লীগের সহসভাপতি এবং সাবেক সংসদ সদস্য মানু মজুমদারের ইন্তেকাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে অপহরণ করার অভিযোগে তার মেয়ে মুমতারিন ফেরদৌস বাদী হয়ে রাজধানীর শেরেবাংলা নগর থানায় মামলা করেছেন। সূত্র: সমকাল

▶ ভারতে পশ্চিমবঙ্গে চিকিৎসার জন্য যাওয়া ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার খুন হয়েছেন। নয়দিন নিখোঁজ থাকার পর তার হত্যাকাণ্ডের কথা নিশ্চিত করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। এ হত্যাকাণ্ডে জড়িত সন্দেহভাজন শিমুল ভূঁইয়া ওরফে আমানুল্লাহ, তার ভাতিজা তানভীর এবং তরুণী শিলিস্তা রহমান নামের তিনজন বাংলাদেশিকে আটক করেছে পুলিশ। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল সাংবাদিকদের এ কথা জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে নিহত ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির জানাজায় ইমামতি করেছেন দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ খামেনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ যুক্তরাষ্ট্রে তৎপরতা ঠেকানোর লক্ষ্যে ইরান ও রাশিয়ার নেতৃত্বে বাল্টিক থেকে পারস্য উপসাগর পর্যন্ত একটি নতুন ফ্রন্ট খুলেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের নির্দেশে কৌশলগত পারমাণবিক অস্ত্রের প্রথম পর্যায় শুরু করেছে রাশিয়া। ইউক্রেনের সীমান্তবর্তী এলাকায় অত্যাধুনিক হাইপারসনিক অস্ত্র জড়ো করেছে পুতিন বাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৩ মে

▶ আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর প্রথমবার ১৪ দলীয় জোটের নেতাদের সঙ্গে বৈঠক করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যাকাণ্ডের বিষয়ে বিস্তারিত জানতে ভারতীয় পুলিশের দুই প্রতিনিধি বাংলাদেশে এসেছেন। তারা হত্যাকাণ্ডের বিষয়ে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের সঙ্গে বৈঠক করেন। সূত্র: সমকাল

▶ ভারতের কলকাতায় ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যাকাণ্ডের ঘটনায় করা অপহরণের মামলার প্রতিবেদন ৪ জুলাইয়ের মধ্যে দাখিল করার নির্দেশ দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক কালবেলা

▶ ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির মৃত্যুতে রাষ্ট্রীয়ভাবে একদিনের শোক পালন করেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক কালবেলা

▶ শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে দায়ের করা মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্ত নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের জামিন ৪ জুলাই পর্যন্ত বাড়ানো হয়েছে। সূত্র: সমকাল

▶ পুলিশের সাবেক মহাপরিদর্শক ড. বেনজীর আহমেদ ও তার পরিবারের নামে থাকা সব স্থাবর-অস্থাবর সম্পত্তি ক্রোকের নির্দেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে কক্সবাজারের ৯টিসহ গোপালগঞ্জে তার সম্পদ কেনার মোট ৮৩টি দলিল ও ৩৩টি অ্যাকাউন্ট জব্দের আদেশ দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বরিশালের বিসিক শিল্পনগরীর ফরচুন শুজ লিমিটেডের কারখানার শ্রমিকদের দুই মাসের বকেয়া বেতন দাবিতে চলা বিক্ষোভে গুলি চালিয়েছেন আনসার সদস্যরা। এ ঘটনায় গুলিবিদ্ধ চার শ্রমিক-সহ অর্ধশতাধিক আহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি-সহ অন্যান্য নেতা ও কর্মকর্তার দাফন সম্পন্ন হয়েছে। রাইসিকে নিজ শহর মাশহাদের শিয়াদের অন্যতম ধর্মীয় ব্যক্তিত্ব ইমাম রেজার মাজারের প্রাঙ্গণে দাফন করা হয়। সূত্র: দৈনিক কালবেলা

- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করেছেন রাশিয়ার চেচনিয়া অঞ্চলের নেতা রমজান কাদিরভ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ফাতিমা আল-জাহরা মসজিদে হামলা চালিয়েছে ইসরায়েল। এতে কমপক্ষে ১৬ ফিলিস্তিনি নিহত। হামলায় আহত হয়েছেন আরও অনেকে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- তাইওয়ান ঘিরে ব্যাপক সামরিক মহড়া শুরু করেছে চীন। 'তাইওয়ানের স্বাধীনতার বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপের কঠোর শাস্তি' হিসাবে এই যৌথ মহড়া চালানো হয়। সূত্র: সমকাল
- বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) অর্থ কমিটির প্রধান হিসাবে ফিফা প্রদত্ত অর্থের অনিয়মের কারণে বাফুফের সিনিয়র সহসভাপতি আবদুস সালাম মুর্শেদীকে ১০ হাজার সুইস ফ্রাঁ (বাংলাদেশি মুদ্রায় প্রায় ১৩ লাখ টাকা) জরিমানা করেছে বিশ্ব ফুটবলের সর্বোচ্চ সংস্থা ফিফা। সূত্র: প্রথম আলো

২৪ মে

- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে হত্যার পর হাড়-মাংস আলাদা করা হয়। খণ্ডবিখণ্ড লাশে হলুদের গুঁড়া মিশিয়ে লাগেজে ভরে খালে ও জঙ্গলে ফেলে হত্যাকারীরা। এ ঘটনায় জড়িত গ্রেফতার ৩ বাংলাদেশিকে জিজ্ঞাসাবাদে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) এসব তথ্য জানতে পেরেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পের কাঁঠালতলা বাজারে অগ্নিকাণ্ড। আগুন নিয়ন্ত্রণে কাজ করে ফায়ার সার্ভিসের ৯টি ইউনিট ও সেনাবাহিনী। সূত্র: দৈনিক কালবেলা
- ফিলিস্তিনের গাজা উপত্যকার রাফায় ইসরায়েলি হামলা বন্ধ করতে ইসরায়েলকে নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক বিচার আদালত (আইসিজে)। একই সঙ্গে এ উপত্যকা থেকে ইসরায়েলি সেনা প্রত্যাহারের নির্দেশও দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি-সহ ৯ জনের মৃত্যুর ঘটনায় প্রথমবারের মতো প্রাথমিক তদন্তের প্রতিবেদন প্রকাশ করেছে ইরানি সেনাবাহিনী। সূত্র: যুগান্তর

- জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাব লঙ্ঘন করে উত্তর কোরিয়া থেকে রাশিয়ার অস্ত্র সংগ্রহের অভিযোগে রাশিয়া ও উত্তর কোরিয়ার কিছু ব্যক্তি, সংস্থা ও জাহাজের ওপর পৃথক নিষেধাজ্ঞার প্যাকেজ দিয়েছে দক্ষিণ কোরিয়া ও জাপান। সূত্র: প্রথম আলো

২৫ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর বঙ্গবাজার প্রাঙ্গণে পাইকারি নগর বিপণিবিতান, শেখ ফজলুল হক মণি সরণি, নজরুল সরোবর এবং হোসেন শহীদ সোহরাওয়ার্দী শিশুপার্ক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব 'শুভ বুদ্ধপূর্ণিমা ২০২৪' উপলক্ষ্যে বৌদ্ধ সম্প্রদায়ের নেতাদের কুশল বিনিময়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চীনের কমিউনিস্ট পার্টির আমন্ত্রণে আওয়ামী লীগের ৫০ সদস্যের একটি প্রতিনিধিদল চীনে গেছে। সেখানে প্রতিনিধিদলটি দেশটির পূর্বাঞ্চলীয় প্রদেশ ঝেজিয়াংয়ে মাসব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- এমপি আনোয়ারুল আজিমের খণ্ডিত মরদেহ খুঁজতে আবারও তল্লাশি চালায় পশ্চিমবঙ্গ পুলিশের গোয়েন্দা বিভাগ (সিআইডি)। কসাই জিহাদ হাওলাদারের দেওয়া তথ্যানুযায়ী সঞ্জীবা গার্ডেনে জাল নিয়ে বিভিন্ন অংশে তল্লাশি চালায় সিআইডি। সূত্র: দৈনিক কালবেলা
- ডয়চে ভেলে (ডিডব্লিউ) প্রচারিত 'জাতিসংঘের শান্তিরক্ষী হিসাবে নির্যাতনকারীদের মোতায়েন' শীর্ষক তথ্যচিত্রে বাংলাদেশি সেনাবাহিনীর সদস্যদের নিয়ে বিভ্রান্তিমূলক প্রতিবেদন উপস্থাপন করেছে বলে দাবি করেছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। সূত্র: সমকাল
- ইয়েমেনের সরকারি বাহিনীর শতাধিক বন্দিকে মুক্তি দেওয়ার ঘোষণা দিয়েছে হুতি বিদ্রোহীরা। ২০২৩ সালের এপ্রিলে হুতি ও সরকারের মধ্যে বন্দিবিনিময়ের পরিপ্রেক্ষিতে তাদের মুক্তি দেওয়া হবে। সূত্র: দৈনিক কালবেলা

- আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিজে) নির্দেশ অমান্য করে রাফাহতে হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েলি বাহিনী। রাফাহতে অবিলম্বে হামলা বন্ধে আইসিজের নির্দেশ দেওয়ার পর আবারও অঞ্চলটিতে হামলা চালায় ইসরায়েল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাশিয়া-ইউক্রেন যুদ্ধের মধ্যেই ইউক্রেনের বর্তমান প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সাংবিধানিক মেয়াদ শেষ হয়েছে। ইউক্রেনের সরকারি প্রতিনিধিদের সঙ্গে দুই দেশের মধ্যে শান্তি সংলাপ শুরু করতে আগ্রহী রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তবে মেয়াদোত্তীর্ণ জেলেনস্কির নেতৃত্বাধীন কোনো সরকারি প্রতিনিধির সঙ্গে বৈঠকে বসবেন না বলে সাফ জানিয়েছেন পুতিন। সূত্র: যুগান্তর
- জাপানের অবন্ধুসুলভ নীতির কারণে দেশটির সঙ্গে পরমাণু অস্ত্র ধ্বংস বা নিরস্ত্রীকরণ সহযোগিতা চুক্তি বাতিল করেছে রাশিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাপুয়া নিউগিনির উত্তরাঞ্চলে এঙ্গা প্রদেশের কাওকালাম গ্রাম ভয়াবহ ভূমিধসে মাটির সঙ্গে মিশে গেছে। এই বিশাল ভূমিধসে তিন শতাধিক মানুষ এবং ১ হাজার ১০০টির বেশি ঘরবাড়ি চাপা পড়েছে। শতাধিক মানুষের মৃত্যুর আশঙ্কা। সূত্র: দৈনিক কালবেলা
- ভারতে ষষ্ঠ দফায় ছয়টি রাজ্য ও দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৮ আসনে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৬ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে নবনির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলা পরিষদের সদস্যদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-সহ সব মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী সচিবালয়ে নিজ কার্যালয়ে আন্তর্জাতিক অর্থ তহবিলের (আইএমএফ) নির্বাহী পরিচালক ড. কৃষ্ণমূর্তি ভি সুব্রামনিয়ামের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে (দুদক) লিখিত অভিযোগ দেয় গ্রামীণ ব্যাংকের বর্তমান পরিচালনা পর্ষদ। সূত্র: সমকাল
- ভারতের কলকাতায় খুন হওয়া ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজীম আনার খুনের তদন্ত করতে কলকাতায় পৌঁছেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদের নেতৃত্বে তিন সদস্যের তদন্ত দল। সূত্র: সমকাল
- বাংলাদেশে ব্যবসা ও বিনিয়োগ বাড়ানো নিয়ে আলোচনা করতে তিনদিনের সফরে ঢাকায় এসেছে ইউএস বাংলাদেশ বিজনেস কাউন্সিলের (ইউএসবিবিসি) একটি প্রতিনিধিদল। সূত্র: সমকাল
- দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ ও তার স্ত্রী-সন্তানের নামে থাকা আরও ১১৯টি দলিলের সম্পদ জব্দ (ক্রোক) করার আদেশ দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ বিমানবাহিনীর নতুন প্রধান হিসাবে নিয়োগ পেয়েছেন এয়ার ভাইস মার্শাল হাসান মাহমুদ খান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্রিটেনে প্রায় ছয় মাস আগে ৪ জুন নির্বাচনের তারিখ ঘোষণা করায় দেশটির প্রধানমন্ত্রী ঋষি সুনাকের প্রতি ক্ষুব্ধ হয়ে নির্বাচনের আগেই দলের ৭৮ এমপির পদত্যাগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় পাঠানো ত্রাণের লরি আটকে দিয়ে রাস্তা অবরোধ করে ডানপন্থি ইসরায়েলি বিক্ষোভকারীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৭ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথম সচিব সভায় সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচনি ইশতাহার বাস্তবায়ন, অপ্রয়োজনীয় প্রকল্প গ্রহণ পরিহার, বৈদেশিক মুদ্রার অযথা ব্যয় না করা, অতিদারিদ্রের হার শূন্যে নামিয়ে আনা, প্রথাগত আমলাতান্ত্রিক জটিলতাকে অতিক্রম করে সংবেদনশীল ও জনমুখী প্রশাসন গড়ে তোলা-সহ জনমুখী প্রশাসন গড়তে ৩৫টি নির্দেশনা দিয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় রিমালের তাণ্ডবে সারা দেশে ১২ জনের মৃত্যু এবং ১৯ জেলায় ক্ষতিগ্রস্ত ৩৮ লাখ মানুষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঘূর্ণিঝড় রিমালের প্রভাবে দুর্গত এলাকা বিবেচনায় উপকূলীয় ১৯ উপজেলা পরিষদের ভোট স্থগিত ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক কালবেলা
- কলকাতায় ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনারকে হত্যার পর তার মরদেহ টুকরো টুকরো করে 'কিমা' বানিয়ে টয়লেটে ফেলে ফ্ল্যাশ করা হয় বলে জানিয়েছেন কলকাতায় তদন্তে থাকা বাংলাদেশের ডিবিপ্রধান হারুন অর রশীদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আন্তর্জাতিক ঋণমান নির্ধারণকারী সংস্থা ফিচ রেটিংসের মূল্যায়নে বাংলাদেশের ঋণমান আরও এক ধাপ কমিয়েছে। সংস্থাটির প্রকাশিত রেটিংসে বাংলাদেশের ফরেন কারেন্সি ইস্যুয়ার ডিফল্ট রেটিং (আইডিআর) 'বিবি মাইনাস' থেকে 'বি প্লাস'-এ নামিয়ে আনা হয়েছে। সূত্র: যুগান্তর
- দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলে চীনের প্রধানমন্ত্রী ছিয়াং, জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা এবং দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট ইউন সুক ইয়োল ত্রিপক্ষীয় বৈঠক করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সৌদি আরবের যুবরাজ মোহাম্মদ বিন সালমান ইরানের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট মোহাম্মদ মোখবারের মধ্যে ফোনালাপ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে বেশ কয়েকটি অঞ্চলের টর্নেডো ও ভয়াবহ ঝড়ের আঘাতে ১৫ জন মারা গেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- জাতিসংঘের আন্তর্জাতিক বিচার আদালত আইসিজের আদেশ অমান্য করে রাফায় বিমান হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। সূত্র: দৈনিক কালবেলা
- ওশেনিয়া অঞ্চলের দেশ পাপুয়া নিউ গিনির গ্রামে ভয়াবহ ভূমিধসের ঘটনায় জীবিত সমাহিত হয়েছে ২ হাজারেরও বেশি মানুষ। সূত্র: দৈনিক কালবেলা

২৮ মে

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে ঢাকায় নিযুক্ত নতুন রাষ্ট্রদূত ফিনল্যান্ডের কিমো লাহদেভির্তা, গুয়াতেমালার ওমর কাস্তানেদা সোলারেস এবং আয়ারল্যান্ডের কেভিন কেলি পৃথকভাবে নিজেদের পরিচয়পত্র পেশ করেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত একনেক সভায় ১৪ হাজার ৩৩৭ কোটি ৩৮ লাখ টাকা ব্যয় সংবলিত ১১টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদ ভবনে সংসদ সচিবালয় কমিশনের বৈঠকে জাতীয় সংসদের জন্য আসন্ন ২০২৪-২৫ অর্থবছরে ৩৪৭ কোটি ১৩ লাখ টাকার বাজেট অনুমোদন দেওয়া হয়। এছাড়াও বৈঠকে চলতি ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটও অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা
- কলকাতায় নিউ টাউনের সঞ্জীবা আবাসনের বিইউ-৫৬ ফ্ল্যাটের সেপটিক ট্যাংক থেকে কিছু মাংস উদ্ধার করেছে পশ্চিমবঙ্গের সিআইডি। এটি খুন হওয়া এমপি আনারের মরদেহের খণ্ডিত দেহাংশের মাংস কি না, তা দেখতে ফরেনসিক ল্যাবে নেওয়া হবে বলে জানায় পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঘূর্ণিঝড় রেমালের আঘাতজনিত প্রভাবে দেশের ৩ কোটির বেশি গ্রাহক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশে ২০২৩ সালের তুলনায় ২০৫০ সালে দেশে বয়স্ক ও নির্ভরশীল মানুষের হার দ্বিগুণের বেশি হবে। তাই বিপুলসংখ্যক মানুষের ভরণপোষণ করতে মানুষের আয় বৃদ্ধি জরুরি। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে। সূত্র: প্রথম আলো
- সাবেক সেনাপ্রধান জেনারেল (অব.) আজিজ আহমেদ ও তার পরিবারের সদস্যদের ওপর যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা দেওয়ার পর আলোচনা তৈরি হওয়ায় তার দুর্নীতির সম্পৃক্ততার অভিযোগ ইস্যুতে

দুর্নীতি দমন কমিশনে (দুদক) চিঠি দিয়েছেন সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট সালাহ উদ্দিন রিগ্যান। সূত্র: দৈনিক কালবেলা

- পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে ৬ জুন এবং তার স্ত্রী ও দুই মেয়েকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: সমকাল
- রাশিয়া থেকে অত্যাধুনিক ১৫টি হেলিকপ্টার কেনার চুক্তি করেছে ইরান। প্রয়াত ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির প্রশাসনের সময় এ চুক্তি হয়েছিল। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাইবার অপরাধমূলক নেটওয়ার্কের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ছয় ব্যক্তি ও প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে মার্কিন ট্রেজারি বিভাগ। সূত্র: দৈনিক কালবেলা
- মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার জন্য আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসাবে স্বীকৃতি দিয়েছে ইউরোপের নরওয়ে, স্পেন ও আয়ারল্যান্ড। সূত্র: যুগান্তর
- বিশ্বজুড়ে প্রতিবছর ৩০ কোটি ২০ লাখ শিশু-অপ্রাপ্তবয়স্ক অনলাইনে যৌন নির্যাতনের শিকার হয়। শতকরা হিসাবে নির্যাতনের শিকার শিশুর হার বিশ্বের মোট শিশুর ১২ দশমিক ৬ শতাংশ। সূত্র: প্রথম আলো

২৯ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০২৪' উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে দেন। সূত্র: সমকাল
- ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপে ৮৭ উপজেলায় ভোটগ্রহণ শেষ হয়েছে। এর মধ্যে ১৬টি উপজেলায় ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। বাকিগুলোয় ব্যালটে ভোট দেন ভোটাররা। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শখ হাসিনার সহকারী একান্ত সচিব (এপিএস-২) গাজী হাফিজুর রহমান ও উপ-প্রেস সচিব (ডিপিএস) হাসান জাহিদ তুষারের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র: দৈনিক কালবেলা

- ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়রের কার্যালয়ে মেয়র মো. আতিকুল ইসলাম এবং ঢাকায় নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত ইরমা ভ্যান ডুরেনের উপস্থিতিতে কল্যাণপুর খালের টেকসই উন্নয়নের লক্ষ্যে ডিএনসিসি এবং ডাচ ওয়াটার সেক্টর কনসোর্টিয়ামের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ সফরে জাতিসংঘের শিপিংসংক্রান্ত সংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (আইএমও) মহাসচিব আর্সেনিও অ্যান্তোনি ডমিনগুয়েজ ভেলাসকো ঢাকায় পৌঁছেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রায় দুই কেজি সোনা-সহ কেবিন ক্রু রোকেয়াকে গ্রেফতার করে এয়ারপোর্ট আর্মড পুলিশ ব্যাটালিয়ন (এপিবিএন)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের বিভিন্ন স্থানে ৫ দশমিক ৪ রিখটার স্কেলে ভূকম্পন অনুভূত। আবহাওয়া অফিস এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ধনী নাগরিকদের নৈশজীবন উদ্‌যাপনের জন্য রিয়াদের অভিজাত এলাকা জাক্সে দেশটিতে প্রথমবার 'বিস্ট হাউজ' নামের নাইটক্লাব উদ্‌বোধন করেছে সৌদি আরব। সূত্র: সমকাল
- দক্ষিণ কোরিয়ায় মল ও আবর্জনায় ভরা বস্তা বেলুনে বেঁধে পাঠিয়েছে উত্তর কোরিয়া। দেশটির এমন আচরণের কারণে নাগরিকদের জরুরি প্রয়োজন ছাড়া বাড়ির ভেতরে থাকার পরামর্শ দিয়েছে দক্ষিণ কোরিয়ার কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক কালবেলা
- দক্ষিণ আফ্রিকার জাতীয় নির্বাচনের ভোটগ্রহণ শেষ হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৩০ মে

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকা পরিদর্শনে কলাপাড়ায় পৌঁছেছেন। হেলিকপ্টার থেকে পটুয়াখালীতে ঘূর্ণিঝড় রেমালে ক্ষতিগ্রস্ত মঠবাড়িয়া ও পাথরঘাটা এলাকা পরিদর্শন করেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করেন ফিনল্যান্ডের অনাবাসিক রাষ্ট্রদূত কিম্মো লাদেভির্তা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেন আন্তর্জাতিক মেরিটাইম অর্গানাইজেশনের (আইএমও) মহাসচিব অ্যান্তোনি ডমিনগুয়েজ ভেলাসকো। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ প্রধানমন্ত্রীর প্রেস সচিব হিসাবে সাংবাদিক ও দৈনিক আমাদের নতুন সময়ের ইমেরিটাস সম্পাদক নাঈমুল ইসলাম খানকে চুক্তিভিত্তিক নিয়োগের অনুমোদন দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) আজীবন ইমেরিটাস অধ্যাপক হিসাবে নিযুক্ত হয়েছেন দেশের মেডিসিন বিশেষজ্ঞ, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ নিউইয়র্কের আদালতে দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঐতিহাসিক ফৌজদারি মামলায় জুরিরা রায় দিতে শুরু করেছেন। সূত্র: সমকাল
- ▶ পাকিস্তানের তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে দুই মামলায় খালাস দিয়েছেন দেশটির আদালত। সূত্র: সমকাল

৩১ মে

- ▶ ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীমকে খুনের উদ্দেশ্যে অপহরণের মামলায় গ্রেফতার তিন আসামির আরও ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ মাছের প্রজনন মৌসুম শুরু হওয়ায় সুন্দরবনের নদী ও খালে মাছ এবং বনে প্রাণীর বিচরণ ও প্রজনন কার্যক্রমের সুরক্ষায় তিন মাস পর্যটক ও বনজীবীদের প্রবেশ বন্ধ ঘোষণা করেছে বন বিভাগ। সূত্র: প্রথম আলো
- ▶ রিক্রুটিং এজেন্সি সিন্ডিকেটের দুর্নীতির পরিপ্রেক্ষিতে বাংলাদেশ-সহ ১৪টি দেশ থেকে শ্রমিক নেবে না মালয়েশিয়া সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ প্রথমবারের মতো সাবেক মার্কিন প্রেসিডেন্ট হিসাবে ডোনাল্ড ট্রাম্প দেশটির আদালতে ব্যাবসায়িক নথিপত্রে তথ্য গোপনের অভিযোগে করা ৩৪টি অভিযোগের সবকটিতে দোষী সাব্যস্ত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ▶ রাশিয়ার সামরিক চৌকিতে মার্কিন অস্ত্র দিয়ে ইউক্রেনকে সরাসরি হামলা করার অনুমতি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ ইসরায়েলের সেনা সমাবেশকে লক্ষ্য করে হামলা চালিয়েছে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির এনওয়াইইউ ল্যাঙ্গোন হাসপাতালে গর্ভাবস্থা এবং প্রসবের সময় সন্তান হারানো মায়েদের সঙ্গে তার কাজের জন্য পুরস্কার গ্রহণের বক্তৃতায় গাজায় চলমান ইসরায়েলের যুদ্ধকে 'গণহত্যা' বলে উল্লেখ করায় ফিলিস্তিনি আমেরিকান মুসলিম নার্স হেসেন জাবরকে বরখাস্ত করেছে হাসপাতাল কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ ভারতের সিকিম সীমান্ত থেকে মাত্র ১৫০ কিলোমিটার দূরে শিগাৎসে বিমানঘাঁটিতে একাধিক অত্যাধুনিক জে-২০ যুদ্ধবিমান মোতায়েন করেছে চীন। সূত্র: সমকাল

জুন

১ জুন

- সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যাকাণ্ডে তদন্তে নেপালের উদ্দেশে ঢাকা ত্যাগ করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান অতিরিক্ত কমিশনার হারুন অর রশীদ-সহ তিন সদস্যের ডিবি প্রতিনিধিদল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দীর্ঘ ৭৩ বছর পর বেনাপোল থেকে খুলনা-মোংলা রুটে যাত্রীবাহী 'মোংলা কমিউটার' ট্রেন চলাচল শুরু। সূত্র: সমকাল
- সারা দেশে জাতীয় ভিটামিন 'এ' ক্যাম্পেইন উদ্‌বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারের উখিয়া উপজেলার পালংখালী ইউনিয়নে অবস্থিত রোহিঙ্গা ক্যাম্প-১৩-এ আগুন লাগায় দুই শতাধিক বসতি পুড়ে ছাই। সূত্র: দৈনিক কালবেলা
- নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদে হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি, পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির আবদুল্লাহিয়ান-সহ অন্যান্য নিহতের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন হোয়াইট হাউজে ভাষণে প্রথমবার ফিলিস্তিনের গাজায় যুদ্ধ বন্ধে সুনির্দিষ্টভাবে ৩ পর্যায়ে যুদ্ধবিরতি বাস্তবায়নের পরিকল্পনা প্রস্তাব তুলে ধরেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ১৯৭১ সালের পাকিস্তান-বাংলাদেশ যুদ্ধ নিয়ে মন্তব্য করা থেকে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দক্ষিণ আফ্রিকার জাতীয় নির্বাচনে সংখ্যাগরিষ্ঠা হারিয়েছে তিন দশক ধরে ক্ষমতায় থাকা নেলসন ম্যান্ডেলার দল আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস (এএনসি)। সূত্র: সমকাল

২ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ৫২তম বার্ষিক সাধারণ সভার উদ্‌বোধন অনুষ্ঠানে ভাষণ দেন। সূত্র: সমকাল
- ২৫ কোটি টাকা আত্মসাৎ ও পাচারের অভিযোগে করা মামলায় নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস-সহ ১৪ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানি শেষ হয়েছে। শুনানি শেষে হলেও আদালত বিচার শুরু বা আসামিদের অব্যাহতি দেওয়ার বিষয়ে আদেশের জন্য ১২ জুন দিন ধার্য করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাংবাদিক ও ডিজিটাল গণমাধ্যমকর্মীদের সংগঠন ডিজিটাল মিডিয়া ফোরামের (ডিএমএফ) আয়োজনে রাজধানীর বিশ্বসাহিত্য কেন্দ্রে প্রথমবারের মতো 'ডিজিটাল মিডিয়া অ্যাক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৪' প্রদান করা হয়। এবার সাংবাদিকতা ও ডিজিটালে কর্মরত বিভিন্ন সেক্টরের সফল ব্যক্তিদের ৭টি বিভাগে ৫ জন সাংবাদিক (রিপোর্টার) ও ৬ জন বিভিন্ন সেক্টরে কর্মরত গুণিজনকে পুরস্কৃত করা হয়। সূত্র: দৈনিক কালবেলা
- আসন্ন ইদুল-আজহা উপলক্ষ্যে ট্রেনের অগ্রিম টিকিট বিশেষ ব্যবস্থায় বিক্রি শুরু করেছে রেলওয়ে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চট্টগ্রাম নগরীর চকবাজার এলাকায় ইসলামী ব্যাংকের লকার থেকে এক গ্রাহকের ১৪৯ ভরি স্বর্ণ গায়েব হয়ে যাওয়ার অভিযোগ উঠেছে। ব্যাংক কর্তৃপক্ষ গ্রাহকের অভিযোগ সত্য নয় বলে জানালেও এ ঘটনায় ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে। সূত্র: মানবজমিন
- যৌন কেলেঙ্কারি ঢাকতে লুকিয়ে ঘুস দেওয়ার তথ্য গোপন মামলায় সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে দোষী সাব্যস্ত করে রায় দিয়েছেন দেশটির আদালত। সূত্র: সমকাল
- পরিবেশ পরিষ্কার করার লক্ষ্যে দেশব্যাপী স্বেচ্ছাসেবী প্রচারণার সময় প্রায় সাড়ে তিন হাজার বছরের পুরোনো ব্রোঞ্জ বা লৌহ যুগের প্রায় ১০০টি পেট্রোগ্লিফ (শিলাশিল্প) আবিষ্কৃত হয়েছে কাজাখস্তানে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- কুয়েতের নতুন ক্রাউন প্রিন্স হিসাবে শেখ সাবাহ খালেদ আল-হামাদ আল-মুবারক আল-সাবাহকে নিয়োগ দিয়েছেন দেশটির আমির শেখ মেশাল আল-আহমাদ আল-সাবাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দক্ষিণ কোরিয়ায় আবর্জনা বহনকারী আরও ৬০০ বেলুন পাঠিয়েছে উত্তর কোরিয়া। সূত্র: সমকাল
- প্রচণ্ড তাপপ্রবাহের জেরে হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে ভারতে ৩৩ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর

৩ জুন

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় পেনাল কোডের আওতায় শাস্তির বিধান রেখে বনশিল্প উন্নয়ন করপোরেশন আইন, ২০২৪-এর খসড়া অনুমোদন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের প্রথম পূর্ণাঙ্গ ডিজিটাল ব্যাংক হিসাবে কাজ শুরু করতে নগদ ডিজিটাল ব্যাংক পিএলসিকে চূড়ান্ত লাইসেন্স হস্তান্তর করেছে বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কলকাতায় বাংলাদেশের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যাকাণ্ডে অন্যতম সন্দেহভাজন মো. সিয়াম হোসেনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন ঢাকার আদালত। সূত্র: সমকাল
- ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত খুলনা জেলার কয়রা উপজেলায় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চলমান মানবিক কার্যক্রম পরিদর্শন করেছেন বাংলাদেশে সফররত ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেডক্রস অ্যান্ড রেড ক্রিসেন্ট সোসাইটির প্রেসিডেন্ট কেট ফোর্বস। সূত্র: দৈনিক কালবেলা
- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির (১৯৮০-৮১ ও ১৯৯১-৯২ মেয়াদে) সাবেক সভাপতি রফিকুর রহমানের ইন্তেকাল। সূত্র: সমকাল
- কলকাতায় ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে হত্যার উদ্দেশ্যে অপহরণের মামলা আদালতে আসামি শিলাস্তি রহমান স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। সূত্র: দৈনিক কালবেলা

- ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসাবে স্বীকৃতি দিতে সব দেশের প্রতি আহ্বান জানিয়েছে জাতিসংঘের একটি বিশেষজ্ঞদল। সূত্র: দৈনিক কালবেলা
- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সিঙ্গাপুরে এশিয়ান সিকিউরিটি ফোরামে বক্তৃতাকালে সুইজারল্যান্ডে তার আসন্ন বৈশ্বিক শান্তি সম্মেলনকে বানচাল করার চেষ্টার জন্য রাশিয়া ও চীনকে অভিযুক্ত করেছেন। তার মতে, চীনের মদদের কারণে ইউক্রেন যুদ্ধ দীর্ঘায়িত হচ্ছে। সূত্র: যুগান্তর
- আমেরিকার ওয়াশিংটন পোস্টের নির্বাহী সম্পাদক স্যালি বুজবি আকস্মিকভাবে পদত্যাগ করেছেন। পত্রিকাটির ১৫০ বছরের ইতিহাসের প্রথম নারী সম্পাদক ছিলেন স্যালি। সূত্র: দৈনিক ইত্তেফাক

৪ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে বিমানবাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল শেখ আবদুল হান্নানের বিদায়ী সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন বাংলাদেশে সফররত ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেড ক্রস অ্যান্ড রেড ক্রিসেন্ট সোসাইটির প্রেসিডেন্ট কেট ফোর্বস। সূত্র: দৈনিক কালবেলা
- কলকাতার ঝিনাইদহ-৪ আসনের সংসদ-সদস্য আনোয়ারুল আজীম আনারকে হত্যার উদ্দেশ্যে অপহরণের মামলায় আদালতে আসামি তানভীর ভুঁইয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের সামরিক লক্ষ্যবস্তুতে 'ফিলিস্তিন' নামের নতুন ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়ে হামলা চালিয়েছে ইয়েমেনের সামরিক বাহিনী। সূত্র: দৈনিক কালবেলা
- ভারতের লোকসভা নির্বাচনের চূড়ান্ত ফল ঘোষণা করা হয়েছে। সংসদের ৫৪৩টি আসনের মধ্যে ২৪০ আসনে জয় পেয়েছে ক্ষমতাসীন দল বিজেপি। আর প্রধান বিরোধী দল কংগ্রেস পেয়েছে ৯৯টি আসন। সূত্র: বণিক বার্তা

৫ জুন

- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে দ্বাদশ জাতীয় সংসদের তৃতীয় 'বাজেট' অধিবেশন শুরু। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ ভবনে দ্বাদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে বক্তব্য দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের ১৮তম লোকসভা নির্বাচনে এনডিএ জোটের জয়ে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে এক চিঠিতে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- উপজেলা নির্বাচনের চতুর্থ ধাপ বা শেষ ধাপে ৩৪.৩৩ শতাংশ ভোট পড়েছে। আগারগাঁওয়ের নির্বাচন ভবনে সংবাদ সম্মেলনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল। সূত্র: দৈনিক কালবেলা
- দুর্নীতির অভিযোগের মুখে থাকা সাবেক পুলিশ মহাপরিদর্শক বেনজীর আহমেদ দুর্নীতি দমন কমিশনের (দুদক) সামনে হাজির হতে আইনজীবীর মাধ্যমে ১৫ দিনের সময় চেয়েছেন বলে জানিয়েছেন দুদক কমিশনার জহুরুল হক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আবগারি (মদ) দুর্নীতি মামলায় জড়িত থাকার অভিযোগে দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির (আপ) আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়ালের অন্তর্বর্তী জামিনের আবেদন খারিজ করে দিয়েছেন আদালত। সূত্র: সমকাল
- গাজায় গণহত্যা নিয়ে ইসরায়েলকে কাঠগড়ায় তুলেছে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি)। এতে ক্ষুব্ধ হয়ে আইসিসির বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ নিতে বিল পাশ করেছে মার্কিন আইনসভার নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদ (হাউজ অব রিপ্রেজেন্টেটিভস)। সূত্র: যুগান্তর
- জলবায়ু পরিবর্তনের কারণে সবচেয়ে বেশি ভুক্তভোগী এমন ৫০ দেশের ঋণের বোঝা বেড়েছে। করোনাভাইরাস মহামারির পর ঋণ পরিশোধের পরিমাণ বেড়ে দ্বিগুণ হয়েছে এসব দেশের, যা এখন তিন দশকের মধ্যে বেড়ে সর্বোচ্চ। বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) তথ্য বিশ্লেষণ করে ডেবট জাস্টিস নামে দাতা সংস্থা এ তথ্য জানিয়েছে। সূত্র: সমকাল

৬ জুন

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে মন্ত্রিসভার বৈঠকে ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট অনুমোদন দেওয়া হয় এবং রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পরে ওই প্রস্তাবে স্বাক্ষর করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরে ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এই বাজেট পেশ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরে স্বাস্থ্য খাতে ৪১ হাজার ৪০৭ কোটি টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী, যা মোট বাজেটের ৫.২ ভাগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরে বাজেটে করমুক্ত আয়সীমা আগের মতো সাড়ে ৩ লাখ টাকা রাখার প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তবে নারীদের করমুক্ত আয়সীমা ৪ লাখ টাকা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রাথমিক শিক্ষার মান বৃদ্ধি এবং প্রয়োজনীয় শিক্ষক নিয়োগের জন্য গত বছরের তুলনায় ২০২৪-২৫ অর্থবছরে ৪ হাজার ৯৭ কোটি টাকা বেশি বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। সূত্র: সমকাল
- জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরে বাজেটে সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমে ১ লাখ ৩৬ হাজার ২৬ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরে ব্যাংকে গ্রাহকের ১০ লাখ টাকার বেশি থাকলেই বাড়তি শুল্ক দেওয়ার প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সরকারি প্রথম ও দ্বিতীয় শ্রেণির চাকরিতে মুক্তিযোদ্ধা-সহ অন্য কোটা বাতিল করে জারি করা পরিপত্র অবৈধ ঘোষণা করেছেন হাইকোর্ট। ফলে সরকারি চাকরিতে ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা বহাল থাকবে। সূত্র: সমকাল
- প্রস্তাবিত বাজেট অনুযায়ী কালোটাকা সাদা করার সুযোগ দিচ্ছে সরকার। দেশের প্রচলিত আইন যা-ই থাকুক না কেন, কোনো করদাতা

ফ্ল্যাট, জমির পাশাপাশি নগদ অর্থ-সহ স্থাবর সম্পত্তির জন্য ১৫ শতাংশ কর দিলে কোনো কর্তৃপক্ষ কোনো ধরনের প্রশ্ন তুলতে পারবে না। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যাকাণ্ডের দায় স্বীকার করে জবানবন্দি দিয়েছেন আমানুল্লাহ সাঈদ ওরফে শিমুল ভুঁইয়া। সূত্র: সমকাল
- দেশের সব অফিস-আদালতে ইলেকট্রনিক সই (ই-সিগনেচার) ব্যবহার নিশ্চিতের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পাশাপাশি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ই-সিগনেচার বাস্তবায়নে কী পদক্ষেপ নিয়েছে, তা হলফনামা আকারে আগামী ১২ আগস্ট দাখিলের নির্দেশ দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘের একটি স্কুলে ইসরায়েল বিমান হামলা করেছে। হামাসের কম্পাউন্ড হিসাবে শত শত বাস্তুচ্যুত লোক আশ্রয় নিয়েছিল। এ হামলায় নিহতের সংখ্যা বেড়ে ৩৫ জনে দাঁড়িয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- এক মিলিয়ন (১০ লাখ) মার্কিন ডলার রয়েছে এমন উচ্চ সম্পদশালী ব্যক্তিদের সংখ্যা ৫ দশমিক ১ শতাংশ বেড়ে ২ কোটি ২৮ লাখে দাঁড়িয়েছে। ২০২৩ সালে তাদের মোট সম্পদের পরিমাণ ৮৬ দশমিক ৮ ট্রিলিয়ন ডলারে পৌঁছেছে, যা তার আগের বছরের তুলনায় ৪ দশমিক ৭ শতাংশ বেশি। ফ্রান্সের পরামর্শকারী সংস্থা ক্যাপজেমিনির প্রকাশিত এক গবেষণা প্রতিবেদনের বরাত দিয়ে ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস এ তথ্য জানিয়েছে। সূত্র: যুগান্তর

৭ জুন

- ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট নিয়ে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বাজেটোত্তর সংবাদ সম্মেলন করেছে অর্থ মন্ত্রণালয়। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেস সচিব হিসাবে নিয়োগ পেয়েছেন দৈনিক আমাদের নতুন সময়ের ইমেরিটাস এডিটর নাঈমুল ইসলাম খান। জনপ্রশাসন মন্ত্রণালয়ের এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক ইত্তেফাক

- দেশে উপজেলা পরিষদ নির্বাচনের চতুর্থ ধাপে ৬০টি উপজেলায় ভোটগ্রহণ অনুষ্ঠিত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতে নৃশংসভাবে খুন হওয়া বাংলাদেশি সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যা মামলার আরেক আসামি সিয়ামকে নেপাল থেকে গ্রেফতার করেছে কলকাতা সিআইডি। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশে জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ায় কুরবানির ইদ উদ্‌যাপন করা হবে ১৭ জুন। বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র: বণিক বার্তা
- দেশের পাঁচ জেলায় বজ্রপাতে নারী-সহ ১১ জনের মৃত্যু এবং আহত ৯ জন। সূত্র: মানবজমিন
- গাজার নুসেইরাত শরণার্থীশিবিরে ভারতের তৈরি বোমা দিয়ে হামলা চালিয়েছে ইসরায়েল। এ ছোড়া বোমার ধ্বংসাবশেষে 'মেড ইন ইন্ডিয়া' লেখা পাওয়া গেছে। সূত্র: মানবজমিন
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নরম্যান্ডি দ্বীপে মিত্রবাহিনীর 'ডি-ডে' অবতরণের ৮০তম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান থেকে আগেভাগে চলে যাওয়ায় সমালোচনার মুখে পড়ে ক্ষমা চেয়েছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক। সূত্র: প্রথম আলো

৮ জুন

- ভারতের প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয় মেয়াদে দায়িত্ব গ্রহণের জন্য নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগ দিতে নয়াদিল্লি পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতিসংঘের সাধারণ পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত নির্বাচনে সংস্থাটির অঙ্গসংস্থা অর্থনৈতিক ও সামাজিক পরিষদের (ইকোসক) ২০২৫-২০২৭ মেয়াদে সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সূত্র: প্রথম আলো
- ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে মুক্তিযোদ্ধা ও মুক্তিযুদ্ধের সংগঠন 'আমরা একাত্তর' ৫৩ বীর মুক্তিযোদ্ধার হাতে সম্মাননা অর্থাৎ জাতীয় পতাকা সংবলিত ক্রেস্ট তুলে দেন তরুণ প্রজন্মের প্রতিনিধিরা। সূত্র: দৈনিক কালবেলা

- সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যা মামলায় গ্রেফতার হওয়া সিয়াম হোসেনকে ১৪ দিনের রিমান্ড দিয়েছেন কলকাতার বারাসাতের আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় নুসেইরাত শরণার্থীশিবিরে হামলা চালিয়েছে ইসরায়েল। এতে ২১০ ফিলিস্তিনি নিহত এবং আহত চার শতাধিক। সূত্র: বণিক বার্তা
- চীনের শীর্ষ বিশ্ববিদ্যালয়গুলোয় পড়তে ভর্তি পরীক্ষা 'গাওকাও' অনুষ্ঠিত হয়েছে। এ বছর রেকর্ড সংখ্যক ১ কোটি ৩৪ লাখ ভর্তি-ইচ্ছুক এ প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ নিয়েছেন। সূত্র: প্রথম আলো
- দিল্লিতে কংগ্রেস ওয়ার্কিং কমিটির বর্ধিত বৈঠকে রাহুল গান্ধীকে লোকসভার বিরোধী দলনেতা করার প্রস্তাব গৃহীত। সূত্র: দৈনিক ইত্তেফাক

৯ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চারদিনের রাষ্ট্রীয় সফরে নিজ জেলা পাবনায়। সূত্র: দৈনিক কালবেলা
- নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে ভারতের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব নিতে যাওয়া নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগ দিলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের নয়াদিল্লির আইটিসি হোটেলে ভুটানের প্রধানমন্ত্রী দাশো শেরিং তোবগের সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে ভারতের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন নরেন্দ্র মোদি। তাকে শপথ পড়ান ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে মুক্তিযোদ্ধা কোটা পদ্ধতি বাতিলের সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে হাইকোর্টের রায় স্থগিত চেয়ে আবেদন করেছে রাষ্ট্রপক্ষ। সূত্র: সমকাল
- সরকারি চাকরিতে ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা বহালের রায় স্থগিত করেননি চেম্বার আদালত। এ নিয়ে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানি হবে ৪ জুলাই। চেম্বার বিচারপতি এম. ইনায়েতুর রহিম হাইকোর্টের রায় স্থগিত না করে পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির দিন ধার্য করেন। সূত্র: সমকাল

- সরকারি চাকরিতে কোটা পুনর্বহালের সিদ্ধান্ত বাতিলের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বিক্ষোভ। জুনের মধ্যে কোটা বাতিল করা না হলে সর্বাত্মক আন্দোলনে নামার আলটিমেটাম দিয়েছেন শিক্ষার্থীরা। সূত্র: সমকাল
- ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজীম আনার হত্যার অন্যতম আসামি সিয়াম হোসেনকে নিয়ে কলকাতাসংলগ্ন দক্ষিণ ২৪ পরগনা জেলার ভাঙড়ের কৃষ্ণমাটি গ্রামের বাগজোলা খালে তল্লাশি অভিযানে সিয়ামের দেখিয়ে দেওয়া স্থানে একাধিক হাড়গোড় উদ্ধার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আইনজীবীর আবেদনের পরিপ্রেক্ষিতে পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ এবং স্ত্রী ও দুই মেয়েকে জিজ্ঞাসাবাদের জন্য ২৪ জুন নতুন তারিখ নির্ধারণ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: সমকাল
- ঘূর্ণিঝড় রিমালের কারণে স্থগিত হওয়া ১৯টি উপজেলার ভোট অনুষ্ঠিত। সূত্র: দৈনিক কালবেলা
- ফিলিস্তিনের গাজায় অমানবিক হামলা চালিয়ে হাজার হাজার নিরপরাধ নারী ও শিশুকে হত্যার কারণে ইসরায়েলের সেনাবাহিনীকে কালো তালিকভুক্ত করেছে জাতিসংঘ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের রাজধানী নয়াদিল্লিতে পার্লামেন্ট ভবনের সেন্ট্রাল হলে কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠকে কংগ্রেসের সংসদীয় দলের চেয়ারপারসন নির্বাচিত হয়েছেন দলটির নেতা সোনিয়া গান্ধী। সূত্র: সমকাল
- গাজা যুদ্ধ নিয়ে ইসরায়েলি যুদ্ধকালীন মন্ত্রিসভায় মতবিরোধ চরম আকার ধারণ করার কারণে পূর্বঘোষণা অনুযায়ী দেশটির মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ সদস্য ও যুদ্ধকালীন মন্ত্রী বেনি গ্যান্টজ পদত্যাগ করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারের রাখাইন রাজ্যের কারাগারে বন্দি ৪৫ বাংলাদেশি নাগরিক তাদের নাগরিকত্ব যাচাই সম্পন্ন হওয়ার পর বাংলাদেশে ফিরেছেন। একই সঙ্গে মিয়ানমারে চলমান অভ্যন্তরীণ সংঘর্ষের পরিপ্রেক্ষিতে বাংলাদেশে আশ্রয় নেওয়া ১৩৪ জন মিয়ানমারের সীমান্তরক্ষী (বিজিপি) ও অন্য সদস্যদের মিয়ানমারে ফেরত পাঠানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার নভোচারী উইলিয়াম অ্যান্ডার্স সান হুয়ান দ্বীপপুঞ্জে বিমান দুর্ঘটনায় মারা গেছেন। সূত্র: নয়া দিগন্ত

১০ জুন

▶ রাষ্ট্রপতি ও পাবনা প্রেস ক্লাবের আজীবন সদস্য মো. সাহাবুদ্দিন পাবনা সফরে স্থানীয় প্রেস ক্লাবে পাবনার সাংবাদিকতার সঙ্গে সঙ্গে মতবিনিময় করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ভারতের প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদির শপথগ্রহণ অনুষ্ঠান শেষে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং এনডিএ জোটকে নির্বাচনে বিজয়ের জন্য অভিনন্দন জানান এবং নরেন্দ্র মোদিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। সূত্র: সমকাল

▶ সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের কংগ্রেস পার্টির নেত্রী ও রাজ্যসভা সদস্য সোনিয়া গান্ধী, তার ছেলে ও লোকসভার বিরোধী দলীয় নেতা রাহুল গান্ধী এবং ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস পার্টির জেনারেল সেক্রেটারি প্রিয়াঙ্কা গান্ধীর সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত সফর শেষে দেশে ফিরেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী 'নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল-২০২৪' সংসদে উত্থাপনের পর চলতি ২০২৩-২৪ অর্থবছরের জন্য ৩৭ হাজার ৮১৭ কোটি ৪০ লাখ ৫৭ হাজার টাকার সম্পূরক বাজেট কণ্ঠভোটে পাশ। সূত্র: সমকাল

▶ বাংলাদেশের সামাজিক সুরক্ষাব্যবস্থা শক্তিশালী করতে বাংলাদেশকে ২৫ কোটি মার্কিন ডলার (প্রায় ২ হাজার ৯৩৫ কোটি ৫০ লাখ টাকা) ঋণ দিতে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) চুক্তিতে সই। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পের আলোচিত মাস্টার মহিবুল্লাহ হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারী মো. শহিদুল ইসলাম-সহ পাঁচজনকে গ্রেফতার করেছে র‍্যাব-১৫। সূত্র: নয়া দিগন্ত

▶ ইউক্রেনের সশস্ত্র বাহিনীতে নারী যোদ্ধা চলমান ইউক্রেন যুদ্ধে এ মুহূর্তে ৬৭ হাজারের বেশি নারী কাজ করছেন। সূত্র: যুগান্তর

▶ ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ ইউরোপীয় নির্বাচনে উগ্র ডানপন্থিদের কাছে শোচনীয় পরাজয়ের পর আকস্মিক এক ঘোষণায় ন্যাশনাল অ্যাসেম্বলি ভেঙে দিয়েছেন। সূত্র: দৈনিক কালবেলা

▶ ফিলিস্তিনের গাজায় যুদ্ধবিরতির প্রস্তাব জাতিসংঘ নিরাপত্তা পরিষদে পাশ। সূত্র: দৈনিক কালবেলা

১১ জুন

▶ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পাবনা সার্কিট হাউজে জেলার চেম্বার অব কমার্সের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন। সূত্র: দৈনিক কালবেলা

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে গ্লোবাল সেন্টার অন অ্যাডাপটেশনের (জিসিএ)- প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট্রিক ভি ভারকুইজেন সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্যাট্রিক জিসিএ 'লোকাল অ্যাডাপটেশন চ্যাম্পিয়ন্স' পুরস্কার প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে নবনিযুক্ত বিমানবাহিনীর প্রধান হাসান মাহমুদ খানকে 'এয়ার মার্শাল' র‍্যাংক ব্যাজ পরিয়ে দেন সেনাবাহিনী প্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ এবং নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান। সূত্র: সূত্র: যুগান্তর

▶ ক্ষমতাসীন দল রাজনৈতিক প্রতিযোগিতা মুছে ফেলায় বাংলাদেশ একটি 'একদলীয়' রাষ্ট্রে পরিণত হয়েছে। দেশে চলমান রাজনীতিতে সরকার দল এবং বিরোধী দলের মধ্যে আর কোনো রাজনৈতিক প্রতিযোগিতা অবশিষ্ট নেই বলে ড. ইউনূস মন্তব্য করেন। তিনি আরও বলেন, তারা নিজেদের লোকদের বিভিন্নরূপে নির্বাচিত করছে–উপযুক্ত প্রার্থী, ডামি প্রার্থী, স্বতন্ত্র প্রার্থী। আর এসবই একই দলের। নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস, রাজধানী ঢাকায় নিজের অফিসে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে গত সপ্তাহে তিনি এমন মন্তব্য করেন। ড. ইউনূসের সাক্ষাৎকারটি প্রকাশ করেছে রয়টার্স। সূত্র: মানবজমিন

- বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান হিসাবে নিয়োগ পেলেন লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার-উজ-জামান। তিনি বর্তমান সেনাপ্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদের স্থলাভিষিক্ত হবেন। ২৩ জুন থেকে এ নিয়োগ কার্যকর হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পণ্য ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নেপাল থেকে পাঁচ বছরের জন্য ৪০ মেগাওয়াট জলবিদ্যুৎ আমদানি করতে অনুমোদন দিয়েছে সরকার। এ বিদ্যুতের প্রতি ইউনিটের জন্য ব্যয় হবে ৮ টাকা ১৭ পয়সা। সূত্র: দৈনিক কালবেলা
- রয়টার্স কর্তৃক পরিবেশিত সংবাদে ড. ইউনূসের মন্তব্যের সঙ্গে পুরোপুরি একমত নন আইনমন্ত্রী আনিসুল হক। টেলিফোনে রয়টার্সকে আইনমন্ত্রী বলেন, কেবল আমিই নই বরং দেশের জনগণও তার মতের সঙ্গে দ্বিমত পোষণ করবে। সূত্র: মানবজমিন
- কলকাতায় খুন হওয়া এমপি আনোয়ারুল আজীম আনার হত্যায় জড়িত সন্দেহে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুকে রাজধানীর ধানমন্ডি থেকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সারা দেশে কতজন রোহিঙ্গাকে ভোটার করা হয়েছে, তদন্ত করে এর তালিকা দাখিলের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের গাজায় যুদ্ধ বন্ধের লক্ষ্যে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে পাশ হওয়া প্রস্তাবে রাজি হয়েছে হামাস। হামাসের সিনিয়র কর্মকর্তা সামি আবু জুহরিও বার্তা সংস্থা রয়টার্সকে এ কথা নিশ্চিত করেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- ২০১৮ সালের অবৈধভাবে বন্দুক কেনার সময় মাদকাসক্তির ব্যাপারে মিথ্যা বলার মামলায় দোষী সাব্যস্ত হয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের ছেলে হান্টার বাইডেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিমান বিধ্বস্ত হয়ে আফ্রিকার দেশ মালাবির ভাইস প্রেসিডেন্ট সাওলাস চিলিমা-সহ ১০ জন নিহত। সূত্র: সমকাল
- ফিলিস্তিনের গাজায় চলমান ইসরায়েলি হামলার জেরে বিভিন্ন দেশের মতো এবার কোকা-কোলা ও পেপসি বয়কটের ডাক দিয়েছে উত্তর আফ্রিকার দেশ মরক্কো। সূত্র: দৈনিক ইত্তেফাক

১২ জুন

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গ্লোবাল ফান্ডের নির্বাহী পরিচালক পিটার স্যান্ডস এবং স্টপ টিবি পার্টনারশিপের নির্বাহী পরিচালক ড. লুসিকা দিতিউ সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের সঙ্গে কাজ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশের দুর্নীতিবিরোধী লড়াই, গণতন্ত্র ও মানবাধিকার পরিস্থিতি উন্নয়ন যুক্তরাষ্ট্রের জন্য একটি অগ্রাধিকার। ভয়েস অব আমেরিকাকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের সংরক্ষিত ফান্ডের লভ্যাংশের ২৫ কোটি টাকা আত্মসাৎ ও পাচারের মামলায় নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস-সহ ১৪ জনের বিরুদ্ধে অভিযোগ (চার্জ) গঠন করেছেন আদালত। এর মধ্য দিয়ে এ মামলা আনুষ্ঠানিক বিচার শুরু। সূত্র: সমকাল
- আইনমন্ত্রী আনিসুল হক সচিবালয়ে আইন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে নোবেল বিজয়ী ড. মুহম্মদ ইউনূস 'অসত্য কথা' বলছেন অভিযোগ এনে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, দেশের কোনো নাগরিক আইন ভঙ্গ করলে যেভাবে বিচার হয়, সেভাবেই তার বিচার হচ্ছে। সূত্র: বণিক বার্তা
- দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে সাবেক আইজিপি বেনজীর আহমেদ ও তার স্ত্রী-সন্তানদের নামে থাকা আরও বিপুল সম্পত্তি ও ফ্ল্যাট ক্রোক (জব্দ) করার নির্দেশ দিয়েছেন আদালত। সূত্র: সমকাল
- 'মুক্তিযোদ্ধার সন্তান ও প্রজন্ম, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল'-এর সভাপতি অহিদুল ইসলাম তুষারের সভাপতিত্বে জাতীয় প্রেস ক্লাবে সংগঠনটি 'মুক্তিযোদ্ধা কোটা পুনর্বহাল, অপ্রচার ও বাস্তবতা' শীর্ষক সংবাদ সম্মেলন। সূত্র: সমকাল
- 'বিশ্ব শান্তি সূচক ২০২৪'-এ ১৬৩টি দেশের ওপর চালানো সমীক্ষায় শান্তিতে দক্ষিণ এশিয়ায় তৃতীয় অবস্থানে রয়েছে বাংলাদেশ। বৈশ্বিক

সূচকে বাংলাদেশর অবস্থান ৯৩তম। গ্লোবাল পিস ইনডেক্স (জিপিআই)-২০২৪ এ তথ্য প্রকাশ করেছে অস্ট্রেলিয়াভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট ফর ইকোনমিক্স অ্যান্ড পিস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ইসরায়েলকে লক্ষ্য করে একই দিনে ১৭০টির বেশি ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে ইসলামি প্রতিরোধ আন্দোলন হিজবুল্লাহ। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় ইসরায়েলের অভিযানে হতাহতদের পরিবারের সদস্যদের বিনা খরচে হজের সুযোগ দিয়েছে সৌদি আরব। তবে ইসরায়েলি বাধার কারণে গাজার কেউ হজ করতে যেতে পারেননি। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় যুদ্ধবিরতি ইস্যুতে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে মার্কিনিদের উত্থাপন করা প্রস্তাবনাটির জবাবে অসম্মত জানিয়েছে ফিলিস্তিনের স্বাধীনতাকামীদের সংগঠন হামাস। এতে কিছু শর্তারোপ করেছে গোষ্ঠীটি। সূত্র: সমকাল
- কুয়েতের দক্ষিণ আহমেদি গভর্নরেটের মানগাফ শহরে শ্রমিকদের আবাসিক ভবনে আগুন লেগে নিহতের সংখ্যা বেড়ে ৪১ জন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অনেকে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের সেনাবাহিনীর নতুন প্রধান হিসাবে নিযুক্ত হয়েছেন লেফটেন্যান্ট জেনারেল উপেন্দ্র দ্বিবেদী। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে নবনিযুক্ত বিমানবাহিনীর প্রধান এয়ার মার্শাল হাসান মাহমুদ খানের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নিযুক্ত আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলি আবদুল্লাহ খাসাইফ আল হামুদির সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সুপারিশে ৫০৪ জনকে নারী মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে বলে জাতীয় সংসদে

প্রশ্নোত্তর-পর্বে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সূত্র: সমকাল

- 'নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে কর কর্তৃপক্ষের কখনো কোনো কর ফাঁকির মামলা ছিল না। সুতরাং, প্রফেসর মুহাম্মদ ইউনূসের কর ফাঁকির বিষয়ে সুপ্রিম কোর্টের কোনো রায় দেওয়ার প্রশ্নটি সম্পূর্ণ কাল্পনিক।' রয়টার্সের খবরে আইনমন্ত্রীর বক্তব্যের প্রতিবাদে ইউনূস সেন্টারের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চার মোবাইল অপারেটরের ১৫২ কোটি টাকার ভ্যাটসংক্রান্ত সুদ মওকুফের মামলায় জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সাবেক কমিশনার ওয়াহিদা রহমান চৌধুরীর বিদেশ গমনে দুই মাসের নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। সূত্র: সমকাল
- ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) ওয়াশিংটন অ্যাকর্ডের পূর্ণ সিগনেটরি হিসাবে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে। নয়াদিল্লিতে আন্তর্জাতিক ইঞ্জিনিয়ারিং সম্মেলনের বার্ষিক সভায় বিশ্বের ২৩টি স্বাক্ষরকারী দেশ সর্বসম্মতভাবে সিদ্ধান্তটি অনুমোদন করে। সূত্র: যুগান্তর
- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) স্বাস্থ্য ও চিকিৎসাসেবাবিষয়ক গবেষণার জন্য বিএসএমএমইউ-এর ৪৩৮ জন শিক্ষার্থীকে ৫ কোটি ৩১ লাখ ৪৩ হাজার টাকার চেক প্রদান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে ১ থেকে ১৪ বছর বয়সি শিশুদের মধ্যে প্রতি ১০ জনের ৯ জন প্রতিমাসে সহিংসতার শিকার হচ্ছে। এতে প্রতিমাসে সাড়ে চার কোটি শিশুর ওপর নেতিবাচক প্রভাব পড়ছে। ইউনিসেফ বিশ্বে প্রথমবার পালিত 'আন্তর্জাতিক খেলাধুলা' দিবসে শিশুদের সহিংসতার শিকার হওয়ার বিষয়ে এ তথ্য প্রকাশ করে। সূত্র: দৈনিক কালবেলা
- রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে সহায়তায় জি-৭ ভুক্ত দেশগুলো যেসব ধনী দেশ রাশিয়ার সম্পদ জব্দ করেছে, ওইসব সম্পদের সুদ থেকে ইউক্রেনকে পাঁচ বিলিয়ন (পাঁচ হাজার কোটি) ডলার ঋণ দেওয়া হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বিশ্বে এক বছরে যুদ্ধ, সহিংসতা ও নির্যাতনের কারণে ১২ কোটি মানুষ বাস্তুচ্যুত হয়েছেন। জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআর এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক কালবেলা

১৪ জুন

▶ আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) উদ্যোগে প্রতিষ্ঠিত গ্লোবাল কোয়ালিশন ফর সোশ্যাল জাস্টিস'-এ যোগ দিয়েছে বাংলাদেশ। সূত্র: সমকাল

▶ ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এবং ইউরোপের দেশ সুইজারল্যান্ডের সঙ্গে উড়োজাহাজ চলাচলে দুটি দ্বিপক্ষীয় চুক্তি করেছে বাংলাদেশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে খুনের উদ্দেশ্যে অপহরণ মামলায় ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন আওয়ামী লীগ নেতা কাজী কামাল আহমেদ বাবু। সূত্র: দৈনিক কালবেলা

▶ জাতীয় কর আইনজীবী সমিতির সভাপতি ও গণফ্রন্টের চেয়ারম্যান মো. জাকির হোসেন (৭২) ইন্তেকাল করেন। সূত্র: বাংলাদেশ প্রতিদিন

▶ নিরাপত্তা বিশ্লেষক অবসরপ্রাপ্ত মেজর জেনারেল আব্দুর রশীদ (৭০) ইন্তেকাল করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ কক্সবাজারের উখিয়ার ক্যাম্প থেকে অস্ত্র-গুলিসহ আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির (আরসা) গান কমান্ডার জাকারিয়াকে গ্রেফতার করেছে র‍্যাব। সূত্র: যুগান্তর

▶ ইউক্রেনের সঙ্গে ১০ বছরের নিরাপত্তা চুক্তি সই যুক্তরাষ্ট্রের। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৫ জুন

▶ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন সংবাদ ও বিনোদনভিত্তিক স্যাটেলাইট টেলিভিশন 'চ্যানেল এস' স্টেশনের বাণিজ্যিক সম্প্রচারের উদ্‌বোধন ঘোষণা করেন। 'চ্যানেল এস' বাংলাদেশের প্রথম এআই প্রযুক্তির ইউএইচডি স্যাটেলাইট টেলিভিশন। সূত্র: সমকাল

▶ পবিত্র ইদুল-আজহায় ছুটিতে হাসপাতালগুলোয় জরুরি স্বাস্থ্যসেবা নিশ্চিতে ১৪ দফা নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: সমকাল

▶ মো. রাকিবুল ইসলাম রাকিবকে সভাপতি ও নাছির উদ্দীন নাছিরকে সাধারণ সম্পাদক করে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের ২৬০ সদস্যবিশিষ্ট আংশিক পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ জাতীয় আইনগত সহায়তা সংস্থার অধীনে ২০০৯ থেকে ২০২৪ সালের মার্চ পর্যন্ত বিকল্পবিরোধ নিষ্পত্তি সেবার (এডিআর) মাধ্যমে ১ লাখ ১২ হাজার ৯১৩টি মামলা নিষ্পত্তি। সূত্র: দৈনিক কালবেলা

▶ ইউক্রেন যুদ্ধ অবসানের লক্ষ্যে সুইজারল্যান্ডের বার্গেনস্টক রিসোর্টে শুরু হয়েছে 'ইউক্রেন শান্তি সম্মেলন'। শান্তি সম্মেলনে অংশ নিচ্ছে ৯০টির বেশি দেশ ও বৈশ্বিক প্রতিষ্ঠান। সূত্র: সমকাল

▶ ইউক্রেন যুদ্ধ শেষ করতে তিনটি শর্ত দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। শর্তগুলো হলো–আরও ভূখণ্ড ছাড়ার জন্য রাজি থাকতে হবে কিয়েভকে, দেশের আরও ভেতরে তাদের সেনা সরিয়ে নিতে হবে এবং পশ্চিমা সামরিক জোট ন্যাটোতে যুক্ত হওয়ার আকাঙ্ক্ষা ত্যাগ করতে হবে। সূত্র: সমকাল

▶ করোনা মোকাবিলায় চীনের টিকার বিরুদ্ধে গোপনে প্রচারণা চালানোর অভিযোগ করেছিল মার্কিন সেনাবাহিনী। পেন্টাগনের একজন মুখপাত্র স্বীকার করেছেন, চীনের বিরুদ্ধে প্রচারণায় সামাজিক যোগাযোগ মাধ্যমের ফিলিপাইনের নাগরিকের ছদ্মবেশে একাধিক প্ল্যাটফরম ব্যবহার করা হয়েছিল। এর লক্ষ্য ছিল, যুক্তরাষ্ট্র-সহ মিত্রদেশগুলোর বিরুদ্ধে চীনের নেতিবাচক প্রভাব ঠেকানো। যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে চীনা অপতৎপরতার পালটা ব্যবস্থা হিসাবে এই পলিসি গ্রহণ করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ দক্ষিণ আফ্রিকার বর্তমান প্রেসিডেন্ট সিরিল রামাফোসা দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট নির্বাচিত। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৬ জুন

▶ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পবিত্র ইদুল-আজহা উপলক্ষ্যে দেশবাসীকে পৃথক শুভেচ্ছাবার্তা পাঠিয়েছেন। সূত্র: সমকাল

- জাতীয় ইদগাহ ময়দানে ইদ জামাতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) পক্ষ থেকে পাঁচ স্তরের নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে বলে সাংবাদিকদের জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার হাবিবুর রহমান। সূত্র: সমকাল
- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে পরাজিত হলে নিজ জন্মভূমিতেই মেরে ফেলার সব আয়োজন করা হয়। তবে নির্বাচনে জয়ী হওয়ায় সেই ছক থেকে সরে আসে পরিকল্পনাকারীরা। তারা বুঝতে পেরেছিল, সংসদ সদস্য থাকা অবস্থায় কালীগঞ্জে আজীমকে হত্যা করা হলে এলাকায় ব্যাপক প্রতিক্রিয়া দেখা দেবে। এছাড়া কালীগঞ্জে তার আশপাশে সব সময় দু-চারজন থাকেন। এমন পরিস্থিতিতে হত্যা মিশন শেষে নির্বিঘ্নে পালিয়ে যাওয়া কঠিন হবে। তদন্তসংশ্লিষ্ট কর্মকর্তারা এসব তথ্য জানান। সূত্র: সমকাল
- ঘূর্ণিঝড় ও পাহাড় ধসের মতো প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে ২০২৩ সালে বাংলাদেশে ১৮ লাখ মানুষ বাস্তুচ্যুত হয়েছে। নরওয়েভিত্তিক ইন্টারন্যাশনাল ডিসপ্লেসমেন্ট মনিটরিং সেন্টার (আইডিএমসি) থেকে গত মাসের মাঝামাঝিতে প্রকাশিত গ্লোবাল রিপোর্ট অন ইন্টারনাল ডিসপ্লেসমেন্ট ২০২৪ প্রতিবেদেন এই তথ্য জানানো হয়। সূত্র: সমকাল
- আসন্ন মার্কিন নির্বাচনের আগে আবারও ইউক্রেন ইস্যুতে কথা বলেছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, আগামী নভেম্বরে ফের হোয়াট হাউজে প্রবেশ করতে পারলে ইউক্রেনে অর্থ সহায়তা বন্ধ করবেন। সূত্র: দৈনিক কালবেলা
- গাজা উপত্যকার রাফাহ শহরের তাল আস-সুলতান জেলায় সামরিক পরিবহণে হামাস যোদ্ধাদের অতর্কিত হামলায় আট ইসরায়েলি সেনা নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘ ও আন্তর্জাতিক সাহায্য সংস্থাগুলোর সঙ্গে আলোচনার পর 'কৌশলগত বিরতি' সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে ইসরায়েলি সামরিক বাহিনী বিবৃতি দিয়েছে। বিবৃতিতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত প্রতিদিন স্থানীয় সময় সকাল ৮টা থেকে স্থানীয় সময় সন্ধ্যা ৭টা পর্যন্ত যুদ্ধবিরতি চলবে। সূত্র: নয়া দিগন্ত

- ইউক্রেন সংঘাতের অবসানের লক্ষ্যে সুইজারল্যান্ডে শান্তি সম্মেলনে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেন যুদ্ধ বন্ধে যুদ্ধবিরতির জন্য যেসব প্রস্তাব দিয়েছেন, তা প্রত্যাখ্যান করেছেন ইতালি ও জার্মানির নেতারা। সূত্র: নয়া দিগন্ত

১৭ জুন

- সারা দেশে যথাযোগ্য মর্যাদায় পবিত্র ইদুল-আজহা উদ্‌যাপিত। সূত্র: সমকাল
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বঙ্গভবনে পবিত্র ইদুল-আজহা উপলক্ষ্যে কূটনীতিকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা গণভবনে পবিত্র ইদুল-আজহা উপলক্ষ্যে দলীয় নেতাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়। সূত্র: দৈনিক কালবেলা
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা টি-টোয়েন্টি বিশ্বকাপে নেপালকে হারিয়ে টুর্নামেন্টের শেষ আটে স্থান করে নেওয়ায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীতে পবিত্র ইদুল-আজহা উপলক্ষ্যে কুরবানির পশু বর্জ্য অপসারণে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের ১৯ হাজার ৪৯৭ জন পরিচ্ছন্নতাকর্মী কাজ করছে। এর মধ্যে ঢাকা উত্তরের ১০ হাজার এবং দক্ষিণ সিটির ৯ হাজার ৪৯৭ জন। সূত্র: দৈনিক কালবেলা
- 'নো ইয়োর কাস্টমার' (কেওয়াইসি) নির্দেশাবলি, ২০১৬-সহ নির্দিষ্ট নিয়ম অমান্য করার জন্য বাংলাদেশের সোনালী ব্যাংক পিএলসিকে ৯৬.৪ লাখ রুপি জরিমানা করেছে ভারতের রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া। সোনালী ব্যাংক পিএলসির ভারতীয় শাখা বাংলাদেশের সোনালী ব্যাংকেরই একটি অংশ। সূত্র: মানবজমিন
- ২০২৪ সালে বিশ্বের ব্যয়বহুল শহরের তালিকায় শীর্ষে রয়েছে হংকং। এতে বাংলাদেশের রাজধানী ঢাকার অবস্থান ১৪০তম। যদিও ২০২৩ সালের তালিকায় বাংলাদেশের অবস্থান ছিল ১৫৪। অর্থাৎ ১৪ ধাপ এগিয়েছে ঢাকা। মার্সার কস্ট অব লিভিং সার্ভে এ তালিকা প্রকাশ করে। সূত্র: দৈনিক কালবেলা

- মিয়ানমার সামরিক বাহিনীর সঙ্গে লড়াইয়ের কারণে দেশটির পশ্চিমাঞ্চলীয় প্রদেশ রাখাইনের সীমান্ত শহর মংডুর বাসিন্দাদের শহর ছেড়ে নিরাপদ কোনো স্থানে আশ্রয় নেওয়ার আহ্বান জানিয়েছে রাখাইনভিত্তিক সশস্ত্র রাজনৈতিক গোষ্ঠী আরাকান আর্মির (এএ) রাজনৈতিক শাখা ইউনাইটেড লিগ অব আরাকান। সূত্র: দৈনিক কালবেলা
- ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ছয় সদস্যের যুদ্ধকালীন মন্ত্রিসভা ভেঙে দিয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিন-ইসরায়েল সংঘাতের কারণে স্কুল বন্ধ রাখতে বাধ্য হওয়ায় গাজা উপত্যকায় প্রায় ৬ লাখ ২৫ হাজার শিশু শিক্ষা থেকে বঞ্চিত হয়েছে। ফিলিস্তিনি উদ্‌বাস্তুদের হয়ে কাজ করা জাতিসংঘের ত্রাণ সংস্থা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফরর্ম এক্স-এ বিবৃতি দিয়েছে। সূত্র: মানবজমিন
- গাজায় যুদ্ধবিরতি, হামাসের হাত থেকে জিম্মি নাগরিকদের ফিরিয়ে আনা এবং সরকারের পদত্যাগ-সহ বিভিন্ন দাবিতে এবার ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর বাড়ির সামনে বিক্ষোভ করেন হাজারো ইসরায়েলি। সূত্র: দৈনিক কালবেলা
- ভূমধ্যসাগরে দুটি নৌকাডুবির ঘটনায় ইতালির দক্ষিণাঞ্চলের উপকূল থেকে ১১ অভিবাসনপ্রত্যাশীর লাশ উদ্ধার করেছেন স্বেচ্ছাসেবকরা। এ সময় ডুবন্ত নৌকা থেকে ৫১ জনকে জীবিত উদ্ধার করেছে এবং আরও ৬৪ জন নিখোঁজ রয়েছে বলে জানিয়েছে জার্মান দাতব্য সংস্থা রেস্কশিপ, ইতালির কোস্টগার্ড ও জাতিসংঘের একটি সংস্থা। সূত্র: সমকাল

১৮ জুন

- একুশে পদকপ্রাপ্ত কবি অসীম সাহার (৭৫) মৃত্যু। তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: মানবজমিন
- টানা বৃষ্টি ও উজানের ঢলে সিলেটে চলমান দ্বিতীয় দফা বন্যা পরিস্থিতির অবনতি। এতে পানিবন্দি দুই লাখের বেশি মানুষ। সূত্র: দৈনিক কালবেলা
- দুই দশক পর রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন দুইদিনের সফরে উত্তর কোরিয়া পৌঁছান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ফিলিস্তিনের ছিটমহল গাজার মধ্যাঞ্চলীয় আল-নুসেইরাত শরণার্থীশিবিরে বোমা হামলা চালিয়েছে ইসরায়েল। এতে আল-মাদৌন পরিবারের পাঁচজন-সহ ১২ ফিলিস্তিনি নিহত। আহত হয়েছেন আরও অনেকে। সূত্র: সমকাল
- হিজবুল্লাহর হাইফা শহরের ড্রোন ফুটেজ প্রকাশের পর লেবানন তথা হিজবুল্লাহর বিরুদ্ধে সর্বাত্মক যুদ্ধের হুঁশিয়ারি দিয়েছেন ইসরায়েলি পররাষ্ট্রমন্ত্রী ইসরায়েল কাটজ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নিজেদের কমিউনিস্ট আদর্শ প্রচার করতে শিনজিয়াং প্রদেশে ৩ হাজার ৬০০ গ্রামের নাম বদলে দিয়েছে চীনের প্রশাসন। এর মধ্যে প্রায় ৬৩০টি গ্রাম উইঘুর মুসলিম অধ্যুষিত। ২০০৯ থেকে ২০২৩ সালের মধ্যে জাতীয় পরিসংখ্যান বিভাগে নথিভুক্ত ২৫ হাজার গ্রামের নাম নিয়ে গবেষণা চালিয়েছে সংস্থা দুটি। দীর্ঘদিন উইঘুর মুসলিমদের নিয়ে কাজ করা নরওয়ের একটি সংস্থা এবং আন্তর্জাতিক মানবাধিকারবিষয়ক সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ যৌথ প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন দেশটির নির্বাচন সামনে রেখে পাঁচ লাখ অবৈধ অভিবাসীকে বৈধতা দেওয়ার ঘোষণা দিয়েছেন। যারা কমপক্ষে ১০ বছর আমেরিকায় রয়েছেন, তাদের জন্য এই প্রক্রিয়া প্রযোজ্য হবে এবং অবৈধ অভিবাসী স্বামী-স্ত্রীকে বৈধতার লক্ষ্যে আবেদন করার জন্য একটি 'প্যারোল ইন প্লেস' পদক্ষেপের কথা বিবেচনা করছে হোয়াইট হাউজ। সূত্র: সমকাল
- ডয়চে ভেলের বার্ষিক আয়োজনে বন শহরে সাংবাদিকতার বর্তমান চ্যালেঞ্জ মোকাবিলায় সমাধান ও তার গণতান্ত্রিকীকরণের লক্ষ্যে গ্লোবাল মিডিয়া ফোরামের দুই দিনব্যাপী সম্মেলন অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৯ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নারীজাগরণের অন্যতম পথিকৃৎ কবি সুফিয়া কামালের ১১৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বাণী দিয়েছেন। সূত্র: দৈনিক ইনকিলাব

- পবিত্র হজের সময় সৌদি আরবের মিনা প্রাসাদে দেশটির যুবরাজ ও প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন সালমান আল সৌদের রাজকীয় সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের সাধারণ নির্বাচনে 'যুক্তরাষ্ট্রের নীতি'র প্রতিবাদে ঢাকায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার ডি হাস মার্কিন পররাষ্ট্র দপ্তরে তার পদ থেকে পদত্যাগ করেছেন। সূত্র: বাংলাদেশ প্রতিদিন
- মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মো. আবদুর রহমানের বাসার লিফটে প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) মলয় কুমার শূরকে মারধর করে রক্তাক্ত করার ঘটনায় অভিযুক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিড, ডেপুটেশন অ্যান্ড ট্রেনিং রিজার্ভ) মো. আজিজুল ইসলামকে সাময়িক বরখাস্ত করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব সাঈদ মাহমুদ বেলাল হায়দার স্বাক্ষরিত প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে হত্যার পর তাঁর মরদেহকে টুকরো টুকরো করতে এ ঘটনায় আটক সিয়াম হোসেন কলকাতার নিউ মার্কেটের থেকে ২ হাজার ২০০ টাকা দিয়ে কিমা করার যন্ত্র কিনেছিল। ভারতের সিআইডি এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কক্সবাজারে ভারি বৃষ্টিপাতের কারণে উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পে পাহাড়ধসের ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে ১০ জনে দাঁড়িয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালক ও বরিশাল বিভাগীয় ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আলমগীর আলোর ইন্তেকাল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সফররত রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও উত্তর কোরীয় নেতা কিম জং উন পিয়ংইয়ংয়ে শীর্ষ বৈঠকে বৈঠকে দুই দেশের ওপর আরোপিত নিষেধাজ্ঞা বাতিল ও পারস্পরিক সামরিক সম্পর্ক আরও দৃঢ় করতে একটি চুক্তি স্বাক্ষর করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- এ বছর হজের সময় বিভিন্ন কারণে ৫৫০ হজযাত্রীর মৃত্যু হয়েছে। মক্কার গ্র্যান্ড মসজিদ এলাকায় তাপমাত্রা ৫১.৮ ডিগ্রি হয়ে যাওয়ার কারণে অতি গরমে অসুস্থ হয়ে তাদের বেশির ভাগেরই মৃত্যুর হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভারতের হিমাচল প্রদেশের ধর্মশালায় ম্যাকলয়েডগঞ্জে ধর্মগুরু দালাই লামার সঙ্গে সাক্ষাৎ করেন মার্কিন প্রতিনিধি পরিষদের সাবেক স্পিকার ন্যান্সি পেলোসি-সহ পার্লামেন্ট সদস্যরা। সূত্র: মানবজমিন

২০ জুন

- সরকারি চাকরি নিয়োগে 'মুক্তিযোদ্ধা কোটা' বাতিলের আন্দোলনকারীদের সঙ্গে সমঝোতার প্রস্তাব দিয়েছেন আওয়ামী লীগ দলীয় সদস্য রফিকুল ইসলাম বীর-উত্তম। চলমান এ আন্দোলন জনগণকে সরকারের বিরুদ্ধে যাতে না নিয়ে যায়, সেটি অনুধাবন করে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান তিনি। তবে প্রথম ও দ্বিতীয় শ্রেণির চাকরির নিয়োগে কোটাপ্রথা বহাল রাখতে আদালতের দেওয়া রায়ে সন্তুষ্টি প্রকাশ করেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শাজাহান খান। সূত্র: সমকাল
- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য অধ্যাপক ডা. দীন মো. নূরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৯২তম সভায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য ১ হাজার ৫৪ কোটি ৩৩ লাখ ৯০ হাজার টাকার বাজেট অনুমোদন। সূত্র: যুগান্তর
- সংসদের বৈঠকে স্বতন্ত্র সদস্য মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরীর প্রশ্নের জবাবে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, চলতি অর্থবছরে বিদ্যুৎ খাতে ৩১ হাজার ৮৩৩ কোটি ভরতুকি দেওয়া হয়েছে। একই অর্থবছরে এলএনজি খাতে ভরতুকি সাড়ে ৫ হাজার কোটি টাকা। সূত্র: সমকাল
- আইনের সংস্পর্শে আসা বা আইনের সঙ্গে সংঘাতে জড়িত কাউকে শিশু হিসাবে নির্ধারণ করার এখতিয়ার কোনো তদন্ত কর্মকর্তার নেই বলে পর্যবেক্ষণ দিয়েছেন আদালত। আদালত আরও বলেছেন, আইনের সঙ্গে সংঘাতে জড়িত কাউকে শিশু বলে মনে হলে তদন্ত কর্মকর্তা বা প্রতিষ্ঠান তার বয়স নির্ধারণে শিশু আদালতে হাজির করবে। ২০১৩-এর ২১ ধারার বিধান অনুসরণ করে তার বয়স নির্ধারণ করবেন শিশু আদালত। এক্ষেত্রে শিশু আদালতকে পাঁচ দফা নিয়মাবলি অনুসরণ করতে হবে। সূত্র: দৈনিক কালবেলা

- বন্যা পরিস্থিতির কারণে সিলেট বিভাগের এইচএসসি ও সমমানের পরীক্ষা ৮ জুলাই পর্যন্ত স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা বিভাগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর সভাপতিত্বে সভায় শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে থাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানে এবারের গ্রীষ্মের ছুটি কমানোর সিদ্ধান্ত। ইদুল-আজহা, গ্রীষ্মকালীন ছুটি-সহ ৩ জুলাই থেকে তা কমিয়ে ২৫ জুন পর্যন্ত করা হয়। অর্থাৎ আগামী ২৬ জুন খুলছে শিক্ষাপ্রতিষ্ঠান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সারা দেশে উদ্‌যাপিত পবিত্র ইদুল-আজহাকে কেন্দ্র করে পুলিশের বিভিন্ন ইউনিট স্পিডগান ব্যবহার-সহ নানামুখী ব্যবস্থা গ্রহণ করে। ফলে যানবাহন চলাচল ও ট্রাফিকব্যবস্থা স্বাভাবিক থাকায় জনগণের ইদযাত্রা ছিল নিরাপদ ও স্বস্তিদায়ক। সূত্র: সমকাল
- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারের মেয়ে মুমতারিন ফেরদৌস ডরিনকে ভারতের সিআইডি ফোন করে এক সপ্তাহের মধ্যে কলকাতায় যাওয়ার জন্য বলেছে। সূত্র: যুগান্তর
- ভারতের বিভিন্ন রাজ্যে চলতি বছরের ১ মার্চ থেকে ১৮ জুন হিটস্ট্রোকে আক্রান্ত হয়েছেন ৪০ হাজারেরও বেশি মানুষ। আক্রান্তদের মধ্যে ১০০ জনেরও বেশি মৃত্যু হয়েছে।সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এশিয়ার দুই দেশ সফরের অংশ হিসাবে উত্তর কোরিয়ার পর কমিউনিস্টশাসিত আরেক রাষ্ট্র ভিয়েতনামে পৌঁছেছেন। সূত্র: যুগান্তর

২১ জুন

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুইদিনের রাষ্ট্রীয় সফরে ভারতের নয়াদিল্লিতে পৌঁছেছেন। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান ভারতের পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং-সহ দেশটির ঊর্ধ্বতন কর্মকর্তারা। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে নয়াদিল্লিতে তার অবস্থানস্থলে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআর-এর তথ্যমতে, বাংলাদেশের সীমান্তঘেঁষা মিয়ানমারের রাখাইন রাজ্যে দেশটির সশস্ত্র বাহিনীর সঙ্গে সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির (এএ) সংঘাতের মধ্যে পড়ে মংডু ও বুথিডংয়ে ৭০ হাজারেরও বেশি রোহিঙ্গা আটকা পড়েছে। সূত্র: সমকাল
- বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন (বিপিএসএ) বিজ্ঞপ্তিতে পুলিশবাহিনী সম্পর্কে কোনো ধরনের প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন ও সাংবাদিকতার নীতিমালা যথাযথভাবে অনুসরণের অনুরোধ জানিয়েছেন। সূত্র: সমকাল
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রথম ফ্লাইটে ৪১৯ জন হাজি দেশে ফিরেছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বৈধভাবে রেমিট্যান্স পাঠিয়ে দেশের অর্থনীতিতে অবদান রাখা ও আইন মানার মাধ্যমে দেশের মর্যাদা বাড়ানোয় সৌদি আরবের প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্মসাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজীম আনার হত্যা মামলার অভিযুক্ত কসাই জিহাদ হাওলাদারকে আবার ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার বারাসত ও দায়রা আদালত। সূত্র: সমকাল
- গাজা গণহত্যার প্রভাব নিয়ে গবেষণা করার প্রস্তাব দেওয়ায় শিকাগো অঙ্গরাজ্যের ডি পল ইউনিভার্সিটির মার্কিন অধ্যাপক অ্যান ডি'অ্যাকুইনোকে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক কালবেলা
- তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর প্রথম কাশ্মীর সফরে গেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের ক্ষমতাচ্যুত গণতন্ত্রপন্থি নেত্রী অং সান সুচির জন্মদিন পালন করার 'অপরাধে' জান্তা পুলিশ ২২ জনকে গ্রেফতার করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কানাডিয়ান অভিনেতা ডোনাল্ড সাদারল্যান্ড (৮৮) মারা গেছেন। সূত্র: সমকাল

২২ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে বিদায়ি সাক্ষাৎ করেন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ। সূত্র: দৈনিক কালবেলা
- নয়াদিল্লি সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতি ভবনে পৌঁছালে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাকে লাল গালিচা সংবর্ধনা দিয়ে স্বাগত জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা নয়াদিল্লির রাষ্ট্রপতি ভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা নয়াদিল্লিতে হায়দরাবাদ হাউজে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করেন। বৈঠকে ঢাকা ও নয়াদিল্লি ১০টি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার-উজ-জামান আনুষ্ঠানিকভাবে জেনারেল পদে দায়িত্ব গ্রহণ করেন। সূত্র: দৈনিক কালবেলা
- সাংবাদিকতা নিয়ে পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের (বিপিএসএ) বিবৃতিতে গভীর উদ্‌বেগ জানিয়েছে দেশের পেশাজীবী সাংবাদিকদের সংগঠন বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাজাপ্রাপ্ত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে সরকারের নির্বাহী আদেশে সাজা স্থগিত রেখে মুক্তি দেওয়া হয়েছে। এ আইনে তাকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নেওয়ার কোনো সুযোগ নেই। এ সংক্রান্ত কোনো নতুন আবেদন পাইনি। রাজধানীর বিচার প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে বিচারকদের এক কর্মশালার উদ্‌বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী আনিসুল হক এসব কথা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস সাংবাদিকদের সঙ্গে আলাপকালে লেবাননকে আরও একটি গাজায় পরিণত হতে দেওয়া যাবে না বলে সতর্ক করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- রাশিয়া পশ্চিম ও দক্ষিণ ইউক্রেনের জ্বালানি অবকাঠামোতে ব্যাপক হামলা চালিয়েছে। ইউক্রেনের জ্বালানি মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যৌথ সামরিক মহড়ায় অংশ নিতে মার্কিন বিমানবাহিনীর 'থওডোর রুজভেল্ট' নামের পরমাণু শক্তিচালিত রণতরি দক্ষিণ কোরিয়ায় পৌঁছেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলে আফগানিস্তানের সীমান্তসংলগ্ন এলাকায় দেশটির সেনাবাহিনীর গাড়িতে বোমা বিস্ফোরণের ঘটনায় পাঁচ পাকিস্তানি সেনা নিহত। সূত্র: দৈনিক কালবেলা
- হিজাব নিষিদ্ধ ঘোষণা করে বিল পাশ করেছে মধ্য এশিয়ার মুসলিম অধ্যুষিত দেশ এবং সাবেক সোভিয়েত ইউনিয়নের অন্যতম অঙ্গরাজ্য তাজিকিস্তান। সূত্র: যুগান্তর
- জিম্মিদের মুক্তির জন্য দ্রুত যুদ্ধবিরতি চুক্তি ও নির্বাচনের দাবিতে তেল আবিব-সহ ইসরায়েলের বিভিন্ন শহরে ব্যাপক বিক্ষোভ। সূত্র: দৈনিক কালবেলা
- মক্কায় মিসরীয় হজযাত্রীদের মৃত্যুর ঘটনায় ১৬ পর্যটন সংস্থার লাইসেন্স বাতিল করেছে মিসরীয় কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক কালবেলা
- তাইওয়ানের ভূখণ্ডের স্বাধীনতা চাইলেই মৃত্যুদণ্ডের আইন পাশ করেছে চীন। সূত্র: দৈনিক কালবেলা

২৩ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ সেনাবাহিনীর নবনিযুক্ত চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস) লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার-উজ-জামান এবং সশস্ত্রবাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার (পিএসও) লেফটেন্যান্ট জেনারেল মিজানুর রহমান শামীম। সূত্র: যুগান্তর
- আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত সমাবেশে বক্তব্য দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সেনাবাহিনীর নবনিযুক্ত চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস) লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার-উজ-জামান সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নবনিযুক্ত সেনাপ্রধানকে নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান ও বিমানবাহিনীর প্রধান এয়ার মার্শাল হাসান মাহমুদ খাঁন নবনিযুক্ত সেনাপ্রধানকে র‍্যাংক ব্যাজ পরিয়ে দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার হৃদ্‌যন্ত্রে 'পেসমেকার' বসানো হয়েছে। সূত্র: দৈনিক কালবেলা
- সাংবাদিকতা ও গণমাধ্যম নিয়ে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের (বিপিএসএ) বিবৃতিকে স্বাধীন সাংবাদিকতার প্রতি সংবিধানপরিপন্থি হুমকি উল্লেখ করে গভীর উদ্‌বেগ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাংবাদিকতা নিয়ে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের (বিপিএসএ) বিবৃতিতে গভীর উদ্‌বেগ ও প্রতিবাদ জানিয়েছে সংবাদপত্রের সম্পাদকদের সংগঠন সম্পাদক পরিষদ। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য উপহার হিসাবে ৫০০ কেজি আনারস পাঠিয়েছেন ভারতের ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী মানিক সাহা। সূত্র: সমকাল
- বাংলাদেশ পুলিশের উপমহাপরিদর্শক (ডিআইজি) পদের ১০ জনকে বদলি করে নতুন দায়িত্বে পাঠিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র: সমকাল
- পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের স্ত্রী ও দুই মেয়ে সেগুনবাগিচায় দুর্নীতি দমন কমিশনে (দুদক) হাজির হননি। সূত্র: সমকাল
- জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্মকর্তা ড. মতিউর রহমানের বিরুদ্ধে দুর্নীতির মাধ্যমে অবৈধ সম্পদ অর্জন ও অর্থ পাচারের অভিযোগ তদন্তে তিন সদস্যের টিম গঠন করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: দৈনিক কালবেলা

- দুর্নীতিতে সম্পৃক্ততার কারণে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্মকর্তা মতিউর রহমানকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনালের সভাপতির পদ থেকে সরানো হয়েছে। সূত্র: সমকাল
- সৌদি আরব সরকার পবিত্র ওমরাহ পালনে আগ্রহী ব্যক্তিদের জন্য ইলেকট্রনিক ভিসা বা ই-ভিসা চালু করছে। এ ভিসা মিলবে ২৪ ঘণ্টার মধ্যেই। মেয়াদ এক থেকে বাড়িয়ে তিন মাস করা হয়েছে। ভিসা পেতে লাগবে না স্বাস্থ্য পরীক্ষা। থাকছে না নারীদের জন্য পুরুষ অভিভাবক থাকার বাধ্যবাধকতাও। সূত্র: সমকাল
- ইসরায়েলের সামরিক ঘাঁটিতে সরাসরি হামলা চালিয়েছে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। সূত্র: দৈনিক কালবেলা
- তালেবানশাসিত আফগানিস্তানে রাষ্ট্রদূত নিয়োগ দিয়েছে নিকারাগুয়া। বর্তমানে চীনে নিকারাগুয়ার রাষ্ট্রদূত মাইকেল ক্যাম্পবেল বেইজিংয়ে তার অফিস থেকে আফগানিস্তানে অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। সূত্র: নয়া দিগন্ত

২৪ জুন

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে মাধ্যমিক থেকে স্নাতক (পাশ) ও সমমান পর্যায়ের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের মাঝে ২০২৩-২৪ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রম উদ্‌বোধন করেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদ ভবন কার্যালয়ে চীনের কমিউনিস্ট পার্টির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ জিয়ানচাও-এর সৌজন্য সাক্ষাৎ। সূত্র: নয়া দিগন্ত
- বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে করোনারি কেয়ার ইউনিট (সিসিইউ) থেকে কেবিনে স্থানান্তর করা হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে সংস্থাটির নির্বাহী পর্ষদের সভায় বাংলাদেশকে দেওয়া ঋণের তৃতীয় কিস্তির ১১১ কোটি ৫০ লাখ ডলার অনুমোদন করেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সূত্র: দৈনিক কালবেলা

- ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক কমিশনার আছাদুজ্জামান মিয়ার ব্যক্তিগত তথ্য ফাঁস করার অভিযোগে গাজীপুর মহানগর পুলিশের (জিএমপি) অতিরিক্ত উপপুলিশ কমিশনার (এডিসি) জিসানুল হক সাময়িক বরখাস্ত। সূত্র: দৈনিক কালবেলা
- জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর্মকর্তা মতিউর রহমান, স্ত্রী লায়লা কানিজ ও ছেলে আহমেদ তৌফিকুর রহমান অর্ণবের বিদেশ গমনে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। সূত্র: সমকাল
- পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ছাড়াই তিস্তার পানি ভাগাভাগির চুক্তি নিয়ে বৈঠক করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- এমপি আনোয়ারুল আজীম আনারকে খুনের উদ্দেশ্যে অপহরণের মামলায় আওয়ামী লীগ নেতা কাজী কামাল আহমেদ বাবু দায় স্বীকার করে আদালতে জবানবন্দি দিয়েছেন। সূত্র: দৈনিক কালবেলা
- রাশিয়ার দক্ষিণাঞ্চলীয় দাগেস্তানে বৃহত্তম শহর মাখাচকালা এবং উপকূলীয় শহর দেরবেন্তে বন্দুকধারীদের হামলা চালানোর ঘটনায় ১৫ জনেরও বেশি পুলিশ কর্মকর্তা ও একজন অর্থোডক্স যাজক-সহ ২৩ জন নিহত। সূত্র: দৈনিক কালবেলা
- গত বছরের ৭ অক্টোবর গাজায় ইসরায়েলের গণহত্যামূলক হামলা শুরুর পর গাজা থেকে ২১ হাজার শিশু নিখোঁজ হয়েছে বলে জানিয়েছে যুক্তরাজ্যভিত্তিক অধিকার সংস্থা সেভ দ্য চিলড্রেন। সূত্র: দৈনিক কালবেলা
- বিশ্বে প্রথম ওরান নোলসন নামের ১৩ বছর বয়সি মৃগী রোগীর মাথার খুলিতে লন্ডনের গ্রেট অরমন্ড স্ট্রিট হাসপাতালে পরীক্ষামূলকভাবে বসানো হয়েছে ডিভাইস 'নিউরোস্টিমুলেটর'। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস সংস্থাটির সদর দপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে গাজা যুদ্ধ ইস্যুতে মিথ্যা ও ভুয়া তথ্য ছড়ানোর অভিযোগ তুলেছেন। সূত্র: সমকাল
- কেরালার নাম পরিবর্তন করে আবার বিধানসভায় সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ হয়েছে। প্রস্তাবে দেশটির কেন্দ্রীয় সরকারকে আনুষ্ঠানিকভাবে রাজ্যের নাম পরিবর্তন করে 'কেরালা' থেকে 'কেরালাম' করার আহ্বান জানিয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৫ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বঙ্গভবনে সফররত চীনের কমিউনিস্ট পার্টির (সিপিসি) কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ জিয়ানচাও-এর সাক্ষাৎ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাম্প্রতিক ভারত সফর নিয়ে গণভবনে সংবাদ সম্মেলন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা । সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নিযুক্ত সুইডিশ রাষ্ট্রদূত আলেকজান্দ্রা বার্গ ভন লিন্ডে বিদায়ি সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশ পুলিশ সদস্যদের দুর্নীতির সংবাদ গণমাধ্যমে প্রকাশের ইস্যুতে মার্কিন পররাষ্ট্র দপ্তরের নিয়মিত ব্রিফিংয়ে পেশাগত দায়িত্ব পালনে সাংবাদিকদের যেকোনো হয়রানি এবং ভীতি প্রদর্শনে যুক্তরাষ্ট্রের আপত্তি রয়েছে বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার। সূত্র: দৈনিক কালবেলা
- পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সফররত জাপানের উপপররাষ্ট্রমন্ত্রী ওনো কেইচির সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- যাত্রা শুরুর দুই বছরে পদ্মা সেতু থেকে ১ হাজার ৬৪৮ কোটি টাকা টোল আদায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদের ৭টি পাসপোর্টের সন্ধান পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। তার পাসপোর্ট জালিয়াতির অভিযোগে পাসপোর্ট অধিদপ্তরের আট কর্মকর্তাকে জিজ্ঞাসাবাদ করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশেষজ্ঞ কমিটির দেওয়া প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে সপ্তম শ্রেণির পাঠ্যবই থেকে আলোচিত 'শরীফার গল্প' বাদ দেওয়ার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ধর্ষণ মামলায় আদালতে হাজির না হওয়ায় হেফাজতে ইসলামের সাবেক নেতা ও বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব মামুনুল হকের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের শীর্ষ করদাতা ও হাকিমপুরী জর্দা প্রস্তুতকারী কোম্পানির স্বত্বাধিকারী ব্যবসায়ী মো. কাউছ মিয়ার ইন্তেকাল। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বিতর্কিত একটি আর্থিক বিলের বিরুদ্ধে কেনিয়ার রাজধানী নাইরোবিতে বিক্ষোভ। ওই বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে পুলিশের গুলিতে ১০ জন নিহত এবং আহত ৫০ জন। সূত্র: সমকাল
- ভারতের লোকসভায় ১৯৪৬ সালের পর প্রথমবার স্পিকার পদে প্রতিদ্বন্দ্বিতা করছে সরকার ও বিরোধী দল। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৬ জুন

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেন কুয়েতে নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মেজর জেনারেল সৈয়দ তারেক হোসেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস' উপলক্ষ্যে বাণী দিয়েছেন। সূত্র: দৈনিক কালবেলা
- মেয়াদি শিল্পঋণ ও গৃহনির্মাণ ঋণের কিস্তি আদায় নিয়ে নতুন নির্দেশনা দিয়ে বাংলাদেশ ব্যাংকের পরিপত্র জারি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- উচ্চমাত্রার দুর্নীতি কমাতে সরকারি চাকরিজীবীদের কাছ থেকে প্রতিবছর সম্পদের হিসাব নেওয়া এবং তা নিয়মিত হালনাগাদ করতে সরকারকে পরামর্শ দিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক মো. আরিফুল ইসলামকে জেনেভায় জাতিসংঘ অফিসে বাংলাদেশের নতুন স্থায়ী প্রতিনিধি হিসাবে নিয়োগ দেওয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে ঢাবির ২০২৪-২০২৫ অর্থবছরের ৯৪৫ কোটি ১৫ লাখ ৪৫ হাজার টাকার রাজস্ব ব্যয়সংবলিত প্রস্তাবিত বাজেট অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় গ্রেফতার জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু ওরফে গ্যাস বাবুকে নিয়ে হত্যার আলামত ও মোবাইল ফোন উদ্ধারে অভিযান চালায় গোয়েন্দা পুলিশ। সূত্র: সমকাল

- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যায় ঘাতক দলের দুই পলাতক আসামি মো. মোস্তাফিজুর রহমান ফকির ও ফয়সাল আলী সাজীকে গ্রেফতারের পর তাদের বহনকারী হেলিকপ্টার ঢাকা পৌঁছেছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঈশ্বরদীতে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের আবাসিক গ্রিনসিটিতে কাজাখস্তানের নাগরিক শেভেটস ভ্লাদিমির (৫০) খুনের ঘটনায় মাতাভিয়েভ ভ্লাদিমির নামের বেলারুশ নাগরিকের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দেন পাবনা জেলা ও দায়রা জজ ওলিউল ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বগুড়া জেলা কারাগার থেকে গভীর রাতে কারাগারের ছাদ কেটে পালিয়েছে মৃত্যুদণ্ডপ্রাপ্ত চার আসামি। পরে রাতেই অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে পুলিশ। সূত্র: দৈনিক কালবেলা
- ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলোর কয়েক ডজন সংবাদমাধ্যম নিষিদ্ধ করেছে রাশিয়া। চার রুশ সংবাদমাধ্যমের ওপর নিষেধাজ্ঞার পালটা জবাব হিসাবে তাদের ৮১টি সংবাদমাধ্যমে নিষেধাজ্ঞার ঘোষণা দিয়েছে মস্কো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অধিকৃত ক্রিমিয়ায় ইউক্রেনীয় হামলা নিয়ে উত্তেজনার মধ্যেই ফোনালাপ করেছেন মার্কিন প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিন ও রাশিয়ার নতুন প্রতিরক্ষামন্ত্রী আন্দ্রেই বেলোসভ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের ইতিহাসে প্রথমবার ভোটাভুটির মাধ্যমে স্পিকার নির্বাচিত হয়েছেন দেশটির সাবেক স্পিকার ওম বিড়লা। সূত্র: যুগান্তর
- উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জকে মুক্ত ঘোষণা করেছেন মার্কিন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় চলমান যুদ্ধে ইসরায়েলের হামলায় প্রতিদিন ১০ শিশু তাদের একটি কিংবা দুটি পা হারাচ্ছে বলে জানিয়েছে ফিলিস্তিনি শরণার্থীদের জন্য নিযুক্ত জাতিসংঘের ত্রাণ কার্যক্রম সংস্থা (ইউএনআরডব্লিউএ)। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের ১৮তম লোকসভায় বিরোধী দলনেতার আসনে বসলেন কংগ্রেসের এমপি রাহুল গান্ধী। এর মাধ্যমে ২০ বছর পর গান্ধী

পরিবারের তৃতীয় সদস্য হিসাবে বিরোধী দলনেতা হলেন রাহুল। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৭ জুন

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে গণভবনে পদ্মা সেতু নির্মাণের জন্য নেওয়া ঋণের ৭ম ও ৮ম কিস্তি পরিশোধ বাবদ ৩১৪ কোটি টাকার চেক হস্তান্তর করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদ ভবনে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন সফররত কোরিয়ার এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাংকের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা ইউন, হি সুং। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণের তৃতীয় কিস্তির ১১৫ কোটি মার্কিন ডলার পেয়েছে বাংলাদেশ। সূত্র: সমকাল
- ▶ জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রথম সচিব (কর) কাজী আবু মাহমুদ ফয়সালের নামে-বেনামে থাকা সব স্থাবর সম্পত্তি জব্দ এবং ব্যাংক হিসাব অবরুদ্ধের নির্দেশ দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ ভারতের পশ্চিমবঙ্গে ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে খুন করার উদ্দেশ্যে অপহরণের অভিযোগে করা মামলায় মোস্তাফিজুর রহমান ও ফয়সাল আলী শাজীকে জিজ্ঞাসাবাদের জন্য ছয়দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ চলতি বছর বাংলাদেশ থেকে ১ হাজার ৩০০ ট্যাক্সি ও মোটরসাইকেল চালক নেবে সংযুক্ত আরব আমিরাত। প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ে দুবাই ট্যাক্সি করপোরেশনের পরিচালক নাসের মোহাম্মদ মুদাইফাসের সঙ্গে বৈঠকের পর এ তথ্য জানান প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ রাজধানীর মোহাম্মদপুর বেড়িবাঁধ এলাকার বিতর্কিত সাদেক অ্যাগ্রোতে অভিযান পরিচালনা করে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। অভিযানে গুঁড়িয়ে দেওয়া হয় সাদেক অ্যাগ্রোর দখল করা অবৈধ অংশ। সূত্র: দৈনিক কালবেলা

- ▶ মিয়ানমারের রাখাইনে আরাকান আর্মি ও দেশটির সেনাবাহিনীর মধ্যে সংঘর্ষের কারণে ওপারে বাস করা সাধারণ রোহিঙ্গারা নাফ নদী পেরিয়ে বাংলাদেশে অনুপ্রবেশের চেষ্টা চালিয়েছে। এমন শতাধিক রোহিঙ্গাকে আবার নিজের দেশে ফিরিয়ে দিয়েছেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদস্যরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ ভারতের বুকারজয়ী লেখিকা অরুন্ধতী রায় তার সাহসী ও অটল দৃষ্টিভঙ্গির জন্য ২০২৪ সালের পেন পিন্টার পুরস্কার অর্জন করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ বিশ্বে প্রথমবার গবাদি পশুর ওপর কর নির্ধারণ করেছে ডেনমার্ক। এক্ষেত্রে দেশটির পশু পালনকারী এবং খামারিকে গরুপ্রতি বছরে কর দিতে হবে ৯৬ ডলার (সাড়ে ১১ হাজার টাকা)। মূলত পৃথিবীর উত্তাপ বাড়াতে পশু থেকে নির্গত গ্যাস (কার্বন) বিশেষভাবে দায়ী, যা জলবায়ু পরিবর্তনে অবদান রাখে। তাই পশুপালনকারীকেও এ দায় বহন করতে হবে। সূত্র: সমকাল
- ▶ বলিভিয়ার রাজধানী লাপাজে প্রেসিডেন্টের বাসভবনে সেনাবাহিনীর সাঁজোয়া যান নিয়ে অভিযান চালায় দেশটির বিদ্রোহী সেনাবাহিনীরা। সামরিক অভ্যুত্থানের চেষ্টায় দেশটির বিদ্রোহী সেনাবাহিনীর প্রধান জেনারেল জুয়ান হোসে জুনিগাকে বরখাস্ত ও গ্রেফতার করা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জুকে কালোজাদু করার অভিযোগের ভিত্তিতে দেশটির পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও জ্বালানিবিষয়ক প্রতিমন্ত্রী ফাতিমাত শামনাজ আলি সালিমকে গ্রেফতার করেছে মালদ্বীপ পুলিশ। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ তীব্র গরমে পাকিস্তানে ছয়দিনে ৫ শতাধিক মানুষের মৃত্যু। এর মধ্যে একদিনেই উদ্ধার করা হয়েছে প্রায় দেড়শ জনের মরদেহ। সূত্র: সমকাল

২৮ জুন

- ▶ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) ৩৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠান ও নৈশভোজের আগে ভাষণ দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- বাংলাদেশ ও ভারতের মধ্যে গঙ্গা পানিবণ্টন চুক্তি নবায়নের বিষয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিযোগ নাকচ করে দিয়েছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। ৩০ বছরের ওই চুক্তির মেয়াদ ২০২৬ সালে শেষ হচ্ছে। সূত্র: দৈনিক কালবেলা
- চলতি বছরের দেশে এইচএসসি ও সমমানের পরীক্ষায় নকলমুক্ত পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা নেওয়ার লক্ষ্যে ২৯ জুন থেকে ১১ আগস্ট পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধ রাখার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। সূত্র: দৈনিক কালবেলা
- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি ভবনের দক্ষিণ হলে আইন, আদালত ও সংবিধান নিয়ে কাজ করা রিপোর্টারদের অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা শেষে ল রিপোর্টার্স ফোরামের ২০২৪-২৫ মেয়াদে কমিটি ঘোষণা করা হয়। সূত্র: সমকাল
- ভারতের ঝাড়খণ্ডের গোড্ডায় নির্মিত আদানি গ্রুপের কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহ পুরোপুরি বন্ধ হয়ে গেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর মোহাম্মদপুরের বেড়িবাঁধ এলাকায় মরে যাওয়া রামচন্দ্রপুর খালের খনন শুরু করে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রে আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন সামনে রেখে প্রথম টেলিভিশন বিতর্কে মুখোমুখি দেশটির ডেমোক্র্যাটদলীয় প্রার্থী প্রেসিডেন্ট জো বাইডেন ও রিপাবলিকান প্রার্থী সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিমান দুর্ঘটনায় নিহত ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির উত্তরসূরি নির্বাচন করতে দেশব্যাপী ভোটগ্রহণ শুরু। সূত্র: দৈনিক কালবেলা

২৯ জুন

- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্বে কণ্ঠভোটে বড়ো কোনো পরিবর্তন ছাড়াই ২০২৪-২৫ অর্থবছরের জন্য অর্থবিল জাতীয় সংসদে পাশ। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদে চলমান বাজেট অধিবেশনের সমাপনী বক্তব্য দেন। সূত্র: দৈনিক কালবেলা

- এবারের হজ ব্যবস্থাপনায় বিশেষ অবদানের স্বীকৃতস্বরূপ হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) সভাপতি এম. শাহাদাত হোসাইন তসলিমকে শুভেচ্ছা স্মারক প্রদান করেছে সৌদি রাজকীয় সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রথম সচিব (কর) কাজী আবু মাহমুদ ফয়সালের বিপুল সম্পদের তথ্য পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। তাঁর শ্বশুর ও শাশুড়ির নামে ১৮টি ব্যাংক হিসাব রয়েছে, যেখানে প্রায় ২০ কোটি টাকা জমা হওয়া এবং পরে তার বড়ো অংশ উত্তোলনের তথ্য পেয়েছে দুদক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বান্দরবানে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) সহযোগী সন্দেহে গ্রেফতার ৩০ কারাবন্দিকে চট্টগ্রাম কারাগারে স্থানান্তর করা হয়। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় বর্বর হামলা ও গণহত্যা শুরুর পর থেকে প্রায় ৯ মাসে ইসরায়েলকে ২ হাজার পাউন্ডের ১৪ হাজার বোমা দিয়েছে যুক্তরাষ্ট্র। এ তথ্য জানিয়েছেন দুই মার্কিন কর্মকর্তা। সূত্র: সমকাল
- চলমান ইসরায়েলি হামলার ফলে গাজা উপত্যকার জনসংখ্যা ৬০ শতাংশ মানুষ বাস্তুচ্যুত হয়েছে। জাতিসংঘের মানবিকবিষয়ক সমন্বয় দপ্তর (ওসিএইচএ) সিনহুয়াকে পাঠানো এক সংবাদ বিবৃতিতে এ কথা জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বার্বাডোজে অনুষ্ঠিত টি ২০ বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকাকে সাত রানে হারিয়ে ভারতীয় ক্রিকেট দল চ্যাম্পিয়ন। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩০ জুন

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী আয়োজিত বাজেট-পরবর্তী নৈশভোজে যোগ দেন। সূত্র: বাসস
- পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদের স্ত্রী ও কন্যাদের নামে থাকা গুলশানের র‍্যানকন আইকন টাওয়ারে চারটি ফ্ল্যাটের তালা খুলতে ম্যাজিস্ট্রেট নিয়োগের নির্দেশ দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সরকারি চাকরিতে কোটা পুনর্বহালের প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মানববন্ধন। বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে শিক্ষার্থীরা এ কর্মসূচি পালন করেন। সূত্র: প্রথম আলো
- ব্রিটেনে অবৈধ বাংলাদেশি অভিবাসীদের নিয়ে দেশটির বিরোধী দল লেবার পার্টির নেতা কিয়ার স্টারমারের মন্তব্যের পরিপ্রেক্ষিতে তাকে চিঠি পাঠিয়েছে বাংলাদেশ হাইকমিশন। সূত্র: দৈনিক কালবেলা
- সারা দেশে (সিলেট বিভাগ বাদে) মোট ২ হাজার ৭২৫ কেন্দ্রে একযোগে শুরু হয়েছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। সূত্র: সমকাল
- বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার শারীরিক অবস্থার অবনতিতে গভীর উদ্‌বেগ ও শঙ্কা প্রকাশ করে সুচিকিৎসার জন্য অবিলম্বে তাকে বিদেশে পাঠাতে সরকারের প্রতি আবেদন জানিয়েছেন অবসরপ্রাপ্ত ১৬৬ জন সরকারি কর্মকর্তা। সূত্র: দৈনিক কালবেলা
- রাজশাহী জেলা বিএনপির সাবেক সভাপতি ও রাজশাহী-৫ (পুঠিয়া-দুর্গাপুর) আসনের সাবেক সংসদ সদস্য অ্যাডভোকেট নাদিম মোস্তফার (৫৮) ইন্তেকাল। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে আংশিক দায়মুক্তি দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। সূত্র: সমকাল

জুলাই

১ জুলাই

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৪তম প্রতিষ্ঠাবার্ষিকী (ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস) উপলক্ষ্যে বাণী দেন। বাণীতে রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক, অ্যালামনাই-সহ সংশ্লিষ্ট সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সূত্র: দৈনিক কালবেলা
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে বাংলাদেশে নবনিযুক্ত তিন দেশের রাষ্ট্রদূতরা পৃথক পরিচয়পত্র পেশ করেন। তারা হলেন ইউরোপের বাল্টিক অঞ্চলের লিথুয়ানিয়া প্রজাতন্ত্রের ডায়ানা মিকেভিসিয়েন, গ্রিসের অ্যালিকি কৌতসোমিটোপোলু এবং দক্ষিণ-পূর্ব আফ্রিকান দেশ মালাউইয়ের লিওনার্ড মেনগেজি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- 'কোটা' বাতিলের পরিপত্র পুনর্বহালের দাবিতে ছাত্রসমাবেশ ও বিক্ষোভ অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়-সহ সারা দেশের বিশ্ববিদ্যালয়গুলোয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সমাবেশে ৪ জুলাইয়ের মধ্যে দাবির বিষয়ে চূড়ান্ত সমাধানের আহ্বান জানায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সূত্র: প্রথম আলো
- সর্বজনীন পেনশনের কর্মসূচি 'প্রত্যয়' চালু। এ ব্যবস্থা প্রত্যাহারের দাবিতে সব সরকারি বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি কর্মসূচি ঘোষণা করেন শিক্ষকরা। সূত্র: প্রথম আলো
- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় সংসদের বৈঠকে জাতীয় 'স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) বিল-২০২৪' পাশ। সংসদে স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলামের উত্থাপিত এ বিলটি কণ্ঠভোটে পাশ হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দুর্নীতিরোধে আইন অনুযায়ী সরকারি কর্মকর্তাদের সম্পদের হিসাব দাখিলের নির্দেশনা চেয়ে রিট। সুপ্রিমকোর্টের আইনজীবী সুবীর নন্দী দাস হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিট করেন। সূত্র: সমকাল

- ঢাকা সেনা সদর দপ্তরে সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন সফররত ভারতের নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দিনাশ কে ত্রিপাঠি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হোলি আর্টিজান হামলার আট বছর পূর্তি। এখনো পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়নি। সূত্র: প্রথম আলো
- পাবলিক পরীক্ষার মূল্যায়নে গ্রেড যোগ করার সিদ্ধান্ত। শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর সভাপতিত্বে এনসিসিসির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা
- ইউরোপে মানব পাচারকারী চক্রের প্রধান মোহাম্মদ মাহাবুব পাঠানকে বিমানবন্দর থেকে গ্রেফতার করল সিআইডি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে আংশিক দায়মুক্তি দিলেন দেশটির সুপ্রিম কোর্ট। দেশটিতে বিচার থেকে কোনো ধরনের প্রেসিডেন্সিয়াল ছাড়ের স্বীকৃতি দিয়ে আদালতের এমন রায় এটিই প্রথম। সূত্র: সমকাল
- দোনেৎস্কে ইউক্রেনের দুটি গ্রাম দখলে নিল রাশিয়া। রুশ মন্ত্রণালয় বিবৃতিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- লেবাননে শক্তিশালী সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ এবং ইসরাইলের পাল্টাপাল্টি হামলায় ১৮ জন ইসরাইল সেনা আহত, একজনের অবস্থা আশঙ্কাজনক। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি সম্মেলন কক্ষে ২০২৪-২০২৫ অর্থবছরের প্রথম একনেক সভা অনুষ্ঠিত। সভায় ৫ হাজার কোটি টাকা ব্যয়ে ১১টি প্রকল্প অনুমোদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার সংসদ ভবন কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) ভাইস প্রেসিডেন্ট ইংমিং ইয়াং। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ১১ দিন চিকিৎসাধীন থাকার পর বাসায় ফেরেন বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। সূত্র: যুগান্তর

- সরকারি চাকরিতে কোটা বাতিলের দাবিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ অব্যাহত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে থেকে 'গণপদযাত্রা' নিয়ে নীলক্ষেত, নিউমার্কেট, ঢাকা কলেজ, সায়েন্স ল্যাব, বাটা সিগন্যাল, কাঁটাবন মোড় হয়ে শাহবাগ মোড়ে অবরোধ করেন বিপুলসংখ্যক শিক্ষার্থী ও চাকরিপ্রত্যাশীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' কর্মসূচি প্রত্যাহারের দাবিতে দ্বিতীয় দিনের মতো অবস্থান কর্মসূচি পালন করেন দেশের ৩৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' স্কিম বাতিলের দাবিতে আন্দোলন করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। এমন বাস্তবতায় নতুন নিয়োগে প্রত্যয় স্কিম, পুরোনো শিক্ষকদের আগের স্কিম বহাল রাখা, আজীবন পেনশনসহ বেশকিছু বিষয় স্পষ্ট করল জাতীয় পেনশন কর্তৃপক্ষ। জাতীয় পেনশন কর্তৃপক্ষের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যদের স্থাবর-অস্থাবর সম্পদের হিসাব দিতে হাইকোর্টের আদেশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক পুলিশপ্রধান বেনজীর আহমেদ ও ছাগলকাণ্ডে আলোচিত জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সাবেক সদস্য মতিউর রহমান এবং তাদের স্ত্রী-সন্তানের সম্পদের হিসাব চেয়ে নোটিশ পাঠাল দুর্নীতি দমন কমিশন (দুদক)। ঢাকায় তাদের নিজ নিজ বাসার ঠিকানায় আলাদা নোটিশ পাঠানো হয়। নোটিশ পাওয়ার ২১ কর্মদিবসের মধ্যে তাদের স্থাবর-অস্থাবর সম্পদ, দায়দেনার হিসাব দুদকের প্রধান কার্যালয়ে জমা দিতে বলা হয়। সূত্র: সমকাল
- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারকে হত্যার সঙ্গে সরাসরি জড়িত থাকার কথা স্বীকার করে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিলেন আসামি মোস্তাফিজুর রহমান ফকির। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অবৈধ সম্পদ অর্জনের মামলায় পুলিশের সাবেক অতিরিক্ত আইজিপি শামসুদ্দোহা ও তার স্ত্রীর বিরুদ্ধে আদালতে দুর্নীতি দমন কমিশনের

(দুদক) চার্জশিট। মামলার তদন্ত কর্মকর্তা দুদকের সহকারী পরিচালক খোরশেদ আলী এ চার্জশিট দাখিল করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভারতের উত্তরপ্রদেশ রাজ্যের হাথরসে একটি ধর্মীয় অনুষ্ঠানে পদদলিত হয়ে ১১৬ জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩ জুলাই

- সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর করার পরিকল্পনা আপাতত নেই- জাতীয় সংসদে স্বতন্ত্র সংসদ সদস্য শামীম শাহনেওয়াজের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হেসেন । সূত্র: প্রথম আলো
- আওয়ামী লীগ দেশ বিক্রি করে না বরং খালেদা জিয়া, এরশাদ ও জিয়াউর রহমান সেটা করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বাদশ জাতীয় সংসদের তৃতীয় এবং ২০২৪-২৫ অর্থবছরের বাজেট অধিবেশনের বক্তব্যে এ কথা বলেন। সূত্র: দৈনিক কালবেলা
- শ্রম আইন লঙ্ঘনের মামলায় ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড পাওয়া অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস-সহ চারজনের দণ্ড ও সাজার রায় স্থগিত করে শ্রম আপিল ট্রাইব্যুনালের আদেশ বাতিলের রায়ে নির্দেশনা দিলেন হাইকোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২০১৮ সালে সরকারি চাকরিতে কোটা প্রথা বাতিলের পরিপত্র হাইকোর্টের অবৈধ ঘোষণা ও ৫৬ ভাগ কোটা পুনর্বহালে রায়ের প্রতিবাদে উত্তপ্ত কোটাবিরোধী আন্দোলন। দ্বিতীয় দিনের মতো দেশের বিভিন্ন স্থানে সড়ক ও রেলপথ অবরোধসহ বিক্ষোভ সমাবেশ করেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী ও চাকরিপ্রত্যাশীরা। সূত্র: দৈনিক নয়া দিগন্ত
- রাজধানীর বিভিন্ন সড়ক, রেলপথ অবরোধ করল কোটাবিরোধী আন্দোলনকারীরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অবৈধ সম্পদ অর্জনে রাজউকের পরিচালক মোবারক হোসেন ও তার স্ত্রীর বিরুদ্ধে মামলা করল দুদক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারকে মুখে ক্লোরোফর্মমিশ্রিত রুমাল চেপে অচেতন করে খুন। এ হত্যাকাণ্ডে জড়িত

থাকার কথা স্বীকার করে আদালতে জবানবন্দি দিলেন আসামি ফয়সাল আলী শাহাজী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- গাজায় স্থায়ী যুদ্ধবিরতি হলো ইসরায়েলের সঙ্গে হিজবুল্লাহর বড়ো ধরনের সংঘাত এড়ানোর একমাত্র পথ। গাজায় যুদ্ধবিরতি হলে কোনো আলোচনা ছাড়াই ইসরায়েলে হামলা বন্ধ করে দেবে হিজবুল্লাহ। হিজবুল্লাহর দ্বিতীয় শীর্ষ নেতা বার্তা সংস্থা এপির সাক্ষাৎকারে এ শর্তের কথা জানান। সূত্র: দৈনিক কালবেলা
- চীন ও রাশিয় প্রতিষ্ঠিত সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (এসসিও) শীর্ষ সম্মেলনে যোগ দিতে কাজাখস্তানে পৌঁছলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৪ জুলাই

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে বাংলাদেশে নবনিযুক্ত মিয়ানমারের আবাসিক রাষ্ট্রদূত কাও সো মো তার পরিচয়পত্র পেশ করেন। এসময় তার মাধ্যমে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠীকে নিরাপদে ও সম্মানজনকভাবে ফিরিয়ে নেওয়ার জন্য আহ্বান জানান রাষ্ট্রপতি। সূত্র: সমকাল
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ওমানের রাষ্ট্রদূত আবদুল গাফফার বিন আবদুল করিম আল বুলুশি।
- শ্রম আইন লঙ্ঘনের মামলায় অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ প্রতিষ্ঠানটির শীর্ষস্থানীয় চার কর্মকর্তার জামিনের মেয়াদ ১৪ আগস্ট পর্যন্ত বাড়ালেন আদালত। সূত্র: কালের কণ্ঠ
- জাতীয় প্রেস ক্লাবে ডিপ্লোম্যাটিক করেসপনডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিক্যাব) আয়োজিত 'ডিক্যাব টক' সভা অনুষ্ঠিত হয়। সভায় ঢাকাস্থ চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, তিস্তা বাংলাদেশের নদী। বাংলাদেশ তার অংশে যেকোনো প্রকল্প গ্রহণ করতে পারে। এতে কোনো প্রকল্প হবে নাকি হবে না, সিদ্ধান্ত নেবে বাংলাদেশ। তিস্তা নিয়ে চীন-ভারতের মধ্যে কোনো টেনশন নেই। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিল করে ২০১৮ সালে সরকারের জারি করা পরিপত্র বহাল এবং প্রয়োজনে যৌক্তিক সংস্কারের দাবিতে

দেশের সব বিশ্ববিদ্যালয় ও কলেজে ছাত্র ধর্মঘটের ডাক দিলেন আন্দোলনরত শিক্ষার্থীরা। সূত্র: প্রথম আলো

- সরকারি চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা বাতিলের পরিপত্র অবৈধ ঘোষণার বিষয়ে হাইকোর্টের রায় আপিল বিভাগে স্থগিত হয়নি। 'নট টুডে' বলে আদেশ দেন প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন ছয় সদস্যের আপিল বিভাগ। চতুর্থ দিনের মতো দেশের বিভিন্ন মহাসড়ক অবরোধ করেন শিক্ষার্থীরা। শাহবাগে আন্দোলন করছেন কোটাবিরোধী শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক কালবেলা
- কোটাবিরোধী আন্দোলনে উত্তাল শিক্ষাঙ্গন। কোটাবিরোধীদের সড়ক অবরোধে বিক্ষোভ অব্যাহত। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনে যেতে বাধা ছাত্রলীগের। সূত্র: যুগান্তর
- সাবেক পুলিশপ্রধান বেনজীর আহমেদ ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সাবেক সদস্য মতিউর রহমান এবং তাদের স্ত্রী-সন্তানের সম্পদ জব্দের আদেশ দিলেন আদালত। সূত্র: সমকাল
- সর্বজনীন পেনশন ইস্যুতে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের সঙ্গে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভা স্থগিত। ফেডারেশনের মহাসচিব নিজামুল হক ভূঁইয়া এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: সমকাল
- দুর্নীতির দায়ে অভিযুক্ত জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর কর্মকর্তা কাজী আবু মাহমুদ ফয়সাল এনবিআর থেকে অবমুক্ত। সূত্র: সমকাল
- যুক্তরাজ্যের পার্লামেন্ট নির্বাচনের ভোটগ্রহণ শুরু। সূত্র: দৈনিক কালবেলা
- ফিলিস্তিনের অধিকৃত পশ্চিম তীরের বিপুল জায়গা নিজেদের বলে অনুমোদন করে ইসরায়েল। ইসরায়েলের এ অনুমোদনের ফলে গত দিনদশেকের মধ্যে সবচেয়ে বেশি জায়গা হারাচ্ছে পশ্চিম তীর। ইসরায়েলি দখলদারবিরোধী ওয়াচডগের রিপোর্টে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক কালবেলা
- কানাডায় প্রথমবারের মতো সশস্ত্র বাহিনীর প্রধান হিসাবে নিয়োগ পেলেন এক উর্ধ্বতন নারী কর্মকর্তা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের উত্তরাঞ্চলে বোমা হামলায় সাবেক সিনেটরসহ ৫ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৫ জুলাই

- সরকারি চাকরিতে কোটা বাতিল দাবির পক্ষে সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তাঁরা বিশ্ববিদ্যালয়ের সামনের সড়ক অবরোধ করেন। সূত্র: সমকাল
- যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে চার শতাধিক আসন নিয়ে নিরঙ্কুশ জয় পায় দেশটির প্রধান বিরোধী দল লেবার পার্টি। ভরাডুবি হয় ক্ষমতাসীন দল কনজারভেটিভ পার্টির। সূত্র: সমকাল
- পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল মামুনের চাকরির মেয়াদ আরও এক বছর বাড়াল সরকার। তার বর্তমান মেয়াদ শেষ হবে ১১ জুলাই। সূত্র: প্রথম আলো
- যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন লেবার পার্টির কিয়ার স্টারমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নতুন ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনন্দন জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার প্রতিশ্রুতিবদ্ধ যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৬ জুলাই

- ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে পিজিআর সদর দপ্তরে প্রধান অতিথির ভাষণ দেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন । সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা বাতিল ইস্যুতে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ ও অবরোধ কর্মসূচি অব্যাহত। এ কর্মসূচির অংশ হিসাবে সব বিশ্ববিদ্যালয় ও কলেজে ক্লাস-পরীক্ষা বর্জন, ছাত্র ধর্মঘট এবং সারা দেশে সড়ক-মহাসড়ক অবরোধের ডাক দেন আন্দোলনকারীরা। তাঁরা এ কর্মসূচির নাম দেন 'বাংলা ব্লকেড'। সূত্র: প্রথম আলো
- সারা দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী এবং শিক্ষার্থীদের চলমান দুই আন্দোলনকে যৌক্তিক ও ন্যায়সঙ্গত বললেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। গুলশানে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক নয়া দিগন্ত

- নারায়ণগঞ্জের রূপগঞ্জে পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের ডুপ্লেক্স বাড়ি দখলে নেয় জেলা প্রশাসন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় হাইকোর্টের আদেশে বাড়িটি দখলে নেওয়া হয়। সূত্র: সমকাল
- ইরানের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হলেন সংস্কারপন্থি মাসুদ পেজেশকিয়ান। শিগ্‌গিরই দেশটির নবম প্রেসিডেন্ট হিসাবে শপথ গ্রহণ করবেন ৬৯ বছর বয়সি এই রাজনীতিক। সূত্র: কালের কণ্ঠ
- পাহাড়ি ঢল ও ভারি বর্ষণে আদিতমারী উপজেলার মহিষখোঁচা ইউনিয়নের দক্ষিণ গোবর্ধন তিস্তা চর এলাকায় নদীভাঙন। তিস্তার ভাঙনে দিশেহারা মানুষ, শতাধিক বসতভিটা বিলীন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সদ্য বিদায় নেওয়া প্রধানমন্ত্রী ঋষি সুনাকের অভিবাসনপ্রত্যাশীদের রুয়ান্ডায় পাঠানোর পরিকল্পনা বাতিল ঘোষণা করলেন যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। প্রধানমন্ত্রী হিসাবে প্রথম সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন স্টারমার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ইসরায়েলি হামলায় ২৪ ঘণ্টায় ২৯ জন ফিলিস্তিনি নিহত। তাদের মধ্যে পাঁচজন সাংবাদিক। সূত্র: সমকাল
- পুরোনো গিলাফ সরিয়ে নতুন গিলাফে জড়ানো হলো পবিত্র কাবা। সূত্র: দৈনিক কালবেলা
- ৮'শ বছরের ইতিহাসে এই প্রথম নারী অর্থমন্ত্রী পেল ব্রিটেন মন্ত্রিসভা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৭ জুলাই

- গণভবনে যুব মহিলা লীগের ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি এসময় চলমান 'কোটাবিরোধী আন্দোলন' নিয়ে বলেন, এটা আদালতের বিচারাধীন বিষয়। আদালতের রায়ের বিরুদ্ধে আন্দোলন করার কোনো যৌক্তিকতা নেই। সূত্র: দৈনিক কালবেলা
- 'বাংলা ব্লকেড'-এ স্থবির রাজধানী। অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় ও কলেজে ক্লাস ও পরীক্ষা বর্জনের ঘোষণা। সূত্র: প্রথম আলো
- সর্বজনীন পেনশন 'প্রত্যয় স্কিম' বাতিল দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষকদের বিক্ষোভ। সূত্র: সমকাল

- শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) মিলনায়তনে এসএসসি-এইচএসসি ২০২৩ ও ২০২৪ কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য দেন। এসময় শিক্ষামন্ত্রী, সরকারি চাকরি নিয়ে চলমান কোটাবিরোধী আন্দোলন ষড়যন্ত্রের অংশ কি না, তা খুঁজে দেখার আহ্বান জানান। পাশাপাশি কোটাবিরোধী আন্দোলনকারীদের ফাঁদে পা না দেওয়ারও আহ্বান জানান তিনি। সূত্র: সমকাল
- পাহাড়ি ঢলে সৃষ্ট বন্যায় দেশের উত্তরাঞ্চলে নতুন করে আরও ৩ জেলা প্লাবিত। এ নিয়ে উত্তর ও মধ্যাঞ্চলে ১৮ জেলা বন্যা কবলিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কুড়িগ্রামের নাগেশ্বরীতে বন্যায় দ্বিতীয় দফায় ৯৭ শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠদান মূল্যায়ন পরীক্ষা ১০ জুলাই পর্যন্ত বন্ধ ঘোষণা। বন্যার অবনতির সঙ্গে সঙ্গে এর সংখ্যা এবং সময়কাল আরও বাড়তে পারে। এ তথ্য জানান উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রথম দফায় কট্টর ডানপন্থিদের কাছে হারের পর ফ্রান্সের জাতীয় নির্বাচনে দ্বিতীয় দফার ভোটগ্রহণ শুরু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নেপালে ভারি বৃষ্টিতে সৃষ্ট বন্যা ও ভূমিধসে ১১ জন নিহত। এ ঘটনায় ৮ জন নিখোঁজ রয়েছেন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রে জন্মদিনের পার্টিতে বন্দুক হামলার ঘটনায় চারজন নিহত। এছাড়া আহত তিনজন। মার্কিন সংবাদমাধ্যম সিএনএন প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা

৮ জুলাই

- ঢাকার ১১টি স্থানে অবরোধ, ৯টি বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ, ৩ স্থানে রেলপথ এবং ৬টি মহাসড়ক অবরোধ। সরকারি চাকরিতে সব গ্রেডে অযৌক্তিক ও বৈষম্যমূলক কোটা বাতিল করে শুধু সংবিধান অনুযায়ী অনগ্রসর জনগোষ্ঠীর জন্য ন্যূনতম কোটা রেখে সংসদে আইন পাশের দাবি। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কারের দাবিতে রেললাইন অবরোধ করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সমাবেশ। সূত্র: সমকাল

- বিসিএস পরীক্ষার প্রশ্নফাঁসে জড়িত সরকারি কর্ম কমিশনের (পিএসসি) তিন কর্মকর্তাসহ ১৭ জনকে গ্রেফতার করল সিআইডি। সূত্র: যুগান্তর
- মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে একসঙ্গে ২৮ জন সংযুক্ত কর্মকর্তার আদেশ বাতিল করে নিজ নিজ কলেজে ফেরত পাঠানো হলো। ১ জুলাই এ আদেশ জারি করা হয়। তবে কী কারণে মাউশি এ সিদ্ধান্ত নিল তা জানা যায়নি। সূত্র: দৈনিক কালবেলা
- ফ্রান্সের নির্বাচনে বামপন্থিদের বিস্ময়কর জয়, রাজনৈতিক অচলাবস্থার আশঙ্কা। বামপন্থি জোট নিউ পপুলার ফ্রন্ট (এনএফপি) ৫৭৭ আসনের মধ্যে পায় ১৮২টি। দ্বিতীয় স্থানে প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর মধ্যপন্থি জোট এনসেম্বল পায় ১৬৩টি আসন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুইদিনের রাষ্ট্রীয় সফরে রাশিয়া পৌঁছান। সূত্র: প্রথম আলো

৯ জুলাই

- কোটা পুনর্বহাল-সংক্রান্ত হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী। আবেদন করার জন্য হলফনামার অনুমতি চেয়ে আপিল বিভাগের চেম্বার আদালতে আবেদন করেন তাঁরা। আপিল বিভাগের চেম্বার বিচারপতি মো. আশফাকুল ইসলাম হলফনামা করার অনুমতি দেন। সূত্র: প্রথম আলো
- বিসিএসের প্রশ্নফাঁসে জড়িত গাড়িচালক সৈয়দ আবেদ আলীসহ ৬ জনের দায় স্বীকার। সূত্র: প্রথম আলো
- বিসিএসের প্রশ্নফাঁসের ঘটনায় তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। এ তথ্য জানান পিএসসির চেয়ারম্যান সোহরাব হোসাইন। সূত্র: যুগান্তর
- অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে চট্টগ্রাম নগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার কামরুল হাসান ও তাঁর স্ত্রী সায়মা বেগমের ১১ কোটি টাকার সম্পদ ক্রোকের নির্দেশ আদালতের। সূত্র: প্রথম আলো
- পিতৃত্বকালীন ছুটি নিশ্চিত করতে নীতিমালা-নির্দেশিকা বা আইনি বিধান করতে কেন নির্দেশ দেওয়া হবে না, জানতে চেয়ে রুল জারি করেন হাইকোর্ট। সূত্র: কালের কণ্ঠ

- যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন পশ্চিমা বিশ্বের সামরিক জোট ন্যাটোর ৭৫তম বার্ষিকীর সম্মেলন হয় যুক্তরাষ্ট্রে। মিত্ররা যুক্তরাষ্ট্রের নেতৃত্ব চায়- সম্মেলনে এক সাক্ষাৎকারে একথা বলেন জো বাইডেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ ও ভারতে অবৈধভাবে কিডনি প্রতিস্থাপন চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে দিল্লীর ইন্দ্রপ্রস্থ অ্যাপোলো হাসপাতালের চিকিৎসক বিজয়া কুমারী (৫০) ও তিন বাংলাদেশিকে গ্রেপ্তার করে দিল্লি পুলিশ। সূত্র: সমকাল
- গাজায় ইসরায়েলের চলমান হামলায় প্রাণহানির সংখ্যা ১ লাখ ৮৬ হাজার ছাড়িয়ে যেতে পারে। বিশ্বের অন্যতম প্রভাবশালী মেডিকেল জার্নাল ল্যানসেট প্রকাশিত সমীক্ষায় এ তথ্য প্রকাশিত। সূত্র: দৈনিক কালবেলা
- ফিলিস্তিনের সঙ্গে মুক্তবাণিজ্যের ঘোষণা দিল ব্রাজিল। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে দেওয়া এক বিবৃতিতে বলা হয়, ইতোমধ্যে ফিলিস্তিনের পশ্চিম তীরে ক্ষমতাসীন সরকার বা ফিলিস্তিনি কর্তৃপক্ষের (পিএ) সঙ্গে এ সংক্রান্ত চুক্তি সম্পন্ন হয়। সূত্র: দৈনিক কালবেলা

১০ জুলাই

- চীনে তিন দিনের রাষ্ট্রীয় সফর শেষে দেশে ফেরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক কালবেলা
- সরকারি চাকরিতে সরাসরি নিয়োগে (৯ম থেকে ১৩তম গ্রেড) কোটার বিষয়ে সব পক্ষগুলোকে চার সপ্তাহের জন্য স্থিতাবস্থা বজায় রাখতে নির্দেশ আপিল বিভাগের। প্রধান বিচারপতি ওবায়দুল হাসান বলেন, 'আমি প্রথম দিনই বলেছিলাম, রাস্তায় স্লোগান দিয়ে রায় পরিবর্তন হয় না। এটা আজ না, আমি যখন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ছিলাম, তখন একটি মামলায় বলেছিলাম, রাস্তায় স্লোগান দিয়ে রায় পরিবর্তন করা যায় না। এটি সঠিক পদক্ষেপ না।' সূত্র: প্রথম আলো
- সরকারি চাকরির সব গ্রেডে সব মিলিয়ে ৫% কোটা রাখার দাবি জানিয়ে সারা দেশে সকাল-সন্ধ্যা 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সূত্র: যুগান্তর

- চীন ১০০ কোটি ইউয়ান আর্থিক সহায়তা দেবে বাংলাদেশকে। চীনের দেওয়া প্রতিশ্রুতির ৫০০ কোটি ডলারের ঋণসহায়তা চূড়ান্ত হলো না। সূত্র: প্রথম আলো
- জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। শিক্ষার্থীদের অবরোধের কারণে রাষ্ট্রদূতের গাড়ি রাস্তায় আটকা পড়ে। পরে হোয়াইটলি কিছুটা হেঁটে ও অটোরিকশায় চড়ে সংসদ ভবনে পৌঁছান। সূত্র: প্রথম আলো
- করোনার ভুয়া রিপোর্ট দিয়ে কোটি টাকা আত্মসাতের অভিযোগে স্বাস্থ্যের সাবেক ডিজি ও ডা. সাবরিনাসহ ৭ জনের বিরুদ্ধে মামলা করল দুদক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত কবি মাকিদ হায়দারের (৭৬) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভারতের সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সর্বোচ্চ নাগরিক সম্মাননা 'অর্ডার অব সেন্ট অ্যান্ড্রু দ্য অ্যাপোস্টল' দিল রাশিয়া। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানে বিদ্যুতের দাম না বাড়ানোর ঘোষণা দিলেন দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। সূত্র: দৈনিক কালবেলা

১১ জুলাই

- সরকার চাইলে কোটা পরিবর্তন করতে পারবে মর্মে আংশিক রায় প্রকাশ করলেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, কোটাবিরোধী আন্দোলনকারীরা সর্বোচ্চ আদালতের বিরুদ্ধে শক্তি প্রদর্শন করেন। এটি অনভিপ্রেত ও সম্পূর্ণ বেআইনি। আওয়ামী লীগের ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। সূত্র: প্রথম আলো
- সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেন, শিক্ষার্থীরা 'কোটাবিরোধী আন্দোলন' করে 'লিমিট ক্রস' করে যাচ্ছেন। সূত্র: প্রথম আলো

- সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা শাহবাগ ছাড়েন। নতুন কর্মসূচি অনুযায়ী, এক দফা দাবি বাস্তবায়ন, আজকের আন্দোলনে বিভিন্ন জায়গায় শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে আগামীকাল দেশের সব বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হবে। শাহবাগে রাত ৯টার দিকে এ কর্মসূচি ঘোষণা করেন আন্দোলনের সমন্বয়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, জরুরি অধিবেশন ডেকে সংসদে আইন পাশ না করা পর্যন্ত আমরা রাজপথ ছাড়ব না। সূত্র: সমকাল
- পুলিশের বাধা ও হামলার মধ্যে কোটা সংস্কারের দাবিতে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে সড়ক-মহাসড়ক অবরোধ করেন শিক্ষার্থীরা। সূত্র: প্রথম আলো
- সারাদেশে চলমান কোটাবিরোধী বিক্ষোভ নিয়ে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের বিবৃতি। অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল দক্ষিণ এশিয়ার ভেরিফায়েড ফেসবুক পেজে এ বিবৃতি দেয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা
- ভারতের রাজধানী নয়াদিল্লিতে বিমসটেক দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের দ্বিতীয় রিট্রিটে যোগদানের পাশাপাশি ড. হাছান মাহমুদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রী থান সুই। এসময় থান সুই বাংলাদেশ থেকে রোহিঙ্গা প্রত্যাবাসন শুরুর বিষয়ে ইতিবাচক সাড়া দেন। সূত্র: সমকাল
- অনুপ্রবেশ ঠেকাতে কক্সবাজারের টেকনাফের নাফ নদী ও সীমান্তে কঠোর অবস্থানে রয়েছে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী (বিজিবি)। এর মধ্যে ১৫০ জনের মতো মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর (বিজিপি) সদস্য টেকনাফে পালিয়ে আসেন। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসে পিএসসির কর্মকর্তাসহ ৬০ জনের জড়িত থাকার তথ্য পায় সিআইডি। সূত্র: প্রথম আলো
- এনবিআর-এর সাবেক সদস্য মো. মতিউর রহমান ও তাঁর পরিবারের অবৈধ সম্পত্তি ও ব্যাংক হিসাব জব্দের নির্দেশ। সূত্র: প্রথম আলো
- গণবিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের সাবেক সদস্য বরেণ্য লেখিকা জওশন আরা রহমানের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

- কেনিয়ায় সব মন্ত্রীকে বরখাস্ত করলেন দেশটির প্রেসিডেন্ট উইলিয়াম রুটো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিশ্বে প্রথমবার মতো আয়োজিত মিস (এআই) আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রতিযোগিতায় সেরার মুকুট পায় ভার্চুয়াল সুন্দরী কেনজা লাইলি নামে এক মরক্কোর ইনফ্লুয়েন্সার। সূত্র: প্রথম আলো

১২ জুলাই

- 'কোটা সংস্কার' দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালনের ধারাবাহিকতায় পুলিশের ব্যারিকেড ভেঙে রাজধানীর শাহবাগে অবস্থান নেন। এসময় পুলিশের সঙ্গে ছাত্রদের সংঘর্ষ হয়। কুমিল্লায় সংঘাতে আহত হন সাংবাদিকসহ অন্তত ২০ জন। ঢাকার আগারগাঁওয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) শিক্ষার্থীদের ওপর হামলা করে পুলিশ। এতে অন্তত ১০ শিক্ষার্থী আহত হন। চট্টগ্রামে শিক্ষার্থীদের ওপর লাঠিপেটা করে পুলিশ। বিভিন্ন স্থানে পুলিশের লাঠিপেটার প্রতিবাদে রাজশাহীতে রেলপথ অবরোধ করেন আন্দোলনকারীরা। এদিকে বিকাল ৪টা থেকে দেশের সব ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করার ঘোষণা দেওয়া হয়। সূত্র: সমকাল
- সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে পূর্বঘোষিত কর্মসূচি পালন করা হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা সংস্কার আন্দোলনের সময় পুলিশকে মারধর ও পুলিশের গাড়ি ক্ষতিগ্রস্ত করার অভিযোগে শাহবাগ থানায় মামলা করেন রাজারবাগ পুলিশ লাইনসের গাড়িচালক খলিলুর রহমান। সূত্র: প্রথম আলো
- সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে ৮০ শতাংশ বাস সড়কে চলতে পারেনি। সূত্র: কালের কণ্ঠ
- কোটা সংস্কারের এক দফা দাবিতে আন্দোলন পরিচালনায় ১০টি নির্দেশনা। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক মো. নাহিদ ইসলাম ফেসবুকে এসব নির্দেশনা দেন। সূত্র: সমকাল
- একাদশ শ্রেণিতে ভর্তিতে তিন ধাপে আবেদন শেষেও কোনো কলেজে ভর্তির সুযোগ পাননি ১২ হাজারেরও বেশি শিক্ষার্থী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- অতিবৃষ্টিতে জলাবদ্ধতায় তলিয়ে গেল রাজধানী ঢাকা। চলতি মৌসুমে সর্বোচ্চ ১৩১ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করল আবহাওয়া অধিদপ্তর। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের কর্ণধার ধনকুবের মুকেশ আম্বানির ছেলে অনন্ত আম্বানি গাঁটছড়া বাঁধলেন ওই দেশেরই ওষুধশিল্পের টাইকুন বীরেন মার্চেন্টের মেয়ে রাধিকা মার্চেন্টের সঙ্গে। ভারতের গণ্ডি ছাড়িয়ে এ বিয়ের জমকালো আয়োজন নজর কাড়ল দুনিয়ার নানা প্রান্তে। সূত্র: কালের কণ্ঠ
- গাজায় ইসরায়েলি বিমান হামলায় চার ত্রাণকর্মী নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৩ জুলাই

- সব গ্রেডে কোটার যৌক্তিক সংস্কারের দাবিতে রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি দেওয়ার কর্মসূচি ঘোষণা দিলেন আন্দোলনকারীরা। সূত্র: প্রথম আলো
- আপিল বিভাগের রায়ের আগে সরকার কোটা পরিবর্ধন-পরিমার্জন নিয়ে কিছু করবে না বলে জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষক নেতাদের সঙ্গে বৈঠক শেষে এ কথা জানান তিনি। সূত্র: প্রথম আলো
- বাতিঘরের ২০ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। রাজধানীর বাংলামোটরে বিশ্ব সাহিত্য কেন্দ্র ভবনের বাতিঘরে এ অনুষ্ঠান হয়। সূত্র: প্রথম আলো
- এক মুক্তিযোদ্ধার ৭ ভুয়া সন্তান, কোটায় চাকরি; নিজের প্রকৃত সন্তান দুই মেয়ে। আর তিনি হলেন বগুড়ার সোনাতলার রানীরপাড়ার বীর মুক্তিযোদ্ধা ও সাবেক উপজেলা কমান্ডার রফিকুল ইসলাম। প্রতারণার মাধ্যমে তিনি হাতিয়ে নিয়েছেন লাখ লাখ টাকা। দুর্নীতি দমন কমিশন (দুদক) তাঁর বিরুদ্ধে ৩টি মামলা করে। সূত্র: যুগান্তর
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন উপলক্ষ্যে পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের বাটলার এলাকায় রিপাবলিকান পার্টির নির্বাচনি সমাবেশে বক্তব্য দেওয়ার সময়

বন্দুকধারীর গুলিতে আহন হন ডোনাল্ড ট্রাম্প। গুলিতে তার ডান কান ছিদ্র হয়ে যায়। ট্রাম্প বেঁচে গেলেও এ ঘটনার নিহত হন সমাবেশে অংশ নেওয়া এক ব্যক্তি। গুরুতর আহত হন আরও দুজন। সূত্র: প্রথম আলো

- যুদ্ধবিরতির চুক্তি নিয়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর বিরুদ্ধে গুরুতর অভিযোগ। টাইমস অব ইসরায়েলের প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- নিজেদের ঘোষিত 'নিরাপদ অঞ্চলে' ইসরায়েলি হামলায়, গাজার নিহত ৭১। এসময় আহত হন আরও ২৮৯ জন। সূত্র: দৈনিক কালবেলা
- বিধানসভার ১৩ আসনের উপনির্বাচন-কংগ্রেস জোট ১০ আসনে জয়ী। সূত্র: প্রথম আলো

১৪ জুলাই

- ২৪ ঘণ্টার সময় বেঁধে দিয়ে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে স্মারকলিপি দেন কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থীরা। সূত্র: প্রথম আলো
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বলেন, 'কোটা বিষয়ে আমার কিছু করার নেই।' শেখ হাসিনা আরেক প্রশ্নের জবাবে বলেন, 'মুক্তিযোদ্ধাদের নাতিপুতিরা পাবে না, তাহলে কি রাজাকারের নাতিপুতিরা চাকরি পাবে?' সূত্র: দৈনিক ইত্তেফাক
- সরকারি চাকরিতে কোটাব্যবস্থা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের অবমাননা করা হয়েছে দাবি করে মধ্যরাতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থীরা বেলা ১১টায় বঙ্গভবন অভিমুখে গণপদযাত্রা করেন। সূত্র: প্রথম আলো
- সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিলের পরিপত্র অবৈধ ঘোষণা করে পূর্ণাঙ্গ রায় প্রকাশ করেন হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সর্বজনীন পেনশনের প্রত্যয় স্কিম বাতিলের দাবিতে আন্দোলন করছেন দেশের ৪০ পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। এখন পর্যন্ত শিক্ষকদের কোনো দাবি পূরণ না হওয়ায় আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিলেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। সূত্র: দৈনিক ইত্তেফাক

- গাজায় শিক্ষার আলো থেকে বঞ্চিত ছয় লাখ শিশু। ফিলিস্তিনে জাতিসংঘের ত্রাণ ও শরণার্থী সংস্কার (ইউএনআরডব্লিউএ) প্রধান ফিলিপ লাজারিনি এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় যুদ্ধবিরতির বিষয়ে তিনদিনব্যাপী আলোচনার পর গ্রহণযোগ্য ফলাফল না হওয়ায় আলোচনা স্থগিত করে দিল মধ্যস্থতাকারী দেশগুলো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ওমরাহ ভিসায় গিয়ে ভিক্ষা করার অভিযোগে ১০ পাকিস্তানিকে ফেরত পাঠাল সৌদি আরব। পরে করাচির জিন্নাহ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাদের গ্রেফতার করে ফেডারেল ইনভেস্টিগেশন এজেন্সি (এফআইএ)। সূত্র: সমকাল

১৫ জুলাই

- "নিজেদের রাজাকার ঘোষণা দিয়ে কোটা সংস্কার আন্দোলনরত শিক্ষার্থীদের 'তুমি কে? আমি কে? রাজাকার, রাজাকার' স্লোগান দুঃখজনক ও লজ্জার। দুঃখ লাগে যখন শুনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের ছাত্রীরাও নিজেদের 'রাজাকার' দাবি করে স্লোগান দেয়", প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২০২৪-২৫ অর্থবছরে সরকারের মন্ত্রণালয় ও বিভাগগুলোর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের 'রাজাকার' স্লোগানের জবাব ছাত্রলীগই দেবে বলে মন্তব্য করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। দুপুরে কোটা সংস্কার আন্দোলনে যারা 'আমি রাজাকার' স্লোগান দিচ্ছেন, তাদের শেষ দেখিয়ে ছাড়বেন বলে মন্তব্য করেন বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ঢাকা বিশ্ববিদ্যালয় ছাড়া আরও তিনটি বিশ্ববিদ্যালয়–জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে হামলা চালানো হয়। এ হামলার জন্য ছাত্রলীগকে দায়ী করেন শিক্ষার্থীরা। সূত্র: প্রথম আলো
- ছাত্রলীগের হামলার প্রতিবাদে, প্রধানমন্ত্রীর বক্তব্য প্রত্যাহার ও কোটা সংস্কারের 'এক দফা' দাবিতে নতুন কর্মসূচি ঘোষণা শিক্ষার্থীদের।

কর্মসূচি ঘোষণা করেন কোটা আন্দোলনের সমন্বয়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আন্দোলনকারীরে সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষের ঘটনায় আহত ২৯৭ জন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেন। তাঁদের মধ্যে ১২ জনকে হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন আহত ব্যক্তিদের অধিকাংশই আন্দোলনকারী শিক্ষার্থী। সূত্র: প্রথম আলো
- আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলার ঘটনার পরিপ্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে জরুরি বৈঠক করে প্রভোস্ট কমিটি। সূত্র: সমকাল
- কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সশস্ত্র হামলা করে। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: কালের কণ্ঠ
- কোটাবিরোধী আন্দোলনকারীদের 'আমরা সবাই রাজাকার' স্লোগানের নিন্দা জানান দেশের ২৪ জন বিশিষ্ট নাগরিক। সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও চলচ্চিত্র পরিচালক নাসির উদ্দিন ইউসুফ স্বাক্ষরিত বিবৃতিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা আন্দোলনকারীদের ওপর ছাত্রলীগের হামলা ও সংঘর্ষের পর ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রাখতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) অবস্থান নিল পুলিশ। অভিযানে নেতৃত্ব দেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) যুগ্ম কমিশনার বিপ্লব কুমার সরকার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আমরা ন্যায়বিচার পাচ্ছি না। গ্রামীণ টেলিকম ওয়ার্কার্স প্রফিট পার্টিসিপেশন ফান্ডের অর্থ আত্মসাতের অভিযোগে ড. ইউনূসসহ ১৪ জনের বিচার শুরুর তারিখ ধার্য করার পর ঢাকার আদালত থেকে বের হয়ে সাংবাদিকদের এসব কথা বলেন ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: সমকাল
- বাংলাদেশে চলমান কোটা সংস্কার আন্দোলনে উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে অবগত আছে যুক্তরাষ্ট্র। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়টি পর্যবেক্ষণে রেখেছে। মার্কিন পররাষ্ট্র দপ্তরের নিয়মিত প্রেস ব্রিফিংয়ে প্রশ্নের জবাবে

মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার এ কথা বলেন। সূত্র: দৈনিক কালবেলা

- আগামী নভেম্বরে অনুষ্ঠেয় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পকে আনুষ্ঠানিকভাবে প্রার্থী হিসাবে মনোনয়ন দিল রিপাবলিকান পার্টি। উইসকনসিন অঙ্গরাজ্যের মিলওয়াকিতে রিপাবলিকান পার্টির জাতীয় সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা
- গাজা হত্যাযজ্ঞ প্রতিবাদ জানাতে সারা বিশ্বকে আহ্বান জানাল ব্রাজিল প্রেসিডেন্ট লুলা ডি সিলভা। প্রেসিডেন্ট লুলা ডি সিলভার কার্যালয় থেকে বিবৃতি প্রকাশ করা হয়। সূত্র: দৈনিক কালবেলা
- ইউক্রেনের আরও এক শহর দখলে নিল রাশিয়া। রয়টার্স ও এএফপির প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোপায় টানা দ্বিতীয়বার চ্যাম্পিয়ন হলো আর্জেন্টিনা। ফাইনালে কলম্বিয়াকে ১-০ গোলে হারিয়ে কোপা আমেরিকায় রেকর্ড ১৬তম শিরোপা জিতে নেয় আর্জেন্টিনা। সূত্র: যুগান্তর

১৬ জুলাই

- রংপুরে আন্দোলনকারী বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ পুলিশের বুলেটে নিহত হওয়ার সচিত্র ছবি প্রকাশ। সারা দেশে দিনভর ব্যাপক বিক্ষোভ ও সংঘর্ষ। বিকালে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন বলেন, 'আন্দোলন যাবে, আন্দোলন আসবে। কিন্তু ছাত্রলীগ থাকবে। সবকিছুই মনে রাখা হবে এবং জবাব দেওয়া হবে।' সূত্র: প্রথম আলো
- বিশ্ববিদ্যালয়-সহ দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা। এছাড়া শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে আবাসিক হল ত্যাগের নির্দেশনা দেওয়া হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সচিব ড. ফেরদৌস জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক কালবেলা
- কোটা সংস্কার আন্দোলনে গুলিবিদ্ধ জবির চার শিক্ষার্থীর অবস্থা আশঙ্কাজনক। ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালের ইমার্জেন্সি মেডিক্যাল অফিসার ডা. আরিফ এ তথ্য জানান। সূত্র: সমকাল

- কোটা সংস্কার আন্দোলনে সরকার সমর্থক বিভিন্ন সংগঠন ও পুলিশের সঙ্গে সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে ৬ জন নিহত। তাঁদের মধ্যে চট্টগ্রামে ৩ জন, ঢাকায় ২ জন ও রংপুরে ১ জন। আহত শতাধিক। স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা। বুধবারের এইচএসসি পরীক্ষা স্থগিত। কয়েকটি জেলায় বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি মোতায়েন। সূত্র: প্রথম আলো
- কোটাব্যবস্থা সংস্কারের দাবিতে বিক্ষোভ চলাকালে রংপুরে পুলিশের সঙ্গে সংঘর্ষে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ নিহত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রোকেয়া বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন এবং শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেন। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারী শিক্ষার্থীরা রাজধানীর মহাখালীতে রেললাইনে অবস্থান নেওয়ায় ছয় ঘণ্টার মতো ঢাকার সঙ্গে সারা দেশের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। ঢাকায় এ পর্যন্ত ২০টি ট্রেন আটকা পড়ে। সূত্র: প্রথম আলো
- অনলাইন শিক্ষামূলক প্রতিষ্ঠান 'টেন মিনিট স্কুল'-এর জন্য পাঁচ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব বাতিল করল তথ্যপ্রযুক্তি বিভাগের আওতাধীন স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড। টেন মিনিট স্কুলের সহপ্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা আয়মান সাদিক ফেসবুকে লিখেছিলেন, 'কোটা সংস্কার চাই, মেধা হোক সবচেয়ে বড়ো কোটা'। সূত্র: যুগান্তর
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সন্ধ্যায় আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর হামলা করেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। পরে দুই পক্ষের মধ্যে পালটাপালটি ধাওয়ার ঘটনা ঘটে। গভীর রাতে উপাচার্যের বাসভবনে চত্বরে শিক্ষার্থীদের ওপর পেট্রোলবোমা, দেশি অস্ত্র নিয়ে হামলা ও মারধর করা হয়। পুলিশ কাঁদানে গ্যাসের শেল ও ছররা গুলি ছোড়ে। এ ঘটনায় শতাধিক শিক্ষার্থী আহত। সূত্র: সমকাল
- ছাগলকাণ্ডে আলোচিত সাদিক অ্যাগ্রোর মালিক ইমরান হোসেন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের ৫ কর্মকর্তাসহ ৭ জনকে আসামি করে মামলা করে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: দৈনিক কালবেলা
- কোটা আন্দোলনে অংশ নিয়ে মারা যাওয়া শিক্ষার্থীদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারা দেশে গায়েবানা জানাজা ও কফিন মিছিল অনুষ্ঠিত

হবে। বিজ্ঞপ্তির মাধ্যমে এ কর্মসূচি ঘোষণা করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সূত্র: দৈনিক কালবেলা
- প্রশান্ত মহাসাগরের দক্ষিণ চীন সাগরে অবস্থান নিল চীন ও রাশিয়ার অত্যাধুনিক যুদ্ধজাহাজ। এসব জাহাজ থেকে ছোড়া হচ্ছে একের পর এক গোলা। সূত্র: দৈনিক কালবেলা
- পশ্চিম গাজা নগরীর আল শাতি শরণার্থীশিবিরের অস্থায়ী মসজিদে হামলা চালায় ইসরায়েলি বাহিনী। এতে ২২ জন নিহত। সূত্র: সমকাল
- গাজার নুসেইরাত ও খান ইউনিসে ইসরায়েলি সেনাদের বোমা হামলায় ১৫ জন নিহত। সূত্র: সমকাল

১৭ জুলাই

- আজ পবিত্র আশুরা। সৃষ্টির শুরু থেকে নানা ঘটনার কারণে হিজরি মহররম মাসের দশম দিনটি তাৎপর্যপূর্ণ। সূত্র: যুগান্তর
- জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভাষণে তিনি বলেন, সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে চলা সংকট আইনি প্রক্রিয়ায় সমাধানের সুযোগ রয়েছে। তিনি আরও বলেন, আমার বিশ্বাস, আমাদের ছাত্রসমাজ উচ্চ আদালত থেকে ন্যায়বিচারই পাবে, তাদের হতাশ হতে হবে না। সূত্র: সমকাল
- ১৮ জুলাই থেকে সারা দেশে 'কমপ্লিট শাটডাউন' ঘোষণা কোটা আন্দোলনকারীদের। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আসিফ মাহমুদ নিজের ফেসবুক আইডিতে এই ঘোষণা দেন। সূত্র: দৈনিক কালবেলা
- সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে চলমান আন্দোলনকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে ছাত্রলীগের নেতাকর্মীদের বিতাড়িত করে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা কর্তৃপক্ষের। সূত্র: প্রথম আলো
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিসি চত্বরে পুলিশের টিয়ার গ্যাসের শেল ও সাউন্ড গ্রেনেডের হামলায় ৫ সাংবাদিক আহত। আহতরা ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন। সূত্র: দৈনিক কালবেলা
- আইনশৃঙ্খলা রক্ষার্থে ঢাকা মহানগরীতে আনসার ব্যাটালিয়নের প্রায় ১৪ প্লাটুন সদস্য মোতায়েন করল বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা

বাহিনী। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সহকারী পরিচালক (ভিডিপি প্রশিক্ষণ) ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ রুবেল হোসাইন বিষয়টি জানান। সূত্র: দৈনিক কালবেলা

- পুলিশের কড়াকড়ির মধ্যেই কোটা সংস্কারের দাবিতে শিক্ষার্থীদের চলমান আন্দোলনে নিহতদের স্মরণে গায়েবানা জানাজা আদায় করলেন বিএনপি ও যুগপতের শরিক দলের নেতাকর্মীরা। তবে বিএনপি ও অন্যান্য দলের অসংখ্য নেতাকর্মীকে বায়তুল মোকাররমে প্রবেশ করতে দেয়নি পুলিশ। সূত্র: দৈনিক কালবেলা
- কোটা আন্দোলনকারীদের নতুন কর্মসূচি 'কমপ্লিট শাটডাউনে' পূর্ণ সমর্থন ও একাত্মতা প্রকাশ করে যুগপৎ আন্দোলনের অন্যতম শরিক জাতীয়তাবাদী সমমনা জোট। বিবৃতিতে জোটের সমন্বয়ক ও ন্যাশনাল পিপলস পার্টির (এনপিপি) চেয়ারম্যান ড. ফরিদুজ্জামান ফরহাদ এ সমর্থন জানান। সূত্র: দৈনিক কালবেলা
- অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালকে আজীবন নিষিদ্ধ ঘোষণা করলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) সাধারণ শিক্ষার্থীরা। কোটা সংস্কার নিয়ে আন্দোলনকারী শিক্ষার্থীদের নিয়ে ফেসবুক ওয়ালে ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফেসবুক গ্রুপে পোস্ট করায় শিক্ষার্থীরা এমন ঘোষণা দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাবেক মন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদার স্ত্রী অ্যাডভোকেট সিগমা হুদার (৭৯) মৃত্যু। সূত্র: সমকাল
- বাংলাদেশ সরকার আন্দোলনকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে বেআইনিভাবে শক্তি প্রয়োগ করে এবং সারা দেশে চলমান আন্দোলনের সময় তাদের সুরক্ষা নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। নিজেদের ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে কোটা আন্দোলন পর্যবেক্ষণে এ মন্তব্য করে মানবাধিকারবিষয়ক সংস্থাটি। সূত্র: সমকাল
- কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত সাধারণ শিক্ষার্থীদের ওপর হামলা, সহিংসতা ও হত্যাকাণ্ডের ঘটনায় প্রতিক্রিয়া জানায় যুক্তরাষ্ট্র। আন্দোলনে সহিংসতার বিষয়ে তীক্ষ্ণ নজর রাখছে। ঢাকা ও ওয়াশিংটন থেকে কোটা আন্দোলনের বিষয়টি নজর রাখা হচ্ছে। মার্কিন পররাষ্ট্র

দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার নিয়মিত সংবাদ সম্মেলনে সাংবাদিকের প্রশ্নের জবাবে এসব কথা বলেন।

- বাংলাদেশে সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে চলমান আন্দোলনে হামলা এবং প্রাণহানির খবর আন্তর্জাতিক গণমাধ্যমে গুরুত্ব পাচ্ছে। আলজাজিরা, বিবিসি, রয়টার্স, এএফপিসহ শীর্ষ সারির প্রায় সব গণমাধ্যমে খবরটি প্রথম পাতায় প্রকাশ করে। এসব হামলার জন্য সরকারদলীয় ছাত্র সংগঠনকে অভিযুক্ত করে প্রতিবেদনগুলোয় তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়। সূত্র: দৈনিক কালবেলা

১৮ জুলাই

- শিক্ষার্থীদের আন্দোলন প্রত্যাহারের আহ্বান জানান আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, কোটা সংস্কারের পক্ষে রাজি সরকার। প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর গণভবন থেকে বেরিয়ে জাতীয় সংসদ ভবনের টানেলে চলমান পরিস্থিতিতে সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী এ কথা বলেন। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলনে দেশের বিভিন্ন স্থানে হামলা-সংঘর্ষে নিহতের ঘটনায় এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিশন গঠন করল সরকার। বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানকে কমিশনের দায়িত্ব দিয়ে কমিশন গঠনের কথা জানায় মন্ত্রিপরিষদ বিভাগ। কমিশনকে ৩০ কার্যদিবসের মধ্যে সরকারের কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করতে বলা হয়। সরকার এক তথ্যবিরণীতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- 'কোটা সংস্কার' আন্দোলনকারীদের সঙ্গে সংঘর্ষের একপর্যায়ে রাজধানীর মেরুল বাড্ডায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ভবনে অবরুদ্ধ হয়ে পড়েন পুলিশ সদস্যরা। পরে সেখান থেকে হেলিকপ্টারে করে পুলিশ সদস্যদের উদ্ধার করে নিয়ে যাওয়া হয়। সূত্র: প্রথম আলো
- চলমান কোটা আন্দোলন সংবাদের তথ্য সংগ্রহের কাজ করতে গিয়ে দুই সাংবাদিকের মৃত্যু হয়। নিহত দুই সাংবাদিক হলেন মেহেদী হাসান ও মো. শাকিল হোসেন। মেহেদী হাসান ঢাকা টাইমস নামের একটি অনলাইন নিউজ পোর্টালের স্টাফ রিপোর্টার ছিলেন। অন্যদিকে শাকিল

হোসেন দৈনিক ভোরের আওয়াজ পত্রিকার গাজীপুরের গাছা থানা প্রতিনিধি ছিলেন। সূত্র: কালের কণ্ঠ

- চলমান কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে ২৪ ঘণ্টারও বেশি সময় নজিরবিহীন ইন্টারনেট ব্ল্যাক আউট সারা দেশে। বাংলাদেশ এত দীর্ঘ সময় কখনো ইন্টারনেট সেবার বাইরে ছিল না। এ ঘটনায় দেশের অনলাইনভিত্তিক আর্থিক সেবা প্রায় বন্ধ হয়ে গেছে। যোগাযোগ থেকে বঞ্চিত হচ্ছে জনগণ। দ্রুত সংবাদ আদান-প্রদান ও তথ্য যাচাই ব্যাহত হচ্ছে। অনলাইন সংবাদমাধ্যমের সম্প্রচার বন্ধ। সূত্র জানায়, চলমান সহিংস পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত ইন্টারনেট সেবা বন্ধ থাকতে পারে। সূত্র: সমকাল
- ইন্টারনেট সেবা বন্ধ এবং গ্রামীণফোনের প্রধান কার্যালয় ঘেরাও করেন বৈষম্যবিরোধী শিক্ষার্থীরা। সূত্র: কালের কণ্ঠ
- রাজধানী ঢাকায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ গেটে আয়োজিত মুক্তিযোদ্ধা সমাবেশে বক্তারা বলেন, শিক্ষার্থী নয় সহিংসতায় স্বাধীনাতাবিরোধী শক্তি। সূত্র: সমকাল
- 'কোটা সংস্কার' আন্দোলনে পুলিশের গুলিতে নিহত শিক্ষার্থী আবু সাঈদের স্মৃতির সম্মানে তাঁর নামে গেট ও চত্বরের নতুন নামকরণ 'শহিদ আবু সাঈদ গেট' করেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কোটা আন্দোলনকারীদের সঙ্গে সরকার সমর্থক ও পুলিশের দফায় দফায় সংঘর্ষে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের শিক্ষার্থী মো. ফারহানুল ইসলাম ভূঁইয়া ১৮ (ফারহান ফাইয়াজ) নিহত হন। কলেজের ভাইস প্রিন্সিপাল ফাতেমাতুজ জোহরা মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। সূত্র: যুগান্তর
- 'কোটা সংস্কার' আন্দোলনে শিক্ষার্থীদের দাবির প্রতি সমর্থন জানিয়ে জাতীয় ঐক্য সমাবেশ ও মিছিলের ডাক দিল বিএনপি। এ মিছিলে অংশ নেওয়ার জন্য সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানান তারা। চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ ঘোষণা দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর রামপুরায় বিটিভি ভবনে আন্দোলনকারীদের দেওয়া আগুন ছড়িয়ে পড়ায় রাষ্ট্রীয় সংবাদমাধ্যম বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি)

সম্প্রচার বন্ধ। বিটিভির ফেসবুকে পোস্টে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- চলমান 'কোটা সংস্কার' আন্দোলন পরিস্থিতিতে দেশের (আগামী ২১, ২৩ ও ২৫ জুলাই) এইচএসসি ও সমমানের তিন পরীক্ষা সব বোর্ডে স্থগিত করা হয়। স্থগিত হওয়া পরীক্ষার সময়সূচি পরে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের ভাইস প্রেসিডেন্ট পদপ্রার্থী জেডি ভ্যান্স ওয়াশিংটনে এক ধর্মীয় সম্মেলনে বলেন, 'ক্ষমতাসীন লেবার পার্টির শাসনে ইসলামি দেশে পরিণত হতে পারে যুক্তরাজ্য। লেবার পার্টির শাসনে যুক্তরাজ্য পরমাণু অস্ত্রধর 'সত্যিকার ইসলামি' দেশে পরিণত হতে পারে। কারণ লেবার পার্টি এখন ক্ষমতায়।' সূত্র: দৈনিক কালবেলা
- চীনে দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সিচুয়ান প্রদেশে একটি শপিং সেন্টারে ভয়াবহ আগুনে ১৬ জন নিহত। এক প্রতিবেদনে এ তথ্য জানায় বার্তাসংস্থা রয়টার্স। সূত্র: সমকাল

১৯ জুলাই

- কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের 'কমপ্লিট শাটডাউন' বা সর্বাত্মক অবরোধের কর্মসূচি ঘিরে রাজধানী ঢাকায় ব্যাপক সংঘর্ষ, হামলা, ভাঙচুর, গুলি, অগ্নিসংযোগ ও প্রাণহানির ঘটনা ঘটে। আন্দোলনকারীরা জানান, ৯ দফা দাবি না মানা পর্যন্ত আন্দোলন চলবে। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার দাবিতে সারা দেশ উত্তাল। রাজধানীর উত্তরার-আজমপুর বাসস্ট্যান্ড এলাকায় মুখোমুখি অবস্থানে পুলিশ ও আন্দোলনকারীরা। রক্তক্ষয়ী সহিংসতা ও সংঘাতে ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় প্রাণ হারালেন আরও ৫৬ জন, আহত হয় শতাধিক। সূত্র: সমকাল
- চলমান কোটা সংস্কার আন্দোলন ঘিরে দ্বিতীয় দিনেও নজিরবিহীন 'ইন্টারনেট ব্ল্যাকআউট' সারা দেশে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সারাদেশে 'ইন্টারনেট' পরিষেবা চালুর দাবিতে বিবৃতি দিল সম্পাদক পরিষদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সারা দেশে কারফিউ জারি, সেনাবাহিনী মোতায়েন। সূত্র: প্রথম আলো
- আন্দোলনকারীদের ঘোষণা–৯ দফা দাবি না মানা পর্যন্ত চলবে শাটডাউন। সূত্র: প্রথম আলো
- হেলিকাপ্টার থেকে স্ট্যান্ড গ্রেনেড ও কাঁদানে গ্যাস নিক্ষেপ। হ্যাকার গ্রুপের দাবি, সরকারের চার ওয়েবসাইট হ্যাক্ড। ঢাকা মেডিকেল হাসপাতালে ভিড়, আহতদের আর্তনাদ। বিএনপির সমাবেশে পুলিশের বাধা, সাউন্ড গ্রেনেড নিক্ষেপ। সূত্র: প্রথম আলো
- নরসিংদীতে জেলা কারাগার, কারা পুলিশ ব্যারাক, জেলা পরিষদ এবং মাধবদী পৌরসভা ও থানায় ব্যাপক হামলা ভাঙচুর ও আগুন দেন আন্দোলনকারীরা। এসময় কারাগারের প্রধান দুটি ফটক ভেঙে ৯ জঙ্গিসহ ৮২৬ বন্দি পালান। ৮৫ চায়নিজ রাইফেল ও ৮ হাজার ১৫ রাউন্ড গুলি লুট করে হামলাকারীরা। এ বিষয় নিশ্চিত করেন নরসিংদী কারাগারের পুলিশ সুপার আবুল কালাম আজাদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শিক্ষার্থীদের কমপ্লিট শাটডাউন কর্মসূচিতে সারা দেশ থেকে রাজধানীর সড়ক ও রেলপথ কার্যত অচল হয়ে পড়ে। রাজধানীর সঙ্গে যোগাযোগব্যবস্থা বন্ধ। অনির্দিষ্টকালের জন্য বন্ধ মেট্রোরেল। সূত্র: সমকাল
- চলমান কোটা সংস্কার আন্দোলনের কারণে যাত্রী সংকটে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৭টি ফ্লাইট বাতিল করল কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা সংস্কারের দাবিতে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ আন্দোলনে হামলা ও ছাত্র হত্যার প্রতিবাদে বাদ জুমা ঢাকায় জাতীয় প্রেস ক্লাবের সামনে বিএনপির যুগপৎভাবে জাতীয় ঐক্য সমাবেশ অনুষ্ঠিত। সমাবেশে মিছিল করার ঘোষণা দেয় বিএনপি'র নেতারা। পুলিশের বাধায় সমাবেশ বন্ধ হয়ে যায়। সূত্র: দৈনিক কালবেলা
- বিএনপির সমাবেশ থেকে দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রহুল কবির রিজভীকে আটক করে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সেতু ভবনে আগুন, ৫৫টি গাড়ি পুড়ে ছাই। সূত্র: প্রথম আলো
- আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে অংশ নিতে রিপাবলিকান পার্টির আনুষ্ঠানিক মনোনয়ন গ্রহণ করলেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২০ জুলাই

- চলমান কোটা সংস্কার আন্দোলনের কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্পেন ও ব্রাজিল সফর বাতিল। সাংবাদিকদের এ তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটাবিরোধী আন্দোলনে নিহত আরও ২৮ জন। এ পর্যন্ত পুলিশসহ ১০২ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সরকারের তিন মন্ত্রীর সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বৈঠক করেন কোটাবিরোধী আন্দোলনের তিন সমন্বয়ক। সভায় কোটা সংস্কারসহ আট দফা দাবি তুলে ধরেন সমন্বয়করা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গণবিজ্ঞপ্তি। সহিংসতা করলেই গুলি করার নির্দেশ দেওয়া হয় নিরাপত্তা বাহিনীকে। দেশে কারফিউ অব্যাহত থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা সংস্কার আন্দোলনের অন্যতম সমন্বয়ক মো. নাহিদ ইসলামকে তুলে নিয়ে যাওয়ার অভিযোগ করেন তাঁর পরিবার। সূত্র: প্রথম আলো
- চলমান কোটা সংস্কার আন্দোলনের সংবাদ প্রকাশের আগে তথ্য যাচাই করতে আন্তর্জাতিক মিডিয়াকে আহ্বান জানান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীকে আটক করে আইনশৃঙ্খলা বাহিনী। বনানীর বাসা থেকে তাঁকে আটক করা হয় বলে বিএনপির মিডিয়া উইংয়ের সদস্য শায়রুল কবির খান জানান। এছাড়া ভিপি নুর ও নিপুণ রায়কে তুলে নেওয়ার অভিযোগ ওঠে। সূত্র: সমকাল
- ইন্টারনেট বন্ধ থাকায় প্রি-পেইড মিটার রিচার্জ করতে না পেরে ভোগান্তিতে জনগণ। সূত্র: দৈনিক কালবেলা
- সংবাদপত্র-সহ জরুরি পরিষেবা কারফিউয়ের আওতামুক্ত থাকবে বলে জানায় ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। সূত্র: কালের কণ্ঠ
- চলমান কোটা সংস্কার আন্দোলনের সহিংসতায় মেট্রোরেল ক্ষতিগ্রস্ত হয়। ঠিক হতে এক বছরও সময় লাগতে পারে বলে জানান মেট্রোরেল কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলি দখলদারিকে অবৈধ ঘোষণা করল আইসিজে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২১ জুলাই

- দেশের চলমান আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নিরাপত্তা উপদেষ্টা, তিন বাহিনী প্রধান, মন্ত্রিপরিষদ সচিব, সশস্ত্রবাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসারের সঙ্গে গণভবনে বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকে দেশের সার্বিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে কোটা পুনর্বহাল সংক্রান্ত হাইকোর্টের রায় সামগ্রিকভাবে বাতিল করেন দেশের সর্বোচ্চ আদালত। নির্ধারণ করা কোটার হার মেধাভিত্তিক ৯৩ শতাংশ, মুক্তিযোদ্ধা ৫ শতাংশ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ১ শতাংশ এবং প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১ শতাংশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আন্দোলনরত শিক্ষার্থীদের মধ্যে সরকারি চাকরিতে কোটাসংক্রান্ত রায়কে একপক্ষ স্বাগত জানায়। আর 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দেয় অন্য পক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কোটাবিরোধী আন্দোলনের সংঘর্ষে সারা দেশে ১৯ জন নিহত। সূত্র: প্রথম আলো
- নরসিংদী জেলা কারাগার পরিদর্শন করেন ডিআইজি প্রিজন ব্রিগেডিয়ার জেনারেল এএসএম আনিসুল হক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলমান কোটা সংস্কার আন্দোলনে যানবাহন চলাচল বন্ধ থাকায় পর্যটন শহর কক্সবাজারে প্রায় ৬০০ পর্যটক আটকা পড়েন। এছাড়া দেশের বিভিন্ন পর্যটনকেন্দ্রে ৬৭০ জনের মতো পর্যটক আটকা পড়েন। সূত্র: প্রথম আলো
- বিএনপি নেতা আমান উল্লাহ্ আমান, সুলতান সালাউদ্দিন টুকুকে গ্রেফতার করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সূত্র: সমকাল
- ইয়েমেনে প্রথমবার হামলা চালাল ইসরায়েল। পালটা হামলার হুঁশিয়ারি দিল হুতি বিদ্রোহীরা। এ হামলায় ৮০ জন আহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সৃষ্ট সহিংসতায় হতাহতের ঘটনায় গভীর উদ্‌বেগ প্রকাশ করল ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ও যুক্তরাজ্য। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় শরণার্থীশিবিরে ইসরায়েলের বিমান হামলায় ৩০ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২২ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে দেশের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় সভা করেন। সভায় প্রধানমন্ত্রী বলেন, কোটা সংস্কার আন্দোলনে ভর করে বিএনপি-জামায়াত জোট সারা দেশে সহিংসতা চালিয়ে সরকারকে উৎখাত করার পরিকল্পনা বাস্তাবায়নে শিক্ষার্থীদের ঢাল হিসাবে ব্যবহার করছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে সমন্বয়ক মো. নাহিদ ইসলাম চিকিৎসা শেষ হওয়ার আগেই হাসপাতাল ছাড়েন। দুই বাহু ও পায়ে রক্ত জমাট বেঁধে গেছে। এ ঘটনায় ৫৬ সমন্বয়কের তীব্র নিন্দা ও বিচার দাবি করেন শিক্ষার্থীরা। সূত্র: সমকাল
- চলমান কোটা সংস্কার আন্দোলনে সহিংসতায় রাজধানীতে ৩০ মামলা করে পুলিশ। ৫১৬ জনকে গ্রেফতার। এ ঘটনায় হাসপাতালে চিকিৎসাধীন আরও ছয়জনের মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোনোভাবেই তৃতীয় পক্ষকে সুযোগ দেওয়া যাবে না। কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে আর আন্দোলন প্রয়োজন আছে বলে আমরা মনে করি না। আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের নেতারা এসব কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলমান পরিস্থিতিতে দেশের স্থানীয় ২২৩ নির্বাচন স্থগিত করল নির্বাচন কমিশন (ইসি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চলমান কোটা সংস্কার আন্দোলনে পরিবহণ সংকট এবং চলমান পরিস্থিতিতে রাজশাহী অঞ্চলে আমের দামে ধস নামে, অর্ধেক দামে বিক্রি। সূত্র: যুগান্তর
- কোটা সংস্কারের দাবিতে 'কমপ্লিট শাটডাউন' বা সর্বাত্মক অবরোধের কর্মসূচি স্থগিতের সিদ্ধান্ত নিলেন আন্দোলনরত শিক্ষার্থীরা। উচ্চ আদালতের রায়ে প্রত্যাশা পূরণ হওয়ায় এ সিদ্ধান্ত নেন শিক্ষার্থীরা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলমান কোটা সংস্কার আন্দোলন দ্রুত নিষ্পত্তির জন্য দেশের ৩১ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা বিবৃতি দেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন দেশটির আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন থেকে সরে দাঁড়ানোয় মার্কিন রাজনীতিতে ব্যাপক আলোচনা। এদিকে এ নির্বাচনে জো বাইডেনের চেয়ে কামলা হ্যারিসকে হারানো সহজ হবে বলে মন্তব্য করেন দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৩ জুলাই

▶ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেন সেনাবাহিনীপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ব্রডব্যান্ড ইন্টারনেট সীমিত পরিসরে চালু করল সরকার। তবে সামাজিক যোগাযোগমাধ্যমের সব সেবা বন্ধ থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ আদালতের রায়ের আলোকে দেশে সব সরকারি চাকরিতে নতুন কোটা বিন্যাসের প্রজ্ঞাপন জারি করল সরকার। তবে এ প্রজ্ঞাপনে আরও বলা হয়, কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সাধারণ মেধা তালিকা থেকে শূন্য পদ পূরণ করা হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ চলমান পরিস্থিতিতে সারা দেশে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চিরুনি অভিযানে সাড়ে তিন হাজার অপরাধীকে গ্রেফতার করে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ 'চার দফা' জরুরি দাবি পূরণে সরকারকে আরও ৪৮ ঘণ্টা সময় বেঁধে দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা। তারা বলেন, চার দফা না মানলে আট দফা নিয়ে কথা বলার সুযোগ নেই। সূত্র: প্রথম আলো

▶ ঢাকাসহ বিভিন্ন জেলায় সংঘর্ষে ১৯৭ জনের মৃত্যুর খবর পাওয়া যায়। সর্বশেষ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র হৃদয় চন্দ্র তরুয়া। সূত্র: প্রথম আলো

▶ সম্পাদক পরিষদ ও নোয়াবের যৌথ বিবৃতি–প্রাণহানি ও ধ্বংসাত্মক ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি। সূত্র: সমকাল

▶ বাংলাদেশি শ্রমিকদের জন্য ভিসা বন্ধ করল আরব আমিরাত। সূত্র: দৈনিক কালবেলা

▶ বাংলাদেশে চলমান পরিস্থিতির ওপর নজর রাখছে যুক্তরাষ্ট্র। এমন পরিস্থিতিতে সবাইকে শান্ত থাকার ও উত্তেজনা প্রশমনের আহ্বান জানায় দেশটি। নিয়মিত প্রেস ব্রিফিংয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার এ কথা জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বাংলাদেশে চলমান পরিস্থিতিতে মতবিরোধ নিরসনে সব পক্ষকে আলোচনায় বসার আহ্বান জানান জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। জাতিসংঘ সদর দপ্তরের প্রেস ব্রিফিংয়ে এ বক্তব্য তুলে ধরেন তাঁর মুখপাত্র স্টিফেন ডুজারিক। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ নির্বাচনি সমাবেশে ট্রাম্পকে গুলি করার ঘটনায় নিরাপত্তার ব্যর্থতার দায় স্বীকার করে পদত্যাগ করেন মার্কিন সিক্রেট সার্ভিসের প্রধান কিম্বারলি চিটল। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৪ জুলাই

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে এডিটরস গিল্ডসের উদ্যোগে বিভিন্ন গণমাধ্যমের সম্পাদক ও হেড অব নিউজ এবং সিনিয়র সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেন। সূত্র: সমকাল

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে মালয়েশিয়ার হাইকমিশনার হাজনাহ মো. হাশিম বিদায়ি সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল

▶ সারা দেশে পরীক্ষামূলকভাবে ব্রডব্যান্ড ইন্টারনেট চালু করল সরকার। তবে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা চালু হলেও মোবাইল ইন্টারনেট সেবা বন্ধ থাকবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ 'দেশে বর্তমান পরিস্থিতিতে আগামী রবি ও সোমবারের মধ্যে ইন্টারনেট চালু হবে', বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে (বিটিআরসি) সংবাদ সম্মেলনে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ কোটা আন্দোলনের প্ল্যাটফরম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক আসিফ মাহমুদ, আবু বাকের মজুমদার ও রিফাত রশীদের খোঁজ পাওয়া যায়। সূত্র: প্রথম আলো

▶ সুপ্রিম কোর্ট অডিটোরিয়ামে এক কক্ষে বিচার বিভাগীয় তদন্ত কমিশনের প্রথম সভা অনুষ্ঠিত। সভায় জানায়, ১৬ জুলাই হত্যার তদন্ত করবে কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সেনাবাহিনীপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান নরসিংদী জেলা কারাগার পরিদর্শন করেন। নরসিংদী জেলা কারাগার থেকে পালিয়ে যাওয়া ৮২৬ জন কারাবন্দির মধ্যে ১৫৬ জন স্থানীয় আদালতে আত্মসমর্পণ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ঢাকা-সহ বিভিন্ন জেলায় সংঘর্ষে আহত হয়ে চিকিৎসাধীন আরও চারজনের মৃত্যু। নিহতের সংখ্যা বেড়ে ২০১ জন। সূত্র: প্রথম আলো
- ৩১ জুলাই পর্যন্ত অনুষ্ঠেয় ৪৪তম বিসিএসের মৌখিক পরীক্ষাসহ সরকারি কর্ম কমিশন (পিএসসি) সব পরীক্ষা স্থগিত ঘোষণা। পিএসসির চেয়ারম্যান সোহরাব হোসাইন এ তথ্য জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অনির্দিষ্টকালের জন্য প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অর্থ আত্মসাতের অভিযোগের মামলার কার্যক্রম বাতিল চেয়ে অধ্যাপক ড. ইউনূসসহ সাতজনের করা আবেদন খারিজ করলেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলমান পরিস্থিতিতে রাজধানীসহ সারা দেশে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চিরুনি অভিযানে ২ হাজার ২৮৮ জন অপরাধীকে গ্রেফতার করে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলমান সহিংসতায় নারায়ণগঞ্জে বাসার ছাদে খেলতে গিয়ে গুলিবিদ্ধ হয়ে ছোট্ট মেয়ে রিয়ার (৬) মৃত্যু। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার আন্দোলন ঘিরে চালানো ধ্বংসযজ্ঞ দেখতে বাংলাদেশে কর্মরত ২৩ মিশনপ্রধানকে সঙ্গে নিয়ে রাজধানীর মেট্রোরেল ও বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) ক্ষতিগ্রস্ত ভবন ও কার্যালয় সরেজমিন পরিদর্শন করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। ধ্বংসযজ্ঞ দেখে স্তম্ভিত বিদেশি কূটনীতিকরা। সূত্র: যুগান্তর
- পরিচয় শনাক্ত করা ছাড়াই রাজধানীর তিনটি হাসপাতাল থেকে ২১ জনের মরদেহ আঞ্জুমান মুফিদুল ইসলামের কাছে দাফনের জন্য হস্তান্তর করে পুলিশ। পরে আঞ্জুমান এসব বেওয়ারিশ লাশ ঢাকা উত্তর সিটি করপোরেশনের মোহাম্মদপুর রায়েরবাজার কবরস্থানে দাফন করে। সংশ্লিষ্ট মর্গ সূত্রের দাবি, বেওয়ারিশ লাশগুলোর অধিকাংশই ছিল গুলিবিদ্ধ, কয়েকটি মারাত্মক জখম। সূত্র: সমকাল

- কোটা সংস্কার আন্দোলনে সহিংসতার ঘটনায় দায়ের করা মামলায় যাত্রাবাড়ীর বাসা থেকে হাসনাতুল ইসলাম ফাইয়াজকে আটক করে পুলিশ। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলনে হতাহতের প্রতিবাদে বিক্ষোভ করায় ৫৭ বাংলাদেশি কর্মীকে সংযুক্ত আরব আমিরাতের দণ্ডের বিষয়ে হস্তক্ষেপ করা হবে না বলে গণমাধ্যমকে জানান প্রবাসীকল্যাণ প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী। তবে বাংলাদেশিদের মুক্তি দাবি করে নিউইয়র্কভিত্তিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। সূত্র: সমকাল
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন জাতির উদ্দেশে ভাষণ দেন। নভেম্বরে অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচন থেকে তিনি কেন প্রার্থিতা প্রত্যাহার করেন, ভাষণে তার ব্যাখ্যা দেন। সূত্র: সমকাল
- নেপালের কাঠমান্ডুতে বিমান বিধ্বস্তের ঘটনায় ১৮ জন নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রীলঙ্কার ডাম্বুরায় অনুষ্ঠিত চলমান নারী এশিয়া কাপ টি ২০ আসরে মালয়েশিয়ার বিপক্ষে ১১৪ রানে জয়লাভ করল বাংলাদেশ নারী ক্রিকেট দল। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৫ জুলাই

- কোটা সংস্কার আন্দোলনের জেরে সংঘাত, সহিংসতা প্রতিরোধে ব্যর্থ হওয়ায় ঢাকার বিভিন্ন ইউনিটের ২৭টি কমিটি ভেঙে দেয় আওয়ামী লীগ। সূত্র: যুগান্তর
- বাংলাদেশে কোটা সংস্কার আন্দোলন চলাকালে বিটিভি ভবনে হামলার নেপথ্যে বিএনপি-জামায়াত। বিটিভির ঢাকা কেন্দ্রের জেনারেল ম্যানেজার (জিএম) মাহফুজা আক্তার বাদী হয়ে মামলায় এ অভিযোগ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কোটা সংস্কার আন্দোলনে সহিংসতার অভিযোগে আন্দালিব রহমান পার্থ, শহীদ উদ্দীন চৌধুরী এ্যানিসহ সারা দেশে ৬৫৪ জনকে গ্রেফতার করে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে মানবাধিকারের লঙ্ঘন তদন্তে সহযোগিতার প্রস্তাব দেয় জাতিসংঘ। সূত্র: কালের কণ্ঠ

- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল তার ধানমন্ডির বাসায় এক সংবাদ সম্মেলনে ঢাকা মহানগর ও ঢাকা জেলা, গাজীপুর মহানগর ও গাজীপুর জেলা, নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলায় ছুটির দুই দিন সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ৯ ঘণ্টা কারফিউ শিথিল রাখার ঘোষণা দেন। সূত্র: সমকাল
- বাংলাদেশে কোটা সংস্কার আন্দোলন চলাকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী শিক্ষার্থীদের বিরুদ্ধে প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করেছে বলে জানায় মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চিকিৎসাধীন আরও তিনজনের মৃত্যু, নিহত বেড়ে ২০৪ জন। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার আন্দোলন ঘিরে বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে বিভিন্ন দেশে বিক্ষোভ। কারা, কেন এসব বিক্ষোভ করেন, তা জানতে বিদেশে বাংলাদেশের দূতাবাসগুলোকে চিঠি দিল সরকার। পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেন। সূত্র: দৈনিক কালবেলা
- কোটা আন্দোলনকারীদের যৌক্তিক আন্দোলনের দাবির মুখে ২৩ জুলাই প্রজ্ঞাপন জারির মাধ্যমে তাদের আংশিক বিজয় অর্জিত হয়। প্ল্যাটফরমটির সমন্বয়ক এলিয়ান কাফী প্রতীক স্বাক্ষরিত গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। সূত্র: দৈনিক কালবেলা
- সংগীতশিল্পী শাফিন আহমেদের (৬৩) মৃত্যু।। সূত্র: সমকাল
- খ্যাতিমান প্রাবন্ধিক, বীর মুক্তিযোদ্ধা, ভাষাবিদ, গবেষক ও একুশে পদকপ্রাপ্ত অধ্যাপক ড. মাহবুবুল হকের (৭৬) মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মার্কিন কংগ্রেসে ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহুর ভাষণ দেওয়ার প্রতিবাদে বিক্ষোভে উত্তাল ওয়াশিংটন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৬ জুলাই

- এলাকা ভাগ করে 'ব্লক রেইড'। সারা দেশে নাশকতার অভিযানে রাজধানীতে ২ হাজার ৩৫৭ জন গ্রেফতার। ঢাকার বাইরে ১ হাজার ৬২৫ জনকে গ্রেফতার করে পুলিশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- কোটা সংস্কার আন্দোলনের প্ল্যাটফরম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক মো. নাহিদ ইসলাম, আসিফ মাহমুদ ও আবু বাকের মজুমদারকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। ডিবিপ্রধান অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদ এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলন চলাকালে হেলিকপ্টার থেকে গুলি করা হয়নি। র‍্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ান (র‍্যাব)-এর সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলমান পরিস্থিতি স্বাভাবিক হলে কারফিউ তুলে নেওয়া হবে। ঢাকা মহানগর ও ঢাকা জেলা, গাজীপুর মহানগর ও গাজীপুর জেলা, নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলায় ছুটির দুইদিন সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ৯ ঘণ্টা কারফিউ শিথিল রাখার ঘোষণা দেন। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান নিজ বাসভবনে সাংবাদিকদের এ কথা জানান। সূত্র: সমকাল
- বাংলাদেশে সাম্প্রতিক কোটা সংস্কার আন্দোলনের পরিপ্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতি নিয়ে ভারতীয় সংবাদমাধ্যম 'দ্য হিন্দু'কে বিশেষ সাক্ষাৎকার দেন শান্তিতে নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা
- জাতীয় প্রেস ক্লাবের সামনে প্রতিবাদী সামাজিক সংগঠনের সমাবেশে গান-কবিতায় প্রাণহানির প্রতিবাদ জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্যারিসে ৩৩তম অলিম্পিক আসরের উদ্‌বোধন। এ বছর ১০ হাজার ৫০০ অ্যাথলেট আসরে অংশগ্রহণ করবেন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা ও স্ত্রী মিশেল ওবামা ডেমোক্রেটিক দলের প্রেসিডেন্ট প্রার্থী হিসাবে ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে আনুষ্ঠানিকভাবে সমর্থন জানান। বিবৃতিতে ওবামা দম্পতি এ সমর্থন ব্যক্ত করেন। সূত্র: সমকাল
- গণবিক্ষোভের পর ২১ সেপ্টেম্বর শ্রীলঙ্কায় প্রথম প্রেসিডেন্ট নির্বাচনের ঘোষণা। দেশটির নির্বাচন কমিশন এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা

২৭ জুলাই

- সংঘর্ষে আহত হয়ে চিকিৎসাধীন অবস্থায় ইয়ামিন চৌধুরী নামে আরেক জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কারের জন্য অতিদ্রুত শিক্ষার্থীদের সমন্বয়ে স্বাধীন কমিশন করে এর সুপারিশ অনুযায়ী সংসদে আইন প্রণয়নসহ তিনটি দাবি পূরণে সরকারকে ২৪ ঘণ্টার আলটিমেটাম দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীরা। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলনের প্ল্যাটফরম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সারজিস আলম ও হাসনাত আবদুল্লাহ নামে আরও দুই সমন্বয়ককে হেফাজতে নিল ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)। ১১ দিনে গ্রেফতার ৯ হাজার ১২১ জন। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তিন সমন্বয়ক আসিফ মাহমুদ, নাহিদ ইসলাম ও আবু বাকের মজুমদারকে নিরাপত্তাজনিত কারণে এবং জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেওয়া হয়। রাজধানীর মিন্টো রোডের ডিবি কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ কথা জানান ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান ও অতিরিক্ত কমিশনার হারুন-অর-রশীদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তিন সমন্বয়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মো. নাহিদ ইসলাম, আসিফ মাহমুদ ও আবু বাকের মজুমদারের খোঁজ নিতে ডিবি কার্যালয়ে গেলেন বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্কের ১২ শিক্ষকের একটি প্রতিনিধিদল। সেখানে ২০ মিনিটের মতো অবস্থান করে ফিরে যান তারা। সূত্র: দৈনিক কালবেলা
- কোটা সংস্কার আন্দোলন ঘিরে সংঘাতে প্রাণহানি এবং ধ্বংসযজ্ঞের ঘটনায় গভীরভাবে মর্মাহত ও উদ্‌বেগ জানায় ঢাকায় থাকা পশ্চিমা ১৪ দেশের দূতাবাস ও হাইকমিশন। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের কাছে চিঠিতে তারা এ কথা জানান। সূত্র: সমকাল
- সরকারি-বেসরকারি অফিস চলবে সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত। ব্যাংক চলবে সকাল ১০টা থেকে ৩টা পর্যন্ত। জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন এ কথা জানান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সারা দেশে নাশকতার অভিযানে আটদিনে রাজধানীর বিভিন্ন থানায় ২০৭টি মামলা। এসব মামলায় এ পর্যন্ত ২ হাজার ৫৩৬ জনকে গ্রেফতার করে ঢাকা মহানগর পুলিশ। ঢাকার বাইরে ১ হাজার ১১২ জন গ্রেফতার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও স্ত্রী বুশরা বিবি এবং শাহ মাহমুদ কুরেশির মুক্তির পাশাপাশি অন্য রাজনৈতিক বন্দিদের মুক্তির দাবিতে খাইবার পাখতুনখাওয়ায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)। সূত্র: দৈনিক কালবেলা

২৮ জুলাই

- গণভবনে কোটা সংস্কার আন্দোলনের সময় নিহত রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদের পরিবারকে আর্থিক অনুদানের চেক প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলনের অন্যতম সমন্বয়ক নুসরাত তাবাসসুমকে হেফাজতে নিল ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি)। ডিবির হেফাজতে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয়জন সমন্বয়ক এক ভিডিয়ো বার্তায় সব কর্মসূচি প্রত্যাহারের ঘোষণা দেন। সূত্র: প্রথম আলো
- ঢাকা কলেজের প্রথম বর্ষের শিক্ষার্থী হাসনাতুল ইসলাম ফাইয়াজের (১৭) রিমান্ড বাতিল করেন আদালত। ফাইয়াজকে শিশু হিসাবে দাবির পক্ষে বয়স প্রমাণ হিসাবে এসএসসি পরীক্ষা ও জন্মসনদ ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩ আদালতে দাখিল করা হয়। সেই সঙ্গে বয়স নির্ধারণের বিষয়ে শুনানি ও আদেশের জন্য সংশ্লিষ্ট শিশু আদালতে মামলাটি পাঠানো হয়। এরপর শিশু আদালত শুনানি শেষে ফাইয়াজকে শিশু হিসাবে ঘোষণা করেন এবং রিমান্ড বাতিল করে তাকে গাজীপুরের টঙ্গীর কিশোর উন্নয়ন কেন্দ্রে পাঠানোর আদেশ দেন। ঢাকা মহানগর পুলিশের অপরাধ ও তথ্য বিভাগের উপপরিদর্শক (এসআই) আসাদুজ্জামান এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: সমকাল
- ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলায় কারফিউ অব্যাহত থাকবে। তবে এ তিন দিন কারফিউ শিথিলের সময় আরও দুই ঘণ্টা

করে বাড়ানো হয়। সেই হিসাবে সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত, অর্থাৎ ১১ ঘণ্টা কারফিউ শিথিল থাকবে। রাজধানীর ধানমন্ডিতে নিজ বাসায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান। সূত্র: সমকাল

- কিছু স্বার্থান্বেষী মহল বিভিন্ন বিদেশি গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীর বিরুদ্ধে মিথ্যা, বিভ্রান্তিমূলক অপপ্রচার চালাচ্ছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানায়। সূত্র: সমকাল
- এখন পর্যন্ত ১৪৭ জনের মৃত্যুর তথ্য পাওয়ার কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার আন্দোলনে ১২ দিনে ১৮ জেলায় গ্রেফতার করা হয় ২৫৩ জন শিক্ষার্থীকে। সূত্র: প্রথম আলো
- অবৈধ অনুপ্রবেশের অভিযোগে ভারতের ত্রিপুরায় ২৮ বাংলাদেশি নাগরিক ও দুই রোহিঙ্গাকে গ্রেফতার করে দেশটির পুলিশ। সূত্র: দৈনিক কালবেলা
- ইসরায়েল নিয়ন্ত্রিত গোলান মালভূমিতে একটি ফুটবল মাঠে রকেট হামলায় ১১ জন নিহত। এসময় আহত হন ১৯ জন। ভয়াবহ হামলার জন্য লেবাননের হিজবুল্লাহকে দায়ী করেছে ইসরায়েল। তবে এ অভিযোগ অস্বীকার করেছে হিজবুল্লাহ। সূত্র: সমকাল

২৯ জুলাই

- গণভবনে ১৪ দলের শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকে জামায়াত-শিবির নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এই সিদ্ধান্ত দ্রুত কার্যকর করতে আইন ও স্বরাষ্ট্রমন্ত্রীকে নির্দেশ দেন প্রধানমন্ত্রী। দেশজুড়ে ব্যাপক সন্ত্রাস-সহিংসতা ও নৈরাজ্য এবং প্রাণহানির ঘটনায় তাদের সংশ্লিষ্টতার অভিযোগ তুলে এ সিদ্ধান্ত নিল ক্ষমতাসীন জোট। সূত্র: সমকাল
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় সমন্বয়ক এখানো ডিবি হেফাজতে। তাঁদের সঙ্গে দেখা করেন স্বজনরা। সূত্র: প্রথম আলো

- আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। নতুন কর্মসূচি হিসাবে সকলে একক বা ঐক্যবদ্ধভাবে লাল কাপড় মুখে ও চোখে বেঁধে ছবি তুলে তা অনলাইনে প্রচারের কর্মসূচি ঘোষণা করেন তারা। কোটা আন্দোলনের সমন্বয়ক মাহিন সরকারের পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে কর্মসূচির বিষয়টি জানানো হয়। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার নিপীড়নবিরোধী শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত। সূত্র: যুগান্তর
- বিপুল প্রাণহানির দায় প্রধানত সরকারের। ৭৪ নাগরিকের বিবৃতি প্রদান। জাতিসংঘের তত্ত্বাবধানে তদন্ত দাবি। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলনের ছয় সমন্বয়ককে ডিবি অফিসে তুলে নিয়ে গিয়ে তাদের খাওয়ানোর ছবি প্রকাশ করাকে জাতির সঙ্গে মশকরা বলে মন্তব্য করেন হাইকোর্ট। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ৬ সমন্বয়ককে অবিলম্বে মুক্তি ও আন্দোলনকারীদের ওপর গুলি না চালানোর নির্দেশনা চেয়ে রিটের শুনানিতে রাষ্ট্রপক্ষের উদ্দেশে হাইকোর্ট এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সৃষ্ট পরিস্থিতিতে হতাহতের প্রতিবাদে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা বিক্ষোভ কর্মসূচি উপলক্ষ্যে রাজধানীসহ দেশের গুরুত্বপূর্ণ পয়েন্টে নিরাপত্তা জোরদার করে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশে চলমান কোটা সংস্কার আন্দোলন বিষয়ে 'শান্তিপূর্ণ' সমাবেশে সমর্থন পুনর্ব্যক্ত করল যুক্তরাষ্ট্র। নিয়মিত প্রেস ব্রিফিংয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখ্য উপমুখপাত্র বেদান্ত প্যাটেল এ কথা জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- 'যুক্তরাজ্যের অর্থনীতি ভেঙে পড়েছে, বিপর্যয় হয়ে গেছে।' বিবৃতিতে এমন ঘোষণা দিলেন দেশটির নবনির্বাচিত লেবার পার্টির প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার সরকার। সূত্র: সমকাল

৩০ জুলাই

- সাম্প্রতিক সহিংসতায় আহতদের দেখতে রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শন করেন প্রধানমন্ত্রী

শেখ হাসিনা। এসময় তিনি আহতদের শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজখবর নেন এবং তাঁদের সঙ্গে কথা বলেন। আহতদের যথাযথ চিকিৎসা নিশ্চিতে হাসপাতাল কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। সূত্র: সমকাল

- কোটা সংস্কার আন্দোলনে সহিংসতার সব ঘটনা অবিলম্বে তদন্ত করে দায়ী ব্যক্তিদের জবাবদিহির আওতায় আনার আহবান জানান জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অবিলম্বে এবং সম্পূর্ণরূপে কারফিউ তুলে নেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানায় আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করেন জার্মানির রাষ্ট্রদূত আচিম ট্রোস্টার। বৈঠকে প্রাণহানি তদন্তে জাতিসংঘের সহায়তার প্রস্তাবকে স্বাগত জানান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর প্রেস সচিব মো. নাঈমুল ইসলাম খান সাংবাদিকদের ব্রিফ করেন। সূত্র: দৈনিক কালবেলা
- কোটা সংস্কার আন্দোলন ঘিরে সংঘর্ষে নিহত ব্যক্তিদের স্মরণে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের প্রোফাইল 'লাল' রঙের ফ্রেমে রাঙান অনেকে। 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচি পালন করার ঘোষণা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের। সূত্র: প্রথম আলো
- চলমান কোটা সংস্কার আন্দোলনে সহিংসতায় নিহতদের স্মরণে রাষ্ট্রীয় শোক পালন করা হয়। এ উপলক্ষ্যে জনগণকে কালো ব্যাচ ধারণ করার আহ্বান জানায় সরকার। সেই সঙ্গে মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা-সহ সব উপাসনালয়ে নিহতদের জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। সূত্র: সমকাল
- চলমান কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে '১৬ থেকে ২১ জুলাই পর্যন্ত' সহিংসতা ও মৃত্যুর তদন্ত করবে বিচার বিভাগীয় তদন্ত কমিশন। সাংবাদিকদের জানান আইনমন্ত্রী আনিসুল হক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শিক্ষার্থীদের দাবির প্রতি সংহতি জানিয়ে মুখে 'লাল' কাপড় বেঁধে মৌন মিছিল করেন 'নিপীড়নের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর' ব্যানারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। সূত্র: প্রথম আলো

- ১৬ বছর ১০ মাস বয়সি শিক্ষার্থী কিশোরকে নাশকতার মামলায় আদালতে তোলা হয় হাতকড়া অবস্থায়। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার আন্দোলনের প্ল্যাটফরম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ৬ সমন্বয়ককে ২৪ ঘণ্টার মধ্যে নিঃশর্ত মুক্তি দেওয়ার আলটিমেটাম। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) সংবাদ সম্মেলনে 'বিক্ষুব্ধ নাগরিক সমাজ'-এর পক্ষে এ ঘোষণা দেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। সূত্র: দৈনিক কালবেলা
- ফেসবুকে লাল-কালোর যুদ্ধ। কোটা সংস্কার আন্দোলন ঘিরে সারা দেশে সহিংসতার ঘটনায় নিহতদের স্মরণে দেশব্যাপী শোক পালন করল সরকার। এ সিদ্ধান্তে সরকারের সমর্থক বিভিন্ন দল, পেশাজীবী সংগঠন, শিক্ষক, সংস্কৃতিকর্মী, লেখক, সাংবাদিক, শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ তাদের প্রোফাইলে কালো রঙের ফ্রেম জুড়েছেন। অন্যদিকে রাষ্ট্রীয় শোক পালনকে প্রসহন উল্লেখ করে এই কর্মসূচি প্রত্যাখ্যান করেন আন্দোলনকারীরা। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের চলমান সহিংসতার ইস্যু নিয়ে আন্দোলনকারীদের ওপর বল প্রয়োগের নিন্দা জানান ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ফরেন পলিসিপ্রধান জোসেফ বোরেল । এ তথ্য জানায় বার্তা সংস্থা এএফপি। সূত্র: দৈনিক কালবেলা
- আগারগাঁওয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) সম্মেলন কক্ষে 'চলমান সময়ে সাইবার নিরাপত্তাবিষয়ক জরুরি সভা' অনুষ্ঠিত। ১০ দিনে ৫০ হাজারের বেশি সাইবার হামলা চালানো হয়। দেশে চলমান পরিস্থিতির মধ্যে সরকারি বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়েবসাইট দখলে নিতে দফায়-দফায় এসব সাইবার হামলার ঘটনা ঘটে। ৮টি সরকারি ওয়েবসাইট ক্ষতিগ্রস্ত করার চেষ্টা করে হ্যাকাররা। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব তথ্য দেন। সূত্র: সমকাল
- কোটা আন্দোলনের সময় সেতু ভবনে হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থের আবারও তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। সূত্র: সমকাল

- জাতীয় প্রেস ক্লাবের সামনে কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশব্যাপী সৃষ্ট সহিংসতায় সাংবাদিক হত্যা ও নির্যাতনের বিচারের জন্য 'বিশেষ ট্রাইব্যুনাল' গঠন করে বিচার দাবি ডিইউজের। সূত্র: দৈনিক কালবেলা
- রাজধানীর কলেজ গেট মুক্তিযোদ্ধা টাওয়ার ভবনে অনুষ্ঠিত বীর মুক্তিযোদ্ধা এবং যুদ্ধাহত ও শহিদ পরিবারের সন্তানদের সভায় কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সৃষ্ট সহিংসতা মোকাবিলা করে দেশকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান বীর মুক্তিযোদ্ধারা। একই সঙ্গে হতাহতের প্রতি সমবেদনা জানিয়ে বিটিভি, মেট্রোরেলসহ রাষ্ট্রীয় স্থাপনা ভাঙচুর ও অগ্নিসংযোগকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তারা। সূত্র: সমকাল
- নব্বই দশকের জনপ্রিয় গায়ক, টেলিভিশন অনুষ্ঠান নির্মাতা হাসান আবিদুর রেজা জুয়েল (৫৬)-এর মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- আসন্ন মার্কিন নির্বাচন সামনে রেখে কমলা হ্যারিসের জনপ্রিয়তায় 'ভীত' হয়ে পড়েন দেশটির সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ৬ মাসে যুক্তরাষ্ট্রে মুসলিমবিদ্বেষ বেড়েছে ৭০ শতাংশ। সেই সঙ্গে পাল্লা দিয়ে বৃদ্ধি পায় মুসলিমদের ওপর হামলা ও বৈষম্যের বিভিন্ন ঘটনা। মার্কিন মুসলিমদের অ্যাডভোকেসি সংস্থা দ্য কাউন্সিল অন আমেরিকান-ইসলামিক রিলেশন্স (কেয়ার) নিশ্চিত করে এ তথ্য। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গাজায় পোলিও মহামারি ঘোষণা। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৩১ জুলাই

- 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' নামে নতুন কর্মসূচি ঘোষণা করল কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারী বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের একাংশ। সূত্র: প্রথম আলো
- ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) হেফাজতে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় সমন্বয়ককে ছেড়ে দেওয়া হয়।

তাদের মধ্যে তিনজন ছয়দিন, দুজন পাঁচদিন এবং একজন চারদিন ডিবিতে ছিলেন। সূত্র: প্রথম আলো
- অবশেষে সন্ত্রাসবিরোধী আইনে নিষিদ্ধ জামায়াত-শিবির। প্রজ্ঞাপন জারি। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচিতে আন্দোলনকারী শিক্ষার্থীদের শিশু একাডেমি এলাকায় পুলিশের বাধা দেওয়ার ঘটনা ঘটে। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকার আদালতে নিরাপত্তা জোরদার। ঢাকার নিম্ন আদালতের সামনে বিজিবি ও অতিরিক্ত পুলিশ মোতায়েন। সূত্র: দৈনিক কালবেলা
- রাজধানীর ডিবি কার্যালয়ের সামনে আটক শিক্ষার্থীদের মুক্তির দাবিতে বিক্ষুব্ধ নাগরিক সমাজের মানববন্ধন পালিত। মানববন্ধনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আসিফ নজরুল, বেলার সৈয়দা রিজওয়ানা হাসান, টিআইবির ইফতেখারুজ্জামান, দেবপ্রিয় ভট্টাচার্যসহ সমাজের বিশিষ্টজনরা অংশ নেন। সূত্র: প্রথম আলো
- ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) অতিরিক্ত কমিশনারের দায়িত্ব থেকে হারুন-অর-রশীদকে ডিএমপির অতিরিক্ত কমিশনার (ক্রাইম) হিসাবে পদায়ন করে বদলি করা হয়। তার স্থলে এখন থেকে দায়িত্ব পালন করবেন ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার মহা. আশরাফুজ্জামান। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের বিরাজমান পরিস্থিতির কারণে অংশীদারত্ব চুক্তির (আগামী সেপ্টেম্বরে অনুষ্ঠেয়) আলোচনা স্থগিত করে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ইউরোপীয় ইউনিয়নের এক মুখপাত্র এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলনে সৃষ্ট সহিংসতায় ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন নরসিংদীর আব্দুল রহমান (৪৪) নামে আরও একজনের মৃত্যু। সূত্র: সমকাল
- ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের অভিষেক অনুষ্ঠানে যোগ দিতে গেলে ইরানের উত্তরাঞ্চলের একটি সামরিক আবাসিক ভবনে

প্রজেক্টাইল বোমা হামলায় ইসমাইল হানিয়া নিহত হন। ইসরায়েলি অভিযানে এ হত্যাকাণ্ড সংঘটিত হয়। সূত্র: দৈনিক কালবেলা

- ইসরায়েলি কারাগারে ফিলিস্তিনিদের ওপর অমানুষিক নির্যাতন চালাচ্ছে ইসরায়েল। জাতিসংঘের প্রতিবেদনে ইসরায়েলি কারাগারে ফিলিস্তিনিদের ওপর হামলার চিত্র উঠে এসেছে। সূত্র: দৈনিক কালবেলা
- ফিলিস্তিনের গাজায় সংবাদমাধ্যমের গাড়ি লক্ষ্য করে ইসরায়েলের বিমান হামলার ঘটনায় আলজাজিরার সাংবাদিক ইসমাইল আল-গউল এবং তার ক্যামেরাপারসন রামি আল-রিফি নিহত। সূত্র: দৈনিক কালবেলা

আগস্ট

১ আগস্ট

- জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবিরকে নিষিদ্ধ করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করে আওয়ামী লীগ সরকার। সন্ত্রাসবিরোধী আইন-২০০৯-এর ধারা ১৮(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে জামায়াত, ছাত্রশিবিরসহ এর সব অঙ্গ-সংগঠনকে রাজনৈতিক দল ও সংগঠন হিসাবে নিষিদ্ধ ঘোষণা করা হয়। সূত্র: মানবজমিন
- বাংলাদেশে কোটা সংস্কার আন্দোলনে শিক্ষার্থীদের মৃত্যু, হামলা, নির্যাতন ও গ্রেফতারের প্রতিবাদে নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরের সামনে বিক্ষোভ করেন বাংলাদেশি বংশোদ্ভূত আমেরিকানরা। তারা শিক্ষার্থী হত্যার বিচার দাবি করেন। একই সঙ্গে প্রবাসীদের রেমিট্যান্স না পাঠানোর আহ্বান জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জামায়াত-শিবিরকে জঙ্গি সংগঠন হিসাবেই মোকাবিলা করতে হবে– রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে ১ আগস্ট কৃষক লীগের আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক কালবেলা
- ডিবি হেফাজতে থাকা 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের' ছয় সমন্বয়ক–মো. নাহিদ ইসলাম, মো. সারজিস আলম, হাসনাত আব্দুল্লাহ, মো. আবু বাকের মজুমদার, আসিফ মাহমুদ ও নুসরাত তাবাসসুমকে তাদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়। এর আগে আন্দোলনের তিন সমন্বয়ক নাহিদ ইসলাম, আসিফ মাহমুদ ও আবু বাকের মজুমদারকে ২৬ জুলাই হাসপাতাল থেকে মিন্টো রোডের ডিবি কার্যালয়ে নেওয়া হয়। পরের দিন ২৭ জুলাই মো. সারজিস আলম, হাসনাত আব্দুল্লাহ ও নুসরাত তাবাসসুমকেও ডিবি হেফাজতে নেওয়া হয়। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলন ঘিরে চলমান ঘটনার বিষয়ে কয়েকটি দেশ সরকারের ব্যাখ্যা শুনতে চেয়েছে বলে জানান পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধান বিচারপতি ওবায়দুল হাসান বলেন, সোশ্যাল মিডিয়া এখন এক বিপদের কারবার। ঘরের ভেতরের বিষয়গুলো এখন সোশ্যাল মিডিয়ায়

চলে আসে। এ নিয়ে কিছু বললেই আবার রাইট টু ফ্রিডম (স্বাধীনতার অধিকার) নিয়ে প্রশ্ন ওঠে। ১ আগস্ট বিএনপিপন্থি সাত আইনজীবীর বিরুদ্ধে আদালত অবমাননা মামলার শুনানিকালে তিনি এ মন্তব্য করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- কোটা সংস্কার আন্দোলন ঘিরে সৃষ্ট পরিস্থিতিতে পুলিশের হেফাজতে থাকা এইচএসসি ও সমমান পরীক্ষার্থীদের জন্য তথ্য জানতে চায় শিক্ষা মন্ত্রণালয়। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সারাদেশ থেকে কোনো এইচএসসি পরীক্ষার্থীর আইনি সমস্যা হলে সেটি সমাধান করা হবে। ই-মেইলে সারা দেশ থেকে এ তথ্য জানাতে পারবেন নাগরিকরা। এর আগে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, চলমান পরিস্থিতিতে এখন পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী পুলিশের হেফাজতে থাকা তিন এইচএসসি পরীক্ষার্থীকে আইনি সহায়তা দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রংপুরে কোটা সংস্কার আন্দোলনে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদের হত্যার ঘটনায় করা মামলায় জামিন পেল কিশোর শিক্ষার্থী আলফি শাহরিয়ার মাহিম। কারাগারে যাওয়ার ১৪ দিন পর ১ আগস্ট রংপুরের নারী ও শিশু নির্যাতন আদালতের বিচারক মোস্তফা কামাল তার জামিন মঞ্জুর করেন। ওই হত্যা মামলায় পুলিশ কারও নাম উল্লেখ না করে মামলা করলেও মাহিমকে হত্যা মামলায় প্রথম গ্রেফতার করে কারাগারে পাঠায় পুলিশ। সূত্র: যুগান্তর
- কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সহিংসতা এবং কারফিউ জারির কারণে ১৪ দিন বন্ধ থাকার পর স্বল্প দূরত্বে ট্রেন চলাচল শুরু। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনাসহ কয়েকটি বড় শহর থেকে আশপাশের গন্তব্যে কমিউটার ও লোকাল ট্রেন চলাচল শুরু হয়। কমলাপুর রেলস্টেশনের স্টেশন মাস্টার মোহাম্মদ আনোয়ার সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র: মানবজমিন
- কোটা সংস্কার আন্দোলন ঘিরে সহিংসতার ঘটনায় গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিশনের পরিধি বাড়ল। এক সদস্যের পরিবর্তে তিন সদস্যের কমিশন করে এই সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশ করে মন্ত্রিপরিষদ বিভাগ। প্রজ্ঞাপন অনুসারে তদন্ত কমিশনের সভাপতির দায়িত্ব পালন

করবেন সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামান, বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শওকত আলী চৌধুরী। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- কোটা সংস্কার আন্দোলন চলাকালে রাজধানীর বনানীতে সেতু ভবনে হামলা মামলায় বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীসহ ছয়জনের তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। ঢাকার মহানগর হাকিম মোহাম্মদ শেখ সাদীর আদালত এ আদেশ দেন। সূত্র: সমকাল
- দেশে সম্প্রতি ঘটে যাওয়া সহিংস ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ এবং বিচারের দাবিতে সমাবেশ করেন সংস্কৃতি অঙ্গনের তারকারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসপ্রধান ইসমাইল হানিয়ার হত্যার প্রতিশোধ নিতে এবার ইসরায়েলে সরাসরি হামলার নির্দেশ দিলেন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরাইলি বাহিনীর বিমান হামলায় কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার দুই সাংবাদিক নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২ আগস্ট

- 'গণহত্যা ও গণগ্রেফতারের প্রতিবাদে এবং শিক্ষার্থীদের ৯ দফা দাবি আদায়ের লক্ষ্যে' সারা দেশে মসজিদে দোয়া-মোনাজাত, মন্দির, গির্জাসহ সব প্রার্থনালয়ে প্রার্থনার আয়োজন এবং জুমার নামাজ শেষে শহিদদের কবর জিয়ারত ও গণমিছিল কর্মসূচি পালন আন্দোলনরত ছাত্র-জনতার। এ কর্মসূচিতে আওয়ামী লীগপন্থিদের হামলায় বিভিন্ন স্থানে নিহত ২; গুলিবিদ্ধসহ আহত ২ শতাধিক। অসহযোগ আন্দোলনের ঘোষণা। সূত্র: সমকাল
- দেশের বিভিন্ন স্থানে বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলনের গণমিছিলে হামলা সংঘর্ষে গুলি, পুলিশসহ দুই জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চলমান কোটা আন্দোলন নিয়ে আওয়ামী লীগের জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে আন্দোলনের সমন্বয়কদের সঙ্গে মতবিনিময় ও সমন্বয় করার জন্য তিন সদস্যের টিম গঠন করা হয়। সূত্র: যুগান্তর

- ডিবি হেফাজতে থাকার সময়কার ঘটনাবলি নিয়ে বিবৃতি দিলেন কোটা সংস্কার আন্দোলনের ছয় নেতা। তাদের মতে, ডিবি কার্যালয় থেকে দেওয়া আন্দোলন প্রত্যাহারের বিবৃতি তারা স্বেচ্ছায় দেননি। এমনকি ডিবি অফিসে জোর করে খাবার টেবিলে বসিয়ে ভিডিয়ো করা হয়েছে বলে জানান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় সমন্বয়ক। সূত্র: সমকাল
- রাজধানীতে শান্তিপূর্ণ গণমিছিল শেষে কেন্দ্রীয় শহিদ মিনারে 'দ্রোহযাত্রা' সমাবেশ করেন শিক্ষার্থীসহ হাজারো মানুষ। সূত্র: প্রথম আলো
- মোবাইল নেটওয়ার্কে মেটার প্ল্যাটফরমগুলোর ক্যাশ পুনরায় বন্ধ করা হয়েছে। পাশাপাশি টেলিগ্রামও বন্ধ করা হয়েছে। কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সহিংসতা শুরু হলে ১৭ জুলাই রাত থেকে ৩১ জুলাই দুপুর পর্যন্ত মেটার প্ল্যাটফরম ফেসবুক, মেসেঞ্জার, হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রাম বন্ধ থাকে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পুলিশের হাতে গ্রেফতার হওয়া সহপাঠীদের মুক্তি ছাড়া পরীক্ষায় অংশ না নেওয়ার হুমকি দিয়ে বিক্ষোভ সমাবেশ করে বিভিন্ন কলেজের এইচএসসি পরীক্ষার্থীরা। এদিকে গ্রেফতারকৃত ৭৮ পরীক্ষার্থীর জামিন মঞ্জুর করেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- একটি মানুষও আর কোনো অজুহাতে সংঘাত চায় না জানিয়ে এক বিবৃতি দিয়েছেন ছাত্র সংগ্রাম পরিষদের সাবেক নেতারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কাতারে হামাসের রাজনৈতিক শাখার প্রধান ইসমাইল হানিয়ার দাফন সম্পন্ন। দেশটির রাজধানী দোহার উত্তরদিকের শহর লুসাইলে তাঁর লাশ দাফন সম্পন্ন হয়। সূত্র: প্রথম আলো
- ফিলিপাইনের রাজধানী ম্যানিলার চায়না টাউনের একটি ভবনে অগ্নিকাণ্ডে ১১ জন নিহত। সূত্র: যুগান্তর
- হাঙ্গেরির কৃষি খাতে জলবায়ু পরিবর্তনের মারাত্মক প্রভাব সম্পর্কে সচেতনতা বাড়াতে উট নিয়ে দেশটির খামার মন্ত্রণালয়ের সামনে বিক্ষোভ করেছেন কৃষকরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ন্যাশনাল পেমেন্ট করপোরেশন অব ইন্ডিয়া (এনপিসিআই) জানিয়েছে, হ্যাকাররা ভারতের ৩০০টি ব্যাংকে সাইবার হামলা চালিয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ভারতের কেরালায় প্রবল বৃষ্টিতে সৃষ্ট ভূমিধসে নিহতের সংখ্যা বেড়ে ৩০৮ জন হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- পাকিস্তানে বন্যা-ভূমিধসে মৃতের সংখ্যা ৪০। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- লেবাননের প্রতিরোধ যোদ্ধা হিজবুল্লাহর মুহুর্মুহু পালটা রকেট হামলা ইসরায়েলে। এতে কয়েকজন বেসামরিক লোকসহ বহু স্থাপনা ক্ষতিগ্রস্ত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৩ আগস্ট

- কেন্দ্রীয় শহিদ মিনারে বিক্ষোভ সমাবেশ থেকে সরকার পতনের এক দফা ঘোষণা দিলেন বৈষম্যবিরোধী ছাত্রনেতারা। রাজধানীর কেন্দ্রীয় শহিদ মিনারে হাজারো মানুষের সমাবেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে সমন্বয়ক মো. নাহিদ ইসলাম এ ঘোষণা দেন। তিনি সমবেত মানুষের উদ্দেশে বলেন, মানুষের জীবনের নিরাপত্তা ও সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য আমরা এক দফা দাবির সিদ্ধান্তে উপনীত হয়েছি। এক দফাটি হলো প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ এই সরকারের পতন ও ফ্যাসিবাদের বিলোপ। সূত্র: প্রথম আলো
- কোটা সংস্কার আন্দোলনকারীরা ১৫৮ সদস্যের বর্ধিত সমন্বয়ক কমিটি গঠন করেন। ছাত্র নাগরিকের অভ্যুত্থানের ঘোষণা নাহিদ ইসলামের। সূত্র: সমকাল
- পেশাজীবী সমন্বয় পরিষদের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকে তিনি বলেন, চলমান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীদের সঙ্গে বসতে চাই, তাদের কথা শুনতে চাই। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ছাত্র আন্দোলনে চলমান কারফিউ ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও নরসিংদীতে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত শিথিল ঘোষণা স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান কামালের। সূত্র: যুগান্তর
- সারা দেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মসূচি পালিত। এতে একজন নিহত এবং দুই শতাধিক আহত হন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ নিহতের ঘটনায় আরএমপির দুই সদস্য সাময়িক বরখাস্ত। সূত্র: সমকাল

- পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আন্দোলনের ফলে সর্বজনীন পেনশনের প্রত্যয় স্কিম বাতিল করে অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি প্রকাশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নিজ কার্যালয় থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি সরিয়ে ফেলায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) বাংলা বিভাগের সভাপতি অধ্যাপক শামীমা সুলতানার কাছে লিখিত বক্তব্য জানতে চেয়েছে সিন্ডিকেট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কোটা সংস্কার আন্দোলন ঘিরে চলমান পরিস্থিতির আরও অবনতি হওয়ায় প্রাথমিক বিদ্যালয় বন্ধই থাকছে বলে জানান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সূত্র: মানবজমিন
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের সংগঠন নীল দল আয়োজিত মানববন্ধনে সংলাপের মাধ্যমে সংকট নিরসনের অভিমত শিক্ষকদের। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ২ আগস্ট ডেমোক্রেটিক দলের সংশ্লিষ্ট প্রতিনিধিদের (ডেলিগেটদের) ভোটে মনোনয়ন পেলেন কমলা হ্যারিস। সূত্র: যুগান্তর
- ইসরায়েলকে সহায়তায় আরও যুদ্ধজাহাজ ও যুদ্ধবিমান পাঠাচ্ছে বলে জানিয়েছে মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অধিকৃত পশ্চিম তীরে ইসরায়েলি বিমান হামলায় হামাসের এক কমান্ডার-সহ পাঁচজন নিহত। এদিকে গাজা উপত্যকায় ইসরায়েলি হামলায় ২৪ ঘণ্টায় আরও ৩৫ জন নিহত এবং ৫৫ জন আহত হয়েছেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- টেলিগ্রামের প্রতিবেদনে বলা হয়, ইরানি এজেন্ট দিয়ে হামাসের রাজনৈতিক প্রধান ইসমাইল হানিয়াকে হত্যা করেছে ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদ। সূত্র: যুগান্তর
- সোমালিয়ায় সৈকতে আত্মঘাতী হামলায় নিহত ৩২। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ভেনিজুয়েলার প্রেসিডেন্ট নির্বাচনে নিকোলা মাদুরোর বিজয়ী হওয়ার বিষয়ে অনুমোদন দিয়েছে দেশটির নির্বাচন কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক

৪ আগস্ট

- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা অনির্দিষ্টকালের অসহযোগ আন্দোলনের প্রথম দিনে নিহত হন ১৪ পুলিশসহ অন্তত ১০১ জন, গুলিবিদ্ধসহ আহত তিন সহস্রাধিক। সূত্র: সমকাল
- অনির্দিষ্টকালের জন্য কারফিউ জারি এবং তিনদিনের সাধারণ ছুটি ঘোষণা। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সরকার পদত্যাগের এক দফা দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'মার্চ টু ঢাকা' কর্মসূচির তারিখ একদিন এগিয়ে ৫ আগস্ট সোমবার পালনের ঘোষণা। সমন্বয়ক আসিফ মাহমুদ সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে এ তথ্য জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গণভবনে নিরাপত্তা-সংক্রান্ত জাতীয় কমিটির বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, এখন যারা নাশকতা করছে, তারা কেউই ছাত্র নয়। তারা সন্ত্রাসী। এই সন্ত্রাসীদের শক্ত হাতে দমন করুন। সূত্র: সমকাল
- মোবাইল ইন্টারনেট আবার বন্ধ। বন্ধ ফেসবুক, মেসেঞ্জার, হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রামসহ সব যোগাযোগমাধ্যম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর সরাসরি গুলি না করার নির্দেশনা চেয়ে যে রিট আবেদন করা হয়েছিল, তা খারিজ করে দিলেন আদালত। বিক্ষোভ দমনে পুলিশ প্রবিধান মানতে হবে: হাইকোর্ট। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অনির্দিষ্টকালের কারফিউ জারি হওয়ায় পূর্বনির্ধারিত শোক মিছিল স্থগিত করে আওয়ামী লীগ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- স্থানীয় কর্তৃপক্ষের ক্লিয়ারেন্স না পাওয়ায় সৈয়দপুর বিমানবন্দর থেকে ফিরে এলেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদসহ সাত হত্যার ঘটনায় গঠিত তিন সদস্যের বিচার বিভাগীয় তদন্ত কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা অসহযোগ কর্মসূচি ঘিরে উদ্ভূত পরিস্থিতিতে দেশের সব পোশাক কারখানা বন্ধ ঘোষণা বিজিএমইএ-এর। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের মালিকানাধীন গ্রামীণ কল্যাণকে পাঁচ করবর্ষে দিতে হবে ৬৬৬ কোটি টাকার কর। বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার ও বিচারপতি এসএম মনিরুজ্জামানের দ্বৈত হাইকোর্ট বেঞ্চ রিট খারিজের এ রায় দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম বাড়িয়ে ১৩৭৭ টাকা করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাজ্যে কট্টর ডানপন্থিদের সঙ্গে পুলিশের ব্যাপক সংঘর্ষ, গ্রেফতার ৯০। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের মধ্যপ্রদেশে দেওয়াল ধসে ৯ শিশুর মৃত্যু। সূত্র: যুগান্তর
- মধ্যপ্রাচ্যে তীব্র উত্তেজনার মধ্যেই ইসরায়েলের উত্তরাঞ্চলীয় বেইট হিল্লেল রকেট হামলা চালিয়েছে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৫ আগস্ট

- ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মুখে পদত্যাগ করে দেশ ছাড়লেন শেখ হাসিনা। সূত্র: সমকাল
- দেশ চালাবে অন্তর্বর্তী সরকার–বিকাল ৪টায় জাতির উদ্দেশে দেওয়া ভাষণে সেনাপ্রধান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার বোন শেখ রেহানা দেশ ছাড়ার পর গণভবন, সংসদ ভবন ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রবেশ করে উল্লাস করে জনতা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সংসদ ভেঙে অন্তর্বর্তীকালীন সরকার গঠন করে দ্রুত নির্বাচন দেওয়ার ঘোষণা দিলেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এ ঘোষণা দেন তিনি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বিজয়ের দিনেও পুলিশের গুলি-হামলা, নিহত ১০৩। সূত্র: যুগান্তর
- রাজধানীর তেজগাঁওয়ে এক সংবাদ সম্মেলনে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক মো. নাহিদ ইসলাম বলেন, ২৪ ঘণ্টার মধ্যে অন্তর্বর্তী সরকারের রূপরেখা পেশ করবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। পাশাপাশি ২৪ ঘণ্টার মধ্যে আন্দোলন ঘিরে গ্রেফতার হওয়া সব বন্দির মুক্তির দাবি জানান তারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- চলমান পরিস্থিতিতে দেশবাসীকে শান্ত থাকার আহ্বান জানান বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ৬ আগস্ট থেকে সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান, কলকারখানা, স্কুল-কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষাপ্রতিষ্ঠান খোলা থাকবে। আইএসপিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সূত্র: প্রথম আলো
- শেরপুর কারাগারে হামলা-অগ্নিসংযোগের ঘটনায় কারাগারে আটক থাকা ৫২৮ জন আসামি পালিয়ে যায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দিয়েছে পশ্চিম আফ্রিকার দেশ মালি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে ইসরায়েলি বর্বর হামলায় আরও ৩০ ফিলিস্তিনি নিহত। উপত্যকাটির দুটি স্কুলে চালানো এ হামলায় নিহতদের ৮০ শতাংশই শিশু। সূত্র: যুগান্তর
- জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়ায় সাধারণ জনতার বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে অর্থনৈতিক সংকটে জর্জরিত আফ্রিকার দেশ নাইজেরিয়া। এক সপ্তাহ আগে ছড়িয়ে পড়া বিক্ষোভের অবসানে প্রথমবার জনসম্মুখে কথা বলেছেন দেশটির প্রেসিডেন্ট বোলা টিনুবু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- হামাসপ্রধান ইসমাইল হানিয়ার হত্যার প্রতিশোধ হিসাবে যেকোনো সময় ইসরায়েলে হামলা চালাতে পারে ইরান। মার্কিন নিউজ ওয়েবসাইট অ্যাক্সিওসের রিপোর্টের বরাত দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইয়েমেনের বিদ্রোহী গোষ্ঠী হুতিদের ক্ষেপণাস্ত্র হামলায় এডেন উপসাগরে একটি জাহাজে আগুন ধরে যায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৬ আগস্ট

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে তিন বাহিনীর প্রধান ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের বৈঠকে নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান করে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের সিদ্ধান্ত হয়। এই বৈঠকে অংশগ্রহণ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ১৩ সদস্যের একটি প্রতিনিধিদল। সূত্র: যুগান্তর

- প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার ইস্তফার পর সাংবিধানিক ক্ষমতাবলে জাতীয় সংসদ বিলুপ্ত ঘোষণা করেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: প্রথম আলো
- থানায় প্রশ্নপত্র পুড়ে যাওয়ায় এবং সার্বিক নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় আগামী ১১ আগস্ট থেকে নতুন সময়সূচিতে এইচএসসি পরীক্ষা হচ্ছে না বলে জানান আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- সাড়ে ছয় বছর পর মুক্তি পেলেন সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। নির্বাহী আদেশে দণ্ডাদেশ মওকুফ করে তাকে মুক্তি দেওয়া হয়। রাষ্ট্রপতির প্রেস উইংয়ের পাঠানো এক প্রজ্ঞাপনে এ কথা জানানো হয়। সূত্র: যুগান্তর
- দেশ ছেড়ে পালানোর সময় ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আটক করা হয় সাবেক ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত এবং ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের সভাপতি রিয়াজ মাহমুদকে। এদিকে অবৈধ পথে ভারতে পালিয়ে যাওয়ার সময় ফেনী জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ফেনী-২ আসনের সাবেক এমপি নিজাম হাজারীকে দুই সহযোগীসহ আটক করে সেনাবাহিনী ও বিজিবি। সূত্র: যুগান্তর
- শেখ হাসিনার ভিসা বাতিল করল যুক্তরাষ্ট্র। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে ব্রিটিশ সাংবাদিক ডেভিড বার্গম্যান শেখ হাসিনার যুক্তরাষ্ট্রের ভিসা বাতিলের তথ্য জানান। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার গণতান্ত্রিক হওয়া উচিত বলে উল্লেখ করেছে হোয়াইট হাউজ। চলমান রাজনৈতিক সংকট নিয়ে দেওয়া প্রথম প্রতিক্রিয়ায় এ মন্তব্য করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের নেতৃত্বাধীন প্রশাসন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মেজর জেনারেল জিয়াউল আহসানকে চাকরি থেকে অব্যাহতি দেওয়া-সহ বাংলাদেশ সেনাবাহিনীর শীর্ষস্থানীয় কয়েকটি পদে রদবদল করা হয়েছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক

সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, লেফটেন্যান্ট জেনারেল মো. সাইফুল আলমের চাকরি পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। লেফটেন্যান্ট জেনারেল মো. মজিবুর রহমানকে জিওসি আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড, লেফটেন্যান্ট জেনারেল আহম্মদ তাবরেজ শামস চৌধুরীকে সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল, লেফটেন্যান্ট জেনারেল মিজানুর রহমান শামীমকে সেনাবাহিনীর চিফ অব জেনারেল স্টাফ, লেফটেন্যান্ট জেনারেল মোহাম্মদ শাহীনুল হককে কমান্ড্যান্ট এনডিসি এবং মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমানকে এনটিএমসির মহাপরিচালক হিসাবে নিয়োগ দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকাসহ দেশের বিভিন্ন পুলিশ স্টেশনের অভ্যন্তরীণ নিরাপত্তা ও রাজধানী শহরের ট্রাফিকের দায়িত্ব দেওয়া হলো বাংলাদেশ আনসার ব্যাটেলিয়ানকে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কোটা সংস্কার ও ছাত্র-জনতার আন্দোলন ঘিরে দীর্ঘদিন বন্ধ থাকার পর খুলে দেওয়া হলো দেশের সকল সরকারি-বেসরকারি অফিস ও শিক্ষাপ্রতিষ্ঠান। সূত্র: যুগান্তর
- পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) পদে নিয়োগ পেলেন মো. ময়নুল ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর যাত্রাবাড়ী থানা ঘেরাও, সংঘর্ষ ও গুলিতে নিহত অর্ধশতাধিক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশে জনমানুষ ও সরকারি-বেসরকারি সম্পদের নিরাপত্তা নিশ্চিত এবং সাংবাদিকদের ওপর আক্রমণ বন্ধ করার আহ্বান জানান সম্পাদক পরিষদ। সূত্র: যুগান্তর
- বাংলাদেশে একটি শান্তিপূর্ণ, সুশৃঙ্খল ও গণতান্ত্রিক উত্তরণের আহ্বান জানান জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় যুদ্ধ দীর্ঘায়িত করতে হামাসপ্রধান ইসমাইল হানিয়াকে হত্যা করেছে ইসরায়েল, অভিযোগ করেন ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রে রানিংমেট বা ভাইস প্রেসিডেন্ট হিসাবে মিনেসোটার গভর্নর টিম ওয়ালজকে বেছে নিলেন ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে ইসরায়েলি বর্বর হামলায় আরও ৪০ ফিলিস্তিনি নিহত। আহত ৭১ জন। সূত্র: সমকাল
- বিশ্বে প্রথম স্বয়ংক্রিয়ভাবে দাঁতের অস্ত্রোপচার সম্পন্ন করল এক রোবট ডেন্টিস্ট। যুক্তরাষ্ট্রের পার্সেপটিভ কোম্পানি এই সফল অস্ত্রোপচার করে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় হারিকেন ডেবির আঘাতে পাঁচজনের মৃত্যু হয়েছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৭ আগস্ট

- সরকার গঠনের প্রস্তুতি শুরু। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার শপথ নিতে ফ্রান্সের প্যারিস থেকে ঢাকার উদ্দেশে রওয়ানা দেন অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর
- দেশবাসীর উদ্দেশ্যে পাঠানো এক বার্তায় অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার জন্য মনোনীত অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেন, কোনোপ্রকার ভুলের কারণে আমাদের এই বিজয় যেন হাতছাড়া হয়ে না যায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রম আইন লঙ্ঘনের মামলায় শ্রম আদালতের দেওয়া কারাদণ্ড থেকে খালাস পেলেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ তিন শীর্ষ কর্মকর্তা। এ রায় দেন শ্রম আপিল ট্রাইব্যুনালের বিচারক এমএ আউয়াল। সূত্র: যুগান্তর
- সেনাসদরে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: সমকাল
- আত্মগোপনে থাকা পুলিশ সদস্যদের ৮ আগস্ট সন্ধ্যার মধ্যে নিজ নিজ ইউনিটে যোগ দেওয়ার নির্দেশ দিলেন পুলিশের নবনিযুক্ত আইজিপি মো. ময়নুল ইসলাম। দায়িত্ব নেওয়ার পর পুলিশ সদর দপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ নির্দেশ দেন। সূত্র: যুগান্তর

- নিখোঁজ হওয়ার ৫ বছর ৩ মাস পর মুক্ত হলেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) সংগঠক মাইকেল চাকমা। সূত্র: সমকাল
- শেখ হাসিনা সরকার পতনের পরদিনই জামিনে মুক্ত হলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব, রুহুল কবির রিজভী আহমেদ, ডাকসুর সাবেক ভিপি ও ঢাকা মহানগর উত্তর বিএনপির আহ্বায়ক আমান উল্লাহ আমান, সদস্যসচিব আমিনুল হক, বিএনপির প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী অ্যানী, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সহিংসতার ঘটনায় রাজধানীর পৃথক দুই মামলায় আটক গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর, জাতীয় পার্টি (বিজেপি) চেয়ারম্যান আন্দালিব রহমান পার্থ, বিএনপির প্রচার সম্পাদক, সুলতান সালাউদ্দিন টুকু, বিএনপি নেতা ইশরাক হোসেন, ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য সচিব রফিকুল ইসলাম মজনুসহ হাজারো নেতাকর্মী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নবায়নকৃত পাসপোর্ট হাতে পেলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া। খালেদা জিয়ার প্রতিনিধি নতুন মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) সংগ্রহ করেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর নয়াপল্টনে বিএনপির বিশাল জনসভায় ভার্চুয়ালি বক্তব্য দেন দলের চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকা থেকে চুরি, ছিনতাই, ডাকাতি ও লুটের অভিযোগ। থানাগুলোয় পুলিশ না থাকায় রাজধানীসহ দেশের অধিকাংশ স্থানে এলাকাবাসীরা লাঠিসোঁটা হাতে দল বেঁধে রাত জেগে পাহারা দিচ্ছে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইরানের রাজধানী তেহরানে ৩১ জুলাই খুন হন হামাসপ্রধান ইসমাইল হানিয়া। তাঁকে রিমোট কন্ট্রোল বোমার সাহায্যে হত্যা করা হয়েছে বলে জানা গেছে। এ হত্যাকাণ্ডের পেছনে ভারতীয় বংশোদ্ভূত গুপ্তচর জড়িত বলে দাবি করেছে তুরস্ক। সূত্র: সমকাল

- ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের রাজনৈতিক শাখার নতুন প্রধান হিসাবে নিযুক্ত হয়েছেন ইয়াহিয়া সিনওয়ার। সূত্র: যুগান্তর
- নিজেকে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী ঘোষণা করলেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার বলেন, মুসলিমবিদ্বেষী ও অভিবাসীবিরোধী দাঙ্গা সামলাতে পর্যাপ্ত পুলিশ প্রস্তুত রয়েছে। সূত্র: সমকাল
- ভুয়া খবর প্রকাশের দায়ে এক রুশ সামরিক ব্লগারকে সাড়ে ৬ বছরের কারাদণ্ড দিলেন রাশিয়ার একটি আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৮ আগস্ট

- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসাবে শপথ নিলেন শান্তিতে নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। এই সরকারের উপদেষ্টা হিসাবে আছেন ১৬ জন। বঙ্গভবনে ড. মুহাম্মদ ইউনূসকে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: সমকাল
- অন্তর্বর্তীকালীন সরকারের পূর্ণ মন্ত্রীর মর্যাদায় উপদেষ্টা হিসাবে শপথ নিলেন বৈষম্যবিরোধী আন্দোলনের সমন্বয়ক নাহিদ ইসলাম ও আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্যারিস থেকে ঢাকার ফিরলে অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে উষ্ণ অভ্যর্থনা জনান সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। এসময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা তাঁকে ফুল দিয়ে বরণ করে নেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসাবে শপথ নেওয়ার পর জাতির উদ্দেশে ভাষণ দিলেন ড. মুহাম্মদ ইউনূস। ভাষণ প্রদানকালে তিনি বলেন, যারা অপরাধ করেছে তাদের আইনের মাধ্যমে বিচারের আওতায় এনে শিগ্‌গিরই উপযুক্ত শাস্তি দেওয়া হবে। এ কথা সব মন্ত্রণালয়, সংস্থা, দপ্তর, শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য। সর্বত্র অপরাধীর বিচার হবে। প্রতিটি অফিসের দায়িত্বরতরা নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে দ্বিতীয় স্বাধীনতা উপভোগ করবেন। দেশের মর্যাদাকে গৌরবের শীর্ষে নিয়ে যাবেন। সূত্র: সমকাল

- বৈষম্যবিরোধী আন্দোলনে আহতদের দেখতে এবং চিকিৎসার খোঁজখবর নিতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গেলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর
- অ্যাটর্নি জেনারেল হিসাবে নিয়োগ পেলেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জনগণের গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্ধারণে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের সঙ্গে কাজ করতে যুক্তরাষ্ট্র প্রস্তুত বলে জানান মার্কিন পররাষ্ট্র দপ্তর। ওয়াশিংটনে নিয়মিত ব্রিফিংয়ে পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার এ কথা জানান। সূত্র: যুগান্তর
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হওয়ায় ড. মুহাম্মদ ইউনূসকে শুভেচ্ছা জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: সমকাল
- অন্তর্বর্তীকালীন সরকারকে পরামর্শদান, সরকার, অংশীজন এবং ছাত্র-জনতার সঙ্গে সমন্বয় করতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের লিয়াজোঁ কমিটি ঘোষণা। ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক মো. নাহিদ ইসলাম। সূত্র: সমকাল
- আওয়ামী লীগ সরকার ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের কর্মসূচিকে কেন্দ্র করে বিদ্বেষ, গুজব ছড়ানো ও দায়িত্বজ্ঞানহীনতার অভিযোগ এনে দিগন্ত টিভির সম্প্রচার সাময়িক বন্ধ করে দেওয়ার ১১ বছর পর স্থগিতাদেশ প্রত্যাহার করল তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী ও সিপিএমের বর্ষীয়ান নেতা বুদ্ধদেব ভট্টাচার্যের (৮০) মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের নতুন প্রধান ইয়াহিয়া সিনওয়ার নাম ঘোষণার পরপরই হত্যার হুমকি দিয়েছে বর্বর ইসরায়েলি বাহিনী। ইসরায়েলের একটি সামরিক ঘাঁটি সফরের সময় সিনওয়ারকে নিশ্চিহ্ন করার ঘোষণা দেন দেশটির প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। সূত্র: যুগান্তর
- বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম কমেছে। বৃহস্পতিবার ব্রেন্ট ক্রুডের দাম ১৬ সেন্ট বা শূন্য দশমিক ২ শতাংশ কমে ৭৮ দশমিক ১৭ ডলারে দাঁড়ায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ▶ বৃষ্টিপাতে বিপর্যস্ত হিমাচল। ১৩ জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ তিউনিসিয়ার প্রধানমন্ত্রী আহমেদ হাশানিকে বরখাস্ত করলেন দেশটির প্রেসিডেন্ট কাইস সাইদ। সূত্র: দৈনিক ইত্তেফাক

৯ আগস্ট

- ▶ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের মধ্যে দপ্তর বণ্টন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা ড. সালেহউদ্দিন দায়িত্ব পেলেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের; অধ্যাপক ড. আসিফ নজরুল আইন ও বিচার; আদিলুর রহমান শিল্প; আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া যুব ও ক্রীড়া; হাসান আরিফ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়; তৌহিদ হোসেন পররাষ্ট্র; নূরজাহান বেগম স্বাস্থ্য ও পরিবার কল্যাণ; ব্রিগেডিয়ার সাখাওয়াত হোসেন স্বরাষ্ট্র; সৈয়দা রিজওয়ানা হাসান বন ও পরিবেশ; শারমিন এস মুরশিদ সমাজকল্যাণ; খালিদ হোসেন ধর্মবিষয়ক; ফরিদা হাসান মৎস্য ও প্রাণিসম্পদ; মো. নাহিদ ইসলাম ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। এছাড়া প্রতিরক্ষা, শিক্ষা, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্রবাহিনী, তথ্য, রেল, কৃষি, খাদ্য, সড়ক ও পরিবহণ, বাণিজ্য মন্ত্রণালয়-সহ ২৭টি মন্ত্রণালয় থাকছে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের হাতে। সূত্র: যুগান্তর
- ▶ অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় উপদেষ্টা পরিষদের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সরকারব্যবস্থায় আন্দোলনকারী শিক্ষার্থীদের সম্পৃক্ত করা, শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়া, রাষ্ট্রীয় কাঠামো পুনর্গঠন এবং আর্থিক খাত সক্রিয় করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়। সূত্র: সমকাল
- ▶ সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন প্রধান উপদেষ্টা নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ অন্য উপদেষ্টারা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ বাংলাদেশের নতুন অন্তর্বর্তীকালীন সরকারকে যেকোনো সহযোগিতা করতে প্রস্তুত বলে জানিয়েছে জাতিসংঘ ও ইউরোপীয় ইউনিয়ন

(ইইউ)। এদিকে দেশে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনতে ও পারস্পরিক সহযোগিতা বাড়াতে কাজ করার আশ্বাস দিয়েছে চীন ও যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর

- ▶ সামরিক বাহিনীর সহায়তায় সারা দেশে ৩৬১টি থানায় কার্যক্রম শুরু। এক বার্তায় এ তথ্য জানায় পুলিশ সদর দপ্তর। সূত্র: যুগান্তর
- ▶ পুলিশকে রাজনীতিমুক্ত রেখে নিরপেক্ষভাবে কাজ করার সুযোগ দেওয়াসহ ১১ দফা দাবি আদায়ে অনড় নন-ক্যাডার পুলিশ সদস্য ও কর্মকর্তারা। সব দাবি না মানা পর্যন্ত তারা কর্মবিরতি চালিয়ে যাওয়ার কথা জানান। রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে নবনিযুক্ত মহাপরিদর্শক (আইজিপি) ময়নুল ইসলামের সঙ্গে আলোচনার সময় তারা এ কথা জানান। সূত্র: সমকাল
- ▶ পুলিশ সদস্যদের সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ পদত্যাগ করেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার। তিনি ব্যক্তিগত কারণ দেখিয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবের কাছে তাঁর পদত্যাগপত্র পাঠান। সূত্র: প্রথম আলো
- ▶ নবগঠিত অন্তর্বর্তীকালীন সরকারকে বৈধতা দিলেন সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন আপিল বিভাগের সাত বিচারপতির পূর্ণাঙ্গ বেঞ্চ এই বৈধতা দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ বিজ্ঞাপন বা অন্য কোনো প্রচারণায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের ছবি ব্যবহার করতে নিষেধ করা হয়। প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে এ নির্দেশনা দেয়া হয়েছে বলে জানায় তথ্য অধিদফতর। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হওয়ায় অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে অভিনন্দন জানান ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। নিজের ভেরিফায়েড ফেসবুকে পেজ ও এক্সে এই শুভেচ্ছা বার্তা পোস্ট করেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ গাজা যুদ্ধবিরতি আলোচনা পুনরায় শুরু করতে সম্মত হয়েছে ইসরায়েল। ১৫ আগস্ট থেকে এ আলোচনা শুরু হবে। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- ব্রাজিলের সাওপাওলো রাজ্যে যাত্রীবাহী বিমান বিধ্বস্ত হয়ে ৬২ যাত্রীর সবাই নিহত। সূত্র: সমকাল
- ভেনিজুয়েলায় সরকারবিরোধী বিক্ষোভ আরও প্রকট আকার নিয়েছে। বিক্ষোভ দমনে প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো দেশটির সামাজিক যোগাযোগমাধ্যম দমনে এক্স বন্ধ করে দিয়েছেন। খবর এএফপির। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১০ আগস্ট

- রংপুরের পীরগঞ্জে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে নিহত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদের কবর জিয়ারত করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। কবর জিয়ারত শেষে তিনি বলেন, আজকের বাংলাদেশ আবু সাঈদের বাংলাদেশ। তিনি কারও একার নন, গোটা দেশের। ঘরে ঘরে লাখো আবু সাঈদ জন্মাবে। আবু সাঈদ এখন ঘরে ঘরে। দেশে যত পরিবার আছে, সব পরিবারের সন্তান তিনি। জাতিধর্মনির্বিশেষে সবারই সন্তান। শিক্ষার্থীরা স্কুল-কলেজে পড়বে আবু সাঈদের কথা। সূত্র: সমকাল
- নতুন অন্তর্বর্তী সরকারকে স্বাগত জানাল কানাডা। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ছাত্র-জনতার আন্দোলনের মুখে পদত্যাগ করেন প্রধান বিচারপতি ওবায়দুল হাসানসহ আপিল বিভাগের ছয় বিচারপতি। পদত্যাগ করা অন্য বিচারপতিরা হলেন–বিচারপতি এম. ইনায়েতুর রহিম, বিচারপতি মো. আবু জাফর সিদ্দিকী, বিচারপতি জাহাঙ্গীর হোসেন, বিচারপতি মো. শাহিনুর ইসলাম ও বিচারপতি কাশেফা হোসেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের ২৫তম প্রধান বিচারপতি হিসাবে নিয়োগ পেলেন হাইকোর্টের জ্যেষ্ঠ বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ। সূত্র: যুগান্তর
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে আন্দোলনকারীদের চাপে পদত্যাগ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এএসএম মাকসুদ কামাল। এছাড়া ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগ করেছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। এর আগে বিশ্ববিদ্যালয়টির সব হলের প্রভোস্ট ও প্রক্টরিয়াল বডির সদস্যরা পদত্যাগ করেন। সূত্র: সমকাল

- সেনাবাহিনীর সহযোগিতায় সারা দেশে আরও ১৭৭টি থানার কার্যক্রম শুরু হয়েছে। এ নিয়ে মেট্রোপলিটন ও রেঞ্জের ৫৩৮টি থানার কার্যক্রম শুরুর কথা জানায় পুলিশ সদর দপ্তর। সূত্র: যুগান্তর
- গোপালগঞ্জ সদর উপজেলায় ক্ষমতাচ্যুত শেখ হাসিনাকে দেশে ফেরানোর দাবিতে দলটির নেতাকর্মীর বিক্ষোভ থেকে সেনাবাহিনীর গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। এতে সেনাসদস্যসহ অন্তত ১৫ জন আহত হন। সূত্র: সমকাল
- যশোরে প্রবাসীকে গুলি করে এবং টাইলস মিস্ত্রিকে গলা কেটে হত্যা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ১৫ বছরে আওয়ামী লীগ সরকারের শাসনামলে গুমের শিকার ও নিখোঁজ স্বজনদের সন্ধান দাবি করেন শতাধিক পরিবার। রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে নিখোঁজ ব্যক্তিদের ছবি, ব্যানার-পোস্টার ও প্ল্যাকার্ড হাতে নিয়ে দাঁড়ান স্বজনরা। সূত্র: যুগান্তর
- থানার কার্যক্রম পুনরুদ্ধার ও আইনশৃঙ্খলা রক্ষায় প্রতিটি এলাকায় নাগরিক নিরাপত্তা কমিটি গঠনের নির্দেশ দিয়েছে পুলিশ সদর দপ্তর। সূত্র: সমকাল
- ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) ক্যাম্পাস ও হলে সব ধরনের ছাত্ররাজনীতি নিষিদ্ধ। ঢাকা মেডিক্যাল কলেজের একাডেমিক কাউন্সিলের বৈঠকে সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- মিয়ানমারের রাখাইন রাজ্যে তিন-চার দিন ধরে সরকারি সেনা ও বিদ্রোহীদের মধ্যে তুমুল সহিংসতার মুখে পালিয়ে বাংলাদেশে আসার পথে নৌকাডুবির ঘটনায় গত তিনদিনে নাফ নদ ও সমুদ্রসৈকতে শিশুসহ ৪৪ রোহিঙ্গার মৃতদেহ ভেসে এসেছে। সূত্র: সমকাল
- গাজায় স্কুলে ইসরায়েলের বোমা হামলায় নারী-শিশুসহ নিহত ১০০ এবং আহত হয়েছেন আরও বহুসংখ্যক মানুষ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভয়াবহ দাবানলে পুড়ছে আমাজন। রয়টার্সের খবরে বলা হয়, আগুনে বনটির প্রায় ৬০০ বর্গকিলোমিটার পুড়ে ছাই হয়ে গেছে। গত ২০ বছরের মধ্যে সবচেয়ে ভয়াবহ দাবানলের কবলে পড়েছে এই বনটি। সূত্র: যুগান্তর

▶ গত কয়েকদিনে নৌকায় ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার চেষ্টাকালে অন্তত ১১৮ জন অভিবাসনপ্রত্যাশীকে উদ্ধার করেছে মানবিক সংস্থাগুলো। সূত্র: দৈনিক ইত্তেফাক

১১ আগস্ট

▶ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে পুলিশের পোশাক পরিবর্তন, রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার বন্ধে পুলিশ কমিশন গঠন, ছাত্র-জনতার ওপর হামলা চালানোর নির্দেশদাতাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া এবং রংপুরে শিক্ষার্থী আবু সাঈদের মৃত্যুর ঘটনায় জড়িত পুলিশ সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃগীত হয়। সূত্র: যুগান্তর

▶ পুলিশকে কাজে ফিরতে ১৫ আগস্ট সময়সীমা বেঁধে দিলেন স্বরাষ্ট্র উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন।। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ইসলামী ব্যাংকের নিয়ন্ত্রণ নিতে পালটাপালটি অবস্থানের মধ্যে গুলিবিদ্ধ হলেন ছয়জন। সূত্র: সমকাল

▶ বঙ্গভবনে দেশের ২৫তম প্রধান বিচারপতি হিসাবে সৈয়দ রেফাত আহমেদকে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের টাকা আত্মসাতের অভিযোগের মামলায় খালাস পেলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ ১৪ জন। সূত্র: যুগান্তর

▶ সচিবালয়ে স্বরাষ্ট্র উপদেষ্টা, আইজিপি, ডিএমপি কমিশনারসহ পদস্থ কর্মকর্তাদের বৈঠকে আশ্বাসের পর পুলিশের কর্মবিরতি প্রত্যাহার। সূত্র: যুগান্তর

▶ অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা হিসাবে শপথ নিলেন আরও দুই উপদেষ্টা। তারা হলেন বিধান রঞ্জন রায় ও সুপ্রদীপ চাকমা। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস ভিভিআইপি প্রটোকল পাচ্ছেন। কিন্তু তিনি রাস্তা আটকে (রোড

ব্লকিং টু ভিভিআইপি মুভমেন্ট) বিশেষ সুবিধায় যাতায়াত করছেন না। সূত্র: যুগান্তর

▶ পদত্যাগ করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ। সূত্র: সমকাল

▶ ৯ বছর পর ভারতের শিলং থেকে দেশে ফিরলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় দেশজুড়ে ইন্টারনেট সেবা বন্ধে জড়িতদের খুঁজে বের করতে ২৪ ঘণ্টার সময় বেঁধে দিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: যুগান্তর

▶ প্রায় এক মাস বন্ধ থাকার পর ১৭ আগস্ট থেকে মেট্রোরেল চালুর সিদ্ধান্ত নেওয়া হয় অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের সভায়। সূত্র: সমকাল

▶ শুধু সমপদে কর্মরত দুইজন শিক্ষকের লিখিত সম্মতিপত্রসহ পারস্পরিক বদলি হতে পারবেন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষকরা। এমন শর্ত রেখে বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের বদলি নীতিমালা প্রকাশ করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ (মাউশি)। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের (বিটিএমএ) সভাপতি নির্বাচিত হলেন আম্বার গ্রুপের চেয়ারম্যান শওকত আজিজ রাসেল। সূত্র: যুগান্তর

▶ চাকরি স্থায়ীকরণের দাবিতে সুপ্রিম কোর্টের সামনে আনসারদের বিক্ষোভ। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ অবরুদ্ধ গাজায় একটি স্কুল ভবনে আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত ফিলিস্তিনিদের লক্ষ্য করে আবারও বিমান হামলা, ৭০ জনের বেশি নিহত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ইরানের নতুন পররাষ্ট্রমন্ত্রী হিসাবে আব্বাস আরাকিকে মনোনীত করেন দেশটির নবনির্বাচিত প্রেসিডেন্ট মাসু পেজেশকিয়ান। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১২ আগস্ট

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে মতবিনিময় করেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও সরকারি ছুটি বাতিলের পরামর্শ দিল বিএনপি-সহ বিভিন্ন রাজনৈতিক দল। সূত্র: সমকাল
- শেখ হাসিনাকে বিচারের মুখোমুখি হতে হবে- স্বরাষ্ট্র উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নিজ অফিস কক্ষে এক সাক্ষাৎকারে এ কথা বলেন তিনি। সূত্র: যুগান্তর
- বাক্স্বাধীনতা এবং স্বাধীন সংবাদপত্রের কণ্ঠরোধ ও নিয়ন্ত্রণের বিবর্তনমূলক বিশেষ আইনগুলো (কালো আইন) অবিলম্বে বাতিলের দাবি জানায় সম্পাদক পরিষদ। সম্পাদক পরিষদের সভাপতি মাহফুজ আনাম ও সাধারণ সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ এক বিবৃতিতে এ দাবি জানান। সূত্র: সমকাল
- প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ বলেন, অন্যায় চাপ ও ভয়ভীতির আশঙ্কা করবেন না, নির্ভয়ে বিচারকাজ করুন। অ্যাটর্নি জেনারেল কার্যালয় ও সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির পক্ষ থেকে দেওয়া সংবর্ধনার জবাবে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- খুলনা শহিদ শেখ আবু নাসের স্টেডিয়ামে সেনাবাহিনীর অস্থায়ী ক্যাম্পের কার্যক্রম পরিদর্শন করেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান। পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের বলেন, পুলিশ স্বাভাবিক কাজ শুরু করলে সেনাবাহিনী ব্যারাকে ফিরে যাবে। সূত্র: যুগান্তর
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী হিসাবে নিয়োগ পেলেন সাবেক মন্ত্রিপরিষদ সচিব আলী ইমাম মজুমদার। সূত্র: সমকাল
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যের পাদদেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের উদ্যোগে 'খুনি শেখ হাসিনার বিচার দাবি ও ক্যাম্পাসে দখলদারির রাজনীতি বন্ধের' দাবিতে সমাবেশ হয়।

সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ এসময় তিন দফা দাবি তুলে ধরেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ইসরায়েল-ইরান উত্তেজনার মধ্যেই এবার মধ্যপ্রাচ্যে গাইডেড মিসাইল সাবমেরিন পাঠাল যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- উগান্ডার রাজধানী কাম্পালার এক বিশাল আবর্জনার ভাগাড়ে ধসের ঘটনায় ২৩ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ আগস্ট

- রাজধানীর ঢাকেশ্বরী মন্দির পরিদর্শনকালে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, আইনের দৃষ্টিতে সবাই সমান। বিভেদ সৃষ্টি করার কোনো সুযোগ নেই। এসময় আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল, ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন এবং সনাতন ধর্মাবলম্বীদের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন। সূত্র: সমকাল
- কোটা সংস্কার আন্দোলন চলাকালে রাজধানীর মোহাম্মদপুর এলাকায় পুলিশের গুলিতে এক দোকানমালিকের মৃত্যুর ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সাতজনের বিরুদ্ধে হত্যা মামলা। অন্য আসামিরা হলেন–ওবায়দুল কাদের, আসাদুজ্জামান খান কামাল, চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, হাবিবুর রহমান, মো. হারুন-অর-রশীদ ও বিপ্লব কুমার সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ঘোষিত ১৫ আগস্টের সাধারণ ছুটি বাতিল করা হয়েছে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বৈঠকে বিষয়টি অনুমোদন হয়। সূত্র: সমকাল
- শেখ হাসিনা সরকারের অধীনে সংঘটিত 'গণহত্যা'র নিরপেক্ষ, স্বচ্ছ ও আন্তর্জাতিকমানের তদন্তের জন্য জাতিসংঘকে চিঠি দিয়েছে বিএনপি। বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারীর গোয়েন লুইসের হাতে এ সংক্রান্ত চিঠি তুলে দেন দলের স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। সূত্র: যুগান্তর
- রাজধানীর সদরঘাট এলাকা থেকে গ্রেফতার হলেন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগবিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান এবং সাবেক আইনমন্ত্রী আনিসুল হক। সূত্র: দৈনিক ইত্তেফাক

- অর্থনীতিবিদ ড. আহসান এইচ মনসুর কেন্দ্রীয় ব্যাংকের পরবর্তী গভর্নর নিযুক্ত। সূত্র: যুগান্তর
- জীবন বিপন্ন হতে পারে–ধর্মবর্ণনির্বিশেষে এমন অনেককেই সেনাবাহিনী আশ্রয় দিয়েছে বলে জানিয়েছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: সমকাল
- মঙ্গলগ্রহে এবার পানির সন্ধান পেলেন বিশেষজ্ঞরা। গ্রহটির আগ্নেয়শিলার নিচে তরল পানির আধার থাকতে পারে বলে জানিয়েছেন নাসার বিজ্ঞানীরা। প্রসিডিংস অব দ্য ন্যাশনাল একাডেমি অব সায়েন্সের প্রতিবেদনের (পিএনএএস) বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স। সূত্র: যুগান্তর

১৪ আগস্ট

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) নেতাদের সঙ্গে মতবিনিময় করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি এ সময় শেখ হাসিনার স্বৈরশাসনের অধীনে ১৫ বছরের লুণ্ঠনের পর দেশ পুনর্গঠনে সহায়তা করতে তাদের প্রতি আহ্বান জানান। সূত্র: সমকাল
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আরও তিন মামলা। বৈষম্যবিরোধী আন্দোলনে নিরস্ত্র ছাত্র-জনতার ওপর গুলি, হত্যার নির্দেশদাতা ও পরিকল্পনাকারী হিসাবে শেখ হাসিনাসহ ৯ জনের নামে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগ আনা হয়েছে। সূত্র: যুগান্তর
- জুলাই-আগস্টের গণহত্যার বিচার হবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে। এক সংবাদ সম্মেলনে সরকারের এ সিদ্ধান্ত জানান আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নিউমার্কেট থানায় দায়ের করা হত্যা মামলায় সালমান এফ রহমান ও আনিসুল হকের ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। ডিবি হেফাজতে জিজ্ঞাসাবাদ করা হবে তাদের। সূত্র: সমকাল
- দ্বাদশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার শামসুল হক টুকু; সাবেক ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এবং

ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতকে গ্রেফতার করেছে পুলিশ। সূত্র: প্রথম আলো

- বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করবে না বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। সূত্র: যুগান্তর
- আগামী মাসে পদত্যাগের ঘোষণা দিয়েছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। রাজধানী টোকিওতে বুধবার এক সংবাদ সম্মেলনে কিশিদা এ সংক্রান্ত ঘোষণা দেন। সূত্র: সমকাল
- ইউক্রেনের দখলে রাশিয়ার ৭৪ গ্রাম। বেলগোরোদে জরুরি অবস্থা জারি মস্কোর। সূত্র: যুগান্তর
- জেলখাটা সাবেক এক আইনজীবীকে মন্ত্রিপরিষদে নিয়োগ দেওয়ায় প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিনকে বরখাস্ত করেছেন থাইল্যান্ডের সাংবিধানিক আদালত। সূত্র: সমকাল

১৫ আগস্ট

- বৈষম্যবিরোধী আন্দোলনে নিরস্ত্র ছাত্র-জনতার ওপর গুলি, হত্যার নির্দেশদাতা ও পরিকল্পনাকারী হিসাবে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৯ জনের নামে গণহত্যার অভিযোগটি মামলা হিসাবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থায় নথিভুক্ত করা হয়েছে। সূত্র: যুগান্তর
- অন্তর্বর্তীকালীন সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বলেন, যারা সাধারণ ছাত্র ও জনসাধারণকে নির্মমভাবে গুলি করে হত্যা করেছে, তাদের প্রত্যেককেই আইনের আওতায় এনে কঠোর শাস্তি দেওয়া হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর পল্টনে এক রিকশাচালককে হত্যার মামলায় সাবেক ডেপুটি স্পিকার শামসুল হক টুকু, সাবেক তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এবং ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- কর্মকর্তা-কর্মচারীদের চাপের মুখে পদত্যাগ করেন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক (এমডি) প্রকৌশলী তাকসিম এ খান। সূত্র: যুগান্তর
- গণ-অভ্যুত্থান নস্যাৎ হতে পারে–এমন আশঙ্কায় গত কয়েকদিন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে মাঠের কর্মসূচি দেওয়া হয়। রেজিস্ট্যান্স উইক কর্মসূচির অংশ হিসাবে শিক্ষার্থীরা শাহবাগে 'সর্বাত্মক অবস্থান কর্মসূচি' পালন করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা সংস্কারের দাবিতে আন্দোলন এবং পরবর্তী সময়ে সরকার পতনের আন্দোলনে যে সহিংসতার ঘটনা ঘটেছে; তার নিরপেক্ষ ও স্বাধীন তদন্তের জন্য আগামী সপ্তাহে জাতিসংঘ থেকে একটি প্রতিনিধিদল আসবে। তারা তদন্তের পর দায়বদ্ধতা নিশ্চিতে একটি পথনির্দেশিকা দেবেন বলেও জানিয়েছেন জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস। সূত্র: যুগান্তর
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আরও দুটি হত্যা মামলা হয়েছে। এ নিয়ে তার বিরুদ্ধে তিনদিনে পাঁচটি মামলা দায়ের হলো। সূত্র: যুগান্তর
- ভারতের পশ্চিমবঙ্গের কলকাতায় আরজি কর হাসপাতালে নারী চিকিৎসককে ধর্ষণের পর হত্যার ঘটনায় ব্যাপক বিক্ষোভ ছড়িয়ে পড়ে দেশটিতে। সূত্র: যুগান্তর
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলি হামলায় এখন পর্যন্ত নিহতের সংখ্যা ৪০ হাজার ছাড়াল। সূত্র: সমকাল

১৬ আগস্ট

- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে অন্তর্বর্তী সরকারের নেতৃত্ব গ্রহণ করায় অভিনন্দন জানান। টেলিফোনে নরেন্দ্র মোদি বাংলাদেশে সংখ্যালঘুদের সুরক্ষার বিষয়টি উত্থাপন করেন। জবাবে প্রধান উপদেষ্টা জানান, তাঁর সরকার সংখ্যালঘুসহ দেশের প্রত্যেক নাগরিককে সুরক্ষা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। সূত্র: সমকাল
- বাংলাদেশে কোটা সংস্কারের দাবিতে ছাত্র আন্দোলনে ১৬ জুলাই থেকে ১১ আগস্ট পর্যন্ত ৩২ শিশুসহ ৬৫০ জন নিহত হয়েছেন। জেনেভা থেকে

প্রকাশিত জাতিসংঘের মানবাধিকার কমিশনের (ইউএনএইচসিআর) প্রাথমিক প্রতিবেদনে এ তথ্য জানা গেছে। সূত্র: যুগান্তর

- কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে নিউমার্কেট এলাকার দোকান কর্মচারী শাহজাহান হত্যা মামলায় গ্রেফতার মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান আটদিনের রিমান্ডে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সাবেক সিনিয়র সচিব ড. শাহ কামালের বাসা থেকে বিপুল পরিমাণ দেশি-বিদেশি মুদ্রা উদ্ধার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। সূত্র: যুগান্তর
- ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা হিসাবে শপথ নিয়েছেন আরও চারজন। এ নিয়ে উপদেষ্টার সংখ্যা দাঁড়িয়েছে ২১। শপথের পর নতুন উপদেষ্টাদের দায়িত্ব দেওয়াসহ পুরোনোদের দায়িত্বও পুনর্বণ্টন করা হয়েছে। তাদের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) সাখাওয়াত হোসেনকে সরিয়ে লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরীকে এ দায়িত্ব দেওয়া হয়েছে। সূত্র: সমকাল
- প্রয়োজন অনুযায়ী বাংলাদেশের অন্তর্বর্তী সরকার ও জনগণকে সহায়তা করতে জাতিসংঘ প্রস্তুত রয়েছে। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের উপমুখপাত্র ফারহান হক একথা জানান। সূত্র: যুগান্তর
- ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যে এক নারী শিক্ষানবিশ চিকিৎসককে ধর্ষণ ও হত্যার ঘটনায় চলা বিক্ষোভ পুরো ভারতে ছড়িয়ে পড়ছে। ঘটনাসংশ্লিষ্ট আরজি কর হাসপাতালে ভাঙচুর করার পর দেশটিতে বিক্ষোভ আরও তীব্র হয়েছে। নৃশংস সেই অপরাধের প্রতিবাদে কলকাতা শহরে আয়োজিত বিশাল 'রাতের দখল নাও' কর্মসূচি চলার সময় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে সহিংস হামলা হয়। হামলা হয় পুলিশের ওপরও। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাশিয়ার বিরুদ্ধে চলমান অভিযানে নতুন করে অগ্রগতি দাবি করেছে ইউক্রেন। দেশটি দাবি করেছে, তারা ১ হাজার ১০০ বর্গকিলোমিটারের বেশি এলাকা দখল করেছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এটি রাশিয়ার ভূখণ্ডে কোনো বিদেশি সেনাবাহিনীর চালানো সবচেয়ে বড়ো হামলার ঘটনা। সূত্র: সমকাল

▶ এক দশক পর জম্মু-কাশ্মীরে নির্বাচনের ঘোষণা। তিন ধাপে হবে এই নির্বাচন। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৭ আগস্ট

▶ ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত 'থার্ড ভয়েস অব গ্লোবাল সাউথ সামিট-২০২৪' এর উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে বক্তব্য রাখেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি বক্তৃতায় বলেন, অবাধ ও সুষ্ঠু নির্বাচন করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এছাড়া টেকসই ভবিষ্যৎ বিনির্মাণ ও নতুন বিশ্ব গড়ে তুলতে গ্লোবাল সাউথের কৌশলের কেন্দ্রবিন্দুতে তরুণ ও ছাত্রদের রাখার আহ্বান জানান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ঢাকা কলেজের ছাত্রাবাসে 'শুদ্ধি অভিযান'। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও সাধারণ শিক্ষার্থীরা ছাত্রলীগ নেতাকর্মীর কক্ষ থেকে উদ্ধার করেন লাঠিসোঁটা, হেলমেটসহ ধারালো অস্ত্র। সূত্র: সমকাল

▶ চট্টগ্রামে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেলসহ ৩৪ জনের বিরুদ্ধে হত্যা মামলা করেন বৈষম্যবিরোধী আন্দোলনে নিহত কলেজছাত্র তানভীর ছিদ্দিকীর (১৯) চাচা মোহাম্মদ পারভেজ। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ পিলখানায় বিডিআর হত্যার ঘটনায় পুনঃতদন্ত ও নেপথ্যে থাকা ব্যক্তিদের চিহ্নিত করা, আয়নাঘর পরিচালনার সঙ্গে যুক্তদের বিচার এবং একই সঙ্গে আওয়ামী লীগ সরকারের আমলে সশস্ত্র বাহিনীর যেসব সদস্য বৈষম্য, নির্যাতন ও গুমের শিকার হয়েছেন, তাঁদের প্রতিকার দেওয়ার দাবিতে রাজধানীর মহাখালীর রাওয়া ক্লাবে সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের সংবাদ সম্মেলন। সূত্র: যুগান্তর

▶ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষে ১৮ জুলাই খালিদ সাইফুল্লাহ নামে এক শিক্ষার্থী গুলিবিদ্ধ হয়ে নিহত হওয়ায় তাঁর বাবা লালবাগ থানায় মামলা করতে গেলে পুলিশ মামলা রুজু করতে রাজি না হওয়ায় দেড় শতাধিক এলাকাবাসী থানা ঘেরাও করে বিক্ষোভ করে। সূত্র: সমকাল

▶ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশগ্রহণ করায় মানসিকভাবে পরীক্ষা দিতে প্রস্তুত না জানিয়ে এসএসসির ফলাফলের ওপর ভিত্তি করে এইচএসসির মূল্যায়নের দাবিতে কেন্দ্রীয় শহিদ মিনারের সামনে 'এইচএসসি-২৪ ব্যাচ, ঢাকা বোর্ড'-এর ব্যানারে মানববন্ধন করেন বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা। সূত্র: যুগান্তর

▶ নারী চিকিৎসক ধর্ষণ-হত্যাকাণ্ডে ভারতজুড়ে ২৪ ঘণ্টার ধর্মঘটে চিকিৎসকরা। বিপাকে রোগীরা, নিরাপত্তার আশ্বাস স্বাস্থ্য মন্ত্রণালয়ের। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ তুরস্কের সংসদে তুমুল মারামারি। দুই আইনপ্রণেতা আহত। ৩০ মিনিট ধরে চলে সংসদ-সদস্যদের হাতাহাতি। সংসদীয় অধিবেশন স্থগিত। সূত্র: যুগান্তর

▶ লেবাননে হামলা ও হত্যার প্রতিশোধ নিতে দখলদার ইসরায়েলের উত্তরাঞ্চলে অন্তত ৫৫টি রকেট ছুড়ে সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। এতে ইসরায়েলের উত্তরাঞ্চলের বিভিন্ন জায়গায় আগুন লেগে যায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ রাশিয়ার সেম নদীর ওপর নির্মিত একটি কৌশলগত গুরুত্বপূর্ণ সেতু ধ্বংস করেছে ইউক্রেন। সূত্র: সমকাল

▶ ইয়েমেনে আত্মঘাতী বোমা হামলায় ১৬ সেনা নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৮ আগস্ট

▶ রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনার, মিশনপ্রধান এবং জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের উদ্দেশে বক্তব্য রাখেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: সমকাল

▶ বিশেষ পরিস্থিতিতে সিটি করপোরেশন, পৌরসভা মেয়র এবং কাউন্সিলরদের অপসারণ করে প্রশাসক নিয়োগের বিধান রেখে অধ্যাদেশের (খসড়া)-২০২৪ এর গেজেট প্রকাশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- শেখ হাসিনার বিরুদ্ধে নতুন ৬ মামলা। ছয়দিনে ১৫টি এবং ঢাকায় একদিনে তিনটি মামলা। শাপলা চত্বরে গণহত্যার অভিযোগে সাবেক আইজিপি বেনজীর আহমেদসহ ৩৪ জনের বিরুদ্ধে মামলার আবেদন কনা হয়। সূত্র: সমকাল
- শেখ হাসিনা সরকারের পতনের পর জীবনসংশয়ের আশঙ্কায় দেশের বিভিন্ন সেনানিবাসে আশ্রয় নিয়েছিলেন ৬২৬ জন। তাদের মধ্যে রাজনৈতিক ব্যক্তি, বিচারক ছাড়াও বড়ো অংশ পুলিশবাহিনীর সদস্য। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: যুগান্তর
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুরের সঙ্গে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে 'ব্যাংকিং কমিশন' গঠনের সিদ্ধান্ত হয়। সূত্র: সমকাল
- সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলসংক্রান্ত মামলার রায় জালিয়াতি করে সংক্ষিপ্ত আদেশ বদলে ফেলার অভিযোগে সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হকের বিরুদ্ধে শাহবাগ থানায় মামলা করেন সুপ্রিম কোর্টের আইনজীবী মুহা. মুজাহিদুল ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঘিরে বন্ধ হওয়া শিক্ষাপ্রতিষ্ঠানগুলো এক মাস পর আবারও খুলল। সূত্র: সমকাল
- কনটেইনার হ্যান্ডলিং বৈশ্বিক তালিকায় এবারও ৬৭তম চট্টগ্রাম বন্দর। শিপিংবিষয়ক বিশ্বের অন্যতম প্রাচীন সংবাদমাধ্যম লয়েড'স লিস্ট ২০২৪ সালের এ র‍্যাংকিং প্রকাশ করে। সূত্র: যুগান্তর
- কক্সবাজারে পাহাড়ধসে তিনজনের মৃত্যু। রাঙামাটিতে সড়কধসে বন্ধ যানচলাচল। সূত্র: সমকাল
- শেখ হাসিনা সরকারের জেল-জুলুমসহ চরম নির্যাতনের শিকার হয়ে দীর্ঘ সাড়ে সাত বছর লন্ডনে নির্বাসনে থাকা বিশিষ্ট সাংবাদিক-টেলিভিশন উপস্থাপক শফিক রেহমান দেশে ফিরেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পশ্চিমবঙ্গের আরজি কর হাসপাতালে নারী চিকিৎসককে ধর্ষণের পর হত্যার প্রতিবাদে বিক্ষোভ ছড়িয়ে পড়েছে পুরো ভারতে। বিক্ষোভ

ছড়িয়ে পড়েছে বিদেশেও। আরজি করসহ আশপাশের এলাকায় জমায়েতে নিষেধাজ্ঞা। স্বতঃপ্রণোদিত হয়ে মামলা নিলেন সুপ্রিম কোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- থাইল্যান্ডের প্রধানমন্ত্রী হিসাবে নিয়োগ পেলেন পেতংতার্ন। সূত্র: যুগান্তর

১৯ আগস্ট

- ১২ সিটি করপোরেশনের মেয়রসহ দেশের সব জেলা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং পৌরসভার মেয়রদের পরিবর্তে প্রশাসক নিয়োগ দিলেন বর্তমান অর্ন্তবর্তীকালীন সরকার। এ সংক্রান্ত পৃথক প্রজ্ঞাপন জারি করে স্থানীয় সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সংবিধানের পঞ্চদশ সংশোধনী আইন কেন সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেন হাইকোর্ট। বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি শশাঙ্ক শেখর সরকারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল দেন। সূত্র: যুগান্তর
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও রংপুরে আরও ছয়টি হত্যা মামলা করা হয়েছে। এছাড়া দেশের বিভিন্ন স্থানে আওয়ামী লীগের সাবেক মন্ত্রী-এমপি, নেতাকর্মী ও পুলিশ কর্মকর্তাদের আসামি করে কমপক্ষে ৯টি হত্যা মামলা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক সমাজকল্যাণমন্ত্রী ডা. দীপু মনিকে রাজধানীর বারিধারার ডিওএইচএস এলাকা থেকে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের গুলশান বিভাগের একটি টিম গ্রেফতার করেছে। সূত্র: যুগান্তর
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার চাচাতো ভাই শেখ হেলাল, সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, জাহিদ মালেক, ছাত্রলীগের সাবেক সভাপতি লিয়াকত শিকদার ও তাদের পরিবারের ব্যাংক অ্যাকাউন্ট ফ্রিজ করেছে বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। সূত্র: সমকাল
- দীর্ঘ ১৭ বছর পর সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সব ব্যাংক হিসাব সচল করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কেন্দ্রীয় গোয়েন্দা শাখা (সিআইসি) থেকে খালেদা জিয়ার

সব ব্যাংক হিসাব সচল করার বিষয়ে একটি চিঠি বাংলাদেশ ব্যাংক বরাবর পাঠানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের মালিকানাধীন একটি টয়োটা ল্যান্ড ক্রুজার গাড়ি ধানমন্ডির একটি রাস্তায় পরিত্যক্ত অবস্থায় জব্দ করে পুলিশ। সূত্র: যুগান্তর
- যুক্তরাজ্যের অক্সফোর্ড ইউনিভার্সিটির চ্যান্সেলর পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য মনোনয়নপত্র জমা দিলেন পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কলকাতায় চিকিৎসককে ধর্ষণ-হত্যাকাণ্ডে মামলা নিলেন সুপ্রিমকোর্ট। সূত্র: যুগান্তর
- হুতিদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে বাদশাহর স্বাক্ষর জাল করেছিলেন সৌদি যুবরাজ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বেলারুশ সীমান্তে লক্ষাধিক ইউক্রেনীয় সেনা মোতায়েন। সূত্র: সমকাল

২০ আগস্ট

- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় ১০ জনকে হত্যার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ঢাকা, বগুড়া, জয়পুরহাট, রংপুর, ময়মনসিংহের ফুলপুর ও নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে আরও ১০টি হত্যা মামলা হয়েছে। এর মধ্যে চারটি মামলায় শেখ হাসিনার বোন শেখ রেহানা, ছেলে সজীব ওয়াজেদ জয়, মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলের নামও রয়েছে। সূত্র: যুগান্তর
- শিক্ষার্থীদের আন্দোলনের মুখে এ বছরের এইচএসসি ও সমমানের স্থগিত সব পরীক্ষা বাতিল করা হয়। সূত্র: সমকাল
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আওয়ামী লীগ সরকারের দমন-পীড়নে নিহত ৮১৯ জনের একটি তালিকা প্রকাশ করেছে মানবাধিকারবিষয়ক সংস্থা হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস)। নিহতদের মধ্যে ৩০ বছরের কম বয়সি ৬৯ শতাংশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ক্যাপ্টেন (অব.) এবি তাজুল ইসলামকে রাজধানীর গুলশান, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক

আহমদ হোসেনকে বনশ্রী, র‍্যাবের সাবেক মুখপাত্র রিয়ার অ্যাডমিরাল (অব.) এম সোহায়েলকে বনানী এবং চট্টগ্রাম থেকে কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ) আসনের সাবেক সংসদ-সদস্য আব্দুর রহমান বদিকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা বাহিনী। সূত্র: যুগান্তর

- শেয়ারবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসির সাবেক চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামসহ সংশ্লিষ্ট আটজনের সব ব্যাংক হিসাব ফ্রিজ করার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। সূত্র: সমকাল
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে অভিনন্দন জানান রাশিয়ার প্রধানমন্ত্রী মিখাইল মিশুস্তিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ১১৭ বছর বয়সে মারা গেলেন বিশ্বের সবচেয়ে বয়সি মানুষ স্পেনের মারিয়া ব্রায়ানাস মোরেরা। সূত্র: সমকাল
- পাঞ্জাব ও বেলুচিস্তানে বন্যায় ১০৩ জনের প্রাণহানি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে চেচনিয়ার সেনাবাহিনী ও স্বেচ্ছাসেবকদের প্রস্তুতি দেখতে চেচনিয়া সফরে যান রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: যুগান্তর, ২২ আগস্ট ২০২৪

২১ আগস্ট

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বাংলাদেশ থেকে যুক্তরাজ্যে পাচার করা অর্থ ফিরিয়ে আনতে ব্রিটিশ সরকারের সহযোগিতা চেয়েছেন। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক প্রধান উপদেষ্টার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে ড. ইউনূস পাচার হওয়া অর্থ ফেরত আনার বিষয়ে ব্রিটিশ সরকারের সহযোগিতা চান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- হাসপাতাল থেকে বাসায় ফিরলেন খালেদা জিয়া, সাড়ে ৬ বছর পর মুক্ত পরিবেশে। ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর ৬ আগস্ট নির্বাহী আদেশে দণ্ডাদেশ মওকুফ করে তাঁকে মুক্তি দেওয়া হয়। সূত্র: যুগান্তর
- ভারি বর্ষণ আর ভারত থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ডুবে গেছে দেশের কয়েক জেলার লোকালয়। ফেনী, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া,

সিলেট, মৌলভীবাজারের বাসিন্দারা পড়েছেন সবচেয়ে বিপদে। পানিবন্দি এসব জেলার লাখো মানুষ। সূত্র: সমকাল

- রাজনৈতিক পট পরিবর্তনে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সভাপতি নাজমুল হাসান পদত্যাগ করেন। তিনি বিদেশ থেকে তার পদত্যাগপত্র মেইল করে বিসিবিতে পাঠান। বিসিবির নতুন সভাপতি হিসাবে জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ফারুক আহমেদকে দায়িত্ব দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক বিদ্যুৎ, জ্বালানিমন্ত্রী নসরুল হামিদ বিপুর প্রতিষ্ঠান হামিদ গ্রুপে অভিযান চালিয়েছে যৌগ বাহিনী। অভিযানে বেশ কয়েকটি ভল্টে থাকা নগদ অর্থ ও বৈদেশিক মুদ্রা (প্রায় ১০ লাখ টাকা ও ২০০ তুর্কি মুদ্রা) এবং অস্ত্র-গুলিসহ অন্যান্য সামগ্রী জব্দ করা হয়। সূত্র: যুগান্তর
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ক্ষমতাচ্যুত সরকারের এমপি, মন্ত্রী এবং বাধ্যতামূলক অবসরে পাঠানো ও চুক্তি বাতিল হওয়া কর্মকর্তাদের কূটনৈতিক (লাল) পাসপোর্ট বাতিলের সিদ্ধান্ত নিয়েছে সরকার। মন্ত্রণালয়ের নিরাপত্তা ও বহির্গমন অনুবিভাগের অতিরিক্ত সচিব আলী রেজা সিদ্দিকী বলেন, লাল পাসপোর্ট বাতিলের জন্য পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালককে মৌখিকভাবে নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র: সমকাল
- রাষ্ট্রদ্রোহের এক মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে খালাস দিয়েছেন নোয়াখালীর আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতা হারানো শেখ হাসিনার বিরুদ্ধে আরও ১০টি মামলা হয়েছে। এর মধ্যে ঢাকায় ৫টি আর ঢাকার বাইরে ৫টি। এ নিয়ে ৯ দিনে শেখ হাসিনার বিরুদ্ধে ৩৯টি মামলা হলো। সূত্র: সমকাল
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে গুলি করে শিক্ষার্থী ও সাধারণ মানুষকে হত্যা, হামলা চালিয়ে আহত করা এবং ভাঙচুর-দখল-হয়রানিসহ অতীতের বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে আরও ১৩টি মামলা হয়েছে। এসব মামলায় সাবেক সংসদ সদস্য, মন্ত্রী-প্রতিমন্ত্রী, মেয়র, আওয়ামী লীগ নেতাকর্মী, পুলিশ কর্মকর্তাসহ ২ হাজার ৫০০ জনকে আসামি করা হয়েছে। সূত্র: যুগান্তর

- ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে হত্যা মামলায় গ্রেফতার হলেন একাত্তর টেলিভিশনের সাবেক বার্তাপ্রধান শাকিল আহমেদ ও সাবেক প্রধান প্রতিবেদক-উপস্থাপক ফারজানা রুপা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পশ্চিমবঙ্গে আন্দোলনের সিদ্ধান্তে অনড় জুনিয়র চিকিৎসকরা। বিক্ষোভ ঠেকাতে ভারতের স্কুল ও ইন্টারনেট বন্ধ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দাড়ি না রাখায় নিরাপত্তা বাহিনীর ২৮০ জনের বেশি সদস্যকে বরখাস্ত করেছে আফগানিস্তান। সূত্র: যুগান্তর
- হামাস ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি অনিশ্চিত রেখেই যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন মধ্যপ্রাচ্য ত্যাগ করেছেন। সূত্র: সমকাল
- ইরানের ইয়াজদ শহরে এক ভয়াবহ বাস দুর্ঘটনায় অন্তত ২৮ জন পাকিস্তানি নিহত এবং ২৩ জন আহত হয়েছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

২২ আগস্ট

- উপদেষ্টা পরিষদের বৈঠকে ছাত্র-জনতার আন্দোলনে হতাহতদের জন্য ফাউন্ডেশন তৈরির সিদ্ধান্ত। বন্যাকবলিত এলাকায় যেতে উপদেষ্টাদের নির্দেশনা দেন প্রধান উপদেষ্টা ড. ইউনূস। সূত্র: সমকাল
- ভারতের বাঁধভাঙা পানি, পাহাড়ি ঢল ও টানা ভারি বর্ষণে ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, হবিগঞ্জ, মৌলভীবাজার, কক্সবাজার ও পার্বত্য অঞ্চলে বন্যা পরিস্থিতির আরও অবনতি হয়েছে। ১০ জেলায় পানিবন্দি প্রায় ৩৬ লাখ মানুষ। চট্টগ্রাম ও সিলেটের সঙ্গে সারা দেশের ট্রেন চলাচল বন্ধ। ৩ জনের মৃত্যু, নিখোঁজ ২। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি ও সাবেক সংসদ সদস্য রাশেদ খান মেনন রাজধানীর গুলশান থেকে গ্রেফতার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের বিভিন্ন স্থানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে হত্যা, গুম-অপহরণের দায়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আরও নয়টি মামলা হয়েছে। সূত্র: যুগান্তর
- সাবেক প্রধানমন্ত্রী, মন্ত্রী, উপদেষ্টা ও সংসদ সদস্যদের জন্য বরাদ্দ করা সব কূটনৈতিক (লাল) পাসপোর্ট বাতিল করেছে সরকার। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। সূত্র: সমকাল

- বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনকে ঘিরে হত্যাকাণ্ডসহ সামগ্রিকভাবে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় প্রাথমিক তথ্যানুসন্ধান শুরু করেছে জাতিসংঘের একটি প্রতিনিধিদল। জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের অফিসের প্রতিনিধিদলের সদস্যরা পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে বৈঠকের মধ্য দিয়ে তথ্যানুসন্ধানের কার্যক্রম শুরু করে। সূত্র: যুগান্তর
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মার সাক্ষাৎকালে বন্যা মোকাবিলায় বাংলাদেশ-ভারত উচ্চতর কমিটির প্রস্তাব দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের সঙ্গে পানির ন্যায্য হিস্যার দাবিতে এবং ডম্বুর বাঁধ খুলে দিয়ে বাংলাদেশে আকস্মিক বন্যা সৃষ্টির প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ও বরিশাল বিশ্ববিদ্যালয়সহ (ববি) বিভিন্ন জেলায় বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থীরা। সূত্র: যুগান্তর
- নরসিংদীর রায়পুরার চরাঞ্চলে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের মধ্যে ট্যাটা ও গুলিবিদ্ধ হয়ে পাঁচজন নিহত, আহত অর্ধশতাধিক। সূত্র: সমকাল
- উত্তরায় পোশাককর্মী হত্যা মামলায় একাত্তর টেলিভিশনের সাবেক হেড অব নিউজ শাকিল আহমেদ ও প্রিন্সিপাল করসপনডেন্ট ফারজানা রুপার চারদিনের রিমান্ড মঞ্জুর। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাড়ে ৭ বছর পর এস আলমের প্রভাবমুক্ত ইসলামী ব্যাংক। ব্যাংকটির পরিচালনা পর্ষদ ভেঙে দিয়ে পাঁচ সদস্যের নতুন পর্ষদ গঠন করে দিয়েছে বাংলাদেশ ব্যাংক। নতুন পর্ষদের চেয়ারম্যান সোনালী ও রূপালী ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক ওবায়েদ উল্লাহ আল মাসুদ। সূত্র: যুগান্তর
- লেবাননের ১০ স্থানে হামলা ইসরায়েলের। ড্রোন হামলায় ফাতাহ কমান্ডার নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ইসরায়েলি হামলায় অন্তত ২২ বেসামরিক ফিলিস্তিনি নিহত। সূত্র: সমকাল
- গত মে মাসে হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে মারা যান ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি। দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং অতিরিক্ত যাত্রীর ওজন

সামলাতে ব্যর্থ হওয়ার কারণেই বিধ্বস্ত হয়েছিল তার হেলিকপ্টার। সূত্র: যুগান্তর
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) বিক্ষোভ কর্মসূচিতে সহিংসতার আশঙ্কায় ইসলামাবাদের সব সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা। সূত্র: সমকাল

২৩ আগস্ট

- স্মরণকালের ভয়াবহ বন্যায় দেশের ১১টি জেলার ৭৭ উপজেলার ৯ লাখ ৪৬ হাজার ৭৬৯ জন মানুষ পানিবন্দি, ক্ষতিগ্রস্ত অর্ধকোটি মানুষ, চারদিনে ১৫ জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের ১১ জেলায় চলমান বন্যা পরিস্থিতিতে দুর্গতদের জরুরি উদ্ধারে তৎপরতার পাশাপাশি ত্রাণ বিতরণে অংশ নিয়েছেন পুলিশ, র‍্যাব, বিজিবি ও কোস্ট গার্ড বাহিনীর সদস্যরা। বন্যার্তদের সহায়তার লক্ষ্যে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল গঠন। সূত্র: যুগান্তর
- জাতীয় সংসদের সাবেক চিফ হুইপ আ স ম ফিরোজকে রাজধানীর বনানীর একটি বাসা থেকে গ্রেফতার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে রাজধানী ঢাকাসহ সারা দেশে আরও ১২টি হত্যা মামলা দায়ের। সূত্র: যুগান্তর
- ভারতে অবৈধভাবে অনুপ্রবেশকালে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সাবেক বিচারপতি এএইচএম শামসুদ্দিন চৌধুরী মানিককে আটক করেছে বিজিবি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের সঙ্গে আন্তর্জাতিক নদীর পানির ন্যায্য হিস্যার দাবিতে ও উদ্দেশ্যপ্রণোদিতভাবে বাঁধ খুলে দেওয়ার প্রতিবাদে দেশের বিভিন্ন স্থানে ছাত্র-জনতা, রাজনৈতিক দলের নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের বিক্ষোভ। সূত্র: যুগান্তর
- ফেনীর বন্যাকবলিত এলাকা পরিদর্শন করলেন সেনাপ্রধান। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বতসোয়ানার খনিতে পাওয়া ২ হাজার ৪৯২ ক্যারেটের হীরাটি বিশ্বে এখন পর্যন্ত দ্বিতীয় বৃহত্তম। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ পশ্চিমাদের খুশি করতে ইউক্রেনে নরেন্দ্র মোদি। ১৯৯১ সালের পর এই প্রথম ভারতের কোনো প্রধানমন্ত্রী ইউক্রেন গেলেন। সূত্র: যুগান্তর

২৪ আগস্ট

▶ বন্যা মোকাবিলা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার উল্লেখ করে বেসরকারি প্রতিষ্ঠান ও দেশবাসীকে তা মোকাবিলায় সরকারের সঙ্গে একযোগে কাজ করার আহ্বান জানান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এনজিও প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে এ আহ্বান জানান তিনি। সূত্র: সমকাল

▶ বন্যাকবলিত ফেনী জেলায় মোবাইল নেটওয়ার্কের টাওয়ারগুলো সচল রাখতে অপারেটরদের জেনারেটরে ব্যবহারের জন্য বিনামূল্যে ডিজেল দিতে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনকে (বিটিআরসি) নির্দেশনা দিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বন্যাকবলিত মানুষের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে শিশু-কিশোরসহ নানা শ্রেণি-পেশার মানুষ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসিতে) দুদিনে প্রায় ২ কোটি নগদ টাকার সংগ্রহ করেছেন বৈষম্যবিরোধী আন্দোলনের ব্যানারে স্বেচ্ছাশ্রম দেওয়া শিক্ষার্থীরা। সূত্র: যুগান্তর

▶ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ইসহাক আলী খান ভারতে পালাতে গিয়ে মেঘালয়ের শিলং পাহাড়ে ওঠার সময় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। সূত্র: সমকাল

▶ ঢাকাস্থ সাবেক মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের গাড়িবহরে হামলার ঘটনায় রাজধানীর তেজগাঁও নাখালপাড়া থেকে সাবেক সংসদ সদস্য সাদেক খানকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বৈষম্যবিরোধী আন্দোলনের সময় গুলি ও হামলায় নিহত ও আহত হওয়ার ঘটনা এবং এর আগে বিভিন্ন সময়ে হামলা-ভাঙচুর-অগ্নিসংযোগসহ সহিংস ঘটনায় দেশের বিভিন্ন স্থানে আরও নয় মামলায় আসামি ১৯০০। তালিকায় সাবেক তিন মন্ত্রী, এক মেয়র ও পাঁচ এমপি। সূত্র: যুগান্তর

▶ মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ট্রাম্পকে সমর্থন জানিয়ে সরে দাঁড়ালেন স্বতন্ত্র প্রার্থী কেনেডি জুনিয়র। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ত্রিপুরায় বন্যায় মৃত্যু বেড়ে ২৪। আশ্রয়কেন্দ্রে লাখো মানুষ। সূত্র: সমকাল

▶ সৌদি আরবে রেকর্ড বৃষ্টিতে তলিয়ে গেছে অনেক রাস্তাঘাট। বৃষ্টিতে পানি জমে কোথাও কোথাও সড়কে হ্রদের মতো সৃষ্টি হয়েছে। সেসব সড়কে ভাসতে দেখা গেছে বিলাসবহুল নানা গাড়ি। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৫ আগস্ট

▶ জাতির উদ্দেশে ভাষণ দিলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর

▶ রাজধানীর সচিবালয় এলাকায় আনসার সদস্যদের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ ও ধাওয়া-পালটা ধাওয়া। এতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ, আবদুল কাদেরসহ অর্ধশতাধিক আহত। শিক্ষার্থীদের ধাওয়ায় সচিবালয় ছাড়েন আনসাররা। সূত্র: সমকাল

▶ পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে অনুষ্ঠিত দুই টেস্টের সিরিজের প্রথমটিতে বাংলাদেশের ১০ উইকেটের এক ঐতিহাসিক জয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ জনশৃঙ্খলা রক্ষার্থে সচিবালয় ও প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন যমুনার আশপাশের এলাকায় অনির্দিষ্টকালের জন্য যেকোনো ধরনের সভা, সমাবেশ, মিছিল, শোভাযাত্রা, বিক্ষোভ প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। সূত্র: যুগান্তর

▶ সাবেক বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী এবং মাদারীপুর-৩ আসনের সাবেক সংসদ সদস্য আবদুস সোবহান গোলাপ গ্রেফতার। সূত্র: সমকাল

▶ দেশে ছাত্র-জনতার আন্দোলনের সময় মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলোর সুষ্ঠু তদন্তে জাতিসংঘের সহায়তা চেয়েছেন তথ্য ও সম্প্রচার এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ

ইসলাম। জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার দপ্তরের এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রধান রোরি মুঙ্গোভেনের নেতৃত্বে প্রতিনিধিদল ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা এবং যুব ও ক্রীড়া উপদেষ্টার সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টার অফিস কক্ষে সৌজন্য সাক্ষাতের সময় উপদেষ্টা নাহিদ ইসলাম এ সহায়তা চান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সৌদি আরবে আবাসন, শ্রম ও সীমান্ত সুরক্ষা আইন লঙ্ঘনের অভিযোগে ১৫ থেকে ২১ আগস্ট পর্যন্ত অভিযান চালিয়ে ১৭ হাজারের বেশি প্রবাসীকে গ্রেফতার করে দেশটির আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সূত্র: যুগান্তর
- রাশিয়ায় রাতভর ইউক্রেনের হামলা, নিহত ৫। সূত্র: সমকাল
- ইসরায়েলের উত্তরাঞ্চলে ১১টি সামরিক ঘাঁটি লক্ষ্য করে ৩২০টির বেশি রকেট হামলা চালিয়েছে লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহ। ৪৮ ঘণ্টার জন্য জরুরি অবস্থা ঘোষণা ইসরায়েলের। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৬ আগস্ট

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সনাতন ধর্মাবলম্বী নেতাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর
- চলমান বন্যায় ২৩ প্রাণহানি, ১১ জেলায় ক্ষতিগ্রস্ত ৫৭ লাখ মানুষ। সুপেয় পানি ও ওষুধের চরম সংকট। সূত্র: সমকাল
- হত্যা মামলায় সাবেক তথ্যমন্ত্রী ও জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের সভাপতি হাসানুল হক ইনু গ্রেফতার। সূত্র: যুগান্তর
- এস আলম গ্রুপের কর্ণধার সাইফুল আলম মাসুদ ও তার স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের সব ধরনের ঋণ সুবিধা বন্ধের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। পাশাপাশি তাদের সব ধরনের অর্থ উত্তোলনে নিষেধাজ্ঞা। সূত্র: সমকাল
- পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলায় অবস্থিত ফারাক্কা বাঁধের সব গেট খুলে দিল ভারত, উত্তরের সাত জেলায় বন্যার শঙ্কা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলন চলাকালে হামলা করে ও গুলি চালিয়ে হত্যার অভিযোগে রাজধানীর মোহাম্মদপুর, নরসিংদীর মাধবদী,

গাজীপুর মহানগরীর গাছা ও মাদারীপুর সদর থানায় এবং ময়মনসিংহ ও রংপুরের আদালতে শেখ হাসিনার বিরুদ্ধে আরও ৬ হত্যা মামলা। সূত্র: যুগান্তর

- নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার রূপসীতে সাবেক পাট ও বস্ত্রমন্ত্রী এবং সাবেক সংসদ সদস্য গোলাম দস্তগীর গাজীর মালিকানাধীন গাজী টায়ারে লুটপাটের পর অগ্নিসংযোগ, নিখোঁজ ১৭৬। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্যাডেলচালিত রিকশাচালকদের বিক্ষোভ, দুই ঘণ্টা শাহবাগ অবরোধ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকায় ভারতীয় ভিসা সেন্টারে ভিসাপ্রার্থীদের বিক্ষোভ। ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের মাধ্যমে শেখ হাসিনা সরকারের পতনের পর অনির্দিষ্টকালের জন্য ভিসা কার্যক্রম স্থগিত করে ভারতীয় হাইকমিশন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আট জেলায় ১১ মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সংসদ সদস্যসহ (এমপি) আওয়ামী লীগের ৬৫৩ জনের বিরুদ্ধে মামলা, আসামি ৭০২ নেতাকর্মী। যুগান্তর
- ইউক্রেনে ২০০ ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। ২৪ ঘণ্টায় দেশটির একাধিক গ্রাম ও শহরে এ ড্রোন হামলা চালানো হয়। সূত্র: যুগান্তর
- থাইল্যান্ডে বন্যা ও ভূমিধসে ২২ জনের প্রাণহানি, ৩০ হাজারেরও বেশি বাড়িঘর ক্ষতিগ্রস্ত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ইসরায়েলি হামলায় আরও ৭১ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৭ আগস্ট

- জাতিসংঘের নিয়মিত প্রেস ব্রিফিংয়ে সংস্থাটির মুখপাত্র স্টিফেন ডুজারিক বলেন, বাংলাদেশে শেখ হাসিনা সরকারের পতনের প্রেক্ষাপটে অন্তর্বর্তীকালীন সরকার আইনের শাসন প্রতিষ্ঠায় যা করা সম্ভব, তা-ই করবে। সূত্র: সমকাল
- আওয়ামী লীগের শাসনামলে গুমের শিকার ব্যক্তিদের সন্ধানে পাঁচ সদস্যের কমিশন গঠন। সূত্র: যুগান্তর

- বৈধতা ফিরে পেতে জামায়াত-শিবিরের আবেদন। সূত্র: যুগান্তর
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও চারজন উপদেষ্টার দায়িত্ব পুনর্বণ্টন করা হয়েছে। প্রধান উপদেষ্টার হাতে রাখা হয়েছে ছয়টি মন্ত্রণালয় ও বিভাগের দায়িত্ব। আর চারজন উপদেষ্টাকে বর্তমান মন্ত্রণালয়ের সঙ্গে নতুন করে আরও একটি করে মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বেসরকারি খাতের ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক (ইউসিবি), গ্লোবাল ইসলামী ব্যাংক ও ইউনিয়ন ব্যাংকের বর্তমান পরিচালনা পর্ষদ বাতিল করে নতুন পরিচালনা পর্ষদ গঠন। সূত্র: যুগান্তর
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শিক্ষার্থী নিহতের ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে আরও ১২টি হত্যা মামলা করা হয়েছে। সূত্র: যুগান্তর
- প্রধান উপদেষ্টাকে নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)-এর চিঠি। গুরুতর অভিযোগে জাতিসংঘের তদন্তে সহযোগিতার আশা। সূত্র: সমকাল
- দুর্নীতির অভিযোগের পরিপ্রেক্ষিতে সাবেক ডিবিপ্রধান হারুন অর রশীদ ও স্ত্রী শিরিন আক্তারের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের কলকাতায় চিকিৎসককে ধর্ষণ ও হত্যা ঘটনার প্রতিবাদে 'নবান্ন অভিযান'। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগ দাবিতে রণক্ষেত্র কলকাতা। জলকামান ছোড়ে পুলিশ। সূত্র: যুগান্তর
- ইউক্রেনে নতুন করে হামলা চালিয়েছে রাশিয়া। এতে অন্তত পাঁচজন নিহত। সূত্র: সমকাল
- মধ্য গাজায় ইসরায়েলি হামলা, জাতিসংঘের সহায়তা বন্ধ। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৮ আগস্ট

- বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ছাত্রশিবির নিষিদ্ধ করে আওয়ামী লীগ সরকার যে নির্বাহী আদেশ দিয়েছিল, সেটি বাতিল করেছে স্বরাষ্ট্র

মন্ত্রণালয়। এ সংক্রান্ত আগের সরকারের জারি করা প্রজ্ঞাপন প্রত্যাহার করে নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র: যুগান্তর
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ইউএনডিপির আবাসিক প্রতিনিধি স্টিফেন লিলার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত কানাডার হাইকমিশনার লিলি নিকোলস। সূত্র: যুগান্তর
- নতুন বাংলাদেশ গঠনে অর্থ পাচার প্রতিরোধে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) টাস্কফোর্স গঠনসহ ৫৫ সুপারিশ। রাজধানীর মাইডাস সেন্টারে সংস্থাটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এসব সুপারিশ তুলে ধরা হয়। সূত্র: যুগান্তর
- রাজধানীতে হওয়া একটি হত্যা মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিবারের রেহানা, জয়, পুতুলের সঙ্গে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকীকে আসামি করা হয়েছে। শেখ হাসিনার বিরুদ্ধে নতুন ৬ মামলা। এ নিয়ে ৫ আগস্টের পর থেকে দেশত্যাগী এই সাবেক প্রধানমন্ত্রীর বিরুদ্ধে সারা দেশে মোট ৭৯টি মামলা। গাজীপুরে আসামির তালিকায় তাজউদ্দীন কন্যা সিমিন, রূপগঞ্জে গোলাম দস্তগীরের বিরুদ্ধে আরও এক মামলা। সূত্র: সমকাল
- সমন্বয়ক মাহফুজ আলমকে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী নিয়োগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক তিন প্রধান বিচারপতি–সৈয়দ মাহমুদ হোসেন, হাসান ফয়েজ সিদ্দিকী, ওবায়দুল হাসানসহ সাত বিচারপতির বিরুদ্ধে আদালত অবমাননার মামলা করা হয়েছে। সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইউনুছ আলী আকন্দ হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ মামলা করেন। সূত্র: যুগান্তর
- রাজধানীর হাতিরঝিল থেকে বেসরকারি টেলিভিশন জিটিভির নিউজরুম এডিটর রাহনুমা সারাহর লাশ উদ্ধার। সূত্র: দৈনিক ইত্তেফাক

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসাবে দায়িত্ব পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক এএসএম আমানুল্লাহ। সূত্র: যুগান্তর
- নতুন ইতিহাস বাংলাদেশের ফুটবলে। সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপের ফাইনালে স্বাগতিক নেপালকে ৪-১ গোলে উড়িয়ে প্রথম শিরোপা জেতে বাংলাদেশ। টুর্নামেন্টসেরা ও সর্বোচ্চ গোলদাতা মিরাজুল ইসলাম এবং সেরা গোলরক্ষক আসিফ। সূত্র: সমকাল
- সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে গত বছর করা এক মামলায় নতুন অভিযোগ এনেছেন প্রসিকিউটররা। ট্রাম্পের বিরুদ্ধে ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের ফল পালটানোর চেষ্টার মামলায় নতুন অভিযোগটি আনা হয়েছে। দেশটির স্পেশাল কাউন্সিলর জ্যাক স্মিথ নতুন অভিযোগটি আনেন। সূত্র: সমকাল
- গাজায় ইসরায়েলি হামলা চলছেই, নিহত আরও ৪১। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৯ আগস্ট

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় গুম বিষয়ক আন্তর্জাতিক কনভেনশন সনদে স্বাক্ষর করেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর
- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় রাষ্ট্র সংস্কার ও জাতীয় নির্বাচন বিষয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: সমকাল
- বঙ্গবন্ধু পরিবারের নিরাপত্তা আইন 'জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা (রহিতকরণ) অধ্যাদেশ, ২০২৪'-এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় উপদেষ্টা পরিষদের সাপ্তাহিক বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র: যুগান্তর
- কোটা সংস্কার আন্দোলনে আইনশৃঙ্খলা বাহিনীর নির্বিচার গুলিতে শিক্ষার্থীসহ অসংখ্য মানুষের মৃত্যুর ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ২৯ সাংবাদিকসহ ৫২ জনের বিরুদ্ধে গণহত্যার অভিযোগ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের ইআরএল-২ নির্মাণে বিপিসি ও এস আলম গ্রুপের সঙ্গে করা চুক্তি বাতিল করেছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- দায়মুক্তির আইনে অনুমোদিত ৪৩টি বিদ্যুৎ প্রকল্প বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তীকালীন সরকার। বাতিল হতে যাওয়া প্রকল্পগুলোর মধ্যে ৩১টি নবায়নযোগ্য বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প এবং ১২টি রেন্টাল ও কুইক রেন্টাল বিদ্যুৎকেন্দ্র। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিয়ানমারের রাখাইন রাজ্যের মংডুতে জান্তা বাহিনীর সঙ্গে বিদ্রোহী আরাকান আর্মির চলমান যুদ্ধ বেড়েছে। বেশ কয়েকদিন বিরতির পর এক সপ্তাহ ধরে আকাশপথে হামলা জোরদার করে জান্তা। আতঙ্কে টেকনাফবাসী। সূত্র: সমকাল
- রাশিয়ার আর্টিলারি ডিপো ও তেল স্থাপনায় ইউক্রেনের হামলা। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩০ আগস্ট

- শেখ হাসিনা সরকারের ১৫ বছরে যারা গুমের শিকার হয়েছেন, তারা জীবিত নাকি মৃত, সেই তথ্য অবিলম্বে জানতে চান তাদের স্বজনরা। কেন্দ্রীয় শহিদ মিনারে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষ্যে গুমের শিকার ব্যক্তিদের পরিবারের সদস্যদের প্ল্যাটফরম 'মায়ের ডাক' আয়োজিত মানববন্ধনে তারা গুমের সঙ্গে জড়িত ব্যক্তিদের সর্বোচ্চ শাস্তির দাবি জানান। সূত্র: যুগান্তর
- বাংলাদেশে ১ জুলাই থেকে ৫ আগস্টের মধ্যে সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে একটি নিরপেক্ষ ও স্বাধীন অনুসন্ধান পরিচালনা করতে জাতিসংঘের মানবাধিকার কার্যালয় একটি ফ্যাক্ট ফাইন্ডিং দল পাঠানোর সিদ্ধান্ত। জেনেভায় জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের মুখপাত্র রাভিনা শামদাসানি এক ব্রিফিংয়ে এ তথ্য জানান। সূত্র: সমকাল
- অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হওয়ায় অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে ফোন করে অভিনন্দন জানান পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে সাভার, শ্রীপুর, নারায়ণগঞ্জ ও মুন্সীগঞ্জে আরও পাঁচটি হত্যা মামলা হয়েছে। এসব মামলায় সাবেক মন্ত্রী-এমপি ও আওয়ামী লীগের অনেক নেতাকর্মীকেও আসামি করা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নির্বিচারে গুলি চালিয়ে ছাত্র-জনতাকে হত্যার ঘটনায় পুলিশের শতাধিক সদস্যের বিরুদ্ধে হত্যা মামলা হয়েছে। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিভিন্ন থানায় হওয়া এসব মামলার ১৩ আসামির তালিকায় পুলিশের আলোচিত-সমালোচিত একাধিক শীর্ষ কর্মকর্তা। সূত্র: যুগান্তর
- সিলেট সীমান্ত দিয়ে পালিয়ে যাওয়া ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্নাকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে। তার শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। সেই দেশের পুলিশের বরাত দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি। সূত্র: সমকাল
- ধর্ষণের বিরুদ্ধে কড়া আইন চেয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আবারও চিঠি লিখলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আরজি কর-কাণ্ডের আবহে আট দিনের ব্যবধানে মোদিকে লেখা সেই দুই পাতার চিঠিটি সমাজমাধ্যমেও পোস্ট করেন মমতা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জলবায়ু পরিবর্তনের প্রভাবে মরা মাছে ভরে গেছে গ্রিসের ভোলোস সমুদ্রবন্দর। চরম আবহাওয়ার কারণে সেখান থেকে ১০০ টন মরা মাছ সংগ্রহ করা হয়েছে। সূত্র: সমকাল
- শিশুদের পোলিও টিকা দেওয়ার জন্য গাজায় তিনদিনের মানবিক যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে ইসরায়েল। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩১ আগস্ট

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে মতবিনিময়ে প্রয়োজনীয় সংস্কার করে যৌক্তিক সময়ের মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের দাবি জানিয়েছে বিভিন্ন রাজনৈতিক দল। সূত্র: সমকাল

- দ্য ডেইলি স্টার সেন্টারে সম্পাদক পরিষদ ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধিদের মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এই সভায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের লিয়াজোঁ কমিটি ও সমন্বয়ক কমিটির প্রতিনিধিরা অংশ নেন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন ফেনীর দুর্গাপুরে বন্যাকবলিত এলাকা পরিদর্শন করেন। সূত্র: যুগান্তর
- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) নতুন চেয়ারম্যান হিসাবে নিয়োগ পেলেন অধ্যাপক এ কে এম রিয়াজুল হাসান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী আন্দোলনের সময় বিভিন্ন থানায় দায়েরকৃত হত্যা ছাড়া অন্য মামলার আসামিদের অব্যাহতি চেয়ে আদালতে চূড়ান্ত প্রতিবেদন দিয়েছে পুলিশ। আদালত চূড়ান্ত প্রতিবেদন বিবেচনায় নিয়ে আসামিদের মামলার দায় থেকে অব্যাহতি দিয়েছেন। আন্দোলন চলাকালে রাজধানীতে হত্যা, ভাঙচুর, চুরি, অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এসব ঘটনা কেন্দ্র করে ঢাকার বিভিন্ন থানায় ১৭ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ২৯২টি মামলা হয়। এর মধ্যে ৬২টি হত্যা মামলা। এই ৬২টি ছাড়া বাকি ২৩০টি মামলায় চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে পুলিশ। সূত্র: যুগান্তর
- গাজায় জাতিসংঘের ত্রাণের বহরে ইসরায়েলের হামলা। অবরুদ্ধ উপত্যকায় মৃতের সংখ্যা ৪০ হাজার ছাড়িয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরাকের নিরাপত্তা বাহিনীর সঙ্গে ইরাকের পশ্চিমাঞ্চলে মার্কিন সেনাদের এক যৌথ অভিযানে ইসলামিক স্টেটের (আইএস) ১৫ সদস্যকে হত্যা করা হয়েছে বলে দাবি করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- ঘূর্ণিঝড় আসনায় পাকিস্তানে ২৬ জনের প্রাণহানি। সূত্র: দৈনিক ইত্তেফাক

সেপ্টেম্বর

১ সেপ্টেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত সাবেক প্রধানমন্ত্রীর কার্যালয়ে অফিস শুরু করেন। এখন থেকে এটি প্রধান উপদেষ্টার কার্যালয় হিসাবে ব্যবহৃত হবে। সূত্র: দৈনিক কালবেলা
- আদালত থেকে নির্দেশনা পেলে শেখ হাসিনাকে ভারত থেকে ফেরত আনার চেষ্টা করা হবে বলে জানান পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসকদের ওপর হামলার ঘটনার প্রতিবাদে 'কমপ্লিট শাটডাউন' (কর্মবিরতি) পালন অব্যাহত দেশের সরকারি হাসপাতালের চিকিৎসকদের। সূত্র: প্রথম আলো
- বন্যায় আক্রান্ত ১১ জেলার মধ্যে সাত জেলায় বন্যা পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক। এখনো পানিবন্দি ৭ লাখ পরিবার, ক্ষতিগ্রস্ত ৫৩ লাখ মানুষ। ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা ৫৩ লাখ ৬ হাজার ৪০২ জন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে দেশের চলমান বন্যা সম্পর্কে সর্বশেষ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত দুদিনে সড়ক দুর্ঘটনায় ১১ জন নিহত। গোপালগঞ্জের কাশিয়ানীতে বাস ও ট্রাকের সংঘর্ষে মারা যান পাঁচজন এবং নরসিংদীতে মাইক্রোবাস ও কাভার্ড ভ্যানের সংঘর্ষে পাঁচজনের মৃত্যু। এছাড়া পঞ্চগড়ের অটোয়ারীতে মোটরসাইকেল দুর্ঘটনায় মারা যান আরও একজন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দল ভাঙার সব আঘাতের বিপরীতে বিএনপি ফিনিক্স পাখির মতো জেগে উঠেছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: যুগান্তর
- রাজনৈতিক দল হিসাবে আওয়ামী লীগকে নিষিদ্ধ করা এবং জুলাই ও আগস্টে নির্বিচারে ছাত্র-জনতাকে হত্যার অপরাধে দলটির নিবন্ধন বাতিল চেয়ে করা রিট আবেদন সরাসরি খারিজ করে দিয়েছেন আদালত। সূত্র: সমকাল

- জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের বলেন, আমাদের দলের পক্ষ থেকে অন্তর্বর্তী সরকারকে কোনো সময়সীমা বেঁধে দেওয়া হবে না। প্রয়োজনীয় সংস্কার শেষে জনগণের ইচ্ছাকে প্রাধান্য দিয়ে তারা যেভাবে চাইবে, সেভাবেই নির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্র: যুগান্তর
- ফিলিস্তিনের পশ্চিম তীরের জেনিনে ইসরায়েলি বাহিনীর অভিযানের অংশ হিসাবে জেনিনে পানি ও বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে ইসরায়েল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কবরস্থানে ট্রাম্পের প্রচারণা চালানোয় তার প্রতিদ্বন্দ্বী প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিস সমালোচনা করে বলেছেন, এটা অসম্মানজনক এবং এটা তার রাজনৈতিক স্টান্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানের বিপক্ষে ১৬৫ রানের অবিশ্বাস্য জুটিতে বিশ্ব রেকর্ড করল লিটন-মিরাজ জুটি। এদিন ১৬ রানের মধ্যে ৬ উইকেট হারায় বাংলাদেশ। সূত্র: প্রথম আলো

২ সেপ্টেম্বর

- দ্বাদশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী স্পিকার পদ থেকে পদত্যাগ করেন। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে তিনি পদত্যাগপত্র পাঠিয়ে দেন। সূত্র: প্রথম আলো
- সশস্ত্র বাহিনীর নিরাপত্তার মধ্য দিয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাসেবা কার্যক্রম শুরু। হাসপাতালের জরুরি বিভাগের সামনে এবং হাসপাতালের ভেতরে সেনাবাহিনী, বিজিবি, আনসারসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সতর্ক অবস্থানে দেখা গেছে। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাষ্ট্র। প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে ঢাকায় মার্কিন দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স হেলেন লাফেভ যুক্তরাষ্ট্র সরকারের এমন মনোভাবের কথা তুলে ধরেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজীপুর সাভারে শতাধিক গার্মেন্টে বিক্ষোভ, মহাসড়ক অবরোধ ও কারখানায় ভাঙচুরের ঘটনা ঘটে। নিরাপত্তা দিতে সেনাবাহিনী, পুলিশ ও

শিল্প পুলিশের যৌথ অভিযান শুরু করার নির্দেশনা দেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ক্ষমতার জোরে দীর্ঘ ১৪ বছর ধরে চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক পদে দায়িত্ব পালন করেন একেএম ফজলুল্লাহ। তার আমলে পানি সরবরাহ ও পয়োনিষ্কাশনের জন্য একের পর এক প্রকল্প নেওয়া হয়। কোনোটিই তিনি নির্ধারিত সময়ে শেষ করতে পারেননি। সূত্র: প্রথম আলো
- সারা দেশে বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৬৭ জনে দাঁড়াল। সার্বিকভাবে দেশের বন্যা পরিস্থিতির উন্নতি হওয়ায় আশ্রয়কেন্দ্র থেকে লোকজন নিজ নিজ বাড়িঘরে ফিরছেন। এখনো ৩ হাজার ৮৭০টি আশ্রয়কেন্দ্রে ৩ লাখ ৬ হাজার ৭৪১ জন মানুষ রয়েছেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে দেশের চলমান বন্যা সম্পর্কে সর্বশেষ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ১৫ শতাংশ কর দিয়ে কালোটাকা সাদা করার সুবিধা বাতিল করে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রংপুরে আবু সাঈদ হত্যায় পুলিশ ও পরিবারের দায়ের করা মামলা তদন্ত একসঙ্গে চলবে। মামলা দুটির তদন্তের দায়িত্ব দেওয়া হয় রংপুর পিবিআইকে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন কেন্দ্র করে পাঁচজনকে হত্যার অভিযোগে শেখ হাসিনা, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ও স্বরাষ্ট্রমন্ত্রীসহ ২৫২ জনের বিরুদ্ধে পাঁচটি পৃথক মামলা করা হয়েছে। সূত্র: যুগান্তর
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান কারাগারে থেকেই অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর পদের জন্য মনোনয়ন চেয়েছেন। কিন্তু তাঁর প্রার্থী হওয়া নিয়ে ব্যাপক সমালোচনা করেছে যুক্তরাজ্যের দ্য গার্ডিয়ান পত্রিকা। ইমরান খানকে তালেবানবান্ধব ও সাবেক আল-কায়েদার প্রধান ওসামা বিন লাদেনের সমর্থক বলে উল্লেখ করা হয়। সূত্র: প্রথম আলো

৩ সেপ্টেম্বর

- পাকিস্তানের বিপক্ষে ঐতিহাসিক টেস্ট সিরিজ জয়ের পর বাংলাদেশ দলকে অভিনন্দন জানান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি অধিনায়ক নাজমুল হোসেন শান্তকে মোবাইল ফোনে পুরো দলকে অভিনন্দন জানান। এসময় দেশে ফিরলে পুরো দলকে সংবর্ধনা দেওয়ার কথাও জানান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের অনুরোধে সাড়া দিয়ে দণ্ডপ্রাপ্ত ৫৭ বাংলাদেশিকে সাধারণ ক্ষমা করেছে সংযুক্ত আরব আমিরাত (ইউএই)। এ ঘটনায় ইউএইর প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানকে ধন্যবাদ জানিয়ে একটি চিঠি পাঠান প্রধান উপদেষ্টা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সরকার পরিচালনায় ভুলত্রুটি ধরিয়ে দিতেও গণমাধ্যমকে সোচ্চার থাকার আহ্বান জানান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সংবাদপত্রের সম্পাদকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র: প্রথম আলো
- শিল্পকারখানার নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের প্রতি অনুরোধ জানায় দেশের শীর্ষস্থানীয় ব্যবসায়ীদের একটি প্রতিনিধিদল। সূত্র: প্রথম আলো
- হাতে হাত রেখে নির্বাচনি প্রচারে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিস। যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়ার পিটসবার্গে কমলা হ্যারিসকে প্রেসিডেন্ট প্রার্থী হিসাবে বাইডেনের স্বীকৃতির পর এটিই তাদের প্রথম একসঙ্গে চালানো প্রচার। সূত্র: প্রথম আলো
- পিলখানায় হত্যাকাণ্ডের পুনঃতদন্তের ঘোষণাকে স্বাগত জানিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীরবিক্রম বলেছেন, বিডিআর হত্যাকাণ্ডের পুনঃতদন্তে আসল রহস্য উন্মোচিত হবে, আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। আমরা আশা করব, বর্তমান অন্তর্বর্তী সরকার নির্মোহ ও নিরপেক্ষভাবে এই ঘটনার তদন্ত করবে এবং বিচারের কাজ দ্রুত শুরু করবে। সূত্র: প্রথম আলো

- শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যক্ষ, প্রধান শিক্ষকসহ বিভিন্ন পদে দায়িত্বরত শিক্ষকদের জোর করে পদত্যাগ ও হেনস্তা বন্ধে আবারও আহ্বান জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ। এরপরও যারা শিক্ষকদের হেনস্তার মতো কার্যক্রমে জড়াবেন তাদের চিহ্নিত করে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দিয়েছেন তিনি। এ বিষয়ে আবারও বিজ্ঞপ্তি জারি করে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যার ঘটনায় তার পরিবারকে ১০ কোটি টাকা ক্ষতিপূরণ দিতে কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি একেএম আসাদুজ্জামান ও বিচারপতি মুহম্মদ মাহবুব-উল ইসলামের দ্বৈত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল মামুন ও একেএম শহীদুল হক গ্রেফতার। সূত্র: প্রথম আলো
- মৌলভীবাজারের কুলাউড়া উপজেলার লালারচক সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে স্বর্ণা রানী প্রাণ হারান। পরে বিএসএফ তার লাশ নিয়ে যায়। কুলাউড়ার চাতলাপুর সীমান্ত দিয়ে স্বর্ণার লাশ হস্তান্তর করা হয়। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে ২-০ ব্যবধানে সিরিজ জিতে টেস্ট ক্রিকেটে নতুন উচ্চতায় বাংলাদেশ। সিরিজের দ্বিতীয় এবং শেষ টেস্ট ম্যাচে স্বাগতিকদের ৬ উইকেটে হারিয়ে হোয়াইটওয়াশ করলেন বাংলার টাইগাররা। সূত্র: দৈনিক ইত্তেফাক

৪ সেপ্টেম্বর

- সরকারের সব পর্যায়ে সংস্কার কর্মসূচি গ্রহণ করতে সচিবদের নির্দেশ দিলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে সচিবসভার বৈঠকে এসব নির্দেশ দেন প্রধান উপদেষ্টা। সূত্র: প্রথম আলো
- ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার সহযোগীদের বিরুদ্ধে ১১৯টি হত্যা মামলা হয়েছে। সাবেক মন্ত্রী-উপদেষ্টা, আইজিপি ও

সরকারি কর্মকর্তাসহ ২৩ জন গ্রেফতার। ২৫ দিনের রিমান্ডে আনিসুল-সালমান। সারা দেশে সব মিলিয়ে শেখ হাসিনার বিরুদ্ধে মামলার সংখ্যা দাঁড়াল ১৩০। সূত্র: প্রথম আলো

- বিক্ষোভ ও হামলার কারণে ১৬৭টি তৈরি পোশাক কারখানায় ছুটি ঘোষণা করা হয়। বিভিন্ন দাবিতে শ্রমিকদের বিক্ষোভে ওষুধ খাতেও অস্থিরতা চলছে। এতে অন্তত ২৫টি বড়ো ওষুধ কারখানায় উৎপাদন বন্ধ আছে। সব মিলিয়ে প্রায় ২০০ শিল্পকারখানায় বন্ধ আছে উৎপাদন। সূত্র: প্রথম আলো
- গুলশানে খালেদা জিয়ার বাসভবনে বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করেন ব্রিটিশ হাইকমিশনার সারাহ ক্যাথেরিন কুক। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, বিএনপি চেয়ারপারসনের স্বাস্থ্যের খোঁজখবর নেন ব্রিটেন হাইকমিশনার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা তদন্তে জাতিসংঘের তত্ত্বাবধানে তদন্ত চেয়ে কানাডার পররাষ্ট্রমন্ত্রী মেলানি জলিকে চিঠি দিয়েছেন ৩১ বিশিষ্ট ব্যক্তি ও মানবাধিকার সংগঠন। কানাডার পররাষ্ট্রমন্ত্রীকে এ চিঠি দেন দেশটির শিক্ষক, আইনজীবী, সুশীল সমাজের প্রতিনিধি ও বিভিন্ন মানবাধিকার সংগঠন। সূত্র: প্রথম আলো
- সরকারকে খুশি করার প্রয়োজন নেই। স্বাধীনভাবে জনগণের পক্ষে সঠিক তথ্য প্রচার করার কথা বলেছেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। তিনি বলেন, বিটিভিকে জনগণের মিডিয়া হিসাবে কাজ করতে হবে। সরকার নয়, জনবান্ধব হতে হবে বিটিভিকে। রামপুরায় বাংলাদেশ টেলিভিশন পরিদর্শনকালে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- খুলনা মেডিক্যালের ৪১ চিকিৎসককে অবাঞ্ছিত ও কালো তালিকাভুক্ত করায় ভোগান্তির শিকার শত শত রোগী। হাসপাতালের বহির্বিভাগ ও আন্তঃবিভাগে চিকিৎসাসেবায় এ অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জনগণের সমর্থন নিয়ে বিএনপি আগামী দিনে জাতীয় সরকারব্যবস্থায় দেশ পরিচালনা এবং দ্বিকক্ষবিশিষ্ট পার্লামেন্ট সংবিধানে সংযুক্ত দেখতে

চায় বলে জানান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় পৃথক পাঁচ ব্যক্তিকে হত্যার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আরও পাঁচটি মামলা। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নিহতের স্বজনরা পৃথক তিনটি মামলা করেন। এছাড়া ফেনীর সোনাগাজী ও নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে শেখ হাসিনার বিরুদ্ধে আরও দুটি মামলা হয়। সূত্র: যুগান্তর
- ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের নতুন প্রধান ইয়াহিয়া সিনওয়ারসহ ৬ নেতার বিরুদ্ধে বিরুদ্ধে কয়েকটি ফৌজদারি অভিযোগ গঠনের কথা ঘোষণা করল যুক্তরাষ্ট্র। সূত্র: প্রথম আলো

৫ সেপ্টেম্বর

- স্বাধীনতাযুদ্ধে আত্মোৎসর্গকারী সশস্ত্রবাহিনীর শহিদ সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ঢাকা সেনানিবাসের শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: প্রথম আলো
- ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে হাসিনা সরকারের পতনের এক মাস পূর্তি। দেশব্যাপী কোটা সংস্কার আন্দোলনের তীব্রতার মুখে এক মাস আগে আওয়ামী লীগ সরকারের পতন হয়। দেশ ছেড়ে ভারতে আশ্রয় নেন দলটির সভাপতি ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শেখ হাসিনা সরকার পতনের এক মাস পূর্তিতে ছাত্র-জনতার 'শহিদি মার্চ' কর্মসূচিতে বৈষম্যবিরোধী দেশ গড়ার শপথ। সূত্র: প্রথম আলো
- শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে সবার সামনে বিচার করতে হবে–ভারতের সংবাদমাধ্যম পিটিআইকে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: প্রথম আলো
- শিক্ষার্থীদের ক্লাস ও ক্যাম্পাসে ফিরে যাওয়ার আহ্বান জানান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: প্রথম আলো
- ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রতি দৃঢ় সমর্থন জানান ১৯৮ বিশ্বনেতা। তাঁদের মধ্যে সাবেক মার্কিন

প্রেসিডেন্ট বারাক ওবামা-সহ ৯২ জন নোবেলজয়ী রয়েছেন। সূত্র: প্রথম আলো

- ছাত্র-জনতার আন্দোলনে নিহতদের পরিবারের দায়িত্ব সরকার নেবে বলে জানান তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিইসি ও চার নির্বাচন কমিশনারের পদত্যাগ। সূত্র: প্রথম আলো
- বেতন, ছুটি, ভাতা বৃদ্ধিসহ নানা দাবিতে পোশাক শ্রমিকদের বিক্ষোভ আশুলিয়ায় থামেনি। তবে গাজীপুরে খুলেছে অধিকাংশ কারখানা। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশে বন্যাদুর্গত মানুষের জন্য ৪০ লাখ ডলার সহায়তা বরাদ্দ করে জাতিসংঘ। সূত্র: প্রথম আলো
- সেন্টমার্টিনে যেতে রেজিস্ট্রেশন করতে হবে–এমন কোনো সিদ্ধান্ত গ্রহণ করেনি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বা পরিবেশ অধিদপ্তর। আর তাই জনগণের কাছে সঠিক বার্তা প্রচারের স্বার্থে প্রকাশিত গণমাধ্যমগুলোয় সংশোধনী প্রকাশের জন্য প্রেস বিজ্ঞপ্তিতে অনুরোধ জানায়। সূত্র: প্রথম আলো
- শেখ হাসিনার বিরুদ্ধে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের আরও তিনটি অভিযোগ দায়ের করা হয়। সূত্র: প্রথম আলো
- রাবি, জাবিসহ পাঁচ বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ দিল অন্তর্বর্তী সরকার। সূত্র: প্রথম আলো
- ফ্রান্সের নতুন প্রধানমন্ত্রী হিসাবে মিশেল বার্নিয়ের নাম ঘোষণা করেন প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। সূত্র: প্রথম আলো
- বাংলা একাডেমির মহাপরিচালক (ডিজি) হিসাবে নিয়োগ পেলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক মোহাম্মদ আজম। সূত্র: প্রথম আলো
- জাতীয় সংসদের সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, তার স্বামী, সন্তান-সহ পাঁচজনের ব্যাংক হিসাবের তথ্য চেয়ে চিঠি দিল কেন্দ্রীয় ব্যাংকের আর্থিক গোয়েন্দা সংস্থা বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। সূত্র: দৈনিক ইত্তেফাক

- অবৈধ অস্ত্র উদ্ধারে পরিচালিত যৌথ অভিযানে পুলিশকে তথ্য দিয়ে সহায়তার আহ্বান জানিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের খেলাধুলার ইতিহাসে এবারই প্রথম ফুটবল ও ক্রিকেট দলকে অভিনন্দনের গেজেট প্রকাশ করেছে সরকার। নেপালের মাঠে সাফ অনূর্ধ্ব-২০ ফুটবলে বাংলাদেশ চ্যাম্পিয়ন ও পাকিস্তানের বিপক্ষে দুই টেস্ট সিরিজে জয় পেয়েছে বাংলাদেশ। সূত্র: দৈনিক ইত্তেফাক

৬ সেপ্টেম্বর

- দীর্ঘদিন ধরে অমীমাংসিত তিস্তা নদীর পানিবণ্টন চুক্তির বিষয়ে মতপার্থক্য দূর করার উপায় নিয়ে ভারতের সঙ্গে আলোচনা করবে অন্তর্বর্তী সরকার। ভারতের সংবাদমাধ্যম পিটিআই-এর সঙ্গে এক সাক্ষাৎকারে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: প্রথম আলো
- সাভারের আশুলিয়া ও গাজীপুর শিল্পাঞ্চলে অস্থিরতায় জড়িত থাকা ও ইন্ধন দেওয়ার অভিযোগে ১৪ জনকে আটক করে সেনাবাহিনী, র‍্যাব ও পুলিশ সদস্যদের সমন্বয়ে পরিচালিত যৌথ বাহিনী। সূত্র: প্রথম আলো
- জুলাই-আগস্টে কোটা সংস্কার আন্দোলন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও সরকার পতনের আন্দোলন ঘিরে সারা দেশে সংঘাত-সহিংসতায় ১৮ হাজারের বেশি মানুষ আহত হয়ে হাসপাতালে চিকিৎসা নেয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন। সূত্র: প্রথম আলো
- ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চৌদ্দগ্রাম উপজেলার নানকরা এলাকায় সড়ক দুর্ঘটনায় পাঁচজন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত চার বছরে বাণিজ্যিক যানবাহন থেকে ৬ হাজার কোটি টাকার বেশি চাঁদাবাজি হয়। 'সড়ক পরিবহণে সংগঠন পরিচালনা ব্যয়' সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন করে এই চাঁদাবাজিকে বৈধতাও দেওয়া হয়। ফেডারেশনের অন্তর্ভুক্ত ২৪৯ শ্রমিক ইউনিয়নের মাধ্যমে চাঁদা তোলা হয়। এর একটি বড়ো অংশ নিয়মিত গেছে বাংলাদেশ সড়ক পরিবহণ শ্রমিক ফেডারেশনের সভাপতি শাজাহান খানের পকেটে। সূত্র: যুগান্তর
- ভারত যতগুলো বাঁধ নির্মাণ করেছে, তা ভেঙে ফেলতে হবে–ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি। শুক্রবার বিকালে কুমিল্লা টাউন হল

মাঠের মুক্তমঞ্চে ভারতের ত্রিপুরার ডুম্বুর বাঁধ অভিমুখে লংমার্চ শুরুর আগে আয়োজিত সমাবেশে এসব কথা বলেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

- আত্মসমর্পণের পরও ইউক্রেনীয় সেনাদের হত্যার অভিযোগ। চলতি বছর আত্মসমর্পণ করা সেনা হত্যাকাণ্ড বাড়াল রাশিয়া। অনেক হত্যাকাণ্ডের ভিডিয়ো ও অডিয়ো ক্লিপ সংগ্রহ করে ইউক্রেন। ঘটনাগুলো যাচাইয়ে ইউক্রেনে গেছেন জাতিসংঘের প্রতিনিধি। সূত্র: প্রথম আলো
- নিউইয়র্কে ১ মিলিয়ন ডলার ঋণ জালিয়াতির ঘটনায় বাংলাদেশি পিতা-পুত্র অভিযুক্ত। তারা হলেন নিউইয়র্কে আঞ্চলিক সংগঠন সন্দ্বীপ সোসাইটির বর্তমান উপদেষ্টা নূরুস সাফা ও ছেলে মাইদাল সাফা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আন্তর্জাতিক ইনফরমেটিকস অলিম্পিয়াডে স্বর্ণসহ দুই পদক জিতল বাংলাদেশ। প্রথম স্বর্ণপদকজয়ী বাংলাদেশি দেবজ্যোতি দাস সৌম্য। এছাড়া রাজশাহীর শাহ্ মখদুম কলেজের শিক্ষার্থী জারিফ রহমান ব্রোঞ্জপদক অর্জন করে। দেবজ্যোতি দাস সৌম্য ও বাংলাদেশ দলকে অভিনন্দন জানিয়েছেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: প্রথম আলো
- যুক্তরাষ্ট্রে বাংলাদেশির সাফল্য। এআই প্রযুক্তি উন্নয়নে যুক্তরাষ্ট্রের সাড়ে ৭ লাখ ডলারের তহবিল পেলেন বাংলাদেশি বংশোদ্ভূত কম্পিউটার বিজ্ঞানী শেখ রিফায়াত ডায়ান সৃজন। সূত্র: দৈনিক ইত্তেফাক

৭ সেপ্টেম্বর

- জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলনে আহত ব্যক্তিদের খোঁজখবর নিতে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স অ্যান্ড হাসপাতালে গেলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। আগারগাঁওয়ের হাসপাতালটিতে পরিদর্শনে গিয়ে আহতদের উন্নত চিকিৎসায় সব ধরনের সহায়তা করার আশ্বাস দেন। সূত্র: যুগান্তর
- নতুন বাংলাদেশ গড়ার জন্য সংস্কারে সময় দিতে হবে–অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। সূত্র: প্রথম আলো
- গণভবনকে ছাত্র-জনতার 'গণ-অভ্যুত্থানের স্মৃতি জাদুঘর' বানানো হবে। নানা ঘটনার পাশাপাশি গণ-অভ্যুত্থান আর ১৬ বছরের নিপীড়নের চিত্র

থাকবে। গণভবন পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তথ্য ও সম্প্রচার এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক

- কোটা সংস্কার আন্দোলন ঘিরে রাজধানীতে সংঘাত-সংঘর্ষের ঘটনায় গ্রেফতার শিক্ষার্থীসহ ৩ হাজার ব্যক্তি মামলা থেকে অব্যাহতি পেলেন। ২২৮ মামলায় গ্রেফতার এসব ব্যক্তির বিরুদ্ধে অপরাধের প্রমাণ না পেয়ে অব্যাহতি চেয়ে আদালতে চূড়ান্ত প্রতিবেদন জমা দেয় পুলিশ। সম্প্রতি ঢাকার আদালত পুলিশের ওই প্রতিবেদন গ্রহণ করেছেন। সূত্র: প্রথম আলো
- নিরাপত্তা বৃদ্ধির ফলে স্বাভাবিক হয়ে আসছে সাভার-আশুলিয়া অঞ্চলের তৈরি পোশাকশিল্প কারখানার পরিস্থিতি। তবে কিছু কারখানার শ্রমিক তাদের দাবি পূরণ না হওয়ায় কাজে যোগদান করেননি। শিল্পঘন এ অঞ্চলের সার্বিক নিরাপত্তায় সেনাবাহিনী, বিজিবি, শিল্পপুলিশ সদস্য নিয়োজিত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আর্থিক খাতের দুর্নীতিগ্রস্ত ব্যক্তি-গোষ্ঠী তথা রাঘববোয়ালদের ধরতে সরকার কঠোর উদ্যোগ নিচ্ছে। ভবিষ্যতে এসব উদ্যোগ আরও দৃশ্যমান হবে। আগারগাঁওয়ে বিআইজিএম-এ এক সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এ কথা বলেন অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪০৩ জন। তিনজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- বিডিআর হত্যাকাণ্ড তদন্তে সরকার থেকে সহযোগিতা পাইনি বলে মন্তব্য করেন সেসময় সেনাবাহিনীর প্রধান হিসাবে দায়িত্বে নিয়োজিত জেনারেল (অব.) মইন ইউ আহমেদ। তার নিজের ইউটিউব চ্যানেলে প্রকাশিত একটি ভিডিয়োতে তিনি বিস্তারিত তথ্য তুলে ধরেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সীমান্তে ফেলানীর মতো হত্যাকাণ্ড আর দেখতে চাই না বলে উল্লেখ করেছেন অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। রাজধানীর পিলখানায় বিজিবি

সদর দপ্তরের সীমান্ত সম্মেলন কেন্দ্রে বিজিবির ঊর্ধ্বতন কর্মকর্তাদের উদ্দেশে দেওয়া বক্তৃতায় এ আহ্বান জানান তিনি। সূত্র: প্রথম আলো

- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সংহতি জানিয়ে সংযুক্ত আরব আমিরাতে বিক্ষোভে অংশ নিয়ে দণ্ড পাওয়া ৫৭ বাংলাদেশির মধ্যে ১৪ জন দেশে ফেরেন। সূত্র: যুগান্তর
- আবার অশান্ত ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য মণিপুর, সহিংসতায় নিহত ৬। এ দুই জেলায় ড্রোন ও রকেট হামলার পাশাপাশি গোলাগুলির ঘটনাও ঘটে। জিরিবামে জরুরি অবস্থা জারি করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

৮ সেপ্টেম্বর

- স্বপ্নপূরণের আগে শিক্ষার্থীদের দমে না যাওয়ার আহ্বান জানান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। অন্তর্বর্তী সরকারের এক মাস পূর্তি উপলক্ষ্যে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় তিনি এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) কর্মকর্তাদের। বৈঠকে বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের পুনর্বাসন প্রক্রিয়া ত্বরান্বিত করতে বলেন প্রধান উপদেষ্টা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশ পুনর্গঠনের লক্ষ্যে আত্মপ্রকাশ করল জাতীয় নাগরিক কমিটি। কমিটির আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও সদস্যসচিব আখতার হোসেন। সূত্র: প্রথম আলো
- মেধাবী ও দক্ষতাসম্পন্ন হয়ে রাজনীতিতে প্রবেশ করতে হবে অথবা রাজনৈতিকভাবে সচেতন হয়ে উঠতে হবে। মুন্সীগঞ্জে ছাত্র-জনতার সঙ্গে মতবিনিময় সভায় এ কথা বলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক সারজিস আলম। সূত্র: প্রথম আলো
- ব্যাংকে জমা রাখা টাকা ফেরত পাওয়া নিয়ে ক্ষুদ্র আমানতকারীদের দুশ্চিন্তার কিছু নেই। সব আমানতকারীর পাশে আছে সরকার। বাংলাদেশ ব্যাংককে এক সংবাদ সম্মেলনে ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুর। সূত্র: প্রথম আলো

- শেখ হাসিনার শাসনামলে ১৫ বছরে গুম হওয়া ব্যক্তিদের বিষয়ে গণবিজ্ঞপ্তি দেওয়া হবে। গুমের ঘটনা তদন্তে গঠিত কমিশনের প্রথম বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: প্রথম আলো
- শেখ হাসিনার বিরুদ্ধে রাজধানীতে আরও চারটি মামলা। এর মধ্যে তিনটি হত্যা মামলা এবং একটি হত্যাচেষ্টার। সূত্র: প্রথম আলো
- মূল্যস্ফীতি কিছুটা কমলেও মূল্যস্ফীতির বর্তমান হারকে উদ্‌বেগজনক বলেন অর্থনীতিবিদরা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) মূল্যস্ফীতির হালনাগাদ তথ্য প্রকাশ করে। এতে আগস্টে দেশের সার্বিক মূল্যস্ফীতি ১০ দশমিক ৪৯ শতাংশ, যা জুলাইয়ে ছিল ১১ দশমিক ৬৬ শতাংশ। সূত্র: প্রথম আলো
- জাতীয় সংগীত পরিবর্তন নিয়ে আব্দুল্লাহিল আমান আযমীর বক্তব্যকে 'তার ব্যক্তিগত' উল্লেখ করে এর দায় জামায়াতে ইসলামী নেবে না বলে জানান দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আমরা চাই দ্বিমত প্রকাশ অব্যাহত থাকুক। দ্বিমত প্রকাশের মধ্য দিয়েই আমরা সমাধানে পৌঁছাতে পারব। অন্যথায় সম্ভব নয়–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এক মতবিনিময় সভায় এ কথা বলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৬৩ জন। একজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ইসলামিক দেশগুলোকে একজোট হওয়ার ডাক দিলেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। ইস্তানবুলের কাছে ইসলামিক স্কুলস অ্যাসোসিয়েশনের আয়োজিত অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। সূত্র: প্রথম আলো
- ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের সাম্প্রতিক বক্তৃতায় তিনি যতটা না উদ্‌বিগ্ন, এর চেয়ে বেশি অবাক হয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। সূত্র: প্রথম আলো

৯ সেপ্টেম্বর

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে সাক্ষাৎ করেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সাক্ষাৎকালে তিনি সেনাবাহিনীর সার্বিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এছাড়া তিনি দেশব্যাপী আইনশৃঙ্খলা ও শান্তিপূর্ণ পরিস্থিতি বজায় রাখতে সেনাবাহিনীর কার্যক্রমও তুলে ধরেন। সূত্র: প্রথম আলো
- সংস্কার না হওয়া পর্যন্ত অন্তর্বর্তী সরকারকে সময় দিতে হবে। আমরা আর স্বৈরাচার সরকারের মতো রাতের ভোট চাই না। যতদিন নির্বাচন কমিশন সুষ্ঠু ভোটের নিশ্চয়তা দিতে না পারে, ততদিন ভোট হবে না। খাগড়াছড়িতে ছাত্র-জনতার সঙ্গে এক মতবিনিময় সভায় এ কথাগুলো বলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ। সূত্র: প্রথম আলো
- ছয় দফা দাবিতে 'কারিগরি ছাত্র আন্দোলনের' ব্যানারে শিক্ষার্থীরা রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চলের সাতরাস্তা এলাকায় অবস্থান নেন। এতে তেজগাঁওসহ শহরের বিভিন্ন এলাকায় যানজট ছড়িয়ে পড়ে। দাবি মানার আশ্বাসে ছয় ঘণ্টা পর শিক্ষার্থীরা সাতরাস্তা থেকে অবরোধ তুলে নিলে সড়কে যান চলাচল শুরু হয়। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভ্যাটিকানের রাষ্ট্রদূত কেভিন এস র‍্যান্ডেলের সৌজন্য সাক্ষাৎ। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধান উপদেষ্টা ও ভ্যাটিকানের রাষ্ট্রদূত বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘু, আন্তঃধর্মীয় সংলাপ, রোহিঙ্গাদের মানবিক সহায়তা ও নিউইয়র্কে অনুষ্ঠেয় জাতিসংঘ সাধারণ পরিষদের আসন্ন অধিবেশনের বিষয়ে আলোচনা করেন। সূত্র: প্রথম আলো
- ১ অক্টোবর থেকে সুপারশপে পলিথিন ব্যাগ নিষিদ্ধ–পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। সূত্র: প্রথম আলো
- দেশ থেকে পাচার হওয়া অর্থ ফেরত আনতে এবং পাচার রোধে করণীয় নিয়ে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ফেডারেল ব্যুরো অব

ইনভেস্টিগেশনের (এফবিআই) সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে যাচ্ছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদকের প্রধান কার্যালয়ে এফবিআই একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করে দুদক। সূত্র: দৈনিক ইত্তেফাক

- শেয়ারবাজারে সালমান এফ রহমান এবং এস আলম পরিবারের সদস্য ও তাঁদের প্রতিষ্ঠানের অনিয়ম তদন্তে চার সদস্যের তদন্ত কমিটি গঠন। পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) পক্ষ থেকে এ তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে নিহত রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যা মামলার অন্যতম আসামি দুই পুলিশ সদস্যকে গ্রেফতার করে পুলিশ। তারা হলেন বরখাস্ত হওয়া সহকারী উপপরিদর্শক (এএসআই) আমির হোসেন ও কনস্টেবল সুজন চন্দ্র রায়। সূত্র: প্রথম আলো
- আড়িয়াল বিল দখলমুক্ত করার জন্য কঠোর ব্যবস্থা নিতে নির্দেশ দিলেন পানি সম্পদ ও পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে জয়ন্ত কুমার সিংহ (১৫) নামের বাংলাদেশি এক কিশোর নিহত। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ও পিটিআই-এর প্রতিষ্ঠাতা কারাবন্দি ইমরান খানকে মুক্তি দিতে ১৪ দিনের আলটিমেটাম দিয়েছে তার দল। ইসলামাবাদের এক সমাবেশ থেকে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

১০ সেপ্টেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত ইর্মা ভ্যান ডুরেনের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার এক মাস পরও জনপ্রশাসনে শৃঙ্খলা ফেরেনি। ৯ ও ১০ সেপ্টেম্বর ৫৯ জেলায় নতুন ডিসি নিয়োগ। ডিসি নিয়োগের প্রজ্ঞাপন বাতিল চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিক্ষোভ। সূত্র: প্রথম আলো

- ভারতের সঙ্গে কথা হবে চোখে চোখ রেখে বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। কুমিল্লা টাউন হল মাঠের মুক্তমঞ্চে আয়োজিত মতবিনিময় সভায় আসিফ মাহমুদ এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- সাড়ে ১১ বছর পর নারায়ণগঞ্জের মেধাবী ছাত্র তানভীর মুহাম্মদ ত্বকী হত্যা মামলার আরও তিন আসামিকে গ্রেফতার করে রিমান্ডে নিয়েছে মামলার তদন্তকারী সংস্থা র‍্যাব। নারায়ণগঞ্জের পৃথক দুটি আদালত তিন আসামির রিমান্ড মঞ্জুর করেন। তাঁরা হলেন নারায়ণগঞ্জ শহরের চাষাঢ়া এলাকার শাফায়েত হোসেন ওরফে শাওন, শহরের কালীবাজার এলাকার মামুন মিয়া ও রাজধানীর ধানমন্ডি এলাকার কাজল হাওলাদার। সূত্র: প্রথম আলো
- ছাত্র-জনতার আন্দোলনে গুলিবিদ্ধ আরও একজনের মৃত্যু, নিহত বেড়ে ৭৬১ জন। ঢাকায় গুলিতে আহত মো. বাবলু মৃধা (৪৭) নামের এক ব্যক্তি সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় মারা যান। সূত্র: প্রথম আলো
- কানাডায় বাংলাদেশ হাইকমিশনে ফাতিমা তাসনিম নামে এক নারী চাকরি পান বলে একটি 'খবর' প্রকাশিত হয়। আর তাতে ওই নারীর পরিচয় হিসাবে তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ ইসলামের বোন বলা হয়েছে। এ বিষয়ে নাহিদ ইসলাম বলেন, 'ফাতিমা তাসনিম নামের এই নারী আমার পরিবারের কেউ নন। তিনি কোথায় নিয়োগ পান, তা আমি জানি না। তার সঙ্গে আমার কোনো যোগাযোগও নেই। তিনি মূলত গণঅধিকার পরিষদের নেত্রী।' এদিকে জনপ্রশাসন মন্ত্রণালয় এমন কোনো বিজ্ঞপ্তিই দেয়নি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের সঙ্গে চলমান বড়ো প্রকল্পগুলো নিয়ে কোনো সংকট নেই বলে মন্তব্য করেন অর্থ ও বাণিজ্য উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। এ প্রসঙ্গে ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা জানিয়েছেন, কোনো প্রকল্পের কাজ স্থগিত হয়নি, ঠিকাদাররা দ্রুতই কাজে ফিরে আসবেন। সচিবালয়ে অর্থ ও বাণিজ্য উপদেষ্টার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা। বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা জানান তারা। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভারতের মণিপুর রাজ্যে এক সপ্তাহের বেশি সময় বন্দুকযুদ্ধ, ড্রোন হামলা ও রকেট আক্রমণের পর রাজ্যের অন্তত তিনটি জেলায় কারফিউ জারি করেছে রাজ্য সরকার। ১৫ সেপ্টেম্বর পর্যন্ত গোটা রাজ্যে ইন্টারনেট সেবাও আবার বন্ধ করে দিল। প্রায় এক বছর পর আবার মণিপুরে ইন্টারনেট পরিষেবা বন্ধ করে দেওয়া হলো। সূত্র: প্রথম আলো
- সুসম্পর্কের স্বার্থে সীমান্ত হত্যা থেকে বেরিয়ে আসা উচিত ভারতের–পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সীমান্ত হত্যার বিরুদ্ধে ভারত সরকারের কাছে ৫ সেপ্টেম্বর আনুষ্ঠানিক প্রতিবাদ জানায় পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সময়ের প্রয়োজনে আমরা আবারও রাস্তায় নামব–বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক সারজিস আলম। নগরের পৌর স্টেডিয়ামে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আয়োজিত ছাত্র-নাগরিক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধী বলেছেন, বাংলাদেশে উগ্রবাদ বাড়ার আশঙ্কা করা হচ্ছে। এ নিয়ে ভারত উদ্‌বিগ্ন। সূত্র: দৈনিক ইত্তেফাক

১১ সেপ্টেম্বর

- অন্তর্বর্তী সরকারের এক মাস পূর্তি উপলক্ষ্যে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস জাতির উদ্দেশে ভাষণ দেন। সংস্কারের মাধ্যমে জাতি হিসাবে নতুনভাবে যাত্রা শুরু করতে চান প্রধান উপদেষ্টা। এই সংস্কারের প্রাথমিক পদক্ষেপ হিসাবে তিনি ছয়টি কমিশন গঠনের কথা বলেন। সূত্র: প্রথম আলো
- জেলা প্রশাসক (ডিসি) পদে নিয়োগ দিয়ে জারি করা দুটি প্রজ্ঞাপন পুরোপুরি বাতিলের দাবিতে সচিবালয়ে বিক্ষোভ ও হট্টগোল করেন নিজেদের বঞ্চিত দাবি করা কর্মকর্তারা। সূত্র: প্রথম আলো
- প্রশাসনের কর্মকর্তা ও পুলিশকে ক্ষমতামুখী না হয়ে জনতামুখী হয়ে অন্তর্বর্তী সরকারকে সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ।

বান্দরবানে ছাত্র-জনতার মতবিনিময় সভায় হাসনাত আবদুল্লাহ এই আহ্বান জানান। সূত্র: প্রথম আলো
- ফেসবুকে অপ্রয়োজনীয় স্ট্যাটাস শেয়ারের সুযোগ নেই–নিম্ন আদালতের বিচারকদের প্রতি প্রধান বিচারপতির নির্দেশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ময়মনসিংহে সাবেক বিরোধীদলীয় নেত্রী রওশন এরশাদ ও সাবেক জেলা প্রশাসক মুস্তাকীম বিল্লাহ ফারুকীর বিরুদ্ধে আদালতে মামলা হয়। জ্যেষ্ঠ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট একেএম রওশন জাহানের আদালতে মামলার আবেদন করেন মো. খালেদুজ্জামান পারভেজ বুলবুল। আদালত বাদীর আবেদনটি আমলে নিয়ে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) দায়িত্ব দিল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নড়াইলে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে ছাত্র-জনতার ওপর হামলার অভিযোগে জাতীয় সংসদের সাবেক হুইপ ও আওয়ামী লীগ দলীয় সাবেক এমপি মাশরাফিসহ ৯০ জনের বিরুদ্ধে নাশকতার মামলা। নড়াইল সদর থানায় মামলাটি করেন বিএনপি নেতা শেখ মোস্তফা আল-মুজাহিদুর রহমান পলাশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী আন্দোলনের সময় আশুলিয়ায় গুলি করে হত্যার পর লাশ পোড়ানোর ঘটনা নিয়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক মন্ত্রী ও সংসদ সদস্য, পুলিশ কর্মকর্তা-সদস্য, আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের আরও দুটি অভিযোগ দায়ের করা হয়েছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থায় দুটি আবেদন দাখিল করা হয়। সূত্র: প্রথম আলো
- প্রেসিডেনশিয়াল বিতর্কে কমলা হ্যারিস সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নকআউটে ধরাশায়ী করেন। এবিসি টিভি নেটওয়ার্কে প্রচারিত হয় ৯০ মিনিটের এ বিতর্ক। সূত্র: প্রথম আলো

১২ সেপ্টেম্বর

- রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে 'ন্যাশনাল বিজনেস ডায়ালগ' অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস নতুন বাংলাদেশ গড়ে তুলতে ব্যবসায়ীদের সহযোগিতা চেয়ে একসঙ্গে কাজ করার আহ্বান

জানান। ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স বাংলাদেশ (আইসিসিবি) এবং ১৫টি জাতীয় বাণিজ্য সংগঠন যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র: প্রথম আলো

- জাতিকে ঐক্যবদ্ধ করতে খেলোয়াড়দের খেলাধুলার শক্তির কথা মনে করিয়ে দেন প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে পাকিস্তানের বিপক্ষে ঐতিহাসিক টেস্ট সিরিজজয়ী বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- 'দুর্নীতি দমন কমিশনকে রাজনৈতিক ও আমলাতান্ত্রিক প্রভাবমুক্ত করতে হবে। ছাত্র-জনতার আকাঙ্ক্ষার প্রতিফলন যাতে ঘটে, তা মাথায় রেখেই কাজটা করতে হবে। এভাবে আমরা কমিশনের কাজটা শুরু করতে চাই।' কমিশনের দায়িত্ব পাওয়ার পর এমন আকাঙ্ক্ষার কথা জানান ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফ্যাসিস্ট হওয়ার স্বপ্ন দেখলে হাসিনাকে দেখে শিক্ষা নেওয়ার কথা বলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক সারজিস আলম। টাঙ্গাইল শহিদস্মৃতি পৌর উদ্যানে ছাত্র-নাগরিক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- ঢাকা-বগুড়া মহাসড়কসংলগ্ন বগুড়ার শেরপুরে রাইস ব্র্যান (ধানের তুষ থেকে তৈরি) তেলের কারখানায় ট্যাঙ্ক বিস্ফোরণে চার শ্রমিক নিহত। এ ঘটনায় আহত হন আরও তিন শ্রমিক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিভিন্ন দাবি নিয়ে শ্রমিক বিক্ষোভের জেরে তৈরি পোশাক খাতের অস্থিরতা দুই সপ্তাহ চলছে। শ্রমিক অসন্তোষের কারণে সাভার-আশুলিয়া ও গাজীপুরের ২৫৭টি তৈরি পোশাক কারখানা বন্ধ ছিল। এর মধ্যে ৯৪টি কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করল মালিকপক্ষ। সূত্র: প্রথম আলো
- নীতিমালাগুলো এমনভাবে তৈরি করা হবে, যেন গণমাধ্যমগুলো স্বাধীন গণমাধ্যম হিসাবে চলতে পারে এবং অবশ্যই স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের

সম্মেলনকক্ষে সামগ্রিক পরিস্থিতি নিয়ে আলোচনাকালে তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বৈষম্যবিরোধী ছাত্র নেতৃত্বাধীন গণ-অভ্যুত্থানের শহিদদের অবদান স্মরণে ১৪ সেপ্টেম্বরের স্মরণসভা স্থগিত। গণ-অভ্যুত্থানে শহিদদের তালিকা চূড়ান্ত না হওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সচিবালয়ে ব্রিফিংয়ে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম এ তথ্য জানান। সূত্র: যুগান্তর
- গাজার মধ্যাঞ্চলের একটি স্কুল আশ্রয়শিবিরে ইসরায়েলি বিমান হামলায় ১৮ জন নিহত। তাঁদের মধ্যে ফিলিস্তিনি শরণার্থীবিষয়ক জাতিসংঘ সংস্থার (ইউএনআরডব্লিউএ) ছয় সদস্যও রয়েছেন। সূত্র: প্রথম আলো

১৩ সেপ্টেম্বর

- শেখ হাসিনা সরকারের পতনের পর অনেকটা বিপর্যয়ের মধ্যে দেশের পুলিশি ব্যবস্থা। এক মাস পার হলেও পুলিশি ব্যবস্থা এখনো স্বাভাবিক পর্যায়ে আসেনি। বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের মনোযোগ বা কার্যক্রম মূলত বদলি, পদোন্নতি ও পদায়ন ঘিরে। এ ক্ষেত্রে পুলিশের সাবেক ও বর্তমান সাত-আটজন কর্মকর্তার একটি গ্রুপ অত্যন্ত প্রভাবশালী হয়ে উঠেছে। সূত্র: প্রথম আলো
- কক্সবাজারে পাহাড়ধসের ঘটনায় দুই পরিবারের পাঁচ শিশুসহ ছয়জনের মৃত্যু। কলাতলী পয়েন্টে মাছ ধরার ট্রলারডুবির ঘটনায় এক জেলের মৃত্যু। এসময় লাইফগার্ডের সদস্যদের চেষ্টায় প্রাণে রক্ষা পান ওই ট্রলারে থাকা ২১ জন। সূত্র: প্রথম আলো
- কোটাবিরোধী আন্দোলন চলাকালে ঢাকার আশুলিয়ায় হত্যা এবং লাশ পোড়ানোর ঘটনায় সম্পৃক্ত থাকার অভিযোগে পরিদর্শক আরাফাত হোসেনকে গ্রেফতার করেছে র‍্যাব-৩। শুক্রবার ভোরে রাজধানীর আফতাবনগর থেকে আরাফাতকে গ্রেফতার করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকে কেন্দ্র করে দায়ের হওয়া হত্যা ও অন্যান্য মামলায় আসামিদের প্রাথমিক তদন্তে সম্পৃক্ততা পাওয়া না গেলে তাদের নাম প্রত্যাহার করা হবে। এছাড়া সঠিক তথ্যপ্রমাণ ছাড়া

এসব মামলায় কোনো সরকারি কর্মকর্তা-কর্মচারীকে গ্রেফতার করা যাবে না বলেও জানায় পুলিশ সদর দপ্তর। সূত্র: দৈনিক ইত্তেফাক

- শ্রমিক বিক্ষোভের কারণে যে ক্ষতি হয়েছে, তা পুষিয়ে নিতে ছুটির দিনেও গাজীপুরের প্রায় ৩০ শতাংশ কারখানা চালু। পুলিশ, সেনাবাহিনীসহ অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় শুরু হয় কারখানাগুলোর উৎপাদন কার্যক্রম। সূত্র: প্রথম আলো
- কক্সবাজারের 'রক্ষিত বনের' জমিতে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের প্রশিক্ষণ একাডেমি স্থাপনের সিদ্ধান্ত বাতিলের উদ্যোগ নেওয়া হয়েছে। 'বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি অব পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন' নামের ওই একাডেমি গড়ে তুলতে ২০২১ সালে ৭০০ একর জমি বরাদ্দ দিয়েছিল বিগত আওয়ামী লীগ সরকার। বরাদ্দ বাতিলের ব্যাপারে ভূমি মন্ত্রণালয়ের উপদেষ্টা এএফ হাসান আরিফকে চিঠি দিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। সূত্র: প্রথম আলো
- গোপালগঞ্জে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সভাপতি এসএম জিলানীর গাড়িবহরে আওয়ামী লীগের হামলায় একজন নিহত, সাংবাদিকসহ অন্তত ৫০ জন আহত হন। এসময় কমপক্ষে ১০টি গাড়ি ভাঙচুরের ঘটনা ঘটে। গোপালগঞ্জ সদর উপজেলা ঘোনাপাড়া মোড়ে এ হামলা-ভাঙচুরের ঘটনা ঘটে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচন উপলক্ষ্যে সম্প্রতি দুই প্রার্থী এবিসি টিভি চ্যানেলের বিতর্কে যোগ দেন। সেই বিতর্ক সরাসরি দেখে ৬ কোটি ৭০ লাখ মানুষ। প্রথম বিতর্ক ব্যাপক আগ্রহ জাগালেও সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান পার্টির প্রার্থী ট্রাম্প বলেন, হ্যারিসের সঙ্গে টিভি বিতর্কে তিনিই জিতেন। সামাজিক মাধ্যমে এমন পোস্ট করে তিনি বলেন, কমলার সঙ্গে আর কোনো বিতর্ক অনুষ্ঠিত হবে না। সূত্র: প্রথম আলো

১৪ সেপ্টেম্বর

- বঙ্গবন্ধু স্যাটেলাইটের বছরে ৬৬ কোটি টাকা লোকসান। স্যাটেলাইটটির পরিচালনাকারী সরকারি প্রতিষ্ঠান বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি

লিমিটেডের (বিএসসিএল) সর্বশেষ নিরীক্ষা প্রতিবেদন (২০২১-২২) অনুযায়ী, কোম্পানিটির মুনাফা ৮৫ কোটি টাকা। যদিও মুনাফার এই হিসাব করার ক্ষেত্রে স্যাটেলাইটের অবচয় ধরা হয়নি। অবচয় ধরা হলে মুনাফার বদলে লোকসান দাঁড়াবে প্রায় ৬৬ কোটি টাকা। সূত্র: প্রথম আলো

- ঢাকায় আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশের (অ্যামচ্যাম) নেতাদের সঙ্গে বৈঠক করেন সফররত যুক্তরাষ্ট্রের উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের সদস্যরা। বৈঠকে অর্থনৈতিক সংস্কার করা হলে যুক্তরাষ্ট্রের বেসরকারি খাত বাণিজ্য ও বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশের উন্নয়ন সম্ভাবনার দ্বার উন্মোচনে সহায়তা করতে পারে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাবেক সমাজসেবা সম্পাদক আখতার হোসেনের নেতৃত্বে গঠিত গণতান্ত্রিক ছাত্রশক্তির সব কার্যক্রম স্থগিত করা হয়। গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন সংগঠনটির কেন্দ্রীয় আহ্বায়ক আখতার হোসেন। অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম এ সংগঠনের কেন্দ্রীয় সদস্যসচিব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এ সংগঠনটির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের বিভিন্ন স্থানে ধর্মীয় ও সাংস্কৃতিক স্থাপনা এবং সুফি দরগাহ ও মাজারে হামলার ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে অন্তর্বর্তী সরকার। এসব হামলায় জড়িত ব্যক্তিদের অতি দ্রুত আইনের আওতায় এনে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। সূত্র: প্রথম আলো
- কোনো কারখানায় অস্থিরতা তৈরি হলে পরের দিন থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে। যেসব প্রতিষ্ঠান বন্ধ থাকবে সেখানে 'কাজ নেই, বেতন নেই'–এই আইন অনুসরণ করা হবে। রাজধানীর উত্তরায় বিজিএমইএ ভবনে তৈরি পোশাক কারখানায় চলমান সংকট ও উত্তরণের পথ নিয়ে এক মতবিনিময় সভায় বিষয়টি জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- দেশে দুটি নির্বাচন লাগবে। প্রথমে হতে হবে গণপরিষদ নির্বাচন, যেখানে আমরা নতুন রাষ্ট্র গঠন করতে পারি এবং নতুন সংবিধান অনুমোদন হবে। দ্বিতীয় নির্বাচন হবে সরকার গঠনের জন্য। কাজেই রাষ্ট্র গঠনের নির্বাচন আগে, তারপর সরকার গঠনের নির্বাচন। জাতীয় প্রেস ক্লাবে 'প্রফেসর কে আলী ফাউন্ডেশন' আয়োজিত 'নতুন বাংলাদেশ: বৈষম্যহীন কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠা' শীর্ষক সেমিনারে কবি, লেখক ও গবেষক ফরহাদ মজহার এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আওয়ামী লীগ সরকারের পতনের চারদিন আগে বসুন্ধরা গ্রুপকে দুই বছর ঋণ পরিশোধ না করার সুযোগ দেয় বাংলাদেশ ব্যাংক। দেশের শীর্ষস্থানীয় এই ব্যবসায়ী গোষ্ঠীকে সুবিধা দিতে নিজেদের নীতিমালা থেকে সরে এসেছিল কেন্দ্রীয় ব্যাংক। বেসরকারি খাতের ন্যাশনাল ব্যাংকে থাকা ঋণের জন্য গ্রুপটি এই সুবিধা পেয়েছে। সূত্র: প্রথম আলো
- মানুষ যেসব আকাঙ্ক্ষা থেকে আন্দোলনে নেমে এসেছিল, সেসব আকাঙ্ক্ষা এখনো অধরা বলে মনে করে জাতীয় নাগরিক কমিটি। একই সঙ্গে কমিটি মনে করে, যেকোনো ইস্যুতে অন্তর্বর্তী সরকারের তৎপরতা খুবই মন্থর ও ধীরগতির। সরকারকে মনে রাখতে হবে, তারা গণ-অভ্যুত্থানের সরকার। ছাত্র-জনতার অভ্যুত্থানের আকাঙ্ক্ষাকে যদি তারা ধারণ করতে না পারে, তা হবে দেশের জন্য সবচেয়ে ক্ষতিকর। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে এসব বিষয় তুলে ধরলো জাতীয় নাগরিক কমিটি। সূত্র: প্রথম আলো
- কুমিল্লার দেবীদ্বারে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় মাথায় গুলিবিদ্ধ নবম শ্রেণির ছাত্র আমিনুল ইসলাম সাব্বির ৩৯ দিন মৃত্যুর সঙ্গে লড়াইয়ের পর মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে গুলি করে মানুষ হত্যার অভিযোগে ঢাকায় পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি)-সহ ৮৮ জন পুলিশ সদস্যের বিরুদ্ধে হত্যা মামলা। এর বাইরে আরও ১১ জন পুলিশ সদস্যের বিরুদ্ধে হত্যাচেষ্টার মামলা হয়। সূত্র: প্রথম আলো
- রাশিয়ার অভ্যন্তরে গুপ্তচরবৃত্তির অভিযোগ এনে ছয় ব্রিটিশ কূটনীতিককে মস্কো থেকে বহিষ্কার করেছে রুশ কর্তৃপক্ষ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- পশ্চিমা শক্তিগুলোকে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের দেওয়া সামরিক শক্তি দেখানোর হুমকি উড়িয়ে দিলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। হোয়াইট হাউসে জো বাইডেনের সঙ্গে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার বৈঠক করেন। হোয়াইট হাউজের ব্লু রুমে যুক্তরাজ্যের অনুরোধে পররাষ্ট্রনীতি বিষয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র: প্রথম আলো

১৫ সেপ্টেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে যুক্তরাষ্ট্রের উচ্চপর্যায়ের একটি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ। দেশ পুনর্গঠন, গুরুত্বপূর্ণ সংস্কার কর্মসূচি বাস্তবায়ন এবং পাচার হওয়া অর্থ ফিরিয়ে আনতে যুক্তরাষ্ট্রের সহযোগিতা চান প্রধান উপদেষ্টা। প্রতিনিধিদলও এসময় বাংলাদেশের সংস্কারপ্রক্রিয়ায় সহযোগিতা করতে আগ্রহ দেখায়। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশকে ২০২.২৫ মিলিয়ন ডলার বা ২০ কোটি ২২ লাখ ৫০ হাজার ডলার উন্নয়ন সহযোগিতা দিচ্ছে যুক্তরাষ্ট্র। দেশীয় মুদ্রায় যার পরিমাণ প্রায় ২ হাজার ৪২৭ কোটি টাকা (১ ডলার সমান ১২০ টাকা হিসাবে)। এ লক্ষ্যে অন্তর্বর্তী সরকারের সঙ্গে ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্টের (ইউএসএইড) চুক্তি স্বাক্ষরিত। অন্তর্বর্তী সরকারের অগ্রাধিকারের ভিত্তিতে এই চুক্তি সই হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশি ও রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশ বর্তমানে ঝাড়খণ্ডের জন্য সবচেয়ে বড়ো সমস্যা বলে মন্তব্য করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ঝাড়খণ্ডের জামশেদপুর শহরে এক সমাবেশে নরেন্দ্র মোদি এ কথা বলেন। একই সঙ্গে ভারতের ঝাড়খণ্ড রাজ্যের ক্ষমতাসীন দল ঝাড়খণ্ড মুক্তি মোর্চা (জেএমএম) বাংলাদেশি ও রোহিঙ্গাদের সমর্থন দিচ্ছে বলে অভিযোগ করেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন কিশোরগঞ্জ সদরে ছাত্র-জনতার ওপর অস্ত্র হাতে গুলিবর্ষণকারী মো. মাজহারুল ইসলাম মাসুদকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)।

গ্রেফতার মাসুদ কিশোরগঞ্জ সদরের দানাপাটুলি ইউনিয়ন পরিষদের সাবেক ইউপি চেয়ারম্যান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- 'বিপ্লব-পরবর্তী মতানৈক্য' বিপ্লবকে ক্ষতিগ্রস্ত করবে। তারুণ্য সবসময় অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার থাকবে। দেশে বাক্‌স্বাধীনতা ছিল না, গণতন্ত্র ছিল না। আমরা ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই করেছি। ফেনী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজিত মতবিনিময় সভায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়ক আবদুল কাদের এ কথাগুলো বলেন। সূত্র: প্রথম আলো
- এস আলম গ্রুপের কর্ণধার সাইফুল আলমের গৃহকর্মী মর্জিনা আকতারের নামেই ব্যাংকে এক কোটি টাকার স্থায়ী আমানতের সন্ধান পেলেন কর কর্মকর্তারা। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর অঞ্চল-১৫-এর একটি অনুসন্ধানী দল এস আলম পরিবারের কর ফাঁকির বিষয়টি তদন্ত করছে। সূত্র: প্রথম আলো
- পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করা হবে বলে জানান পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। তিনি বলেন, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০-এর যথাযথ বাস্তবায়নের মাধ্যমে পাটজাত পণ্যের মোড়কের বহুল ব্যবহারের উদ্যোগ নেওয়া হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আবগারি (মদ) মামলায় জামিনে মুক্তি পাওয়ার দুইদিন পর দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির (আপ) সর্বোচ্চ নেতা অরবিন্দ কেজরিওয়াল পদত্যাগ করবেন বলে জানালেন। রোববার স্থানীয় সময় বেলা ১১টা নাগাদ এ ঘোষণা দেন তিনি। সূত্র: প্রথম আলো
- অতিরিক্ত ডিআইজি ও পুলিশ সুপার পদমর্যাদার ৪৫ জন কর্মকর্তাকে বদলি। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে দুটি প্রজ্ঞাপনে এসব বদলির আদেশ জারি করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস প্রথমবার সেনা সদরে পৌঁছালে সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান তাঁকে স্বাগত জানান। এসময় প্রধান উপদেষ্টাকে জাতীয় নিরাপত্তার গুরুত্বপূর্ণ বিষয়াদি সম্পর্কে ব্রিফ করেন সেনাবাহিনী প্রধান। সূত্র: প্রথম আলো

- ছাত্র-জনতার আন্দোলনে বিএনপির কমপক্ষে ৪২২ জন নিহত হন বলে দাবি করেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি জানান, নিহতদের প্রত্যেকের নাম, ঠিকানা, পরিচয় তাঁরা সংগ্রহ করেন। বিএনপির চেয়ারপারসনের গুলশানের রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এই পরিসংখ্যান তুলে ধরেন। সূত্র: প্রথম আলো
- ইয়েমেন থেকে ২ হাজার কিমি. দূরের ইসরায়েলে ক্ষেপণাস্ত্র হামলা চালায় হুতি যোদ্ধারা। ইয়েমেনের সামরিক বাহিনীর মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল ইয়াহিয়া সারি জানান। সূত্র: দৈনিক কালবেলা
- শক্তিশালী ঘূর্ণিঝড় ইয়াগির প্রভাবে সৃষ্ট ভয়াবহ বন্যায় মিয়ানমারে মৃতের সংখ্যা বাড়ছে। ঝড় ও বন্যায় ৭৪ জনের প্রাণহানি ঘটে এবং ৮৯ জন নিখোঁজ। সূত্র: দৈনিক কালবেলা
- মধ্যপ্রাচ্যের দেশ ইরানের একটি কারাগারে ৩৪ নারী বন্দি অনশন করেন। 'নারী, জীবন, স্বাধীনতা' আন্দোলনের দুই বছরপূর্তি উপলক্ষ্যে তারা এ কর্মসূচি পালন করেন। পরে শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী নার্গিস মোহাম্মদির ফাউন্ডেশন এ তথ্য প্রকাশ্যে আনে। সূত্র: দৈনিক কালবেলা

১৬ সেপ্টেম্বর

- ঢাকার যানজট নিরসনের সমাধান খুঁজে বের করতে পুলিশ ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞদের নির্দেশ দেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) শীর্ষ কর্মকর্তা ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) দুই সিটি ট্র্যাফিক সিস্টেম বিশেষজ্ঞের সঙ্গে বৈঠকে প্রধান উপদেষ্টা এ নির্দেশ দেন। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ওই বৈঠকে প্রধান উপদেষ্টা ঢাকার দুই কোটি মানুষের যানজট সমস্যার 'কিছু দ্রুত ও কার্যকর সমাধান' খুঁজে বের করতে ডিএমপিকে নির্দেশ দেন। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি খাতের (১০০ কোটি ইউরো) বাংলাদেশি টাকায় ১৩ হাজার ৩০৩ কোটি ৩১ লাখ ১০ হাজার ৮০০ টাকা সহায়তার ঘোষণা দিল জার্মানি। অন্তর্বর্তী সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান এ তথ্য জানান। প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তি থেকে এসব তথ্য জানা যায়। সূত্র: দৈনিক কালবেলা

- সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে দেশে জনগণের সরকার না আসা পর্যন্ত সবাইকে ঐক্যবদ্ধভাবে ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের দোসরদের প্রতিহত করার আহ্বান জানান। রংপুর টাউন হল শহিদ মিনার প্রাঙ্গণে আয়োজিত মতবিনিময় সভায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক সারজিস আলম এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- অবিলম্বে নির্বাচন দেওয়ার দাবি জানান বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, কিছু গোষ্ঠী অন্তর্বর্তী সরকারকে অনির্দিষ্টকাল রাখতে চায় এবং সে লক্ষ্যে ওইসব গোষ্ঠী ইতিমধ্যে কাজ শুরু করেছে। 'দ্বিকক্ষ পার্লামেন্ট: উচ্চকক্ষের গঠন' শীর্ষক আলোচনা সভায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর এসব কথা বলেন। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) এ আলোচনা সভার আয়োজন করে জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি)। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের জ্বালানি অবকাঠামো উন্নয়ন, জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবিলাসহ বেশকিছু খাতে ৪ থেকে ৫ বিলিয়ন ডলার ঋণ সহায়তা দেবে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক। মঙ্গলবার দুপুরে সচিবালয়ে অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে এ তথ্য জানান ব্যাংকটির রিজিওনাল হাব ম্যানেজার নাসিস সুলাইমান। সূত্র: দৈনিক কালবেলা
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মসূচি চলাকালে মানবাধিকার লঙ্ঘন ও ক্ষমতার অপব্যবহার সম্পর্কে তথ্য দেওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনের তথ্যানুসন্ধান দল। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। অন্তর্বর্তী সরকারের আমন্ত্রণে জাতিসংঘের ওই তথ্যানুসন্ধান দল ১ জুলাই থেকে ১৫ আগস্ট পর্যন্ত আন্দোলন চলাকালে সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের ঘটনার স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত পরিচালনা করছে। সূত্র: প্রথম আলো
- পবিত্র ইদে মিলাদুন্নবি (সা.) উদ্‌যাপনকে কেন্দ্র করে ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলায় আহলে সুন্নাত ওয়াল জামাত ও সিরাতুন্নবি সমর্থিত হেফাজত ইসলাম সমর্থকদের মধ্যে হামলা ও সংঘর্ষের ঘটনা ঘটে। এ ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য-সহ প্রায় ৫০ জন আহত হন। সূত্র: দৈনিক কালবেলা

- দুই মাসের ব্যবধানে আবারও হত্যাচেষ্টার শিকার হলেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফ্লোরিডা অঙ্গরাজ্যে নিজের বাড়ি লাগোয়া গলফ মাঠে খেলার সময় ট্রাম্পকে হত্যার চেষ্টা চালানো হয় বলে জানিয়েছেন দেশটির কর্মকর্তারা। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ২৬৭ জন। একজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ৭০ বছর পর চীনের বাণিজ্যিক অঞ্চল সাংহাইতে শক্তিশালী টাইফুন 'বেবিনকা'র আঘাত। সূত্র: দৈনিক কালবেলা
- ভয়াবহ বন্যার কবলে আফ্রিকার দেশ নাইজেরিয়া। দেশটিতে বন্যার পর কারাগার থেকে ৩০০ বন্দি পালাল। সূত্র: দৈনিক কালবেলা

১৭ সেপ্টেম্বর

- রাজধানীসহ সারা দেশে সেনাবাহিনীকে বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দেওয়ার সিদ্ধান্ত কার্যকর। সেনাবাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের এ ক্ষমতা দিল সরকার। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন। দুই মাস (৬০ দিন) এ সিদ্ধান্ত বলবৎ থাকবে। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকারকে কোনোভাবেই ব্যর্থ হতে দেওয়া যাবে না বলে মন্তব্য করেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তবে তিনি বলেন, অন্তর্বর্তী সরকার যাতে নিজেরাই নিজেদের ব্যর্থতার কারণ না হয়ে দাঁড়ায়, সে ব্যাপারে তাদেরও সতর্ক থাকতে হবে। রাজধানীর নয়াপল্টনে লন্ডন থেকে ভার্চুয়ালি বিএনপির এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তারেক রহমান এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকারকে সহায়তায় চলতি অর্থবছরে বাংলাদেশকে দুই বিলিয়ন ডলারের বেশি সহায়তার প্রতিশ্রুতি দিল বিশ্বব্যাংক। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাতে আশ্বাস দেন বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আবদুলায়ে সেক। সূত্র: দৈনিক কালবেলা
- অন্তর্বর্তী সরকারের অনুরোধে বাংলাদেশে ১ জুলাই থেকে ১৫ আগস্ট পর্যন্ত সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের ঘটনা নিরপেক্ষভাবে তদন্তে আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করে জাতিসংঘের 'ফ্যাক্ট ফাইন্ডিং মিশন

(তথ্যানুসন্ধান দল)'। এ লক্ষ্যে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে জাতিসংঘ টিমের তিন সদস্য সাক্ষাৎ করেন। জাতিসংঘের তদন্তে বাংলাদেশ কোনো হস্তক্ষেপ করবে না বলেও জানান পররাষ্ট্র উপদেষ্টা। সূত্র: দৈনিক ইত্তেফাক

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। রাষ্ট্রদূত ভান্ডারী জুলাই-আগস্টে ঐতিহাসিক ছাত্র-নেতৃত্বাধীন গণ-অভ্যুত্থানের পর অন্তর্বর্তী সরকারের নেতৃত্ব গ্রহণের জন্য প্রধান উপদেষ্টাকে অভিনন্দন জানান। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে রাজনৈতিক দল গঠনের বিষয়টি নিতান্তই গুজব। এখনই কোনো রাজনৈতিক দল গঠনের কোনো অভিপ্রায় তাঁদের নেই বলে জানান যুব ও ক্রীড়া এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। রাজশাহীতে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তাবিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট উদ্‌বোধনের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র: প্রথম আলো
- জুলাই গণ-অভ্যুত্থানে শহিদদের স্মৃতি সংরক্ষণ ও শহিদপরিবারগুলোকে সহায়তার জন্য গঠিত 'জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন'-এ ১০০ কোটি টাকা অনুদান দিল অন্তর্বর্তী সরকার। প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে এ টাকা দেওয়া হয়। রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ফাউন্ডেশনের দপ্তর সম্পাদক ও অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: প্রথম আলো
- গোপালগঞ্জে স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির ক্রীড়া সম্পাদক শওকত আলী দিদার হত্যার ঘটনায় শেখ ফজলুল করিম সেলিমসহ ১ হাজার ৬১৮ জনকে আসামি করে মামলা। এছাড়া ১ হাজার ৫০০ জনকে এ হত্যা মামলায় অজ্ঞাত আসামি করা হয়। শওকত আলী দিদারের স্ত্রী রাবেয়া রহমান গোপালগঞ্জ সদর থানায় মামলাটি করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- মাজার-দরবারে হামলা করা ফৌজদারি অপরাধ–এমন মন্তব্য করে কবি, প্রাবন্ধিক ও রাজনৈতিক ভাষ্যকার ফরহাদ মজহার বলেন, এই কাজ (মাজারে হামলা) করা শুরু হলো, যখন শেখ হাসিনা ঘোষণা করেন যে 'আমি যেকোনো সময় চট করে বাংলাদেশে ঢুকে পড়তে পারি'। রাজধানীর হাইকোর্ট মাজার প্রাঙ্গণে মাজার দরবারে হামলার প্রতিবাদে 'গণপ্রতিরোধ যাত্রা' আয়োজিত এক সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দিল্লির মুখ্যমন্ত্রী পদ ছেড়ে দিলেন আম আদমি পার্টির (আপ) নেতা অরবিন্দ কেজরিওয়াল। উপরাজ্যপাল বিনয় কুমার সাকসেনার বাসভবনে গিয়ে তিনি পদত্যাগপত্র তুলে দেন। একই সঙ্গে আনুষ্ঠানিকভাবে নতুন সরকার গঠনের দাবি জানান আপ নেত্রী আতিশি। তিনিই হবেন দিল্লির মুখ্যমন্ত্রী। তিনি সর্বসম্মতভাবে পরিষদীয় দলের নেতা নির্বাচিত হন। সূত্র: প্রথম আলো
- আওয়ামী লীগ সরকারের পতনের আগে-পরে দেশের কয়েকটি কারাগারে বিশৃঙ্খলা-বিক্ষোভ করেন বন্দিরা। কোনো কোনোটিতে বাইরে থেকে হামলা-ভাঙচুর চালানো হলে পাঁচটি কারাগার থেকে ২ হাজার ২৪১ বন্দি পালিয়ে যান। বিভিন্ন মামলায় সাজাপ্রাপ্ত এসব বন্দি ও আসামির মধ্যে ১ হাজার ৩৩২ জনকে শনিবার পর্যন্ত কারাগারে ফিরিয়ে আনা সম্ভব হয়েছে। এখনো পলাতক আছেন ৯০৯ জন। সূত্র: প্রথম আলো
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলি হামলায় ২৪ ঘণ্টায় ৩৮ ফিলিস্তিনি নিহত। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা

১৮ সেপ্টেম্বর

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা অনুষ্ঠিত। বিদেশি অর্থায়ন পাওয়া যাবে এমন প্রকল্প গ্রহণে গুরুত্ব দেবে সরকার। বহু বছর আগের অনেক প্রকল্প পড়ে আছে। মৃতপ্রায় এসব প্রকল্প সচল করা হবে। একনেক শেষে শিক্ষা ও পরিকল্পনা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ এসব কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী (জাভেদ) শুধু যুক্তরাজ্যেই ৩৬০টি বাড়ির মালিক। এর বেশির ভাগই বার্কলি গ্রুপের মতো শীর্ষ নির্মাতা প্রতিষ্ঠানগুলো থেকে কেনা। বাড়িগুলোর বর্তমান বাজারমূল্য ৩২ কোটি ডলার। বাংলাদেশি টাকায় এ অর্থের পরিমাণ দাঁড়ায় ৩ হাজার ৮২৪ কোটি টাকার বেশি। কাতারভিত্তিক আন্তর্জাতিক সম্প্রচারমাধ্যম আলজাজিরার এক অনুসন্ধানী প্রতিবেদন। সূত্র: প্রথম আলো
- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় 'জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন'-এর সভাপতি ও প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে কার্যনির্বাহী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত। সভায় 'জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন' থেকে ছাত্র-জনতার অভ্যুত্থানে শহিদদের পরিবার এবং আহত ব্যক্তিদের আর্থিক সহায়তা দেওয়া হবে। প্রাথমিকভাবে প্রত্যেক শহিদের পরিবারকে পাঁচ লাখ টাকা এবং আহত প্রত্যেক ব্যক্তিকে সর্বোচ্চ এক লাখ টাকা দেওয়া হবে বলে সিদ্ধান্ত হয়। সূত্র: প্রথম আলো
- কবি, সাহিত্যিক, সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্বদের মধ্যে যারা ফ্যাসিবাদের সঙ্গে জড়িত ছিলেন কিংবা গণহত্যায় উসকানি দেন, তাদের অবশ্যই বিচারের আওতায় আনা হবে। সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অবৈধ ও প্রতারণামূলক নির্বাচন আয়োজন এবং অনির্বাচিত ব্যক্তিদের সংসদ সদস্য ঘোষণার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, সাবেক প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল, কেএম নুরুল হুদা, কাজী রকিব উদ্দিন আহমেদসহ ১৮ জনের বিরুদ্ধে চট্টগ্রামের একটি আদালতে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ এনে মামলা করা হয়। চট্টগ্রাম ষষ্ঠ মহানগর ম্যাজিস্ট্রেট কাজী শরিফুল হকের আদালতে মামলাটি করেন নগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক একরামুল করিম। আদালত মামলা গ্রহণ করে পুলিশকে তদন্তের নির্দেশ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ছাত্র-জনতার অভ্যুত্থানে সরকার পতনের প্রায় দেড় মাসেও থানাগুলোর কার্যক্রম পুরোদমে চালু হয়নি। রাজধানীর পুলিশি ব্যবস্থা ভাটারা, যাত্রাবাড়ী ও মিরপুর থানার কাজ চলছে অন্য এলাকার অস্থায়ী কার্যালয়ে। সূত্র: প্রথম আলো
- রপ্তানি বাণিজ্যের আড়ালে ৮৩ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ১ হাজার কোটি টাকা) বিদেশে পাচারের অভিযোগে বেক্সিমকো গ্রুপের কর্ণধার সালমান এফ রহমানসহ ২৮ জনের বিরুদ্ধে রাজধানীর মতিঝিল থানায় ১৭টি মামলা করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকার তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকাস্থ জার্মান রাষ্ট্রদূত আখিম ট্রোস্টার। জার্মান রাষ্ট্রদূত বলেন, তাঁর দেশ অন্তর্বর্তী সরকারের সংস্কার উদ্যোগকে সহায়তা করবে এবং বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানির জন্য ৬০০ মিলিয়ন ইউরো দেবে। সূত্র: প্রথম আলো
- ড. শাহদীন মালিকের পরিবর্তে সংবিধান সংস্কার কমিশনের প্রধান হিসাবে দায়িত্ব পেলেন অধ্যাপক আলী রীয়াজ। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারীকৃত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মেডিকেল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী, শারীরিক কিছু পরীক্ষা-নিরীক্ষা শেষে এভারকেয়ার হাসপাতাল থেকে গুলশানের বাসায় ফিরেন বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। সূত্র: প্রথম আলো
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনকে কেন্দ্র করে কমলা হ্যারিসের বিরুদ্ধে গুজব ছড়াচ্ছেন রাশিয়ার এজেন্টরা। যুক্তরাষ্ট্রে মাইক্রোসফট এ অভিযোগ করেছে। প্রতিষ্ঠানটি দাবি করেছে, মার্কিন ভাইস প্রেসিডেন্ট ও আসন্ন নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিসকে নিয়ে ষড়যন্ত্রমূলক ভিডিয়োচিত্র ছড়ানো হচ্ছে। সূত্র: প্রথম আলো
- ভারতজুড়ে লোকসভা ও বিধানসভা ভোট একই সঙ্গে করানোর প্রস্তাব কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদন। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে 'এক দেশ এক ভোট' প্রস্তাবটি পাশ হয়। সূত্র: দৈনিক কালবেলা

১৯ সেপ্টেম্বর

- প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে শান্তিতে নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের ক্ষমতা ও দায়িত্ব; প্রধান উপদেষ্টা ও উপদেষ্টাদের পদমর্যাদা, সুযোগ-সুবিধা, পদত্যাগ এবং আনুষঙ্গিক অন্য বিষয়ে বিধান করতে 'অন্তর্বর্তীকালীন সরকার অধ্যাদেশ, ২০২৪'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিল উপদেষ্টা পরিষদ। এর আগে খসড়াটি প্রস্তুত করে আইন ও বিচার বিভাগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে ছয় সংস্কার কমিশনের প্রধানদের বৈঠক–সংবিধান, নির্বাচনব্যবস্থা, পুলিশ, বিচার বিভাগ, দুর্নীতি দমন ও জনপ্রশাসন সংস্কারে গঠিত ছয়টি কমিশন অক্টোবরের মধ্যে কাজ শুরু করবে। সূত্র: প্রথম আলো
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে বিশ্বব্যাংকের সফররত ভাইস প্রেসিডেন্ট মার্টিন রাইজারের সঙ্গে বৈঠক করেন। বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট বলেন, আমরা এই সরকারের মূল অর্থনৈতিক সংস্কারের অংশ হতে প্রস্তুত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে একই দিনে দুজনকে পিটিয়ে হত্যার ঘটনা ঘটে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম (এফ এইচ) হলে চোর সন্দেহে এক যুবককে পিটিয়ে হত্যা করে একদল শিক্ষার্থী। আর জাহাঙ্গীরনগরে ছাত্রলীগের সাবেক এক নেতাকে কয়েক দফা মারধর করে হত্যা করা হয়। এ দুটি ঘটনায় দেশজুড়ে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে হত্যাকাণ্ডের ঘটনায় শাহবাগ থানায় মামলা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সূত্র: প্রথম আলো
- ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র-শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের দলীয় লেজুড়বৃত্তিক রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধ রাখার সিদ্ধান্ত। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র: প্রথম আলো
- ঢাকার সাভার ও আশুলিয়া শিল্পাঞ্চলের বন্ধ হওয়া কারখানাগুলোর বেশির ভাগই উৎপাদনে ফেরার পথে। সাভার, আশুলিয়া ও গাজীপুরে

৩৬টি শিল্পকারখানা বন্ধ ছিল। এর মধ্যে সাভার, আশুলিয়ার ২২টি ও গাজীপুরে আছে ১৪টি কারখানা। ধামরাইয়ের সব শিল্পকারখানাও খোলা রয়েছে। সূত্র: প্রথম আলো

- 'মব জাস্টিস' বন্ধে দ্রুত কঠোর আইনি ব্যবস্থা নিতে হবে বলে জানান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তিন সমন্বয়ক মো. নাহিদ ইসলাম, সারজিস আলম ও হাসনাত আবদুল্লাহ। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া আলাদা স্ট্যাটাসে নিজেদের অবস্থান তুলে ধরেন তারা। ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দুজনকে মারধর করে হত্যার ঘটনায় দোষীদের বিচারের দাবিও জানান তারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাষ্ট্রায়ত্ত ছয় বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে (এমডি) একসঙ্গে অপসারণ করেছে সরকার। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আইন কারও হাতে নেওয়ার অধিকার নেই। সবাইকে সচেতন হতে হবে–স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে হামলার শিকার হয়ে সাবেক শিক্ষার্থী ও ছাত্রলীগের নেতা শামীম আহমেদ ওরফে শামীম মোল্লার মৃত্যুর ঘটনা প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- লেবাননজুড়ে হাজারো পেজার (তারবিহীন যোগাযোগের যন্ত্র) বিস্ফোরণের পর দেশটিতে আবারও দ্বিতীয় দফা হামলার ঘটনা ঘটে। এতে অন্তত ২৫ জন নিহত এবং ৪৫০ জন আহত। দুই দফার এ হামলার পর লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ অনেকটাই বিপর্যস্ত। সূত্র: প্রথম আলো

২০ সেপ্টেম্বর

- খাগড়াছড়ি ও রাঙামাটিতে সৃষ্ট সমস্যা নিরসনে সরকার আন্তরিকভাবে কাজ করছে উল্লেখ করে তিন পার্বত্য জেলায় সবাইকে শান্ত থাকার আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: প্রথম আলো

- খাগড়াছড়িতে পাহাড়ি ও বাঙালি সংঘাতের রেশ পার্শ্ববর্তী জেলা রাঙামাটিতেও ছড়িয়েছে। সংঘর্ষ-সহিংসতায় পার্বত্য এ দুই জেলায় ৪ জন নিহত এবং অন্তত ৮০ জন আহত। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে দুই জেলায় ১৪৪ ধারা জারি। সূত্র: প্রথম আলো
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে চোর সন্দেহে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যার ঘটনায় আটজনকে শনাক্ত করে হল প্রশাসনের গঠিত তদন্ত কমিটি। তাঁরা সবাই ওই হলের আবাসিক শিক্ষার্থী। শনাক্ত আটজনের মধ্যে ছয়জনকে ইতোমধ্যে গ্রেফতার করা হয়। সূত্র: প্রথম আলো
- শিক্ষার্থীদের দাবির মুখে দেশের ৩৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্ররাজনীতি নিষিদ্ধ। এর মধ্যে ১৯টি সরকারি বিশ্ববিদ্যালয়, ৪টি সরকারি কলেজ ও ১০টি সরকারি মেডিকেল কলেজ। ২৭টিতে ছাত্ররাজনীতির পাশাপাশি শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীদের রাজনীতিও নিষিদ্ধ করা হয়। সূত্র: প্রথম আলো
- ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর আত্মগোপনে থাকা জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের খতিবের ফিরে আসাকে কেন্দ্র করে মুসল্লিদের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ ও মসজিদে ভাঙচুরের ঘটনা ঘটে। জুমার নামাজের পূর্বে বয়ান চলাকালে প্রায় আধা ঘণ্টা দুই পক্ষের মারামারিতে অর্ধশতাধিক মুসল্লি আহত হন। পরে পুলিশ ও সেনাসদস্যরা এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলে জুমার নামাজ অনুষ্ঠিত হয়। নামাজ শেষে সাধারণ মুসল্লিরা বায়তুল মোকাররম মসজিদ থেকে বেরিয়ে সাবেক খতিবের বিচার চেয়ে স্লোগান দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাপ্তাহিক ছুটির দিন শুক্রবারও মেট্রোরেল চলাচল শুরু। বেলা সাড়ে ৩টায় উত্তরা উত্তর স্টেশন থেকে মতিঝিলের উদ্দেশে রওয়ানা করে মেট্রোরেল; আর মতিঝিল থেকে যাত্রা শুরু হয় বেলা ৩টা ৫০ মিনিটে। এদিকে ৬৪ দিন বন্ধ থাকার পর মেট্রোরেলের কাজীপাড়া স্টেশনও চালু করা হয়েছে। সূত্র: প্রথম আলো
- নিউমার্কেট থানায় করা ব্যবসায়ী আবদুল ওয়াদুদ হত্যা মামলায় জিজ্ঞাসাবাদের জন্য পুলিশের অতিরিক্ত উপমহাপরিদর্শক (অ্যাডিশনাল ডিআইজি) মশিউর রহমানের সাতদিনের রিমান্ড মঞ্জুর। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফ্যাসিস্ট যেই হোক না কেন, তাদের বিচার বাংলার মাটিতেই হবে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। লক্ষ্মীপুরে বন্যাকবলিত এলাকায় পরিদর্শনে এসে ত্রাণ বিতরণকালে সদর উপজেলার বাঙ্গাখাঁ উচ্চবিদ্যালয় মাঠে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর খিলগাঁও থানার তালতলার ঝিলপাড় এলাকায় নুরু ইসলাম (৫০) নামে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রে আদালতের ভেতরেই কেভিন মুলিনস নামে এক বিচারককে গুলি করে হত্যা। সূত্র: দৈনিক ইত্তেফাক

২১ সেপ্টেম্বর

- পাহাড়ি-বাঙালি সংঘর্ষের জেরে তিন পার্বত্য জেলায় চলছে ৭২ ঘণ্টার সড়ক ও নৌপথ অবরোধ। এ পরিস্থিতিতে রাঙামাটিতে সতর্ক প্রহরায় বিজিবির সদস্যরা। সূত্র: প্রথম আলো
- গণতান্ত্রিক ব্যবস্থায় সফলভাবে উত্তরণ নিশ্চিতে বাংলাদেশকে সহায়তা করার কথা জানান যুক্তরাষ্ট্রের সিনেটের চার সদস্য। অন্তর্বর্তী সরকারের প্রধান ও শান্তিতে নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে লেখা এক চিঠিতে এ কথা জানান ওই সিনেটররা। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশ শিগ্‌গিরই নেপাল থেকে ভারতীয় সঞ্চালন লাইনের মাধ্যমে জলবিদ্যুৎ আমদানির জন্য নেপাল ও ভারতের সঙ্গে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর করতে যাচ্ছে বলে জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান। সূত্র: প্রথম আলো
- দুর্গাপূজা উপলক্ষ্যে রপ্তানিকারকদের আবেদনের পরিপ্রেক্ষিতে ৩ হাজার টন ইলিশ রপ্তানি হতে যাচ্ছে ভারতে। বাণিজ্য মন্ত্রণালয়ের এ বিষয়ে আদেশ জারি। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৮৪৩ জন। একজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে তোফাজ্জল হোসেন নামে এক যুবককে পিটিয়ে হত্যার ঘটনায় অভিযুক্ত ৮ শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কার করল বিশ্ববিদ্যালয় প্রশাসন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রতিবছরই যেহেতু বন্যা হওয়ার আশঙ্কা থাকে তাই এটার একটি স্থায়ী সমাধান হওয়া প্রয়োজন বলে জানান ডাক, টেলিযোগাযোগ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে হাসপাতালের বিছানায় ৪৮ দিন মৃত্যুর সঙ্গে লড়ে অবশেষে মারা গেলেন নয়ন মিয়া (২৫) নামের এক যুবক। শুক্রবার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় নয়ন মারা যান বলে তার শ্বশুর এরশাদুল হক বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আগস্টের বকেয়া বেতনের দাবিতে গাজীপুরের কলম্বিয়া এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পোশাক তৈরির একটি প্রতিষ্ঠানের শ্রমিকরা। এতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। খবর পেয়ে সেনাবাহিনী ও পুলিশসদস্যরা ঘটনাস্থলে এসে সকাল সাড়ে ১০টার দিকে শ্রমিকদের বুঝিয়ে সড়ক থেকে সরিয়ে দেন। সূত্র: প্রথম আলো
- ইন্টারনেট বন্ধের জন্য সরকারের নির্দেশনা দেওয়ার কোনো প্রশ্নই আসে না বলে মন্তব্য করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা নাহিদ ইসলাম। তিনি বলেন, খাগড়াছড়ি ও রাঙামাটি জেলায় কেব্‌ল কাটা পড়েছে, আগুনে পুড়েছে এবং বজ্রপাতের ঘটনায় ইন্টারনেট সংযোগ ও মোবাইল নেটওয়ার্ক ব্যাহত হয়েছিল। দ্রুতই তা সচল করার জন্য মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার খাগড়াছড়ির দীঘিনালায় সংঘর্ষ হয়। এর জের ধরে রাতভর জেলা সদরে গোলাগুলির ঘটনা ঘটে। খাগড়াছড়ির দীঘিনালা, পানছড়ি ও আশপাশের এলাকায়ও উত্তেজনা ছড়িয়ে পড়ে। পাশের

জেলা রাঙামাটিতেও সংঘর্ষ হয়। এসব সংঘর্ষের সময় দুই জেলার অনেক গ্রাহক নেটওয়ার্ক বিচ্ছিন্ন হয়ে পড়েন। সূত্র: প্রথম আলো

- যুক্তরাষ্ট্রে রিপাবলিকান পার্টির প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে ভণ্ড বলে আখ্যা দেন ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস। কমলার অভিযোগ, ট্রাম্প এবং তার দল গর্ভপাত নিয়ে ভণ্ডামি করছেন। জর্জিয়ায় স্থানীয় সময় শুক্রবার এক জনসভায় কমলা এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

২২ সেপ্টেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন সেনাবাহিনীর প্রধান ওয়াকার-উজ-জামান। সূত্র: দৈনিক কালবেলা
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়ক গুইন লুইস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সব সরকারি কর্মকর্তা-কর্মচারীর সম্পদের বিবরণী ৩০ নভেম্বরের মধ্যে জমা দেওয়ার নির্দেশ। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দেশের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কারিকুলাম পরিমার্জনে ১০ সদস্যের কমিটি গঠন। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক আদেশ এ তথ্য জানাল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর-সংস্থার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সংস্কারে ৫ সদস্যের সার্চ কমিটি গঠন করল তথ্য মন্ত্রণালয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সূত্র: সমকাল
- বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)-এর মহাপরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ পেলেন মো. মাহবুবুল আলম। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- চলচ্চিত্রকর্মীদের দীর্ঘদিনের দাবির মুখে সেন্সর বোর্ড যুগের অবসান ঘটল। বাংলাদেশের ইতিহাসে প্রথমবার 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড' গঠন করল সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভারতে ৩ হাজার টন ইলিশ রপ্তানির অনুমতি দেওয়ায় অন্তর্বর্তী সরকারকে লিগ্যাল নোটিশ। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান এ নোটিশ পাঠান। সূত্র: দৈনিক কালবেলা
- গুলশানে বিএনপির চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাই কমিশনার প্রণয় ভার্মার সঙ্গে বৈঠকে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: দৈনিক কালবেলা
- বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানকে 'জাতির পিতা' ঘোষণা দেওয়ার অভিযোগে শাহবাগ থানায় করা ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা থেকে অব্যাহতি পেলেন দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। ঢাকার সাইবার ট্রাইব্যুনালের বিচারক নূরে আলমের আদালতে এ আদেশ দেন। সূত্র: দৈনিক কালবেলা
- নতুন বাংলাদেশ বিনির্মাণে কাজ করে যাওয়ার প্রত্যয়ে জোটের অস্থায়ী কার্যালয়ে ১২ দলীয় জোটের জরুরি সভা অনুষ্ঠিত। সূত্র: দৈনিক কালবেলা
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯২৬ জন। ছয়জনের মৃত্যু। সূত্র: সমকাল
- শ্রীলঙ্কায় প্রেসিডেন্ট নির্বাচনে বামপন্থি প্রেসিডেন্ট প্রার্থী অনূঢ়া কুমারা দিশানায়েকে নির্বাচিত। সূত্র: সমকাল
- লেবাননের রাজধানী বৈরুতে ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা বেড়ে ৪৫ জনে দাঁড়াল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পশ্চিম তীরের রামাল্লা শহরে আল-জাজিরা টিভির ব্যুরো কার্যালয়ে অভিযান চালায় ইসরায়েল সেনাবাহিনী। প্রাথমিকভাবে ৪৫ দিনের জন্য কার্যালয় বন্ধের নির্দেশ দিল ইসরায়েল সেনাবাহিনী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ইসরায়েলকে সহযোগিতা এবং ইরানের নিরাপত্তার বিরুদ্ধে কর্মপরিকল্পনার অভিযোগে ১২ ব্যক্তিকে গ্রেফতার করে ইরান। ইরানের রেভলুশনারি গার্ডস এ তথ্য জানায়। সূত্র: সমকাল

২৩ সেপ্টেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক পৌঁছান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- দেশে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মোকাবিলায় সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগে জরুরি সভা অনুষ্ঠিত। সভায় সারা দেশে ডেঙ্গু মোকাবিলায় ১০ বিশেষ টিম গঠন। সূত্র: সমকাল
- দেশে চলমান সংস্কার সম্পন্ন করতে অন্তর্বর্তী সরকারের পাশে থাকবেন; তাতে যাই হোক না কেন। রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: দৈনিক কালবেলা
- বিশ্বে বায়ুদূষণের শীর্ষে ঢাকা। এয়ার কোয়ালিটি ইনডেক্সের (আইকিউএয়ার) প্রতিবেদন এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- খিলগাঁও থানার পৃথক হত্যা মামলায় সাবেক আইনমন্ত্রী আনিসুল হক ও সাবেক আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল মামুনকে গ্রেফতার দেখানো হলো। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ নুরুল হুদা চৌধুরীর আদালত পুলিশের আবেদনের পরিপ্রেক্ষিতে গ্রেফতার দেখানোর আবেদন মঞ্জুর করেন। সূত্র: সমকাল
- বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৯২২ জন সহযোগী অধ্যাপককে পদোন্নতি দিল অন্তর্বর্তী সরকার। শিক্ষা মন্ত্রণালয়ের এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর গুলশানে বিএনপির চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে বিএনপি'র সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম জাতীয় স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে লন্ডন থেকে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: দৈনিক কালবেলা
- রিমান্ড শেষে সাংবাদিক মোজাম্মেল হক বাবু ও শ্যামল দত্তকে কারাগারে পাঠানোর নির্দেশ। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এ নির্দেশ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকায় নিযুক্ত ব্রুনাইর হাইকমিশনার হাজি হারিস বিন হাজি ওসমানের সঙ্গে দলের কার্যালয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ও সাবেক এমপি ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: দৈনিক কালবেলা
- ২৪ ঘন্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৮৬৬ জন। দুইজনের মৃত্যু। সূত্র: সমকাল

- ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে নিউইয়র্কে দ্বিপক্ষীয় বৈঠক করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বৈঠকে রাশিয়ার সঙ্গে যুদ্ধের শান্তিপূর্ণ সমাধান এবং ইউক্রেনের সার্বভৌমত্ব রক্ষায় পাশে থাকার প্রতিশ্রুতি দেন মোদি। সূত্র: দৈনিক কালবেলা
- লেবাননে ইসরায়েলি হামলায় ৫০ জন নিহত। এসময় আহত তিন শতাধিক মানুষ। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- পাকিস্তানের গোয়েন্দা সংস্থা ইন্টার সার্ভিসেস ইন্টেলিজেন্সের (আইএসআই) মহাপরিচালক হিসাবে লেফটেন্যান্ট জেনারেল মুহাম্মদ আসিম মালিককে নিয়োগ দিল দেশটির সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতে মাঙ্কিপক্সের নতুন ভ্যারিয়েন্ট 'ক্লেড ১বি' শনাক্ত। সূত্র: দৈনিক কালবেলা

২৪ সেপ্টেম্বর

- জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশন শুরু। প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস এ অধিবেশনে যোগ দেন। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রে জাতিসংঘ সাধারণ পরিষদের বৈঠকের সাইডলাইনে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে সাক্ষাৎ করেন। এসময় বাংলাদেশের অন্তর্বর্তী সরকারকে 'যেকোনো প্রয়োজনে' পাশে থাকার আশ্বাস দেন জো বাইডেন। সূত্র: সমকাল
- জাতিসংঘ সাধারণ পরিষদের বৈঠকের সাইডলাইনে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে সাক্ষাৎ করেন। এসময় কানাডায় বাংলাদেশি শিক্ষার্থীদের আরও ভিসা দেওয়ার অনুরোধ করেন প্রধান উপদেষ্টা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতিসংঘ সাধারণ পরিষদের বৈঠকের সাইডলাইনে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টালিনা জর্জিয়েভার সঙ্গে বৈঠক করেন। বৈঠকে ক্রিস্টালিনা জর্জিয়েভা জানান, আইএমএফ রাষ্ট্র সংস্কারে ড. ইউনূস সরকারের পাশে আছে। সূত্র: সমকাল

- 'আন্তর্জাতিক ন্যায়বিচার' শুধু নিরাপত্তা পরিষদের পাঁচ সদস্যের হাতে ছেড়ে দেওয়া যাবে না। তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান গাজা ইস্যুতে ইসরায়েলের বিচার নিয়ে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে এ মন্তব্য করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের বৈঠক। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে মিয়ানমারে জাতিসংঘের বিশেষ দূত জুলি বিশপের বৈঠক। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশে ছাত্র-জনতার আন্দোলন খুব পরিকল্পিতভাবে চালিয়ে নেওয়া হয়। হঠাৎ করে কিছুই হয়নি। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে দেশটির সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের প্রতিষ্ঠান 'ক্লিনটন গ্লোবাল ইনিশিয়েটিভ'-এর আয়োজনে অনুষ্ঠানে মন্তব্য করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গা এবং তাদের আশ্রয়দানকারী স্থানীয় জনগোষ্ঠীর জন্য নতুন করে প্রায় ২০ কোটি ডলারের আর্থিক সহায়তার ঘোষণা দিল যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন থেকে মার্কিন পররাষ্ট্র দপ্তরের বিবৃতিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা পর্যায় থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে ৭০৮ জন শহিদের নামের প্রথম তালিকা প্রকাশ করল স্বাস্থ্য মন্ত্রণালয়। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) সভাপতি রুহুল আমিন গাজীর (৬৮) মৃত্যু। তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক কালবেলা

- কক্সবাজার জেলার চকরিয়ায় ডাকাতি প্রতিরোধ অভিযানে শহিদ হন বাংলাদেশ সেনাবাহিনীর লেফটেন্যান্ট তানজিম ছারোয়ার নির্জন (২৩)। সূত্র: সমকাল
- ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট তথা ইউপিডিএফ (মূল)-এর ডাকা ৭২ ঘণ্টা ধর্মঘটের কারণে সাজেকে আটকে পড়া ১৪০০ পর্যটককে সেনাবাহিনীর সহায়তায় উদ্ধার করে খাগড়াছড়িতে খাগড়াছড়িতে স্থানান্তর। সূত্র: সমকাল
- জুলাই-আগস্টে নিহতদের 'জাতীয় বীর' কেন ঘোষণা নয়, রুল জারি। বিচারপতি কামরুল হোসেন মোল্লা ও বিচারপতি কাজী জিনাত হকের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। সূত্র: দৈনিক কালবেলা
- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৫ জনের বিরুদ্ধে প্রথমবার গুমের অভিযোগ দাখিল। সূত্র: সমকাল
- গুমসংক্রান্ত কমিশন অব ইনকোয়ারিতে অভিযোগ দায়েরের সময়সীমা আরও ১৬ দিন বাড়ালো। গুম সংক্রান্ত কমিশন অব ইনকোয়ারির জনসংযোগ কর্মকর্তা নাছির উদ্দিন গণমাধ্যমকে এ তথ্য জানান। সূত্র: মানবজমিন
- অভিযুক্ত রাজনৈতিক দলকে ১০ বছর পর্যন্ত নিষিদ্ধের প্রস্তাব। রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে 'আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন, ১৯৭৩' সংশোধনবিষয়ক মতবিনিময় সভায় এ প্রস্তাব জানান আইন বিশেষজ্ঞরা। সূত্র: মানবজমিন
- মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সুদহার বাড়াল বাংলাদেশ ব্যাংক। এ সিদ্ধান্ত বুধবার (২৫শে সেপ্টেম্বর) থেকে কার্যকর হবে। কেন্দ্রীয় ব্যাংকের প্রজ্ঞাপন জারি। সূত্র: মানবজমিন
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৮০১ জন। তিনজনের মৃত্যু। সূত্র: সমকাল
- জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনে প্রেসিডেন্ট হিসাবে শেষবার ভাষণ দেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: দৈনিক কালবেলা
- জাপানের ইজু দ্বীপপুঞ্জের কাছে ৫.৬ মাত্রার ভূমিকম্প আঘাত। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএস জিওলজিক্যাল সার্ভে (ইউএসজিএস) এ তথ্য জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

২৫ সেপ্টেম্বর

- কক্সবাজারের চকরিয়ায় ডাকাতের হামলায় লেফটেন্যান্ট তানজিম সারোয়ার নির্জনের মৃত্যুতে শোক প্রকাশ করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা
- বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জীবনী নিয়ে রচিত 'খালেদা জিয়া: আ বায়োগ্রাফি অব ডেমোক্রেসি' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন। বইটি লিখেন অধ্যাপক কাজী কাইউম শিশির। জাতীয় প্রেস ক্লাবে বইটির মোড়ক উন্মোচন করেন সাবেক অস্থায়ী রাষ্ট্রপতি ও সাবেক স্পিকার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার। সূত্র: সমকাল
- কক্সবাজারের চকরিয়ায় সেনা কর্মকর্তা লেফটেন্যান্ট তানজিম সারোয়ার নির্জন হত্যার ঘটনায় সরাসরি সম্পৃক্ত ৬ জনকে আটক করে বাংলাদেশ সেনাবাহিনী। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের ক্রীড়া সাংবাদিক অঘোর মন্ডলের (৫৮) মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক সংসদ সদস্য ও সাবেক শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনকে ঢাকার গুলশান থেকে গ্রেফতার করল পুলিশের এলিট ফোর্স র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৮৫৪ জন। দুইজনের মৃত্যু। সূত্র: সমকাল
- ভারতে ইলিশ রপ্তানির অনুমতি বাতিলে হাইকোর্টে রিট। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান হাইকোর্টে এই রিট দায়ের করেন। সূত্র: দৈনিক কালবেলা
- ফিলিস্তিনের গাজা উপত্যকায় কনটেইনারে করে ৮৮ ফিলিস্তিনির মরদেহ পাঠাল ইসরায়েল। নাম-পরিচয় না জানানোয় এসব মরদেহ গ্রহণ করা হয়নি বলে জানায় গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- তেল আবিবে ইসরায়েলি গোয়েন্দা বাহিনী মোসাদের সদর দপ্তর লক্ষ্য করে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা, দাবি লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহর। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৬ সেপ্টেম্বর

- ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের প্রশংসা করে যুক্তরাষ্ট্র। বাংলাদেশকে সব ধরনের সহযোগিতা দেওয়া হবে। সংস্কার ও সুষ্ঠু নির্বাচনে সমর্থন থাকবে যুক্তরাষ্ট্রের। নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে দেখা করেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। এসময় তিনি বাংলাদেশের প্রতি যুক্তরাষ্ট্রের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। সূত্র: প্রথম আলো
- সংস্কার বাস্তবায়নে বাংলাদেশকে ৩৫০ কোটি ডলার ঋণ দেবে বিশ্বব্যাংক। নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘ সাধারণ অধিবেশনের ফাঁকে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎকালে এ কথা জানিয়েছেন বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট অজয় বাঙ্গা। এদিকে ড. ইউনূসের সঙ্গে সাক্ষাতে চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই জানিয়েছেন, তার দেশ বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও সুদৃঢ় করতে চায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অপরাধী হলে শেখ হাসিনাকে ফিরিয়ে বিচারের আওতায় আনা উচিত–অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। বুধবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে নিউইয়র্ক টাইমস 'ক্লাইমেট ফরওয়ার্ড' সামিটে করা প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নির্বাচনে প্রার্থী হওয়ার কোনো পরিকল্পনা নেই বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেছেন, সংস্কারের জন্য গঠিত কমিশনগুলো সংস্কারের সুপারিশ দেবে। তারপর নির্বাচনের তারিখ নির্ধারণ করা হবে। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে 'ক্লাইমেট ফরওয়ার্ড' শীর্ষক সম্মেলনে প্রশ্নের জবাবে ড. ইউনূস এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- আওয়ামী লীগ সরকারের পতনের পর ভারতের সঙ্গে বিএনপির সম্পর্কে 'বরফ গলতে শুরু করেছে' বলে জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ভারতীয় বার্তা সংস্থা এএনআইকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেন। সূত্র: প্রথম আলো

- এস আলম গ্রুপের মালিক মোহাম্মদ সাইফুল আলমের (এস আলম) দুই ছেলে আশরাফুল আলম, আসাদুল আলম মাহির এবং তাদের সহযোগী জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য সৈয়দ আবু মো. দাউদের অবৈধ সম্পদ অনুসন্ধান ও বাজেয়াপ্ত করার জন্য দুর্নীতি দমন কমিশনে (দুদক) আবেদন করা হয়েছে। বুধবার সুপ্রিম কোর্টের আইনজীবী মো. সুলতান মাহমুদ দুদকের চেয়ারম্যান বরাবর এ আবেদন করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লেবানন ও ইসরায়েলের যুদ্ধ বন্ধে ২১ দিনের যুদ্ধবিরতির প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্রসহ দেশটির পশ্চিমা ও আরব মিত্ররা। তবে যুদ্ধবিরতির এ প্রস্তাব প্রত্যাখ্যান করেছে ইসরায়েল। দেশটির প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু সর্বশক্তি দিয়ে হামলা চালিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন। সূত্র: প্রথম আলো
- রাজনৈতিক বিবেচনায় নেওয়া প্রায় সাড়ে ৫ হাজার কোটি টাকার ছয়টি প্রকল্প বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। এছাড়া আরও ১ হাজার কোটি টাকা ব্যয়ে নেওয়া ৯টি প্রকল্প বাতিলের জন্য প্রস্তুত করা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ব্যাংক থেকে ঋণ নিয়ে সে অর্থ বিদেশে পাচার করেছে কি না, তা যাচাই করতে আওয়ামী লীগ সরকারের ১১ এমপি-মন্ত্রীর ঋণ ও আমানতের তথ্য চেয়েছে বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। সূত্র: যুগান্তর
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে হত্যাসহ আরও পাঁচটি মামলা। বৃহস্পতিবার ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে দুটি, ঢাকার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে দুটি ও আদাবর থানায় একটি মামলা হয়। সূত্র: যুগান্তর

২৭ সেপ্টেম্বর

- নিউইয়র্কে জাতিসংঘের ৭৯তম অধিবেশনে ভাষণ দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। ভাষণে প্রধান উপদেষ্টা বাংলাদেশের মুক্তি ও গণতান্ত্রিক আকাঙ্ক্ষাকে বাস্তবে রূপ দিতে বিশ্বসম্প্রদায়কে নতুনভাবে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান। সূত্র: প্রথম আলো

- জুলাই-আগস্ট গণহত্যা নিয়ে আইসিসিতে অভিযোগ করতে পারে বাংলাদেশ–আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রধান কৌসুলি করিম এএ খান। নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এই কথা বলেন। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের নতুন যাত্রায় যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের অংশীদারত্ব চেয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের একটি হোটেলে ব্যবসায়ীদের সঙ্গে এক সংলাপে ড. ইউনূস এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, মালদ্বীপের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক চায় বাংলাদেশ। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে মালদ্বীপের প্রেসিডেন্ট মোহামেদ মুইজ্জুর সঙ্গে বৈঠকে এ কথা বলেন তিনি। বৈঠকে দুই নেতা বাণিজ্য, বিনিয়োগ, পর্যটন, দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) সক্রিয় করা, জলবায়ু পরিবর্তন গবেষণা সহযোগিতা এবং জনগণের মধ্যে সম্পর্ক জোরদার করার উপায় নিয়ে আলোচনা করেন। সূত্র: প্রথম আলো
- যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের একটি হোটেলে জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশন (ইউএনএইচসিআর)-এর হাইকমিশনার ফিলিপ্পো গ্র্যান্ডি প্রধান উপদেষ্টার সঙ্গে রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনায় বলেন, বাংলাদেশের আশ্রয়শিবিরে থাকা ১০ লাখের বেশি রোহিঙ্গার দুর্দশা অবসানে আন্তর্জাতিক সম্প্রদায়ের আরও বেশি কিছু করা উচিত। অধ্যাপক ইউনূস বাংলাদেশের নতুন নেতা হিসাবে দায়িত্ব গ্রহণ করায় রোহিঙ্গা সংকট নিয়ে বিশ্বব্যাপী আগ্রহ বেড়েছে। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও তাঁর সরকারের প্রতি পূর্ণ সমর্থন প্রকাশ করেন জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। তিনি বলেন, জাতিসংঘ বাংলাদেশের সংস্কারে সহায়তা করতে প্রস্তুত। জাতিসংঘ সদর দপ্তরে প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠকে জাতিসংঘ মহাসচিব এই সমর্থন ব্যক্ত করেন। সূত্র: প্রথম আলো

- এডিস মশাবাহিত ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও দুজনের মৃত্যু। এসময় ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হন ৩২১ জন। সূত্র: প্রথম আলো
- ১২টি সিটি করপোরেশনের কাউন্সিলরদের অপসারণ করেছে অন্তর্বর্তী সরকার। স্থানীয় সরকার বিভাগের থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। পৃথক প্রজ্ঞাপনে দেশের ৩২৩টি পৌরসভার কাউন্সিলর এবং তিনটি পার্বত্য জেলা ছাড়া বাকি ৬১টি জেলা পরিষদের সদস্যদেরও অপসারণ করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের হামলায় নিহত হন সংগঠনটির প্রধান হাসান নাসরুল্লাহ। তিন দশকের বেশি সময় হিজবুল্লাহর নেতৃত্ব দেন তিনি। নাসরুল্লাহর মৃত্যুর মধ্য দিয়ে মধ্যপ্রাচ্যে চলমান সংকট আরও গভীর হলো। তাঁর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে সশস্ত্র সংগঠনটি। সংবাদমাধ্যম দ্য নিউইয়র্ক টাইমস জানায়, কয়েক মাস ধরে নাসরুল্লাহর গতিবিধি অনুসরণ করছিল ইসরায়েলি গোয়েন্দারা। অনেক বছর ধরে তিনি সরাসরি জনসমক্ষে আসতেন না। সূত্র: প্রথম আলো
- যুদ্ধবিরতির আলোচনার মধ্যেই ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু দেশটির সেনাবাহিনীকে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর বিরুদ্ধে সর্বোচ্চ শক্তি নিয়ে লড়াই চালিয়ে যাওয়ার জন্য বলেন। তার এ আহ্বানের পর লেবাননে পরবর্তী ২৪ ঘণ্টায় ইসরায়েলি বিমান হামলায় প্রায় ১০০ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৮ সেপ্টেম্বর

- ছাত্র-জনতার অভ্যুত্থানে এখন পর্যন্ত ১ হাজার ৫৮১ জন নিহত হওয়ার তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের স্বাস্থ্যবিষয়ক উপকমিটি এবং জাতীয় নাগরিক কমিটি। বিভিন্ন উৎস থেকে পাওয়া তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবং নিহত ব্যক্তিদের স্বজনদের সঙ্গে কথা বলে বেসরকারি এই তালিকায় এসব নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে যাচাই-বাছাইয়ের পরই চূড়ান্ত তালিকা স্বাস্থ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের মিলনায়তনে সংবাদ সম্মেলন করে তারা এ তথ্য জানায়। সূত্র: প্রথম আলো

- বিগত সরকার গুম খুনে রাষ্ট্রীয় বাহিনীকে ব্যবহার করেছে বলে মন্তব্য করেন বস্ত্র, পাট ও নৌপরিবহণ মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) সাখাওয়াত হোসেন। রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে 'গণতান্ত্রিক পুনর্গঠনের জন্য সংলাপ-মানবাধিকার প্রসঙ্গ' শীর্ষক আলোচনায় তিনি এ মন্তব্য করেন। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ৬৮৩ জন। সাতজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) সম্মেলনকক্ষে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভা করেন বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. ময়নুল ইসলাম। সভায় তিনি বলেন, নিরপরাধ কেউ মামলার আসামি হলেও এতে ভয়ের কোনো কারণ নেই। মামলায় যেমন অনেক সাংবাদিকের নাম আছে, তেমনই অনেক পুলিশ সদস্যও আসামি হন। সুতরাং এটা নিয়ে ভীত হওয়ার কারণ নেই। প্রতিটি মামলা বিশ্লেষণ করে আমরা পৃথক তদন্ত কমিটি করব। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জিআই পণ্য হিসাবে স্বীকৃতি পেল মধুপুরের আনারস। গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারের ভৌগোলিক নির্দেশক ইউনিট ২৪ সেপ্টেম্বর ভৌগোলিক নির্দেশক পণ্য আইন ২০১৩ অনুসারে এ স্বীকৃতি দেয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশন এবং অন্যান্য উচ্চপর্যায়ের দ্বিপক্ষীয় বৈঠক ও অনুষ্ঠানে যোগদান শেষে ঢাকার উদ্দেশে নিউইয়র্ক ত্যাগ করেন। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকারকে তাদের দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য রোডম্যাপ নির্দিষ্ট করার আহ্বান জানান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। ঝিনাইদহের পায়রা চত্বরে জেলা বিএনপি আয়োজিত গণসমাবেশে ভার্চুয়ালি প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: যুগান্তর

- বাসমতি ছাড়া সাদা চাল রপ্তানির ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিল ভারত। পাশাপাশি সিদ্ধ চালের রপ্তানি শুল্ক ২০ থেকে কমিয়ে ১০ শতাংশ করা হয়। সূত্র: যুগান্তর
- আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে হস্তক্ষেপ করার অভিযোগে জনপ্রিয় সার্চ ইঞ্জিন গুগলের বিরুদ্ধে অভিযোগ গঠনের দাবি জানান সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৯ সেপ্টেম্বর

- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশন এবং অন্যান্য উচ্চপর্যায়ের বৈঠকে যোগদানের জন্য তাঁর চার দিনের যুক্তরাষ্ট্র সফর শেষ করে দেশে ফিরেছেন। প্রধান উপদেষ্টা ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী কাতার এয়ারওয়েজের একটি বাণিজ্যিক ফ্লাইট ভোর ৩টা ৩২ মিনিটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছায়। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস দ্রুত সংস্কারকাজ শেষ করে নির্বাচন আয়োজনে দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন। জাতিসংঘের সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্ক সফরকালে ড. ইউনূস জাপানের রাষ্ট্রীয় গণমাধ্যম এনএইচকের সঙ্গে এক সাক্ষাৎকারে এ মন্তব্য করেন। সাক্ষাৎকারে ড. ইউনূস বলেন, অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব হলো যত দ্রুত সম্ভব সংস্কার বাস্তবায়ন করা এবং প্রস্তুতি সম্পন্ন হলে নির্বাচন আয়োজন করা। তিনি জোর দিয়ে বলেন, এই কাজে ব্যর্থ হওয়ার কোনো সুযোগ নেই। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ১ হাজার ২২১ জন। আটজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- বিদেশে পাচার হওয়া সম্পদ দেশে ফেরত আনা এবং ব্যবস্থাপনার জন্য আন্তঃসংস্থা টাস্কফোর্স পুনর্গঠন করেছে সরকার। রোববার অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে। এবার টাস্কফোর্সকে নতুন করে সাজানো হয়েছে এবং প্রথমবার এ টাস্কফোর্সের সভাপতি করা হয়েছে বাংলাদেশ ব্যাংকের গভর্নরকে।

পুনর্গঠিত টাস্কফোর্সের সদস্য কমিয়ে সভাপতিসহ ৯ জন করা হয়েছে। সূত্র: প্রথম আলো

- ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের আবেদনের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়ার ছানামুখী ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্য হিসাবে স্বীকৃতি পেল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেন, আমরা দুটি রোডম্যাপ চাচ্ছি। একটা সংস্কারের জন্য। সেই রোডম্যাপে নির্দিষ্ট হতে হবে কী কী বিষয়ে সংস্কার হবে এবং কত দিনের ভেতরে সংস্কার হবে। সংস্কারের রোডম্যাপ যদি সফল হয়, তাহলে পরবর্তীকালে দেরি না করে নির্বাচনি রোডম্যাপ দিতে হবে। কিন্তু প্রথমটা যদি সফল না হয়, তাহলে দ্বিতীয়টি ব্যর্থ হবে। আমরা কোনো ব্যর্থ নির্বাচন চাচ্ছি না। আমরা একটা সফল ও গ্রহণযোগ্য নির্বাচন চাচ্ছি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অসাধারণ গবেষণাকর্মের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষক ২০২৪ সালের স্ট্যানফোর্ড বা এলসেভিয়ার-এর বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহর প্রধান হাসান নাসরুল্লাহকে হত্যার পরও দেশটিতে বিমান হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েল। সংগঠনটির বেশ কয়েকটি লক্ষ্যবস্তুতে বিমান হামলা চালায়। হামলায় হিজবুল্লাহর শীর্ষ পর্যায়ের আরেক নেতা নাবিল কাওউকও নিহত হন। সূত্র: প্রথম আলো

৩০ সেপ্টেম্বর

- আশুলিয়ার টঙ্গাবাড়ি এলাকায় শ্রমিকদের সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের সংঘর্ষের মাঝে গুলিতে এক শ্রমিক নিহত। গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন আরও অন্তত পাঁচজন। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকারের মেয়াদ কত দিন হবে, তা নিয়ে নানা কথা হচ্ছে। কেউ বলছেন, দ্রুত নির্বাচন দেওয়া উচিত। কেউ বলছেন, সংস্কার শেষ করার পরই নির্বাচন হওয়া উচিত। তবে জনগণ আগের মতো অবস্থায় ফিরে যেতে চান না, পরিবর্তন চান। মার্কিন সংবাদমাধ্যম এনপিআরকে

দেওয়া সাক্ষাৎকারে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এ কথা বলেন। সূত্র: প্রথম আলো

- কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ৩ নম্বর ফিলিপনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও স্থানীয় আওয়ামী লীগ নেতা নঈমুদ্দিন সেন্টুকে (৫৫) গুলি করে হত্যা করেছে অজ্ঞাত সন্ত্রাসীরা। উপজেলার ফিলিপনগর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে নিজ কার্যালয়ে এ হত্যাকাণ্ডের শিকার হন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ (জয়) ও মেয়ে সায়মা ওয়াজেদ (পুতুল) এবং শেখ রেহানার ছেলে রাদওয়ান মুজিব সিদ্দিকের (ববি) ব্যাংক হিসাব জব্দের (স্থগিত) নির্দেশ দেওয়া হয়েছে। শেখ পরিবারের এ তিন সদস্যের পাশাপাশি সাবেক বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ (বিপু) এবং আওয়ামী লীগের গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন (সিআরআই) ও সিআরআই-ইয়ং বাংলা প্রজেক্টের নামে থাকা ব্যাংক হিসাবও জব্দের নির্দেশ দেওয়া হয়েছে। কেন্দ্রীয় ব্যাংকের আর্থিক গোয়েন্দা বিভাগ বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) ব্যাংক হিসাব জব্দের এ নির্দেশনা দেশের বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কাছে পাঠিয়েছে। সূত্র: প্রথম আলো
- চীন-বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধু। চীনের সঙ্গে বাংলাদেশের ঐতিহাসিক এবং সাংস্কৃতিক সম্পর্ক রয়েছে। সেই ধারাবাহিকতায় বাংলাদেশ ও চীনের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক নতুন উচ্চতায় নিতে আগ্রহী অন্তর্বর্তী সরকার। সোমবার ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অফিস কক্ষে বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূতের সঙ্গে সাক্ষাৎকালে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম এসব কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চট্টগ্রাম বন্দরের ডলফিন জেটির কাছেই নোঙর করা বাংলাদেশ শিপিং করপোরেশনের (বিএসসি) ট্যাংকার 'বাংলার জ্যোতি'তে ভয়াবহ বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডে দুইজন নিহত। নিখোঁজ রয়েছেন আরও একজন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ছাত্র-জনতার অভ্যুত্থানে আহত হয়ে ঢাকায় চিকিৎসাধীন আরও দুজন সোমবার মারা গেছেন। তাঁদের মধ্যে একজন তরুণ, বাড়ি হবিগঞ্জে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) মারা গেছেন তিনি। অপরজন কিশোর, বাড়ি ফেনীতে। তিনি মারা গেছেন ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ)। এ নিয়ে আন্দোলন ঘিরে সংঘর্ষে ১৬ জুলাই থেকে এখন পর্যন্ত অন্তত ৭৬৫ জনের মৃত্যু হলো। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের সংস্কার কার্যক্রম বাস্তবায়নে ঘনিষ্ঠভাবে কাজ করবে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। নতুন সরকারের প্রতিশ্রুতিকে স্বাগত জানিয়েছে সংস্থাটি। তারা বলেছে, চলতি অক্টোবরে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে অনুষ্ঠেয় আইএমএফ ও বিশ্বব্যাংকের বার্ষিক সভায় এসব বিষয়ে আরও আলোচনা হবে। সরকারের বিভিন্ন দপ্তরের সঙ্গে সপ্তাহব্যাপী বৈঠক শেষে আইএমএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলেছে। সূত্র: প্রথম আলো
- লেবাননে এবার স্থলপথে হামলা শুরু করল ইসরায়েল। সংশ্লিষ্ট সূত্র দাবি করে, বড়ো ধরনের অভিযানের আগে প্রস্তুতি হিসাবে এই অভিযান চালানো হয়। এর মাধ্যমে মধ্যপ্রাচ্যে রক্তক্ষয়ী যুদ্ধের নতুন সূচনা হলো বলে আশঙ্কা করেন বিশেষজ্ঞরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, ইউক্রেনে তাঁর দেশ যে লক্ষ্য নির্ধারণ করেছে, তা পরিপূর্ণ করা হবে। এক ভিডিয়ো বার্তায় পুতিন এ কথা বলেন। রাশিয়ার দ্বিতীয় 'পুনরেকত্রীকরণ দিবস' বা 'রিইউনিফিকেশন ডে' উপলক্ষ্যে তিনি এ বার্তা দেন। মস্কোর পক্ষ থেকে চারটি অঞ্চল–দোনেৎস্ক, লুহানস্ক, জাপোরিঝঝিয়া ও খেরসনকে রাশিয়ার সঙ্গে একত্রীকরণ দিবস হিসাবে দিনটি পালন করা হয়। সূত্র: প্রথম আলো

অক্টোবর

১ অক্টোবর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তাঁর সরকারি বাসভবন যমুনায় সৌজন্য সাক্ষাৎ করেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: দৈনিক কালবেলা
- ২৭ সেপ্টেম্বর জাতিসংঘে সাধারণ পরিষদে ভাষণ শেষে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে ভয়েস অব আমেরিকা বাংলাকে সাক্ষাৎকার দেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: প্রথম আলো
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রথম দ্বিপক্ষীয় বৈঠক নভেম্বরে হতে পারে বলে এক প্রেস ব্রিফিংয়ে জানান পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। সূত্র: সমকাল
- নোয়াখালীতে রাষ্ট্রদ্রোহের মামলায় খালাস পেলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা এবং মর্যাদাসম্পন্ন ব্যক্তিদের প্রতিবছর আয়কর রিটার্ন জমা দেওয়ার সর্বশেষ তারিখের পরবর্তী ১৫ কর্মদিবসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে প্রধান উপদেষ্টার কাছে তাঁদের আয় ও সম্পদবিবরণী জমা দিতে হবে। এ সংক্রান্ত নীতিমালা জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: প্রথম আলো
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের যৌথ আয়োজনে অনুষ্ঠিত সেমিনারে সঞ্চালকের দায়িত্ব পালন করেন পিআইবির মহাপরিচালক ফারুক ওয়াসিফ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে হত্যাকাণ্ডের পূর্ণাঙ্গ তদন্তের আহ্বান যুক্তরাষ্ট্রের। নিয়মিত প্রেস ব্রিফিংয়ে এ কথা বলেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যা মামলায় সুপ্রিম কোর্টের আইনজীবী শিশির মনিরসহ ৯ আইনজীবীকে মামলা পরিচালনার অনুমতি দিলেন

আদালত। ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাহবুবুল হক এ আদেশ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বাংলাদেশ থেকে পাচার হওয়া অর্থ উদ্ধারসহ আইনগত সহায়তা চেয়ে বিশ্বের ১২টি দেশে ৭১টি মিউচুয়াল লিগ্যাল অ্যাসিস্ট্যান্স রিকোয়েস্ট (এমএলএআর) পাঠায় দুর্নীতি দমন কমিশন (দুদক)। সাংবাদিকদের এ তথ্য জানান দুদকের মহাপরিচালক (প্রতিরোধ) মো. আক্তার হোসেন। সূত্র: প্রথম আলো
- রাজনৈতিক পট পরিবর্তনের পর দেশে সেপ্টেম্বরে মোট প্রবাসী আয় এসেছে ২৪০ কোটি ডলার, যা গত বছরের সেপ্টেম্বরে ছিল ১৩৩ কোটি ডলার। সূত্র: প্রথম আলো
- তিন বছর আগে অনুষ্ঠিত চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) নির্বাচনে বিএনপির মেয়রপ্রার্থী শাহাদাত হোসেনকে মেয়র হিসাবে জয়ী ঘোষণা করেন আদালত। সূত্র: প্রথম আলো
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাসভবনের ব্যক্তিগত কর্মচারী জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে মানি লন্ডারিং আইনে অনুসন্ধান শুরু। সূত্র: যুগান্তর
- মার্কিন জ্বালানি কোম্পানির এক্সিলারেট এনার্জি করপোরেটেডের কৌশলগত উপদেষ্টা হিসাবে নিয়োগ পেলেন বাংলাদেশে নিযুক্ত সাবেক মার্কিন রাষ্ট্রদূত পিটার ডি হাস। সূত্র: বণিক বার্তা
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে নিউইয়র্ক টাইমসের সমর্থন। সূত্র: প্রথম আলো
- ১০০ বছরে পা রাখলেন যুক্তরাষ্ট্রের প্রথম সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার। সূত্র: দৈনিক ইত্তেফাক

২ অক্টোবর

- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো। সূত্র: সমকাল
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে রাজনৈতিক দলগুলোর দ্বিতীয় দফায় বৈঠক শুরু হবে ৫ অক্টোবর। এতে

প্রধান রাজনৈতিক দলগুলোকে দাওয়াত দেওয়া হবে বলে জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। সূত্র: প্রথম আলো

- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার মুখ্যসচিব হিসাবে নিয়োগ পেলেন সাবেক যুগ্মসচিব মো. সিরাজ উদ্দিন মিয়া। সূত্র: প্রথম আলো
- স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের কার্যালয়ে এক মতবিনিময় সভায় বক্তব্য দেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: প্রথম আলো
- রাজধানীসহ তিন জেলায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিক্ষোভ কর্মসূচি চলাকালে গুলি ও হামলা মামলায় আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের ১৫ নেতাকর্মীসহ ১৬ জন গ্রেফতার। ঢাকা, রংপুর ও কিশোরগঞ্জের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে পুলিশ ও র‍্যাব তাঁদের গ্রেফতার করে। ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) ও র‍্যাবের পৃথক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: প্রথম আলো
- খাগড়াছড়ি জেলা সদর এলাকায় অনির্দিষ্টকালের জন্য জারি করা ১৪৪ ধারা প্রত্যাহার। জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক মো. শহীদুজ্জামান এ ঘোষণা দেন। সূত্র: দৈনিক কালবেলা
- সংবিধানসহ প্রাতিষ্ঠানিক সংস্কারে অন্তর্বর্তী সরকার যে ছয়টি কমিশন করেছে, এর আলোকে ছায়া কমিটি করেছে বিএনপিও। দলের স্থায়ী কমিটির সভায় এ কমিটি চূড়ান্ত করা হয়। সূত্র: প্রথম আলো
- রাজধানীতে অভিযান চালিয়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মুখ্যসচিব ও উপদেষ্টা কামাল নাসের চৌধুরী এবং সাবেক যুব ও ক্রীড়া সচিব মেজবাহ উদ্দীন আহমেদ গ্রেফতার। সূত্র: যুগান্তর
- আসন্ন শারদীয় দুর্গাপূজায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ, র‍্যাব, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর (ভিডিপি) সদস্যদের টহল জোরদার। বাড়ানো হবে গোয়েন্দা নজরদারি। ধর্মীয় অনুভূতিতে আঘাত করে কেউ সামাজিক যোগাযোগমাধ্যমে মন্তব্য করে কি না, তা কঠোরভাবে নজরদারি করা হবে। সূত্র: সমকাল
- ভোক্তাপর্যায়ে ১২ কেজি তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) সিলিন্ডারের দাম ৩৫ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৫৬ টাকা নির্ধারণ করল বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৭ জন। আটজনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলে ইরানের ক্ষেপণাস্ত্র হামলার পর উভয় পক্ষকে সংযত থাকার আহ্বান জানায় আন্তর্জাতিক সম্প্রদায়। সূত্র: সমকাল
- কানাডার পার্লামেন্টে অনাস্থা ভোটে টিকে গেলেন দেশটির প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। যুগান্তর
- ইউক্রেনের পূর্বাঞ্চলীয় কৌশলগত গুরুত্বপূর্ণ শহর ভুলেদার দখলে নিয়েছে রাশিয়া। পাহাড়চূড়ায় অবস্থিত শহরটির নিয়ন্ত্রণ নেয় দেশটির সেনাবাহিনী। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার প্রতিবেদন। সূত্র: যুগান্তর

৩ অক্টোবর

- মিয়ানমারে রোহিঙ্গাদের প্রত্যাবাসন নিশ্চিত করতে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)-সহ আন্তর্জাতিক সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান জানান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- টাইম ম্যাগাজিনের ২০২৪ সালের টাইম ১০০ নেক্সট ২০২৪ নাহিদ ইসলাম সম্পর্কে ওয়েবসাইটে বর্ণনা করেছে। প্রতিবছর বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকা প্রকাশ করে নিউইয়র্কভিত্তিক বিখ্যাত এই মার্কিন সাময়িকীটি। এবার সেই তালিকায় জায়গা করে নিলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক এবং সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: যুগান্তর
- রাজধানীতে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে গুলি চালিয়ে হত্যা ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আরও একটি হত্যা মামলা হয়েছে। ঢাকায় চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতে এ মামলা হয়েছে। সূত্র: সমকাল
- দৈনিক আমার দেশ পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক মাহমুদুর রহমান জামিন পেয়েছেন। ঢাকা মহানগর দায়রা জজ মোহাম্মদ আসসামছ জগলুল হোসেনের শুনানি শেষে তার জামিন মঞ্জুর করেন। সূত্র: কালের কণ্ঠ
- রংপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যা মামলার ১৪ আসামির বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা জারি করেছেন আদালত। সূত্র: প্রথম আলো

- বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে গুমের ঘটনা তদন্তে গঠিত গুম সংক্রান্ত কমিশন অব ইনকোয়ারি কার্যক্রম শুরুর ১৩ কর্মদিবসের মধ্যেই ৪০০ অভিযোগ জমা পড়েছে। রাজধানীর গুলশানে গুম সংক্রান্ত কমিশন অব ইনকোয়ারির কার্যালয়ের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়েছে। সূত্র: যুগান্তর
- ইরানের ক্ষেপণাস্ত্র হামলার জবাবে দেশটিতে শিগ্‌গির ভয়াবহ হামলা চালানোর হুমকি দিয়েছে ইসরায়েল। সূত্র: প্রথম আলো
- ভিয়েতনামের চিড়িয়াখানায় বার্ড ফ্লুতে ৪৭ বাঘের মৃত্যু হয়েছে বলে দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের খবরে জানা গেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিঙ্গাপুরে সাবেক মন্ত্রী সুব্রামানিয়াম ইসওয়ারানকে দুর্নীতির অভিযোগে ১২ মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পশ্চিম আফ্রিকার বৃহত্তম দেশ নাইজেরিয়ায় নৌকা ডুবে নিখোঁজ অন্তত ১০০ জন। সূত্র: দৈনিক কালবেলা

৪ অক্টোবর

- ঢাকার ইন্টারকন্টিনেন্টাল হোটেলে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা
- বিএনপির মার্চ ফর ডেমোক্রেসি কর্মসূচিতে বাধা দেওয়ার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১১৩ জনকে আসামি করে রাজধানীর গুলশান থানায় মামলা। মামলার বিষয়টি নিশ্চিত করেন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তৌহিদ আহমেদ। সূত্র: সমকাল
- অনুবাদক ও কথাসাহিত্যিক শহীদ আখন্দের (৯৪) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকা থেকে নিষিদ্ধ সংগঠন হিযবুত তাহরীরের মিডিয়া সমন্বয়ক ইমতিয়াজ সেলিম গ্রেফতার। সূত্র: প্রথম আলো
- নেপালে বন্যা ও ভূমিধসে ২৩৬ জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলের বিমান হামলায় পশ্চিম তীরের তুলকারম শরণার্থীশিবিরে হামাসের এক শীর্ষস্থানীয় কমান্ডারসহ ১৮ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- হাইতিতে একটি শহরে প্রবেশ করে দেশটির সশস্ত্র গোষ্ঠী গ্র্যান গ্রিফ নির্বিচারে গুলি চালিয়ে ৭০ জনকে হত্যা করে। জাতিসংঘের মানবাধিকার অফিসের মুখপাত্র এ তথ্য জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- উত্তর কোরিয়ার সার্বভৌমত্বের ওপর কোনো ধরনের আঘাত এলে পারমাণবিকসহ সব অস্ত্র ব্যবহারের দ্বিধা করা হবে না বলে হুমকি দিলেন দেশটির নেতা কিম জং উন। সূত্র: প্রথম আলো

৫ অক্টোবর

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: প্রথম আলো
- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- বাংলাদেশে হিন্দু ধর্মাবলম্বীদের শারদীয় দুর্গোৎসব উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকেশ্বরী মন্দির পরিদর্শন করেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: যুগান্তর
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাটমণ্ডপে 'অন্তর্বর্তী সরকারের দুই মাস: পর্যালোচনা, প্রস্তাব, মতবিনিময়' শীর্ষক সভায় বক্তব্য দেন অধ্যাপক আনু মুহাম্মদ। সভার আয়োজন করে গণতান্ত্রিক অধিকার কমিটি। সূত্র: প্রথম আলো
- সাবেক রাষ্ট্রপতি ও প্রখ্যাত চিকিৎসক অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরীর (৯৪) মৃত্যু। সূত্র: সমকাল
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মুখ্যসচিব আবুল কালাম আজাদকে ধানমন্ডি থেকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। সূত্র: যুগান্তর
- জনপ্রশাসন সংস্কার কমিশনের সদস্যদের প্রত্যাখ্যান করেন প্রশাসন ক্যাডার ছাড়া বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) ২৫টি ক্যাডারের কর্মকর্তারা। রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য তুলে ধরা হয়। সূত্র: প্রথম আলো

- তালেবানের নাম আর সন্ত্রাসী সংগঠনের তালিকায় রাখতে চাইছে না রাশিয়া। রুশ প্রশাসনের সর্বোচ্চ পর্যায় থেকে এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানে সন্ত্রাসীদের সঙ্গে বন্দুকযুদ্ধে একজন লেফটেন্যান্ট কর্নেলসহ ৬ সেনা ও ছয় সন্ত্রাসী নিহত হয়েছে। সূত্র: প্রথম আলো
- ইসরায়েল সীমান্ত ভেদ করে দেশটিতে তাণ্ডব চালায় হামাসের যোদ্ধারা। এতে নিহত অন্তত ১ হাজার ২০০ জন। আহত ৩ হাজারের বেশি। ২৫০ জনকে জিম্মি করে হামাস। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৬ অক্টোবর

- ঢাকায় সেনাবাহিনীর সদর দপ্তরে সেনাসদর নির্বাচনি পর্ষদ-২০২৪-এর আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা
- রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে 'দ্য ক্রস বর্ডার স্প্রেড অব মিসইনফরমেশন ইন সাউথ এশিয়া' শীর্ষক সেমিনারে বক্তব্য দেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: প্রথম আলো
- মানুষের জন্য ফাউন্ডেশন আয়োজিত 'ক্ষমতায়ন: জলবায়ুসহিষ্ণু সমাজের জন্য নারী (ফেজ ২)' প্রকল্পের অ্যানুয়াল কমিউনিটি অব প্র্যাকটিস (কপ) নেটওয়ার্ক কনভেনশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ছাত্র-জনতার আন্দোলনে নিহত ১০৫ শিশুর প্রত্যেক পরিবারকে ৫০ হাজার টাকা করে সহায়তা দেওয়া হবে বলে জানান সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক উপদেষ্টা শারমীন এস মুরশিদ। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের খাদ্য নিরাপত্তায় সহায়তা দেবে যুক্তরাষ্ট্রের ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্ট এজেন্সি (ইউএসটিডিএ)। ঢাকায় মার্কিন দূতাবাসের প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে নিহত ৭৩৭ জনের খসড়া তালিকা প্রকাশ করেছে স্বাস্থ্য অধিদপ্তর। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়। সূত্র: যুগান্তর

- আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য এবং সাবেক মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী আবদুর রহমানের দেশত্যাগে নিষেধাজ্ঞা আদালতের। সূত্র: প্রথম আলো
- একাধিক হত্যা মামলায় গ্রেফতার হলেন সাবেক মন্ত্রী সাবের হোসেন চৌধুরী এবং সাবেক ভূমিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের এক খুদে বার্তায় এ তথ্য জানায় বিজিবি। সূত্র: প্রথম আলো
- শিল্পকলা একাডেমির সাবেক মহাপরিচালক মোহাম্মদ লিয়াকত আলী লাকী, পরিচালক (প্রশাসন) জাহাঙ্গীর হোসেন চৌধুরীসহ ২৪ জনের বিরুদ্ধে দুদকের মামলা। সূত্র: প্রথম আলো
- ইসরায়েলের হামলার আশঙ্কায় ৯ ঘণ্টা ইরানে সব ধরনের ফ্লাইট বন্ধ থাকার পর তা পুনরায় চালু হয়। ভারতের সংবাদমাধ্যম দ্য হিন্দুর খবরে বলা হয়েছে, ইরানের সিভিল এভিয়েশন অর্গানাইজেশন পুনরায় ফ্লাইট চালুর ঘোষণা দেয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মালদ্বীপের প্রেসিডেন্ট মোহামেদ মুইজ্জু পাঁচদিনের সরকারি সফরে ভারতে। সূত্র: প্রথম আলো
- ফিলিস্তিনে চলমান গণহত্যার প্রতিবাদস্বরূপ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে ইসরায়েলি দূতাবাসের সামনে মার্কিন এক সেনা নিজের গায়ে আগুন ধরিয়ে দিয়েছিলেন বলে জানিয়েছে মার্কিন জরুরি পরিষেবা। সূত্র: আমাদের সময়

৭ অক্টোবর

- ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতন হওয়ার পর গত ৮ আগস্ট নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে অন্তর্বর্তী সরকার গঠিত হয়। আজ অন্তর্বর্তী সরকারের দুই মাস পূর্ণ হলো। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ৫০০ মুসলিম ব্যক্তিত্বের তালিকায় স্থান পেলেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি তালিকায় শীর্ষ ৫০ ব্যক্তিত্বের মধ্যে রয়েছেন। জর্ডানের রাজধানী আম্মানভিত্তিক প্রতিষ্ঠান 'দ্য রয়্যাল ইসলামিক স্ট্র্যাটেজিক স্টাডিজ সেন্টার (আরআইএসএসসি)' এ তালিকা প্রকাশ করে। সূত্র: সমকাল

- জাতীয় প্রেস ক্লাবে 'সংবাদমাধ্যমের সংস্কার কেন, কীভাবে?' শীর্ষক এক মুক্ত আলোচনায় বক্তব্য দেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। 'মিডিয়া সাপোর্ট নেটওয়ার্ক' এবং 'আইন ও বিচার' নামে দুটি প্ল্যাটফর্ম এ আলোচনাসভার আয়োজন করে। সূত্র: প্রথম আলো
- রাজধানীর ধানমন্ডিতে টিআইবির কার্যালয়ে দুর্নীতি দমন সংস্কার কমিশনের প্রথম বৈঠক অনুষ্ঠিত। সূত্র: প্রথম আলো
- শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের কর্ণধার মোহাম্মদ সাইফুল আলম (এস আলম), তাঁর স্ত্রী, সন্তান, ভাইসহ ১৩ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। সূত্র: যুগান্তর
- বিবিসি বাংলার সাবেক সাংবাদিক গোলাম কাদেরের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- অধ্যাপক আলী রীয়াজকে প্রধান করে সংবিধান সংস্কার কমিশন গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: কালের কণ্ঠ
- শেরপুর ও ময়মনসিংহে বন্যার উন্নতি। নেত্রকোনায় ১২৩ গ্রাম প্লাবিত। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ২১৮ জন। দুই জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের মুক্তির দাবিতে বিক্ষোভ করে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)। ইসলামাবাদে বিক্ষোভের কারণে পিটিআই প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ইমরান খান ও দলটির জ্যেষ্ঠ নেতাদের বিরুদ্ধে লাহোর ও রাওয়ালপিন্ডিতে রাষ্ট্রদ্রোহ ও সন্ত্রাসবাদের মামলা করে পুলিশ। সূত্র: যুগান্তর
- ভারতের বিচ্ছিন্নতাবাদী খালিস্তানি আন্দোলনের শীর্ষ পর্যায়ের নেতা এবং কানাডার নাগরিক হরদীপ সিং নিজ্জর হত্যাকাণ্ডকে ঘিরে গত বছর ভারতের সঙ্গে টানাপোড়েনে জড়িয়ে পড়ার পর এই প্রথম ভারতের অখণ্ডতা নিয়ে নিজেদের অবস্থান স্পষ্ট করল কানাডা। রাজধানী অটোয়াতে এক অনুষ্ঠানে খালিস্তান ইস্যুতে কানাডার অবস্থান স্পষ্ট করেন দেশটির উপপররাষ্ট্রমন্ত্রী ডেভিড মরিসন । সূত্র: প্রথম আলো
- চিকিৎসাবিজ্ঞান ও শরীরতত্ত্বে নোবেল পুরস্কার পেলেন যুক্তরাষ্ট্রের দুই বিজ্ঞানী ভিক্টর অ্যামব্রোস ও গ্যারি রুভকান। সূত্র: দৈনিক ইত্তেফাক

৮ অক্টোবর

- বৈষম্যবিরোধী চেতনায় উদ্বুদ্ধ হয়ে সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধন অটুট রেখে সবাইকে ঐক্যবদ্ধভাবে ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও সুখী-সমৃদ্ধ স্বপ্নের বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। দুর্গাপূজা উপলক্ষ্যে গণমাধ্যমে পাঠানো এক বাণীতে তিনি এ আহ্বান জানান। সূত্র: প্রথম আলো
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন কোথায় আছেন, এ বিষয়ে সরকারের কাছে কোনো তথ্য নেই। তার বর্তমান অবস্থান নিয় ধোঁয়াশা তৈরি হয়েছে। পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন সাংবাদিকদের এ কথা জানান। সূত্র: সমকাল
- দুই মাস আগে দিল্লিতে আসা বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখনো ভারতেই অবস্থান করছেন বলে জানা গেছে। তিনি দিল্লি ছেড়ে মধ্যপ্রাচ্যের কোনো দেশে চলে গেছেন–এজাতীয় সব খবরকে 'সম্পূর্ণ ভিত্তিহীন' বলে উড়িয়ে দেন ভারতের শীর্ষস্থানীয় সরকারি কর্মকর্তারা। সূত্র: যুগান্তর
- নতুন মন্ত্রিপরিষদ সচিব হলেন শেখ আবদুর রশিদ। সূত্র: প্রথম আলো
- শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে ১০ অক্টোবর সাধারণ ছুটি ঘোষণা। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- আন্দোলনের মুখে সরকারি কর্ম কমিশন (পিএসসি) চেয়ারম্যান মো. সোহরাব হোসাইনসহ সব সদস্যের পদত্যাগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জামিনে মুক্তি পেলেন সাবেক মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯৮১ জন। পাঁচজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- আন্তর্জাতিক টি-টোয়েন্টি থেকে অবসর নিলেন ক্রিকেটার মাহমুদউল্লাহ। সূত্র: প্রথম আলো
- পদার্থবিজ্ঞানে নোবেল পেলেন বিজ্ঞানী জন জে হপফিল্ড ও কানাডিয়ান বিজ্ঞানী জেফার ই হিন্টন। সূত্র: যুগান্তর

৯ অক্টোবর

- রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ভি ম্যান্টিটস্কি। সূত্র: সমকাল
- বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান হিসাবে নিয়োগ পেলেন অধ্যাপক মোবাশ্বের মোনেম। জনপ্রশাসন মন্ত্রণালয় এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। সূত্র: বণিক বার্তা
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রথম শহিদ আবু সাঈদের ছোটো বোন সুমি খাতুনকে চাকরি দিল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে কুমিল্লার মো. কামাল হোসেন নিহতের ঘটনায় ঢাকার প্রতিবাদ। সীমান্ত হত্যা বন্ধ ও দোষীদের শাস্তি চেয়ে ভারত সরকারকে আহ্বান জানায় বাংলাদেশে। ঢাকায় ভারতীয় হাইকমিশনে পাঠানো এক চিঠিতে পররাষ্ট্র মন্ত্রণালয় এ আহ্বান জানায়। সূত্র: যুগান্তর
- রাষ্ট্র সংস্কারে সেক্টর অনুযায়ী আলাদা আলাদা ১০ দফা প্রস্তাবনা বাংলাদেশ জামায়াতে ইসলামীর। রাজধানীর গুলশানে হোটেল ওয়েস্টিনে আয়োজিত 'রাষ্ট্র সংস্কার প্রস্তাবনা' শীর্ষক সংবাদ সম্মেলনে এসব প্রস্তাব তুলে ধরেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. আব্দুল্লাহ মুহাম্মদ তাহের। সূত্র: কালের কণ্ঠ
- রাজধানীর বনানী পূজামণ্ডপে র‍্যাবের মহাপরিচালক (ডিজি) অতিরিক্ত আইজিপি একেএম শহিদুর রহমান সাংবাদিকদের বলেন, শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে গুজব ছড়ানো হয়, এটি মোকাবিলা করা একটি বড়ো চ্যালেঞ্জ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের অন্যতম শীর্ষ ধনী রতন টাটার (৮৬) মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- প্রোটিন গবেষণায় এ বছর রসায়নে নোবেল পেলেন ডেভিড বেকার, ডেমিস হাসাবিস ও জন জাম্পার নামে তিন বিজ্ঞানী। সুইডেনের রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সেস রসায়নের নোবেল পুরস্কার বিজয়ীদের নাম ঘোষণা করে। সূত্র: যুগান্তর

▶ ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের অব্যাহত হামলায় নিহতের সংখ্যা ৪২ হাজার ছাড়িয়ে গেছে। আহত সাড়ে ৯৭ হাজারের বেশি। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য। সূত্র: প্রথম আলো

১০ অক্টোবর

▶ প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস 'রিসেট বাটন' চাপ দেওয়া বলতে প্রকৃত অর্থে কী বুঝিয়েছেন, তা নিয়ে বিভ্রান্তি নিরসনে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে এ সংক্রান্ত একটি বিবৃতি দিয়ে বিষয়টি পরিষ্কার করা হয়। বিবৃতিতে বলা হয়, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস 'রিসেট বাটন' চাপ দেওয়ার কথাটি উল্লেখ করে দুর্নীতিগ্রস্ত রাজনীতি, যা বাংলাদেশের সব গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানকে ধ্বংস করেছে, অর্থনীতিকে ধ্বংসের দ্বারপ্রান্তে ঠেলে দিয়েছে এবং কোটি মানুষের ভোটাধিকার ও নাগরিক অধিকার হরণ করেছে, তা থেকে বের হয়ে এসে নতুনভাবে শুরু করার কথা বুঝিয়েছেন। তিনি কখনো বাংলাদেশের গর্বিত ইতিহাস মুছে ফেলার কথা বলেননি। প্রেস উইংয়ের বিবৃতিতে বলা হয়, সম্প্রতি ভয়েস অব আমেরিকাকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রধান উপদেষ্টা দুর্নীতিগ্রস্ত রাজনীতি থেকে বেরিয়ে এসে দেশের নতুন করে যাত্রা শুরু করা প্রসঙ্গে 'রিসেট বাটন' শব্দের ব্যবহার করেন। এরপর কোনো কোনো মহল থেকে এ শব্দের অপব্যাখ্যা করা হচ্ছে। সূত্র: কালের কণ্ঠ

▶ অবসরে গেলেন আইন ও বিচার বিভাগের সচিব মো. গোলাম রাব্বানী। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) র‍্যাংকিংয়ে যৌথভাবে দেশসেরা হওয়ার গৌরব অর্জন করল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠানটির অফিশিয়াল ওয়েবসাইটে প্রকাশিত 'ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২৫' থেকে এ তথ্য জানা যায়। সূত্র: প্রথম আলো

▶ রাজধানীর রামপুরায় দুর্বৃত্তদের হাতে নিহত দীপ্ত টেলিভিশনের সম্প্রচার কর্মকর্তা তানজিল জাহান ইসলাম তামিম (৩২)। এ ঘটনায় হাতিরঝিল থানা পুলিশ ঘটনাস্থল থেকে এক প্রকৌশলীসহ চারজনকে আটক করে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ দেশে ফিরলেন লিবিয়ায় আটকে পড়া ১৫০ জন বাংলাদেশি নাগরিক। সূত্র: কালের কণ্ঠ

▶ সাহিত্যে নোবেল পুরস্কার পেলেন দক্ষিণ কোরিয়ার লেখক হান কাং। সূত্র: প্রথম আলো

▶ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় হারিকেন মিল্টনের ভয়াবহ তাণ্ডবে নিহত পাঁচজন, বিদ্যুৎহীন ৩০ লাখের বেশি মানুষ। সূত্র: প্রথম আলো

▶ 'সাইবারক্যাব' নামের রোবোট্যাক্সি উদ্‌বোধন করলেন টেসলার প্রধান নির্বাহী ইলন মাস্ক। সূত্র: প্রথম আলো

১১ অক্টোবর

▶ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের বিভিন্ন সংস্কার উদ্যোগের প্রতি দৃঢ় সমর্থন পুনর্ব্যক্ত করল জাতিসংঘ। জাতিসংঘের বাংলাদেশ স্থায়ী মিশন এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বিভিন্ন ব্যুরোর কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্র সচিব জসীম উদ্দিন। এসব বৈঠকে বাংলাদেশের নতুন প্রেক্ষাপটে সম্পর্ককে জোরালো করার বার্তা দিয়েছে যুক্তরাষ্ট্র। অন্তত পাঁচটি বৈঠকের তথ্য দিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয় এবং যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের কর্মকর্তারা। সূত্র: প্রথম আলো

▶ শান্তিতে নোবেল পুরস্কার পেলেন জাপানের মানবাধিকার সংগঠন 'নিহোন হিদানকিয়ো'। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ শান্তিতে নোবেল পাওয়ায় জাপানের পরমাণু অস্ত্রবিরোধী সংগঠন 'নিহোন হিদানকিয়ো'কে অভিনন্দন জানান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ সিরাজগঞ্জ পৌর শহরের শ্রীশ্রী মহাপ্রভুর আখড়া পূজামণ্ডপে সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন আইন উপদেষ্টা আসিফ নজরুল। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ শারদীয়া দুর্গাপূজার মহাষ্টমীতে ঢাকার রমনা কালীমন্দির পরিদর্শন করেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, বিমানবাহিনীর

প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন এবং নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান। সূত্র: কালের কণ্ঠ

- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৯০ জন। দুইজনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

১২ অক্টোবর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে ঢাকেশ্বরী মন্দির পরিদর্শন করেন এবং সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র: যুগান্তর
- ময়মনসিংহ সদর উপজেলায় নিজ বাসার সামনে সাংবাদিক স্বপন কুমার ভদ্রকে (৬৫) কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। সূত্র: প্রথম আলো
- টেলিভিশন ও মঞ্চনাটকের অভিনেতা জামাল উদ্দিন হোসেনের (৮১) মৃত্যু। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯১৫ জন। নয়জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ অক্টোবর

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আন্দোলনে আহতদের মধ্যে অনুদানের চেক হস্তান্তর করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশনের পক্ষ থেকে অনুদানের চেক হস্তান্তর করা হয়। তাঁর সঙ্গে ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। সূত্র: প্রথম আলো
- কমিশনপ্রধান অধ্যাপক আলী রীয়াজের সভাপতিত্বে সংবিধান সংস্কার কমিশনের প্রথম সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত। সভায় কমিশনের কর্মপরিধি ও কার্যপদ্ধতি বিষয়ে আলোচনা হয়। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৬৬০ জন। চারজনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

- চীনের বিমানবাহী রণতরির উপস্থিতি ঘিরে সতর্ক অবস্থানে তাইওয়ান। তাইওয়ানের দক্ষিণের সাগরে ওই রণতরির দেখা মেলে বলে জানায় স্থানীয় কর্তৃপক্ষ। সূত্র: প্রথম আলো
- তুরস্কে নারী হত্যার প্রতিবাদে বিক্ষোভ করেন দেশটির শতাধিক নারী। সূত্র: প্রথম আলো
- সব ধরনের উড়োজাহাজে যোগাযোগযন্ত্র পেজার ও ওয়াকিটকি নিষিদ্ধ করল ইরান। সূত্র: প্রথম আলো
- লেবাননসহ প্রতিবেশী ছয় দেশের বিভিন্ন অংশ দখল করে গ্রেটার ইসরায়েল দখলের পরিকল্পনা আছে বলে জানান প্রধানমন্ত্রী নেতানিয়াহু সরকারের অর্থমন্ত্রী বেজালেল স্মোট্রিচ। সম্প্রতি তুরস্কের প্রেসিডেন্ট এরদোগান বলেন, ইসরায়েল তুরস্কেরর কিছু অংশ দখল করতে চায়। ইসরায়েলের প্রেসিডেন্ট আইজ্যাক হারজগ বলেন, তুরস্ক নিয়ে তাদের এমন কোনো পরিকল্পনা নেই। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৪ অক্টোবর

- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন মিয়ানমারে নিযুক্ত মানবাধিকারবিষয়ক জাতিসংঘের বিশেষ র‍্যাপোর্টিয়ার টমাস অ্যান্ড্রুস। সূত্র: প্রথম আলো
- ডিজিএফআই-এর নতুন মহাপরিচালক হলেন মেজর জেনারেল মোহাম্মদ জাহাঙ্গীর আলম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ১৫ জুলাই থেকে ৮ আগস্ট পর্যন্ত 'জুলাই গণ-অভ্যুত্থান'সংশ্লিষ্ট ঘটনায় সক্রিয়দের বিরুদ্ধে কোনো মামলা, গ্রেফতার বা হয়রানি করা হবে না। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক নির্দেশনায় এ কথা জানানো হয়। সূত্র: প্রথম আলো
- জুলাই ও আগস্টের শুরুতে ছাত্র-জনতার ওপর হামলাকারী, হত্যার ইন্ধনদাতা ও নির্দেশদাতাদের বিরুদ্ধে এ পর্যন্ত দেশের বিভিন্ন থানায় ১ হাজার ৬৯৫টি মামলা হয়েছে। পুলিশ সদর দপ্তর থেকে সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য উল্লেখ করা হয়। সূত্র: প্রথম আলো
- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার শুরু করতে ট্রাইব্যুনালের চেয়ারম্যান হিসাবে নিয়োগ পেলেন হাইকোর্টের বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদার। ট্রাইব্যুনালের সদস্য হিসাবে নিয়োগ পেলেন

বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মো. মোহিতুল হক এনাম চৌধুরী। সূত্র: প্রথম আলো

- ঢাকা জেলা ও ঢাকা মহানগর দায়রা জজ আদালতে আইন মন্ত্রণালয়ের ৬৬৯ জন সরকারি কৌঁসুলি নিয়োগ। সলিসিটর অনুবিভাগ (জিপি-পিপি শাখা) এই নিয়োগের প্রজ্ঞাপন প্রকাশ করে। সূত্র: প্রথম আলো
- রংপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত আবু সাঈদ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) ১৮তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষায় পাশ করেন। পুলিশের গুলিতে প্রাণ হারানোর চার দিন আগে এই পরীক্ষায় অংশ নিয়েছিলেন তিনি। এনটিআরসিএ-এর ওয়েবসাইটে এই ফল প্রকাশ করা হয়। সূত্র: প্রথম আলো
- শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব পদে নিয়োগ পেলেন সিদ্দিক জোবায়ের। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৮৬ জন। একজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- রুশ সামরিক পরিবহণ উড়োজাহাজ ধ্বংসের দাবি করেছে ইউক্রেন। কিয়েভের পক্ষ থেকে এ দাবি করা হয়। সূত্র: প্রথম আলো
- অর্থনীতিতে নোবেল পেলেন তিন মার্কিন অর্থনীতিবিদ–ড্যারন আজেমোলু, সাইমন জনসন ও জেমস এ. রবিনসন। সূত্র: যুগান্তর
- সুদানের রাজধানী খার্তুমে সামরিক বাহিনীর বিমান হামলায় ২৩ জন নিহত। এ হামলা চালায় সেনারা। দেশটির স্বেচ্ছাসেবক দল বিষয়টি নিশ্চিত করে। সূত্র: যুগান্তর

১৫ অক্টোবর

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে বিদায়ি সাক্ষাৎ করেন ঘানার হাইকমিশনার ওয়াকু আসোমাহ চেরেমেহ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এক্সিলারেট এনার্জির প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এবং ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের চেয়ারম্যান স্টিভেন কোবোসের নেতৃত্বে মার্কিন ব্যবসায়ী প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর

- সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য দেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও ছাত্র-জনতার অভ্যুত্থানে সহিংস ঘটনার সত্যানুসন্ধানে কমিটি গঠন। সাত সদস্যের এ কমিটিকে ৪৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়। উপাচার্য নিয়াজ আহমেদ খান ৮ অক্টোবর এ কমিটি গঠন করেন। সূত্র: প্রথম আলো
- ১১ দিনের সরকারি সফরে যুক্তরাষ্ট্র ও কানাডায় গেলেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সূত্র: প্রথম আলো
- সারা দেশে সব শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ। এ বছরে পাশের হার ৭৭ দশমিক ৭৮ শতাংশ। সূত্র: দৈনিক কালবেলা
- সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন আদালতে জমা পড়েনি। এ নিয়ে এই মামলায় তদন্ত প্রতিবেদন জমার তারিখ ১১২ বার পেছানো হলো। সূত্র: কালের কণ্ঠ
- শপথ নিলেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাশ্বের মোনেম ও চার সদস্য। সূত্র: সমকাল
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১০৮ জন। আটজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- সামরিক ড্রোন কিনতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের সঙ্গে ভারতের চুক্তি। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) ২৩তম সম্মেলন শুরু। সূত্র: প্রথম আলো
- অসদাচরণের অভিযোগে বাংলাদেশ ক্রিকেট দলের কোচ হাথুরুসিংহ বরখাস্ত। অন্তর্বর্তীকালীন কোচ হিসাবে নিয়োগ পেলেন ফিল সিমন্স। সূত্র: প্রথম আলো

▶ ইরানের পরমাণু স্থাপনা নয়, সামরিক লক্ষ্যবস্তুতে হামলা হবে বলে জানান ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৬ অক্টোবর

▶ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে জুলাই ও আগস্টে গণ-অভ্যুত্থানের সময় তরুণ বিপ্লবীদের আঁকা বর্ণিল ও বিচিত্র গ্রাফিতি পরিদর্শন করেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: যুগান্তর

▶ রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভুটানের রাষ্ট্রদূত রিনচেন কুয়েনসিল। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংক্রান্ত সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় পুনর্বিবেচনা চেয়ে রিভিউ পিটিশন দাখিল করেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ মুজিববাদীদের কোনোভাবেই ক্ষমা করা হবে না বলে মন্তব্য করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী মাহফুজ আলম। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড অ্যাকাউন্টে লেখা এক পোস্টে এ মন্তব্য করেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) আবাসিক হলসহ দেশের অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে নির্যাতন বা র‍্যাগিং বন্ধে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিশন গঠন। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: যুগান্তর

▶ ৭ মার্চ, ১৫ আগস্টসহ আটটি জাতীয় দিবস বাতিলের আদেশ। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক কালবেলা

▶ লেখক, গবেষক ও কৃষিবিদ জয়নাল হোসেনের (৭১) মৃত্যু। সূত্র: প্রথম আলো

▶ রাজধানীর বড় মগবাজারে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনির রাষ্ট্রদূত ইউসুফ সালেহ ওয়াই রামাদান। সূত্র: দৈনিক কালবেলা

▶ জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন ওমর আবদুল্লাহ। সূত্র: যুগান্তর

▶ বর্ষীয়ান রাজনীতিক ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য বেগম মতিয়া চৌধুরীর (৮২) মৃত্যু। সূত্র: বণিক বার্তা

▶ প্রথমবার দক্ষিণ কোরীয় লেখিকা হিসাবে সাহিত্যে নোবেল পেলেন হান কাং। এ জয়ের পর নিজ দেশে তার বই বিক্রি হয় ১০ লাখ কপির বেশি। সূত্র: প্রথম আলো

১৭ অক্টোবর

▶ ছাত্র-জনতার অভ্যুত্থানে নিহতের পরিবার পাবে ৩০ লাখ টাকা। উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানান অন্তর্বর্তী সরকারের পরিবেশ, বন ও জলবায়ুবিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম। সূত্র: প্রথম আলো

▶ জুলাই-আগস্টের গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের এক মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৪৬ জনকে গ্রেফতারের নির্দেশ জারি করেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের সভাপতিত্বে তিন সদস্যের ট্রাইব্যুনাল এই আদেশ দেন। সূত্র: মানবজমিন

▶ নিরাপত্তার স্বার্থে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিল্লিতেই আছেন এবং থাকবেন বলে জানান ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। সূত্র: প্রথম আলো

▶ তৃণমূল বিএনপির চেয়ারপারসন শমসের মবিন চৌধুরীকে রাজধানীর বনানী ডিওএইচএস-এর বাসা থেকে গ্রেফতার। সূত্র: সমকাল

- জাতীয় প্রেস ক্লাবের সিনিয়র সদস্য ও প্রবীণ সাংবাদিক এমএম হারুনের (৮০) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- লালন ফকিরের ১৩৪তম তিরোধান দিবস উপলক্ষ্যে কুষ্টিয়ায় ছেঁউড়িয়ায় তিনদিনব্যাপী সাধুসঙ্গ শুরু। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১১০ জন। আট জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ১০০ বছর বয়সে পা রাখার ১৫ দিন পর মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিসকে ভোট দিলেন জিমি কার্টার। সূত্র: প্রথম আলো
- ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের প্রধান ইয়াহিয়া সিনওয়ারকে হত্যার দাবি ইসরায়েলের। দক্ষিণ গাজায় এক অভিযান চালিয়ে তাকে হত্যা করা হয় বলে জানিয়েছে ইসরায়েলি বাহিনী। সূত্র: প্রথম আলো
- ভারতের বিহার রাজ্যে বিষাক্ত মদ পানে অন্তত ১৮ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো

১৮ অক্টোবর

- ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসা শেষে পুনরায় কাজে ফিরলেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: সমকাল
- আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেন, আগামী বছরের মধ্যে নির্বাচন করাটা সম্ভব হতে পারে। তবে এতে অনেক ফ্যাক্টর আছে বলে তিনি মনে করেন। এটি তাঁর প্রাথমিক অনুমান বলেও তিনি জানান। চ্যানেল আইয়ের 'আজকের সংবাদপত্র' অনুষ্ঠানে মানবজমিন পত্রিকার প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরীর এক প্রশ্নের জবাবে আইন উপদেষ্টা এমন কথা বলেন। সূত্র: প্রথম আলো
- রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে জিয়াউর রহমান ফাউন্ডেশনের রজতজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত আলোচনাসভায় ভার্চুয়ালি বক্তব্য দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব হিসাবে নিয়োগ পেলেন মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: দৈনিক কালের কণ্ঠ
- বঙ্গোপসাগরে বাংলাদেশের জলসীমায় অনুপ্রবেশ করে মাছ শিকার করা ভারতীয় ৪৮ জেলেকে আটক করে নৌবাহিনী ও কোস্ট গার্ড। সূত্র: প্রথম আলো
- একাত্তরের কণ্ঠযোদ্ধা সুরকার গীতিকার সুজেয় শ্যামের (৭৮) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

১৯ অক্টোবর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সংস্কার প্রক্রিয়া এগিয়ে নেওয়ার লক্ষ্যে কয়েকটি রাজনৈতিক দলের সঙ্গে আলোচনায় বসেন। এতে গণফোরাম, এলডিপি, জাতীয়তাবাদী সমমনা জোট, ১২ দল, জাতীয় মুক্তি কাউন্সিল, লেবার পার্টি, বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) আলোচনায় অংশ নেয়। সূত্র: প্রথম আলো
- চট্টগ্রাম সার্কিট হাউজে বিভাগ ও জেলার সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। সূত্র: প্রথম আলো
- সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল পুনর্বহাল করে সংবিধানের ষোড়শ সংশোধনীর রায়ের রিভিউ নিষ্পত্তি করে দিলেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে গঠিত দেশের সর্বোচ্চ আদালতের ছয় সদস্যের আপিল বিভাগের পূর্ণাঙ্গ ও নিয়মিত বেঞ্চ এ আদেশ দেন। সূত্র: প্রথম আলো
- কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ১৫৬ জন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে মামলা। বিদ্যুৎ সংযোগ বন্ধ রেখে আন্দোলনের নামে গ্রাহকদের ভোগান্তি দেওয়া, রাষ্ট্রবিরোধী আচরণ ও ধ্বংসাত্মক কার্যক্রম পরিচালনা করার অভিযোগে চান্দিনা থানায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এক কর্মকর্তা মামলাটি করেন। সূত্র: মানবজমিন
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১২১ জন। চারজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো

- মুখে খাওয়া কলেরার টিকার বৈশ্বিক মজুত শেষ হয়ে গেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এ কথা জানিয়েছে। সূত্র: প্রথম আলো
- পূর্ব ইউক্রেনের জরিয়ান গ্রাম দখল নিয়েছে রাশিয়া। এ তথ্য জানায় রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানের লাহোরে কলেজেছাত্রীকে ধর্ষণের খবরে ছড়িয়ে পড়া বিক্ষোভে আটক ৩৮৮ জনকে মুক্তির আদেশ দিলেন দেশটির স্থানীয় আদালত। সূত্র: প্রথম আলো
- দখলদার ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর বাড়িতে ড্রোন হামলা চালায় লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) এ তথ্য জানায়। সূত্র: প্রথম আলো

২০ অক্টোবর

- সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল পুনর্বহাল করে সংবিধানের ষোড়শ সংশোধনীর রায়ের রিভিউ নিষ্পত্তি করে দিলেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। সংবিধানের এ-সংক্রান্ত ৯৬ অনুচ্ছেদ পুরোটাই পুনর্বহাল করেন আপিল বিভাগ। ফলে বিচারপতিদের অপসারণের ক্ষমতা ফিরল সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের হাতে। প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে গঠিত ছয় সদস্যের আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ এ আদেশ দেন। সূত্র: প্রথম আলো
- হাইকোর্টের কিছু বিচারকের বিরুদ্ধে প্রচুর অভিযোগ রয়েছে বলে মন্তব্য করেন আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল। তিনি বলেন, সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল পুনরুজ্জীবনের মধ্য দিয়ে আদালতের বিরুদ্ধে অভিযোগ দেওয়ার একটি ফোরাম পেলে ছাত্র-জনতা। সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় প্রেস ক্লাবের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিচালনা পরিষদ পুনর্গঠিত। পদাধিকার অনুযায়ী, নতুন পরিষদের সভাপতি হলেন সংস্কৃতি

মন্ত্রণালয়ের উপদেষ্টা এবং সদস্যসচিবের দায়িত্ব পালন করবেন শিল্পকলা একাডেমির মহাপরিচালক। সহসভাপতি হিসাবে আছেন সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব। সংস্কৃতি মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: কালের কণ্ঠ

- বাংলা একাডেমির পুনর্গঠিত নির্বাহী পরিষদের সদস্য হিসাবে ছয়জনকে তিন বছরের জন্য মনোনয়ন দেওয়া হয়। সংস্কৃতি মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: প্রথম আলো
- মেধাতালিকায় ১৪তম স্থান পেয়ে অনার্স (স্নাতক) চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে নিহত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ। এ তথ্য নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রকাশিত এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল পুনর্মূল্যায়নের দাবি জানিয়ে পাঁচ শিক্ষা বোর্ডের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করেন অকৃতকার্য শিক্ষার্থীরা। সূত্র: আজকের পত্রিকা
- বিগত আওয়ামী লীগ সরকারের সময় গুমের ঘটনা তদন্তে গঠিত কমিশনের ক্ষমতা বাড়ানো হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের পৃথক দুটি প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। সূত্র: প্রথম আলো
- কণ্ঠশিল্পী মনি কিশোরের মৃত্যু। সূত্র: সমকাল
- ইউক্রেনের ১১০টি ড্রোন গুলি করে ভূপাতিত করে রাশিয়া। মস্কো থেকে এএফপি এ খবর জানায়। সূত্র: যুগান্তর
- অবরুদ্ধ গাজা উপত্যকায় ইসরায়েলি বাহিনীর হামলায় আরও ৮৭ জন ফিলিস্তিনি নিহত এবং ১৫৮ জন আহত। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানা যায়। সূত্র: যুগান্তর

২১ অক্টোবর

- ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে ৫ আগস্ট ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগপত্র নিয়ে একেক সময় একেক কথা বলেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রীর পদত্যাগের বিষয়টি পরিষ্কার করেছিলেন রাষ্ট্রপতি। তবে সেই পদত্যাগের কোনো

দালিলিক প্রমাণ তার কাছে নেই বলে নতুন করে বক্তব্য দিয়ে বিতর্কের সৃষ্টি করেন। তার এ বক্তব্যে অন্তর্বর্তী সরকারের একাধিক উপদেষ্টা ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। মাত্র আড়াই মাসের ব্যবধানে দুরকমের বক্তব্য দিয়ে রাষ্ট্রপতি মিথ্যাচার করেছেন এবং যা শপথ ভঙ্গের শামিল বলে মন্তব্য করেন অন্তর্বর্তী সরকারের আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল। সূত্র: দৈনিক ইত্তেফাক

- অর্থ আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা একটি মামলা বাতিলের আবেদন খারিজের বিরুদ্ধে আপিল করার অনুমতি পেলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিভাগ এ আদেশ দেন। সূত্র: যুগান্তর
- রাজধানীর গুলশানে নরওয়ের রাষ্ট্রদূতের বাসায় বাংলাদেশে নিযুক্ত ইউরোপের তিন দেশের রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠক করেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। সূত্র: প্রথম আলো
- জাতিসংঘের সদর দপ্তরে বাংলাদেশের নতুন স্থায়ী প্রতিনিধি হিসাবে নিয়োগ পেলেন সালাহউদ্দিন নোমান চৌধুরী। পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে আদেশ জারি। সূত্র: কালের কণ্ঠ
- মেক্সিকোতে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত হিসাবে নিয়োগ পেলেন সাংবাদিক মুশফিকুল ফজল (আনসারি)। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: মানবজমিন
- 'জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশনের' সাধারণ সম্পাদক হলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক সারজিস আলম। আর এতদিন সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করে আসা মীর মাহবুবুর রহমান স্নিগ্ধকে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগ দেওয়া হয়। ঢাকায় জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশনের নির্বাহী পরিষদের দ্বিতীয় সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র: প্রথম আলো
- বগুড়া, ঠাকুরগাঁও ও ঝিনাইদহের বিভিন্ন আদালতে নিয়োগ পেলেন ২০০ জন সরকারি আইন কর্মকর্তা। আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর উইং থেকে এ সম্পর্কিত তিনটি নিয়োগাদেশ জারি। সূত্র: দৈনিক ইত্তেফাক

- পদত্যাগের ঘোষণা দিলেন ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার। সূত্র: দৈনিক ইনকিলাব
- অনলাইন নিউজ পোর্টাল বাংলানিউজ টোয়েন্টিফোর ডটকমের সিনিয়র ফটোসাংবাদিক শোয়েবুর রহমান মিথুনের (৩৭) মৃত্যু। সূত্র: বণিক বার্তা
- ছাত্র-জনতার আন্দোলনের সময় রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় নিহতদের নাম-পরিচয় সংবলিত স্মৃতিফলক 'শহিদি ঐক্য চত্বর'-এর উন্মোচন করে জুলাই বিপ্লব পরিষদ। স্মৃতিফলকে প্রাথমিকভাবে ৪৮ শহিদের নাম স্থান পেয়েছে। সূত্র: প্রথম আলো
- রাজধানীর খিলগাঁও থানায় দায়ের করা হত্যাচেষ্টা মামলায় সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী জেড আই খান পান্নাকে আগাম জামিন দিলেন হাইকোর্ট। সূত্র: যুগান্তর
- প্রকৃত নিয়ন্ত্রণরেখা হিসাবে পরিচিত দুই দেশের সীমান্তে টহল নিয়ে ভারত ও চীনের মধ্যে সমঝোতা হয়েছে। সমঝোতার অংশ হিসাবে ২০২০ সালের সংঘর্ষের আগে দুই দেশের সেনারা যেসব জায়গায় টহল দিতেন, সেখানে যেতে পারবেন। এক সংবাদ সম্মেলনে ভারতের পররাষ্ট্রসচিব বিক্রম মিশ্রি এ কথা জানান। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানে বিচার বিভাগের ক্ষমতা সীমিত করে সংবিধান সংশোধনী বিল পাশ। এখন থেকে পাকিস্তানের সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি নিয়োগ দিতে পারবেন দেশটির প্রধানমন্ত্রী। সূত্র: দৈনিক ইত্তেফাক

২২ অক্টোবর

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগ, ছাত্রলীগ নিষিদ্ধসহ ৫ দফা দাবিতে রাজধানীর কেন্দ্রীয় শহিদ মিনারে সমাবেশ ও বিক্ষোভ করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা। সূত্র: সমকাল
- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে আজারবাইজানের অনাবাসিক রাষ্ট্রদূত এলচিন হুসেইনলি। সূত্র: প্রথম আলো

- রাজনৈতিক দল হিসাবে বাংলাদেশ জামায়াতে ইসলামীকে দেওয়া নিবন্ধন অবৈধ ঘোষণার রায়ের বিরুদ্ধে করা আপিল পুনরুজ্জীবিত করে আদেশ দিলেন আপিল বিভাগ। ২৮৬ দিন দেরি মার্জনা করে আপিল পুনরুজ্জীবিত চেয়ে দলটির পক্ষ থেকে করা আবেদন মঞ্জুর করেন আদালত। প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিভাগ এ আদেশ দেন। সূত্র: প্রথম আলো
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৩৯ জন। সাতজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- সরকারি কর্ম কমিশনের (পিএসসি) নতুন সচিব হিসাবে নিয়োগ পেলেন ড. মো. সানোয়ার জাহান। সূত্র: সমকাল
- প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের সঙ্গে সুপ্রিম কোর্টে বৈঠক করেন অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল ও তথ্য উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: প্রথম আলো
- লিবিয়া থেকে দেশে ফিরলেন ১৫৭ জন বাংলাদেশি নাগরিক। একটি চার্টার্ড ফ্লাইটে দেশে ফেরেন তারা। সূত্র: প্রথম আলো
- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন অঙ্গরাজ্যের সিয়াটলে একটি বাড়ির কাছে নির্বিচারে গুলির ঘটনায় পাঁচজন নিহত। অঙ্গরাজ্যের প্রশাসন এ কথা জানায়। সূত্র: প্রথম আলো

২৩ অক্টোবর

- রাষ্ট্রপতির পদত্যাগের দাবিতে বঙ্গভবনের সামনে অবস্থান, বিক্ষোভ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আলটিমেটামের পর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেন বিএনপির তিন নেতা। তারা হলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী ও সালাহউদ্দিন আহমেদ। বৈঠকে আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলমও উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের অপসারণ প্রশ্নে বিএনপির নেতাদের বক্তব্যে সন্তুষ্ট নয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটি। জাতীয় ঐক্যের

জন্য শেখ হাসিনার ফ্যাসিস্ট শাসনের অংশ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে অপসারণের দাবিতে ঐক্যবদ্ধ হওয়া এবং রাজনৈতিক সংকট মোকাবিলায় বিএনপির নেতাদের প্রতি আহ্বান জানায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটি। রাজধানীর কেন্দ্রীয় শহিদ মিনারে যৌথ সংবাদ সম্মেলনে এ আহ্বান জানান সংগঠন দুটির নেতারা। সূত্র: প্রথম আলো

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্র দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স হেলেন লাফেভ। সূত্র: যুগান্তর
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আয়োজিত 'গণ-অভ্যুত্থানের সরকার, প্রত্যাশা ও প্রাপ্তি' শীর্ষক আলোচনাসভায় বক্তব্য দেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: প্রথম আলো
- রাজধানীর মিরপুরে বাংলাদেশ ন্যাশনাল ডিফেন্স কলেজে ২০২৪ এনডিসি কোর্সে অংশগ্রহণকারীদের উদ্দেশে বক্তব্য দেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাংবাদিক দম্পতি সাগর সারওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্তে চার সদস্যের টাস্কফোর্স গঠন করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: মানবজমিন
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নতুন সচিব হিসাবে নিয়োগ পেলেন মাহবুবা ফারজানা। এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- সন্ত্রাসবিরোধী আইনে আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা করেছে অন্তর্বর্তীকালীন সরকার। তথ্যটি প্রকাশ করে প্রজ্ঞাপন জারি করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- ছাত্রলীগ নিষিদ্ধের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আনন্দমিছিল করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা। সূত্র: দৈনিক কালবেলা
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৩৮ জন। সাতজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- যুদ্ধবিধ্বস্ত লেবানন থেকে দ্বিতীয় দফায় দেশে ফিরলেন ৬৫ জন বাংলাদেশি। সূত্র: প্রথম আলো

- ভারতের কেরালার ওয়েনাড লোকসভা আসনের উপনির্বাচনে কংগ্রেসের প্রার্থী হিসাবে মনোনয়নপত্র জমা দিলেন প্রিয়াঙ্কা গান্ধী। সূত্র: সমকাল
- গাজা যুদ্ধের অবসান এবং ইরানের সঙ্গে উত্তেজনা এড়ানোর জন্য ইসরায়েলের প্রতি আহ্বান জানালেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাষ্ট্রীয় উপহার বিক্রির মামলায় জামিন পেলেন পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের স্ত্রী বুশরা বিবি। সূত্র: প্রথম আলো

২৪ অক্টোবর

- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের সভায় 'সরকারি চাকরিতে প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর নির্ধারণ অধ্যাদেশ, ২০২৪'-এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন। উপদেষ্টা পরিষদের বৈঠকে আলোচনার মাধ্যমে অধ্যাদেশটি অনুমোদন করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গ্লোবাল অ্যাগ্রো ট্রেড প্রাইভেট লিমিটেড বা গ্যাটকো দুর্নীতির মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ দলটির শীর্ষস্থানীয় তিন নেতাকে অব্যাহতি দিলেন আদালত। ঢাকার বিশেষ জজ আদালত-৩-এর বিচারক আবু তাহের এ আদেশ দেন। সূত্র: যুগান্তর
- কানাডার অটোয়ায় ভাইস চিফ অব ডিফেন্স স্টাফ লেফটেন্যান্ট জেনারেল স্টিফেন আর কেলসির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশের সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: সমকাল
- এ বছর সরকারি খরচে কেউ হজে যাবে না। কেবল হজ ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত ব্যক্তিরাই সরকারি অর্থে হজে যেতে পারবেন। রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: প্রথম আলো
- ধর্ষণ মামলায় খালাস পেলেন হেফাজতে ইসলামের সাবেক যুগ্ম মহাসচিব ও বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব মামুনুল হক। সূত্র: দৈনিক কালবেলা
- খাগড়াছড়ির মাটিরাঙ্গা সীমান্ত থেকে রানি দাস (৩২) নামের এক ভারতীয় নাগরিকসহ দুজনকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ। সূত্র: প্রথম আলো

- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে কারামুক্ত করার উদ্যোগ নিতে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে চিঠি দিলেন মার্কিন হাউজ অব রিপ্রেজেন্টেটিভসের ৬০ সদস্য। বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। সূত্র: যুগান্তর
- বিশ্বখ্যাত জনস্বাস্থ্য গবেষক ও খাওয়ার স্যালাইনের উদ্ভাবক এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের অকৃত্রিম বন্ধু রিচার্ড অ্যালান ক্যাশের (৮৩) মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৫ অক্টোবর

- রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিনকে সরানোর দাবির পক্ষে ঐকমত্য তৈরির জন্য রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির নেতারা। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাষ্ট্র ও কানাডা সফর শেষে দেশে ফিরলেন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সফরকালে তিনি জাতিসংঘ সদরদপ্তরে শান্তিরক্ষা মিশনের সঙ্গে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ব্যক্তি, যুক্তরাষ্ট্রের সেনাপ্রধানসহ উচ্চপদস্থ সামরিক-বেসামরিক কর্মকর্তা এবং কানাডার উচ্চপদস্থ সামরিক-বেসামরিক কর্মকর্তা-ব্যক্তিদের সঙ্গে সাক্ষাৎ করেন। আন্তঃবাহিনী জনসংযোগ (আইএসপিআর) পরিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র: সমকাল
- গাজীপুরে জেলা জামায়াতের উদ্যোগে আয়োজিত দলের রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ জামায়াত ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। সূত্র: যুগান্তর
- জুলাই-আগস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানে ৪৪ পুলিশ সদস্য নিহত হওয়ার তালিকা প্রকাশ করে পুলিশ সদর দপ্তর। প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো পুলিশ সদর দপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তালিকা প্রকাশ করা হয়। সূত্র: মানবজমিন
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৭৭ জন। একজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- পূর্ব উজবেকিস্তানের ঘাসভরা পাহাড়ে দুটি মধ্যযুগীয় শহরের ধ্বংসাবশেষ খুঁজে পেলেন উজবেকিস্তান ও যুক্তরাষ্ট্রের প্রত্নতাত্ত্বিকরা। সূত্র: প্রথম আলো

▶ আফগানিস্তান সীমান্তের কাছে পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশের একটি তল্লাশি চৌকিতে ১০ জন পুলিশকে গুলি করে হত্যা করা হয়েছে। এ হামলার দায় স্বীকার করেছে পাকিস্তান তালেবান। সূত্র: যুগান্তর

২৬ অক্টোবর

▶ রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। জেনারেল ওয়াকার-উজ-জামান প্রধান উপদেষ্টাকে তার সাম্প্রতিক যুক্তরাষ্ট্র ও কানাডা সফর সম্পর্কে অবহিত করেন বলে প্রধান উপদেষ্টার প্রেস উইং জানায়। সূত্র: দৈনিক জনকণ্ঠ

▶ ভোক্তা অধিকার সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য দেন যুব ও ক্রীড়া এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। সূত্র: প্রথম আলো

▶ সব প্রক্রিয়া শেষে গণতান্ত্রিক নির্বাচন দেখতে চায় ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। বার্তা সংস্থা ইউএনবিকে দেওয়া প্রথম সাক্ষাৎকারে এসব কথা বলেন ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার। সূত্র: প্রথম আলো

▶ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) নতুন সভাপতি নির্বাচিত হলেন তাবিথ আউয়াল। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯৬১ জন। দুইজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো

▶ ইরানে বিমান হামলা চালিয়ে দেশটির চারজন সেনাকে হত্যা করে ইসরায়েল। হামলার পর ইসরায়েল বলেছে, সামরিক স্থাপনাই ছিল তাদের হামলার লক্ষ্যবস্তু। আর 'ইরান ও তাদের সহযোগীদের' হামলার জবাব দিতেই তারা এ হামলা করেছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ইউক্রেনকে ৫০০ কোটি ডলার ঋণ সহায়তা দেওয়ার ঘোষণা দিলেন বিশ্বের উন্নত সাত দেশের জোট জি-৭-এর নেতারা। সূত্র: প্রথম আলো

২৭ অক্টোবর

▶ ঢাকা সেনানিবাসে বিমানবাহিনীর সদর দপ্তরে অনুষ্ঠিত 'নৌবাহিনী ও বিমানবাহিনী নির্বাচনি পর্ষদ-২০২৪'-এ প্রধান অতিথির বক্তব্য দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা

▶ সচিবালয়ে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ ইসলামের সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং সিক। সূত্র: যুগান্তর

▶ রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিনকে অপসারণ ইস্যুতে হঠকারী কোনো সিদ্ধান্ত নেওয়া যাবে না বলে মন্তব্য করলেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রাজধানীর শেরেবাংলা নগরে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজারে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ বলেন, রাষ্ট্রপতির অপসারণের বিষয়ে তাদের দাবির সঙ্গে একমত হওয়ার কথা জানান ১২-দলীয় জোটের নেতারা। জোটের নেতাদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয় গঠনের প্রস্তাব পাঠানো হলো আইন মন্ত্রণালয়ে। প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নির্দেশক্রমে সুপ্রিম কোর্ট প্রশাসন আইন মন্ত্রণালয়ে এ প্রস্তাব পাঠায়। সূত্র: দৈনিক কালবেলা

▶ বাংলা একাডেমির নতুন সভাপতি হলেন অধ্যাপক ও প্রাবন্ধিক আবুল কাসেম ফজলুল হক। সূত্র: যুগান্তর

▶ পিলখানা বিডিআর বিদ্রোহে ৫৭ সেনা কর্মকর্তা হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি মো. আমিনুল ইসলাম র‍্যাবের যৌথ অভিযানে গ্রেফতার। সূত্র: প্রথম আলো

▶ ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ২৪৮ জন। ছয় জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো

▶ ইসলামি প্রজাতন্ত্র ইরানে ইসরায়েলের সাম্প্রতিক সামরিক হামলার নিন্দা জানাল বাংলাদেশ। বাংলাদেশ মনে করে, এ ধরনের কর্মকাণ্ড ইরানের সার্বভৌমত্বের লঙ্ঘন এবং জাতিসংঘ সনদ ও আন্তর্জাতিক আইনের পরিপন্থি। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ নিন্দা জানানো হয়। সূত্র: দৈনিক কালবেলা

▶ ভুটানকে ৭-১ গোলে হারিয়ে সাফ চ্যাম্পিয়নশিপের ফাইনালে উঠল বাংলাদেশ। সূত্র: সমকাল

২৮ অক্টোবর

- আওয়ামী লীগের ১৫ বছরের অপশাসন, নির্যাতন, খুন-গুম এবং স্বৈরাচার উৎখাতের প্রতীক হিসাবে গণভবনকে দ্রুততম সময়ে জাদুঘরে পরিণত করার নির্দেশ দিলেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন সৌদি আরবের রাষ্ট্রদূত এসা ইউসেফ এসা আল দুহাইলান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দেশের কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধের সিদ্ধান্ত অন্তর্বর্তীকালীন সরকারের নেই বলে জানালেন প্রধান উপদেষ্টার প্রেস উইং। ফরেন সার্ভিস একাডেমিতে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের উপপ্রেস সচিব মোহাম্মদ আবুল কালাম আজাদ। সূত্র: প্রথম আলো
- শেখ হাসিনার শাসনামলে প্রশাসনের সঙ্গে সংশ্লিষ্ট ব্যবসায়ীরা ডিজিএফআই-এর সঙ্গে মিলে ব্যাংকিং খাত থেকে ১৭ বিলিয়ন ডলার পাচার করেছেন। ফিন্যান্সিয়াল টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুর এমন তথ্য তুলে ধরেন। সূত্র: দৈনিক ইনকিলাব
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৯৭ জন। তিনজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশ ও ফ্রান্সের মধ্যে অত্যাধুনিক 'রাফাল 'যুদ্ধবিমান ক্রয়সংক্রান্ত চুক্তি নিয়ে ভারতীয় সংবাদমাধ্যম দ্য সানডে গার্ডিয়ান যে সংবাদ প্রকাশ করেছে, তা সত্য নয় বলে জানিয়েছে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস উইং। সূত্র: কালের কণ্ঠ
- বাংলাদেশ ও ফ্রান্সে মধ্যে 'রাফাল' যুদ্ধবিমান ক্রয়সংক্রান্ত চুক্তি নিয়ে ভারতীয় সংবাদমাধ্যম দ্য সানডে গার্ডিয়ান যে সংবাদ প্রকাশ করেছে, তা সত্য নয় বলে জানান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস উইং। সূত্র: কালের কণ্ঠ
- শৃঙ্খলাবিরোধী কার্যক্রমে যুক্ত থাকার অভিযোগে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ৭৫ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করেছে

কর্তৃপক্ষ। চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ তসলিম উদ্দীন এ তথ্য নিশ্চিত করেন। সূত্র: দৈনিক কালবেলা

- জাপানের পার্লামেন্টের নিম্নকক্ষের নির্বাচনে কোনো দলই প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত করতে পারেনি। ভোটাররা দেশটির প্রধানমন্ত্রী শিগেরু ইশিবার ক্ষমতাসীন জোটকে ব্যাপকভাবে প্রত্যাখ্যান করেছে। এমন অবস্থায় বিশ্বের চতুর্থ অর্থনীতির দেশটিতে সরকার গঠন নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। সূত্র: দৈনিক কালবেলা
- উত্তর আফ্রিকার দেশ তিউনিসিয়ার উপকূলীয় এলাকা থেকে অন্তত ১৬ অভিবাসীর মরদেহ উদ্ধার করে উপকূলরক্ষী বাহিনী। দেশটির মালোলেচ, সালাকতা ও চেব্বা শহর লাগোয়া উপকূল থেকে ওই অভিবাসীদের মরদেহ উদ্ধার করা হয়েছে বলে জানান তারা। সূত্র: প্রথম আলো

২৯ অক্টোবর

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আব্দুল্লাহ আলি আব্দুল্লাহ খাসিফ আল হামুদি। সূত্র: প্রথম আলো
- নতুন নির্বাচন কমিশন (ইসি) নিয়োগে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বে গঠিত হচ্ছে ছয় সদস্যের সার্চ কমিটি। সূত্র: যুগান্তর
- ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে জুলাই গণ-অভ্যুত্থানের সময় তরুণদের আঁকা দেওয়াললিখন ও গ্রাফিতি পরিদর্শন করেন জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ফলকার টুর্ক। তিনি ২৪-এর গণ-অভ্যুত্থান পূর্ববর্তী ছাত্র আন্দোলনের সমন্বয়কারী ও শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। সূত্র: দৈনিক ইনকিলাব
- ছাত্র-জনতার অভ্যুত্থানে আহত শিক্ষার্থীদের বেতন ও টিউশন ফি মওকুফ। শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। সূত্র: কালের কণ্ঠ

- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত 'ফ্যাসিবাদের কবলে নদী' শীর্ষক এক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ হওয়া ৩০০ জনের পরিবারকে ১ লাখ টাকা করে সহায়তা দিল আস-সুন্নাহ ফাউন্ডেশন। রাজধানীর নিউ ইস্কাটনের বিয়াম ফাউন্ডেশনের মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে ৩০০ জনের হাতে চেক তুলে দেওয়া হয়। সূত্র: যুগান্তর
- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ৩১২ জন। ছয়জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহর নতুন শীর্ষ নেতা হলেন নাঈম কাসেম। সূত্র: সমকাল
- ফিলিস্তিনি শরণার্থীদের জন্য কাজ করা জাতিসংঘের ত্রাণ সংস্থা ইউএনআরডব্লিউএ-এর কার্যক্রম নিষিদ্ধ করতে ইসরায়েলি পার্লামেন্টে একটি বিতর্কিত আইন পাশ হয়। পাশ হওয়া এই বিলের পক্ষে ভোট দেন ৯২ জন আইনপ্রণেতা, আর বিপক্ষে ভোট পড়ে ১০টি। সূত্র: দৈনিক জনকণ্ঠ

৩০ অক্টোবর

- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেন, ক্ষমতায় থাকাকালীন রাজনৈতিক দল হিসাবে আওয়ামী লীগ 'ফ্যাসিবাদের সব বৈশিষ্ট্য প্রকাশ করেছে। স্বল্প মেয়াদে হলেও নিশ্চিতভাবেই তার (শেখ হাসিনা) এবং তার দল আওয়ামী লীগের কোনো জায়গা নেই বাংলাদেশে। যুক্তরাজ্যের প্রভাবশালী সংবাদমাধ্যম ফিন্যান্সিয়াল টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রধান উপদেষ্টা এসব মন্তব্য করেন। পত্রিকাটির অনলাইন সংস্করণে এ সাক্ষাৎকার প্রকাশ করা হয়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ফলকার টুর্ক। সূত্র: প্রথম আলো

- জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ফলকার টুর্ক বলেন, বাংলাদেশে জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত সব হত্যাকাণ্ডের তদন্ত ও ন্যায়বিচার হতে হবে। ঢাকায় দুইদিনের সফর শেষে হোটেল ইন্টারকন্টিনেন্টালে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র: প্রথম আলো
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-তে সাংবাদিক কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে ৩৫০ জন সাংবাদিককে আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মুহাম্মদ আবদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন প্রধান তথ্য অফিসার মো. নিজামুল কবীর, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর মহাপরিচালক ফারুক ওয়াসিফ, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ ও নাশকতার অভিযোগে দায়ের করা ১১টি মামলা বাতিল করেন হাইকোর্ট। বিচারপতি একেএম আসাদুজ্জামান ও বিচারপতি সৈয়দ এনায়েত হোসেনের হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। বিষয়টি নিশ্চিত করেন খালেদা জিয়ার আইনজীবী প্যানেলের সদস্য ব্যারিস্টার জয়নাল আবেদীন। সূত্র: সমকাল
- অন্যান্য বিষয়ের দিকে নজর না দিয়ে নির্বাচনের দিকে নজর দেওয়ার জন্য অন্তর্বর্তী সরকারকে আহ্বান জানান বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। নির্বাচন কমিশন (ইসি) গঠনে সার্চ কমিটির ঘোষণার প্রসঙ্গ টেনে এক আলোচনাসভায় তিনি এ আহ্বান জানান। সূত্র: সমকাল
- কয়েকটি মিডিয়া আউটলেট এবং সামাজিক যোগাযোগমাধ্যমে একটি মহল সেন্টমার্টিন দ্বীপ সম্পর্কে মিথ্যা তথ্য ছড়াচ্ছে বলে জানান প্রধান উপদেষ্টার প্রেস উইং। সূত্র: দৈনিক ইনকিলাব
- সচিবালয়ে ২০২৫ সালের হজ প্যাকেজ ঘোষণা করেন অন্তর্বর্তীকালীন সরকারের ধর্ম উপদেষ্টা আ ফ ম ড. খালিদ হোসেন। এবার বাংলাদেশ

থেকে ১ লাখ ২৭ হাজার ১৯৮ জন হজ পালন করতে পারবেন। এক্ষেত্রে সরকারিভাবে এবার প্রথমবার দুটি প্যাকেজ নির্ধারণ করা হয়েছে। সূত্র: যুগান্তর

- ২৪ ঘণ্টায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৫৪ জন। চারজনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- নতুন করে পারমাণবিক অস্ত্রের মহড়া চালিয়েছে রাশিয়া। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের তত্ত্বাবধানে এ মহড়া অনুষ্ঠিত হয়। সূত্র: প্রথম আলো
- স্পেনের ভ্যালিন্সিয়া অঞ্চলে ভয়াবহ বন্যায় অন্তত ৫১ জনের মৃত্যু। দেশটির উদ্ধার তৎপরতার সঙ্গে যুক্ত এক্স বার্তায় এ তথ্য জানানো হয়। সূত্র: প্রথম আলো
- নেপালকে ২-১ গোলে হারিয়ে টানা দ্বিতীয়বার সাফ চ্যাম্পিয়ন হলো বাংলাদেশ। সূত্র: বণিক বার্তা

৩১ অক্টোবর

- জাতীয় সংসদের স্পিকারের অবর্তমানে তার প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালন করবেন অন্তর্বর্তী সরকারের আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে অগ্নিসংযোগ ও ভাঙচুর। ফ্যাসিবাদবিরোধী ছাত্র-শ্রমিক-জনতার ব্যানারে কয়েক শতাধিক মানুষ এই অগ্নিসংযোগ ও ভাঙচুর করে। সূত্র: যুগান্তর
- ঢাকার বড়ো সাতটি কলেজ দেখভালের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যেই পুরোপুরি আলাদা একটি ব্যবস্থা থাকবে। সেখানে আলাদা রেজিস্ট্রারসহ অন্য কর্মকর্তা-কর্মচারীও থাকবেন। তবে এ কলেজগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তই থাকবে। প্রধান উপদেষ্টার প্রেস উইং আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। সূত্র: দৈনিক কালবেলা
- রাজধানীর মিরপুরে যৌথ বাহিনীর সঙ্গে পোশাক শ্রমিকদের সংঘর্ষে দুই পোশাক শ্রমিক গুলিবিদ্ধ। পুলিশ এবং সেনাবাহিনীর গাড়িতে আগুন লাগিয়ে দেন বিক্ষুব্ধ পোশাক শ্রমিকরা। সূত্র: প্রথম আলো

- শ্বেতপত্র প্রণয়ন কমিটির প্রধান ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, দেশের চার খাতে সবচেয়ে বড়ো দুর্নীতি হয়েছে। এগুলো হলো–ব্যাংক খাত, জ্বালানি খাত, ভৌত অবকাঠামো ও আইসিটি খাত। এসব খাতের প্রকল্পগুলোয় অতিমূল্যায়ন, অনিয়ম, অপ্রয়োজনীয় প্রকল্প তৈরি এবং বড়ো বড়ো চুরির ঘটনা ঘটেছে। ইকোনমিক রিপোর্টার্স ফোরামের মতবিনিময়সভায় এসব কথা বলেন তিনি। সূত্র: কালের কণ্ঠ
- জাতীয় পতাকা অবমাননার অভিযোগে ইসকন চট্টগ্রাম বিভাগের সাংগঠনিক সম্পাদক চন্দন কুমার ধর ওরফে চিন্ময়কৃষ্ণ দাশ ব্রহ্মচারীসহ ১৯ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা। সূত্র: সমকাল
- বাংলাদেশে হিন্দু, খ্রিষ্টান ও অন্য সংখ্যালঘুদের ওপর হামলার তীব্র নিন্দা জানান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের চারদিন আগে এক টুইটে এসব কথা বলেন দেশটির সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান পার্টির নেতা ট্রাম্প। সূত্র: সমকাল
- হিমালয় চূড়া থেকে দক্ষিণ এশিয়ার শ্রেষ্ঠত্বের মুকুট জয় করে দেশে ফিরলেন নারী ফুটবলাররা। কাঠমান্ডু থেকে দেশে ফিরেই বিমানবন্দরে সংবর্ধনার পর ছাদখোলা বাসে রাজধানীবাসীর সঙ্গে শিরোপা জয়ের আনন্দ ভাগাভাগি করে নেন সাবিনা-সানজিদারা। সূত্র: দৈনিক ইত্তেফাক

নভেম্বর

১ নভেম্বর

- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস 'জাতীয় সমবায় দিবস-২০২৪' উপলক্ষ্যে বাণী দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় সংসদের স্পিকারের অবর্তমানে তার প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালন করবেন অন্তর্বর্তী আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে 'জাতীয় যুব দিবস ২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: সমকাল
- শহিদপরিবারকে আর্থিক সহায়তার কর্মসূচি তারিখ জানাল 'জুলাই ফাউন্ডেশন'। কর্মসূচিতে প্রতি সপ্তাহে ২০০ জন শহিদ পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হবে। শাহবাগে সংবাদ সম্মেলনে জানান ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক সারজিস আলম। সূত্র: দৈনিক কালবেলা
- লেবাননে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে স্বেচ্ছায় দেশে ফিরতে বৈরুতে বাংলাদেশ দূতাবাসে আবেদনকারীদের মধ্যে ষষ্ঠ ধাপে দেশে ফিরেন আরও ৫২ প্রবাসী। এ পর্যন্ত ২৬৮ বাংলাদেশি দেশে ফেরেন। সূত্র: সমকাল
- ঐতিহাসিক ৭ নভেম্বর 'বিপ্লব ও সংহতি দিবস' উপলক্ষ্যে ছুটি ঘোষণা করতে হবে। নাটোরের নলডাঙ্গা উপজেলার খাজুরা ইউনিয়ন বিএনপি আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে বিএনপির কেন্দ্রীয় নেতা ও সাবেক উপমন্ত্রী এম রুহুল কুদ্দুস তালুকদার দুলু এ দাবি জানান। সূত্র: সমকাল
- ২০২৪ সালে জাতীয় পার্টিকে জোর করে নির্বাচনে এনেছিল হাসিনা সরকার। ব্ল্যাকমেইল করে আমাদের নির্বাচনে আনা হয়। এছাড়াও আওয়ামী লীগের আমলে আমরা যেসব নির্বাচনে অংশ নিই, সেগুলো

স্বতঃস্ফূর্ত ছিল না। জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ (জিএম) কাদের তাঁর বনানী কার্যালয়ে জরুরি সংবাদ সম্মেলন এসব অভিযোগ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- পাবনার ঈশ্বরদীতে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের ফ্রেশ নিউক্লিয়ার ফুয়েল বা তেজস্ক্রিয় জ্বালানি ইউরেনিয়ামের দ্বিতীয় চালান প্রকল্পে পৌঁছাল। সূত্র: সমকাল
- অনিবার্য পরিস্থিতির কারণে ৭ নভেম্বর পর্যন্ত কার্ড রেজিস্ট্রেশন এবং পুনরায় ইস্যু করার সুবিধা সাময়িক বন্ধ ঘোষণা করল পরিচালনাকারী প্রতিষ্ঠান ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। সূত্র: দৈনিক কালবেলা
- ব্রাহ্মণবাড়িয়া-৩ আসনের সাবেক সংসদ সদস্য এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাবেক মন্ত্রী র. আ. ম উবায়দুল মোকতাদির চৌধুরীকে একাধিক হত্যা মামলার অভিযোগে রাজধানীর মিরপুর থেকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। সূত্র: দৈনিক কালবেলা
- জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত বিনোদন সাংবাদিকদের সংগঠন বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতির (বাচসাস) ২০২৪-২৬ মেয়াদের নির্বাচনে বিপুল ভোটে নতুন সভাপতি নির্বাচিত হন কামরুল হাসান দর্পণ। সাধারণ সম্পাদক রাহাত সাইফুল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় পতাকা অবমাননার অভিযোগে আন্তর্জাতিক শ্রীকৃষ্ণ ভাবনামৃত সংঘের (ইসকন) চট্টগ্রাম বিভাগীয় সাংগঠনিক সম্পাদক ও পুণ্ডরীক ধামের অধ্যক্ষ চন্দন কুমার ধর ওরফে চিন্ময়কৃষ্ণ দাশ ব্রহ্মচারী-সহ ১৯ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা হয়। নগরীর কোতোয়ালি থানায় ফিরোজ খান নামের ব্যক্তি মামলাটি করেন। মামলায় আরও অজ্ঞাত আসামি ১৫ থেকে ২০ জন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘন্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতলে ভর্তি ৩৮২ জন। তিন জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ধর্মীয় সংখ্যালঘুরা নির্যাতিত হচ্ছেন–এমন দাবি করে বাংলাদেশের সমালোচনা করে মাইক্রো ব্লগিং সাইট এক্সে পোস্টটি করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক কালবেলা

- মার্কিন টেলিভিশন নেটওয়ার্ক সিবিএস নিউজের বিরুদ্ধে টেক্সাসের নর্দার্ন ডিস্ট্রিক্টের ফেডারেল কোর্টে ১০ বিলিয়ন ডলারের মামলা করেন দেশটির প্রেসিডেন্ট পদপ্রার্থী ডোনাল্ড ট্রাম্প। প্রতিদ্বন্দ্বী কমলা হ্যারিসের সাক্ষাৎকার নিয়ে তা এডিট করে 'বিভ্রান্তিকরভাবে' উপস্থাপন করার অভিযোগ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- স্পেনে ভয়াবহ বৃষ্টির কারণে সৃষ্ট বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ২০৫ জন। বিপুল পরিমাণে ক্ষয়ক্ষতির পাশাপাশি এখনো অনেকেই নিখোঁজ। সূত্র: দৈনিক কালবেলা
- রাশিয়ার কুরস্ক অঞ্চলে উত্তর কোরিয়ার ৮ হাজার সেনা মোতায়েন রয়েছে। জাতিসংঘে নিযুক্ত যুক্তরাষ্ট্রের উপরাষ্ট্রদূত রবার্ট উড দাবি করেন। সূত্র: সমকাল
- সৌদি ও ফ্রান্সের একদল প্রত্নতাত্ত্বিকের যৌথ প্রচেষ্টায় চার হাজার বছর আগের মদিনা শহরের নিকটবর্তী মরূদ্যান খাইবারের কাছে সন্ধান মিলল প্রাচীন সভ্যতার এ শহরের। আবিষ্কৃত শহরটির নাম রাখা হয় আল-নাতাহ। সূত্র: সমকাল

২ নভেম্বর

- রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সাফজয়ী নারী ফুটবল দলকে সংবর্ধনা দিলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গণভবনকে 'জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘরে' রূপ দিতে ১৯ সদস্যের কমিটি ঘোষণা করা হয়। গণভবনের গেটে সংবাদ সম্মেলনে এ কমিটি ঘোষণা করেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। কমিটির আহ্বায়ক হিসাবে থাকবেন কিউরেটর, শিক্ষক, লেখক ও ফিল্ম মেকার ড. এবাদুর রহমান। যুগ্ম-আহ্বায়কের দায়িত্ব পালন করবেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মো. মাহফুজ আলম।সূত্র: সমকাল
- রাজধানীর এফডিসিতে ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত ছায়া সংসদে প্রধান অতিথির বক্তব্যে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেন, প্রধান উপদেষ্টা ড. ইউনূস একজন গ্লোবাল লিডার। তাই মার্কিন নির্বাচনে কমলা বা ট্রাম্প যেই জয়ী হোক, আমাদের সম্পর্ক কোনো

চ্যালেঞ্জে পড়বে না। ড. ইউনূসের সঙ্গে ডেমোক্র্যাট ও রিপাবলিকু দুই পার্টিরই জ্যেষ্ঠ নেতাদের খুব ভালো সম্পর্ক। তাঁর বন্ধু দুটি দলের মধ্যেই আছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) মামলা দায়ের করা হয়। আইসিসির রোম স্ট্যাটিউটের ১৫ অনুচ্ছেদের অধীনে মামলাটি দাখিল করেন 'থ্রি বোল্ট কোর্ট চেম্বার্স'-এর ব্যারিস্টার মো. আশরাফুল আরেফিন। সূত্র: যুগান্তর
- সংবিধান সংস্কার কমিশনের কমিশন প্রধান অধ্যাপক আলী রীয়াজের নেতৃত্বে কমিশনের সদস্যরা বিশিষ্ট আইনজীবী ও সংবিধানের অন্যতম প্রণেতা ড. কামাল হোসেনের সঙ্গে তাঁর মতিঝিল কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯৬৬ জন। দশ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-তে দুইদিনব্যাপী সেন্টার ফর পিপল অ্যান্ড এনভাইরন (সিপিই)-এর সহযোগিতায় জলবায়ু পরিবর্তনবিষয়ক দ্বিতীয় সাউথ এশিয়ান কনফারেন্স অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক কালবেলা
- ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সাত কলেজের শিক্ষার্থীরা। দুদিন ক্লাস-পরীক্ষা বর্জন করবেন তারা। সাত কলেজের প্রতিনিধি ঢাকা কলেজ ক্যাফেটেরিয়ায় সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বজুড়ে ২০২২ ও ২০২৩ সালে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে ১৬২ জন সাংবাদিক খুন, যা আগের দুই বছরের তুলনায় বেশি। সূত্র: প্রথম আলো
- সার্বিয়ার উত্তরাঞ্চলের শহর নভি সাদের একটি রেলস্টেশনের ছাউনি ধসে পড়ে ১৪ জনের প্রাণহানি। গুরুতর আহত দুইজন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ জার্মান পতাকাবাহী একটি জাহাজ বিস্ফোরকদ্রব্য নিয়ে ইসরায়েল যাচ্ছে। গত সপ্তাহে ওই জাহাজটি মিশরের আলেকজান্দ্রিয়া বন্দরে নোঙর করে। সূত্র: দৈনিক কালবেলা

৩ নভেম্বর

▶ দেশে একটি ইতিবাচক পরিবর্তন আনতে তরুণদের মনস্থির করার ও স্বপ্ন দেখার আহ্বান জানান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে এনডিসি ও এফডব্লিউসি কোর্সের সদস্যদের উদ্দেশ্যে বক্তৃতাকালে এ আহ্বান জানান । সূত্র: সমকাল

▶ প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ফিনল্যান্ডের অনাবাসিক রাষ্ট্রদূত কিমো লাহদেভির্তা। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের পরিবার ও আহতদের পুনর্বাসনে সহযোগিতার আহ্বান জানান ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অফিসে মোবাইল অপারেটর রবি এবং গ্রামীণফোনের প্রতিনিধিদের সঙ্গে পৃথক বৈঠকে এ আহ্বান জানান উপদেষ্টা। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ নতুন নির্বাচন কমিশন (ইসি) গঠনে নাম চেয়েছে এ বিষয়ে গঠিত সার্চ কমিটি। রাজনৈতিক দল, পেশাজীবী সংগঠনের পাশাপাশি যেকোনো ব্যক্তি আগামী ৭ নভেম্বরের মধ্যে নাম দিতে পারবেন। প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার পদে সর্বোচ্চ পাঁচজনের নাম প্রস্তাব করা যাবে। মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম সচিব মো. নজরুল ইসলাম সরকার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক কালবেলা

▶ চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র হিসাবে শপথ নিলেন ডা. শাহাদাত হোসেন। সূত্র: প্রথম আলো

▶ দুর্নীতির দুই মামলায় ৬ আগস্ট সংবিধানের ৪৯ অনুচ্ছেদের ক্ষমতাবলে বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ১৭ বছরের দণ্ড মওকুফ করেন রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে ঢাকা সিটি করপোরেশনের সাবেক মেয়র সাদেক হোসেন খোকার পঞ্চম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আলোচনা সভায় তিনি দেশে অতি দ্রুত জাতীয় নির্বাচনের পরিবেশ তৈরি করতে অর্ন্তবর্তী সরকারের প্রতি আহ্বান জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ঢাকায় পুলিশের গুলিতে নিহত বরগুনার আমির হোসেনের ময়নাতদন্ত সম্পন্ন করতে আদালতের নির্দেশে কবর থেকে ৩ মাস ১৪ দিন পর তার মরদেহ উত্তোলন করেন পিবিআই পুলিশের সদস্যরা। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট-সহ ১৪ মেডিক্যাল, ডেন্টাল কলেজ ও হাসপাতালের নাম পরিবর্তন করে নতুন নামকরণ করে স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে জারি। সূত্র: সমকাল

▶ গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১৩০৬ জন। চার জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো

▶ আমেরিকার প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্প বাংলাদেশের সংখ্যালঘুদের নিয়ে সোশ্যাল মিডিয়ায় যে ধরনের সমালোচনা করেছেন তার বক্তব্যটি পুরোপুরি উসকানিমূলক ও বড়ো ধরনের সংঘাতের ইঙ্গিত। এশিয়া মানবাধিকার সংস্থা ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে সংস্থাটির পক্ষে লিখিত বিবৃতি দেয়। সূত্র: দৈনিক কালবেলা

▶ ৪৮ ঘণ্টায় গাজার উত্তরাঞ্চলীয় জাবালিয়া এলাকায় ইসরায়েলি হামলায় ৫০ জনের বেশি শিশু নিহত। সূত্র: সমকাল

▶ লাতিন আমেরিকার দেশ বলিভিয়ায় একটি সামরিক ঘাঁটিতে ভয়াবহ সংঘর্ষে অন্তত ২০০ সেনাকে অপহরণ করা হয়। সূত্র: দৈনিক কালবেলা

৪ নভেম্বর

▶ তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে ছয় সংস্কার কমিশন প্রধানদের সঙ্গে বৈঠক করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: সমকাল

- নতুন করে বাংলাদেশ পরিকল্পনা কমিশন গঠন করল অন্তর্বর্তী সরকার। এ কমিশনের চেয়ারপারসন হন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। এছাড়া বিকল্প চেয়ারপারসন হলেন অর্থ উপদেষ্টা। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র: সমকাল
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং-শিক । সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় নেতা তাজউদ্দীন আহমদের ছেলে ও সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমেদ সোহেল তাজকে টেলিফোন করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। প্রধান উপদেষ্টা ফোনালাপে সোহেল তাজকে জাতীয় চার নেতা হত্যার দিনটিকে রাষ্ট্রীয়ভাবে পালনসহ তিন দফা দাবির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আশ্বাস দেন। নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে পোস্ট করে এ তথ্য জানান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ ইসলামের সঙ্গে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অফিসকক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন নরওয়ের রাষ্ট্রদূত হাকোন অ্যারাল্ড গুলব্রান্ডসেন। এ সময় আগামী ৭ দিনের মধ্যে সাইবার নিরাপত্তা আইন বাতিল হবে বলে জানান ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা।সূত্র: দৈনিক কালবেলা
- বিগত ১৫ বছরে হত্যা, গণহত্যা-সহ গুম ও জুলাই-আগস্টে পরিচালিত গণহত্যার অভিযোগ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশনে এ পর্যন্ত ৮০টিরও বেশি অভিযোগ জমা পড়ে। সূত্র: দৈনিক কালবেলা
- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে গণতান্ত্রিক আইনজীবী সমিতির আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ও সংবিধানপ্রণেতা ড. কামাল হোসেন বলেন, কোনো ব্যক্তির কলমের খোঁচায় সংবিধান বদলে ফেলা যায় না। সংবিধান সংশোধন করতে হলে যে আইনি প্রক্রিয়া আছে তার মধ্য দিয়ে যেতে হয়। সূত্র: প্রথম আলো

- রাজশাহীর সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে প্রশিক্ষণরত আরও ৫৮ জন উপপরিদর্শককে (এসআই) শৃঙ্খলাভঙ্গের কারণে অব্যাহতি দিল সরকার। সূত্র: প্রথম আলো
- ইসরায়েলের প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে গোপন নথি চুরি হওয়ার ঘটনায় বেঞ্জামিন নেতানিয়াহুর সহকারী এলিয়েজের ফেল্ডস্টেইন-সহ ৫ জন গ্রেফতার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর শেরেবাংলা নগরে পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলন কক্ষে ইইউ-বাংলাদেশ যৌথ সভা অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- 'জয় বাংলা' স্লোগান দেওয়া বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হওয়া বাগেরহাটের সিভিল সার্জন ডা. জালাল উদ্দিন আহমেদকে বাধ্যতামূলক অবসরে পাঠায় সরকার। সূত্র: দৈনিক কালবেলা
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১২৯৭ জন। ছয় জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ব্যালট পেপারে ইংরেজি ছাড়াও বাংলা ভাষা-সহ চারটি ভাষা থাকবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি হামলায় আরও ৩১ ফিলিস্তিনি নিহত। সূত্র: সমকাল
- ভারতকে সাইবার নিরাপত্তার ক্ষেত্রে শত্রুরাষ্ট্র উল্লেখ করে 'সাইবার প্রতিপক্ষ' হিসাবে চিহ্নিত করে কানাডা সরকার। সূত্র: সমকাল

৫ নভেম্বর

- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন রংপুরে বৈষম্যবিরোধী আন্দোলনে শহিদ আবু সাঈদের পরিবার। এ সময় উপদেষ্টা 'শহিদ আবু সাঈদ ফাউন্ডেশন' প্রতিষ্ঠায় সরকারের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ওয়েবসাইট চালু করল রাষ্ট্র সংস্কারে গঠিত সংবিধান সংস্কার কমিশন। ওয়েবসাইটের ঠিকানা crc.legislativediv.gov.bd। এতে ২৫ নভেম্বর পর্যন্ত সংবিধান সংস্কারের বিষয়ে আগ্রহী ব্যক্তি বা সংগঠন পরামর্শ, মতামত ও প্রস্তাব দিতে পারবে। সূত্র: দৈনিক কালবেলা

- শেখ হাসিনার শাসনামলে নিরাপত্তা বাহিনীর হাতে অপহৃত প্রায় ২০০ জনের খোঁজ এখনো মেলেনি। এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান অন্তর্বর্তী সরকার গঠিত গুম সংক্রান্ত তদন্ত কমিশন। সূত্র: প্রথম আলো
- গুমসংক্রান্ত ঘটনা তদন্তে সরকার গঠিত কমিশনে দেড় মাসে জমা পড়ল এক হাজার ছয়শর বেশি অভিযোগ। এর মধ্যে ৩৮৩টি অভিযোগ যাচাই করে কমিশন, যার মধ্যে ১৭২টি র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) বিরুদ্ধে। সূত্র: সমকাল
- দেশের বর্তমান পরিস্থিতিতে সরকারি কর্মকর্তা-কর্মচারীকে ৯ দফা নির্দেশনা দেয় সরকার। সূত্র: সমকাল
- তাবলিগ জামাতের বিশ্ব ইজতেমাকে কেন্দ্র করে ভারতীয় আলেম মাওলানা সাদকে বাংলাদেশে অবাঞ্ছিত ঘোষণা করে এবং বিশ্ব ইজতেমা ময়দানে যাবতীয় কার্যক্রম ওলামায়ে কেরামের তত্ত্বাবধানে প্রদান করা-সহ ৯ দফা দাবি জানান দেশের শীর্ষস্থানীয় ওলামা মাশায়েখরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর সড়কে যানবাহন নিয়ন্ত্রণে ট্রাফিক পুলিশের সঙ্গে পার্ট টাইমার হিসাবে যোগ দিলেন শিক্ষার্থীরা। প্রতিদিন দুই শিফটে চার ঘন্টা করে ডিউটি করবেন এসব শিক্ষার্থী। চার ঘণ্টা ডিউটি শেষে তাদের মাথাপিছু ৫০০ টাকা করে পারিশ্রমিক দেওয়া হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর পিলখানায় তৎকালীন বিডিআর (বর্তমানে বিজিবি) সদর দপ্তরে ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারি নির্মম হত্যাকাণ্ডের প্রকৃত সত্য বের করতে 'জাতীয় স্বাধীন কমিশন' গঠন চেয়ে করা আবেদন নিষ্পত্তির নির্দেশ দিলেন হাইকোর্ট। আবেদনটি ১০ দিনের মধ্যে নিষ্পত্তি করে আদালতে প্রতিবেদন দিতে স্বরাষ্ট্র সচিবের প্রতি নির্দেশ দেওয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা
- বিএনপির সিনিয়র নেতা তরিকুল ইসলামের ষষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে যশোর টাউন হল ময়দানে আয়োজিত স্মরণসভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে বক্তব্য রাখেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সনাতন ধর্মাবলম্বীদের সংগঠন ইসকনকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি পোস্ট শেয়ার করাকে কেন্দ্র করে চট্টগ্রামের হাজারি গলি এলাকায় ব্যাপক সংঘর্ষে ২০ জন আহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সংবাদমাধ্যমকে দেওয়া হুমকির বিষয়ে ব্যবস্থা নিতে ও সংবাদমাধ্যম-সহ সব ধরনের প্রতিষ্ঠানে মব জাস্টিস প্রতিরোধে অন্তর্বর্তী সরকারের প্রতি আহ্বান জানায় সম্পাদক পরিষদ। সূত্র: প্রথম আলো
- প্রথম আলোর চারজন সাংবাদিক-সহ বিভিন্ন দৈনিক পত্রিকা ও টেলিভিশনের ১৯ জন সাংবাদিক ইকোনমিক রিপোর্টার্স ফোরাম 'ইআরএফ-নগদ বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড ২০২৪' পান। সূত্র: প্রথম আলো
- প্রেস অ্যাক্রেডিটেশন নীতিমালার আলোকে আরও ২৯ সাংবাদিকের প্রেস অ্যাক্রেডিটেশন কার্ড বাতিল করে তথ্য অধিদপ্তর (পিআইডি)। সূত্র: সমকাল
- গত ২৪ ঘন্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ৩৭০ জন। ছয় জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ষাটের দশকের কবি হোসনে আরা হোসেনের (৭৫) মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- লেবাননে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে স্বেচ্ছায় দেশে ফিরতে বৈরুতে বাংলাদেশ দূতাবাসে আবেদনকারীদের মধ্যে সপ্তম ধাপে দেশে ফিরেন আরও ৭০ প্রবাসী। সূত্র: দৈনিক কালবেলা
- মহাকাশে ১৯২ দিনের অভিযান শেষ করে ৩৫ কেজির সমপরিমাণ 'স্পেস স্যাম্পল বা নমুনা' নিয়ে দেশে ফিরে ফিরেন তিন চীনা নভোচারী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট নির্বাচনের ভোটগ্রহণ শুরু। ভোটযুদ্ধে, সময়ের ভিন্নতার কারণে ৫০টি অঙ্গরাজ্যের একেক এলাকায় আলাদা আলাদা সময়ে ভোটগ্রহণ শুরু হবে। সূত্র: সমকাল

৬ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস যুক্তরাষ্ট্রের নতুন নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অভিনন্দন বার্তা পাঠান। সূত্র: সমকাল
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সৌজন্য সাক্ষাৎ করেন রংপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ আবু সাঈদের দুই ভাই। সূত্র: প্রথম আলো

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত মাইকেল মিলার ও সফররত এক্সটার্নাল অ্যাকশন সার্ভিসের এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক পাওলা পামপোলিনি। সূত্র: দৈনিক কালবেলা
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত পাওলো ফেরেস। সূত্র: দৈনিক কালবেলা
- আওয়ামী লীগের সব সময় দুটো চরিত্র। একদিকে সন্ত্রাসী, ফ্যাসিস্ট, নৃশংস বাহিনী দিয়ে হত্যা, গুম, খুন, নির্যাতন চালায়; অন্যদিকে সুশীল, বুদ্ধিজীবী, সাংবাদিক, সাংস্কৃতিক কর্মীদের দিয়ে ফ্যাসিবাদের বয়ান ও বৈধতা তৈরি করে। নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া পোস্টে এমন মন্তব্য করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম । সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের সংখ্যালঘু নির্যাতনের বিষয়ে সদ্যবিজয়ী মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ভুল তথ্য দেওয়া হয় বলে উল্লেখ করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। রাজধানীর হেয়ার রোডে ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশের সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন ভারতের সেনাবাহিনী প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী । সূত্র: দৈনিক কালবেলা
- সাম্প্রতিক সময়ে সাংবাদিক ও গণমাধ্যমের ওপর উদ্দেশ্যপ্রণোদিত আক্রমণ, নির্বিচারে মামলা, ব্যক্তিগত ক্ষোভের বশবর্তী হয়ে হেনস্তার উদ্দেশ্যে স্বার্থান্বেষী মহলের অপতৎপরতা বৈষম্যহীন 'নতুন বাংলাদেশ'-এর অভীষ্টের জন্য ভালো বার্তা বয়ে আনবে না উল্লেখ করে গভীর উদ্বেগ প্রকাশ করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সূত্র: প্রথম আলো
- সদ্য নির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নিজের ফেসবুক পোস্টে অভিনন্দন জানান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে ঐতিহাসিক ৭ নভেম্বর 'বিপ্লব ও সংহতি দিবস' উপলক্ষ্যে আয়োজিত আলোচনাসভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে বক্তব্য রাখেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- উন্নত চিকিৎসার জন্য লন্ডনে যাওয়ার সব প্রস্তুতি শেষ করেন বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। তাঁর জন্য গঠিত মেডিক্যাল বোর্ডের সাতজন চিকিৎসক-সহ সব সফরসঙ্গীর ভিসা প্রক্রিয়াও সম্পন্ন হয়। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশ পুলিশের একজন অতিরিক্ত পুলিশ সুপার-সহ ৯ জন উর্ধ্বতন কর্মকর্তাকে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ৪৫ ধারার বিধান অনুযায়ী জনস্বার্থে বাধ্যতামূলক অবসরে পাঠায় সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক মন্ত্রী আমির হোসেন আমুকে রাজধানীর ধানমন্ডি থেকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আওয়ামী লীগ সরকারের সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে অবৈধভাবে পাসপোর্ট সুবিধা দেওয়ায় জাতীয় প্রেস ক্লাবের সামনে প্রতিবাদ জানান গণ অধিকার পরিষদের একাংশের নেতাকর্মীরা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২০০১ সালে ১৩ ফেব্রুয়ারি রাজধানীর চামেলিবাগে বিএনপির মিছিলে প্রকাশ্যে গুলি করে চারজনকে হত্যা মামলায় আওয়ামী লীগের সাবেক এমপি ডা. এইচবিএম ইকবাল, সাবেক এমপি নুরুন্নবী চৌধুরী শাওন-সহ ১৫ আসামিকে অব্যাহতি দেওয়ার আদেশ বাতিল করলেন হাইকোর্ট। সূত্র: সমকাল
- বিদ্যুৎ নিয়ে আদানির সঙ্গে সব চুক্তি বাতিল চেয়ে সরকারকে রেজিস্ট্রার ডাকযোগে লিগ্যাল নোটিশ পাঠান ব্যারিস্টার এম কাইয়ুম। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক সাকিব আল হাসানের সব ব্যাংক হিসাব জব্দ করে বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। সূত্র: প্রথম আলো

- অভিনেত্রী শমী কায়সার রাজধানীর উত্তরা থেকে গ্রেফতার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘন্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১০৯ জন। চার জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিসকে হারিয়ে যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট নির্বাচিত হন রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। সূত্র: সমকাল
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প জয়লাভ করায় অভিনন্দন জানান প্রেসিডেন্ট জো বাইডেন। এছাড়াও ট্রাম্পকে হোয়াইট হাউজে দেখা করার জন্য আমন্ত্রণ জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে জয়লাভ করায় ডোনাল্ড ট্রাম্পকে বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে শুভেচ্ছা ও অভিনন্দন জানাতে শুরু করেন বিশ্বনেতারা। সূত্র: সমকাল
- মার্কিন প্রেসিডেন্ট পদে জয়ী হওয়ায় ডোনাল্ড ট্রাম্পকে ফোন করে অভিনন্দন জানান তাঁর প্রতিদ্বন্দ্বী প্রার্থী কমলা হ্যারিস। সূত্র: দৈনিক ইত্তেফাক

৭ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে সাইবার নিরাপত্তা আইন (রহিতকরণ) অধ্যাদেশ-২০২৪ এর খসড়া নীতিগত অনুমোদন দেয় উপদেষ্টা পরিষদ। সূত্র: দৈনিক কালবেলা
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ঢাকায় 'বোস-আইনস্টাইন পরিসংখ্যানের শতবর্ষ উদ্‌যাপন: ঢাকার উত্তরাধিকার' শীর্ষক সম্মেলনের উদ্‌বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন। সূত্র: সমকাল
- সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত আইএলও সম্মেলন শেষে দেশে ফিরার পথে জেনেভা বিমানবন্দরে অন্তর্বর্তীকালীন সরকারের আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল আওয়ামী লীগের কর্মীদের হাতে হেনস্তার শিকার হন। সূত্র: যুগান্তর

- জেনেভায় আইন উপদেষ্টাকে হেনস্তার ঘটনায় জড়িতদের অবিলম্বে চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনার দাবি জানিয়ে বিবৃতি দেয় বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস অ্যাসোসিয়েশন। সূত্র: দৈনিক কালবেলা
- বৈষম্যবিরোধী আন্দোলনে নিহত গোলাম নাফিজের দেহ বহনকারী রিকশাটি 'জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘরে' স্মৃতিচিহ্ন হিসাবে রাখা হবে। গণভবনে নাফিজের দেহ বহনকারী রিকশাটি দেখতে এসে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম এ কথা জানান। গণভবনে রিকশা হস্তান্তরের সময় উপদেষ্টা রিকশাচালক নূর মোহাম্মদকে তার সাহসিকতার জন্য ধন্যবাদ জানান এবং আর্থিক সহায়তার আশ্বাস দেন। সূত্র: দৈনিক কালবেলা
- 'জাতীয় বিপ্লব ও সংহতি দিবস' উপলক্ষ্যে রাজধানীর শেরেবাংলা নগরে বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন বিএনপির নেতাকর্মীরা। সূত্র: দৈনিক কালবেলা
- জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ-সহ ছয় সদস্য পদত্যাগ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- টানা তিন মাস সংকোচনের পর গত অক্টোবরে সম্প্রসারণের ধারায় ফিরল অর্থনীতি। গত মাসে অর্থনীতির মূল চারটি খাতের সম্প্রসারণ হয়। ফলে পারচেজিং ম্যানেজার্স ইনডেক্স (পিএমআই) ৬ পয়েন্ট বেড়ে ৫৫ দশমিক ৭ পয়েন্ট হলো, যা সেপ্টেম্বরে ছিল ৪৯ দশমিক ৭ পয়েন্ট। পিএমআই সূচকের মান ৫০-এর নিচে থাকার অর্থ হলো, অর্থনীতির সংকোচন, আর ৫০-এর ওপরে গেলে অর্থনীতির সম্প্রসারণ বা উন্নয়নের ধারায় রয়েছে বোঝায়। সূত্র: দৈনিক কালবেলা
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় জুলাই-আগস্টে গণহত্যা মামলায় প্রথমবার কোনো সরকারি কর্মকর্তা হিসাবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মামলায় জবানবন্দি দেন সাবেক আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন। সূত্র: সমকাল
- আট দফা দাবি আদায়ে ডাক দেওয়া আন্দোলনের সব কার্যক্রম ১৫ দিনের জন্য স্থগিত ঘোষণা করল সনাতন ধর্মাবলম্বীদের সংগঠন

বাংলাদেশ সনাতন জাগরণ মঞ্চ। বাংলাদেশ সনাতন জাগরণ মঞ্চের মুখপাত্র ও পুণ্ডরীক ধামের অধ্যক্ষ চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারী ফেসবুকে দেওয়া এক ভিডিওবার্তায় এ ঘোষণা দেন। সূত্র: মানবজমিন

- সারা দেশে নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার বিরুদ্ধে ১৪টি ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ২১টি প্রতিষ্ঠান থেকে ৬৬ হাজার ১০০ টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় প্রায় ৪ হাজার ৮৪৫ কেজি পলিথিন জব্দ করা হয়। এ ছাড়া একটি পলিথিন উৎপাদনকারী কারখানা সিলগালা করা হয়। সূত্র: দৈনিক কালবেলা
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৬৪ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন হোয়াইট হাউজের রোজ গার্ডেনে জাতির উদ্দেশে সংক্ষিপ্ত ভাষণ দেন। এ সময় বাইডেন নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের প্রতিশ্রুতি দেন। একই সঙ্গে কমলা হ্যারিসের নির্বাচনে অংশ নেওয়া ও প্রচারণার প্রশংসা করেন তিনি। সূত্র: সমকাল
- লেবাননের বৈরু শহরটির দক্ষিণাঞ্চলে ইসরায়েলের ভয়াবহ হামলায় ৩০ জন নিহত। এছাড়া পূর্বাঞ্চলীয় বালবেক ও বেকা এলাকায় ইসরায়েলি হামলায় আরও ৪০ জন নিহত। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের নির্বাচনে বিভিন্ন অঙ্গরাজ্য থেকে বাংলাদেশি বংশোদ্ভূত পাঁচ প্রার্থী আইনপ্রণেতা হিসাবে পুনর্নির্বাচিত। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশে ধর্মীয় স্বাধীনতার প্রতি সম্মান প্রদর্শন দেখতে চায় যুক্তরাষ্ট্র। পাশাপাশি যেকোনো হামলার জন্য দায়ীদের জবাবদিহির আওতায় আনা দেখতে চায় দেশটি। নিয়মিত ব্রিফিংয়ে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার প্রশ্নের জবাবে এ কথা বলেন। সূত্র: সমকাল

৮ নভেম্বর

- ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর ৮ আগস্ট ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে অন্তর্বর্তী সরকারের ৩ মাস পূর্ণ। সূত্র: সমকাল

- ঢাকা ক্লাবে 'ডিআরইউ-দেশ টিভি বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড-২০২৪' অনুষ্ঠানে ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের সঙ্গে সঙ্গে এ সংক্রান্ত সব মামলাও বাতিল করা হবে বলে জানান আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। সূত্র: দৈনিক কালবেলা
- পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে পবিত্র কুরআন তেলাওয়াতের মধ্য দিয়ে বিএনপির র‍্যালিপূর্ব সংক্ষিপ্ত সমাবেশ হয়। 'জাতীয় বিপ্লব ও সংহতি দিবস' উপলক্ষ্যে এ কর্মসূচিতে সভাপতিত্ব করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। লন্ডন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে তারেক রহমান র‍্যালির উদ্‌বোধন ঘোষণা করেন। সূত্র: দৈনিক কালবেলা
- শ্বাসকষ্ট, জটিল কিডনি সমস্যা, মেরুদণ্ডে ব্যথা-সহ বিভিন্ন রোগে আক্রান্ত কারাবন্দি বিএনপি নেতা ও সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরের চিকিৎসায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) পক্ষ থেকে অধ্যাপক ডা. শামীম আহমদের নেতৃত্বে চার সদস্যের একটি মেডিক্যাল বোর্ড গঠন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের স্টার্টআপ স্ট্যান্ডবাই বয়লার রুমে প্রথম ইগনিশনের মাধ্যমে বাষ্প সরবরাহ কার্যক্রম শুরু। সূত্র: মানবজমিন
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৬৬ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ভারতের আদানি গ্রুপকে বিদ্যুতের বকেয়া বিল বাবদ ১৭৩ মিলিয়ন ডলার পরিশোধ করল বাংলাদেশ। ভারতীয় সংবাদমাধ্যম ইকোনমিক টাইমস এ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সদ্য নির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউজের পরবর্তী প্রথম নারী চিফ অব স্টাফ হিসাবে সুসি ওয়াইলসের নাম ঘোষণা করেন। সূত্র: মানবজমিন
- গাজায় ইসরায়েলের চলমান হামলায় নিহতদের মধ্যে প্রায় ৭০ শতাংশই নারী ও শিশু। জাতিসংঘের মানবাধিকার অফিস এক প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ব্লুমবার্গের বিলিয়নিয়ার প্রতিবেদন অনুযায়ী দ্বিতীয়বার প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্পের জয়ের পর বিশ্বের শীর্ষ ১০ ধনী ব্যক্তির সম্পদ রেকর্ড পরিমাণ বৃদ্ধি পায়। একদিনের মাথায় তাদের সম্পদ বাড়ল ৬ হাজার ৪০০ কোটি মার্কিন ডলার। সূত্র: বণিক বার্তা

৯ নভেম্বর

- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় গুমসংক্রান্ত তদন্ত কমিশনের সদস্যদের সঙ্গে বৈঠকে '২০০৯ থেকে ২০২৪ সাল' পর্যন্ত গুমের জন্য দায়ীদের চিহ্নিত ও জবাবদিহির আওতায় আনার ক্ষেত্রে সর্বোচ্চ সহায়তার প্রতিশ্রুতি দেন। সূত্র: সমকাল
- রাজধানীর কেন্দ্রীয় শহিদ মিনারে 'জুলাই জাগরণী' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে জাতীয় নাগরিক কমিটি। এতে জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি-প্রামাণ্যচিত্র এবং মাইম প্রদর্শনীর মধ্য দিয়ে জুলাইয়ে 'ছাত্র-জনতার অভ্যুত্থানে'র স্মরণ এবং শেখ হাসিনার গুম-খুনের ঘটনা তুলে ধরা হয়। সূত্র: সমকাল
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস-সহ ৬২ জনের বিরুদ্ধে আন্তর্জাতিক ফৌজদারি আদালতে (আইসিসি) 'গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের' অভিযোগ করেন লন্ডনে অবস্থানরত সিলেট সিটি করপোরেশনের সাবেক মেয়র আনোয়ারুজ্জামান চৌধুরী। সূত্র: মানবজমিন
- যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত নির্বাচনে আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিশনের (আইসিএসসি) সদস্য নির্বাচিত হন জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত। সূত্র: কালেরকণ্ঠ
- বিএনপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কাকরাইলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয়তাবাদী কৃষক দলের প্রশিক্ষণ কার্যক্রমের উদ্‌বোধন ও আলোচনাসভায় লন্ডন থেকে ভার্চুয়ালি যোগ দেন। সূত্র: দৈনিক কালবেলা
- নূর হোসেন দিবসে 'স্বৈরাচার আওয়ামী লীগের' কর্মসূচি প্রতিরোধ করতে রাতে রাজধানীর গুলিস্তান জিরো পয়েন্টে সমবেত হয় ছাত্র-জনতা। সূত্র: দৈনিক ইত্তেফাক

- সুইজারল্যান্ডের জেনেভায় আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুলের সঙ্গে উদ্ধত আচরণ ও ন্যাক্কারজনক ঘটনায় জড়িতদের অবিলম্বে চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানায় 'বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস অ্যাসোসিয়েশন' ও 'সিনিয়র জাজেজ ফোরাম'। সূত্র: যুগান্তর
- বকেয়া ৮০০ মিলিয়ন ডলার পরিশোধ না করায় বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ ৬০ শতাংশের বেশি কমিয়ে দেয় ভারতের আদানি গ্রুপ। সূত্র: সমকাল
- শেখ হাসিনার ভাইরাল হওয়া অডিয়ো ক্লিপের নির্দেশনা বাস্তবায়নকারী দশজনকে গ্রেফতার করে পুলিশ। ঢাকা মেট্রোপলিটন পুলিশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক কালবেলা
- কক্সবাজারের আবাসিক হোটেলে অভিযান চালিয়ে গোপন বৈঠকের অভিযোগে ১৯ ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্যকে আটক করে পুলিশ। সূত্র: দৈনিক কালবেলা
- ইমন গাজী হত্যা মামলায় সাতদিনের রিমান্ড শেষে সাবেক মন্ত্রী রাশেদ খান মেনন, হাসানুল হক ইনু ও জুনায়েদ আহমেদ পলককে কারাগারে পাঠান আদালত। সূত্র: দৈনিক কালবেলা
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৩৪ জন। আট জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- নির্বাচনে জয়লাভের পর যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির মধ্যে ফোনালাপে যোগ দেন ইলন মাস্ক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গৃহযুদ্ধের কারণে বাণিজ্য ও কৃষি উৎপাদন অস্বাভাবিকভাবে কমে আসায় মিয়ানমারের সংঘাতপূর্ণ রাখাইন রাজ্য দুর্ভিক্ষের দিকে এগিয়ে যাচ্ছে বলে সতর্ক করে জাতিসংঘ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউক্রেনের সশস্ত্র বাহিনী সীমান্তবর্তী কুরস্ক এলাকায় একদিনে ৩০০ জনেরও বেশি সেনা হারাল। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) পররাষ্ট্রনীতিবিষয়ক প্রধান জোসেফ বোরেল সফরে কিয়েভ পৌঁছান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ▶ পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশের কোয়েটা রেলস্টেশনে ভয়াবহ আত্মঘাতী বোমা হামলার ঘটনায় ২৬ জন নিহত এবং আরও ৩০ জনের বেশি আহত। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ প্রথম বাংলাদেশি হিসাবে কোনো শেরপা ছাড়াই ২৭ দিনের অভিযানে ৬ হাজার মিটার উচ্চতার পর্বতশৃঙ্গ জয় করেন পাবনার চাটমোহরের আহসানুজ্জামান তৌকির। সূত্র: দৈনিক ইত্তেফাক

১০ নভেম্বর

- ▶ প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারে যুক্ত হলেন আরো তিন জন উপদেষ্টা। তারা হলেন- সেখ বশির উদ্দীন, মোস্তফা সরয়ার ফারুকী ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ▶ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: সমকাল
- ▶ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরেক লো। সূত্র: প্রথম আলো
- ▶ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত লিবিয়ার রাষ্ট্রদূত আব্দুল মুতালিব এসএম সালিমান। সূত্র: সমকাল
- ▶ পুলিশের সাবেক মহাপরিদর্শক খোদাবক্স চৌধুরীকে প্রতিমন্ত্রীর মর্যাদায় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসাবে নিয়োগ দেওয়া হলো। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ▶ প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর নতুন পরিচালনা বোর্ড গঠন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়, ২ বছর মেয়াদের ১৫ সদস্যের পরিচালনা বোর্ডে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইংলিশ অ্যান্ড হিউম্যানিটিজ বিভাগের চেয়ারম্যান ফিরদৌস আজীমকে চেয়ারম্যান এবং পিআইবি মহাপরিচালক ফারুক ওয়াসিফকে সদস্যসচিব রাখা হলো। সূত্র: সমকাল

- ▶ বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) নতুন পরিচালনা বোর্ড গঠন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়, তিন বছর মেয়াদে পরিচালনা বোর্ডের চেয়ারম্যান করা হলেন দৈনিক ইত্তেফাকের যুগ্মসম্পাদক আনোয়ার আলদীনকে। সূত্র: সমকাল
- ▶ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের গ্রামীণ টেলিকম-সহ গ্রামীণের ৬টি প্রতিষ্ঠান জোর করে দখল ও হামলার অভিযোগে গ্রামীণ ব্যাংকের সাবেক চেয়ারম্যান ড. একেএম সাইফুল মজিদ-সহ ১৯ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালক আবুল কালাম মোহাম্মদ মঈনুদ্দিন চৌধুরী। সূত্র: সমকাল
- ▶ 'শহিদ নূর হোসেন দিবস' উপলক্ষ্যে গুলিস্তানের জিরো পয়েন্টে আওয়ামী লীগ নেতাকর্মীদের জড়ো হওয়া প্রতিরোধ করতে সারা দেশে ১৯১ প্লাটুন বিজিবি মোতায়েন। সূত্র: সমকাল
- ▶ দেশে আরও ১১৮ জন সাংবাদিকের অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল করে তথ্য অধিদফতর। সূত্র: নয়া দিগন্ত
- ▶ গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১১৯৪ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ▶ ইসরাইলের গণহত্যামূলক যুদ্ধে এ পর্যন্ত ১৮৮ জন ফিলিস্তিনি সাংবাদিক নিহত। গাজার মিডিয়া অফিস নিহত সাংবাদিকদের তালিকা প্রকাশ করে। সূত্র: নয়া দিগন্ত
- ▶ দক্ষিণাঞ্চলীয় মার্কিন রাজ্যগুলোয় পানির ঘাটতি রোধ করার লক্ষ্যে যুক্তরাষ্ট্র ও মেক্সিকো নদী চুক্তি স্বাক্ষর করে। সূত্র: নয়া দিগন্ত

১১ নভেম্বর

- ▶ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অভিবাসী শ্রমিকদের জন্য বিশেষ লাউঞ্জ উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক কালবেলা
- ▶ আন্তর্জাতিক জলবায়ু সম্মেলনে (কপ-২৯) যোগ দিতে আজারবাইজানের রাজধানী বাকু শহরে পৌঁছান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: নয়া দিগন্ত

- সচিবালয়ের সামনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীদের ৫ দফা দাবি তিনদিনের মধ্যে পূরণের আশ্বাস দিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা নাহিদ ইসলাম । সূত্র: সমকাল
- ছাত্র-জনতার অভ্যুত্থানে শহিদদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণ-অভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেন। তথ্য অধিদপ্তর থেকে তালিকা-সংক্রান্ত গণবিজ্ঞপ্তি প্রকাশ করে সরকার। ইতোমধ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত শহিদদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd পেজ দুটিতে প্রকাশ করে। তালিকায় নাম অন্তর্ভুক্ত হননি–এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা হয়। আবেদন muspecialcel36@gmail.com ই-মেইলে পাঠাতে হবে। সূত্র: সমকাল
- অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদে 'ফ্যাসিবাদের দোসর' রয়েছেন বলে মনে করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। অন্তর্বর্তী সরকারের নতুন তিন উপদেষ্টার নিয়োগ নিয়ে আলোচনা-সমালোচনার মধ্যে এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে বিক্ষোভ সমাবেশে করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সূত্র: প্রথম আলো
- সংবিধান সংস্কার নিয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় শুরু সংস্কার কমিশনের। ১৬টি সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করে কমিশন। সূত্র: প্রথম আলো
- জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় ১০ বছরের সাজার বিরুদ্ধে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার 'লিভ টু আপিল' মঞ্জুর করলেন আপিল বিভাগ। একই সঙ্গে খালেদা জিয়াকে দেওয়া ১০ বছরের সাজা স্থগিত করেন আপিল বিভাগ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশে উদ্ভিদ প্রজাতির সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে ১ হাজার উদ্ভিদ প্রজাতির একটি লাল তালিকা তৈরি করে সরকার। সূত্র: দৈনিক কালবেলা
- জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নেতাদের সঙ্গে দলের কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার সারাহ ডেরেক লোর সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা

- রাজধানীর পল্টন, যাত্রাবাড়ী ও মিরপুর থানার একাধিক মামলায় নতুন করে গ্রেফতার দেখানো হয় সাবেক মন্ত্রী, এমপি ও আইজিপি-সহ ৮ জনকে। ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতে তাদের হাজির করে গ্রেফতার দেখানোর আবেদন করে পুলিশ। সূত্র: দৈনিক কালবেলা
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১৯৪ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- উত্তর কোরিয়ার সঙ্গে পূর্বে স্বাক্ষরিত প্রতিরক্ষা সহায়তা সংক্রান্ত কৌশলগত অংশীদারত্ব চুক্তিকে আইনে পরিণত করে রাশিয়া। সূত্র: সমকাল
- হাইতির প্রধানমন্ত্রী গ্যারি কনিলকে বরখাস্ত করে ট্রানজিশনাল প্রেসিডেনশিয়াল কাউন্সিল (টিপিসি) নির্বাহী আদেশে স্বাক্ষর করেন। কনিলকে বরখাস্ত করার পর নতুন প্রধানমন্ত্রী হিসাবে ব্যবসায়ী ও হাইতির সাবেক সিনেট প্রার্থী অ্যালিক্স দিদিয়ার ফিলস এইমির নাম ঘোষণা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রিয়াদে আরব লীগ এবং অরগানাইজেশন অব ইসলামিক কোঅপারেশন (ওআইসি) যৌথভাবে আয়োজিত শীর্ষ সম্মেলনের উদ্‌বোধনী অনুষ্ঠানে, ইসরায়েলকে অবিলম্বে গাজা ও লেবাননে তাদের 'সামরিক আগ্রাসন' বন্ধ করার দাবি জানান সৌদি আরবের ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমান। সূত্র: প্রথম আলো
- প্রথম বিশ্বযুদ্ধের 'প্রতীকী সমাপ্তি দিবস পালন ও যোদ্ধাদের প্রতি সম্মান' জানাতে আর্মস্টিট কমমোরশনে অংশগ্রহণ করতে ফ্রান্স পৌঁছান ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাষ্ট্রপতি ভবনে দেশটির সুপ্রিম কোর্টের ৫১তম প্রধান বিচারপতি হিসাবে সঞ্জীব খান্নাকে শপথ পাঠ করান। সূত্র: সমকাল
- সাফ নারী ফুটবল দলের চ্যাম্পিয়ন বাংলাদেশ ফুটবল দল ঘোষণার ১১ দিনের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে তাদের পূর্বঘোষিত ১ কোটি টাকা বোনাস পেল। সূত্র: নয়া দিগন্ত

১২ নভেম্বর

- আজারবাইজানের বাকুতে আন্তর্জাতিক কপ-২৯ সম্মেলনে জার্মানি ও চিলি আয়োজিত উচ্চ পর্যায়ের জলবায়ু ক্লাব নেতাদের সভায় বক্তব্য রাখেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: সমকাল
- আজারবাইজানের বাকুতে আন্তর্জাতিক কপ-২৯ সম্মেলনে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ানের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আজারবাইজানের রাজধানী বাকুতে কপ-২৯ জলবায়ু সম্মেলনে অনুষ্ঠানের ফাঁকে মালদ্বীপের রাষ্ট্রপতি মোহাম্মদ মুইজ্জো এবং বসনিয়া ও হার্জেগোভিনার রাষ্ট্রপতি ডেনিস বেচিরোভিচের সঙ্গে সাক্ষাৎ করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বাকুর রিটজ কার্লটন হোটেলে ড. আহমেদ আল তাইয়েবের সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- সচিবালয়ে দৈনিক সংবাদপত্রের সম্পাদক ও তাদের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভা করেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সভায় তথ্য ও সম্প্রচার উপদেষ্টা সাংবাদিকদের নির্ভয়ে সঠিক ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করার কথা বলেন। সূত্র: সমকাল
- আগারগাঁও বন অধিদপ্তরে অনুষ্ঠিত সভায় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান দেশে ইউক্যালিপটাস ও আকাশমনি গাছ রোপণ না করতে বন বিভাগকে নির্দেশ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- 'অমর একুশে বইমেলা-২০২৫' রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানেই হবে। সচিবালয়ে সাংবাদিকদের জানান সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশে সংবাদমাধ্যমের স্বাধীনতা ও মতপ্রকাশের স্বাধীনতা রক্ষায় পদক্ষেপ নিতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের প্রতি আহ্বান জানায় কমিটি টু প্রটেক্ট জার্নালিস্টস (সিপিজে)। সূত্র: সমকাল

- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও পলাতক আওয়ামী লীগ নেতাদের গ্রেফতারে ইন্টারপোলের রেড নোটিশ জারির বিষয়ে পদক্ষেপ নিতে পুলিশ মহাপরিদর্শককে চিঠি দেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। সূত্র: সমকাল
- আগামী ১৫ বছরের জন্য জাপানকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল পরিচালনার দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত নেয় বেসামরিক বিমান মন্ত্রণালয়। দেশটির ৬ কোম্পানিকে কনসোর্টিয়াম করে এ দায়িত্ব দেওয়া হচ্ছে। এছাড়া দেশের একমাত্র রাষ্ট্রীয় ক্যারিয়ার বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে ২ বছরের জন্য কার্গো ও গ্রাউন্ড হ্যান্ডলিংয়ের দায়িত্ব দেওয়া হয়। সূত্র: যুগান্তর
- ঢালাওভাবে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিলের পদক্ষেপে সম্পাদক পরিষদের উদ্বেগ প্রকাশ। সম্পাদক পরিষদের সভাপতি মাহফুজ আনাম ও সাধারণ সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ এই পদক্ষেপকে সংবাদমাধ্যমের স্বাধীনতার জন্য হুমকি ও গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিতের অন্তরায় বলে উল্লেখ করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক নির্বাচন কমিশনার স ম জাকারিয়ার (৭৭) মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- ২০১১ সালের ২৩ মার্চ র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) হাতে গুলিবিদ্ধ হয়ে পা হারানো ঝালকাঠির লিমন হোসেন ৯ জনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মানবতাবিরোধী অপরাধ অভিযোগ দায়ের করেন। সূত্র: সমকাল
- রাজধানী-সহ সারা দেশে ডেঙ্গু নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে সরকারকে নির্দেশ দেন হাইকোর্ট। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ২১১ জন। সাত জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- রাশিয়ায় শীর্ষ ব্যক্তিদের বিরুদ্ধে 'মিথ্যা রায়' দেওয়ার অভিযোগে আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) বিচারক হাইকেল বেন মাহফুদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন মস্কোর আদালত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ওমরাহ পালনকারীদের স্বাস্থ্য সুরক্ষা ও পরিবেশগত দিক বিবেচনায় নতুন নির্দেশনা জারি করে সৌদি আরব। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে করা ঘুস মামলার বিচারকার্য নিয়ে সিদ্ধান্ত এক সপ্তাহের জন্য স্থগিত রাখার নির্দেশ দেশটির আদালতের। সূত্র: দৈনিক কালবেলা

১৩ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বাকুতে কপ২৯-এর ওয়ার্ল্ড লিডারস ক্লাইমেট অ্যাকশন সামিটের উদ্‌বোধনী অধিবেশনে বক্তব্য দেন। অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা তাঁর 'থ্রি জিরো তত্ত্ব' জাতিসংঘ-সহ বিশ্বমঞ্চে তুলে ধরেন। এ সময় তিনি বলেন, জলবায়ু পরিবর্তনে যত সমস্যা, সেগুলো মানবসৃষ্ট সমস্যা। এসব সমস্যা সমাধানে ও সভ্যতা টিকিয়ে রাখতে মানুষকে এগিয়ে আসতে হবে। সূত্র: প্রথম আলো
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বাকুতে জলবায়ু সম্মেলনের (কপ-২৯) সাইডলাইনে সোশ্যাল বিজনেস গ্রুপের সঙ্গে বৈঠক করেন। এ সময় প্রধান উপদেষ্টা নেপাল থেকে জলবিদ্যুৎ আনতে দক্ষিণ এশিয়ার গ্রিড তৈরির আহ্বান জানান। সূত্র: সমকাল
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বাকুতে জলবায়ু সম্মেলনের (কপ-২৯) সাইডলাইনে বাংলাদেশ প্যাভিলিয়নে বাংলাদেশ-নেদারল্যান্ডস যৌথভাবে 'এ গ্লোবাল কনভারসেশন: অ্যাকসেস টু ফাইন্যান্স ফর স্মল স্কেল ফারমার্স' অনুষ্ঠানে বক্তব্য দেন। এ সময় প্রধান উপদেষ্টা বলেন, ঋণ একটি মানবাধিকার। কারণ, এটি মানুষের জীবিকার সঙ্গে সম্পর্কিত। সূত্র: সমকাল
- প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বাকুতে কপ-২৯ সম্মেলনের সাইডলাইনে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের সঙ্গে এলডিসির উচ্চপর্যায়ের বৈঠক করেন। এ সময় প্রধান উপদেষ্টা বলেন, জলবায়ু সংকট মোকাবিলা এবং পৃথিবী ও মানবকল্যাণকর নতুন সভ্যতা গড়ে তুলতে এক নতুন বৈশ্বিক অর্থনৈতিক কাঠামো প্রয়োজন। সূত্র: দৈনিক কালবেলা

- মুজিববাদী রাজনীতি ও শেখ পরিবারের বন্দনা পরিহার করা উচিত বলে মন্তব্য করেন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা মাহফুজ আলম। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া পোস্টে এ কথা বলেন তিনি। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের ১০০তম দিন (১৫ নভেম্বর) উপলক্ষ্যে শহিদ ও আহতদের নিয়ে কর্মসূচি পালনের সিদ্ধান্ত। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকে আরও গতিশীল করতে অর্গানাইজিং কমিটি ও নির্বাহী কমিটি গঠন করবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। রাজধানীর দিলু রোডে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় কার্যালয়ে সমন্বয়কদের আয়োজিত সভায় এসব আলোচনা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় সংসদের ক্যাবিনেট কক্ষে তৃতীয় দিনের মতো সংবিধান সংস্কারে বিশিষ্ট নাগরিকদের সঙ্গে সংবিধান সংস্কার কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত। সূত্র: যুগান্তর
- বিদ্যুৎ নিয়ে আদানি গ্রুপের সঙ্গে সব চুক্তি বাতিল চেয়ে রিট দায়ের। সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার এম. আবদুল কাইয়ুম এ রিট পিটিশন করেন। সূত্র: দৈনিক কালবেলা
- সুইজারল্যান্ডে আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুলকে হেনস্তার ঘটনায় জেনেভায় বাংলাদেশ মিশনের শ্রম কাউন্সেলর মুহাম্মদ কামরুল ইসলামকে 'স্ট্যান্ডরিলিজ'। সূত্র: দৈনিক কালবেলা
- মুজিববর্ষ পালনে রাষ্ট্রীয় অর্থব্যয়ের হিসাব চেয়ে নির্দেশনা জারি করল সরকার। গত ছয় বছরে এ খাতে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগ, এর আওতাধীন দপ্তর-অধিদপ্তর ও সরকারি-বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানের কাছে ব্যয়ের সার্বিক হিসাব পাঠাতে চিঠি দিল অর্থ মন্ত্রণালয়। সূত্র: দৈনিক কালবেলা
- গণভোট বাতিল করে জনগণের অধিকার হরণ করা হয় বলে মন্তব্য করেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। সংবিধানের পঞ্চদশ সংশোধনী কেন অবৈধ হবে না, এই মর্মে জারি করা রুলের শুনানিতে তিনি হাইকোর্টের সামনে এ বক্তব্য তুলে ধরেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন-২০০৬-এর (সংশোধিত ২০১৩) ৫৭ ধারায় করা মামলা বাতিল করেন হাইকোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যাকাণ্ডের তদন্তভার নিয়ে ৩ হাজার ২০১ পৃষ্ঠার মামলার নথি (কেস ডকেট) গ্রহণ করল তদন্ত সংস্থা পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। সূত্র: প্রথম আলো
- অন্তর্বর্তী সরকারের স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগমের পদত্যাগের দাবিতে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান-নিটোর (পঙ্গু হাসপাতাল) সামনের সড়কে বিক্ষোভ ও অবরোধ করে জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানে আহতরা। উন্নত চিকিৎসা ও পুনর্বাসনের দাবিতে হাসপাতালে সামনের সড়কে এই বিক্ষোভ করেন তারা। সূত্র: প্রথম আলো
- রাজশাহীতে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে গুলিবর্ষণকারী সন্ত্রাসী মো. বাপ্পি চৌধুরী রনিকে গ্রেফতার করে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। সূত্র: দৈনিক কালবেলা
- জাতীয় নাগরিক কমিটির 'ঢাকা রাইজিং কর্মসূচি'র অংশ হিসাবে রাজধানীর ভাটারা থানা প্রতিনিধি কমিটি ঘোষণা। কমিটির সদস্য ১৭৫ জন। সূত্র: দৈনিক কালবেলা
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ৭ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ইরাকের আবু ঘ্রাইব কারাগারে ১৫ বছর ধরে চলা নির্যাতিত বিচারে জয় পায় তিন ইরাকি। তাদেরকে চার কোটি ২০ লাখ ডলার ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেন মার্কিন ফেডারেল জুরি। সূত্র: মানবজমিন
- আজারবাইজানের বাকুতে অনুষ্ঠিত বিশ্ব জলবায়ু সম্মেলন কপ-২৯ এ কার্বন নিঃসরণ কমাতে গঠন করল 'জি জিরো' ফোরাম। জলবায়ু সুরক্ষার যুদ্ধকে এগিয়ে নিতে সমন্বিতভাবে কাজ করতে যৌথ ঘোষণায় স্বাক্ষর করে ফোরামের সদস্য ভুটান, মাদাগাস্কার, পানামা এবং সুরিনাম। সূত্র: দৈনিক কালবেলা

- হোয়াইট হাউজে বিদায়ি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে সাক্ষাৎ করেন দেশটির নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: সমকাল
- ফিলিস্তিনের গাজা ও লেবাননে ভয়াবহ ইসরায়েলি হামলায় ১০৭ জন নিহত। এ তথ্য জানায় আন্তর্জাতিক সংবাদমাধ্যম আলজাজিরা ও বার্তা সংস্থা আনাদোলু। সূত্র: সমকাল
- মালয়েশিয়ার সাবেক অর্থমন্ত্রী দাইম জয়নুদ্দিনের (৮৬) মৃত্যু। সূত্র: সমকাল

১৪ নভেম্বর

- আন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বাকুতে জলবায়ু সম্মেলন কপ-২৯ সাইডলাইনে বৈঠক করেন আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভ। প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব অপূর্ব জাহাঙ্গীর জানান, এ সময় উভয় নেতা দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র: দৈনিক কালবেলা
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বাকুতে কপ-২৯ সম্মেলনের সাইডলাইনে বার্তা সংস্থা এএফপি'কে সাক্ষাৎকার দেন। তিনি বলেন, স্বৈরাচারী সরকারের পতনের পর বাংলাদেশের নির্বাচনব্যবস্থা-সহ রাষ্ট্রের গুরুত্বপূর্ণ সংস্কার করতে হবে। সংস্কারের পর নির্বাচন দেওয়া হবে বলে জানান প্রধান উপদেষ্টা। সূত্র: সমকাল
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বাকুতে জলবায়ু সম্মেলন কপ-২৯ অনুষ্ঠিত বৈশ্বিক জলবায়ু সম্মেলনে যোগদান শেষে দেশে ফিরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী যাত্রী ও তাদের স্বজনদের জন্য ওয়েটিং লাউঞ্জ উদ্‌বোধন করেন। সূত্র: দৈনিক কালবেলা
- সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে আহতদের একটি প্রতিনিধিদলের সঙ্গে অর্ন্তবর্তী সরকারের ছয় উপদেষ্টার বৈঠক। সূত্র: সমকাল
- বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে বিবিসি হিন্দিকে ভিডিয়ো সাক্ষাৎকার দেন অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। ওই সাক্ষাৎকারে তিনি সংখ্যালঘুদের পরিস্থিতি, তাদের

নিরাপত্তা প্রদান, জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থান এবং ভারত-বাংলাদেশের সম্পর্ক নিয়ে কথা বলেন। সূত্র: প্রথম আলো

- রাজধানীর লেকশোর হোটেলে 'রাষ্ট্র কাঠামো মেরামতের রূপরেখা: ৩১ দফার আলোকে সংস্কার' শীর্ষক অনুষ্ঠানে লন্ডন থেকে ভিডিয়ো কনফারেন্সে প্রধান অতিথির বক্তব্যে দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: সমকাল
- রাজধানীর জাতীয় অর্থোপেডিক হাসপাতালে (পঙ্গু হাসপাতাল) চিকিৎসাধীন ছাত্র-জনতার আন্দোলনে আহতদের দেখতে যান বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ ও সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সূত্র: দৈনিক কালবেলা
- দীর্ঘ আট বছর পর আবার 'লাল গোলাপ' নিয়ে যুক্তরাজ্য থেকে দেশে ফিরেন সাপ্তাহিক যায়যায়দিন এবং পরে দৈনিক যায়যায়দিন পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক শফিক রেহমান। সূত্র: দৈনিক কালবেলা
- কুইক রেন্টাল সংক্রান্ত বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০-এর ৯ ধারায় দায়মুক্তি অবৈধ ছিল। সূত্র: সমকাল
- বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (আইসিটি) সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার গ্রেফতারের পরোয়ানার বিষয়ে এক আদেশে ১৮ নভেম্বরের মধ্যে তাকে আদালতে হাজির করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়। সূত্র: সমকাল
- ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত মেগান বোল্ডিনের সঙ্গে গুলশানে রাষ্ট্রদূতের বাসভবনে সাক্ষাৎ করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: দৈনিক কালবেলা
- মহিলা ও শিশুবিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস মুরশিদের সঙ্গে মহিলাবিষয়ক মন্ত্রণালয়ের কার্যালয়ে বিশ্বব্যাংকের জ্যেষ্ঠ সামাজিক উন্নয়ন বিশেষজ্ঞ সাবাহ মোয়িনের নেতৃত্বে বিশ্বব্যাংকের প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক কালবেলা
- ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখা ছাত্রদলের ২৪২ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা। ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এ কমিটি অনুমোদন দেন। সূত্র: দৈনিক কালবেলা

- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে আহত শিক্ষার্থী আবদুল্লাহ (২৩) সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় মারা যান। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) তড়িৎ প্রকৌশলী বিভাগের নিহত মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদের নামে 'শহিদ আবরার ফাহাদ স্টেডিয়াম' নামকরণ করল জাতীয় ক্রীড়া পরিষদ। আগে এ স্টেডিয়ামের নাম ছিল শেখ কামাল স্টেডিয়াম। সূত্র: দৈনিক কালবেলা
- গত ২৪ ঘন্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ১০৭ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এশিয়া-প্যাসিফিক ইকোনমিক কো-অপারেশন (অ্যাপেক) শীর্ষ সম্মেলনে যোগ দিতে পেরুর রাজধানীর লিমা পৌঁছান। সূত্র: প্রথম আলো
- লেবাননে ইসরায়েলের হামলায় আরও ছয় সেনা নিহত। সূত্র: দৈনিক কালবেলা
- তোশাখানা দ্বিতীয় মামলা থেকে খালাস চেয়ে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) প্রতিষ্ঠাতা ইমরান খান ও তাঁর স্ত্রী বুশরা বিবির করা আবেদন খারিজ দেশটির আদালতের। সূত্র: সমকাল
- ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি বাহিনীর হামলায় চলমান যুদ্ধের সময় উপত্যকাটির বাসিন্দাদের বারবার এলাকা ত্যাগে বাধ্য করাকে 'যুদ্ধাপরাধ' বলে উল্লেখ করে নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। সূত্র: প্রথম আলো
- শ্রীলংকায় আগাম পার্লামেন্ট নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত। সূত্র: প্রথম আলো

১৫ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল বলেন, ফ্যাসিবাদের শেকড় অনেকদূর ছড়িয়েছে। ফ্যাসিস্টের শেকড় এতটাই গভীরে চলে গেছে যে, এর বিরুদ্ধে লড়াই সহজ নয়। মানবাধিকার সংস্থা এশিয়ান ফেডারেশন এগেইনস্ট ইনভলান্টারি ডিসএপিরেন্সের (এএফএডি) অনুষ্ঠানে আইন উপদেষ্টা এ মন্তব্য করেন। সূত্র: যুগান্তর

- সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষ্যে বাসসকে এক সাক্ষাৎকার দেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। এ সময় তিনি বলেন, অন্তর্বর্তী সরকার মতপ্রকাশ ও সমাবেশ করার স্বাধীনতার পাশাপাশি সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত করেছে। সূত্র: প্রথম আলো
- রাজধানীর হাজারীবাগ থানাধীন পশ্চিম ধানমন্ডি এলাকায় একটি বাসায় ডাকাতের ছুরিকাঘাতে কেএম আব্দুর রশিদ (৮৫) নামে এক প্রবাসী চিকিৎসক নিহত। সূত্র: যুগান্তর
- চট্টগ্রামের রাউজানে একদল মুখোশধারীর গুলিতে ১২ থেকে ১৫ জন গুলিবিদ্ধ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘন্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৭৪ জন। চার জনের মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফ্লোরিডায় 'আমেরিকা ফার্স্ট পলিসি ইনস্টিটিউট'-এর অনুষ্ঠানে বলেন, জানুয়ারিতে দায়িত্ব নেওয়ার পর প্রথম কাজ হবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধ করা। সূত্র: যুগান্তর
- আত্মঘাতী হামলায় ব্যবহৃত ড্রোনের ব্যাপক উৎপাদনের নির্দেশ দিলেন উত্তর কোরিয়ার নেতা কিম জং উন। সূত্র: যুগান্তর
- ভারতকে ১০ মিলিয়ন ডলার মূল্যের ১ হাজার ৪০০-এর বেশি লুট হওয়া পুরাকীর্তি ফিরিয়ে দিল যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৬ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস রাজধানীর সোনারগাঁও হোটেলে বে অব বেঙ্গল সংলাপের উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নেন। প্রধান উপদেষ্টা এ সময় বলেন, আগামীর বাংলাদেশ হবে ন্যায়বিচার, মানবাধিকার এবং বাক্‌স্বাধীনতার। দেশে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা ও রাষ্ট্র সংস্কারই সরকারের প্রধান চ্যালেঞ্জ। এজন্য সবাইকে ধৈর্য ধরার আহ্বান জানান তিনি। সূত্র: দৈনিক কালবেলা
- শেখ হাসিনার কর্তৃত্ববাদ প্রতিষ্ঠায় বিচার বিভাগ অনুঘটক হিসাবে কাজ করেছে। সুপ্রিম কোর্ট রিপোর্টার্স ফোরামের সদস্যদের এক কর্মশালায় অংশ নিয়ে এমন মন্তব্য করেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান । সূত্র: যুগান্তর

- রাজধানীর বিয়াম অডিটরিয়ামে বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন (বিএএসএ) আয়োজিত প্রশাসনিক সংস্কার ও উন্নয়ন; বর্তমান প্রেক্ষিত ও ভবিষ্যৎ ভাবনা বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য দেন প্রধান উপদেষ্টার মুখ্যসচিব এম সিরাজ উদ্দিন মিয়া। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে কর্মরত সেনাবাহিনীর ক্যাপ্টেন ও তদূর্ধ্ব সমপদমর্যাদার কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা আরও দুই মাস বাড়াল সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯৯৪ জন। আট জনের মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- সাবেক প্রধান বিচারপতি মোহাম্মদ ফজলুল করিমের (৮১) মৃত্যু। তিনি দেশের ১৮তম প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করেন। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী আন্দোলনের এক হত্যা চেষ্টা মামলায় গ্রেফতার বেসরকারি টেলিভিশন দেশ টিভির ব্যবস্থাপনা পরিচালক আরিফ হাসান। ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাকে গ্রেফতার করে এয়ারপোর্ট থানা পুলিশ। সূত্র: যুগান্তর
- ইন্দোনেশিয়ার বালিতে যক্ষ্মা ও ফুসফুসের রোগবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত। সূত্র: প্রথম আলো
- অক্টোবরের বেতনের দাবিতে গাজীপুরের চক্রবর্তী এলাকায় চন্দ্রা-নবীনগর সড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কের শ্রমিকরা। সূত্র: প্রথম আলো
- মার্কিন ইতিহাসে হোয়াইট হাউজের সর্বকনিষ্ঠ প্রেস সেক্রেটারি পদে নিয়োগ পেলেন ২৭ বছর বয়সি ক্যারোলিন লেভিত। সূত্র: সমকাল

১৭ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষে জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। ভাষণদানকালে তিনি বলেন, নির্বাচনি সংস্কারের সিদ্ধান্ত হয়ে গেলে খুব দ্রুত নির্বাচনের রোডম্যাপও (রূপরেখা) পাওয়া যাবে। প্রয়োজনীয় কিছু অত্যাবশ্যকীয় সংস্কারকাজ শেষ করেই নির্বাচনের আয়োজন করা হবে। সূত্র: প্রথম আলো

- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ৩৮৯ জন। আট জনের মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- যথাযোগ্য মর্যাদায় টাঙ্গাইলে মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর ৪৮তম মৃত্যুবার্ষিকী পালিত। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- দূরপাল্লার হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালায় ভারত। ওড়িশা রাজ্যের পূর্ব উপকূলের ডক্টর এপিজে আব্দুল কালাম দ্বীপ থেকে উৎক্ষেপণ করা হয় নিজস্ব প্রযুক্তির ক্ষেপণাস্ত্রটি। সূত্র: যুগান্তর
- পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের মুক্তির দাবিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টকে চিঠি দিলেন মার্কিন কংগ্রেসের ৪৬ সদস্য। সেই সঙ্গে পাকিস্তানের মানবাধিকার পরিস্থিতি নিয়েও উদ্‌বেগ প্রকাশ করেন তারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন প্রশাসনের সঙ্গে কাজ করার দৃঢ়প্রত্যয় ঘোষণা করেন চীনের প্রেসিডেন্ট সি জিনপিং। সূত্র: প্রথম আলো

১৮ নভেম্বর

- সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে রাজধানীর মহাখালীতে রেললাইন ও সড়ক অবরোধ করে শিক্ষার্থীদের বিক্ষোভ। সূত্র: মানবজমিন
- পোশাক শ্রমিকদের টানা আন্দোলনে রাজধানীর পার্শ্ববর্তী সাভার ও আশুলিয়া আবারও উত্তপ্ত। বকেয়া বেতন পরিশোধ, চাকরি পুনর্বহাল এবং ফ্যাক্টরি খুলে দেওয়ার দাবিতে তারা বিক্ষোভ প্রদর্শন করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ৮৩ জন। ছয় জনের মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- শ্রীলংকার প্রেসিডেন্ট অনূঢ়া কুমারা দিশানায়েকে দেশটির প্রধানমন্ত্রী হিসাবে হরিণী আমারসুরিয়াকে পুনরায় নিয়োগ দিলেন। সূত্র: প্রথম আলো
- স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক জাকারিয়া পিন্টুর (৮১) মৃত্যু। সূত্র: যুগান্তর

১৯ নভেম্বর

- বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের ১০০ দিন পূরণ উপলক্ষ্যে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সাক্ষাৎকার নিল ভারতের প্রভাবশালী পত্রিকা দ্য হিন্দু। ঢাকায় প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় দেওয়া সাক্ষাৎকারটি হিন্দুর অনলাইন সংস্করণে প্রকাশিত হয়। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- অতিপ্রয়োজনীয় কিছু সংস্কার শেষে যত দ্রুত সম্ভব নির্বাচন দেওয়া হবে। অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল সচিবালয়ে 'অন্তর্বর্তী সরকারের ১০০ দিন: আইন মন্ত্রণালয়ের কৈফিয়ত' শীর্ষক সংবাদ সম্মেলনে এ কথা বলেন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- 'রাষ্ট্রকাঠামো মেরামতের ৩১ দফা ও জনসম্পৃক্তি' শীর্ষক দিনব্যাপী কর্মশালায় ভার্চুয়ালি বক্তব্য দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: প্রথম আলো
- রাজধানী-সহ দেশের শহরগুলোকে পরিকল্পিতভাবে গড়ে তুলতে হলে একটি জনপ্রতিনিধিত্বশীল সরকার প্রয়োজন। যেখানে দেশের সব শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণ নিশ্চিত থাকবে। জনগণের ইচ্ছার প্রতিফলন না ঘটিয়ে লুটেরাদের হাতে শহর রক্ষার দায়িত্ব দেওয়া হলে ঢাকা শহর কেন; সমগ্র দেশকেই তারা ধ্বংস করে ফেলবে। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) মিলনায়তনে শুরু হওয়া দুইদিনব্যাপী 'ন্যায্য নগর ইশতেহার' শীর্ষক সম্মেলনের সমাপনী দিনে এমন অভিমত ব্যক্ত করেন বক্তারা। সূত্র: সমকাল
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলি সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ হিসাবে ড. খলিলুর রহমানকে নিয়োগ। সূত্র: মানবজমিন
- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে প্রেস উইংয়ে মিনিস্টার (প্রেস) পদে নিয়োগ পেলেন সাংবাদিক গোলাম মোর্তোজা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৩৪ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা

- পাকিস্তানজুড়ে ২৪ নভেম্বর আন্দোলনের ডাক দিলেন পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান। এ আন্দোলনকে সামনে রেখে রাজধানী ইসলামাবাদে দুই মাসের জন্য ১৪৪ ধারা জারি করেছে স্থানীয় প্রশাসন। সূত্র: সমকাল
- ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে ইসরায়েলি বর্বর হামলায় ২৪ ঘণ্টায় কমপক্ষে আরও ৭৬ ফিলিস্তিনি নিহত। আহত হন ১৫৮ জন। সূত্র: দৈনিক ইত্তেফাক

২০ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের মতো উপদেষ্টা পরিষদের বৈঠকে যোগ দেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সচিবালয়ের ৬নং ভবনের উপদেষ্টা পরিষদ সম্মেলন কক্ষে বৈঠকটি অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক কালবেলা
- আমাদের এমন শিক্ষা দরকার, যা শিক্ষার্থীদের সৃজনশীল মানুষ হতে সাহায্য করে। সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কার্যালয় পরিদর্শনে গিয়ে এ মন্তব্য করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কোনো রাজনৈতিক দলের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ প্রমাণিত হলে ট্রাইব্যুনাল মনে করলে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের কাছে সুপারিশ করতে পারবে। তারপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সেই অনুযায়ী ব্যবস্থা নেবে। এমন বিধান রেখে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল অধ্যাদেশের সংশোধনী প্রস্তাবের খসড়া তৈরি করা হলো। সূত্র: দৈনিক কালবেলা
- পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) হিসাবে দায়িত্ব নিলেন বাহারুল আলম। সূত্র: দৈনিক ইত্তেফাক

২১ নভেম্বর

- সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে ঢাকা সেনানিবাসে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস টাইম ম্যাগাজিনকে এক সাক্ষাৎকার দেন। এতে তিনি জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানে নিহত ও আহতদের নিয়ে কথা বলার পাশাপাশি আওয়ামী লীগের নির্বাচনে ফেরা নিয়ে কথা বলেন তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে সেনাকুঞ্জে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক কালবেলা
- দীর্ঘ প্রায় এক যুগ পর সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে সেনাকুঞ্জে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিলেন সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। সূত্র: প্রথম আলো
- সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে সেনাকুঞ্জে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে কুশল বিনিময় করেন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা মাহফুজ আলম, নাহিদ ইসলাম ও আসিফ মাহমুদ। সূত্র: প্রথম আলো
- নির্বাচন কমিশন (ইসি) গঠন করল সরকার। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) পদে নিয়োগ পেলেন অবসরপ্রাপ্ত সচিব এ এম এম নাসির উদ্দীন। এছাড়া নির্বাচন কমিশনার পদে চারজনকে নিয়োগ দেওয়া হয়। সূত্র: সমকাল
- ঢাকার মহাখালীতে সড়ক ও রেলপথ অবরোধ করেন ব্যাটারিচালিত অটোরিকশাচালকরা। যাত্রী নিরাপত্তার স্বার্থে ঢাকা থেকে সারা দেশে ট্রেন চলাচল বন্ধ রাখা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ২১৪ জন। নয় জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ইউক্রেনকে লক্ষ্য করে প্রথমবার আন্তঃমহাদেশীয় ক্ষেপণাস্ত্র ছুড়েছে রাশিয়া। ভোরে ক্ষেপণাস্ত্রটি ছোড়া হয় বলে দাবি করে ইউক্রেন। সূত্র: দৈনিক কালবেলা
- পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় খাইবার পাখতুনখোয়া প্রদেশে যাত্রীবাহী গাড়িবহরে বন্দুকধারীরা হামলা করে। এতে অন্তত ৪২ জন নিহত হন। এ ঘটনায় আহত আরও ২০ জন। সূত্র: যুগান্তর

▶ ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ও দেশটির সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্টের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি)। সূত্র: প্রথম আলো

২২ নভেম্বর

▶ গুমের সঙ্গে জড়িত কেউ রাজনীতিতে ফিরতে পারবে না। রাজধানীর শাহবাগ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে আয়োজিত 'গুমের জবানবন্দি ও স্মৃতির প্রতিরোধ' শীর্ষক আলোচনাসভায় এ মন্তব্য করেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ কমিশনপ্রধান কামাল আহমেদের সভাপতিত্বে গণমাধ্যম সংস্কার কমিশনের প্রথম সভা ঢাকার সার্কিট হাউস রোডের তথ্য ভবনে অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক কালবেলা

▶ 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে শত্রুতা নয়' নীতি অনুসরণের মাধ্যমে ভারত-সহ প্রতিবেশী সব দেশের সঙ্গে সুসম্পর্ক চায় জামায়াতে ইসলামী। আনন্দবাজার পত্রিকাকে দেওয়া এক সাক্ষাৎকারে এ কথা জানান দলটির আমির ডা. শফিকুর রহমান। সূত্র: যুগান্তর

▶ গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৫৮ জন। দুই জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো

▶ ইউক্রেন সংঘাত ক্রমেই বিশ্বযুদ্ধে রূপ নিচ্ছে বলে মন্তব্য করেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ইউক্রেনে নতুন প্রজন্মের একটি মধ্যম পাল্লার ক্ষেপণাস্ত্র দিয়ে পরীক্ষামূলক হামলার পর জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এমন হুঁশিয়ারি দেন প্রেসিডেন্ট পুতিন। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করার পর ইউরোপ ও এর পশ্চিমা মিত্র যুক্তরাষ্ট্রের মধ্যে মতবিরোধ চরমে উঠেছে। যুক্তরাষ্ট্র এই সিদ্ধান্তের তীব্র সমালোচনা করে এবং একে অসংগতিপূর্ণ ও ভিত্তিহীন হিসাবে আখ্যা দেয়। অন্যদিকে, ইতালি-সহ ইউরোপের বেশ কয়েকটি দেশ গ্রেফতারি পরোয়ানাকে সমর্থন জানায় এবং নেতানিয়াহুকে গ্রেফতারের বিষয়ে সম্মতি দেয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ চীনের কেন্দ্রীয় হুনান প্রদেশে প্রায় ৮ হাজার ৩০০ কোটি ডলার বাজারমূল্যের সোনা মজুত রয়েছে–এমন একটি খনি হুনানের পিংয়াং জেলার ওয়াকু গ্রামে পাওয়া গেছে। প্রদেশটির ভূতাত্ত্বিক ব্যুরো এ তথ্য নিশ্চিত করে। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ভারতের আদানি শিল্পগোষ্ঠীর সঙ্গে ২৫০ কোটি মার্কিন ডলারের বেশি অর্থের চুক্তি বাতিলের ঘোষণা দিল আফ্রিকার দেশ কেনিয়া। সূত্র: প্রথম আলো'

২৩ নভেম্বর

▶ রাজধানীর সরকারি বিজ্ঞান কলেজে ১১তম জিএসসি ন্যাশনাল সায়েন্টিস্ট ম্যানিয়ার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: প্রথম আলো

▶ চুয়াডাঙ্গা জেলা বিএনপির দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি যুক্ত হয়ে বক্তব্য দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সূত্র: যুগান্তর

▶ গাজীপুরের শ্রীপুর উপজেলার জৈনাবাজারে একটি রিসোর্টে বনভোজনে যাওয়ার পথে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির (আইইউটি) শিক্ষার্থীদের বহনকারী দ্বিতল বাস ১১ হাজার ভোল্টের বিদ্যুৎ লাইনের বিদ্যুৎস্পর্শে তিন শিক্ষার্থী প্রাণ হারান। সূত্র: সমকাল

▶ কর্মস্থলে অনুপস্থিত পুলিশ সদস্যদের বিরুদ্ধে মামলা হবে, বেতন বন্ধের সিদ্ধান্ত। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ অনন্যা সাহিত্য পুরস্কার ১৪৩১ পেলেন কথাসাহিত্যে নূরে জান্নাত ও কবিতায় নুসরাত নুসিন। রাজধানীর শাহবাগে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'অনন্যা সাহিত্য পুরস্কার ১৪৩১' প্রদান করা হয়। সূত্র: দৈনিক কালবেলা

▶ বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ ৬১ দশমিক ১ শতাংশ মানুষ মনে করেন, এক বছরের মধ্যে আগামী জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হওয়া উচিত। তবে ৬৫ দশমিক ৯ শতাংশ বলেন, অন্তর্বর্তী সরকার যা যা সংস্কার করা প্রয়োজন মনে করবে সব করার পরই নির্বাচন আয়োজন করা উচিত। আর শুধু নির্বাচনসংক্রান্ত জরুরি সংস্কারগুলো শেষ করে নির্বাচন আয়োজনের পক্ষে মত ৩১ দশমিক ৯ শতাংশ উত্তরদাতার। সূত্র: যুগান্তর

- ইংরেজি দৈনিক নিউ এজ সম্পাদক নূরুল কবির ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হয়রানির শিকার। সূত্র: মানবজমিন
- রাজধানীর বাংলামোটরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় কার্যালয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সভায় এই কমিটির মুখপাত্র উমামা ফাতেমা বলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন কীভাবে সামনে এগোবে, নির্বাহী কমিটি কীভাবে কাজ করবে এগুলো নিয়ে আলোচনা হয়। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৮৮৬ জন। দশ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- সারা দেশের বেসরকারি পাঠাগারের জন্য কেনা বইয়ের তালিকা (২০২৩-২৪ অর্থবছর) থেকে ৭৯টি বই বাতিল করল জাতীয় গ্রন্থকেন্দ্র। এর ৪৯টি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের নিয়ে লেখা। বাকিগুলোর অধিকাংশ মুক্তিযুদ্ধ বিষয়ে। সূত্র: প্রথম আলো
- আজারবাইজানের রাজধানী বাকুতে চলমান কপ-২৯ সম্মেলনে জলবায়ু পরিবর্তনের কারণে হুমকিতে থাকা উন্নয়নশীল ও স্বল্পোন্নত দেশ ও দ্বীপরাষ্ট্রগুলোর জন্য বছরে ৩০০ বিলিয়ন ডলার সাহায্য দিতে সম্মত হয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), যুক্তরাষ্ট্র ও বিশ্বের ধনী দেশগুলো। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রকে টপকে রাশিয়ার বৃহত্তম ইউরেনিয়াম আমদানিকারক চীন। চলতি বছরের ১০ মাসে দেশটি রাশিয়া থেকে ৮৪ কোটি ৯০ লাখ ডলারের সমৃদ্ধ ইউরেনিয়াম কিনেছে, যা গত বছরের একই সময়ের তুলনায় ৩ দশমিক ২ গুণ বেড়েছে। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৪ নভেম্বর

- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সরকার গৃহীত কার্যক্রমে অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের টেকসই উন্নয়নের 'থ্রি জিরো' তত্ত্ব যুক্ত করার চিন্তা করছে সরকার। সরকারি ও বেসরকারি উভয় পর্যায়ে এই তত্ত্বের কার্যকর প্রয়োগের মাধ্যমে টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জন করা সহজ হবে বলে মনে করেন সরকারের নীতিনির্ধারকরা। সূত্র: দৈনিক বণিক বার্তা

- ভুল চিকিৎসায় শিক্ষার্থীর মৃত্যুর অভিযোগ এনে ঢাকা ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতাল এবং সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজে ব্যাপক ভাঙচুর চালিয়েছেন ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজের শিক্ষার্থী-সহ শত শত লোকজন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বান্দরবানের রুমা উপজেলায় সেনাবাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে কুকি চিন ন্যাশনাল আর্মির (কেএনএ) তিন সন্ত্রাসী নিহত। এ সময় অস্ত্র ও অন্যান্য সরঞ্জামাদি উদ্ধার করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেন নতুন নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন। মতবিনিময় সভায় তিনি বলেন, নির্বাচন সংক্রান্ত প্রয়োজনীয় সংস্কার হয়ে গেলে ভোটের আয়োজন করা হবে। সূত্র: মানবজমিন
- নতুন নির্বাচন কমিশনকে প্রত্যাখ্যান করেছে নবগঠিত রাজনৈতিক সংগঠন জাতীয় নাগরিক কমিটি। এই কমিশন বাতিল করে সংস্কার কমিশনের প্রস্তাবের আলোকে নতুন আইনের অধীনে নির্বাচন কমিশন গঠনের দাবি জানিয়েছে তারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১ হাজার ৭৯ জন। এগার জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা দরিদ্র দেশগুলোর জন্য গুরুত্বপূর্ণ একটি সমঝোতায় পৌঁছায় জাতিসংঘের জলবায়ু সম্মেলন (কপ ২৯)। পরিবেশ দূষণকারী ধনী দেশগুলো প্রতিবছর ২০৩৫ সাল পর্যন্ত দরিদ্র দেশগুলোর জন্য ৩০০ বিলিয়ন ডলার অর্থায়নের প্রতিশ্রুতি দেয়। আজারবাইজানের রাজধানী বাকুতে জাতিসংঘের জলবায়ু সম্মেলনে এ অর্থায়নের বিষয়ে একমত হন বাংলাদেশ-সহ বিশ্বের প্রায় ২০০টি দেশের প্রতিনিধিরা। সূত্র: দৈনিক কালবেলা

২৫ নভেম্বর

- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার করা যাবে জোরপূর্বক গুমের অপরাধের। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন সংশোধন করে অধ্যাদেশ জারি করেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে চতুর্থ একনেক সভা অনুষ্ঠিত। বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে ৫টি উন্নয়ন প্রকল্প অনুমোদন দিল জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয় ৫ হাজার ৯১৫ কোটি ৯৯ লাখ টাকা। সূত্র: যুগান্তর
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে মার্কিন প্রতিনিধিদল তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে শ্রম সমস্যা নিয়ে আলোচনার জন্য সঙ্গে সাক্ষাৎ করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কোনো পত্রিকা অফিসে ভাঙচুর বা পত্রিকা বন্ধে চাপ প্রয়োগ সহ্য করা হবে না। তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে প্রধান উপদেষ্টার প্রেস উইং আয়োজিত সংবাদ ব্রিফিংয়ে এ কথা বলেন। সূত্র: দৈনিক কালবেলা
- বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ইসা ইউসুফ ইসা আল দুহাইলান। সূত্র: প্রথম আলো
- সংস্কার ও নির্বাচন নিয়ে জনমনে বিভ্রান্তির অপচেষ্টা চলছে। ঢাকা সাংবাদিক ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত। এতে প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি যুক্ত হয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯৯০ জন। দশ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- রেকর্ড ভেঙে ইতিহাসে শীর্ষ ধনী বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টেসলার প্রধান নির্বাহী কর্মকর্তা ইলন মাস্ক। তার ব্যক্তিগত সম্পদের মূল্য এখন ৩৪৮ বিলিয়ন ডলার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতীয় পার্লামেন্টের শীতকালীন অধিবেশনে প্রথম দিনই ধনকুবের গৌতম আদানি ইস্যুতে সংসদে হট্টগোল দেখা দেয়। এর জেরে সংসদের অধিবেশন মুলতুবি (স্থগিত) করতে হয়। সূত্র: সমকাল

- গ্রিসের এজিয়ান সাগরে জাহাজডুবিতে আট অভিবাসীর মৃত্যু। এ ঘটনায় কোস্ট গার্ড প্রায় ৪০ জনকে জীবিত উদ্ধার করে। সূত্র: প্রথম আলো

২৬ নভেম্বর

- বন্দরনগরী চট্টগ্রামে আইনজীবী হত্যার নিন্দা জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি হত্যাকাণ্ডের তদন্ত ও যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। সূত্র: দৈনিক ইকিলাব
- বাংলাদেশে কর্মরত বহুজাতিক কোম্পানিগুলোর শীর্ষ নির্বাহীদের সরকারের সঙ্গে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে বাংলাদেশে কর্মরত বহুজাতিক কোম্পানিগুলোর আবাসিক প্রধানদের সঙ্গে অনুষ্ঠিত এক বৈঠকে এ আহ্বান জানান তিনি। সূত্র : কালের কণ্ঠ
- রাষ্ট্রদ্রোহের মামলায় গ্রেফতার বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র ও পুণ্ডরীক ধামের অধ্যক্ষ চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন আদালত। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র ও হাটহাজারীর পুণ্ডরীক ধামের অধ্যক্ষ চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে গ্রেফতার ও জামিন নাকচের নিন্দা জানিয়ে বিবৃতি দেয় ভারত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন তুরস্কের রাষ্ট্রদূত রামিস সেন। সূত্র: মানবজমিন
- কুরআন শরিফের প্রথম বাংলা অনুবাদকারী ভাই গিরিশচন্দ্র সেনের বাড়ি সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণা করা হয়। সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ের গেজেটে নরসিংদীর পাঁচদোনার বাড়িটিকে প্রত্নতত্ত্ব সংরক্ষিত ঘোষণা করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- শহিদ ডা. মিলন দিবস আজ। সূত্র: প্রথম আলো
- বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক ও সভাপতি অধ্যাপক মোহাম্মদ হারুন-উর রশিদের (৮৫) মৃত্যু। সূত্র: দৈনিক জনকণ্ঠ

- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৯৯০ জন। দশ জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের ডাকা বিক্ষোভ সমাবেশ ঘিরে রণক্ষেত্রে পরিণত হয় পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ। সংঘর্ষে ৬ জন নিহত। সূত্র: প্রথম আলো
- লিবিয়ায় তিন শতাধিক অভিবাসী আটক। সূত্র: প্রথম আলো

২৭ নভেম্বর

- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সাক্ষাৎ করেন আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) চিফ প্রসিকিউটর তথা প্রধান কৌঁসুলি করিম এএ খান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বর্তমান পরিস্থিতিতে দেশবাসীকে শান্ত থাকার আহ্বান জানিয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, ছাত্র-জনতা এবং হিন্দু, মুসলিম-সহ জাতিধর্মনির্বিশেষে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে বিএনপির জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে বৈঠককালে এ কথা বলেন তিনি। সূত্র: প্রথম আলো
- জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে সাত বছরের দণ্ড থেকে খালাস দেন হাইকোর্ট। সাজার বিরুদ্ধে খালেদা জিয়ার আপিল মঞ্জুর করে বিচারপতি একেএম আসাদুজ্জামান ও বিচারপতি সৈয়দ এনায়েত হোসেনের হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অ্যাডভোকেট সাইফুল ইসলাম আলিফের জানাজা অনুষ্ঠিত হয় জমিয়াতুল ফালাহ মসজিদ ময়দানে। জানাজায় লাখো মানুষ উপস্থিত থেকে এই তরুণ আইনজীবীকে শেষ শ্রদ্ধা জানান। সূত্র: দৈনিক কালবেলা
- খেলাপি ঋণ বিষয়ে সর্বশেষ নীতিমালা জারি করল কেন্দ্রীয় ব্যাংক। সূত্র: প্রথম আলো
- দেশের সাম্প্রতিক ঘটনাবলির পরিপ্রেক্ষিতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান সরকারের প্রতি শক্ত হাতে পরিস্থিতি নিয়ন্ত্রণের আহ্বান জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৮৮৮ জন। চার জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- ইসরায়েল-হিজবুল্লাহ যুদ্ধবিরতির প্রতিক্রিয়া জানিয়ে হামাস কর্মকর্তা সামি আবু জুহরি রয়টার্সকে বলেন, গাজায় যুদ্ধ বন্ধ করতে হামাস ইসরায়েলের সঙ্গে যুদ্ধবিরতি করতে প্রস্তুত। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৮ নভেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে শহিদ আবু সাঈদের বাবা মকবুল হোসেনের হাতে 'শহিদ আবু সাঈদ ফাউন্ডেশন'-এর সনদপত্র তুলে দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সংকটে দুর্বল থাকা ৬ ব্যাংককে ২২ হাজার ৫০০ কোটি টাকার তারল্য সহায়তা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চট্টগ্রামে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যাকাণ্ডের প্রতিবাদে দ্বিতীয় দিনের মতো চট্টগ্রাম আদালত প্রাঙ্গণে কর্মবিরতি পালন করে জেলা আইনজীবী সমিতি। সূত্র: যুগান্তর
- ঢাকার মহাখালী রাওয়া ক্লাবে 'পিলখানায় ৫৭ অফিসার-সহ ৭৪ জনের হত্যার বিচার এবং শহিদ সেনা দিবসের দাবিতে' আয়োজিত সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানান। সূত্র: দৈনিক ইনকিলাব
- সংবাদপত্র মালিকদের সংগঠন নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নোয়াব) কর্তৃক রাজনৈতিক দলের শীর্ষ নেতাদের সঙ্গে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর একটি হোটেলে 'আক্রমণের মুখে স্বাধীন সাংবাদিকতা ও গণমাধ্যম প্রতিষ্ঠান: রাজনৈতিক দলগুলোর সঙ্গে মতবিনিময়' শীর্ষক মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নোয়াব সভাপতি এ কে আজাদ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৮৩৭ জন। সাত জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- সিরিয়ায় সরকারি সেনাবাহিনী ও সশস্ত্র যোদ্ধাদের লড়াইয়ে ১৩২ জন নিহত। যুক্তরাজ্যভিত্তিক মানবাধিকার সংগঠন সিরিয়ান অবজারভেটরি ফর দ্য হিউম্যান রাইটসের তথ্য। সূত্র: প্রথম আলো

- যুদ্ধবিরতি চুক্তির একদিন বাদেই লেবাননে হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। সূত্র: প্রথম আলো
- আজমির শরিফের স্থানে শিবমন্দির ছিল দাবি ভারতের হিন্দুত্ববাদীদের। ভারতীয় গণমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেসের খবরে এ তথ্য জানানো হয়। সূত্র: প্রথম আলো

২৯ নভেম্বর

- ফ্যাসিবাদ ঘুরে দাঁড়ানোর চেষ্টা করলে কঠোর হাতে দমন করা হবে। চট্টগ্রামে নগরীর সার্কিট হাউজ মিলনায়তনে অনুষ্ঠিত জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের শহিদপরিবার ও বিশিষ্টজনদের সঙ্গে মতবিনিময়কালে শিল্প উপদেষ্টা আদিলুর রহমান এ কথা বলেন। সূত্র: দৈনিক কালবেলা
- সীমান্তের ওপারে বসে ফ্যাসিস্টরা নতুন নতুন চক্রান্ত-ষড়যন্ত্র করছে বলে অভিযোগ বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের। খামারবাড়ীতে কৃষিবিদ ইনস্টিটিউশন (কেআইবি) মিলনায়তনে ঢাকাস্থ ঠাকুরগাঁও ছাত্র কল্যাণ পরিষদের উদ্যোগে আয়োজিত ছাত্র সমাবেশে তিনি এ কথা বলেন। সূত্র: যুগান্তর
- সুপ্রিম কোর্ট-সহ দেশের সব আদালত, বিচারকদের এজলাস ও বাসভবন এবং আইনজীবীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতের নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশের অন্তর্বর্তী সরকার দেশের ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু জনগোষ্ঠীকে বিগত আওয়ামী লীগ সরকারের চেয়ে বেশি নিরাপত্তা দিতে পারছে বলে মনে করছেন দেশের অধিকাংশ মানুষ। ভয়েস অব আমেরিকা (ভিওএ) বাংলার এক জরিপে এ তথ্য পাওয়া গেছে। সূত্র: সমকাল
- দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও ৩ জনের মৃত্যু। এতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৩৭৪ জন। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৩৭৪ জন। তিন জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- চীনের আদালত ডং ইয়ুইয়ু (৬২) নামের বিশিষ্ট সাংবাদিককে সাত বছরের কারাদণ্ড দিলেন। সূত্র: প্রথম আলো

- ফ্রান্সের সঙ্গে প্রতিরক্ষা সহযোগিতা চুক্তির ইতি টেনেছে মধ্য আফ্রিকার দেশ চাদ। চাদ সরকারের পক্ষ থেকে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র: প্রথম আলো
- জনপ্রিয় এই সিরিজের প্রথম বই 'হ্যারি পটার অ্যান্ড দ্য ফিলোসফার্স স্টোন'-এর প্রথম সংস্করণের একটি কপি নিলামে বিক্রি হয়েছে ৩৬ হাজার পাউন্ডে, বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ ৫৪ লাখ টাকার বেশি। সূত্র: প্রথম আলো

৩০ নভেম্বর

- গত ১৫ বছরে অর্থনৈতিক খাতে যে ধরনের দুর্নীতি হয়েছে, তা অকল্পনীয় এবং সমাজের রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়েছে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রাইভেট সেক্টর আউটলুক; প্রত্যাশা ও অগ্রাধিকার' শীর্ষক বাণিজ্য সম্মেলনে এ কথা বলেন অর্থ মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতীয় গণমাধ্যমগুলো যে ভূমিকা নিয়েছে সেটি দুই দেশে মধ্যে স্বাভাবিক সম্পর্ক প্রতিষ্ঠায় সহায়ক নয় বলে মন্তব্য করেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশ-ভারত সম্পর্ক: প্রত্যাশা, প্রতিবন্ধকতা এবং ভবিষ্যৎ' শীর্ষক সেমিনারে এ কথা বলেন তিনি। সূত্র: দৈনিক কালবেলা
- চট্টগ্রাম আদালতের সামনে আইনজীবী সাইফুল ইসলাম আলিফকে কুপিয়ে হত্যার ঘটনায় তিনদিন পর হত্যা মামলা করেন বাবা জামাল উদ্দিন। সূত্র: মানবজমিন
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৬৭৫ জন। তিন জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- নাইজেরিয়ার নাইজার নদীতে নৌকা ডুবে অন্তত ২৭ জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

ডিসেম্বর

১ ডিসেম্বর

- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের কাছে তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে অর্থনীতির ওপর শ্বেতপত্র প্রণয়ন কমিটি তাদের চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়। শ্বেতপত্র প্রণয়ন কমিটির প্রধান ড. দেবপ্রিয় ভট্টাচার্যের নেতৃত্বে গঠিত কমিটি প্রধান উপদেষ্টার কাছে প্রতিবেদনটি জমা দেয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২১ আগস্টের গ্রেনেড হামলা মামলার আসামি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর-সহ ৪৯ জনকে খালাস দেন হাইকোর্ট বেঞ্চ। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশ সচিবালয়ের কর্মচারীদের ৯ দফা দাবিতে ঘোষিত মহাসমাবেশ স্থগিত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টার ইনে সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) এক অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, সাম্প্রতিক ছাত্র জনতার গণ-অভ্যুত্থানের মনন সৃষ্টিতে সিপিডির গবেষণা ও জনসচেতনতামূলক কার্যক্রম অশেষ ভূমিকা রাখে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহযোগী এবং আওয়ামী লীগের সঙ্গে সংশ্লিষ্ট কয়েকটি ব্যবসায়িক গোষ্ঠীর যুক্তরাজ্যে বিপুল পরিমাণ সম্পত্তির সন্ধান পাওয়া গেছে বলে জানায় ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সামনে কঠিন সময় পার করে দেশ ও জাতিকে নিরাপদ জায়গায় নিয়ে যেতে চাই। ঢাকা সেনানিবাসের আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে খেতাবপ্রাপ্ত ও বীর মুক্তিযোদ্ধা সেনাদের সংবর্ধনা এবং সেনাবাহিনীর শান্তিকালীন পদক অনুষ্ঠানে সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ জামান এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সচিবালয়ে টেলিযোগাযোগ বিভাগের দপ্তরে বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রমাদানের সঙ্গে সাক্ষাতে তথ্য

ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বলেন, 'ফিলিস্তিনের লড়াই জুলাই গণ-অভ্যুত্থানের অন্যতম অনুপ্রেরণা।' সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইসরায়েলি সেনাবাহিনীর বিরুদ্ধে গাজায় জাতিগত নির্মূলের অভিযোগ আনেন দেশটির সাবেক প্রতিরক্ষামন্ত্রী মোশে ইয়ালন। সূত্র: প্রথম আলো

২ ডিসেম্বর

- প্রধান উপদেষ্টার সঙ্গে তাঁর কার্যালয়ে সুইডেনের রাষ্ট্রদূত নিকোলাস উইকসের সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আওয়ামী লীগকে সুবিধা দিতে ১৩০ আসনের সীমানা বদল, যার মধ্যে ১২টি জেলার সাড়ে ১০টি সংসদীয় আসন কর্তন করেছিল বিগত এটিএম শামসুল হুদা কমিশন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বসুন্ধরার মালিকদের বিদেশে থাকা সম্পদ জব্দের আদেশ দিল দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: প্রথম আলো
- রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে অর্থনৈতিক পরিস্থিতিবিষয়ক শ্বেতপত্র প্রণয়ন কমিটির সংবাদ সম্মেলন বক্তব্য রাখেন কমিটির প্রধান ড. দেবপ্রিয় ভট্টাচার্য এবং অর্ন্তবর্তী সরকারকে পাঁচ পরামর্শ দেন শ্বেতপত্র প্রণয়ন কমিটি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলার কুঞ্জবনে বাংলাদেশের সহকারী হাইকমিশন প্রাঙ্গণে ঢুকে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের অভিযোগ তুলে হিন্দুত্ববাদী সংগঠন হিন্দু সংঘর্ষ সমিতি-সহ কয়েকটি সংগঠনের সমর্থকরা হামলা চালায়। সূত্র: প্রথম আলো
- ভারতের আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশনে হামলার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাজু ভাস্কর্যের সামনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন শিক্ষার্থীরা। সূত্র : দৈনিক ইত্তেফাক
- আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশনে হামলার ঘটনায় নিরাপত্তাব্যবস্থা জোরদার করার আহ্বান ঢাকার। এ ঘটনায় দুঃখপ্রকাশ করে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সোনাজয়ী শুটার সাদিয়া সুলতানার মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ যুদ্ধবিরতি আইন লঙ্ঘন করে লেবানন-ইসরায়েলের হামলায় ১১ জন নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

৩ ডিসেম্বর

▶ দেশের বাইরে বিশেষ করে ভারতীয় গণমাধ্যমে বাংলাদেশকে নিয়ে যেসব অপতথ্য ছড়ানো হচ্ছে সেটির বিরুদ্ধে জাতীয় ঐক্যের ডাক দিলেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। জাতীয় ঐক্য গড়ে তুলতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ছাত্রনেতা, প্রধান রাজনৈতিক দল ও ধর্মীয় নেতাদের সঙ্গে বৈঠক করেন প্রধান উপদেষ্টা। সূত্র: প্রথম আলো

▶ বাংলাদেশ মিলিটারি একাডেমির (বিএমএ) ৮৭ বিএমএ দীর্ঘমেয়াদি ও ৫৯ বিএমএ স্পেশাল কোর্সের অফিসার ক্যাডেটদের কমিশনপ্রাপ্তি উপলক্ষ্যে চট্টগ্রামের ভাটিয়ারিস্থ বিএমএ প্যারেড গ্রাউন্ডে রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে সেনাবাহিনীকে আধুনিক সমরাস্ত্রে সজ্জিত করার অঙ্গীকার করেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ আওয়ামী লীগ সরকারের আমলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে গুমের ঘটনা তদন্তে গঠিত কমিশনের মেয়াদ তিন মাস বাড়ানো হলো। কমিশনের মেয়াদ ১৫ মার্চ পর্যন্ত বাড়িয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল

▶ বাংলাদেশিদের জন্য হোটেল ভাড়া না দেওয়ার ঘোষণা ভারতের মালদহের ইংলিশবাজারের সব হোটেল মালিকদের। সূত্র: দৈনিক কালবেলা

▶ আগরতলায় বাংলাদেশ মিশনে হামলার ঘটনায় হাইকমিশনারকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ডেকে নিয়ে ক্ষোভ প্রকাশ করে প্রতিবাদপত্র দেওয়া হয়। হামলার ঘটনায় ৭ জনকে গ্রেফতার ও ৩ পুলিশকে বরখাস্ত করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ নিরাপত্তার কারণে আপাতত আগরতলার বাংলাদেশের হাইকমিশনে কনসুলার সেবা বন্ধের সিদ্ধান্ত। সূত্র: প্রথম আলো

▶ যুক্তরাষ্ট্রে খনিজ রপ্তানিতে চীনের নিষেধাজ্ঞা। সূত্র: দৈনিক ইত্তেফাক

৪ ডিসেম্বর

▶ ফরেন সার্ভিস একাডেমিতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে প্রথমবার যৌথ সংলাপে অংশ নেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা। দেশের বর্তমান বাস্তবতা বিশ্বের কাছে প্রতিষ্ঠিত করতে সব দলকে একজোট থাকার আহ্বান জানান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: সমকাল

▶ ভারতের উচিত বাংলাদেশের নতুন বাস্তবতা উপলব্ধি করা এবং দ্ব্যর্থহীনভাবে বাংলাদেশে জুলাই অভ্যুত্থান ও ছাত্র-জনতার গণতান্ত্রিক সংগ্রামকে স্বীকৃতি দেওয়া। নিজের ফেসবুক ভেরিফাইড অ্যাকাউন্টে পোস্ট করেন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা মাহফুজ আলম। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ ভারতের ত্রিপুরা রাজ্যের আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশনে হামলা ও পতাকা পুড়িয়ে দেওয়ার প্রতিবাদে ঢাকা-সহ ১১টি জেলায় বিক্ষোভ মিছিল, সমাবেশ-সহ বিভিন্ন কর্মসূচি পালিত। সূত্র: প্রথম আলো

▶ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠক অনুষ্ঠিত। সূত্র: প্রথম আলো

▶ সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে গুলশানে চেয়ারপারসনের বাসভবনে সাক্ষাৎ করেন চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। সূত্র: সমকাল

▶ পরিবারের সদস্য-সহ শেখ হাসিনা ও শেখ রেহানার দেশে-বিদেশে সম্পদ অনুসন্ধানের সিদ্ধান্ত নিল অন্তর্বর্তী সরকার। এজন্য তিন সংস্থার সমন্বয়ে ১০টি টিমও গঠন করা হয়। দুর্নীতি দমন কমিশন (দুদক), পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর্মকর্তাদের নিয়ে গঠিত এসব টিমের আনুষ্ঠানিকভাবে কাজ শুরু। সূত্র: সমকাল

▶ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয় বিগত আওয়ামী লীগ সরকারের সাবেক শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এবং সাবেক খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলামকে। এ সময় তাদের গ্রেফতার দেখিয়ে এজলাসে পাঠায় পুলিশ। সূত্র: সমকাল

- সাভারে ২০২১ সালে মাহমুদুর রহমান নামে দাফন করা লাশটি বিএনপি নেতা হারিছ চৌধুরীর। তাঁর সঙ্গে মেয়ে সামিরা তানজিন চৌধুরীর ডিএনএ মিলেছে। বিচারপতি ফাহমিদা কাদের ও বিচারপতি মুবিনা আসাফের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এসংক্রান্ত আবেদন মঞ্জুর করে আদেশ দেন। সূত্র: সমকাল
- আফগানিস্তানে তালেবান সরকার নতুন নির্দেশে নারীদের মিডওয়াইফ ও নার্সিং প্রশিক্ষণ কোর্সে ভর্তি এবং ক্লাস কার্যক্রম নিষিদ্ধ করল। এ সিদ্ধান্তে দেশটির হাজার হাজার নারী শিক্ষার্থীর শিক্ষার পথ বন্ধ হয়ে গেছে। সূত্র: দৈনিক কালবেলা

৫ ডিসেম্বর

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে হাইকোর্ট বিভাগের নবনিযুক্ত বিচারপতিদের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ফরেন সার্ভিস একাডেমিতে ধর্মীয় নেতাদের সঙ্গে বৈঠক করেন। এতে যোগ দেন মুসলমান, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান সম্প্রদায়ের নেতারা। অটুট সম্প্রীতি ধরে রাখতে ধর্মীয় নেতাদের প্রতি এক থাকার আহ্বান জানান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: সমকাল
- ছাত্র-জনতার আন্দোলনে নির্বিচার গুলি ও হত্যার ঘটনায় চার মাস পর বাহিনীর পক্ষ থেকে ক্ষমা চাইলেন নতুন আইজিপি বাহারুল আলম। তার চাওয়ার বিষয়টি গণ-অভ্যুত্থানে নিহত ব্যক্তিদের পরিবার এবং আন্দোলনে সক্রিয় শিক্ষক ও অধিকারকর্মীরা ইতিবাচক মনে করলেও যাদের নির্দেশে ও যাদের গুলিতে নির্বিচারে মানুষ হত্যা করা হয়, তাদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন তারা। সূত্র: প্রথম আলো
- রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে নিউজিল্যান্ডের রাজধানী ওয়েলিংটনে বাংলাদেশের হাইকমিশন স্থাপনের প্রস্তাব অনুমোদন। এছাড়াও বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের 'জাতীয় কবি'র স্বীকৃতি দিয়ে প্রজ্ঞাপন প্রকাশের প্রস্তাব অনুমোদন করে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ। সূত্র: প্রথম আলো

- খাদ্য মূল্যস্ফীতি বেড়ে ১৪ শতাংশের কাছাকাছি। মুদ্রানীতি, রাজস্বনীতি ও বাজার ব্যবস্থাপনার তদারকি–এই তিনের সমন্বয়ে উদ্যোগ নিতে হবে। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতিরও উন্নতি করতে হবে। এ বিষয়ে সাংবাদিকদের বলেন সানেমের নির্বাহী পরিচালক সেলিম রহমান। সূত্র: প্রথম আলো
- ফ্রান্সে পার্লামেন্টে আনা অনাস্থা ভোটে প্রধানমন্ত্রী মিশেল বার্নিয়ের সরকারের পতন হওয়ায় তীব্র রাজনৈতিক সংকট দেখা দেয়, যা ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোয়ও এর প্রভাব পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। সূত্র: প্রথম আলো
- জাতীয় প্রেস ক্লাবের সামনে 'দেশীয় পণ্য, কিনে হও ধন্য' শীর্ষক ব্যানারে অনুষ্ঠিত আয়োজনে স্ত্রীর কেনা ভারতীয় শাড়ি পুড়িয়ে বাংলাদেশের জাতীয় পতাকার অবমাননা এবং আগরতলায় সহকারী হাইকমিশনে হামলার প্রতিবাদ জানান বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে শেখ হাসিনার বিদ্বেষমূলক বক্তব্য প্রচারে নিষেধাজ্ঞা চেয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আবেদন করে প্রসিকিউশন টিম। সূত্র: দৈনিক কালবেলা
- ফ্রান্সের প্রধানমন্ত্রী মিশেল বার্নিয়ে অনাস্থা ভোটে পরাজিত হওয়ার কয়েক ঘণ্টার মধ্যে পদত্যাগের সিদ্ধান্ত নেন তিনি। সূত্র: দৈনিক কালবেলা

৬ ডিসেম্বর

- নির্ধারিত সময়ের মধ্যে জমা না দেওয়ায় সারা দেশে ৭৭৮টি আগ্নেয়াস্ত্রের লাইসেন্স বাতিল করল অন্তর্বর্তী সরকার। যার অধিকাংশ মালিক আওয়ামী লীগ সরকার আমলের সংসদ-সদস্য, ব্যবসায়ী ও প্রভাবশালী ব্যক্তিরা। সূত্র: প্রথম আলো
- দেশে ২০১৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত ১৬ হাজার ৫৫৫টি হত্যাকাণ্ড ঘটে। পুলিশ সদর দপ্তরের তথ্য। সূত্র: প্রথম আলো
- রিউমর স্ক্যানারের তথ্যমতে, রাষ্ট্রক্ষমতার পট পরিবর্তনের পর ১২ আগস্ট থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত ৪৯টি ভারতীয় গণমাধ্যমে প্রচারিত ১৩টি ভুয়া খবর শনাক্ত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভারতে হিন্দুত্ববাদী শক্তি ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে দেশটির জনগণকে রুখে দাঁড়ানোর আহ্বান জানান দেশের বিভিন্ন ক্ষেত্রের ১৪৫ জন নাগরিক। গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তারা এ আহ্বান জানান। সূত্র: সমকাল
- বাংলাদেশকে বাদ দিয়ে কলকাতা চলচ্চিত্র উৎসব আয়োজনকে দুর্ভাগ্যজনক বলে উল্লেখ করল পশ্চিমবঙ্গের অন্যতম মানবাধিকার সংগঠন অ্যাসোসিয়েশন ফর প্রটেকশন অব ডেমোক্রেটিক রাইটস (এপিডিআর)। সূত্র: প্রথম আলো
- দুবাইয়ে যুব এশিয়া কাপের সেমিফাইনালে পাকিস্তান অনূর্ধ্ব-১৯ দলকে ৭ উইকেটে হারায় বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। সূত্র: দৈনিক ইত্তেফাক

৭ ডিসেম্বর

- সরকারি বিভিন্ন সংস্থার ওয়েবসাইট ও তথ্যভান্ডারের 'অ্যাডমিন প্যানেলে' (নিয়ন্ত্রণব্যবস্থা) প্রবেশের ৪ হাজার ৭১৭টি আইডি ও পাসওয়ার্ড গত এক বছরে ফাঁস হয় বলে জানায় সাইবার নিরাপত্তা নিয়ে কাজ করা একটি স্বেচ্ছাসেবী দল। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশের 'সংখ্যালঘু' ইস্যু নিয়ে আন্তর্জাতিক গণমাধ্যম এবং প্রভাবশালী দেশের শীর্ষ সংসদীয় শুনানিতে অন্যায্যভাবে উপস্থাপন করা হয়। প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম তার ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে এ তথ্য জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন রাজধানীর উত্তরায় ১৮ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ৯২ জন শহিদের তালিকা প্রকাশ করল 'জুলাই রেভ্যুলেশনারি অ্যালায়েন্স' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন। সূত্র: দৈনিক কালবেলা
- দামেস্ককে ঘিরে ফেলার দাবি বিদ্রোহীদের ইস্যু নিয়ে কাতারের দোহায় বৈঠক করেন ইরান, তুরস্ক ও রাশিয়ার শীর্ষ কূটনীতিকরা। সূত্র: প্রথম আলো

৮ ডিসেম্বর

- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মেটার মানবাধিকার নীতিমালাবিষয়ক পরিচালক মিরান্ডা সিসন্সের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক

- পাচারকৃত অর্থ ফেরাতে আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সঙ্গে বৈঠক শুরুর আগে সাঁড়াশি অভিযানের মাধ্যমে দুদককে ঢেলে সাজানোর পরামর্শ দিলেন টিআইবি নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে প্রাথমিকের পাঠ্যপুস্তকে জুলাই-আগস্ট অভ্যুত্থানের গ্রাফিতি থাকবে বলে জানান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে 'রোকেয়া দিবস' উদ্‌যাপন। সূত্র: প্রথম আলো
- ৫৪ বছরের স্বৈরশাসনের অবসান ঘটিয়ে সিরিয়ায় স্বৈরশাসক আসাদের পতন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতকে হারিয়ে আবারও এশিয়া কাপ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট জয়লাভ করল বাংলাদেশ। সূত্র: প্রথম আলো

৯ ডিসেম্বর

- তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে ইউরোপিয়ান ইউনিয়নের কূটনীতিকদের সঙ্গে বৈঠক করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। বৈঠকে বাংলাদেশিদের জন্য ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলোর ভিসা সেন্টার দিল্লি থেকে সরিয়ে ঢাকায় অথবা প্রতিবেশী অন্য কোনো দেশে স্থানান্তরের অনুরোধ জানান প্রধান উপদেষ্টা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিশ্বের শীর্ষ ১০ ব্যক্তির তালিকায় স্থান পেলেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তাঁকে 'জাতি গঠনের কারিকর' আখ্যা দিল সাময়িকীটি। নেচার এ নোবেলজয়ীকে নিয়ে শিরোনাম করেছে, 'দ্য রেভলুশনারি ইকোনমিস্ট হু বিকাম দ্য আনলাইকলি লিডারস অব বাংলাদেশ'। বিজ্ঞান সাময়িকী নেচারের ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: সমকাল
- রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় আস্থার সংকট কাটিয়ে সম্পর্ক এগিয়ে নিতে দুই দেশের একমত হওয়া বিষয়ে বাংলাদেশ-ভারত পররাষ্ট্র সচিব পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত। সূত্র: দৈনিক ইত্তেফাক

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত 'প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য উন্নয়ন : আমাদের করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় শিশুদের শিক্ষা নিশ্চিতের জন্য তাদের মানসিক স্বাস্থ্য ঠিক রাখতে হবে বলে মন্তব্য করেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা বিধান রঞ্জন রায় পোদ্দার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাদা পোশাকে কাউকে গ্রেফতার করা যাবে না বলে জানান স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেনেন্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- 'আমাদের অধিকার, আমাদের ভবিষ্যৎ এখনই' প্রতিপাদ্য করে দেশজুড়ে 'আন্তর্জাতিক মানবাধিকার দিবস' পালিত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জাতীয় নাগরিক কমিটির মুখ্য সংগঠক হলেন সারজিস আলম। সংগঠনের আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও সদস্য সচিব আখতার হোসেন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানান। সূত্র: সমকাল
- গাজায় ইসরায়েলি হামলায় ৬৬ ফিলিস্তিনি নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিরিয়ায় দায়িত্ব নিল অন্তর্বর্তী সরকার। সূত্র: দৈনিক ইত্তেফাক

১০ ডিসেম্বর

- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় যৌথভাবে আয়োজিত 'জুলাইয়ের কন্যারা, আমরা তোমাদের হারিয়ে যেতে দেব না' শীর্ষক নারী সমাবেশে অংশ নেন। সূত্র: প্রথম আলো
- রাজধানীতে সংবাদপত্র মালিকদের সংগঠন নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (নোয়াব) সভাপতি এবং সদস্যদের সঙ্গে গণমাধ্যম সংস্কার কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- 'বিজয় দিবস' উপলক্ষ্যে দেশের সব জেলা-উপজেলায় 'বিজয় মেলা' আয়োজন করার সিদ্ধান্ত নেয় অন্তর্বর্তী সরকার। সূত্র: প্রথম আলো

- ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের ১৫ বছরে জনপ্রশাসনে বঞ্চিত অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে তাদের মধ্যে থেকে ৭৬৪ জনকে পদোন্নতি দেওয়ার সুপারিশ করে এ সংক্রান্ত কমিটি। সূত্র: প্রথম আলো
- 'জয় বাংলা' জাতীয় স্লোগানের রায় স্থগিত করলেন হাইকোর্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশের সমুদ্র সীমানার ভেতর থেকে ৭৯ জেলে, নাবিক-সহ বাংলাদেশি দুটি মাছ ধরার জাহাজ ধরে নিয়ে গেছে ভারতীয় কোস্ট গার্ড। সূত্র: দৈনিক ইত্তেফাক

১১ ডিসেম্বর

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বঙ্গভবনে মহান বিজয় দিবসের সংবর্ধনা অনুষ্ঠানে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া এবং দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে আমন্ত্রণ জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেন জাপানি রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি। বাংলাদেশের চলমান সংস্কার কার্যক্রমে সমর্থন দেওয়ার পাশাপাশি অর্থনৈতিক উন্নয়নে জাপানি বিনিয়োগকারীরা বাংলাদেশে তাদের অবস্থান অব্যাহত রাখবে বলে জানান রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাঙামাটিতে পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের জন্য আয়োজিত 'পার্বত্য জেলা পরিষদ ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে রাষ্ট্রীয় অতিথি ভবন থেকে ভার্চুয়ালি যোগ দেন। সূত্র: সমকাল
- প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন অধ্যাপক আলী রীয়াজের নেতৃত্বাধীন সংবিধান সংস্কার কমিশন। সূত্র: সমকাল
- ভারতের কোস্ট গার্ডের হাতে আটক ৭৯ জেলে নাবিককে ফিরিয়ে আনতে কনস্যুলার অ্যাকশন চাইল পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর মাঠে বিএনপির তিন সংগঠনের আগরতলা অভিমুখে 'লংমার্চ' কর্মসূচি থেকে দেশের বিরুদ্ধে যেকোনো ষড়যন্ত্র মানুষকে ঐক্যবদ্ধ হয়ে মোকাবিলা করার আহ্বান জানায় বিএনপি। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘন্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ৪৪৪ জন। চার জনের মৃত্যু। সূত্র: প্রথম আলো
- বাশার আল আসাদের পতনের পর সিরিয়ায় স্থিতিশীলতা ফেরার যে সুযোগ তৈরি হয়েছিল, সিরিয়ায় একের পর এক বেপরোয়া বিমান হামলায় তা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। সূত্র: প্রথম আলো
- সৌদি আরবেই হবে ২০৩৪ বিশ্বকাপ। ফিফা সূত্র এ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

১২ ডিসেম্বর

- সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন ফর রিজিওনাল কো-অপারেশন অনকোলজির প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বৈঠকে প্রধান উপদেষ্টা বলেন, দক্ষিণ এশিয়ার দেশগুলো সার্ককে সক্রিয় করে তোলার মধ্য দিয়ে লাভবান হবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর কাওরান বাজারে র‍্যাবের মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে র‍্যাব মহাপরিচালক একেএম শহিদুর রহমান দেশবাসীর কাছে এবং ভিকটিম পরিবারের কাছে আনুষ্ঠানিকভাবে ক্ষমাপ্রার্থনা করেন। তিনি আয়নাঘরের কথা স্বীকার করেন। গুম তদন্ত কমিশনের নির্দেশনা অনুযায়ী আয়নাঘরগুলো অপরিবর্তিত অবস্থায় রাখা হয় বলে জানান তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- চলতি বছরের অক্টোবরে পরিচালিত 'পালস সার্ভে ২য় ধাপ: অক্টোবর ২০২৪' সমীক্ষায় দেখা যায়, উত্তরদাতাদের ৫৬ শতাংশ বিশ্বাস করেন বাংলাদেশ রাজনৈতিকভাবে সঠিক পথে অগ্রসর হচ্ছে। অন্যদিকে ৩৪ শতাংশ মনে করেন ভুল পথে যাচ্ছে। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-তে 'অভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশ : মানুষ কী ভাবছে' শীর্ষক আলোচনাসভায় এ জরিপ ফলাফল উপস্থাপন করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- একুশে পদপ্রাপ্ত বরেণ্য রবীন্দ্রসংগীতশিল্পী পাপিয়া সারোয়ারের (৭২) মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দীর্ঘ এগারো মাস লড়াই-সংগ্রামের পর মিয়ানমারের রাখাইন রাজ্যের মংডু টাউনশিপের নিয়ন্ত্রণ নিল দেশটির সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি। সূত্র: প্রথম আলো
- বিশ্বব্যাপী সন্ত্রাসী হামলার বিষয়ে প্রতিবেদন প্রকাশ করে মার্কিন পররাষ্ট্র দপ্তর। এতে বলা হয়, ২০২৩ সালে বাংলাদেশে কোনো আন্তর্জাতিক সন্ত্রাসী হামলার ঘটনা ঘটেনি। সূত্র: দৈনিক কালবেলা
- প্রভাবশালী সাময়িকী টাইম ম্যাগাজিনের ২০২৪ সালের 'বর্ষসেরা ব্যক্তিত্ব' নির্বাচিত যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৩ ডিসেম্বর

- শহিদ বুদ্ধিজীবী দিবসে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে স্বাধীনতাবিরোধী অপশক্তির যেকোনো চক্রান্ত-ষড়যন্ত্র প্রতিহত করে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালনের আহ্বান জানান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কবি হেলাল হাফিজের (৭৬) মৃত্যু। তাঁর মৃত্যুতে প্রধান উপদেষ্টা শোকবার্তা পাঠান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- 'ক্যাম্পাসের পরিবেশ ঠিক রাখার জন্য শিক্ষার্থীদের চাওয়ার পরিপ্রেক্ষিতেই ছুটির দিন (শুক্র ও শনিবার) বাইরের যানবাহন চলাচল সীমিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়' বলে জানান ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সাইফুদ্দীন আহমেদ। সূত্র: প্রথম আলো
- ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর দেশটির পার্লামেন্টে বিবৃতি দেন। জাতিধর্মবর্ণ–নির্বিশেষে সবার নিরাপত্তা দেওয়া বাংলাদেশ সরকারের দায়িত্ব। বাংলাদেশ আমাদের ভাবাচ্ছে সংখ্যালঘুদের পরিস্থিতি নিয়ে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মার্কিন ক্ষেপণাস্ত্র দিয়ে রাশিয়ায় ইউক্রেনের হামলার নিন্দা জানান নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৪ ডিসেম্বর

- ‘বুদ্ধিজীবী দিবসে’ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের শ্রদ্ধা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের কাছে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় গুমসংক্রান্ত তদন্ত কমিশন ‘আনফোল্ডিং দ্য ট্রুথ’ শিরোনামে একটি অন্তর্বর্তী প্রতিবেদন জমা দেয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর জাতীয় জাদুঘর মিলনায়তনে নিজের লেখা উপন্যাস ‘আমি আবু বকর’ নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত। সভায় আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেন, আওয়ামী লীগের চেয়ে ভালো দেশ গড়তে না পারলে জুলাই অভ্যুত্থান ব্যর্থ হয়ে যাবে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) এক আলোচনাসভায় ‘অন্তর্বর্তী সরকার গণমাধ্যমে বিন্দুমাত্র হস্তক্ষেপ করেনি, করবে না’ বলে জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পূর্ব তিমুরের প্রেসিডেন্টকে লাল গালিচা সংবর্ধনা বাংলাদেশের। সূত্র: প্রথম আলো
- দক্ষিণ কোরিয়ার সংসদে দেশটির প্রেসিডেন্ট ইউন সুক ইওলকে অভিশংসনের ভোট দেওয়ায় সাময়িক বরখাস্ত হন এবং অস্থায়ী প্রেসিডেন্ট হিসাবে প্রধানমন্ত্রী হন ডাকসু। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৫ ডিসেম্বর

- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ‘বিজয় দিবস’ উপলক্ষ্যে বাণী দেন। বাণীতে তিনি বলেন, দেশকে আরও উন্নত ও শক্তিশালী করতে এবং স্বাধীনতার পূর্ণ সুফল ভোগ করতে আমরা বদ্ধপরিকর। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকায় প্রধান উপদেষ্টার কার্যালয়ে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ড. ইউনূস এবং পূর্ব তিমুরের প্রেসিডেন্ট জোসে রামোস হোর্তার উপস্থিতিতে আয়োজিত যৌথ সংবাদ সম্মেলনে দুটি চুক্তি সই। সূত্র: দৈনিক কালবেলা

- সচিবালয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মোখলেস উর রহমান সংবাদ ব্রিফিংয়ে সরকারি চাকরিতে বঞ্চিতদের তোপের মুখে আর্থিক সুবিধার সঙ্গে পদমর্যাদার আশ্বাস দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বিজয় দিবস উপলক্ষ্যে এক আলোচনাসভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তারেক রহমান বলেন, রাষ্ট্র সংস্কারে অন্তর্বর্তী সরকারের কত মাস প্রয়োজন, তা জনগণের জানার অধিকার আছে। সূত্র: প্রথম আলো
- কমিশনপ্রধান কামাল আহমেদের সভাপতিত্বে তথ্য ভবনে গণমাধ্যম সংস্কার কমিশনের সঙ্গে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা বলেন, বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ও বাংলাদেশ বেতারের কাছে সাধারণ মানুষের প্রত্যাশা অনেক। কিন্তু এ দুটি প্রতিষ্ঠান সরকারের নিয়ন্ত্রণে থাকায় ক্রমেই জনপ্রিয়তা হারিয়েছে। হারানো গৌরব ফিরে পেতে হলে প্রতিষ্ঠান দুটির সমন্বয়ে সম্প্রচার কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা প্রয়োজন। সূত্র: সমকাল
- প্রেসিডেন্ট বাশার আল-আসাদের পতনের পর সিরিয়া নিয়ে জর্ডানে সম্মেলনের আয়োজন করে আরব লিগ। সূত্র: প্রথম আলো
- ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধ করতে রাশিয়ার কুরস্ক অঞ্চলে রুশ বাহিনীর সঙ্গে প্রথমবার উত্তর কোরিয়ার সেনারা অংশ নিল। সূত্র: প্রথম আলো
- ভারতের কিংবদন্তি তবলাবাদক জাকির হুসেন (৭৩) যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিসকোর একটি হাসপাতালের নিবিড় পরিচর্যাকেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় মারা যান। সূত্র: দৈনিক ইত্তেফাক

১৬ ডিসেম্বর

- সারা দেশে যথাযথ মর্যাদায় ‘মহান বিজয় দিবস’ উদ্‌যাপিত। সূত্র: সমকাল
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ‘মহান বিজয় দিবস’ উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতাযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। সূত্র: দৈনিক কালবেলা
- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ‘মহান বিজয় দিবস’ উপলক্ষ্যে বঙ্গভবনে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বিএনপি,

জামায়াত-সহ বিভিন্ন দলের নেতাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এছাড়া অনুষ্ঠানে সফররত পূর্ব তিমুরের প্রেসিডেন্ট জোসে রামোস হোর্তা যোগ দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস সফররত পূর্ব তিমুরের প্রেসিডেন্ট জোসে রামোস হোর্তাকে সঙ্গে নিয়ে 'মহান বিজয় দিবস' উপলক্ষ্যে সাভারের জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতা যুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। সূত্র: সমকাল
- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় 'মহান বিজয় দিবস' উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ দেন। প্রধান উপদেষ্টা এ সময় বলেন, রাষ্ট্র সংস্কারের লক্ষ্যে গঠিত ছয় সংস্কার কমিশনের প্রধানদের নিয়ে 'জাতীয় ঐকমত্য গঠন কমিশন' ঘোষণা করা হবে। সূত্র: প্রথম আলো
- একাত্তরের মহান মুক্তিযুদ্ধে বিজয় এলেও ২০২৪ সালের গণঅভ্যুত্থানে স্বাধীনতা পূর্ণতা পেল। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের শ্রদ্ধা জানানো শেষে গণমাধ্যমে এ মন্তব্য করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- 'মহান বিজয় দিবস' উপলক্ষ্যে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের আমন্ত্রণ প্রত্যাখ্যান করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশের মহান বিজয় দিবস উপলক্ষ্যে আখাউড়া-আগরতলা ইন্টিগ্রেটেড চেকপোস্টে বাংলাদেশ ও ভারতের সেনাবাহিনীর উচ্চপর্যায়ের অফিসারদের মধ্যে সৌজন্য সাক্ষাৎ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশিদের জন্য ঢাকায় 'ই-ভিসা' সেবা চালু করল থাইল্যান্ড। সূত্র: প্রথম আলো
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ফেসবুক ও এক্স পোস্টে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে পাকিস্তানের সেনাবাহিনীর আত্মসমর্পণকে 'ভারতের বিজয়' হিসাবে উল্লেখ করেন। নরেন্দ্র মোদির এই পোস্টের তীব্র প্রতিবাদ জানিয়ে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল লিখেন, '১৬ ডিসেম্বর, ১৯৭১ ছিল বাংলাদেশের বিজয়ের দিন। ভারত ছিল এই বিজয়ের মিত্র, এর বেশি কিছু নয়।' সূত্র: প্রথম আলো

- বাগেরহাটের কচুয়া উপজেলায় বিএনপির দুই পক্ষের সভাকে কেন্দ্র করে সংঘর্ষ এড়াতে ১৪৪ ধারা জারি করে প্রশাসন। সূত্র: দৈনিক কালবেলা
- জোড় ইজতেমা নিয়ে বিরোধের জের ধরে সাদপন্থির সৈয়দ ওয়াসিফুল ইসলাম-সহ ১৫ জনের বিরুদ্ধে টঙ্গী পশ্চিম থানায় মামলা করেন শুরায়ে নেজামের (জুবায়েরপন্থি) সাথি মোহাম্মদ হোসেন। সূত্র: দৈনিক কালবেলা
- দেশে ডেঙ্গুতে ২৪ ঘণ্টায় আরও একজনের মৃত্যু। হাসপাতালে ভর্তি ১০৭ জন। সূত্র: প্রথম আলো
- মধ্যপ্রাচ্যে ইসরায়েলের গোলান মালভূমিতে ইহুদি বসতি বাড়াতে চায় ইসরায়েল সরকার। এ সংক্রান্ত এক পরিকল্পনার অনুমোদন দেয় ইসরায়েল। সূত্র: দৈনিক কালবেলা
- মিয়ানমারের সাম্প্রতিক অর্থনৈতিক সংকট এবং সেনা অভ্যুত্থানের কারণে দেশটির শিক্ষিত পেশাজীবী নারীরা চরম আর্থিক সংকটে পড়ে অনেকেই জীবিকার তাগিদে বাধ্য হচ্ছেন যৌনকর্মে। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- শ্রীলংকার নতুন প্রেসিডেন্ট অনূঢ়া কুমারা দিশানায়েকে তাঁর প্রথম বিদেশ সফরে ভারত পৌঁছান। সূত্র: দৈনিক কালবেলা

১৭ ডিসেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ১১তম ডি-৮ সম্মেলনে যোগ দিতে মিশরের রাজধানী কায়রোর উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। সূত্র: দৈনিক কালবেলা
- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান সচিবালয়ে ঢাকায় নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত নিকোলাস উইকস, নরওয়ের রাষ্ট্রদূত হ্যাকন আরালড গুলব্র্যান্ডসেন ও ডেনমার্ক দূতাবাসের ডেপুটি হেড অব মিশন অ্যান্ডার্স বি কার্লসেনের সঙ্গে বৈঠক করেন। সূত্র: সমকাল
- ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমলে ৯ প্রকল্পে ৮০ হাজার কোটি টাকা দুর্নীতি। এসব প্রকল্পের নথিপত্র চেয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে চিঠি দেয় দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: যুগান্তর

- জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে গণহত্যার অভিযোগে গ্রেফতার সাবেক ১২ মন্ত্রী-প্রতিমন্ত্রী, সাবেক প্রধানমন্ত্রীর দুই উপদেষ্টা-সহ ১৬ আসামিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর পিলখানায় বিডিআর হত্যাকাণ্ডের পুনঃতদন্তে পাঁচ কার্যদিবসের মধ্যে তদন্ত কমিটি গঠন করা হবে বলে সচিবালয়ে সাংবাদিকদের জানান স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। সূত্র: সমকাল
- তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল-সহ বেশকিছু বিষয়ে সংবিধানের পঞ্চদশ সংশোধনী অবৈধ ঘোষণা। বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর হাইকোর্ট বেঞ্চ এ রায় ঘোষণা করেন। সূত্র: দৈনিক কালবেলা
- জুলাই-আগস্ট গণহত্যার অভিযোগে করা মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন দাখিলে আরও দুই মাস সময় দিলেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। সূত্র: সমকাল
- গণহত্যা-সহ মানবতাবিরোধী অপরাধের অভিযোগে গ্রেফতারি পরোয়ানা জারি হওয়ার পরও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের কীভাবে দেশ ছাড়েন–আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে সেই ব্যাখ্যা চান আদালত। সূত্র: সমকাল
- গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে শেখ হাসিনার 'বিদ্বেষমূলক' বক্তব্য প্রচারে নিষেধ করেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। তার এ নিষেধাজ্ঞার বিষয়ে মার্কিন পররাষ্ট্র দপ্তরের ব্রিফিংয়ে প্রশ্ন করা হয়। এ বিষয়ে প্রশ্ন করা হলেও তা নিয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার। সূত্র: দৈনিক কালবেলা
- ১৫ জন প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তাকে ক্যাডারবহির্ভূত (নন-ক্যাডার) সহকারী সচিব হিসাবে পদোন্নতি দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- কাওরান বাজারে এফডিসি লেভেল ক্রসিংয়ে রেলওয়ের অস্থায়ী শ্রমিকদের অবরোধের কারণে রাজধানী ঢাকার সঙ্গে সারা দেশের রেল যোগাযোগ বন্ধ। সূত্র: দৈনিক কালবেলা

- রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নিজ দপ্তরে গণমাধ্যমের সঙ্গে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এমএম নাসির উদ্দিন বলেন, যে কোনো সময় জাতীয় নির্বাচন আয়োজনের জন্য কমিশন সম্পূর্ণ প্রস্তুত। ইভিএম নয়, নির্বাচনে ভোটগ্রহণ হবে ব্যালটের মাধ্যমে। সূত্র: সমকাল
- পরীক্ষা ছাড়া সিভিল সার্ভিসের উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ে কেউ পদোন্নতি পাবেন না। জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধান আব্দুল মুয়ীদ চৌধুরী সচিবালয়ে সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র: দৈনিক কালবেলা
- বিসিএস শিক্ষা ও স্বাস্থ্যকে ক্যাডার হিসাবে না রাখার সুপারিশ করবে জনপ্রশাসন সংস্কার কমিশন। সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে জনপ্রশাসনের সংস্কার কমিশনের মতবিনিময় সভায় কমিশনের প্রধান আবদুল মুয়ীদ চৌধুরী এবং সদস্য সচিব ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মো. মোখলেস উর রহমান এ কথা জানান। সূত্র: সমকাল
- বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান লন্ডন থেকে ভার্চুয়ালি ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলায় বিএনপির 'রাষ্ট্র মেরামতের ৩১ দফা' নিয়ে কর্মশালায় বক্তব্য দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ফ্যাসিবাদী ব্যবস্থার বিলোপ এবং নতুন রাজনৈতিক বন্দোবস্ত বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় নাগরিক কমিটিতে যুক্ত হলেন আরও ৪০ তরুণ। এর ফলে কেন্দ্রীয় কমিটি ১৪৭ জনে উন্নীত হলো। জাতীয় নাগরিক কমিটির বিজ্ঞপ্তি। সূত্র: দৈনিক কালবেলা
- জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসিতে পুনর্নিয়োগ পেলেন ড. দেবপ্রিয় ভট্টাচার্য। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মস্কোয় ইউক্রেনের প্রধান গোয়েন্দা সংস্থা এসবিইউ-এর বিশেষ অভিযানে বোমা বিস্ফোরণে নিহত রাশিয়ার পারমাণবিক সুরক্ষা বাহিনীর দায়িত্বে থাকা প্রধান জেনারেল ইগর কিরিলোভ। সূত্র: প্রথম আলো
- ইসরায়েলকে সিরিয়ার চলমান সংকটের সুযোগ না নিতে সতর্ক করেন রাশিয়ার উপপররাষ্ট্রমন্ত্রী সের্গেই রিয়াবকভ। রাশিয়ান টুডে'র প্রতিবেদন। সূত্র: দৈনিক জনকণ্ঠ
- ফিলিস্তিনের শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিবেদনে জানায়, ইসরায়েলি বাহিনীর হামলা শুরু হওয়ার পর থেকে গত বছরে প্রায় ১৩ হাজার ফিলিস্তিনি

ছাত্র নিহত। দাপ্তরিক সংখ্যাটি ১২ হাজার ৭৯৯ জন। এছাড়া ২০ হাজার ৯৪২ শিক্ষার্থী আহত হয়। তবে অনেক মরদেহ উদ্ধার সম্ভব না হওয়ায় প্রকৃত সংখ্যা আরও বেশি। সূত্র: সমকাল

- ইরানের বিতর্কিত 'হিজাব ও শালীনতা আইন' স্থগিত করল দেশটির জাতীয় নিরাপত্তা পরিষদ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় চলমান যুদ্ধের জেরে তীব্র শীতে আশ্রয়হীন প্রায় ১০ লাখ ফিলিস্তিনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বিরুদ্ধে ইসরায়েলের সামরিক বাহিনীর প্রতি সহায়তা কমাতে বা অভিযুক্ত ইউনিটগুলোর সামরিক সহায়তা বন্ধ করতে মামলা করল ফিলিস্তিন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কুয়ালালামপুরে অনুষ্ঠিত বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী দল ১২০ রানে মালয়েশিয়া অনূর্ধ্ব-১৯ নারী দলকে হারায়। এ জয়ে বাংলাদেশ গ্রুপ চ্যাম্পিয়ন হিসাবে অনূর্ধ্ব-১৯ নারী এশিয়া কাপের শেষ চারে খেলা নিশ্চিত করল। সূত্র: প্রথম আলো

১৮ ডিসেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস উন্নয়নশীল আট দেশের ডি-৮ সম্মেলনে যোগ দিতে মিশরের রাজধানী কায়রোতে পৌঁছান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক-ই-আজমের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে 'জুলাই গণ-অভ্যুত্থান অধিদপ্তর' প্রতিষ্ঠায় আন্তঃমন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- চট্টগ্রামে ১০ ট্রাক অস্ত্র আটকের মামলায় সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর-সহ ছয়জন খালাস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ২৭৪ জন। পাঁচ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- বিশ্ব ইজতেমা মাঠে সাদ ও জুবায়েরপন্থিদের সংঘর্ষের ঘটনায় নিহত ৪ জন। আহত শতাধিক। ১৪৪ ধারা জারি। পরিস্থিতি নিয়ন্ত্রণে ৪ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- আওয়ামী লীগ সরকারের শাসনামলে গুমের শিকার হওয়া ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) নেতা মাইকেল চাকমা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ জমা দেন। সূত্র: দৈনিক কালবেলা
- গুমের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ২০ জন সরকারি কর্মকর্তার পাসপোর্ট স্থগিতের নির্দেশ। একই সঙ্গে তাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক কালবেলা
- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) চুক্তি অনুযায়ী চতুর্থ কিস্তিতে বাংলাদেশকে ৬৪৫ মিলিয়ন বা ৬৪ কোটি ৫০ লাখ ডলার ঋণ দেবে, যা বাংলাদেশি মুদ্রায় ৭ হাজার ৭৪০ কোটি টাকা। পাশাপাশি নতুন করে আরও ৭৫০ মিলিয়ন বা ৭৫ কোটি মার্কিন ডলার অতিরিক্ত ঋণসহায়তা দেবে। আইএমএফ বিবৃতিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশে আগামী সংসদ নির্বাচনকে ঘিরে অন্তর্বর্তীকালীন সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপকে স্বাগত জানায় যুক্তরাষ্ট্র। সূত্র: সমকাল
- জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে ইন্টারনেট বন্ধ রেখেছিল বলে স্বীকারোক্তি দেন সাবেক ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। সূত্র: দৈনিক কালবেলা
- আইএফআইসি ব্যাংকের চেক ডিজঅনার মামলায় ক্রিকেটার ও আওয়ামী লীগের সাবেক এমপি সাকিব আল হাসান-সহ চারজনের বিরুদ্ধে সমন জারি। সূত্র: সমকাল
- যুদ্ধবিধ্বস্ত লেবানন থেকে দেশে ফিরেন আরও ৯৪ জন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সূত্র: সমকাল
- মিয়ানমারের ক্ষমতাসীন সামরিক জান্তার বিরুদ্ধে যুদ্ধ বন্ধে চীনের অব্যাহত চাপ সত্ত্বেও জান্তা বাহিনীর অধীনে থাকা একটি মিলিশিয়া গ্রুপের ফাঁড়ি দখল করল কাচিন ইনডিপেনডেন্স আর্মি (কেআইএ)। সূত্র: সমকাল

- বাশার আল-আসাদের পতনের পর সিরিয়ার অংশের হারমন পর্বত দখল নেয় ইসরায়েলি বাহিনী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গাজায় ইসরায়েলি হামলায় ২৪ ঘণ্টায় আরও ৩৮ ফিলিস্তিনি নিহত। মোট নিহতের সংখ্যা বেড়ে ৪৫ হাজার ৯৭ জন। সূত্র: দৈনিক কালবেলা
- ইউক্রেন-রাশিয়া যুদ্ধে রাশিয়ার পক্ষে যুদ্ধ করা ১০০ জন উত্তর কোরিয়ার সেনা নিহত। এ যুদ্ধে আরও ১ হাজার জন আহতের ঘটনা ঘটে। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় বার্ড ফ্লু ভাইরাসে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় জরুরি অবস্থা জারি করে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: সমকাল
- সেন্ট ভিনসেন্টে টি-টোয়েন্টি সিরিজে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ২৭ রানে জয়লাভ করল বাংলাদেশ ক্রিকেট দল। সূত্র: প্রথম আলো

১৯ ডিসেম্বর

- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস কায়রোতে অনুষ্ঠিত ডি-৮ শীর্ষ সম্মেলনের উদ্‌বোধনী ভাষণ দেন। ভাষণে প্রধান উপদেষ্টা বলেন, ২০২১ সালের এপ্রিলে ডি-৮-এর চেয়ারের পদ গ্রহণের পর থেকে বেশ চ্যালেঞ্জিং পরিস্থিতিতে বাংলাদেশ ডি-৮ সহযোগিতাকে এগিয়ে নেওয়ার চেষ্টা করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস কায়রোর আল-আজহার বিশ্ববিদ্যালয়ে বক্তব্য দেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস কায়রোতে ডি-৮ শীর্ষ সম্মেলনের সাইডলাইনে পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। বৈঠকে প্রধান উপদেষ্টা ইসলামাবাদের সঙ্গে ঢাকার সম্পর্ক এগিয়ে নিতে পাকিস্তানের প্রধানমন্ত্রীকে ১৯৭১ সালের অমীমাংসিত সমস্যাগুলো মীমাংসা করার আহ্বান জানান। সূত্র: সমকাল
- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে কায়রোতে সেন্ট রেজিস হোটেলে সাক্ষাৎ করেন মালয়েশিয়ার উচ্চশিক্ষামন্ত্রী ড. জাম্বরি আবদুল কাদির। সূত্র: সমকাল

- নৌপরিবহণ মন্ত্রণালয়ে নৌপরিবহণ এবং শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেনের সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) রাষ্ট্রদূত আব্দুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদি। সূত্র: দৈনিক কালবেলা
- গুমের ঘটনা ঘটেছে মূলত রাজনৈতিক কারণে। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সাড়ে ১৫ বছরের শাসনকালে গুমের ঘটনাগুলো 'আনফোল্ডিং দ্য ট্রুথ' (সত্য উন্মোচন) শীর্ষক অন্তর্বর্তী প্রতিবেদন জমা দেয়। গুম কমিশনের সভাপতি হাইকোর্ট বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী গুলশানে কমিশনের কার্যালয়ে প্রথম আলোকে সাক্ষাৎকারে এসব কথা বলেন। সূত্র: প্রথম আলো (২৮ ডিসেম্বর প্রকাশিত)
- অর্থনৈতিক সমৃদ্ধি, সুখ বা নৈতিক উৎকর্ষের ভিত্তিতে ২০২৪ সালের বর্ষসেরা দেশ হিসাবে বাংলাদেশের নাম ঘোষণা করে দ্য ইকোনমিস্ট। ব্রিটিশ সাময়িকী দি ইকোনমিস্টে এ বিষয়ে প্রতিবেদন প্রকাশিত। সূত্র: প্রথম আলো
- ২০০৯ সালে পিলখানায় হত্যাকাণ্ডের ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ ৫৮ জনের বিরুদ্ধে অভিযোগ। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটরের কাছে পিলখানা গণহত্যায় শহিদ সেনা অফিসারদের ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা এই অভিযোগ জমা দেন। সূত্র: সমকাল
- ২০০৪ সালের ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার পূর্ণাঙ্গ রায় প্রকাশ। সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে ৭৯ পৃষ্ঠা করে পৃথক দুটি মামলার (হত্যা ও বিস্ফোরক মামলা) পূর্ণাঙ্গ রায় প্রকাশিত। সূত্র: দৈনিক কালবেলা
- এস আলম গ্রুপের কর্ণধার মোহাম্মদ সাইফুল আলম ও তার পরিবারের সদস্যদের নামে থাকা ১২৫টি ব্যাংক হিসাব অবরুদ্ধের আদেশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ২৩৬ জন। এক জনের মৃত্যু। সূত্র: দৈনিক ইত্তেফাক

- আদানির বিরুদ্ধে চুক্তি লঙ্ঘনের অভিযোগ বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের। রয়টার্স জানায়, তারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (পিডিবি) নথিপত্র এবং দুই পক্ষের চিঠি চালাচালি এবং পিডিবির ছয় কর্মকর্তার সাক্ষাৎকার পর্যালোচনা করে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- নারায়ণগঞ্জের পূর্বাচলে ৩০০ ফুটে গাড়ির ধাক্কায় বুয়েট শিক্ষার্থী নিহত, আহত দুজন। সূত্র: প্রথম আলো
- ইউক্রেন যুদ্ধ শেষ করতে নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে আলোচনায় প্রস্তুত রাশিয়া বলে জানান পুতিন। বার্ষিক সংবাদ সম্মেলনে এসব কথা জানান রাশিয়ার প্রেসিডেন্ট। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ইরান ও ইয়েমেনের বিদ্রোহী গোষ্ঠী হুতিদের সংশ্লিষ্টতার জন্য ১৫ ব্যক্তি-প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্র। সূত্র: দৈনিক কালবেলা

২০ ডিসেম্বর

- কায়রোর আল-আজহার বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- মিশরে অনুষ্ঠিত ডি-৮ শীর্ষ সম্মেলন শেষে দেশে ফিরলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের উপদেষ্টা এএফ হাসান আরিফের (৮৩) মৃত্যু। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস পৃথক শোকবার্তা পাঠান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশে স্বাস্থ্য পরিষেবার উন্নতি, পানি ও স্যানিটেশন পরিষেবার উন্নতি, সবুজ ও জলবায়ু-সহনশীল উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য ১১৬ কোটি ডলার ঋণ অনুমোদন দিল বিশ্বব্যাংক। সূত্র: দৈনিক ইত্তেফাক
- বাংলাদেশ শর্টফিল্ম ফোরামের আয়োজনে জাতীয় জাদুঘরে আট দিনব্যাপী বাংলাদেশ আন্তর্জাতিক স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্র উৎসবের উদ্‌বোধন করেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক ইত্তেফাক

- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটরের কার্যালয়ে গত সাড়ে তিন মাসে অভিযোগ জমা হয় ১৮০টি। এর মধ্যে ১৫৩টি অভিযোগ বিশ্লেষণে দেখা যায়, জুলাই-আগস্ট গণহত্যার সময় সংঘটিত হত্যাকাণ্ডের বিচার চেয়ে ৭৩ শতাংশ অভিযোগ করা হয়। এ ছাড়া আওয়ামী লীগের গত সাড়ে ১৫ বছরের বেশি শাসনামলে গুম-খুনের ঘটনায় অভিযোগ ২৩ শতাংশ। এই ১৫৩টি অভিযোগের মধ্যে ৯৪টিতেই সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিযুক্ত করা হয়। সূত্র: প্রথম আলো
- যুক্তরাজ্যভিত্তিক সংবাদপত্র দি অবজারভারে শত বছরের বেশি সময় পর নারী ছাপা সংস্করণে সম্পাদক হিসাবে লুসি রককে নিয়োগ দিল। সূত্র: প্রথম আলো
- ফিলিস্তিনের গাজায় চলমান যুদ্ধে এ পর্যন্ত ৬৪৪ ক্রীড়াবিদকে হত্যা করে ইসরায়েল। তাদের মধ্যে ৩৫৯ ফুটবল খেলোয়াড়। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় ইসরায়েলের হামলায় ২৪ ঘণ্টায় ৭৭ জন নিহত। এ সময় আহত হন ১৭৪ জন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সিরিয়ায় দুই দশকের বেশি ক্ষমতায় থাকা বাশার আল আসাদের পতনের পরপরই বিদ্রোহীদের মদতপুষ্ট অন্তর্বর্তী সরকারের প্রতি সমর্থন করে সিদ্ধান্ত দেন প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। সূত্র: দৈনিক কালবেলা
- আফ্রিকার দেশ উগান্ডায় রহস্যময় নতুন 'ডিঙ্গা ডিঙ্গা' ভাইরাসের প্রাদুর্ভাবে দেশটিতে ইতোমধ্যে তিন শতাধিক মানুষ আক্রান্ত। আক্রান্তদের মধ্যে বেশির ভাগ নারী ও কিশোরী। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সেন্ট ভিনসেন্টের কিংসটাউনের অ্যারোন ভেলেতে অনুষ্ঠিত টি ২০ সিরিজে স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ৮০ রানে বাংলাদেশ ক্রিকেট দল জয়ী। সূত্র: দৈনিক ইত্তেফাক

২১ ডিসেম্বর

- বাংলাদেশে জঙ্গিবাদ মাথাচাড়া দেবে না বলে জানান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। ব্রিটিশ সাময়িকী দি ইকোনমিস্টকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ কথা জানান। সূত্র: দৈনিক ইনকিলাব

- বিগত সময়ে দলীয় স্বার্থ উদ্ধারে পুলিশ বড়ো ধরনের অপরাধ করেছে, এজন্য আমরা লজ্জিত। সিলেট মেট্রোপলিটন পুলিশের (এসএমপি) সদর দপ্তরের কনফারেন্স রুমে বিভাগের সব ইউনিটের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম এ কথা বলেন। সূত্র: যুগান্তর
- জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে শহিদ ও আহত ব্যক্তিদের প্রথম ধাপের খসড়া তালিকা প্রকাশ। ছাত্র-জনতার আন্দোলনে শহিদ ৮৫৮ জন এবং ১১ হাজার ৫৫১ জন আহতের নাম প্রকাশ করা হয়। গণ-অভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল থেকে এ তথ্য জানায়। সূত্র: সমকাল
- বাংলাদেশে শিক্ষার গণতন্ত্রীকরণ: অধিকতর ন্যায়পরায়ণ সমাজের পথরেখা শিরোনামে একটি অনুষ্ঠানে বক্তব্য দেন গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান। সূত্র: প্রথম আলো
- রাজধানীর আর্মি স্টেডিয়ামে 'ইকোস অব রেভল্যুশন' কনসার্টে গাইলেন বিশ্বখ্যাত সংগীতশিল্পী রাহাত ফতেহ আলী খান। সূত্র: প্রথম আলো
- দেশের স্বনামধন্য সংবাদ পাঠক সালেহ আকরাম মারা গেছেন। সূত্র: দৈনিক কালবেলা
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১৪১ জন। তিন জনের মৃত্যু। সূত্র: সমকাল
- মিয়ানমারের পশ্চিমাঞ্চলীয় রাখাইন রাজ্যে সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ একটি সেনা সদর দপ্তর দখলে নেওয়ার ঘোষণা দিল আরাকান আর্মি। সূত্র: যুগান্তর
- ইয়েমেন থেকে ইসরায়েলে হামলা চালাল হুতি বিদ্রোহীরা। তাদের চালানো ক্ষেপণাস্ত্র হামলাটি ঠেকাতে ব্যর্থ ইসরায়েলের সেনারা। হুতিদের এক মুখপাত্র জানান, তারা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়ে ইসরায়েলের জাফা এলাকায় 'সামরিক লক্ষ্যস্থলে' আঘাত করে। সূত্র: যুগান্তর
- ফিলিস্তিনে ইসরায়েল ও হামাসের মধ্যে গাজা যুদ্ধবিরতি এবং জিম্মি মুক্তির চুক্তিতে পৌঁছানোর আলোচনা ৯০ শতাংশ সম্পূর্ণ। সংশ্লিষ্ট সিনিয়র ফিলিস্তিনি কর্মকর্তা ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসিকে এ তথ্য জানান। সূত্র: সমকাল

২২ ডিসেম্বর

- প্রয়াত বেসামরিক বিমান পর্যটন ও ভূমি উপদেষ্টা এএফ হাসান আরিফের মৃত্যুতে আনুষ্ঠানিকভাবে শোক প্রস্তাব গ্রহণ করে উপদেষ্টা পরিষদ। প্রধান উপদেষ্টার কার্যালয়ে এক বিশেষ সভায় এই শোক প্রস্তাব গৃহীত হয়। সূত্র: দৈনিক বণিক বার্তা
- তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন পাকিস্তানের বিশিষ্ট সংগীতশিল্পী রাহাত ফাতেহ আলী খান। সচিবালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সূত্র: মানবজমিন
- অন্তর্বর্তী সরকারের ভূমি এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা এএফ হাসান আরিফের মৃত্যুতে দেশজুড়ে রাষ্ট্রীয় শোক পালন করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশের সিদ্ধান্তের প্রতিবাদে সচিবালয়ে বিক্ষোভ করেন প্রশাসন ক্যাডারের কর্মকর্তারা। সূত্র: যুগান্তর
- যমুনা নদীতে নবনির্মিত রেল সেতুর নাম পরিবর্তন করে নতুন নাম করা হয় 'যমুনা রেল সেতু'। সূত্র: প্রথম আলো
- রাষ্ট্রপতির কার্যালয়ের জন বিভাগের সিনিয়র সচিব ড. নাসিমুল গনিকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বদলি। সূত্র: সমকাল
- কোটা সংস্কার দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে আহত আরাফাত (১২) ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।
- ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ছেলে সজীব ওয়াজেদ জয়ের বিরুদ্ধে এবার ৩০ কোটি মার্কিন ডলার বিদেশে পাচারের অভিযোগ অনুসন্ধানের সিদ্ধান্ত নিল দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদকের প্রধান কার্যালয় থেকে এমন সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা
- মধ্যপ্রাচ্যের লোহিতসাগরের আকাশে ভুল করে নিজেদের যুদ্ধবিমানেই ক্ষেপণাস্ত্র হামলা করল মার্কিন সেনারা। যা 'ফ্রেন্ডলি ফায়ার' হিসাবে চিহ্নিত করা হয়। এ ঘটনায় একজন আহত। এএফপি। সূত্র: দৈনিক কালবেলা

▶ ভারতে অবৈধভাবে বসবাসরত ১৭৫ বাংলাদেশিকে শনাক্ত করে দেশটির পুলিশ। দেশটির গণমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন। সূত্র: সমকাল

২৩ ডিসেম্বর

▶ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ১ হাজার ৯৭৪ কোটি ৩০ লাখ টাকার ১০টি প্রকল্পের অনুমোদন। প্রধান উপদেষ্টা ও একনেকের চেয়ারপারসন ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে পরিকল্পনা কমিশন চত্বরে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় এ অনুমোদন দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আবদুলায়ে সেক। সূত্র: প্রথম আলো

▶ কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ পদক পেলেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) ৭২ সদস্য। বিজিবি দিবস উদ্‌যাপনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে পদকপ্রাপ্ত ৩৩ জনকে পদক পরিয়ে দেন স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। সূত্র: দৈনিক কালবেলা

▶ রাজধানীর পিলখানায় বিডিআর বিদ্রোহের ঘটনায় সাত সদস্যবিশিষ্ট তদন্ত কমিশন গঠন। বিডিআরের (বর্তমানে বিজিবি) সাবেক মহাপরিচালক আ ল ম ফজলুর রহমানকে এ কমিশনের সভাপতি করা হলো। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: দৈনিক কালবেলা

▶ মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত হলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের উপদেষ্টা এএফ হাসান আরিফ। সূত্র: মানবজমিন

▶ ভারতীয় কিংবদন্তি নির্মাতা শ্যাম বেনেগাল (৯০) মুম্বাইয়ের হাসপাতালে মৃত্যু হয়। সূত্র: মানবজমিন

২৪ ডিসেম্বর

▶ প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বড়োদিন উপলক্ষ্যে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় খ্রিষ্টান সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র: প্রথম আলো

▶ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে ফোনে কথা বলেন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভান। ফোনালাপে দুই দেশের পারস্পরিক স্বার্থ-সহ নানা বিষয়ে আলাপ করেন তারা। সূত্র: সমকাল

▶ সংবাদমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার লক্ষ্যে সম্পাদকীয় প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে হবে এবং সেই লক্ষ্যে একটি জাতীয় সম্পাদকীয় নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন। রাজধানীর ডেইলি স্টার ভবনে গণমাধ্যম সংস্কার কমিশনের সঙ্গে সম্পাদক পরিষদের মতবিনিময় সভায় গণমাধ্যম সংস্কার কমিশনের প্রধান কামাল আহমেদ এসব কথা বলেন। সূত্র: আজকের পত্রিকা

▶ চাঁদপুর হাইমচর উপজেলার নীলকমল ইউনিয়নের সীমান্তবর্তী এলাকায় মেঘনা নদীতে নোঙর করা আল বাখেরাহ নামক জাহাজ থেকে ৭ জনের মরদেহ উদ্ধার করে কোস্টগার্ড ও নৌপুলিশ। সূত্র: প্রথম আলো

▶ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার থেকে প্রায় ১৭ বছর কারাভোগের পর মুক্তি পেলেন বিএনপির ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম পিন্টু। সূত্র: যুগান্তর

▶ খুলনা থেকে নড়াইল হয়ে পদ্মা সেতু দিয়ে 'জাহানাবাদ এক্সপ্রেস' ট্রেন সাড়ে চার ঘণ্টায় ঢাকায় পৌঁছাল। সূত্র: প্রথম আলো

▶ সিরিয়ার উত্তরাঞ্চলীয় শহর কামিশলিতে হাজার হাজার নারী বিক্ষোভ সমাবেশ করেন। দেশটির নতুন শাসকগোষ্ঠীর কাছে নারী অধিকারের প্রতি সম্মান করার দাবি নিয়ে এই সমাবেশের আয়োজন করা হয়। ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্স এ খবর জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

▶ তুরস্কের উত্তর-পশ্চিমাঞ্চলীয় বালিকেসির প্রদেশের বিস্ফোরক তৈরির কারখানায় ভয়াবহ বিস্ফোরণ। প্রদেশের কারেসি জেলায় এই বিস্ফোরণে অন্তত ১৩ জন নিহত এবং চারজন আহত হন। সূত্র: দৈনিক কালবেলা

▶ ইসরায়েলি বাহিনী এক বছরের বেশি সময়ে প্রায় ১৩ হাজার ফিলিস্তিনি শিক্ষার্থীকে হত্যা করে। সূত্র: দৈনিক ইত্তেফাক

- ভেনিজুয়েলার কর্তৃপক্ষ ২২৩ জন বিক্ষভোকারীকে মুক্তি দিল। তাদের নির্বাচন-পরবর্তী সময়ে বিক্ষোভ থেকে আটক করা হয়। সূত্র: প্রথম আলো
- গুপ্তচরবৃত্তির অভিযোগে যুক্তরাষ্ট্রের এক নাগরিককে ১৫ বছরের কারাদণ্ড দিলেন রাশিয়ার আদালত। সূত্র: প্রথম আলো

২৫ ডিসেম্বর

- শুধু একটা নির্বাচন কিংবা ভোটের জন্য এত মানুষ জীবন দেয়নি। শহিদপরিবার এবং আহতরা সংস্কারের কথা বলেন। তাই আমরা মনে করছি সংস্কার জরুরি। ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী উপজেলা পরিষদে দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এসব কথা বলেন। সূত্র: সমকাল
- সংস্কার কমিশনের প্রস্তাবিত সুপারিশকে বৈষম্যমূলক, অযৌক্তিক, ষড়যন্ত্রমূলক উল্লেখ করে ৪৮ ঘন্টার মধ্যে জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধান আবদুল মুয়ীদ চৌধুরীর পদত্যাগ দাবি করেন প্রশাসন ক্যাডারের বর্তমান ও সাবেক কর্মকর্তারা। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ভারতের পশ্চিমবঙ্গের কারাগার থেকে জামিনে মুক্তি পেলেন বাংলাদেশ থেকে প্রায় সাড়ে ৩ হাজার কোটি টাকা আত্মসাৎ ও অর্থ পাচারের প্রধান অভিযুক্ত প্রশান্ত কুমার হালদার (পি কে হালদার)। সূত্র: প্রথম আলো
- আফগানিস্তানের পাকতিকা প্রদেশে পাকিস্তানের নজিরবিহীন বিমান হামলায় নারী, শিশু-সহ ৪৬ জন নিহত হয় বলে জানান তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ। সূত্র: কালের কণ্ঠ
- পশ্চিম তীরে ইসরায়েলি সামরিক অভিযানে অন্তত ৮ জন ফিলিস্তিনি নিহত। এ সময় আহত হয় আরও অনেক। ফিলিস্তিন কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত করেন। সূত্র: প্রথম আলো
- উত্তর আফ্রিকার দেশ সুদানের অন্তত পাঁচটি অঞ্চলে দুর্ভিক্ষ ছড়িয়ে পড়েছে। আর মে মাসের মধ্যে তা আরও পাঁচটি অঞ্চলে ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। এক নিবন্ধে এ তথ্য জানায় আন্তর্জাতিক ক্ষুধা পর্যবেক্ষণ সংস্থা গ্লোবাল হাঙ্গার ইনডেক্স। সূত্র: দৈনিক ইত্তেফাক

- আজারবাইজান থেকে রাশিয়ার উদ্দেশে যাত্রা করা একটি যাত্রীবাহী বিমান কাজাখস্তানের আকতাউ শহরের কাছে বিধ্বস্ত হয়। ভয়াবহ এ দুর্ঘটনায় ৩৮ জন নিহত। সূত্র: দৈনিক বণিক বার্তা

২৬ ডিসেম্বর

- বান্দরবানের লামায় খ্রিষ্টধর্মাবলম্বীদের বাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় নিন্দা জানান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সেখানে অগ্নিসংযোগে পুড়ে যাওয়া ঘর পুনর্নির্মাণ-সহ সব ধরনের সহায়তার নির্দেশ দেন তিনি। প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বার্তায় এ তথ্য জানানো হয়। সূত্র: সমকাল
- গভীর রাতে সচিবালয়ে আগুন। পাঁচ মন্ত্রণালয়ের ফাইল পুড়ে ছাই। আগুন নেভানোর কাজ করতে গিয়ে ট্রাকচাপায় ফায়ার সার্ভিসের মো. সোহানুর জামান নামে এক সদস্য নিহত। সূত্র: প্রথম আলো
- সচিবালয়ে অগ্নিকাণ্ডের ঘটনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে একটি জরুরি সভা অনুষ্ঠিত। সভায় ঘটনা তদন্তে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিবকে প্রধান করে একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সচিবালয়ে অগ্নিকাণ্ডের ঘটনায় সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত দোষীদের খুঁজে বের করে শাস্তির জোর দাবি জানান বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সূত্র: মানবজমিন
- রাজধানীর চীনা দূতাবাসে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন-এর সঙ্গে বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) সভা অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদর দপ্তর পিলখানায় তদন্ত কমিশনের প্রথম সভা অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- সিলেটের জৈন্তাপুর উপজেলার মিনাটিলা সীমান্তে ভারতের মেঘালয় অংশে ভারতীয় খাসিয়ার গুলিতে মো. মারুফ মিয়া (১৬) নামের এক বাংলাদেশি কিশোর নিহত হয়। সূত্র: প্রথম আলো
- নয়াদিল্লির হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ভারতের সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং (৯২)-এর মৃত্যু। সূত্র: দৈনিক বণিক বার্তা

- বিশ্বের সবচেয়ে বড়ো জলবিদ্যুৎ বাঁধ নির্মাণ প্রকল্প অনুমোদন করল চীন সরকার। পরিকল্পনা অনুযায়ী, দেশটির ইয়ারলুং জাংপো নদীর নিম্নভাগে বাঁধটি নির্মাণ করা হবে। চীনের বার্তা সংস্থা সিনহুয়ার এক প্রতিবেদনে এ তথ্য জানায়। সূত্র: সমকাল
- গাজার মধ্যাঞ্চলে ইসরায়েলি হামলায় একসঙ্গে পাঁচ সাংবাদিক নিহত। ফিলিস্তিনি কর্তৃপক্ষ ও স্থানীয় সংবাদমাধ্যমের বরাত দিয়ে আলজাজিরা এ তথ্য জানায়। সূত্র: যুগান্তর

২৭ ডিসেম্বর

- ভারতের সাবেক প্রধানমন্ত্রী ড. মনমোহন সিংয়ের মৃত্যুতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস পৃথক শোকবার্তা পাঠান।
- ফার্মগেট কৃষিবিদ ইনস্টিটিউশনে ফোরাম ফর বাংলাদেশ স্টাডিজ আয়োজিত দুই দিনব্যাপী 'জাতীয় সংলাপ-২০২৪' শুরু। এই সংলাপের মূল লক্ষ্য 'ঐক্য, সংস্কার ও নির্বাচন'। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ফার্মগেট কৃষিবিদ ইনস্টিটিউশনে ফোরাম ফর বাংলাদেশ স্টাডিজ আয়োজিত দুই দিনব্যাপী 'জাতীয় সংলাপ-২০২৪' এর উদ্‌বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি ভাষণ দেন। সূত্র: প্রথম আলো
- বর্তমান সরকার এক অর্থে সাংবিধানিক সরকারও নয় আবার বিপ্লবী সরকারও নয়। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে 'ঐক্য, সংস্কার, নির্বাচন' শীর্ষক সংলাপ অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বক্তব্যে এ মন্তব্য করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সচিবালয়ে আগুন লাগার ঘটনায় ক্ষতিগ্রস্ত ভবন পরিদর্শন করল ৮ সদস্যের তদন্ত কমিটি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সচিবালয়ে ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পাঁচ মন্ত্রণালয়ের কার্যক্রম সচল রাখতে অস্থায়ী দপ্তর স্থাপনের সিদ্ধান্ত নেন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উপদেষ্টা ও সচিবরা। সূত্র: প্রথম আলো
- ফৌজদারি মামলার তদন্তে আলাদা সংস্থা গঠনের সুপারিশ। অন্তর্বর্তীকালীন সরকারের কাছে এমন সুপারিশ করে প্রাথমিক প্রতিবেদন পাঠাল বিচার বিভাগ সংস্কার কমিশন। সূত্র: দৈনিক ইত্তেফাক

- জামায়াতে ইসলামীর সাবেক আমির প্রয়াত গোলাম আযমের ছেলে সাবেক ব্রিগেডিয়ার জেনারেল আবদুল্লাহিল আমান আযমীর বরখাস্তের আদেশ বাতিল করা হলো বলে জানায় আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। সূত্র: সমকাল
- সচিবালয়ে প্রবেশের সব ধরনের অস্থায়ী সব পাশ বাতিল করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মো. খোদা বখস চৌধুরীর স্বাক্ষর করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: প্রথম আলো
- 'উর্দিতে বাঙালি গণহত্যার রক্তের ছিটে! ৫৩ বছর পর বাংলাদেশে ফিরছে সেই পরাজিত পাক ফৌজ' শিরোনামে ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজার পত্রিকায় (অনলাইন) সংবাদ প্রকাশ। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ঢাকা মেইলের নিজস্ব প্রতিবেদক কাজী রফিকের মৃত্যু। সূত্র: দৈনিক কালবেলা
- চরমপন্থি অপরাধে দোষী সাব্যস্ত ২০ বন্দি ব্যক্তিকে ক্ষমা করল বেলারুশ। তাদের প্রাণভিক্ষার আবেদনের পরিপ্রেক্ষিতে এ ডিক্রিতে স্বাক্ষর করেন বেলারুশের প্রেসিডেন্ট আলেকজান্ডার লুকাশেঙ্কো। সূত্র: দৈনিক ইত্তেফাক
- জার্মান চ্যান্সেলর ওলাফ শলৎসের পতনের পর পার্লামেন্ট ভেঙে দিলেন দেশটির প্রেসিডেন্ট ফ্রাঙ্ক-ভাল্টার স্টাইনমায়ার। সূত্র: দৈনিক ইত্তেফাক
- দীর্ঘস্থায়ী মূল্যস্ফীতি এবং উচ্চ আবাসন মূল্য-সহ বিভিন্ন কারণে যুক্তরাষ্ট্রে চলতি বছর গৃহহীন মানুষের সংখ্যা রেকর্ডসংখ্যক বৃদ্ধি। এক সরকারি প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে এএফপি এ তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২৪ ঘণ্টায় ইসরায়েলি হামলায় গাজায় আরও ৩৭ ফিলিস্তিনি নিহত। এ নিয়ে নিহতের সংখ্যা বেড়ে ৪৫ হাজার ৪৩৬ জনে দাঁড়াল। সূত্র: দৈনিক কালবেলা

২৮ ডিসেম্বর

- সচিবালয়ে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় নিরাপত্তার স্বার্থে সাংবাদিকদের প্রবেশাধিকার সীমিত করার সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানান প্রধান

উপদেষ্টার প্রেস উইং। সংশ্লিষ্ট দপ্তর থেকে প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র: সমকাল

- সচিবালয়ে অস্থায়ী প্রবেশ পাশের 'বিশেষ সেল' গঠন করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের প্রশাসন-১ শাখা থেকে এক অফিস আদেশে বিষয়টি নিশ্চিত করা হয়। সূত্র: সমকাল
- 'ক্যাডার এবং নন-ক্যাডার' নামক অভিধা বিলুপ্ত করে সেবার ধরন অনুযায়ী 'গুচ্ছ সার্ভিস' পদ্ধতি চালুর দাবি নন-ক্যাডারদের। বৈষম্যবিরোধী গণকর্মচারী পরিষদের আয়োজনে রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) গণমাধ্যমকে এ তথ্য জানান নন-ক্যাডাররা। সূত্র: দৈনিক কালবেলা
- বাংলাদেশ সেনাবাহিনী সম্পর্কে বিভ্রান্তিকর এবং ভিত্তিহীন তথ্য উপস্থাপন করার চেষ্টা। ভারতীয় গণমাধ্যম আনন্দবাজার অনলাইনে প্রকাশিত 'উর্দিতে বাঙালি গণহত্যার রক্তের ছিটে। ৫৩ বছর পর বাংলাদেশে ফিরছে সেই পরাজিত পাক ফৌজ' শীর্ষক প্রতিবেদনের প্রতিবাদ জানিয়ে গণমাধ্যমে বিজ্ঞপ্তি আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর)। সূত্র: দৈনিক ইত্তেফাক
- অন্তর্বর্তী সরকারের আনুষ্ঠানিক অনুরোধ সত্ত্বেও আশ্রয় নেওয়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফেরত দেবে না ভারত। ভারতীয় সংবাদমাধ্যম ইকোনমিক টাইমসের প্রতিবেদনে বলা হয়, এই অনুরোধটি রাজনৈতিক ও কূটনৈতিক নানা চ্যালেঞ্জের মুখে। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে ৫ আগস্টের ৭২ ঘণ্টা আগে পুলিশ সঠিক সিদ্ধান্ত নিলে অনেক প্রাণের রক্ষা হতো। রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে আয়োজিত বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতির (বিআরপিওয়া) অনুষ্ঠানে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী এ কথা বলেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ৪৫ বছরের কম বয়সি কেউ হাইকোর্টের বিচারক হবেন না। সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগের খসড়া প্রণয়ন করে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে 'সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ, ২০২৪' বিষয়ক মতবিনিময় সভায় অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল এ কথা জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ছাত্র-জনতার অভ্যুত্থানে শহিদ হন ৪৫ মাদ্রাসা শিক্ষার্থী। 'তরুণ আলেম প্রজন্ম' নামের সংগঠন এই তালিকা করে। সূত্র: সমকাল
- বাংলা একাডেমির সাধারণ পরিষদের ৪৭তম বার্ষিক সভা অনুষ্ঠিত। অনুষ্ঠানে বাংলা একাডেমির পুরস্কার ও ফেলোশিপ প্রদান করা হয়। সূত্র: প্রথম আলো
- ভারতের বিভিন্ন রাজ্যে অবৈধ বাংলাদেশি গ্রেফতারে জোরালো অভিযানে ২১ জন বাংলাদেশিকে গ্রেফতার করল দেশটির আইনশৃঙ্খলা বাহিনী। সূত্র: সমকাল
- রাশিয়ার আকাশসীমা থেকে আজারবাইজানের একটি যাত্রীবাহী উড়োজাহাজ ভূপাতিত করার ঘটনায় দুঃখ প্রকাশ করেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এজন্য তিনি ক্ষমা চান। ক্রেমলিন বিবৃতিতে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- আফগানিস্তানের বাহিনীর সঙ্গে সীমান্তে গুলি বিনিময়ে পাকিস্তানের আধা সামরিক বাহিনীর এক সদস্য নিহত এবং সাতজন আহত। সূত্র: দৈনিক কালবেলা
- সন্তান ধারণের হার বাড়াতে আর্থিক প্রণোদনার পাশাপাশি সমাজের দৃষ্টিভঙ্গি এবং জীবনযাত্রার মান পরিবর্তনের লক্ষ্যে সন্তান গ্রহণে উৎসাহিত করতে বাড়ি বাড়ি ফোন করছে চীন সরকার। সূত্র: দৈনিক কালবেলা
- গাজায় যুদ্ধ অবসানে একটি 'স্পষ্ট ও ব্যাপক' চুক্তি নিয়ে আলোচনা করতে দোহায় কাতারের শেখ মোহাম্মদ বিন আবদুল রহমান বিন জসিম আল-থানি সিনিয়র কর্মকর্তা খলিল আল-হাইয়ার নেতৃত্বে হামাসের একটি দলের সঙ্গে বৈঠক করেন। সূত্র: দৈনিক ইত্তেফাক

২৯ ডিসেম্বর

- অস্থায়ী পাশ নিয়ে আগামীকাল থেকে সাংবাদিকরা সচিবালয়ে প্রবেশ করতে পারবেন। সচিবালয়ের সামনে এক ব্রিফিংয়ে এ কথা বলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম। সূত্র: দৈনিক কালবেলা

- ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক অতিরিক্ত উপকমিশনার সানজিদা আফরিন সাময়িক বরখাস্ত। জুলাই-আগস্টের ছাত্র-জনতার অভ্যুত্থানে হত্যার মামলায় সাবেক আইনমন্ত্রী আনিসুল হক, সালমান এফ রহমান অব্যাহতির চেষ্টায় বরখাস্ত হন। বরখাস্তকালে তিনি বরিশাল রেঞ্জে সংযুক্ত থাকবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে তাঁকে বরখাস্ত করার কথা জানানো হয়। সূত্র: সমকাল
- আওয়ামী ফ্যাসিস্ট রাজনীতিকে চূড়ান্তভাবে কবর দেওয়া-সহ ৩টি দাবি ঘোষণা করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ। সূত্র: দৈনিক কালবেলা
- রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশনে ফোরাম ফর বাংলাদেশ স্টাডিজের 'ঐক্য, সংস্কার ও নির্বাচন' শীর্ষক জাতীয় সংলাপ অনুষ্ঠান সমাপ্ত। সূত্র: সমকাল
- 'উচ্চৈঃস্বরে হইচই' করায় রাজশাহীর সারদা পুলিশ একাডেমির ৮ এসআইকে শোকজ নোটিশ দিল কর্তৃপক্ষ। সূত্র: প্রথম আলো
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল নির্মাণে অনিয়ম, দুর্নীতি এবং প্রায় ৪ হাজার কোটি টাকা লুটপাটের অভিযোগের ভিত্তিতে অনুসন্ধান শুরু দুর্নীতি দমন কমিশনের (দুদক)। এ বিষয়ে নিশ্চিত করেন দুদক মহাপরিচালক (প্রতিরোধ) মো. আক্তার হোসেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১৪৮ জন। দুইজনের মৃত্যু। সূত্র: সমকাল
- আজারবাইজান এয়ারলাইন্সের বিমান বিধ্বস্তের বিষয়ে রাশিয়াকে অবশ্যই স্পষ্ট ব্যাখ্যা দিতে হবে বলে মন্তব্য করেন ইউক্রেন প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সূত্র: সমকাল
- বিশ্বে ৪৭ কোটি ৩০ লাখ শিশু সংঘাতপ্রবণ এলাকায় বাস করছে। এক হিসাবে এ সংখ্যা প্রতি ছয়জনের একজন। ফিলিস্তিনের গাজা, উত্তর আফ্রিকার সুদান, পূর্ব ইউরোপের ইউক্রেনে যুদ্ধ সংঘাতের মধ্যে। জাতিসংঘের শিশুবিষয়ক সংস্থা ইউনিসেফ এ তথ্য প্রকাশ করে। সূত্র: সমকাল

- শান্তিতে নোবেলজয়ী যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টারের (১০০) মৃত্যু। এ তথ্য নিশ্চিত করেছে তাঁর প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান কার্টার সেন্টার। সূত্র: সমকাল
- দক্ষিণ কোরিয়ার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় মুয়ান আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় যাত্রীবাহী উড়োজাহাজ বিধ্বস্তের ঘটনায় ১৭৯ জন নিহত। উড়োজাহাজটিতে ১৭৫ জন যাত্রী ও ৬ জন ক্রু ছিলেন। সূত্র: দৈনিক কালবেলা

৩০ ডিসেম্বর

- অন্তর্বর্তী সরকারের উদ্দেশ্য এবং কার্যক্রম সফল করতে মাঠ প্রশাসনকে সক্রিয় ভূমিকা পালনের নির্দেশনা দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের সঙ্গে ভার্চুয়ালি মতবিনিময় অনুষ্ঠানে নির্দেশনা দেন প্রধান উপদেষ্টা। সূত্র: প্রথম আলো
- 'তারুণ্যের উৎসব ২০২৫'-এর উদ্‌বোধনী খামে স্বাক্ষর করেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। প্রধান উপদেষ্টার রাষ্ট্রীয় বাসভবন যমুনায় এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম-সহ আরও অনেকে। সূত্র: দৈনিক কালবেলা
- পিলখানা হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্তের দাবি করে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন শহিদ সেনা পরিবারের সদস্যরা। এ সময় প্রধান উপদেষ্টা বলেন, আমাদের যতটুকু সামর্থ্য আছে তা দিয়ে পিলখানা হত্যাকাণ্ডের সব তথ্য প্রকাশ করা হবে। যত দ্রুতসম্ভব এ ঘটনার সব তথ্য একত্রিত করতে হবে। সূত্র: দৈনিক কালবেলা
- জাতীয় ঐকমত্যের ভিত্তিতে 'জুলাই গণ-অভ্যুত্থানে'র একটি ঘোষণাপত্র তৈরির উদ্যোগ নিল অন্তর্বর্তী সরকার। সূত্র: সমকাল
- বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন, ঢাকা সাংবাদিক ইউনিয়ন, ঢাকা রিপোর্টার্স ইউনিটি ও সেক্রেটারিয়েট সাংবাদিক সমিতির নেতাদের সঙ্গে মতবিনিময় সভা করেন প্রধান উপদেষ্টার প্রেস উইং। সূত্র: দৈনিক কালবেলা

- শেখ হাসিনার পতনের পর দীর্ঘদিন নিখোঁজ থাকা বাংলাদেশ সেনাবাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আব্দুল্লাহিল আমান আযমীর সন্ধান মেলে। মুক্তির পর তাকে বরখাস্তের আদেশ সংশোধন করে ভূতাপেক্ষভাবে 'আকালীন (বাধ্যতামূলক) অবসর' দেওয়া হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- আরও ১২ সাংবাদিকের ব্যাংক হিসাব তলব করে কেন্দ্রীয় ব্যাংকের আর্থিক গোয়েন্দা সংস্থা বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। সব ব্যাংকে এ সংক্রান্ত চিঠি দিয়ে তাদের হিসাব খোলার ফর্ম, লেনদেন বিবরণী-সহ যাবতীয় তথ্য দিতে বলা হয়। সূত্র: সমকাল
- ৪৩তম বিসিএসে নিয়োগের জন্য ১৫ অক্টোবরের জারি করা প্রজ্ঞাপন বাতিল করে নতুন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- প্রেস সচিবের 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশের ঘোষণা দেওয়ার পর জরুরি বৈঠক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের। সংবাদ সম্মেলনের বিষয়টি নিশ্চিত করেন সংগঠনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ। সূত্র: দৈনিক কালবেলা
- অন্তর্বর্তী সরকার জাতীয় ঐকমত্যের ভিত্তিতে 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্র' তৈরির উদ্যোগ নেওয়ায় সাধুবাদ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের। সংবাদ সম্মেলনে এ তথ্য জানায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। সূত্র: প্রথম আলো
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'জুলাই বিপ্লব'-এর ঘোষণাপত্র প্রকাশ অনুষ্ঠান স্থগিত। বাংলা মোটরে রূপায়ণ সেন্টারে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: সমকাল
- সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন করপোরেশনের পদে নিয়োগে পরীক্ষার ফি পুনর্নির্ধারণ। এখন থেকে পরীক্ষার ফি সর্বনিম্ন ৫০ টাকা এবং সর্বোচ্চ ২০০ টাকা। অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ ৯ জনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর কার্যালয়ে লিখিত অভিযোগ

দাখিল করেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) নেতা মাইকেল চাকমা। সূত্র: দৈনিক কালবেলা

- গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ১১৪ জন। একজনের মৃত্যু। সূত্র: সমকাল
- উত্তর কোরিয়ার নেতা কিম জং উন রাশিয়ার সঙ্গে কৌশলগত অংশীদারত্ব আরও দৃঢ় করার আগ্রহ প্রকাশ করেন। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে লেখা এক চিঠিতে তিনি এ ইচ্ছার কথা জানান। সূত্র: দৈনিক ইত্তেফাক
- স্বল্পকালীন সামরিক আইন জারির জন্য দক্ষিণ কোরিয়ার সদ্য বরখাস্ত প্রেসিডেন্ট ইউন সুক-ইওলকে গ্রেফতারের আবেদন করে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: সমকাল
- ইংল্যান্ড জাতীয় দলের সাবেক কোচ গ্যারেথ সাউথগেটকে নতুন বছরের সম্মাননা তালিকায় নাইটহুড উপাধি প্রদান করা হয়। সূত্র: দৈনিক কালবেলা

৩১ ডিসেম্বর

- রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে বঙ্গভবনে বাংলাদেশে নবনিযুক্ত ফিলিপাইনের রাষ্ট্রদূত নিনা পাদিলা কেইংলেট তাঁর পরিচয়পত্র পেশ করেন। এ সময় রিজার্ভ চুরির অর্থ দেশে ফেরাতে ফিলিপাইনের সহযোগিতা চান রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ঢাকায় ভারতের হাইকমিশনে ও মার্কিন দূতাবাসে গিয়ে, সদ্য প্রয়াত ভারতের সাবেক প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং ও যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার প্রতি শ্রদ্ধা জানান। সূত্র: প্রথম আলো
- সরকারি কর্মকর্তাদের শৃঙ্খলাবহির্ভূত আচরণের বিষয়ে কঠোর নির্দেশনা দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এ সংক্রান্ত বিজ্ঞপ্তি। সূত্র: সমকাল
- সচিবালয়ে অগ্নিকাণ্ডের আলামত স্বাভাবিক নয়, পরীক্ষার জন্য কিছু আলামত বিদেশে পাঠানো হচ্ছে–সাংবাদিকদের এ কথা জানান তদন্ত কমিটির প্রধান ও স্বরাষ্ট্র সচিব নাসিমুল গনি। সূত্র: দৈনিক ইত্তেফাক
- রাজধানীর কেন্দ্রীয় শহিদ মিনার চত্বরে সারা দেশ থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বানে 'মার্চ ফর ইউনিটি'তে যোগ দিতে ভোর

থেকেই দলে দলে আসতে শুরু করে বিপ্লবী ছাত্র-জনতা। সমাবেশ সফল ও সুশৃঙ্খল রাখতে আগত ছাত্র-জনতার প্রতি ৭টি নির্দেশনা দেয় জাতীয় নাগরিক কমিটি। জাতীয় নাগরিক কমিটির অফিশিয়াল ফেসবুক পেজে এসব নির্দেশনা দেওয়া হয়। সূত্র: দৈনিক কালবেলা

- জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে নিহতদের পরিবার ও আহতদের এখন পর্যন্ত দেওয়া মোট সহায়তার তথ্য জানাল জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন। ফাউন্ডেশন থেকে এ পর্যন্ত মোট ২ হাজার ২২৮ জন ক্ষতিগ্রস্ত পরিবার ও আহতের মাঝে মোট ৪৭ কোটি ৯৮ লাখ ২১ হাজার ৫২৯ টাকা বিতরণ করা হয়। সূত্র: দৈনিক ইত্তেফাক
- কূটনৈতিক প্রতিবেদকদের সংগঠন ডিপ্লোম্যাটিক করেসপনডেন্টস অ্যাসোসিয়েশন বাংলাদেশের (ডিক্যাব) ২০২৫ সালের কার্যনির্বাহী কমিটির সভাপতি নির্বাচন অনুষ্ঠিত। সভাপতি নির্বাচন হলেন ইউএনবির বিশেষ প্রতিনিধি একেএম মঈনুদ্দিন ও সাধারণ সম্পাদক হলেন দৈনিক আমাদের সময়ের কূটনৈতিক প্রতিবেদক মো. আরিফুজ্জামান মামুন। সূত্র: দৈনিক কালবেলা
- নতুন প্রত্যয়ে সংবাদভিত্তিক পূর্ণাঙ্গ টেলিভিশন চ্যানেল হিসাবে যাত্রা শুরু করল 'বিটিভি নিউজ'। বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক পেজে এ তথ্য জানায়। সূত্র: দৈনিক কালবেলা
- ৯ সাবেক সংসদ সদস্য-সহ ১৩ জনের বিরুদ্ধে দুর্নীতির তদন্ত শুরু করল দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: প্রথম আলো
- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে দীর্ঘ ১৪ বছর পর প্রকাশ্যে ছাত্রশিবিরের সদস্য সম্মেলন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- ২০২৪ সালে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণ-অভ্যুত্থানে সহিংসতা ও পুলিশি হামলার শিকার ১০ হাজার ৪৭২ জন। সহিংসতার শিকার ব্যক্তিদের মধ্যে নিহত ৮৮১ জন এবং আহত ৭ হাজার ৮৭৩ জন। এছাড়া হুমকির শিকার ৯৩৩ জন, নির্যাতনের শিকার ৭৩১ এবং নিখোঁজ ৫৪ জন। দেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) প্রকাশিত প্রতিবেদনে এসব তথ্য জানায়। সূত্র: দৈনিক ইত্তেফাক

- যুক্তরাষ্ট্রে লেখিকা এলিজাবেথ জেন ক্যারলকে যৌন নির্যাতন ও মানহানির ঘটনায় নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ৫০ লাখ ডলারের ক্ষতিপূরণ দেওয়ার রায় বহাল। দেশটির ফেডারেল আপিল আদালত এ আদেশ দেন। সূত্র: সমকাল
- ইসরাইলের দিকে ক্ষেপণাস্ত্র হামলা চালাল ইয়েমেন। সূত্র: দৈনিক ইত্তেফাক
- পাকিস্তানে এ বছর ৪৪৪টি সন্ত্রাসী হামলার ঘটনা ঘটে। এতে দেশটির নিরাপত্তা বাহিনীর ৬৮৫ জন সদস্য নিহত। সূত্র: দৈনিক ইত্তেফাক

■■■

২০২৪ সালের উল্লেখযোগ্য ঘটনা

■ জাতীয় ■

বাংলাদেশে ২০২৪ সাল ছিল নানা ঘটনার কারণে আলোচিত। এ বছর বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ৫৩তম বছর। বছরটি ছাত্র-জনতার অভ্যুত্থানের জন্য সবচেয়ে বেশি আন্দোলিত, যেখানে দেশের দীর্ঘকালীন শাসক শেখ হাসিনাকে উৎখাত করা হয়েছে। হয়েছে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, এছাড়া আরও কত কী! ২০২৪ সালের আলোচিত ঘটনাবলির মধ্যে উল্লেখযোগ্য কিছু ঘটনা আলোকপাত করা হলো:

ড. মুহাম্মদ ইউনূসের কারাদণ্ড

২০২৪-এর ১ জানুয়ারি বছরের শুরুতেই শান্তিতে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস দেশের শ্রম আইন লঙ্ঘনের দায়ে দোষী সাব্যস্ত হন। ইউনূসসহ গ্রামীণ টেলিকমের অন্য তিনজনের প্রত্যেককে ঢাকার শ্রম আদালত ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেন এবং পরবর্তী সময়ে রায়ের বিরুদ্ধে আপিল করার শর্তে এক মাসের জামিন দেন।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

২০২৪ সালের ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। বিরোধী দলগুলোর বয়কটের মুখে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ টানা চতুর্থবার নির্বাচনে জয়লাভ করে। ৭ জানুয়ারি সকাল ৮টা থেকে বিকাল চারটা পর্যন্ত এ নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এতে ২৯৯টি আসনের মধ্যে ২২৩টিতে বাংলাদেশ আওয়ামী লীগ নিরঙ্কুশ জয় পায়। ৯ জানুয়ারি নির্বাচন কমিশন কর্তৃক ভোটের ফলাফলের গেজেট প্রকাশ করা হয় এবং অবশেষে ১০ জানুয়ারি জয়ী সংসদ সদস্যরা শপথ গ্রহণ করেন।

বেইলি রোডে রেস্তোরাঁয় অগ্নিকাণ্ড

২০২৪ সালের ২৯ ফেব্রুয়ারি রাতে ঢাকার বেইলি রোডের গ্রিন কোজি নামক বহুতল ভবনে আগুন লেগে ৪৬ জনের মৃত্যু হয়। এছাড়া আরও ৭৫ জন বিভিন্নভাবে আহত অবস্থায় উদ্ধার হন। ভবনটিতে একাধিক রেস্তোরাঁ ও

দোকান ছিল, যার মধ্যে কাচ্চি ভাই রেস্তোরাঁ, স্যামসাংয়ের শো-রুম, গ্যাজেট অ্যান্ড গিয়ার, ইল্লিয়িন, খানা'স ও পিৎজা ইন উল্লেখযোগ্য।

এমভি আব্দুল্লাহ ছিনতাই

২০২৪ সালের ১২ মার্চ এমভি আব্দুল্লাহ নামের একটি জাহাজ ছিনতাই করে সোমালিয়ান জলদস্যুরা। জাহাজটি মোজাম্বিক থেকে দুবাই যাচ্ছিল। জাহাজে ২৩ জন বাংলাদেশি নাবিক ছিলেন, যাদের জিম্মি করেছিল সোমালিয়ান জলদস্যুরা। ১৫ এপ্রিল সোমালিয়ান জলদস্যুদের হাত থেকে ছাড়া পায় এমভি আব্দুল্লাহ।

ফোর্বসের '৩০ অনূর্ধ্ব ৩০' এশিয়ার তালিকায় ৯ বাংলাদেশি

২০২৪ সালের ১৬ মে 'অনূর্ধ্ব ৩০ এশিয়া' তালিকা প্রকাশ করে যুক্তরাষ্ট্রের বিজনেস ম্যাগাজিন ফোর্বস। এশিয়া প্যাসিফিক অঞ্চলজুড়ে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় বেশ কয়েকটি ক্যাটাগরিতে ৩০০ জনকে এই তালিকায় স্থান দেওয়া হয়েছে। তাদের সবার বয়সই ৩০ বছরের নিচে। মূলত নতুন নতুন উদ্ভাবন ও পরিবর্তন আনার জন্যই তাদেরকে এই তালিকায় স্থান দেওয়া হয়েছে। ফোর্বসের এই উদ্ভাবনী তরুণদের মধ্যে জায়গা করে নিয়েছেন বাংলাদেশের ৯ তরুণ-তরুণী। যাদের কেউ তরুণ উদ্যোক্তা, নেতা এবং আবিষ্কারক। তারা হলেন– আনুশা আলমগীর, মেহেদি স্মরণ, রেদোয়ার আহমেদ, মো. শহিদুল ইসলাম, আব্দুল গাফফার সাদী, এমডি তুষার, সুলতান মণি, মুমতাহিনা আনিকা ও ফাহাদ আহমেদ।

এমপি আনোয়ারুল আজিম নিখোঁজ

২০২৪ সালের ২২ মে ভারতের কলকাতায় আওয়ামী লীগের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারের লাশ উদ্ধার হয়। ভারতে চিকিৎসার উদ্দেশ্যে গিয়ে তিনি ১৩ মে থেকে নিখোঁজ ছিলেন। ২০ মে পর্যন্ত তাকে খুঁজে পাওয়া যায়নি। ২২ মে সকালে কলকাতার নিউটাউনে অভিজাত আবাসন সঞ্জীবা গার্ডেন থেকে তার শরীরের কিছু অংশ উদ্ধার হয়। এই ঘটনায় ৩ জনকে গ্রেফতার করে কলকাতা পুলিশ। তদন্তকারী কর্মকর্তাদের তথ্যমতে, ১৩ মে কলকাতার নিউটাউনের একটি বাড়িতে যান এমপি আনার। সেই বাড়িতেই খুন করা হয় তাকে।

ঘূর্ণিঝড় রেমাল

ঘূর্ণিঝড় রেমাল ২০২৪ সালের ২৬ মে সন্ধ্যা থেকে ২৭ মে সকাল নাগাদ বাংলাদেশে আঘাত হানে। এ ঘূর্ণিঝড়ে ৭ জনের মৃত্যু হয়। ২০২৪ সালের উত্তর ভারত মহাসাগরের ঘূর্ণিঝড় মৌসুমের প্রথম নিম্নচাপ এবং প্রথম ঘূর্ণিঝড় ছিল এটি।

সাবেক পুলিশপ্রধান বেনজীরের পুকুরচুরি

সাবেক পুলিশপ্রধান বেনজীর আহমেদ। তিনি বাংলাদেশ পুলিশের ২৪তম মহাপরিদর্শক হিসাবে দায়িত্ব পালন করেছেন। ২০২৪ সালের এপ্রিলে দুটি গণমাধ্যমে 'বেনজীরের ঘরে আলাদিনের চেরাগ' এবং 'বনের জমিতে বেনজীরের রিসোর্ট' শিরোনামে সংবাদ প্রকাশের পর আলোচনায় আসেন তিনি বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন বেনজীর আহমেদের সম্পদের তদন্তের জন্য একটি কমিটি গঠন করে। দুর্নীতি দমন কমিশন বলেছে, বেনজীরের বিরুদ্ধে দুর্নীতির প্রমাণ পাওয়া গেছে। এই সূত্র ধরে বেনজীর আহমেদ ও তার পরিবারের বিরুদ্ধে মামলা করা হয়। ১২ জুনে আদালত বেনজীর আহমেদ ও তার পরিবারের সম্পত্তি বাজেয়াপ্ত করার নির্দেশ দেন। এই ঘটনায় দেশব্যাপী সমালোচনার ঝড় ওঠে।

মতিউর রহমানের ছাগলকাণ্ড

কোরবানির ঈদের সময় ১২ লাখ টাকায় ঢাকার মোহাম্মদপুরের সাদিক অ্যাগ্রো থেকে ইফাত নামের এক তরুণের ছাগল কেনার ফেসবুক পোস্ট ঘিরে আলোচনায় আসেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য মতিউর রহমান। সরকারি এক কর্মকর্তার ছেলে কোরবানির জন্য ১২ লাখ টাকায় ছাগল কিনবেন– এই খবরে শোরগোল পড়ে যায় চারদিকে। নেটিজেনরা মতিউর রহমানের সম্পদের উৎস নিয়ে প্রশ্ন তুলেন এবং এই ঘটনার জের ধরেই মতিউর রহমানকে পদচ্যুত করা হয়।

কোটা সংস্কার আন্দোলন, শেখ হাসিনার পদত্যাগ ও পলায়ন

২০২৪ সালে বাংলাদেশের সব থেকে বেশি আলোচিত বিষয় ছিল কোটা সংস্কার আন্দোলন বা ছাত্র-জনতার অভ্যুত্থান। ২০২৪-এর কোটা সংস্কার আন্দোলন হলো বাংলাদেশে সব ধরনের সরকারি চাকরিতে প্রচলিত

কোটাভিত্তিক নিয়োগব্যবস্থার সংস্কারের দাবিতে সংঘটিত একটি আন্দোলন। ২০২৪ সালের ৫ জুন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক ২০১৮ সালের ৪ অক্টোবর বাংলাদেশ সরকারের জারি করা পরিপত্রকে অবৈধ ঘোষণার পর কোটা পদ্ধতির সংস্কার আন্দোলন আবার নতুনভাবে আলোচনায় আসে। শুরুতে আন্দোলন সভা-সমাবেশের মধ্যে স্থির থাকলেও ১৪ জুলাই প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার এক বক্তব্যে কোটা আন্দোলনকারীদের পরোক্ষভাবে 'রাজাকারের নাতি-পুতি' হিসাবে অভিহিত করেন। এর পর থেকেই কোটা আন্দোলন আরও জোরদার হয়ে ওঠে। এই আন্দোলনে কয়েক হাজার শিক্ষার্থী ও আন্দোলনকারী (প্রায় ২১ হাজার) আহত হওয়ার পাশাপাশি আবু সাঈদ ও মীর মুগ্ধসহ ৬৭৩ জনের অধিক নিহত হন। পরিশেষে ২১ জুলাই বাংলাদেশ সুপ্রিম কোর্ট হাইকোর্টের দেওয়া রায় বাতিল এবং সরকারি চাকরিতে মেধার ভিত্তিতে ৯৩ শতাংশ নিয়োগ দেওয়ার নির্দেশ প্রদান করে। ২২ জুলাই এই বিষয়ে সরকার প্রজ্ঞাপন জারি করে।

এরপরও আন্দোলন থামেনি। শিক্ষার্থীরা সরকারি চাকরিতে কোটা ব্যবস্থার স্থায়ী সমাধানের লক্ষ্যে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'-এর ব্যানারে রাস্তায় নামেন। কোটা সংস্কারের এক দফা দাবিতে গড়ে ওঠা ছাত্র-আন্দোলন সারাদেশে ছড়িয়ে পড়ে। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা দলমতনির্বিশেষে এ আন্দোলনে অংশ নেন। তাদের পক্ষ থেকে ঘোষণা আসে, দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। ৩ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার মন্ত্রিসভার পদত্যাগের এক দফা দাবি ঘোষণা করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। ছাত্রদের ডাকা এই অসহযোগ কর্মসূচি ঠেকাতে ৪ আগস্ট তিন দিনের সাধারণ ছুটি ঘোষণা করে সরকার। সেই সঙ্গে অনির্দিষ্টকালের কার্ফিউ বহাল রাখা হয়। অবশেষে ৫ আগস্ট ছাত্র-জনতার তীব্র আন্দোলনের মুখে পদত্যাগ করে ভারতে পালিয়ে যান বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সঙ্গে ছিলেন ছোট বোন শেখ রেহানা। শেখ হাসিনার পদত্যাগ এবং দেশত্যাগের খবর গণমাধ্যমে প্রকাশের পর উল্লাসে রাজপথে নেমে আসেন ছাত্র-জনতা। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'মার্চ টু ঢাকা' কর্মসূচি ঘিরে এক 'গণ-অভ্যুত্থানে' পতন

ঘটে শেখ হাসিনা সরকারের। গণভবন ও প্রধানমন্ত্রীর কার্যালয় সাধারণ মানুষের দখলে চলে যায়। তার বাসভবন ও জাতীয় সংসদ ভবনে প্রবেশ করে আন্দোলনকারী হাজার হাজার ছাত্র-জনতা। এরপর জনগণের উদ্দেশে দেওয়া ভাষণে শেখ হাসিনার পদত্যাগ এবং অন্তর্বর্তীকালীন সরকার গঠনের কথা বলেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। ৩৬ দিন আগে সরকারি চাকরিতে কোটা সংস্কার চেয়ে শুরু হওয়া আন্দোলন ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের মধ্য দিয়ে চূড়ান্ত রূপ লাভ করে। শুরু হয় নতুন সরকারের যাত্রা।

আবু সাঈদ হত্যা

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে নিহত হন রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ। তিনি বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কোটা সংস্কার আন্দোলনের অন্যতম সমন্বয়ক ছিলেন।

কোটা সংস্কার আন্দোলন তখনো দাবানলে পরিণত হয়নি। তবে ধীরে ধীরে বেগবান হচ্ছিল এই আন্দোলন। কোটা সংস্কার আন্দোলন থেকে বৈষম্যবিরোধী আন্দোলন যখন সারা দেশে তুঙ্গে, তখন ঢাকার এই আন্দোলনের সঙ্গে মাঠে নামেন রংপুরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও, অগ্রভাগে ছিলেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। প্রায় প্রতিদিনই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নানা বাধায় শান্তিপূর্ণ বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। এই আন্দোলনে রোকেয়া বিশ্ববিদ্যালয় থেকে যারা নেতৃত্ব দিয়েছেন তাদের সবার সামনে ছিলেন আবু সাঈদ। এ কারণে ছাত্রলীগ, পুলিশ, বিশ্ববিদ্যালয় প্রশাসন– সবার নজরে ছিলেন তিনি। ১৬ জুলাই ২০২৪ মঙ্গলবার, রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সামনে পুলিশ, আন্দোলনকারী ও আওয়ামী লীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীদের সংঘর্ষে পুলিশের গুলিতে নিহত হন আবু সাঈদ। গুলি লাগার মুহূর্তে রাজপথে দুই হাত প্রসারিত করে দাঁড়িয়ে থাকা আবু সাঈদের ছবি গণমাধ্যমে ছড়িয়ে পড়লে বিক্ষোভে ফেটে পড়েন শিক্ষার্থীরা, যা নিয়ে দেশে-বিদেশে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়। ফলে এই আন্দোলন রূপ নেয় ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে। তখন থেকেই সরকার পতনের এক দফার দাবানল শুরু হয়। কেন আবু সাঈদকে গুলি করে হত্যা

করা হলো, এ নিয়ে উত্তাল হয়ে ওঠে রংপুর। পুলিশি বাধা, গ্রেফতার, হয়রানির ভয় তুচ্ছ করে বৃষ্টিতে ভিজে রংপুরের সব শিক্ষাপ্রতিষ্ঠানের হাজার হাজার শিক্ষার্থী মিছিল বের করে সৃষ্টি করেন প্রতিবাদের নতুন ইতিহাস। ফলে শেখ হাসিনার পতনের এই আন্দোলনের বড়ো দিকপাল হয়ে ওঠেন আবু সাঈদ।

ড. ইউনূস প্রধান উপদেষ্টা, রাষ্ট্র সংস্কারের উদ্যোগ

শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসাবে দায়িত্ব নেন নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। ৮ আগস্ট ফ্রান্স থেকে ফিরে বঙ্গভবনে প্রধান উপদেষ্টা হিসাবে তিনিসহ অন্তর্বর্তী সরকারের ১৩ উপদেষ্টা শপথ গ্রহণ করেন। ক্ষমতায় এসেই তিনি রাষ্ট্র সংস্কারের উদ্যোগ নেন এবং সেই অনুযায়ী নানা পদক্ষেপ গ্রহণ করেন।

তোফাজ্জল হোসেনকে গণপিটুনিতে হত্যা

ক্রিকেট ম্যাচ চলাকালে ছয়টি মোবাইল চুরির অভিযোগ এনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তোফাজ্জল হোসেন নামে এক যুবককে আটক করে। পরে তাকে ফজলুল হক মুসলিম হলে নিয়ে যাওয়া হয় এবং হলের ক্যানটিন থেকে খাবার খাওয়ানো হয়। খাওয়া শেষ করার পরপরই ফজলুল হক হলের এক্সটেনশন বিল্ডিংয়ের গেস্টরুমে নিয়ে তাকে ক্রিকেট ব্যাট ও স্টাম্প দিয়ে আঘাত করা হয়। শিক্ষার্থীরা এসময় তোফাজ্জল হোসেনের স্বজনদের সঙ্গে যোগাযোগ করে টাকা দাবি করে। বিশ্ববিদ্যালয়ের একটি প্রক্টর দল ঘটনাস্থলে পৌঁছালেও তোফাজ্জল হোসেনের তাৎক্ষণিক মুক্তি নিশ্চিত করতে পারেনি। অবস্থার অবনতি হলে তাকে প্রক্টরদের কাছে হস্তান্তর করা হয়, তারা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানে তাকে মৃত ঘোষণা করা হয়।

চিন্ময় কৃষ্ণ দাস ও ইসকন প্রসঙ্গ

২০২৪ সালের ২৫ নভেম্বরে চিন্ময়কে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ঢাকা বিমানবন্দর থেকে গ্রেফতার করে। জাতীয় পতাকার উপরে গেরুয়া পতাকা উত্তোলনের অভিযোগে তার বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ আনা হয়।

পরদিন ২৬ নভেম্বর তাকে চট্টগ্রাম ষষ্ঠ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হয়, যেখানে ম্যাজিস্ট্রেট কাজী শরিফুল ইসলাম তার জামিন আবেদন নাকচ করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। ২৬ নভেম্বর চট্টগ্রামে চিন্ময় কৃষ্ণ দাস-এর রিমান্ড শুনানিকে কেন্দ্র করে তার সমর্থকরা আইনজীবী সাইফুল ইসলাম আলিফকে কুপিয়ে হত্যা করে।

এশিয়া কাপ শিরোপা জয়

ভারতকে ফাইনালে হারিয়ে গত ৮ ডিসেম্বর এসিসি অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ শিরোপা জিতে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল।

■ আন্তর্জাতিক ■

ট্রাম্পের প্রত্যাবর্তন

চলতি বছরের ৫ নভেম্বরে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হন ডোনাল্ড ট্রাম্প। ২০২০ সালে জো বাইডেনের কাছে হারলেও বছর চারেক পর এসে কোটি কোটি মার্কিনির সমর্থনে ফের প্রেসিডেন্ট নির্বাচিত হয়ে চমক দেখালেন তিনি। যুক্তরাষ্ট্রের রাজনীতির ইতিহাসে নিশ্চিতভাবেই এটি সবচেয়ে নাটকীয় প্রত্যাবর্তন। তার এই ফিরে আসা মার্কিন রাজনীতিতে তো বটেই, বৈশ্বিক রাজনীতিতেও গভীর প্রভাব ফেলবে বলে মনে করছেন বিশ্লেষকরা। এবার ট্রাম্পের 'আমেরিকা ফার্স্ট' স্লোগানটি ভোটারদের গভীরভাবে অনুপ্রাণিত করেছে। বাইডেন প্রশাসনের বিদেশে পাঠানো মার্কিন সাহায্য নিয়ে বিশেষ করে ইউক্রেনকে বিপুল সাহায্য ও সমর্থন দেওয়ার বিষয়ে অসংখ্য আমেরিকান হতাশ ছিলেন। তারা বিশ্বাস করেন, বিদেশের বদলে যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়গুলোতে আরও বেশি মনোযোগ দেওয়া উচিত।

সিরিয়ায় বাশার আল আসাদের পতন

২৭ নভেম্বর সিরিয়ায় গৃহযুদ্ধ ভয়ংকর রূপ নেয়। আল কায়দার শাখা সংগঠন হায়াত তাহরির আল-শামের (এইচটিএস) নেতৃত্বে আলেপ্পো দখল করে নেওয়ার ঘোষণা করে বিদ্রোহীরা। গত কয়েক বছরের মধ্যে সবচেয়ে বড়ো আক্রমণ চালিয়ে অনেকটা কেউ কিছু বুঝে ওঠার আগেই, মাত্র ১২ দিনে পতন ঘটে আসাদ পরিবারের ৫৪ বছরের শাসনের। ২৪ ডিসেম্বর রাজধানী দামেস্ক ছেড়ে পালিয়ে যান তিনি।

টানা পঞ্চমবার পুনর্নির্বাচিত পুতিন

১৭ মার্চ প্রেসিডেন্ট নির্বাচন হয় রাশিয়ায়। ফলপ্রকাশের পর দেখা যায় ভ্লাদিমির পুতিনের ঝুলিতে রয়েছে ৮৭.৮ শতাংশ ভোট। ফলে বিপুল জনসমর্থন পেয়ে ফের রাশিয়ার মসনদে বসেন পুতিন। টানা পঞ্চমবার প্রেসিডেন্ট হিসাবে শপথ নেন তিনি। ইউক্রেন যুদ্ধ, বিরোধী নেতা নাভালনির মৃত্যু-কোনো কিছুই প্রভাব ফেলেনি নির্বাচনে। ১৯৯৯ সাল থেকে রাশিয়ার মসনদে রয়েছেন পুতিন। এবারও রেকর্ড পরিমাণ ভোটে জিতে ২০৩০ পর্যন্ত

ক্ষমতায় রাশ ধরে রাখলেন তিনি। এই মেয়াদ যদি শেষ করতে পারেন, তাহলে রাশিয়ার ইতিহাসে সবচেয়ে বেশি সময় ধরে প্রেসিডেন্ট থাকার নজির গড়বেন পুতিন। টপকে যাবেন জোসেফ স্ট্যালিনকেও।

গাজা যুদ্ধের এক বছর

২০২৩ সালের ৭ অক্টোবর, ভোর সাড়ে ৬টা। ইসরায়েলজুড়ে একের পর এক রকেট নিক্ষেপ করে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। মাত্র ২০ মিনিটে আয়রন ডোমকে পাশ কাটিয়ে কয়েক হাজার রকেট ছোড়ে সংগঠনটি। এরপর জল, স্থল ও আকাশপথে দখলদার রাষ্ট্রের সীমানাপ্রাচীর ভেঙে ঢুকে পড়ে হামাসের যোদ্ধারা। প্রথমেই কয়েকটি সামরিক স্থাপনায় হামলা চালায় তারা। বেশ কয়েকটি বসতির নিয়ন্ত্রণের দাবিও করে। ইসরায়েলে হামাসের কয়েক ঘণ্টার অভিযানে প্রাণ হারান প্রায় ১২শ মানুষ। নজিরবিহীন হামলা চালিয়ে গাজায় ফেরত চলে যায় হামাস যোদ্ধারা; সঙ্গে জিম্মি হিসাবে নিয়ে যায় প্রায় ৩শ জনকে। গাজার নিয়ন্ত্রক গোষ্ঠীটি সেই সামরিক অভিযানের নাম দেয় অপারেশন আল আকসা ফ্লাড। এরপরই অপারেশন 'আয়রন সোর্ড' শুরু করে ইসরায়েলি ডিফেন্স ফোর্সেস বা ইসরায়েলের সেনা। বোমার আঘাতে কার্যত মৃত্যুপুরীতে পরিণত হয়েছে গাজা। এখন পর্যন্ত গাজায় প্রাণ হারিয়েছেন ৪৬ হাজারের বেশি ফিলিস্তিনি। নিজ দেশের মানুষসহ আন্তর্জাতিক মহলে তুমুল সমালোচনার মুখে পড়লেও সামরিক অভিযান এখনো অব্যাহত রেখেছে তেলআবিব। এক বছর পূর্ণ হলেও মেলেনি কোনো সমাধান।

গদিচ্যুত শেখ হাসিনার ভারতে আশ্রয়

১৬ বছরের বেশি সময় বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে ক্ষমতায় ছিলেন শেখ হাসিনা। সর্বশেষ ২০২৪ সালের ৭ জানুয়ারি নির্বাচনে জেতার আট মাসের মধ্যেই গদিচ্যুত হন শেখ হাসিনা। ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়ে দেশ ছেড়ে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা। এরপর ৮ আগস্ট বাংলাদেশের নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত হয় অন্তর্বর্তী সরকার।

পাকিস্তানে নির্বাচন

লাগাতার নাশকতার মধ্যেই ৮ ফেব্রুয়ারি পাকিস্তানে অনুষ্ঠিত হয় জাতীয় নির্বাচন। জেলে বসেই আমজনতার জন্য বিশেষ বার্তা দেন সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান। ভোটের ফল গণনার পর দেখা যায় দ্বিতীয় স্থানে রয়েছে, শাহবাজ শরিফের দল পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজ (পিএমএল-এন)। সবচেয়ে বেশি আসনে জয় পান ইমরানের দল পিটিআই সমর্থিত স্বতন্ত্র প্রার্থীরা। কিন্তু নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা না থাকার কারণে তারা সরকার গঠন করতে পারেননি। ফলে পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেন শেহবাজ শরিফ।

ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির মৃত্যু

২০২৪ সালের ১৯ মে কপ্টার দুর্ঘটনায় প্রাণ হারান ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি। জানা যায়, আজারবাইজানের প্রেসিডেন্টের সঙ্গে আরস নদীর উপরে একটি বাঁধ উদ্বোধন করার কথা ছিল তার। সেই কর্মসূচিই ভয়ংকর বিপদ ডেকে আনে। একটি পার্বত্য অঞ্চল পেরিয়ে যাওয়ার সময় কপ্টারটি নিয়ন্ত্রণ হারিয়ে উত্তর-পশ্চিম ইরানের একটি পাহাড়ে আছড়ে পড়ে। এই দুর্ঘটনায় ইসরায়েলের দিকে ষড়যন্ত্রের আঙুল ওঠে। কিন্তু সব অভিযোগ উড়িয়ে দেয় তেলআবিব।

ইরান-ইসরায়েল সংঘাত

২০২৪ সালের ১ এপ্রিল সিরিয়ার দামেস্কে ইরানের দূতাবাসে ক্ষেপণাস্ত্র হামলা হয়। প্রাণ হারান অন্তত ১৩ জন। মৃতদের মধ্যে ছিলেন তিন ইরানি সেনাকর্তাও। এই হামলার পেছনে ইসরায়েলকে দায়ী করে তেহরান। লাগাতার সতর্ক বার্তার পর ১৩ এপ্রিল ইসরায়েলে একের পর এক মিসাইল ছুড়তে শুরু করে ইরান। সব মিলিয়ে ৩০০টি ক্ষেপণাস্ত্র হামলা হয়। ১৯ এপ্রিল ইসলামিক দেশটিকে পালটা মার দেয় ইসরায়েলি ডিফেন্স ফোর্সেস (আইডিএফ)। তীব্র বিস্ফোরণে কেঁপে ওঠে ইরানের একাধিক শহর। ছড়িয়ে পড়ে তৃতীয় বিশ্বযুদ্ধের আতঙ্ক।

২০২৪ সালে যাঁদের হারিয়েছি

স্মৃতি-বিস্মৃতির বছর ২০২৪। এ বছর আমরা হারিয়েছি বিভিন্ন অঙ্গনের কীর্তিমান কিছু মানুষকে, যাঁরা চিরবিদায় নিয়েছেন আমাদের মাঝ থেকে। এই মানুষগুলো চলে গেলেও তাঁদের অবদান বহমান থাকবে যুগের পর যুগ। কথায় আছে, 'কীর্তিমানের মৃত্যু নেই'। মৃত্যু পৃথিবীর সব জীবের জন্য এক অতিপ্রাকৃত সত্য। কিন্তু যুগে যুগে এমন কিছু মানুষ আসে, যাঁরা মৃত্যুর পরও 'বেঁচে' থাকেন তাঁদের কর্মের মধ্য দিয়ে। এসব কীর্তিমানের অবদানে সমৃদ্ধ হয় ধরণি। আমাদের দেশের এমন কয়েকজনকে শ্রদ্ধাভরে স্মরণ করছি।

এ এফ হাসান আরিফ

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা ও সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী এ এফ হাসান আরিফ ২০ ডিসেম্বর মারা যান। হাসান আরিফের জন্ম ১৯৪১ সালে কলকাতায়। ভারতের পশ্চিমবঙ্গের কলকাতা হাইকোর্টে ১৯৬৭ সালে আইনজীবী হিসাবে কাজ করেন হাসান আরিফ। এরপর ঢাকায় এসে বাংলাদেশ হাইকোর্টে কাজ শুরু করেন তিনি। হাসান আরিফ ২০০১ থেকে ২০০৫ সালের ২৮ এপ্রিল পর্যন্ত অ্যাটর্নি জেনারেল হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া ২০০৭ সালে ফখরুদ্দীন আহমেদের নেতৃত্বে তত্ত্বাবধায়ক সরকারের আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়, ভূমি ও ধর্ম মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করেন। গত ৮ আগস্ট গঠিত অন্তর্বর্তী সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্ব পেয়েছিলেন হাসান আরিফ। পরে হাসান আরিফকে ভূমি এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর।

হেলাল হাফিজ

দ্রোহ ও প্রেমের কবি হেলাল হাফিজ ১৩ ডিসেম্বর মারা যান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ছাত্র ছিলেন হেলাল হাফিজ। স্বাধীনতার পূর্বে উত্তাল ষাটের দশক হয়ে ওঠে তাঁর কবিতার উপকরণ। নেত্রকোনায় জন্ম নেওয়া এই কবির ১৯৬৯-এর গণ-অভ্যুত্থানের সময় রচিত 'নিষিদ্ধ

সম্পাদকীয়' কবিতাটি তাঁকে কবিখ্যাতি এনে দেয়। তাঁর কবিতা হয়ে উঠেছিল মিছিলের স্লোগান। 'এখন যৌবন যার, মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়/এখন যৌবন যার, যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময়' কালজয়ী কবিতার এ লাইন দুটি বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের সঙ্গে জড়িত। নব্বই ও চব্বিশে স্বৈরাচারবিরোধী আন্দোলনের সময়ও এ কবিতা হাজির হয় স্বমহিমায়। হেলাল হাফিজের প্রথম কবিতাগ্রন্থ 'যে জলে আগুন জ্বলে' প্রকাশিত হয় ১৯৮৬ সালে। এটি তাঁকে নিয়ে যায় জনপ্রিয়তার শীর্ষে। নিজেকে আড়ালে রাখা হেলাল হাফিজের দ্বিতীয় কবিতার বই 'কবিতা ৭১' প্রকাশ হয় আড়াই দশক পর ২০১২ সালে। তাঁর তৃতীয় ও শেষ বই 'বেদনাকে বলেছি কেঁদো না' প্রকাশিত হয় ২০১৯ সালে। কবিতায় অসামান্য অবদানের স্মারক হিসাবে হেলাল হাফিজ পেয়েছেন বেশ কয়েকটি পুরস্কার। এর মধ্যে উল্লেখযোগ্য যশোহর সাহিত্য পরিষদ পুরস্কার (১৯৮৬), আবুল মনসুর আহমদ সাহিত্য পুরস্কার (১৯৮৭), নেত্রকোনা সাহিত্য পরিষদের কবি খালেকদাদ চৌধুরী পুরস্কার ও সম্মাননা এবং ২০১৩ সালে পান বাংলা একাডেমি পুরস্কার।

মোহাম্মদ হারুন-উর-রশিদ

বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ হারুন-উর-রশিদ ২৬ নভেম্বর মারা যান। তাঁর জন্ম ১৯৩৯ সালের ২৮ ডিসেম্বর ভারতের আসামে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তাঁর পরিবার চট্টগ্রামে চলে আসে। মোহাম্মদ হারুন-উর রশিদ ইংরেজি ভাষা ও সাহিত্যের শিক্ষক ছিলেন। শিক্ষা প্রশাসক, কবি, সম্পাদক ও অনুবাদক হিসাবে রয়েছে তাঁর গুরুত্বপূর্ণ অবদান। সুফি সাহিত্যে তিনি বিশেষ ভূমিকা রেখেছেন বাংলাদেশে। ১৯৯১ সালে বাংলা একাডেমির মহাপরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণ করেন। এ দায়িত্বে থাকাকালে তিনি ইংরেজি থেকে বাংলা অভিধান বের করেন। 'ভাষা চিন্তায় ও কর্মে', 'হাজার বছরের স্বপ্ন', 'ধর্মের নান্দনিকতা ও অন্যান্য প্রসঙ্গ' এর মতো অনেক গুরুত্বপূর্ণ কাজ রয়েছে তাঁর।

বিচারপতি রুহুল আমিন

সাবেক প্রধান বিচারপতি রুহুল আমিন ২৪ নভেম্বর মারা যান। ১৯৪১ সালের ১ জুন লক্ষ্মীপুরের এক সম্ভ্রান্ত পরিবারে তাঁর জন্ম। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়

থেকে ১৯৬২ সালে রাষ্ট্রবিজ্ঞানে এমএ এবং ১৯৬৫ সালে এলএলবি ডিগ্রি অর্জন করেন। ১৯৬৬ সালে তিনি তৎকালীন পূর্ব পাকিস্তান হাইকোর্টের আইনজীবী এবং ১৯৮১ সালে বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হন। রুহুল আমিন ১৯৯২ সালের ১৮ ফেব্রুয়ারি বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি নিযুক্ত হন এবং ২০০১ সালের ১১ জানুয়ারি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি হিসাবে যোগদান করেন। বিচারপতি রুহুল আমিন বাংলাদেশের ১৫তম প্রধান বিচারপতি হিসাবে ২০০৭ সালের ১ মার্চ থেকে ২০০৮ সালের ৩১ মে পর্যন্ত দায়িত্ব পালন করেন।

মতিয়া চৌধুরী

'অগ্নিকন্যা' খ্যাত রাজনীতিক মতিয়া চৌধুরী মারা যান ১৬ অক্টোবর। ১৯৪২ সালের ৩০ জুন পিরোজপুরে জন্ম হয় মতিয়া চৌধুরীর। ইডেন কলেজে পড়াশোনার সময়ে রাজনীতিতে জড়ান তিনি। ১৯৬৫ সালে ছাত্র ইউনিয়নের সভাপতি হন। ১৯৬৭ সালে ন্যাশনাল আওয়ামী পার্টিতে (ন্যাপ) যোগ দেন। পরে দলটির কার্যকরী কমিটির সদস্যও হন। স্বাধীনতাসংগ্রামের প্রচার ও মুক্তিযুদ্ধে আহতদের চিকিৎসায় সক্রিয়ভাবে অংশ নেন। পরে আওয়ামী লীগে যোগ দেন মতিয়া চৌধুরী। মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য ২০২১ সালে বাংলা একাডেমি তাঁকে সম্মানসূচক ফেলোশিপ দেয়। শেরপুর-২ (নকলা-নালিতাবাড়ী) আসন থেকে ১৯৯১ সালে পঞ্চম সংসদ নির্বাচনে প্রথমবার সংসদ সদস্য নির্বাচিত হন। এছাড়া তিনি এ আসন থেকে সর্বশেষ ২০২৪ সালের দ্বাদশ সংসদ নির্বাচন পর্যন্ত ছয়বার এমপি নির্বাচিত হন। মৃত্যুর আগ পর্যন্ত আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ছিলেন তিনি।

ডা. এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী

সাবেক রাষ্ট্রপতি ও বিকল্পধারার প্রতিষ্ঠাতা সভাপতি ডা. এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৫ অক্টোবর মারা যান। ১৯৭৮ সালে তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অনুরোধে বদরুদ্দোজা চৌধুরী রাজনীতি শুরু করেন। তিনি জিয়াউর রহমান ও খালেদা জিয়া দুই সরকারের সময়ই মন্ত্রী ছিলেন। মুন্সীগঞ্জ-১ আসন থেকে

বদরুদ্দোজা চৌধুরী পাঁচবার সংসদ সদস্য নির্বাচিত হন। দুবার জাতীয় সংসদের উপনেতা এবং একবার বিরোধীদলীয় উপনেতার দায়িত্ব পালন করেন। ২০০১ সালের ১৪ নভেম্বর বাংলাদেশের ১৫তম রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব নেন বদরুদ্দোজা চৌধুরী। ২০০২ সালের ২১ জুন তিনি রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন। পরে ২০০৪ সালের ৮ মে বিকল্পধারা বাংলাদেশ নামে একটি রাজনৈতিক দল প্রতিষ্ঠা করেন। ১৯৩০ সালের ১১ অক্টোবর কুমিল্লা শহরে (প্রখ্যাত মুন্সেফবাড়ি) নানাবাড়িতে জন্ম হয় বদরুদ্দোজা চৌধুরীর। কৃতী ছাত্র বদরুদ্দোজা চৌধুরী ১৯৪৭ সালে ঢাকার সেন্ট গ্রেগরি স্কুল থেকে প্রথম বিভাগে ম্যাট্রিকুলেশন এবং ১৯৪৯ সালে ঢাকা কলেজ থেকে প্রথম বিভাগে আইএসসি পাস করেন। তিনি ১৯৫৪-৫৫ সালে ঢাকা মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রি অর্জন করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৪ বছর।

হায়দার আকবর খান রনো

প্রবীণ বামপন্থি রাজনীতিক, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) উপদেষ্টামণ্ডলীর সদস্য হায়দার আকবর খান রনো ১১ মে ৮২ বছর বয়সে মারা যান। ১৯৪২ সালের ৩১ আগস্ট অবিভক্ত ভারতের কলকাতায় তিনি জন্মগ্রহণ করেন। তিনি ১৯৫৮ সালে ঢাকার সেন্ট গ্রেগরি স্কুল থেকে তদানীন্তন পূর্ব পাকিস্তানের মেধাতালিকায় ১২তম স্থান অধিকার করে ম্যাট্রিকুলেশন পাশের পর নটর ডেম কলেজ থেকে আইএসসি পাশ করেন। ১৯৬৩ থেকে ১৯৬৫ সাল পর্যন্ত তিনি পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের (অবিভক্ত) সাধারণ সম্পাদক ছিলেন। মার্ক্সবাদ, রাজনীতি, ইতিহাস, দর্শন, অর্থনীতি, সাহিত্য ও বিজ্ঞান বিষয়ে অসংখ্য বই ও প্রবন্ধ লিখেছেন তিনি। ২০২২ সালে মর্যাদাপূর্ণ বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার পান।

রুহুল আমিন গাজী

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) একাংশের সভাপতি ও দৈনিক সংগ্রামের প্রধান প্রতিবেদক রুহুল আমিন গাজী ২৪ সেপ্টেম্বর মারা যান। রুহুল আমিন গাজী কিডনিসংক্রান্ত জটিলতায় আক্রান্ত ছিলেন। আওয়ামী সরকারের আমলে দীর্ঘ কারাবাসে তাঁর নানা শারীরিক জটিলতা দেখা দেয়।

ব্যাক পেইন, উচ্চ ডায়াবেটিস, লবণ ঘাটতি সমস্যাসহ নানা রোগে ভুগছিলেন তিনি। রুহুল আমিন গাজীর জন্ম ১৯৫৩ সালের ২২ এপ্রিল চাঁদপুরের গুবিন্দিয়া গ্রামে। শিক্ষাজীবনে স্নাতক ডিগ্রি লাভের পর ১৯৭৪ সালে দৈনিক ইত্তেফাক পত্রিকায় রিপোর্টার হিসাবে কর্মজীবন শুরু করেন তিনি। ইত্তেফাক ছেড়ে যোগ দেন দৈনিক সংগ্রামে। দায়িত্ব পালন করেছেন জীবনের শেষ সময় পর্যন্ত। বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন ও ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন তিনি। রুহুল আমিন গাজীর মৃত্যুতে শোক জানিয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম বলেন, রুহুল আমিন গাজীর মৃত্যুতে বাংলাদেশ একজন গুণী সাংবাদিককে হারাল। এছাড়া আরও শোক জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান, সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, সম্মিলিত পেশাজীবী পরিষদের আহ্বায়ক এ জেড এম জাহিদ হোসেন, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) মহাসচিব কাদের গণি চৌধুরী ও জাতীয় প্রেস ক্লাবের সভাপতি হাসান হাফিজ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর।

ভাষাসৈনিক আবদুল গফুর

ভাষাসৈনিক অধ্যাপক আবদুল গফুর ২৭ সেপ্টেম্বর মারা যান। ভাষা আন্দোলনের কিংবদন্তি অধ্যাপক আবদুল গফুর ১৯২৯ সালের ১৯ ফেব্রুয়ারি বৃহত্তর ফরিদপুর জেলার রাজবাড়ীর দাদপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ভাষা আন্দোলনের প্রথম সাংস্কৃতিক সংগঠন তমদ্দুন মজলিসের প্রতিষ্ঠাকালীন সাংগঠনিক সম্পাদক ছিলেন তিনি। পূর্ব পাকিস্তানের তৎকালীন সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন তমদ্দুন মজলিস পাকিস্তান প্রতিষ্ঠার পর প্রথম বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে দাবি তোলে। এ সময় সংগঠনটির প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল মোহাম্মদ আবুল কাসেমের সঙ্গে অগ্রণী সহযোগীদের মধ্যে অন্যতম ছিলেন আবদুল গফুর। ১৯৪৮ সালের ১৪ নভেম্বর তমদ্দুন মজলিসের বাংলা মুখপত্র সাপ্তাহিক সৈনিক পত্রিকা প্রকাশিত হলে গফুর প্রথমে এর সহ-সম্পাদক এবং পরে সম্পাদকমণ্ডলীর সভাপতি হিসাবে

দায়িত্ব পালন করেন। ভাষা আন্দোলনে অবদান রাখার জন্য বাংলাদেশ সরকার তাঁকে ২০০৫ সালে একুশে পদক প্রদান করে।

শাফিন আহমেদ

২৫ জুলাই যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে মারা যান জনপ্রিয় ব্যান্ড তারকা শাফিন আহমেদ। যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় চিকিৎসাধীন ছিলেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৩ বছর। বাংলাদেশের জনপ্রিয় ব্যান্ড মাইলসের দীর্ঘ সময়ের ভোকাল, সুরকার ও গীতিকার ছিলেন তিনি। বাংলাদেশের জনপ্রিয় এই ব্যান্ড সংগীতশিল্পীর জন্ম ১৯৬১ সালের ১৪ ফেব্রুয়ারি। তাঁর মা ছিলেন বাংলাদেশের প্রথিতযশা কণ্ঠশিল্পী ফিরোজা বেগম এবং বাবা ভারতীয় উপমহাদেশের প্রখ্যাত সুরকার কমল দাশগুপ্ত।

ড. মাহবুবুল হক

খ্যাতিমান প্রাবন্ধিক ও একুশে পদকপ্রাপ্ত ভাষাবিদ ড. মাহবুবুল হক ২৫ জুলাই মারা যান। মাহবুবুল হকের জন্ম ১৯৪৮ সালের ৩ নভেম্বর ফরিদপুরে। ড. মাহবুবুল হক শিক্ষকতার পাশাপাশি প্রায়োগিক বাংলা ও ফোকলোর চর্চা, গবেষণা, সম্পাদনা, অনুবাদ ও পাঠ্যবই রচনা করে পরিচিতি লাভ করেন। তিনি বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, বাংলা একাডেমি, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডসহ নানা প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষজ্ঞ হিসাবে কাজ করেছেন। প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের বেশ কয়েকটি বাংলা পাঠ্যবইয়ের রচয়িতাও ছিলেন তিনি। আহ্বায়ক হিসাবে নতুন শিক্ষানীতি অনুযায়ী ২০১২ ও ২০১৩ শিক্ষাবর্ষের বাংলা শিক্ষাক্রম ও বাংলা পাঠ্যবই প্রণয়নে দায়িত্ব পালন করেন ড. মাহবুবুল হক। প্রবন্ধ সাহিত্যে অবদানের জন্য তিনি ২০১৮ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার পান। এছাড়া তিনি ২০১৯ সালে ভাষা ও সাহিত্যে একুশে পদক, ২০১৬ সালে রশিদ আল ফারুকী পদক এবং চট্টগ্রাম সিটি করপোরেশন সাহিত্য পুরস্কারসহ অনেক পুরস্কার পান।

মাসুদ আলী খান

অভিনেতা মাসুদ আলী খান ৩১ অক্টোবর মারা যান। তাঁর জন্ম ১৯২৯ সালের ৬ অক্টোবর মানিকগঞ্জের পারিল নওধা গ্রামে। ১৯৬৪ সালে ঢাকায়

টেলিভিশন কেন্দ্র স্থাপিত হওয়ার পরপর নূরুল মোমেনের নাটক 'ভাই ভাই সবাই' দিয়ে ছোট পর্দায় মাসুদ আলী খানের অভিষেক হয়। আর সাদেক খানের 'নদী ও নারী' দিয়ে বড়ো পর্দায় তাঁর পথচলা শুরু। তাঁর অভিনীত কয়েকটি উল্লেখযোগ্য সিনেমা হচ্ছে 'দুই দুয়ারি', 'দীপু নাম্বার টু' ও 'মাটির ময়না'। আলোচিত কয়েকটি নাটক হচ্ছে 'কূল নাই কিনার নাই', 'এইসব দিনরাত্রি', 'কোথাও কেউ নেই' প্রভৃতি।

কুমুদিনী হাজং

ব্রিটিশ শাসনামলে ঐতিহাসিক টংক আন্দোলন ও হাজং বিদ্রোহের সাক্ষী কুমুদিনী হাজং ২৩ মার্চ মারা যান। নেত্রকোনার দুর্গাপুর সীমান্তে তাঁর জন্ম। কমিউনিস্ট নেতা কমরেড মণি সিংহের নেতৃত্বে টংক আন্দোলনে সক্রিয়ভাবে সম্পৃক্ত হয় দুর্গাপুরের হাজং সম্প্রদায়ের মানুষ। সমাজসেবায় অবদানের জন্য ২০১৯ সালে কুমুদিনী হাজংকে সম্মানসূচক ফেলোশিপ দেয় বাংলা একাডেমি। এছাড়া তিনি অনন্যা শীর্ষদশ (২০০৩), ড. আহমদ শরীফ স্মারক (২০০৫), কমরেড মণি সিংহ স্মৃতিপদক (২০০৭), সিধু-কানহু-ফুলমণি পদক (২০১০), জলসিঁড়ি (২০১৪) ও হাজং জাতীয় পুরস্কার (২০১৮) পান।

সাদি মহম্মদ

রবীন্দ্রসংগীতশিল্পী সাদি মহম্মদ ১৩ মার্চ মারা যান। নিজ বাসা থেকে তাঁর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়। তাঁর জন্ম ১৯৫৭ সালের ৪ অক্টোবর। রবীন্দ্র সংগীত ও আধুনিক গানসহ সাদি মহম্মদের ষাটটিরও বেশি অ্যালবাম প্রকাশিত হয়েছে। ২০০৭ সালে 'আমাকে খুঁজে পাবে ভোরের শিশিরে' অ্যালবামের মাধ্যমে তিনি সুরকার হিসাবে আত্মপ্রকাশ করেন। ২০০৯ সালে তাঁর 'শ্রাবণ আকাশে' ও ২০১২ সালে 'সার্থক জনম আমার' অ্যালবাম প্রকাশিত হয়। সাংস্কৃতিক সংগঠন রবিরাগের পরিচালক হিসাবে কর্মরত ছিলেন তিনি।

আহমেদ রুবেল

অভিনেতা আহমেদ রাজিব রুবেল ওরফে আহমেদ রুবেল ৭ ফেব্রুয়ারি মারা যান। ১৯৬৮ সালের ৩ মে চাঁপাইনবাবগঞ্জ শহরের রাজারামপুর গ্রামে জন্মগ্রহণ করেন তিনি। সেলিম আল দীনের 'ঢাকা থিয়েটার' থেকে আহমেদ

রুবেলের অভিনয়ের হাতেখড়ি। তাঁর অভিনীত প্রথম নাটক গিয়াস উদ্দিন সেলিমের 'স্বপ্নযাত্রা'। এরপর তিনি হুমায়ূন আহমেদের ঈদ নাটক 'পোকা'তে অভিনয় করেন, যেখানে তাঁর অভিনীত 'ঘোড়া মজিদ' চরিত্রটি ব্যাপক জনপ্রিয়তা পায়। এরপর একুশে টেলিভিশনের ধারাবাহিক নাটক 'প্রেত'-এ অভিনয় করেন রুবেল। এছাড়া তিনি হুমায়ূন আহমেদের বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র 'শ্যামল ছায়া' সিনেমায় অভিনয় করেন। মঞ্চ ও ছোটো পর্দার অভিনেতা আহমেদ রুবেল ১৯৯৩ সালে 'আখেরী হামলা' সিনেমার মাধ্যমে রুপালি পর্দায় (চলচ্চিত্রে) পা রাখেন। পরে তিনি অভিনয় করেন 'চন্দ্রকথা', 'ব্যাচেলর', 'গেরিলা', 'দ্য লাস্ট ঠাকুর' সিনেমায়।

ড. রেজোয়ান হোসেন সিদ্দিকী

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) সাবেক মহাপরিচালক ও দৈনিক দিনকালের ভারপ্রাপ্ত সম্পাদক ড. রেজোয়ান হোসেন সিদ্দিকী ১৬ জানুয়ারি মারা যান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর। প্রথিতযশা সাংবাদিক রেজওয়ান সিদ্দিকী পত্রিকায় কলাম লেখার পাশাপাশি ছোটোগল্প, উপন্যাস ও নাটক লিখেছেন। বিভিন্ন বিষয়ে লেখা অর্ধশতাধিক বই রয়েছে তাঁর। 'কথামালার রাজনীতি' বইটি তাঁরই লেখা। ১৯৫৩ সালের ১০ ফেব্রুয়ারি টাঙ্গাইলের এলাসিন গ্রামে জন্মগ্রহণ করেন তিনি। শিক্ষাজীবন শেষে ১৯৭২ সালের ফেব্রুয়ারিতে দৈনিক বাংলায় তাঁর সাংবাদিকতা পেশা শুরু হয়।

খালিদ সাইফুল্লাহ

কণ্ঠশিল্পী খালিদ সাইফুল্লাহ মারা যান ১৮ মার্চ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৬ বছর। খালিদের কণ্ঠে উল্লেখযোগ্য গানের মধ্য রয়েছে 'যতটা মেঘ হলে বৃষ্টি নামে', আকাশের বুকে সরলতার প্রতিমা', 'কোনো কারণেই ফেরানো গেল না তাকে', 'হয়নি যাবার বেলা', 'যদি হিমালয় হয়ে দুঃখ আসে', 'তুমি নেই তাই, আকাশলীনা' গানগুলো।

সুজেয় শ্যাম

একাত্তরের কণ্ঠযোদ্ধা সুরকার, গীতিকার সুজেয় শ্যাম মারা যান ১৮ অক্টোবর। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। সংগীতে অবদানের জন্য

২০১৮ সালে একুশে পদক পান সুজেয় শ্যাম। এর আগে ২০১৫ সালে শিল্পকলা পদক পান তিনি। ঢাকাই চলচ্চিত্রে অবদানের জন্য তিনবার শ্রেষ্ঠ সংগীত পরিচালক হিসাবে তিনি জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করেন। সুজেয় শ্যামের জন্ম ১৯৪৬ সালের ১৪ মার্চ সিলেট জেলায়।

হাসান আবিদুর রেজা জুয়েল

কণ্ঠশিল্পী হাসান আবিদুর রেজা জুয়েল ৩০ জুলাই মারা যান। সংগীতশিল্পী, নির্মাতা ও সঞ্চালক হাসান আবিদুর রেজা জুয়েল ১১ বছর ধরে ক্যানসারের সঙ্গে লড়াই করছিলেন। হাসান আবিদুর রেজা জুয়েলের প্রথম অ্যালবাম 'কুয়াশা প্রহর' প্রকাশিত হয় ১৯৯৩ সালে।

আবু জাফর

বছরের শেষের দিকে আমরা হারাই বিখ্যাত গীতিকার, সুরকার ও শিক্ষক আবু জাফরকে। তিনি মারা যান ৫ ডিসেম্বর। আবু জাফর রাজশাহী ও ঢাকা বেতার এবং টেলিভিশনের নিয়মিত সংগীতশিল্পী ও গীতিকার ছিলেন। আবু জাফর রচিত উল্লেখযোগ্য গানের মধ্যে 'তোমরা ভুলেই গেছো মল্লিকাদির নাম', 'নিন্দার কাঁটা যদি না বিঁধিল গায়ে', 'আমি হেলেন কিংবা মমতাজকে দেখিনি' ও 'তুমি রাত আমি রাতজাগা পাখি'। তার লেখা 'এই পদ্মা এই মেঘনা' গানটি বিবিসির জরিপে সর্বকালের সেরা ২০টি গানের মধ্যে স্থান পেয়েছে।

পাপিয়া সারোয়ার

রবীন্দ্রসংগীতশিল্পী পাপিয়া সারোয়ার ১২ ডিসেম্বর মারা যান। একুশে পদকজয়ী রবীন্দ্রসংগীতশিল্পী পাপিয়া সারোয়ার দীর্ঘদিন ক্যানসারে আক্রান্ত ছিলেন। 'নাই টেলিফোন নাইরে পিয়ন নাইরে টেলিগ্রাম' গানটি তাঁকে শ্রোতাদের কাছে আরও বেশি পরিচিত করেছিল। পাপিয়া সারোয়ার ২০২১ সালে একুশে পদক পান।

মোহাম্মদ জাকারিয়া পিন্টু

মুক্তিযুদ্ধকালীন স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক জাকারিয়া পিন্টু ১৮ নভেম্বর মারা যান। মুক্তিযুদ্ধে আহত ও শরণার্থীদের সহায়তায় তহবিল

সংগ্রহ এবং মুক্তিযুদ্ধের পক্ষে জনসমর্থন আদায়ে ভারতে বেশ কয়েকটি ফুটবল ম্যাচ খেলে দলটি। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর জাতীয় ফুটবল দলেরও প্রথম অধিনায়ক ছিলেন পিন্টু। ১৯৪৩ সালে অবিভক্ত ভারতবর্ষের নওগাঁয় জন্ম পিন্টুর। রক্ষণভাগের এই ফুটবলার বাংলাদেশ সরকার থেকে ১৯৯৫ সালে স্বাধীনতা পুরস্কারে ভূষিত হন।

জিয়াউর রহমান

গ্র্যান্ডমাস্টার জিয়াউর রহমান ৫ জুলাই মারা যান। ১৯৮৭ সালে আন্তর্জাতিক রেটিং লাভ করা জিয়াউর রহমান ১৯৯০ সালে ফিদেমাস্টার, ১৯৯৩ সালে আন্তর্জাতিক মাস্টার এবং ২০০২ সালে গ্র্যান্ডমাস্টার হন। গ্র্যান্ডমাস্টার জিয়াউর রহমান গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল থেকে এসএসসি পাশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে নৃ-বিজ্ঞানে স্নাতক সম্পন্ন করেন। ৪৪তম দাবা অলিম্পিয়াডে ছেলে তাহসিন তাজওয়ার জিয়ার সঙ্গে তিনি বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছিলেন। ২০২২ সালে তাঁরাই বনে গিয়েছিলেন বাংলাদেশের প্রথম পিতা-পুত্র জুটি, যাঁরা জাতীয় দাবা দলে ছিলেন।

মারিও জাগালো

১৯৭০ বিশ্বকাপজয়ী ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার ও কোচ মারিও জাগালো ৫ জানুয়ারি ৯২ বছর বয়সে মারা যান। এই সাবেক ফরোয়ার্ড ব্রাজিলের হয়ে ৩৩ ম্যাচ খেলেছেন। পেলের সতীর্থ জাগালো ১৯৫৮ ও ১৯৬২ বিশ্বকাপে ব্রাজিল দলে ছিলেন।

মাওলানা আবদুল্লাহ বিন সাঈদ জালালাবাদী

বিশিষ্ট আলেম ও লেখক মাওলানা আবদুল্লাহ বিন সাঈদ জালালাবাদী চিকিৎসাধীন অবস্থায় ১৯ জানুয়ারি মারা যান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর। তিনি গণভবন ও সচিবালয়ের সাবেক ইমাম, ইসলামিক ফাউন্ডেশনের গবেষক ও সম্পাদক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড পুনর্গঠনে অগ্রণী ভূমিকা পালন করেন। ইসলামের খেদমতে তাঁর অবদান জাতি শ্রদ্ধাভরে স্মরণ করবে।

২০২৪ সালে ছাত্র-জনতার অভ্যুত্থানে যাঁদের হারিয়েছি

বাংলাদেশে ২০১৩, ২০১৮ ও ২০২৪ সালে তিনবার কোটা সংস্কারের জন্য আন্দোলন সংঘটিত হয়। কিন্তু ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থান বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক গভীর রক্তাক্ত অধ্যায় হয়ে থাকবে। এই আন্দোলনে অংশ নেন দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এবং সাধারণ জনতা। বিভিন্ন সংবাদমাধ্যম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ২০২৪ সালের ছাত্র-জনতার এ আন্দোলনে দেশের বিভিন্ন প্রান্তে প্রতিবাদী ছাত্র-ছাত্রী ও সাধারণ মানুষের মধ্যে অজস্র মানুষ শহিদ হন এবং আহত হন অনেকেই। এই লেখা সেই শহিদদের স্মরণে, যাঁরা এ আন্দোলনে জীবন বিসর্জন দিয়েছেন। তাঁদের অবদান ও সাহসিকতার প্রতি শ্রদ্ধা নিবেদন করছি।

কোটা সংস্কার আন্দোলনে নিহতদের এই তালিকাটি সম্পূর্ণ নয়। পত্রিকায় প্রকাশিত তথ্যের ভিত্তিতে নিহতদের নাম-পরিচয় দেওয়া হলো।

আবু সাঈদ

রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ১৬ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে শিক্ষার্থী আবু সাঈদ (২২) মারা যান। তিনি বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ের কোটা আন্দোলনের অন্যতম সমন্বয়ক ছিলেন। আবু সাঈদকে কোটা সংস্কার আন্দোলনকারীদের মধ্যে 'প্রথম শহিদ' হিসাবে ঘোষণা করা হয়। একাধিক গণমাধ্যম আবু সাঈদের আহত হওয়ার পুরো দৃশ্য ধারণ করেছে এবং যমুনা টেলিভিশন এ ধরনের একটি ভিডিয়ো প্রচার করে। এছাড়া স্থানীয়ভাবেও কেউ কেউ ভিডিয়ো করে তা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করেন।

ডা. সজীব

রাজধানীর উত্তরায় কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে ১৮ জুলাই গুলিবিদ্ধ ডা. সজীব (২৮) উত্তরা

আধুনিক মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান। ডা. সজীব বেলাব উপজেলার নারায়ণপুর এলাকার কেয়ার হাসপাতালে কর্মরত ছিলেন। সজীবের গ্রামের বাড়ি নরসিংদীর রায়পুরা উপজেলার মির্জানগর ইউনিয়নের মেঝেরকান্দি গ্রামে।

মীর মাহফুজুর রহমান মুগ্ধ

উত্তরার আজমপুর এলাকায় ১৮ জুলাই কোটা সংস্কার আন্দোলনে সংঘর্ষ চলাকালীন মীর মাহফুজুর রহমান মুগ্ধ (২৬) গুলিবিদ্ধ হয়ে মারা যান। তাঁর গ্রামের বাড়ি ব্রাহ্মণবাড়িয়ায়। মুগ্ধ খুলনা বিশ্ববিদ্যালয় থেকে ২০২৩ সালে গণিতে স্নাতক ডিগ্রি অর্জন করেন। তিনি ঢাকা বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-এ এমবিএ-এর ছাত্র ছিলেন।

জাহিদুজ্জামান তানভীন

উত্তরার আজমপুর এলাকায় ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ শিক্ষার্থী জাহিদুজ্জামান তানভীন (২৫) কুয়েত মৈত্রী হাসপাতালে মারা যান। তানভীন গাজীপুর ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৭ ব্যাচের শিক্ষার্থী এবং বাংলাদেশি তরুণ উদ্ভাবক ও উদ্যোক্তা ছিল। তানভীনের গ্রামের বাড়ি ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরের ডিটি ভিশারা গ্রামে।

জসিম উদ্দীন

ঢাকায় কোটা সংস্কারের দাবিতে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে অটোমোবাইলস দোকানের ব্যবস্থাপক জসিম উদ্দীন (৩৫) মারা যায়। তাঁর গ্রামের বাড়ি বরিশালের বানারীপাড়া উপজেলার পূর্ব সালিকাবাঁকপুর গ্রামে।

সাব্বির আহমেদ

উত্তরায় কোটা সংস্কারের দাবিতে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে সাব্বির আহমেদ (২২) গুলিবিদ্ধ হয়ে মারা যান। তিনি অর্গান লিমিটেড কেয়ার কোম্পানিতে চাকরি করত। তাঁর গ্রামের বাড়ি ঝিনাইদহের শৈলকুপা উপজেলার মির্জাপুর গ্রামে।

শহীদ শেখ শাহরিয়ার বিন মতিন

ঢাকার মিরপুর ১০ নম্বর গোলচত্বরে ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ঢাকা মেডিকেল কলেজে শেখ শাহরিয়ার বিন মতিন মারা যান। শাহরিয়ারের গ্রামের বাড়ি ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার কুমড়াশাসন উত্তরপাড়া গ্রামে।

সাইমন

চট্টগ্রাম নগরের বহদ্দারহাটে কোটা সংস্কারের দাবিতে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে সাইমন মারা যায়। সে একটি দোকানে কাজ করতেন। তাঁর গ্রামের বাড়ি সন্দ্বীপের হারামিয়া ইউনিয়নে।

আলী হায়দার

উত্তরায় ১৮ জুলাই একটি সড়কে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে পান-সিগারেট বিক্রেতা গুলিবিদ্ধ আলী হায়দার মারা যায়।

মেহেদি হাসান

যাত্রাবাড়ী এলাকায় ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মেহেদী হাসান (৩১) মারা যায়। সে অনলাইন নিউজ পোর্টাল ঢাকা টাইমসের সিনিয়র রিপোর্টার ছিল।

আবদুল কাইয়ুম

যাত্রাবাড়ী ফ্লাইওভারের পাশে ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে আবদুল কাইয়ুম আহাদ (১৭) মারা যান। তিনি যাত্রাবাড়ীতে রেফ্রিজারেটর ও শীতাতপ নিয়ন্ত্রণযন্ত্র (এসি) মেরামতের শিক্ষানবিশ হিসাবে কাজ করতেন। তাঁর গ্রামের বাড়ি নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার নরোত্তমপুর ইউনিয়নের নরোত্তমপুর গ্রামে।

লিটন মাতুব্বর

রাজধানীর বাড্ডা এলাকায় ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে টাইলস মিস্ত্রি লিটন মাতুব্বর (৩৫) ঢাকার কুর্মিটোলা হাসপাতালে মারা যান।

জসিম উদ্দীন

উত্তরায় ৭ নম্বর সেক্টরে ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে জসিম উদ্দীন (৩৫) গুলিবিদ্ধ হয়ে মারা যান। তিনি একটি অটোমোবাইলস দোকানে চাকরি করতেন। তাঁর বাড়ি বরিশালের বানারীপাড়া উপজেলার পূর্ব সালিকাবাঁকপুর গ্রামে।

মাহমুদুল হাসান রিজভী

উত্তরায় ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে মাথায় গুলিবিদ্ধ হয়ে মাহমুদুল হাসান রিজভী (২০) ক্রিসেন্ট হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তিনি নোয়াখালীর লক্ষ্মীপুর পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ইলেকট্রনিক্স বিষয়ে পড়ালেখা শেষ করে জুলাইয়ে ঢাকায় একটি প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ শুরু করেন।

সাগর আহম্মেদ

মিরপুর ১০-এ কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে শিক্ষার্থী সাগর আহম্মেদ (২১) মারা যান। তিনি সরকারি বাঙলা কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২য় বর্ষের ছাত্র ছিলেন। তাঁর বাড়ি রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার নারুয়া ইউনিয়নের টাকাপোড়া গ্রামে।

আহসান হাবিব তামিম

মিরপুরে কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে শিক্ষার্থী আহসান হাবিব তামিম মারা যান। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ছিলেন।

মোবারক হোসেন

ঢাকার রায়েরবাগের আপন বাজার এলাকায় কোটা সংস্কার আন্দোলন ঘিরে সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে মোবারক হোসেন (৩৩) মারা যান। তাঁর গ্রামের বাড়ি কিশোরগঞ্জের করিমগঞ্জ পৌরসভার পূর্ব নয়াকান্দি এলাকায়। তাঁর বাবার নাম আবুল হাশেম।

আবু সায়েদ

ঢাকার মোহাম্মদপুরের বছিলা এলাকায় ১৯ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে আবু সায়েদ (৪৫) মারা যান। নিহত আবু সায়েদের বাড়ি পঞ্চগড়ের বোদা উপজেলার মাড়েয়া বামনহাট ইউনিয়নের নতুনবস্তি এলাকায়।

ইমরান খলিফা

কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ইমরান খলিফা (৩৩) মারা যান। তিনি গুলশান-২-এর চারুলতা নামের একটি প্রতিষ্ঠানে নিরাপত্তাকর্মী ছিলেন। তাঁর গ্রামের বাড়ি বরিশালের গৌরনদী উপজেলার নলচিড়া ইউনিয়নের কালনা গ্রামে।

মোস্তফা জামান ওরফে সমুদ্র

কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মোস্তফা জামান ওরফে সমুদ্র (১৭) বেটার লাইফ হাসপাতালে মারা যায়। মোস্তফার বাড়ি মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলার মধ্যপাড়া গ্রামে। সে ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় ঢাকার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ব্যবসা শাখা থেকে জিপিএ-৪.৯৫ পেয়ে উত্তীর্ণ হন।

রেদোয়ান হাসান ওরফে সাগর

কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে রেদোয়ান হাসান ওরফে সাগর

(২৪) ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে মারা যায়। সে ফুলবাড়িয়া ডিগ্রি কলেজে হিসাববিজ্ঞান বিভাগে স্নাতক তৃতীয় বর্ষের পরীক্ষা শেষে চতুর্থ বর্ষে ভর্তির প্রস্তুতি নিচ্ছিল। রেদোয়ান ময়মনসিংহ নগরের আকুয়া চৌরঙ্গী মোড় এলাকার বাসিন্দা।

মামুন হোসেন

ঢাকার মহাখালীতে ১৯ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মামুন হোসেন মারা যান।

নাইম হোসেন

কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে নাইম হোসেন (১৭) মারা যান। তিনি রওশানাআরা ডিগ্রি কলেজের একাদশ শ্রেণির ছাত্র ছিলেন।

আশিকুল ইসলাম আশিক

ঢাকার বনশ্রী এলাকায় ১৯ জুলাই কোটা সংস্কার আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে আশিকুল ইসলাম আশিক (১৫) মারা যায়। আশিক বনশ্রীর একটি মাদ্রাসার অষ্টম শ্রেণির শিক্ষার্থী ছিল এবং পাশাপাশি ফ্যাশন ডিজাইনে কাজ করত।

আসিফ ইকবাল

ঢাকায় ১৯ জুলাই কোটা সংস্কার আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে মো. আসিফ ইকবাল (২৯) মারা যান। তিনি ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ থেকে স্নাতক শেষ করে একটি পোশাক কারখানায় চাকরি করতেন। তাঁর গ্রামের বাড়ি মাগুরা।

মুত্তাকিন বিল্লাহ

মিরপুর-১০ এলাকায় ১৯ জুলাই কোটা সংস্কার আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে মো. মুত্তাকিন বিল্লাহ (২৫) মারা যান। তিনি একটি বেসরকারি হাসপাতালে চাকরি করতেন। তাঁর গ্রামের বাড়ি মাগুরা।

রাজু মোল্লা
১৯ জুলাই কোটা সংস্কার আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে রাজু মোল্লা মারা যায়। সে মোহাম্মদপুরে একটি কুরিয়ার সার্ভিসে চাকরি করত। তাঁর গ্রামের বাড়ি মাগুরা।

মো. সোহাগ
রামপুরা নতুনবাজারে কোটা সংস্কার আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে সোহাগ (১৬) মারা যান। তাঁর গ্রামের বাড়ি ভোলার চরফ্যাশনের চরফকিরা গ্রামে।

ওমর ফারুক
১৯ জুলাই ঢাকার সোহরাওয়ার্দী কলেজের সামনের সড়কে কোটা সংস্কার আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে ওমর ফারুক মারা যায়। সে ঢাকার কবি নজরুল সরকারি কলেজের অনার্স তৃতীয় বর্ষের শিক্ষার্থী ছিল।

সাফকাত সামির
১৯ জুলাই কাফরুল থানার এলাকায় কোটা সংস্কার আন্দোলন চলাকালে নিজ ঘরে গুলিবিদ্ধ হয়ে সাফকাত সামির (১১) মারা যায়। সে একটি মাদ্রাসায় পঞ্চম শ্রেণির ছাত্র ছিল। এসময় ঘরে থাকা তাঁর চাচা মশিউর রহমান (১৭) গুলিতে আহত হন।

মো. টিটু
ঢাকার ধানমন্ডিতে কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে রাজধানী অ্যাম্বুলেন্সচালক টিটু (৩৬) মারা যান। তাঁর গ্রামের বাড়ি বরগুনার বেতাগী উপজেলার হোসনাবাদ ইউনিয়নের দক্ষিণ করুণা গ্রামে।

ইমাম হোসেন তাঈম
কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে কলেজ শিক্ষার্থী ইমাম হোসেন তাঈম (১৭) মারা যায়। তাঈম রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় থাকত।

তাহির জামান প্রিয়
ঢাকার গ্রীন রোডে কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে তরুণ

আলোকচিত্রী তাহির জামান প্রিয় (২৭) মারা যায়। সে পাঠশালা-সাউথ এশিয়ান মিডিয়া ইনস্টিটিউট থেকে প্রফেশনাল ফটোগ্রাফি (পেশাদার আলোকচিত্র) কোর্সের ওপর ডিপ্লোমা করেছিল।

আবু তাহের মো. তুরাব
কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে সিলেটে দায়িত্ব পালনের সময় গুলিবিদ্ধ হয়ে নয়া দিগন্ত পত্রিকার সাংবাদিক আবু তাহের মো. তুরাব মারা যায়।

মো. শাকিল হোসেন
কোটা সংস্কারের দাবিতে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে সংবাদ সংগ্রহ করতে গিয়ে গুলিবিদ্ধ হয়ে মো. শাকিল হোসেন মারা যায়। সে দৈনিক ভোরের আওয়াজ পত্রিকার গাজীপুরের গাছা থানার প্রতিনিধি ছিল।

ফারহান ফাইয়াজ রাতুল
ধানমন্ডি এলাকায় কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে শিক্ষার্থী ফারহান ফাইয়াজ ওরফে রাতুল (১৮) মারা যান। তিনি ঢাকার রেসিডেনসিয়াল মডেল কলেজের একাদশ শ্রেণির ছাত্র ছিলেন।

নুর আলম
গাজীপুরের চৌরাস্তা এলাকায় কোটা সংস্কারের দাবিতে ২০ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে নির্মাণশ্রমিক নুর আলম (২২) মারা যান। নুর আলমের গ্রামের বাড়ি কুড়িগ্রাম সদর উপজেলার ভোগডাঙ্গা ইউনিয়নের মোল্লাপাড়া গ্রামে।

কুরমান শেখ
ঢাকার সাভারে ২০ জুলাই কোটা সংস্কার আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে ক্ষুদ্র ব্যবসায়ী কুরমান শেখ (৪৯) মারা যান। কুরমান শেখের বাড়ি কালুখালী উপজেলার পূর্ব রতনদিয়া গ্রামে।

মোবারক
রাজধানীর গ্রীন রোডে কোটা সংস্কারের দাবিতে ২০ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে মাথায় গুলিবিদ্ধ হয়ে মোবারক

(১৩) মারা যায়। কিশোর মোবারক বাবা-মা ও ছোট ভাইয়ের সঙ্গে রাজধানী ঢাকার পান্থপথ বক্স কালভার্ট বস্তিতে থাকত।

মিনহাজুল ইসলাম
গাজীপুরের বড়বাড়ি জয়বাংলা সড়কে কোটা সংস্কারের দাবিতে ২০ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে পোশাক শ্রমিক মিনহাজ (১৭) মারা যান। তিনি জয়পুরহাটের আক্কেলপুর উপজেলার উত্তর রামশালা গ্রামের বাসিন্দা।

রবিউল ইসলাম
শনির আখড়ায় ২০ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ইলেকট্রিক যন্ত্রপাতি ব্যবসায়ী রবিউল ইসলাম (২৬) মারা যান। তাঁর গ্রামের বাড়ি বরিশাল।

জামাল হোসেন সিকদার
ঢাকার চিটাগং রোডে ২০ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে জামাল হোসেন সিকদার (৩৮) মারা যান। তাঁর গ্রামের বাড়ি বরিশাল গৌরনদী উপজেলায়।

আবদুল আহাদ
রাজধানীর যাত্রাবাড়ীর রায়েরবাগ এলাকায় ১৯ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বাসার বারান্দায় দাঁড়ানো আহাদ (৪) ডান চোখে গুলিবিদ্ধ হয়ে ২০ জুলাই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। তাঁর বাড়ি ফরিদপুরের ভাঙ্গা উপজেলার মানিকদহ ইউনিয়নের পুখুরিয়া গ্রামে।

ইফাত হোসেন
যাত্রাবাড়ীতে কোটা সংস্কারের দাবিতে ২০ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বুকে গুলিবিদ্ধ হয়ে ইফাত হোসেন (১৬) মারা যায়। সে রাজধানী ঢাকার যাত্রাবাড়ীর এ কে হাইস্কুলের নবম শ্রেণির শিক্ষার্থী ছিল। তাঁর বাড়ি নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার রাজগঞ্জ ইউনিয়নের মনপুরা গ্রামে।

শেখ শাহরিয়ার বিন মতিন
কোটা সংস্কারের দাবিতে ২০ জুলাই মিরপুর ১০ নম্বর গোলচত্বরে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে শেখ শাহরিয়ার বিন মতিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান। শাহরিয়ার ঈশ্বরগঞ্জ পৌর এলাকার আইডিয়াল কলেজের মানবিক বিভাগ থেকে চলমান এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন।

আবদুল্লাহ আল আবির
রাজধানীর বারিধারা এলাকায় ২০ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ঢাকা মেডিক্যাল হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় আবদুল্লাহ আল আবির (২৪) মারা যান। তিনি বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে চাকরি করতেন।

মো. আলমগীর হোসেন
কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে রামপুরার বিটিভি ভবন এলাকায় গুলিবিদ্ধ হয়ে মো. আলমগীর হোসেন মারা যান। তিনি ঢাকার রামপুরা এলাকায় একটি বেসরকারি ওষুধ কোম্পানিতে গাড়িচালকের চাকরি করতেন। তাঁর গ্রামের বাড়ি কুষ্টিয়ার কুমারখালী।

মিজানুর রহমান ওরফে মিলন
ঢাকার নর্দা-গুলশান এলাকায় ২১ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মিজানুর রহমান ওরফে মিলনের (৪৮) মারা যান। তাঁর গ্রামের বাড়ি চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলার উপাদী দক্ষিণ ইউনিয়নের পিংড়া।

হাসিব ইকবাল
ঢাকার মিরপুর এলাকায় ২১ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে হাসিব ইকবাল (২৭) মারা যান। তিনি ঢাকায় বেসরকারি একটি প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন।

জাকির হোসেন

রাজধানীর উত্তরার আবদুল্লাহপুরে ২১ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে জাকির হোসেন (৩৮) মারা যান। তিনি সদর উপজেলার ভীমবাজার এলাকায় 'কাজী ভিআইপি গার্মেন্টস' নামের একটি কারখানায় উৎপাদন কর্মকর্তা হিসাবে কাজ করতেন। তাঁর গ্রামের বাড়ি গাজীপুরের কাপাসিয়া উপজেলার চর দুর্লভখা গ্রামে।

মো. আমিন

ঢাকার দনিয়া এলাকায় ২১ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে আমিন (১৬) মারা যায়। সে পেশায় একজন শ্রমিক ছিল। তাঁর গ্রামের বাড়ি পটুয়াখালীর বাউফল উপজেলার ভরিপাশা গ্রামে।

ইমতিয়াজ আহমেদ জাবির

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ছয়দিন মৃত্যুর সঙ্গে লড়ে ২৮ জুলাই ইমতিয়াজ আহমেদ জাবির মারা যান। তিনি সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন।

রনি প্রামাণিক

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বুকে গুলিবিদ্ধ হয়ে রনি প্রামাণিক (২৮) মারা যান। তিনি ব্যাটারিচালিত অটোরিকশাচালক ছিলেন। রনির বাড়ি বগুড়ার শিবগঞ্জ উপজেলার বুড়িগঞ্জ ইউনিয়নের পঞ্চদাশ গ্রামে।

শাহরিয়ার শুভ

কোটা সংস্কার আন্দোলন চলাকালে ২৩ জুলাই মিরপুর এলাকায় মাথায় গুলিবিদ্ধ হয়ে ঢাকায় ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস অ্যান্ড হাসপাতালে প্রকৌশলী শাহরিয়ার শুভ মারা যান। তাঁর বাড়ি চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র গ্রামে।

মো. ফারুক

১৬ জুলাই চট্টগ্রাম নগরের ষোলশহর স্টেশনে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে সংঘর্ষের সময় যুবলীগ ও ছাত্রলীগের

নেতাকর্মীদের গুলি ও ককটেলের আঘাতে ফার্নিচার দোকানের কর্মচারী মো. ফারুক (৩২) মারা যান।

মো. ওয়াসিম

১৬ জুলাই চট্টগ্রাম নগরের ষোলশহর স্টেশনে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে সংঘর্ষে মো. ওয়াসিম (২২) মারা যায়। সে চট্টগ্রাম কলেজের ছাত্র ও কলেজ শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ছিল।

ফয়সাল আহমেদ

১৬ জুলাই চট্টগ্রাম নগরের ষোলশহর স্টেশনে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে সংঘর্ষে ফয়সাল আহমেদ (২০) মারা যায়। সে ওমরগণি এমইএস কলেজের স্নাতকের শিক্ষার্থী ছিল।

নাইমা সুলতানা

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে ঢাকার উত্তরার ৫ নম্বর সড়কে বাসার বারান্দায় দাঁড়িয়ে থাকা অবস্থায় মাথায় গুলিবিদ্ধ হয়ে নাইমা সুলতানা (১৫) মারা যায়। সে ঢাকার উত্তরা শাখার মাইলস্টোন স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী ছিল।

সবুজ আলী

১৬ জুলাই কোটা আন্দোলনে ঢাকা কলেজ, সিটি কলেজ ও আইডিয়াল কলেজের কয়েক'শ শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগ ও যুবলীগের নেতাকর্মীদের হামলায় সবুজ আলী (২৫) মারা যায়। সে ঢাকা কলেজের পরিসংখ্যান বিভাগের ১৮-১৯ সেশনের শিক্ষার্থী ছিল।

শাহজাহান

১৬ জুলাই কোটা আন্দোলনে ঢাকা কলেজ, সিটি কলেজ ও আইডিয়াল কলেজের কয়েকশ শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগ ও যুবলীগের নেতাকর্মীদের হামলায় শাহজাহান (২৪) মারা যায়। সে বলাকা সিনেমা হলের সামনে হকারি করত।

তানবীর সিদ্দিকী

১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে আশেকান আউলিয়া ডিগ্রি কলেজের এইচএসসির শিক্ষার্থী তানবীর সিদ্দিকী (১৯) মারা যান।

হৃদয় চন্দ্র তরুয়া

১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে হৃদয় চন্দ্র তরুয়া (২২) মারা যান। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

আসিফ হাসান

উত্তরার আজমপুরে ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে আসিফ হাসান (২১) মারা যান। তিনি নর্দার্ন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ছাত্র ছিলেন।

শাকিল পারভেজ

কোটা সংস্কারের দাবিতে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে শাকিল পারভেজ মারা যান। তিনি মানারাত বিশ্ববিদ্যালয়ের বিবিএ ১৭তম ব্যাচের তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন।

জিল্লুর শেখ

বাড্ডায় ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ইমপেরিয়াল কলেজের শিক্ষার্থী জিল্লুর শেখ মারা যান।

মারুফ হোসেন

বনশ্রীতে ১৮ জুলাই কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মারুফ হোসেন মারা যান। তিনি কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের কম্পিউটার বিভাগের ছাত্র ছিলেন।

মো. আহাদুন

১৮ জুলাই রাজধানীর মেরুল বাড্ডার বাসায় রাতে খাওয়া-দাওয়া করে বের হয়ে নিখোঁজ হয় পূর্ব বাড্ডার ইউসেপ হাজী সিকান্দার আলী টেকনিক্যাল স্কুলের এসএসসি ছাত্র মো. আহাদুন। পরে ২০ জুলাই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তাঁর লাশ পাওয়া যায়।

আহসান হাবিব

১৮ জুলাই কক্সবাজারে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে চকরিয়া ডিগ্রি কলেজের ছাত্র আহসান হাবিব (২২) মারা যান। তিনি বিআরবি ক্যাবল ইন্ডাস্ট্রিজ লিমিটেডে চাকরি করতেন।

মো. নাইমুর রহমান

বাড্ডার শাহজাদপুরে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে মো. নাইমুর রহমান মারা যান। তিনি গুলশান ডিগ্রি কলেজের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন।

নাজমুল হাসান

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে ইমপেরিয়াল কলেজের সাবেক ছাত্র নাজমুল হাসান মারা যান।

মো. মামুন মিয়া

কোটা সংস্কারের দাবিতে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে রামপুরার ওয়াপদা সড়কে গুলিবিদ্ধ হয়ে আহত মো. মামুন মিয়া ১৯ জুলাই মারা যান। তিনি সরকারি তিতুমীর কলেজের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষার্থী ছিলেন।

রুদ্র সেন

১৯ জুলাই কোটা সংস্কার আন্দোলনে সংঘর্ষ চলাকালে রুদ্র সেন পুলিশের ধাওয়ায় পানিতে ডুবে মারা যান। তিনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন।

আবদুল্লাহ আল তাহির

কোটা সংস্কারের দাবিতে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে আবদুল্লাহ আল তাহির (২৮)

মারা যান। তিনি ঢাকার বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকসের অষ্টম সেমিস্টারের শিক্ষার্থী ছিলেন।

রিয়া গোপ

নারায়ণগঞ্জ সদরে কোটা সংস্কারের দাবিতে ২৪ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে সাড়ে ছয় বছর বয়সি রিয়া গোপ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মারা যায়।

ইমতিয়াজ আহমেদ জাবির

১৯ জুলাই রামপুরায় কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গলা ও উরুতে গুলিবিদ্ধ ইমতিয়াজ আহমেদ জাবির ২৬ জুলাই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মারা যায়। তিনি সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের বিবিএর ছাত্র ছিলেন।

আদিল আহমদ

১৮ জুলাই যাত্রাবাড়ীতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বুকে গুলিবিদ্ধ হয়ে আদিল আহমদ মারা যায়। সে তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার দশম শ্রেণির ছাত্র ছিল।

ইরফান ভূঁইয়া

আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বুকে গুলিবিদ্ধ হয়ে ইরফান ভূঁইয়া মারা যান। তিনি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের ছাত্র ছিলেন।

জিহাদ হোসেন

১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বুকে গুলিবিদ্ধ হয়ে জিহাদ হোসেন মারা যান। তিনি কবি নজরুল কলেজের ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন।

আমজাদ হোসেন ফারাবী

১৯ জুলাই নরসিংদী ইটাখোলা পুলিশ ফাঁড়ি এলাকায় গুলিবিদ্ধ হয়ে আমজাদ হোসেন ফারাবী মারা যান। তিনি সরকারি শহীদ আসাদ কলেজের শিক্ষার্থী ছিলেন। তাঁর বাড়ি নরসিংদীর পলাশ উপজেলার রামপুর গ্রামে।

মাহাদী হাসান পান্থ

আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বুকে গুলিবিদ্ধ হয়ে মাহাদী হাসান পান্থ মারা যান। তিনি সরকারি তোলারাম কলেজের এইচএসসি পরীক্ষার্থী ছিলেন।

নাইম হাওলাদার

সানারপাড়ে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে বুকে গুলিবিদ্ধ হয়ে নাইম হাওলাদার মারা যান। তিনি রওশানা আরা ডিগ্রি কলেজের একাদশ শ্রেণির ছাত্র ছিলেন।

গোলাম নাফিজ

৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে গোলাম নাফিজ (১৭) মারা যান। তিনি ঢাকার নৌবাহিনী কলেজের শিক্ষার্থী ছিলেন।

মো. তাহমিদ আব্দুল্লাহ

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষের সময় আহত মো. তাহমিদ আব্দুল্লাহ (২১) ১০ আগস্ট চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির (বিইউবিটি) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ছিলেন।

সুজন মাহমুদ মিথি

কোটা সংস্কারের দাবিতে ৫ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষের সময় মিরপুর-২-এ গুলিবিদ্ধ হয়ে সুজন মাহমুদ মিথি মারা যান। তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির (বিইউবিটি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স বিভাগের শিক্ষার্থী ছিলেন।

মো. রায়হান

কোটা সংস্কারের দাবিতে ৫ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষের সময় গুলিবিদ্ধ হয়ে মো. রায়হান মারা যান। তিনি ঢাকা কমার্স কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছিলেন। তাঁর বাড়ি নোয়াখালী সদর উপজেলার নোয়ান্নই ইউনিয়নের ১ নম্বর পূর্ব দুর্গানগর গ্রামে।

প্রদীপ কুমার ভৌমিক

কোটা সংস্কার আন্দোলনকারীদের সরকার পতনের 'এক দফা' কর্মসূচি চলাকালে সিরাজগঞ্জে সংবাদ সংগ্রহ করতে গিয়ে ৪ আগস্ট সাংবাদিক প্রদীপ কুমার ভৌমিক (৫৫) মারা যান। তিনি 'দৈনিক খবরপত্র' পত্রিকার রায়গঞ্জ প্রতিনিধি ছিলেন। তিনি রায়গঞ্জ প্রেস ক্লাবের যুগ্ম-সাধারণ সম্পাদক ও বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) উপজেলা সাধারণ সম্পাদক ছিলেন।

ছাবিদ হোসেন

৫ আগস্ট উত্তরার আজমপুরে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে মাথায় গুলিবিদ্ধ হয়ে ছাবিদ হোসেন মারা যায়। সে টঙ্গী রেনেসাঁ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র ছিল।

আবু রায়হান

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশগ্রহণ করে ঘাতকদের অগ্নিসংযোগে শহিদ হন আবু রায়হান। ঠাকুরগাঁও সদর উপজেলার মোহাম্মদ ইউনিয়নের মো. ফজলে আলম ও রেহেনা বেগম দম্পতির সন্তান আবু রায়হান। মেধাবী রায়হান ছিলেন পরিবারের একমাত্র সন্তান। তিনি উত্তর হরিহরপুর মাদ্রাসা থেকে ২০২৪ সালে এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫ পেয়ে উত্তীর্ণ হন।

মো. সাগর গাজী

উত্তরায় কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষের সময় গুলিবিদ্ধ হয়ে মো. সাগর গাজী মারা যান। তিনি গলাচিপার উলানিয়া হাট মাধ্যমিক স্কুল অ্যান্ড কলেজ থেকে ২০২৪ সালে মানবিক বিভাগ থেকে জিপিএ ৩.৯ পেয়ে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হন। সাগরের বাড়ি পটুয়াখালীর গলাচিপা উপজেলায় ডাকুয়া ইউনিয়নের পারডাকুয়া গ্রামে।

যুবায়ের আহমদ

খিলগাঁও থানার সামনে ৫ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে যুবায়ের আহমদ মারা যান। তিনি আল-জামিয়াতুল ইসলামিয়া মাখজানুল উলুম মাদ্রাসার ছাত্র ছিলেন।

রায়হান আকন

বাড্ডায় ৫ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে পটুয়াখালীর মাদ্রাসাছাত্র রায়হান আকন মারা যান।

মনিরুল ইসলাম মনির

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মনিরুল ইসলাম মনির মারা যান। তিনি নওগাঁর বদলগাছী সরকারি বঙ্গবন্ধু শেখ মুজিব কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্র ছিলেন।

সাব্বির হাসান

কোটা সংস্কারের দাবিতে ৫ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে সাব্বির হাসান মারা যায়। সে সুখানপুকুর মোস্তাফিজার মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থী ছিল।

রাতুল

কোটা সংস্কারের দাবিতে ৫ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী রাতুল রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

নজিবুল সরকার বিশাল

জয়পুরহাটে ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে কলেজছাত্র নজিবুল সরকার বিশাল মারা যান।

রাহুল ইসলাম

দিনাজপুর সদর হাসপাতাল মোড়ে ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে আহত হন রাহুল ইসলাম। পরে তিনি ৯ আগস্ট মারা যান। তিনি রানীগঞ্জ এহিয়া হোসেন স্কুল অ্যান্ড কলেজের এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

মোহাম্মদ শিহাব আহমেদ
সিরাজগঞ্জে ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মোহাম্মদ শিহাব আহমেদ মারা যান। তিনি সিরাজগঞ্জ সরকারি কলেজের ব্যবসায় শাখার এইচএসসি পরীক্ষার্থী ছিলেন।

হাফেজ সিয়াম হোসেন
এনায়েতপুরে ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে হাফেজ সিয়াম হোসেন মারা যায়। সে ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসার নবম শ্রেণির শিক্ষার্থী ছিল।

জাহিদুল ইসলাম জাহিদ
পাবনায় ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে পলিটেকনিকের ছাত্র জাহিদুল ইসলাম জাহিদ মারা যান।

মাহবুব হাসান নিলয়
পাবনায় ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে মাহবুব হাসান নিলয় মারা যায়। সে তিনি ছিদ্দিক মেমোরিয়াল হাই স্কুলের নবম শ্রেণির শিক্ষার্থী ছিল।

সাদ আল আফনান
লক্ষ্মীপুরে ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে সাদ আল আফনান মারা যান। তিনি ভিক্টোরিয়া কলেজের এইচএসসি পরীক্ষার্থী ছিলেন।

সাব্বির হোসেন রাসেল
লক্ষ্মীপুরে ৪ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে সাব্বির হোসেন রাসেল মারা যান। তিনি দালালবাজার ডিগ্রি কলেজের শিক্ষার্থী ছিলেন।

সামিদ হোসেন
উত্তরার আজমপুরে ৫ আগস্ট 'মার্চ টু ঢাকা' কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে পুলিশের ছোঁড়া গুলিতে গুলিবিদ্ধ হন সামিদ। পরে তাঁকে উদ্ধার করে কুয়েত-বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। তাঁর গ্রামের বাড়ি ময়মনসিংহের মুক্তাগাছায়।

নূরে আলম সিদ্দিকী রাকিব
ময়মনসিংহের গৌরীপুরে ২০ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে নূরে আলম সিদ্দিকী রাকিব মারা যান। তিনি একজন কোরআনে হাফেজ ছিলেন।

সাকিব আনজুম
রাজশাহীতে ৫ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে নিহত হন সাকিব আনজুম। তিনি বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষার্থী ছিলেন।

জামশেদুর রহমান মিয়াজী জুয়েল
কুমিল্লার চৌদ্দগ্রামে ৫ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে জামশেদুর রহমান মিয়াজী জুয়েল মারা যান। তিনি কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

নাফিজুল আলম সামি
কুমিল্লার তালপুকুরে ৫ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে নাফিজুল আলম সামি মারা যান।

সরোয়ার জাহান মাসুদ ও ইশতিয়াক আহমেদ শ্রাবণ
ফেনীতে ৪ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে সরকারি কলেজের ছাত্র সরোয়ার জাহান মাসুদ ও ইশতিয়াক আহমেদ শ্রাবণ মারা যান।

মাহবুবুল হাসান মাসুম
চট্টগ্রামে ৪ আগস্ট আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে মাহবুবুল হাসান মাসুম মারা যান। তিনি চট্টগ্রাম কলেজের শিক্ষার্থী ছিলেন।

রায়হান উদ্দিন
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ৫ আগস্ট বাড্ডায় বিজয় মিছিলে যোগ দিয়ে গুলিবিদ্ধ হয়ে মারা যান রায়হান। তিনি গুলশান কমার্স কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র ছিলেন। তাঁর বাড়ি নোয়াখালীর পূর্ব দুর্গানগর গ্রামে।

তাহমিদ তামিম
নরসিংদীতে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে তাহমিদ তামিম (১৫) মারা যায়। সে কাদির মোল্লা হাই স্কুলের নবম শ্রেণির শিক্ষার্থী ছিলেন।

শাইখ আশহাবুল ইয়ামিন
সাভারে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে শাইখ আশহাবুল ইয়ামিন (২২) মারা যান। তিনি মিরপুরে মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন।

শাহ নেওয়াজ ফাহাদ
১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে শাহ নেওয়াজ ফাহাদ মারা যান। তিনি ঢাকার ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থী ছিলেন।

শেখ ফাহমিন জাফর
উত্তরায় ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে শেখ ফাহমিন জাফর মারা যান। তিনি টংগী সরকারি কলেজের শিক্ষার্থী ছিলেন।

ইমন আহমেদ
১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে ইমন আহমেদ মারা যান। তিনি চট্টগ্রাম ইউনিভার্সিটি অফ ক্রিয়েটিভ টেকনোলজির শিক্ষার্থী ছিলেন।

শরীফ হাসান
ঢাকায় ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে শরীফ হাসান মারা যান। তিনি ঢাকা ইম্পেরিয়াল কলেজের শিক্ষার্থী ছিলেন।

সিয়াম
১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে সিয়াম মারা যান। তিনি ঢাকায় এক মোবাইল ব্যাটারির দোকানে চাকরি করতেন।

খালিদ হাসান সাইফুল্লাহ
আজিমপুরে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে খালিদ হাসান সাইফুল্লাহ (১৮) মারা যান। তিনি ঢাকার ধানমন্ডির আইডিয়াল কলেজের শিক্ষার্থী ছিলেন।

মোহাম্মদ ইমাদ
চট্টগ্রামে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে মোহাম্মদ ইমাদ মারা যান। তিনি পটিয়া সরকারি কলেজের শিক্ষার্থী ছিলেন।

আসিফ ইকবাল
মিরপুর ১০ নম্বর গোলচত্বরে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে আসিফ ইকবাল (৩১) মারা যান। তিনি ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (আইইউবি)-এর শিক্ষার্থী ছিলেন।

রাহাত হোসেন
১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে রাহাত হোসেন (১৮) মারা যান। তিনি ঢাকা নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী ছিলেন।

মো. সাকলাইন
১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে মো. সাকলাইন (২৬) মারা যান। তিনি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থী ছিলেন।

জুবায়ের আহমেদ
ঢাকার দক্ষিণখান উত্তরায় ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে জুবায়ের আহমেদ (২৫) মারা যান। তিনি দরজির কাজ করতেন। তাঁর গ্রামের বাড়ি কিশোরগঞ্জের ভৈরবে।

ইমন মিয়া
নরসিংদীর ভেলানগরে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে ইমন মিয়া মারা যান। তিনি নরসিংদী সরকারি শহীদ আসাদ কলেজের শিক্ষার্থী ছিলেন।

আমজাদ হোসেন
নরসিংদীর ইটাখোলায় ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে আমজাদ হোসেন (২২) মারা যান। তিনি নরসিংদীর সরকারি শহীদ আসাদ কলেজের শিক্ষার্থী ছিলেন।

তাজুল ইসলাম
উত্তরার আজমপুরে ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে রেন্ট-এ-কার মালিক তাজুল ইসলাম (৫৮) মারা যান। তাঁর গ্রামের বাড়ি কুমিল্লার বরুড়ায়।

আবু জাফর
যাত্রাবাড়ী এলাকায় ১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে শ্যামলী পরিবহণের বাস চালক আবু জাফর (৪৯) মারা যান।

মো. মোখলেছুর রহমান
১৮ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে মো. মোখলেছুর রহমান (২৫) মারা যান। তিনি উত্তরায় একটি ডেভেলপার কোম্পানিতে চাকরি করতেন। তাঁর গ্রামের বাড়ি জামালপুরের হিরন্যবাড়ী এলাকায়।

হাসান হোসেন
ঢাকার রামপুরায় ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে হাসান হোসেন (১৮) মারা যান। তিনি শেখ মুজিবুর রহমান ডিগ্রি কলেজের শিক্ষার্থী ছিলেন। তাঁর গ্রামের বাড়ি চাঁদপুরের তুলাতলী এলাকায়।

রেদওয়ান শরীফ রিয়াদ
১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে রেদওয়ান শরীফ রিয়াদ (১৯) মারা যান। তিনি টংগী সরকারি কলেজের শিক্ষার্থী ছিলেন। তাঁর গ্রামের বাড়ি নওগাঁয়।

মাহাবুব হাসান মামুন
ঢাকার মিরপুরে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে মাহাবুব হাসান মামুন (৩১) মারা যান। তিনি এইড ডিস্ট্রিবিউশন লিমিটেড (বিকাশ ডিস্ট্রিবিউশন)-এ চাকরি করতেন। তাঁর গ্রামের বাড়ি মাদারীপুর সদরের ঘাটমাঝি এলাকায়।

মাহামুদুর রহমান সৈকত
ঢাকার মোহাম্মদপুরে ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে মাহামুদুর রহমান সৈকত (২০) মারা যান। তিনি সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ থেকে এইচএসসি পাশ করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছিলেন। তাঁর গ্রামের বাড়ি সন্দ্বীপ, চট্টগ্রাম।

মো. নাহিদুল ইসলাম নাঈম
রাজধানীর মিরপুর ১০ এলাকায় ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে মো. নাহিদুল ইসলাম নাঈম (২১) মারা যান। তিনি ভোলা সরকারি কলেজের শিক্ষার্থী ছিলেন। তাঁর গ্রামের বাড়ি ভোলার উত্তর বাটামারা এলাকায়।

ইমাম হাসান তাঈম ভূঁইয়া
যাত্রাবাড়ীর কাজলায় ২০ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে ইমাম হাসান তাঈম ভূঁইয়া (১৯) মারা যান। তিনি নারায়ণগঞ্জ সরকারি আদমজী নগর এম. ডব্লিউ. কলেজের শিক্ষার্থী ছিলেন। তাঁর গ্রামের বাড়ি কুমিল্লা জেলার চান্দিনায়।

আশিকুল ইসলাম
ঢাকার রামপুরা দক্ষিণ বনশ্রী এলাকায় ১৯ জুলাই আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে আশিকুল ইসলাম (১৬) মারা যান। তাঁর গ্রামের বাড়ি দিনাজপুরের নরহরিপুর এলাকায়।

আশিক
কুড়িগ্রামে ৪ আগস্ট যুবলীগ-ছাত্রলীগের হামলায় আহত হয়ে ১ সেপ্টেম্বর ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় আশিক মারা যান। তিনি কুড়িগ্রামের পাঁচপীর ডিগ্রি কলেজে এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

মো. বাবলু মৃধা

ঢাকায় আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় ১০ সেপ্টেম্বর মো. বাবলু মৃধা (৪৭) মারা যান।

আমিনুল ইসলাম সাব্বির

কুমিল্লার দেবীদ্বারে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে ৩৯ দিন মৃত্যুর সঙ্গে লড়াইয়ের পর ১৪ সেপ্টেম্বর আমিনুল ইসলাম সাব্বির মারা যান।

নয়ন মিয়া

আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে ৪৮ দিন মৃত্যুর সঙ্গে লড়ে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় ২১ সেপ্টেম্বর নয়ন মিয়া (২৫) মারা যান। তাঁর গ্রামের বাড়ি লালমনিরহাটের আদিতমারী উপজেলার দুর্গাপুর ইউনিয়নের দক্ষিণ গোবধা গ্রামে।

কাউসার মাহমুদ

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে ২ মাসের বেশি সময় ঢাকার সিএমএইচ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৩ অক্টোবর কাউসার মাহমুদ মারা যান। তিনি চট্টগ্রাম বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটির চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন।

মো. আব্দুল্লাহ

কোটা সংস্কারের দাবিতে ৫ আগস্ট বিজয় মিছিলে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষ চলাকালে গুলিবিদ্ধ হয়ে তিন মাস মৃত্যুর সঙ্গে লড়াই করে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) ইন্টেনসিভ কেয়ার ইউনিটে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় ১৪ নভেম্বর মো. আব্দুল্লাহ মারা যান। তিনি রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। তাঁর গ্রামের বাড়ি বেনাপোল পৌরসভার নয় নম্বর ওয়ার্ডের বড় আঁচড়া এলাকায়।

আরাফাত

উত্তরা পূর্ব থানা এলাকায় ৫ আগস্ট কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগের সংঘর্ষে আহত হয় আরাফাত (১২)। পরে সে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় ২২ ডিসেম্বর মারা যায়। সে উত্তরা জামিয়া রওজাতুল উলুম মাদ্রাসার পঞ্চম শ্রেণির শিক্ষার্থী ছিল।

■■■